আতিথ্যক্রিয়া দ্বারা রথসঞ্চালন জনিত ক্লেশ প্রশমিত হইলে মহর্ষি বশিষ্ঠ সেই রাজর্ষি দিলীপকে রাজ্যের কুশল জিজ্ঞাসা করিলেন। অর্থাৎ মহর্ষি বশিষ্ঠ আতিথ্যসৎকারে তাঁহাদের পথশ্রম অপনোদন করিয়া রাজর্ষি দিলীপকে রাজ্যের কুশল বার্ত্তা জিজ্ঞাসা করিলেন। এস্থলে জিজ্ঞাস্য হইতে পারে যে, মনু বলেন ;—"ব্রাহ্মণকে কুশল, ক্ষত্রবন্ধুকে (ক্ষত্রিয়কে) অনাময়, বৈশ্যকে ক্ষেম এবং শূদ্রকে আরোগ্য জিজ্ঞাসা করিতে হয়।" সুতরাং এই নিয়মানুসারে দিলীপকে রাজ্যের অনাময় জিজ্ঞাসা করা উচিত ছিল ; কিন্তু এস্থলে ব্রাহ্মণোচিত কুশল-প্রশ্ন কি প্রকারে সঙ্গত হইতে পারে ? তদুত্তরে এই বলা যাইতে পারে যে, এস্থলে দিলীপকে 'মুনি' বলিয়া উল্লেখ করায় উহার ব্রাহ্মণ সদৃশ মহানুভাবকতা সূচিত হইয়াছে, এই নিমিত্ত দিলীপকে ব্রাহ্মণোচিত "কুশল" জিজ্ঞাসা করা হইয়াছে ॥ ৫৮ ॥

অনন্তর সেই শত্রুপুরবিজেতা বাগ্মিশ্রেষ্ঠ রাজা, সেই অথর্ব্ববেদা-

অর্থ্যামর্থপতির্বাচমাদদে বদতাং বরঃ ॥ ৫৯ ॥
উপপন্নং ননু শিবং সপ্তস্বঙ্গেষু যস্য মে ।
দৈবীনাং মানুষীণাঞ্চ প্রতিহর্ত্তা ত্বমাপদাম্‌ ॥ ৬০ ॥

ণোঽথর্ব্ববেদস্য নিধেস্তস্য মুনেঃ পুরোঽগ্রে অর্থ্যামর্থাদনপেতাম্‌ । ধর্ম্ম-পথ্যর্থন্যায়াদনপেত ইতি যৎপ্রত্যয়ঃ। বাচমাদদে বক্তুমুপক্রান্তবানিত্যর্থঃ। অথর্ব্বনিধেরিত্যনেন পুরোহিতকৃত্যাভিজ্ঞত্বাত্তৎকর্ম্মনির্ব্বাহকত্বং মুনেরস্তীতি সূচ্যতে। যথাহ কামন্দকঃ। "ত্রয্যাঞ্চ দণ্ডনীত্যাঞ্চ কুশলঃ স্যাৎ পুরোহিতঃ। অথর্ব্ববিহিতং কুর্য্যান্নিত্যং শান্তিকপৌষ্টিকম্‌" ইতি ॥ ৫৯ ॥

উপপন্নমিতি। হে গুরো! সপ্তস্বঙ্গেষু স্বাম্যমাত্যাদিষু। "স্বাম্যমাত্য-সুহৃৎকোষরাষ্ট্রদুর্গবলানি চ। সপ্তাঙ্গানি" ইত্যমরঃ। শিবং কুশলম্‌ উপপন্নং ননু যুক্তমেব নন্বধারণে। "প্রশ্নাবধারণানুজ্ঞানুনয়া মন্ত্রণে নন্বি"ত্যমরঃ। কথমিত্যত্রাহ যস্য মে দৈবীনাং দেবেভ্য আগতানাং দুর্ভিক্ষাদীনাং মানু-ষীণাং মনুষ্যেভ্য আগতানাং চৌরভয়াদীনাঞ্চ। উভয়ত্রাপি ততআগত ইত্যণ্‌। টিড্‌ঢাণঞিত্যাদিনা ঙীপ্‌। আপদাং ব্যসনানাং ত্বং প্রতিহর্ত্তা বারয়িতাসি। অত্রাহ কামন্দকঃ "হুতাশনো জলং ব্যাধির্দুর্ভিক্ষং মরণং তথা। ইতি পঞ্চবিধং দৈবং মানুষং ব্যসনন্ততঃ। আগন্তুকেভ্যশ্চৌরেভ্যঃ পরেভ্যোরাজবল্লভাৎ। পৃথিবীপতিলোভাচ্চ লৌকিকং পঞ্চধা মতম্‌" ॥ ৬০ ॥

ভিজ্ঞ বশিষ্ঠের নিকটে অর্থযুক্ত বাক্য প্রয়োগ করিলেন। অর্থাৎ শত্রু-বিজয়ী বাগ্মিশ্রেষ্ঠ রাজা দিলীপ পুরোহিত বশিষ্ঠ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া রাজকীয় সমস্ত বিষয় বিবৃত করিতে লাগিলেন ॥ ৫৯ ॥

ভগবন্‌! যখন আপনি আমার দৈবী এবং মানুষী বিপদের প্রতিকার-কর্ত্তা, তখন আমার সপ্তাঙ্গ রাজ্যের সর্ব্বাঙ্গীন কুশল নিশ্চিতই আছে। অর্থাৎ আপনি স্বয়ংই মন্ত্রবলে দেব-কৃত দুর্ভিক্ষাদি এবং মানুষকৃত চৌর-ভয়াদি নিবারণ করিয়া থাকেন, তখন আমার রাজ্যের কুশল অবধা-রিতই আছে। সপ্তাঙ্গ যথা;—স্বামী, অমাত্য, পুর, রাষ্ট্র, কোষ, দণ্ড এবং সুহৃৎ; এই সাতটীর সমবেত অবস্থাকে রাজ্য বলা যায়, সুতরাং রাজ্য এই সপ্তাঙ্গবিশিষ্ট ॥ ৬০ ॥

তব মন্ত্রকৃতোমন্ত্রৈর্দূরাৎ প্রশমিতারিভিঃ।
প্রত্যাদিশ্যন্তইব মে দৃষ্টলক্ষ্যভিদঃ শরাঃ॥ ৬১ ॥
হবিরাবর্জ্জিতং হোতস্ত্বয়া বিধিবদগ্নিষু।
বৃষ্টির্ভবতি শস্যানামবগ্রহবিশোষিণাম্ ॥ ৬২ ॥

তত্র মানুষাপৎপ্রতীকারমাহ,—তবেতি। দূরাৎপরোক্ষএব প্রশমিতারিভিঃ (মন্ত্রান্ কৃতবান্ মন্ত্রকৃৎ) সুকর্ম্মপাপমন্ত্রপুণ্যেষু কৃঞঃ ইতি ক্বিপ্। তস্য মন্ত্রকৃতোমন্ত্রাণাং স্রষ্টুঃ প্রয়োক্তুর্ব্বা তব মন্ত্রৈঃ কর্ত্তৃভিঃ(দৃষ্টং প্রত্যক্ষ্যং যল্লক্ষ্যং তন্মাত্রং ভিন্দন্তীতি দৃষ্টলক্ষ্যভিদো মে শরাঃ প্রত্যাদিশ্যন্ত ইব, বয়মেব সমর্থাঃ কিমেভিঃ পিষ্টপেষকৈরিতি নিরাক্রিয়ন্ত ইবেত্যুৎপ্রেক্ষা)। "প্রত্যাদেশোনিরাকৃতিঃ" ইত্যমরঃ। ত্বন্মন্ত্রসামর্থ্যাদেব নঃ পৌরুষং ফলতীতি ভাবঃ॥ ৬১ ॥

সম্প্রতি দৈবিকাপৎপ্রতীকারমাহ,—হবিরিতি। (হে হোতঃ! ত্বয়া বিধিবদগ্নিষু আবর্জ্জিতং প্রক্ষিপ্তং হবিরাজ্যাদিকং কর্ত্তৃ, অবগ্রহো বর্ষপ্রতিবন্ধঃ) অবে গ্রহো বর্ষপ্রতিবন্ধে ইতি অঞ্ প্রত্যয়ঃ। "বৃষ্টির্বর্ষং তদ্বিঘাতেঽবগ্রাহাবগ্রহৌ সমৌ" ইত্যমরঃ। (তেন বিশোষিণাং বিশুষ্যতাং শস্যানাং বৃষ্টির্ভবতি বৃষ্টিরূপেণ শস্যান্যুপজীবয়তীতি ভাবঃ) অত্র মনুঃ "অগ্নৌ দত্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ" ইতি॥ ৬২ ॥

আমার শর কেবল দৃষ্টলক্ষ্যভেদক, কিন্তু দূর হইতেই আপনার কৃত মন্ত্র-প্রভাবে শত্রুগণ প্রশমিত হইয়া থাকে; অতএব আপনার মন্ত্রবলে আমার দৃষ্টলক্ষ্যভেদক শরগুলি যেন অকর্ম্মণ্য হইয়া রহিয়াছে। অর্থাৎ আপনার শত্রুনাশক মন্ত্রসকল দূর হইতেই আমার অদৃশ্য শত্রু জয় করিয়া থাকে। সুতরাং আমার দৃষ্টলক্ষ্যভেদী শরসমূহ এক প্রকার নিষ্ক্রিয় হইয়া রহিয়াছে॥ ৬১ ॥

হে ভগবন্! আপনি বিধানানুসারে অগ্নিতে যে ঘৃতাদি প্রক্ষেপ করেন, তাহাই জলধারায় পরিণত হইয়া আমার রাজ্যে অনাবৃষ্টি-বিশোষিত শস্যের পুনর্জ্জীবন সম্পাদন করিয়া থাকে। অর্থাৎ বশিষ্ঠ ঋষি বিধিপূর্ব্বক যে যজ্ঞ করিয়া আহুতি প্রদান করেন, সেই যজ্ঞীয় বাষ্প জলরূপে পরিণত হইয়া দিলীপের রাজ্যে পতিত হইত, তাহাতে অনাবৃষ্টি দ্বারা বিশোষিত শস্য সকল পুনরুজ্জীবিত হইত॥ ৬২ ॥

পুরুষায়ুষজীবিন্যোনিরাতঙ্কা নিরীতয়ঃ।
যন্মদীয়াঃ প্রজাস্তস্য হেতুস্ত্বদ্‌ব্রহ্মবর্চ্চসম্ ॥ ৬৩ ॥
ত্বয়ৈবং চিন্ত্যমানস্য গুরুণা ব্রহ্মযোনিনা।
সানুবন্ধাঃ কথং ন স্যুঃ সম্পদো মে নিরাপদঃ ॥ ৬৪ ॥

পুরুষেতি। আয়ুর্জীবিতকালঃ পুরুষস্যায়ুঃ পুরুষায়ুষং বর্ষশতমিত্যর্থঃ। "শতায়ুর্বৈ পুরুষঃ" ইতি শ্রুতেঃ। অচতুরেত্যাদিসূত্রেণ অচ্‌প্রত্যয়ান্তো নিপাতঃ। মদীয়াঃ প্রজাঃ পুরুষায়ুষং জীবন্তীতি পুরুষায়ুষজীবিন্যঃ নিরাতঙ্কা নির্ভয়াঃ। "আতঙ্কো ভয়মাশঙ্কে"তি হলায়ুধঃ। নিরীতয়ঃ অতিবৃষ্ট্যাদিরহিতাঃ ইতি যৎ তস্য সর্ব্বস্য ত্বদ্‌ব্রহ্মবর্চ্চসং তব ব্রতাধ্যয়নসম্পত্তিরেব হেতুঃ। "ব্রতাধ্যয়নসম্পত্তিরিত্যেতৎ ব্রহ্মবর্চ্চস" মিতি হলায়ুধঃ। ব্রহ্মণোবর্চ্চোব্রহ্মবর্চ্চসম্ ব্রহ্মহস্তিভ্যাং বর্চ্চসঃ ইত্যচ্‌প্রত্যয়ঃ। "অতিবৃষ্টিরনাবৃষ্টির্মূষিকাঃ শলভাঃ শুকাঃ। অত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতা ঈতয়ঃ স্মৃতাঃ" ইতি কামন্দকঃ ॥ ৬৩ ॥

ত্বয়েতি। ব্রহ্মা যোনিঃ কারণং যস্য তেন ব্রহ্মপুত্রেণ গুরুণা ত্বয়া এবম্ উক্তপ্রকারেণ চিন্ত্যমানস্য অনুধ্যায়মানস্য অতএব নিরাপদো ব্যসনহীনস্য মে সম্পদঃ সানুবন্ধাঃ অনুস্যূতাঃ অবিচ্ছিন্না ইতি যাবৎ। কথং ন স্যুঃ স্যুরেবেত্যর্থঃ ॥ ৬৪ ॥

আমার প্রজাবর্গ নিরাতঙ্ক এবং অতিবৃষ্টি প্রভৃতি দৈব আপদ্ শূন্য হইয়া যে দীর্ঘকাল জীবিত থাকে, আপনার ব্রহ্মতেজই তাহার কারণ। অর্থাৎ দিলীপের প্রজাবর্গ অতিবৃষ্টি ও অনাবৃষ্টি প্রভৃতি দৈব আপদ্ এবং চৌরাদির ভয় রহিত হইয়া অকাল মৃত্যুর গ্রাস হইতে যে মুক্ত থাকে, বশিষ্ঠের একমাত্র ব্রহ্মতেজই তাহার কারণ ॥ ৬৩ ॥

ভবাদৃশ ব্রহ্মযোনি গুরু যখন আমার এইরূপ নিয়ত শুভচিন্তা করিতেছেন, তখন যে আমি সর্ব্বদা নিরাপদ্ থাকিব এবং আমার সম্পদ্ যে অবিচ্ছিন্ন থাকিবে, তাহার আর বিচিত্র কি! অর্থাৎ ব্রহ্মার পুত্র মহর্ষি বশিষ্ঠ যখন দিলীপের নিয়ত কুশল চিন্তা করেন, তখন দিলীপ যে, নিরাপদ্ থাকিবেন এবং তাঁহার সম্পদ্‌ও যে অবিচ্ছিন্ন থাকিবে, তাহার আর কথা কি ॥ ৬৪ ॥

কিন্তু বধ্বাং তবৈতস্যামদৃষ্টসদৃশপ্রজম্।
ন মামবতি সদ্বীপা রত্নসূরপি মেদিনী ॥ ৬৫ ॥
নূনং মত্তঃ পরং বংশ্যাঃ পিণ্ডবিচ্ছেদদর্শিনঃ।
ন প্রকামভুজঃ শ্রাদ্ধে স্বধাসংগ্রহতৎপরাঃ ॥ ৬৬ ॥

সম্প্রতি আগমনপ্রয়োজনমাহ,—কিন্ত্বিতি। কিন্তু তব এতস্যাং বধ্বাং স্নুষায়াম্। "বধূর্জ্জায়া স্নুষা স্ত্রী চ" ইত্যমরঃ। অদৃষ্টা সদৃশী অনুরূপা প্রজা যেন তং মাং সদ্বীপাপি রত্নানি সূয়ত ইতি রত্নসূরপি। সৎসূদ্বিষেত্যাদিনা ক্বিপ্। মেদিনী নাবতি ন প্রীণাতি। অবধাতুঃ রক্ষণগতিপ্রীত্যাদ্যর্থেষু উপদেশাদত্র প্রীণনে। রত্নসূরপীত্যনেন সর্ব্বরত্নেভ্যঃ পুত্ররত্নমেব শ্লাঘ্যমিতি সূচিতম্ ॥ ৬৫ ॥

তদেব প্রতিপাদয়তি,—নূনমিতি। মত্তঃপরং মদনন্তরম্। পঞ্চম্যান্তসিল্। পিণ্ডবিচ্ছেদদর্শিনঃ পিণ্ডদানবিচ্ছেদমুৎপ্রেক্ষমাণাঃ বংশে ভবাঃ বংশ্যাঃ পিতরঃ, স্বধেত্যব্যয়ং পিতৃভোজ্যে বর্ত্ততে, তস্য সংগ্রহে তৎপরাঃ আসক্তাঃ সন্তঃ। শ্রাদ্ধে পিতৃকর্ম্মণি। "পিতৃদানং নিবাপঃ স্যাৎ শ্রাদ্ধং তৎকর্ম্ম শাস্ত্রত" ইত্যমরঃ। প্রকামভুজঃ পর্য্যাপ্তভোজিনো ন ভবন্তি, নূনং সত্যম্। কামং প্রকামং পর্য্যাপ্তমিত্যমরঃ। নির্দ্ধনা হ্যাপদ্ধনং কিয়দপি সংগৃহ্লন্তীতি ভাবঃ ॥ ৬৬ ॥

কিন্তু আমি আপনার এই বধূ হইতে অনুরূপ পুত্রমুখ নিরীক্ষণ করিতে অদ্যাপিও সমর্থ হই নাই বলিয়া এই সদ্বীপা ধরিত্রী বহুরত্নের প্রসবিনী হইলেও আমার প্রীতিকর হইতেছে না। অর্থাৎ আমি রত্নপ্রসূতি সসাগরা ধরার অধীশ্বর হইয়াও একমাত্র সন্তানের অভাবে যখন তৎসমস্তই আমার অপ্রীতিকর হইতেছে, তখন নিশ্চয়ই বোধ হইতেছে, একমাত্র পুত্ররত্নই সকল রত্নের শ্রেষ্ঠ ॥ ৬৫ ॥

আমার পর পিণ্ড-লোপ হইবে দেখিয়া পিতৃপুরুষেরা শ্রাদ্ধ সময় আমা কর্ত্তৃক প্রদত্ত পিণ্ডাদির সমস্ত ভোজন না করিয়া কিঞ্চিৎ কিঞ্চিৎ সংগ্রহ করিয়া রাখিতেছেন। অর্থাৎ পিতৃপুরুষগণ দিলীপের পর পিণ্ড প্রাপ্ত হইবেন না বলিয়া দিলীপ-প্রদত্ত পিণ্ডের সমস্ত ভক্ষণ না করিয়া ভবিষ্যতের নিমিত্ত কিঞ্চিৎ সংগ্রহ করিয়া রাখিতেন ॥ ৬৬ ॥

মৎপরং দুর্ল্লভং মত্বা নূনমাবর্জ্জিতং ময়া।
পয়ঃ পূর্ব্বৈঃ স্বনিশ্বাসৈঃ কবোষ্ণমুপভুজ্যতে ॥ ৬৭ ॥
সোঽহমিজ্যাবিশুদ্ধাত্মা প্রজালোপনিমীলিতঃ।

মৎপরমিতি। মৎপরং মদনন্তরম্। অন্যারাদিত্যাদিনা পঞ্চমী। দুর্লভং মত্বা ময়া আবর্জ্জিতং দত্তং পয়ঃ পূর্ব্বৈঃ পিতৃভিঃ স্বনিশ্বাসৈঃ দুঃখজৈঃ কবোষ্ণমীষদুষ্ণং যথা তথা উপভুজ্যতে নূনমিতি তর্কে। কবোষ্ণমিতি কুশব্দস্য কবাদেশঃ। কোষ্ণং কবোষ্ণং মন্দোষ্ণং কদুষ্ণং ত্রিষু তদ্বতীত্যমরঃ ॥ ৬৭ ॥

সোঽহমিতি। ইজ্যা যাগঃ। ব্রজযজোর্ভাবে ক্যবিতি ক্যপ্‌প্রত্যয়ঃ। তয়া বিশুদ্ধাত্মা বিশুদ্ধচেতনঃ প্রজালোপেন সন্তত্যভাবেন নিমীলিতঃ কৃতনিমীলনঃ সোঽহং লোক্যত ইতি লোকঃ ন লোক্যত ইত্যলোকঃ লোকশ্চালোকশ্চাত্র স্ত ইতি লোকশ্চাসাবলোকশ্চেতি বা লোকালোকশ্চক্রবালোঽচল ইব। "লোকালোকশ্চক্রবাল" ইত্যমরঃ। প্রকাশত ইতি প্রকাশশ্চ দেবঋণবিমোচনাৎ, ন প্রকাশত ইত্যপ্রকাশশ্চ পিতৃঋণাবিমোচনাৎ। পচাদ্যচ্।

তাঁহারা আমার পর জলগণ্ডূষ নিতান্ত দুর্ল্লভ হইবে এই বিবেচনায় দীর্ঘনিশ্বাস দ্বারা মৎপ্রদত্ত জল ঈষৎ উষ্ণ করিয়া পান করিয়া থাকেন। অর্থাৎ দিলীপের পরলোক প্রাপ্তি হইলে পূর্ব্ব পুরুষগণ আর জল প্রাপ্ত হইবেন না, এই কারণে দিলীপ-প্রদত্ত জলপান সময়ে তাঁহারা দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করেন; সেই শোকসন্তপ্ত নিশ্বাসবায়ুতে জলের শীতলতা দূর হইয়া উহা ঈষদুষ্ণ হয়; সুতরাং তাঁহারা দিলীপ বর্ত্তমানেও শীতল জল পান করিতে পাইতেন না ॥ ৬৭ ॥

আমি যাগানুষ্ঠান দ্বারা বিশুদ্ধ হইয়াছি, কিন্তু অনপত্যতা বশতঃ বিষণ্ণভাবে রহিয়াছি, অতএব লোকালোক পর্ব্বত যেমন একদিকে আলোকযুক্ত, অপর দিকে তিমিরাবৃত, সেইরূপ আমাকেও অবস্থান করিতে হইতেছে। অর্থাৎ মহারাজ দিলীপ দানক্রিয়া দ্বারা ঋষিঋণ হইতে এবং যজ্ঞানুষ্ঠান দ্বারা দেবঋণ হইতে মুক্ত হইয়া এক পক্ষে বিশুদ্ধ

প্রকাশশ্চাপ্রকাশশ্চ লোকালোকইবাচলঃ ॥ ৬৮ ॥
লোকান্তরসুখং পুণ্যং তপোদানসমুদ্ভবম্ ।
সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে ॥ ৬৯ ॥
তয়া হীনং বিধাতর্মাং কথং পশ্যন্ন দূয়সে।
সিক্তং স্বয়মিব স্নেহাদ্ বন্ধ্যমাশ্রমবৃক্ষকম্ ॥ ৭০ ॥
অসহ্যপীড়ং ভগবন্ ঋণমন্ত্যমবেহি মে।

অস্মীতি শেষঃ। লোকালোকোঽপ্যন্তঃ সূর্য্যসম্পর্কাদ্বহিস্তমোব্যাপ্ত্যা চ প্রকাশশ্চাপ্রকাশশ্চেতি মন্তব্যম্॥ ৬৮ ॥

নন্থ তপোদানাদিসম্পন্নস্য কিমপত্যৈরিত্যত্রাহ, লোকান্তরেতি। সমুদ্ভবত্যস্মাদিতি সমুদ্ভবঃ কারণং, তপোদানে সমুদ্ভবো যস্য তৎ তপোদানসমুদ্ভবং যৎ পুণ্যং তৎ লোকান্তরে পরলোকে সুখং সুখকরং, শুদ্ধবংশে ভবা শুদ্ধবংশ্যা সন্ততির্হি পরত্র পরলোকে ইহ চ লোকে শর্ম্মণে সুখায়। শর্ম্মশাতসুখানি চেত্যমরঃ। ভবতীতি শেষঃ ॥ ৬৯ ॥

তয়েতি। হে বিধাতঃ স্রষ্টঃ! তয়া সন্তত্যা হীনম্ অনপত্যম্ মাং স্নেহাৎ প্রেম্না স্বয়মেব সিক্তং জলসেকেন বর্দ্ধিতম্ বন্ধ্যমফলম্ "বন্ধ্যোঽফলোঽবকেশী চ" ইত্যমরঃ। আশ্রমস্য বৃক্ষকম্ বৃক্ষোত্তমমিব পশ্যন্ কথং ন দূয়সে ন পরিতপ্যসে। বিধাতরিত্যনেন সমর্থোঽপ্যুপেক্ষসে ইতি গম্যতে ॥ ৭০ ॥

অসহ্যেতি। হে ভগবন্! মে মম অন্ত্যম্ ঋণং পৈতৃকমৃণং অনির্ব্বাণস্য

হইয়াছেন বটে, কিন্তু পক্ষান্তরে সন্তানাভাব বশতঃ পিতৃঋণ হইতে মুক্তি পাইতে পারেন নাই বলিয়া অবিশুদ্ধ থাকিতে হইয়াছে ॥ ৬৮ ॥

তপঃ ও দান জনিত পুণ্য কেবল পরলোকে সুখদায়ক হয়; কিন্তু সদ্বংশজাত সন্তান ইহলোক ও পরলোক এই উভয় লোকেই সুখদায়ক হইয়া থাকে ॥ ৬৯ ॥

হে বিধাতঃ! স্নেহবশতঃ স্বহস্তে জলসেক দ্বারা পরিবর্দ্ধিত আশ্রম বৃক্ষকে বন্ধ্য দর্শন করিলে যেরূপ আপনার অন্তঃকরণ সন্তপ্ত হয়। আমাকে নিঃসন্তান নিরীক্ষণ করিয়া কি সেইরূপ পরিতপ্ত হইতেছেন না ? ॥ ৭০ ॥

হে ভগবন্! আপনি নিশ্চয় জানিবেন, যেমন বন্ধনস্তম্ভ, মজ্জন-বিহীন

অরুন্তুদমিবালানমনির্ব্বাণস্য দন্তিনঃ ॥ ৭১ ॥
তস্মান্মুচ্যে যথা তাত! সংবিধাতুং তথার্হসি।
ইক্ষ্বাকূণাং দুরাপেঽর্থে ত্বদধীনা হি সিদ্ধয়ঃ ॥ ৭২ ॥

মজ্জনরহিতস্য। "নির্ব্বাণং নির্বৃতৌ মোক্ষে বিনাশে গজমজ্জনে" ইতি যাদবঃ। দন্তিনো গজস্য অরুঃ মর্ম্ম তুদতীত্যরুন্তুদং মর্ম্ম স্পৃক্। "ব্রণোঽস্ত্রিয়ামির্ম্মমরুঃ" "অরুন্তুদস্তু মর্ম্মস্পৃক্" ইতি চামরঃ। বিধ্বরুষোস্তুদঃ ইতি খশ্প্রত্যয়ঃ। অরুর্দ্বিষদিত্যাদিনা মুমাগমঃ। আলানং বন্ধনস্তম্ভমিব। "আলানং বন্ধনস্তম্ভে" ইত্যমরঃ। অসহ্যা সোঢ়ুমশক্যা পীড়া দুঃখং যস্মিন্ তৎ অবেহি দুঃসহদুঃখজনকং বিদ্ধীত্যর্থঃ। নির্ব্বাণোত্থানশয়নানি ত্রীণি গজকর্ম্মাণীতি পালকাব্যে। "ঋণং দেবস্য যাগেন ঋষীণাং দানকর্ম্মণা। সন্তত্যা পিতৃলোকানাং শোধয়িত্বা পরিব্রজেৎ" ॥ ৭১ ॥

তস্মাদিতি। হে তাত! তস্মাৎ পৈতৃকাদৃণাৎ যথা মুচ্যে মুক্তো ভবামি। কর্ম্মকর্ত্তরি লট্। তথা সংবিধাতুং কর্ত্তুমর্হসি, হি যস্মাৎ কারণাৎ ইক্ষ্বাকূণাং ইক্ষ্বাকুবংশ্যানাম্। তদ্রাজস্বাদ্বহুষণো লুক্। দুরাপে দুষ্প্রাপ্যেঽর্থে সিদ্ধয়স্ত্বদধীনাস্তদায়ত্তাঃ। ইক্ষ্বাকূণামিতি শেষে ষষ্ঠী "ন লোকেত্যাদিনা কৃদ্যোগে ষষ্ঠীনিষেধাৎ ॥ ৭২ ॥

মাতঙ্গের মর্ম্মপীড়ক হয়, তদ্রূপ পিতৃঋণ আমাকেও মর্ম্মপীড়া প্রদান করিতেছে। অর্থাৎ নবধৃত হস্তী স্তম্ভে বন্ধন করিয়া রাখিলে, সে জলমজ্জনার্থ গমন করিলে যেমন বন্ধনস্তম্ভ তাহাকে বাধা দেয় বলিয়া উক্ত স্তম্ভই তাহার মর্ম্মপীড়ক হয়। সেইরূপ পিতৃঋণ দিলীপেরও অসহ্য পীড়াদায়ক হইয়াছিল ॥ ৭১ ॥

হে তাত! আমি যেরূপে সেই পিতৃঋণ হইতে মুক্ত হইতে পারি, তাহার উপায় বিধান করিতে আপনিই সমর্থ। যে হেতু ইক্ষ্বাকুদিগের দুর্ল্লভ বিষয়ের সিদ্ধি আপনারই হস্তগত। অর্থাৎ আমি যাহাতে সেই পিতৃঋণ হইতে মুক্তিলাভ করিতে পারি, আপনাকে তাহার উপায় করিয়া দিতে হইতেছে; ইক্ষ্বাকুবংশীয়েরা স্বয়ং কোন বস্তু লাভ করিতে না পারিলে, আপনার অনুকম্পাই তৎপ্রাপ্তির উপায় হইয়া থাকে ॥ ৭২ ॥

ইতি বিজ্ঞাপিতোরাজ্ঞা ধ্যানস্তিমিতলোচনঃ।
ক্ষণমাত্রমৃষিস্তস্থৌ সুপ্তমীনইব হ্রদঃ॥ ৭৩॥
সোঽপশ্যৎ প্রণিধানেন সন্ততেঃ স্তম্ভকারণম্।
ভাবিতাত্মা ভুবোভর্ত্তুরথৈনং প্রত্যবোধয়ৎ॥ ৭৪॥
পুরা শক্রমুপস্থায় তবোর্ব্বীং প্রতি যাস্যতঃ।
আসীৎ কল্পতরুচ্ছায়ামাশ্রিতা সুরভিঃপথি॥ ৭৫॥

ইতীতি। ইতি রাজ্ঞা বিজ্ঞাপিতঃ ঋষিঃ ধ্যানেন স্তিমিতে লোচনে যস্য ধ্যানস্তিমিতলোচনো নিশ্চলাক্ষঃ সন্ ক্ষণমাত্রং সুপ্তমীনোহ্রদ ইব তস্থৌ॥ ৭৩॥

সোঽপশ্যদিতি। স মুনিঃ প্রণিধানেন চিত্তৈকাগ্র্যেণ ভাবিতাত্মা শুদ্ধান্তঃকরণঃ ভুবো ভর্ত্তুর্নৃপস্য সন্ততেঃ স্তম্ভকারণং সন্তানপ্রতিবন্ধকারণম্ অপশ্যৎ। অথানন্তরমেনং নৃপং প্রত্যবোধয়ৎ স্বদৃষ্টং জ্ঞাপিতবানিত্যর্থঃ। এনমিতি গতিবুদ্ধীত্যাদিনা অণিকর্ত্তুঃ কর্ম্মত্বম্॥ ৭৪॥

পুরেতি। পুরা পূর্ব্বং শক্রমিন্দ্রমুপস্থায় সংসেব্য উর্ব্বীং প্রতি ভুবমুদ্দিশ্য যাস্যতোগমিষ্যতস্তব পথি কল্পতরুচ্ছায়ামাশ্রিতা সুরভিঃ কামধেনুরাসীৎ তত্র স্থিতেত্যর্থঃ॥ ৭৫॥

এইরূপে বশিষ্ঠ ঋষি রাজা কর্ত্তৃক বিজ্ঞাপিত হইয়া মীনসঞ্চার-বিরহিত প্রশান্ত হ্রদের ন্যায় ধ্যানস্তিমিত-লোচনে ক্ষণমাত্র অবস্থিত রহিলেন। অর্থাৎ মহর্ষি বশিষ্ঠ রাজার এই সকল কথা শ্রবণ করিয়া ধ্যান দ্বারা স্তিমিতনেত্র হইয়া প্রশান্ত জলাশয়ের ন্যায় স্থিরভাবে ক্ষণকাল অবস্থান করিলেন॥ ৭৩॥

বিশুদ্ধাত্মা ঋষি যোগবলে নরনাথ দিলীপের সন্তানোৎপত্তির প্রতিবন্ধ-কারণ অবগত হইলেন। অনন্তর রাজাকেও সেই কারণ অবগত করাইলেন। অর্থাৎ বশিষ্ঠ মুনি ধ্যানবলে নৃপতির পুত্রোৎপত্তির প্রতিবন্ধ-কারণ অবগত হইয়া রাজাকে তাহা বলিতে লাগিলেন॥ ৭৪॥

হে রাজন্! পূর্ব্বে একদা আপনি স্বর্গে ইন্দ্রের কার্য্য সম্পাদন করিয়া ধরাতলে প্রত্যাগমন করিতেছিলেন, সেই সময়ে সুরভি (কামধেনু) পথিমধ্যে কল্পতরুর ছায়া আশ্রয় করিয়াছিলেন॥ ৭৫॥

ধর্ম্মলোপভয়াদ্রাজ্ঞীমৃতুস্নাতামিমাং স্মরন্ ।
প্রদক্ষিণক্রিয়ার্হায়াং তস্যাং ত্বং সাধু নাচরঃ ॥ ৭৬ ॥
অবজানাসি মাং যস্মাদতস্তে ন ভবিষ্যতি ।
মৎপ্রসূতিমনারাধ্য প্রজেতি ত্বাং শশাপ সা ॥ ৭৭ ॥
স শাপো ন ত্বয়া রাজন্ ! ন চ সারথিনা শ্রুতঃ ।

ততঃ কিমিত্যাহ ;—ধর্ম্মলোপেতি। ঋতুঃ পুষ্পং রজইতি যাবৎ। "ঋতুঃ স্ত্রীকুসুমেঽপি চ" ইত্যমরঃ। ঋতুনা নিমিত্তেন স্নাতাম্ ইমাং রাজ্ঞীং সুদক্ষিণাং ধর্ম্মস্য ঋত্বভিগমনলক্ষণস্য লোপাৎ ভ্রংশাৎ যদ্ভয়ং তস্মাৎ স্মরন্ ধ্যায়ন্। "মৃদঙ্গং দৈবতং বিপ্রং ঘৃতং মধু চতুষ্পথম্। প্রদক্ষিণানি কুর্ব্বীত বিজ্ঞাতাংশ্চ বনস্পতীন্" ইতি শাস্ত্রাৎ প্রদক্ষিণক্রিয়ার্হায়াং প্রদক্ষিণকরণযোগ্যায়াং তস্যাং ধেন্বাং ত্বং সাধু প্রদক্ষিণাদিসৎকারং নাচরঃ নাচরিতবানসি, ব্যাসক্তা হি বিস্মরন্তি ইতি ভাবঃ। ঋতুকালাভিগমনে মনুঃ "ঋতুকালাভিগামী স্যাৎ স্বদারনিরতঃ সদা" ইতি। অকরণে দোষমাহ পরাশরঃ "ঋতুস্নাতাস্তু যো ভার্য্যাং স্বস্থঃ সন্নোপগচ্ছতি। বালগোঘ্নাপরাধেন বিধ্যতে নাত্র সংশয়ঃ" ইতি ॥ ৭৬ ॥

অবজানাসীতি। যস্মাৎ কারণাৎ মামবজানাসি তিরস্করোষি অতঃ কারণাৎ মৎপ্রসূতিং মম সন্ততিমনারাধ্য অসেবিত্বা তে তব প্রজা ন ভবিষ্যতীতি সা সুরভিস্ত্বাং শশাপ। শপ আক্রোশে ॥ ৭৭ ॥

কথং তদস্মাভির্ন শ্রুতমিত্যাহ ;—স শাপ ইতি। হে রাজন্ ! সঃ শাপঃ

এই রাজ্ঞী সুদক্ষিণা সেই সময় ঋতুমতী ছিলেন ; অতএব গমনে বিলম্ব হইলে ঋতুরক্ষায় অসামর্থ্য বশতঃ ধর্ম্মলোপ হইবে এই আশঙ্কায় ঋতুস্নাতা মহিষীর চিন্তায় নিমগ্ন ছিলেন। সুতরাং অনন্যমনা হইয়া প্রদক্ষিণ প্রভৃতি যথোচিত সৎকারের যোগ্য সুরভির প্রতি সদ্ব্যবহার করেন নাই ॥ ৭৬ ॥

সুরভি আপনার এই অনবধানতা সন্দর্শন করিয়া এই অভিসম্পাত প্রদান করিয়াছিলেন যে "তুমি যেহেতু আমাকে অবজ্ঞা করিলে, এই কারণে আমার নন্দিনীর আরাধনা ব্যতীত তোমার সন্তান উৎপন্ন হইবে না" ॥ ৭৭ ॥

হে রাজন্ ! তৎকালে উদ্ধত দিগ্‌গজ সকলের জলক্রীড়ায় আলো-

নদত্যাকাশগঙ্গায়াঃ স্রোতস্যুদ্দামদিগ্‌গজে ॥ ৭৮ ॥
ঈপ্সিতং তদবজ্ঞানাদ্বিদ্ধি সার্গলমাত্মনঃ।
প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রমঃ ॥ ৭৯ ॥
হবিষে দীর্ঘসত্রস্য সা চেদানীং প্রচেতসঃ।
ভুজঙ্গপিহিতদ্বারং পাতালমধিতিষ্ঠতি ॥ ৮০ ॥
সুতাং তদীয়াং সুরভেঃ কৃত্বা প্রতিনিধিং শুচিঃ।

ত্বয়া ন শ্রুতঃ সারথিনা চ ন শ্রুতঃ। শ্রু শ্রবণে। হেতুমাহ ক্রীড়ার্থমাগতা উদ্দামানঃ দাম্নউদ্গতা দিগ্‌গজা যস্মিন্ তথোক্তে আকাশগঙ্গায়াঃ মন্দাকিন্যাঃ স্রোতসি প্রবাহে নদতি সতি ॥ ৭৮ ॥

অস্তু প্রস্তুতে কিমায়াতমিত্যত্রাহ ;—ঈপ্সিতমিতি। তদবজ্ঞানাৎ তস্যাঃ ধেনোঃ অবজ্ঞানাদপমানাৎ আত্মনঃ স্বস্য আপ্তুমিষ্টম্ ঈপ্সিতং মনোরথম্। আপ্নোতেঃ সন্নন্তাৎ ক্তঃ। ঈকারশ্চ। সার্গলং সপ্রতিবন্ধং বিদ্ধি জানীহি। তথাহি পূজ্যপূজায়া ব্যতিক্রমোঽতিক্রমণং শ্রেয়ঃ প্রতিবধ্নাতি ॥ ৭৯ ॥

তর্হি গত্বা তামারাধয়ামি সা বা কথঞ্চিদাগমিষ্যতীত্যাশা ন কর্ত্তব্যেত্যাহ ;—হবিষ ইতি। সা চ সুরভিরিদানীং দীর্ঘং সত্রং চিরকালসাধ্যোযাগবিশেষো যস্য তস্য প্রচেতসো হবিষে দধ্যাজ্যাদিহবিরর্থং ভুজঙ্গপিহিতদ্বারং ভুজঙ্গাবরুদ্ধদ্বারং ততো দুষ্প্রবেশং পাতালমধিতিষ্ঠতি পাতালে তিষ্ঠতীত্যর্থঃ। অধিশীঙ্‌স্থাসাং কর্ম্ম ইত্যাধারস্য কর্ম্মত্বম্ ॥ ৮০ ॥

তর্হি কা গতিরিত্যত আহ ;—সুতামিতি। তস্যাঃ সুরভেরিয়ং তদীয়া

ড়িত আকাশগঙ্গা মন্দাকিনীর স্রোতোধ্বনিতে আপনি এবং আপনার সারথি সেই অভিশাপ শ্রবণ করিতে সমর্থ হন্ নাই ॥ ৭৮ ॥

সুরভির অবমাননাই আপনার অভীষ্টসিদ্ধির অন্তরায় জানিবেন। কারণ পূজনীয় ব্যক্তির পূজার ব্যতিক্রমই শ্রেয়স্কর বিষয়ের বিঘ্ন হইয়া থাকে ॥ ৭৯ ॥

বরুণ দীর্ঘকালব্যাপী একটী যজ্ঞের অনুষ্ঠান করিয়াছেন ; এইক্ষণে সুরভি সেই যজ্ঞে দধি ও ঘৃতাদি প্রদানের নিমিত্ত যাহার দ্বার ভুজঙ্গগণ রক্ষা করে, সেই পাতালপুরীতে অবস্থান করিতেছেন ॥ ৮০ ॥

আপনি সস্ত্রীক পবিত্রচিত্ত হইয়া সেই সুরভির কন্যা নন্দিনীকে

আরাধয় সপত্নীকঃ প্রীতা কামদুঘা হি সা ॥ ৮১ ॥
ইতি বাদিনএবাস্য হোতুরাহুতিসাধনম্ ।
অনিন্দ্যা নন্দিনী নাম ধেনুরাববৃতে বনাৎ ॥ ৮২ ॥
ললাটোদয়মাভুগ্নং পল্লবস্নিগ্ধপাটলা ।
বিভ্রতী শ্বেতরোমাঙ্কং সন্ধ্যেব শশিনং নবম্ ॥ ৮৩ ॥
ভুবং কোষ্ণেন কুণ্ডোধ্নী মেধ্যেনাবভৃথাদপি ।

তাং সুতাং সুরভেঃ প্রতিনিধিং কৃত্বা শুচিঃ শুদ্ধঃ, সহ পত্ন্যা বর্ত্তত ইতি সপত্নীকঃ সন্। নদ্যতশ্চ ইতি কপ্প্রত্যয়ঃ। আরাধয়, হি যস্মাৎ কারণাৎ সা প্রীতা তুষ্টা সতী কামান্ দোগ্ধীতি কামদুঘা ভবতি। দুহঃ কপ্ ঘশ্চ ইতি কপ্প্রত্যয়ঃ ঘাদেশশ্চ ॥ ৮১ ॥

ইতীতি। ইতি বাদিনো বদত এব হোতুর্হবনশীলস্য। তৃন্নিতি তৃন্-প্রত্যয়ঃ। অস্য মুনেরাহুতীনাং সাধনং কারণং, নন্দয়তীতি ব্যুৎপত্ত্যা নন্দিনী নাম অনিন্দ্যা অগর্হ্যা প্রশস্তা ধেনুঃ বনাদাববৃতে প্রত্যাগতা। অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধের্হি লক্ষণমিতি ভাবঃ ॥ ৮২ ॥

সম্প্রতি ধেনুং বিশিনষ্টি ;—ললাটোদয়েতি। পল্লববৎস্নিগ্ধা চাসৌ পাটলা চ। সন্ধ্যায়ামপ্যেতদ্বিশেষণং যোজ্যম্। ললাটে উদয়ো যস্য স ললাটোদয়-স্তম্ আভুগ্নম্ ঈষদ্বক্রম্। "আবিদ্ধং কুটিলং ভুগ্নং বেল্লিতং বক্রমিত্যপি" ইত্য-মরঃ। উদিতশ্চ ইতি নিষ্ঠাতস্য নত্বম্। শ্বেতরোমাণ্যেব অঙ্কস্তং বিভ্রতী নবং শশিনং বিভ্রতী সন্ধ্যেব স্থিতা ॥ ৮৩ ॥

ভুবমিতি। কোষ্ণেন কিঞ্চিদুষ্ণেন কবঞ্চোষ্ণে ইতি চকারাৎ কাদেশঃ।

তাঁহারই প্রতিনিধি করিয়া আরাধনা করুন ; নন্দিনী প্রীত হইলে আপনার মনোরথ সফল করিবেন সন্দেহ নাই ॥ ৮১ ॥

বশিষ্ঠদেব এইরূপ বলিতেছেন, ইত্যবসরে তাঁহার আহুতি-সাধন ভূতা নন্দিনী নাম্নী ধেনু বন হইতে প্রত্যাগত হইলেন ॥ ৮২ ॥

সেই নন্দিনীর বর্ণ নবকিশলয়ের ছায় স্নিগ্ধ ও পাটল, তাঁহার ললাট দেশে ঈষৎ বক্র একটি শ্বেত চিহ্ন থাকাতে তিনি অভিনব শশঙ্কধারিণী রক্তবর্ণা সন্ধ্যার শোভা ধারণ করিতেছেন ॥ ৮৩ ॥

বৎসাবলোকনে তাঁহার কুম্ভসদৃশ আপীন (পালান) হইতে ঈষৎ উষ

প্রস্রবেনাভিবর্ষন্তী বৎসালোকপ্রবর্ত্তিনা ॥ ৮৪ ॥
রজঃকণৈঃ খুরোদ্ধূতৈঃ স্পৃশদ্ভির্গাত্রমন্তিকাৎ।
তীর্থাভিষেকজাং শুদ্ধিমাদধানা মহীক্ষিতঃ ॥ ৮৫ ॥
তাং পুণ্যদর্শনাং দৃষ্ট্বা নিমিত্তজ্ঞস্তপোনিধিঃ।
যাজ্যমাশংসিতাবন্ধ্যপ্রার্থনং পুনরব্রবীৎ ॥ ৮৬ ॥

অবভৃথাদপি অবভৃথস্নানাদপি মেধ্যেন পবিত্রেণ। "পূতং পবিত্রং মেধ্যঞ্চ" ইত্যমরঃ। বৎসস্যালোকেন প্রদর্শনেন প্রবর্ত্তিনা প্রবহতা প্রস্রবেন ক্ষীরাভিষ্যন্দনেন ভুবমভিবর্ষন্তী সিঞ্চন্তী, কুণ্ডমিব উধঃ আপীনং যস্যাঃ সা কুণ্ডোধ্নী। "উধস্তু ক্লীবমাপীনম্" ইত্যমরঃ। উধসোঽনঙ্ ইত্যনঙাদেশঃ। বহুব্রীহেরূধসোঙীষ্ ইতি ঙীষ্ ॥ ৮৪ ॥

রজ ইতি। খুরোদ্ধূতৈরন্তিকাৎ সমীপে গাত্রং স্পৃশদ্ভিঃ। দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চেতি চকারাৎ পঞ্চমী। রজসাং কণৈঃ, মহীং ক্ষিয়তে ঈষ্টে ইতি মহীক্ষিৎ তস্য তীর্থাভিষেকেণ জাতাং তীর্থাভিষেকজাং শুদ্ধিমাদধানা কুর্ব্বাণা। এতেন বায়ব্যং স্নানমুক্তম্। উক্তঞ্চ মনুনা "আগ্নেয়ং ভস্মনা স্নানমবগাহন্তু বারুণম্। আপো হিষ্ঠেতি চ ব্রাহ্মং বায়ব্যং গোরজঃ কৃতম্" ইতি ॥ ৮৫ ॥

তামিতি। নিমিত্তজ্ঞঃ শকুনজ্ঞঃ তপোনিধির্ব্বশিষ্ঠঃ পুণ্যং দর্শনং যস্যাস্তাং, তাং ধেনুং দৃষ্ট্বা আশংসিতং মনোরথঃ। নপুংসকে ভাবে ক্তঃ। তত্রাবন্ধ্যং সফলং প্রার্থনং যস্য তম্ অবন্ধ্যমনোরথমিত্যর্থঃ। যাজয়িতুং যোগ্যং যাজ্যং পার্থিবং পুনরব্রবীৎ ॥ ৮৬ ॥

দুগ্ধধারা প্রবাহিত হইয়া ধরাতল অভিষিক্ত করিতে লাগিল; যজ্ঞান্তে স্নান যেরূপ পবিত্রকারী হয়, এই দুগ্ধ তদপেক্ষাও পবিত্র ॥ ৮৪ ॥

সেই নন্দিনীর খুরোৎক্ষিপ্ত ধূলিকণা সন্নিহিত মহীপালের গাত্রে সংলগ্ন হওয়াতে রাজার তীর্থাভিষেক-সম্ভূত শুদ্ধি সম্পাদিত হইল ॥ ৮৫ ॥

শুভাশুভ লক্ষণজ্ঞ তপোনিধি বশিষ্ঠ, পুণ্যদর্শনা নন্দিনীকে অবলোকন করিয়া অবশ্যম্ভাবী মনোরথসিদ্ধির বিষয় পুনর্ব্বার রাজাকে কহিতে লাগিলেন ॥ ৮৬ ॥

অদূরবর্ত্তিনীং সিদ্ধিং রাজন্ বিগণয়াত্মনঃ।
উপস্থিতেয়ং কল্যাণী নাম্নি কীর্ত্তিত এব যৎ ॥ ৮৭ ॥
বন্যবৃত্তিরিমাং শশ্বদাত্মানুগমনেন গাম্।
বিদ্যামভ্যসনেনেব প্রসাদয়িতুমর্হসি ॥ ৮৮ ॥
প্রস্থিতায়াং প্রতিষ্ঠেথাঃ স্থিতায়াং স্থিতিমাচরেঃ।
নিষণ্ণায়াং নিষীদাস্যাং পীতাম্ভসি পিবেরপঃ ॥ ৮৯ ॥

অদূরেতি। হে রাজন্! আত্মনঃ কার্য্যস্য সিদ্ধিম্ অদূরবর্ত্তিনীং শীঘ্র-ভাবিনীং বিগণয় বিদ্ধি যদ্যস্মাৎ কারণাৎ কল্যাণী মঙ্গলমূর্ত্তিঃ। বহ্বাদিভ্যশ্চ ইতি ঙীপ্। ইয়ং ধেনুঃ নাম্নি কীর্ত্তিতে কথিতে সত্যেব উপস্থিতা ॥ ৮৭ ॥

বন্যেতি। বনে ভবং বন্যং কন্দমূলফলাদিকং বৃত্তিরাহারো যস্য তথাভূতঃ সন্ ইমাং গাং শশ্বৎ সদা আ প্রসাদাদবিচ্ছেদেনেত্যর্থঃ। আত্মনস্তব কর্ত্তুরনুগমনেনানুসরণেন অভ্যসনেন অনুষ্ঠাতুরভ্যাসেন বিদ্যামিব প্রসাদয়িতুং প্রসন্নাং কর্ত্তুমর্হসি ॥ ৮৮ ॥

গবানুসরণপ্রকারমাহ;—প্রস্থিতায়ামিতি। অস্যাং নন্দিন্যাং প্রস্থিতায়াং প্রতিষ্ঠেথাঃ প্রযাহি। সমবপ্রবিভ্যঃ স্থঃ ইত্যাত্মনেপদম্। স্থিতায়াং নিবৃত্তগতিকায়াং স্থিতিমাচরেঃ স্থিতিং কুরু তিষ্ঠেত্যর্থঃ। নিষণ্ণায়াম্ উপবিষ্টায়াং নিষীদ উপবিশ। বিধ্যর্থে লোট্। পীতম্ অম্ভোযয়া তস্যাং পীতাম্ভসি সত্যামপঃ পিবেঃ পিব ॥ ৮৯ ॥

হে রাজন্! যখন এই মঙ্গলময়ী নন্দিনী, নামকীর্ত্তন মাত্রেই উপস্থিত হইয়াছেন, তখন অচিরেই আপনার কার্য্যসিদ্ধি হইবে ॥ ৮৭ ॥

যেমন অভ্যাস দ্বারা বিদ্যা প্রসন্ন করা যায়, তদ্রূপ আপনি কন্দমূলফলাহারী হইয়া নিরন্তর ইহাঁর অনুগমন দ্বারা এই গাভিকে প্রসন্ন করুন ॥ ৮৮ ॥

এই ধেনু গমন করিলে আপনাকে ইহাঁর পশ্চাৎ পশ্চাৎ প্রস্থান করিতে হইবে, ইনি অবস্থান করিলে আপনিও দণ্ডায়মান থাকিবেন এবং ইনি জলপান করিলে আপনিও জলপান করিবেন ॥ ৮৯ ॥

বধূর্ভক্তিমতী চৈনামর্চ্চিতামা তপোবনাৎ।
প্রযতা প্রাতরন্বেতু সায়ং প্রত্যুদ্‌ব্রজেদপি ॥ ৯০ ॥
ইত্যাপ্রসাদাদস্যাস্তং পরিচর্য্যাপরো ভব।
অবিঘ্নমস্তু তে স্থেয়াঃ পিতেব ধুরি পুত্রিণাম্‌ ॥ ৯১ ॥
তথেতি প্রতিজগ্রাহ প্রীতিমান্‌ সপরিগ্রহঃ।

বধূরিতি। বধূর্জ্জায়া চ ভক্তিমতী প্রযতা সতী গন্ধ্যাদিভিরর্চ্চিতামেনাং গাং প্রাতঃ আ তপোবনাৎ আঙ্‌ মর্য্যাদায়াং পদদ্বয়ঞ্চৈতৎ। অন্বেতু অনুগচ্ছতু সায়মপি প্রত্যুদ্‌ব্রজেৎ প্রত্যুদ্গচ্ছেৎ। বিধ্যর্থে লিঙ্‌ ॥ ৯০ ॥

ইতীতি। ইত্যনেন প্রকারেণ ত্বম্‌ আ প্রসাদাৎ প্রসাদপর্য্যন্তম্‌। আঙ্‌মর্য্যাদাভিবিধ্যোরিত্যস্য বৈভাষিকত্বাদসমাসত্বম্‌। অস্যা ধেনোঃ পরিচর্য্যাপরঃ শুশ্রূষাপরো ভব তে তব অবিঘ্নং বিঘ্নস্যাভাবোঽস্তু। অব্যয়ং বিভক্তীত্যাদিনা অর্থাভাবেঽব্যয়ীভাবঃ। পিতেব পুত্রিণাং সৎপুত্রবতাম্‌। প্রশংসায়ামিনিপ্রত্যয়ঃ। ধুরি অগ্রে স্থেয়াস্তিষ্ঠেঃ। আশীরর্থে লিঙ্‌। এর্লিঙি ইত্যাকারস্যৈকারাদেশঃ। ত্বৎসদৃশ এব ভবৎপুত্রোঽস্ত্বিতি ভাবঃ ॥ ৯১ ॥

তথেতি। দেশকালজ্ঞঃ দেশোঽগ্নিসন্নিধিঃ কালোঽগ্নিহোত্রাবসানসময়ঃ

বধূকেও ভক্তিমতী এবং প্রযত হইয়া ইহাঁর পূজা করিতে হইবে এবং প্রাতে তপোবনের সীমাপর্য্যন্ত ইহাঁর অনুগমন ও সায়ংকালে প্রত্যুদ্গমন করিতে হইবে। অর্থাৎ বধূ সুদক্ষিণা ভক্তিপূর্ব্বক বিশুদ্ধচিত্তে ইহাঁর অর্চ্চনা করিয়া প্রাতঃকালে ধেনুর বনগমন সময়ে তপোবনের সীমা পর্য্যন্ত নন্দিনীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিবেন এবং সন্ধ্যাকালে প্রত্যাগমন সময়ে তপোবনের সীমা হইতে অগ্রে যাইয়া ধেনুকে আনয়ন করিবেন ॥ ৯০ ॥

ইনি যে পর্য্যন্ত আপনার প্রতি প্রসন্ন না হন ; আপনি সেই সময় পর্য্যন্ত এইরূপে ইহাঁর পরিচর্য্যা করিবেন। আশীর্ব্বাদ করি, আপনার যেন কোন বিঘ্ন উপস্থিত না হয় ; আপনার পিতা আপনার ন্যায় পুত্রলাভ করিয়া যেরূপ পুত্রবান্‌-দিগের অগ্রগণ্য হইয়াছেন, আপনিও সেইরূপ হউন ॥ ৯১ ॥

দেশকালজ্ঞ সস্ত্রীক শিষ্য (দিলীপ) প্রীত ও অবনত মস্তক হইয়া গুরুর

আদেশং দেশকালজ্ঞঃ শিষ্যঃ শাসিতুরানতঃ ॥ ৯২ ॥
অথ প্রদোষে দোষজ্ঞঃ সংবেশায় বিশাম্পতিম্।
সূনুঃ সূনৃতবাক্ স্রষ্টুর্বিসসর্জ্জোদিতশ্রিয়ম্ ॥ ৯৩ ॥
সত্যামপি তপঃসিদ্ধৌ নিয়মাপেক্ষয়া মুনিঃ।
কল্পবিৎ কল্পয়ামাস বন্যামেবাস্য সংবিধাম্ ॥ ৯৪ ॥

বিশিষ্টদেশকালোৎপন্নমার্ষং জ্ঞানমব্যাহতমিতি জানন্ অতএব প্রীতিমান্ শিষ্যোঽন্তেবাসী রাজা সপরিগ্রহঃ সপত্নীকঃ। "পত্নীপরিজনাদানমূলশাপাঃ পরিগ্রহা" ইত্যমরঃ। আনতোবিনয়নম্রঃ সন্ শাসিতুর্গুরোরাদেশম্ আজ্ঞাং তথেতি প্রতিজগ্রাহ স্বীচকার ॥ ৯২ ॥

অথেতি। অথ প্রদোষে রাত্রৌ দোষজ্ঞোবিদ্বান্। "বিদ্বান্ বিপশ্চিদ্ দোষজ্ঞ" ইত্যমরঃ। সূনৃতবাক্ সত্যপ্রিয়বাক্। প্রিয়ং সত্যঞ্চ সূনৃত মিতি হলায়ুধঃ। স্রষ্টুঃ সূনুঃ ব্রহ্মপুত্রোমুনিঃ। অনেন প্রকৃতকার্য্যনির্ব্বাহকত্বং সূচয়তি। উদিতশ্রিয়ং বিশাম্পতিং মনুজেশ্বরম্। "দ্বৌবিশৌ বৈশ্যমনুজৌ" ইত্যমরঃ। সংবেশায় নিদ্রায়ৈ "স্যান্নিদ্রা শয়নং স্বাপঃ সুপ্তঃ সংবেশইত্যপি" ইত্যমরঃ। বিসসর্জ আজ্ঞাপয়ামাস ॥ ৯৩ ॥

সত্যামপীতি। কল্পবিৎ ব্রতপ্রয়োগাভিজ্ঞোমুনিঃ তপঃসিদ্ধৌ সত্যামপি তপসৈব রাজযোগ্যাহারসম্পাদনসামর্থ্যে সত্যপীত্যর্থঃ নিয়মাপেক্ষয়া তদাপ্রভৃত্যেব ব্রতচর্য্যাপেক্ষয়া অস্য রাজ্ঞো বন্যামেব সংবিধীয়তেঽনয়েতি সংবিধাং কুশাদিশয়নসামগ্রীম্। আতশ্চোপসর্গে ইতি কপ্রত্যয়ঃ। অকর্ত্তরি চ কারকে সংজ্ঞায়াম্ ইতি কর্ম্মাদ্যর্থত্বম্। কল্পয়ামাস সম্পাদয়ামাস ॥ ৯৪ ॥

আদেশ "যথাজ্ঞা" বলিয়া স্বীকার করিলেন। অর্থাৎ রাজা ও রাজমহিষী প্রীতমনে বিনয়াবনত হইয়া কুলগুরু বশিষ্ঠদেবের আদেশ "যে আজ্ঞা" বলিয়া স্বীকার করিলেন ॥ ৯২ ॥

অনন্তর রজনী উপস্থিত হইলে গুণজ্ঞ এবং প্রিয় অথচ সত্যবাদী বিধাতৃ-তনয় বশিষ্ঠ, উদিতশ্রী সেই নরপতিকে শয়নার্থ অনুমতি প্রদান করিলেন। অর্থাৎ প্রজাপতি-পুত্র প্রিয়বাক্ সত্যবাদী মহর্ষি বশিষ্ঠ, নরপাল দিলীপকে শয়ন করিতে আদেশ করিলেন ॥ ৯৩ ॥

মহর্ষি বশিষ্ঠ তপোবলে রাজভোগ্য দ্রব্যজাত সংগ্রহ করিতে সমর্থ

নির্দ্দিষ্টাং কুলপতিনা স পর্ণশালা-
মধ্যাস্য প্রযতপরিগ্রহদ্বিতীয়ঃ।
তচ্ছিষ্যাধ্যয়ননিবেদিতাবসানাং
সংবিষ্টঃ কুশশয়নে নিশাং নিনায় ॥ ৯৫ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ বশিষ্ঠা-
শ্রমগমনো নাম প্রথমঃ সর্গঃ।

নির্দ্দিষ্টামিতি। স রাজা কুলপতিনা মুনিকুলেশ্বরেণ বশিষ্ঠেন নির্দ্দিষ্টাং পর্ণশালামধ্যাস্যাধিষ্ঠানং কৃত্বেত্যর্থঃ। অধিশীঙ্ ইত্যাদিনা আধারস্য কর্ম্মত্বম্। কর্ম্মণি দ্বিতীয়া। প্রযতোনিয়তঃ পরিগ্রহঃ পত্নী দ্বিতীয়োযস্যেতি স তথোক্ত কুশানাং শয়নে সংবিষ্টঃ সুপ্তঃ সন্ তস্য বশিষ্ঠস্য শিষ্যাণামধ্যয়নেন অপররাত্রে বেদপাঠেন নিবেদিতমবসানং যস্যাস্তাং নিশাং নিনায় গময়ামাস। অপররাত্রে অধ্যয়নে মনুঃ "নিশান্তে ন পরিশ্রান্তোব্রহ্মাধীত্য পুনঃ স্বপেৎ।" "ন চাপররাত্রমধীত্য পুনঃ স্বপেৎ" ইতি গৌতমশ্চ। প্রহর্ষণীবৃত্তমেতৎ তদুক্তং "ম্নৌ জ্রৌ গস্ত্রিদশযতিঃ প্রহর্ষণীয়ম্" ॥ ৯৫ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
টীকায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং প্রথমঃ সর্গঃ।

হইলেও তিনি রাজাকে সংযত ও নিয়মাচারী রাখিবার নিমিত্ত কন্দমূল-ফলাদি ও কুশশয্যার আয়োজন করিয়া দিলেন ॥ ৯৪ ॥

মহারাজ দিলীপ একমাত্র সহধর্ম্মিণীর সহিত কুলপতি বশিষ্ঠ-নির্দ্দিষ্ট পর্ণ-শালাতে কুশশয্যায় শয়ন করিয়া নিদ্রাদেবীর শরণাগত হইলেন এবং তদীয় শিষ্যগণের বেদপাঠ শ্রবণে নিশার অবসান অনুমান করিয়া গাত্রোত্থান করিলেন ॥ ৯৫ ॥

প্রথমসর্গ সমাপ্ত।

দ্বিতীয়ঃ সর্গঃ।

অথ প্রজানামধিপঃ প্রভাতে
জায়াপ্রতিগ্রাহিতগন্ধমাল্যাম্।
বনায় পীতপ্রতিবদ্ধবৎসাং
যশোধনো ধেনুমৃষের্মুমোচ ॥ ১ ॥

আশাসু রাশীভবদঙ্গবল্লীভাসেব দাসীকৃতদুগ্ধসিন্ধুম্।
মন্দস্মিতৈর্নিন্দিতশারদেন্দুং বন্দেঽরবিন্দাননসুন্দরি! ত্বাম্॥

অথেতি। (অথ নিশানয়নানন্তরং যশোধনঃ প্রজানামধিপঃ প্রজেশ্বরঃ প্রভাতে প্রাতঃকালে জায়য়া সুদক্ষিণয়া প্রতিগ্রাহিতে স্বীকারিতে গন্ধমাল্যে যয়া সা জায়াপ্রতিগ্রাহিতগন্ধমাল্যা তথোক্তাং, পীতং পানমস্যাস্তীতি পীতঃ পীতবানিত্যর্থঃ) অর্শআদিভ্যোঽচ্ ইত্যচ্প্রত্যয়ঃ। পীতা গাবো ভুক্তা ব্রাহ্মণা ইতি মহাভাষ্যে দর্শনাৎ। পীতঃ প্রতিবদ্ধোবৎসো যস্যাস্তাম্ ঋষের্ধেনুং বনায় বনং গন্তুম্। ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী। মুমোচ মুক্তবান্। জায়াপদসামর্থ্যাৎ সুদক্ষিণায়াঃ পুত্রজননযোগ্যত্বমনুসন্ধেয়ম্। তথাহি শ্রুতিঃ "পতির্জায়াং প্রবিশতি গর্ভো ভূত্বেহ মাতরম্। তস্যাং পুনর্নবোভূত্বা দশমে মাসি জায়তে। তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুন" রিতি। যশোধন ইত্যনেন পুত্রবতাং কীর্ত্তিলোভাৎ রাজানর্হে গোরক্ষণে প্রবৃত্তইতি গম্যতে। অস্মিন্ সর্গে বৃত্তমুপজাতিঃ। অনন্তরোদীরিত-লক্ষ্মভাজৌ পাদৌ যদীয়াবুপজাতয়স্তাইতি ॥ ১ ॥

অনন্তর প্রাতঃকালে যশস্বী নরপতি দিলীপ জায়া দ্বারা বশিষ্ঠ-ঋষির নন্দিনী নাম্নী ধেনুকে গন্ধমাল্য প্রদান করাইলেন এবং বৎসকে স্তন্যপান করাইয়া বন্ধন পূর্ব্বক বনে বিচরণার্থ সেই নন্দিনীর বন্ধন মুক্ত করিয়া দিলেন ॥ ১ ॥

তস্যাঃ খুরন্যাসপবিত্রপাংশু-
মপাংশুলানাং ধুরি কীর্ত্তনীয়া।
মার্গং মনুষ্যেশ্বরধর্ম্মপত্নী
শ্রুতেরিবার্থং স্মৃতিরন্বগচ্ছৎ ॥ ২ ॥
নিবর্ত্ত্য রাজা দয়িতাং দয়ালু-
স্তাং সৌরভেয়ীং সুরভির্যশোভিঃ।

তস্যাইতি। পাংশবোদোষা আসাং সন্তীতি পাংশুলাঃ স্বৈরিণ্যঃ। "স্বৈরিণী পাংশুল" ইত্যমরঃ। সিধ্মাদিভ্যশ্চ ইতি লচ্প্রত্যয়ঃ। অপাংশুলানাং পতিব্রতানাং ধুরি অগ্রে কীর্ত্তনীয়া পরিগণনীয়া মনুষ্যেশ্বরধর্ম্মপত্নী খুরন্যাসৈঃ পবিত্রাঃ পাংশবো যস্য তম্। "রেণুর্দ্বয়োঃ স্ত্রিয়াং ধূলিঃ পাংশুর্না ন দ্বয়োরজ" ইত্যমরঃ। তস্যাধেনোঃ মার্গং স্মৃতির্ম্মন্বাদিবাক্যং শ্রুতের্ব্বেদবাক্যস্যার্থমভিধেয়মিবান্বগচ্ছদনুস্মৃতবতী। যথা স্মৃতিঃ শ্রুতিক্ষুণ্ণমেবার্থমনুসরতি তথা সাপি গোখুরক্ষুণ্ণমেব মার্গমনুসসারেত্যর্থঃ। ধর্ম্মপত্নীত্যত্র অশ্বঘাসাদিবত্তাদর্থ্যে ষষ্ঠীসমাসঃ প্রকৃতিবিকারাভাবাৎ। পাংশুলপথপ্রবৃত্তাবপ্যপাংশুলানামিতি বিরোধালঙ্কারোধ্বন্যতে ॥ ২ ॥

নিবর্ত্ত্যেতি। দয়ালুঃ কারুণিকঃ। "স্যাদ্দয়ালুঃ কারুণিক" ইত্যমরঃ। স্পৃহিগৃহীত্যাদিনা আলুচ্প্রত্যয়ঃ। যশোভিঃ সুরভির্ম্মনোজ্ঞঃ। "সুরভিঃ স্যান্মনোজ্ঞেঽপি"ইতি বিশ্বঃ। রাজা তাং দয়িতাং নিবর্ত্ত্য সৌরভেয়ীং কামধেনুসুতাং নন্দিনীং, ধরন্তীতি ধরাঃ পচাদ্যচ্। পয়সাং ধরাঃ পয়োধরাঃ স্তনাঃ। "স্ত্রীস্তনৌ দ্বৌ পয়োধরৌ" ইত্যমরঃ। অপয়োধরাঃ পয়োধরাঃ সম্পদ্যমানাঃ পয়োধরীভূতাঃ। অভূততদ্ভাবে চ্বিপ্রত্যয়ঃ। কুগতিপ্রাদয়ঃ ইতি প্রাদিসমাসঃ। পয়োধরীভূতাশ্চত্বারঃ সমুদ্রাঃ যস্যাঃ তাম্। অনেকমন্যপদার্থে

পতিব্রতার অগ্রগণ্যা রাজপত্নী সুদক্ষিণা শ্রুতির অর্থ স্মৃতির ন্যায় সেই বশিষ্ঠ ধেনুর খুরন্যাসে পবিত্রীকৃত ধূলিরাশিসমন্বিত পথের অনুগমন করিতে লাগিলেন। অর্থাৎ যেমন স্মৃতিশাস্ত্র বেদার্থের অনুযায়ী হইয়া থাকে, সেইরূপ সুদক্ষিণাও নন্দিনীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২ ॥

তখন পরম দয়ালু যশস্বী মহারাজ দিলীপ প্রিয়তমাকে নিবৃত্ত করিয়া পয়োধর-সদৃশ সমুদ্র চতুষ্টয়ে পরিশোভিত গোরূপধারিণী পৃথিবীর ন্যায়

পয়োধরীভূতচতুঃসমুদ্রাং
জুগোপ গোরূপধরামিবোর্ব্বীম্ ॥ ৩ ॥
ব্রতায় তেনানুচরেণ ধেনো-
র্ন্যষেধি শেষোঽপ্যনুযায়িবর্গঃ ।
ন চান্যতস্তস্য শরীররক্ষা
স্ববীর্য্যগুপ্তা হি মনোঃ প্রসূতিঃ ॥ ৪ ॥
আস্বাদবদ্ভিঃ কবলৈস্তৃণানাং
কণ্ডূয়নৈর্দংশনিবারণৈশ্চ ।

ইত্যনেকপদগ্রহণসামর্থ্যাত্রিপদোবহুব্রীহিঃ। গোরূপধরামুর্ব্বীমিব জুগোপ ররক্ষ ভূরক্ষণপ্রযত্নেনেব ররক্ষেতি ভাবঃ। ধেনুপক্ষে পয়সা দুগ্ধেন অধরীভূতাশ্চত্বারঃ সমুদ্রাযস্যাঃ সা তথোক্তাম্ দুগ্ধতিরস্কৃতসাগরামিত্যর্থঃ ॥ ৩ ॥

ব্রতায়েতি। ব্রতায় ধেনোরনুচরেণ ন তু জীবনায়েতি ভাবঃ। তেন দিলীপেন শেষোঽবশিষ্টোঽপ্যনুযায়িবর্গঃ অনুচরবর্গো ন্যষেধি নিবর্ত্তিতঃ। শেষত্বং সুদক্ষিণাপেক্ষয়া। কথং তর্হি আত্মরক্ষণমত আহ ন চেতি তস্য দিলীপস্য শরীররক্ষা চ অন্যতঃ পুরুষান্তরান্ন, কুতঃ, হি যস্মাৎ কারণাৎ মনোঃ প্রসূয়ত ইতি প্রসূতিঃ সন্ততিঃ স্ববীর্য্যগুপ্তা স্ববীর্য্যেণৈব রক্ষিতা ন হি স্বপরনির্ব্বাহকস্য পরাপেক্ষেতি ভাবঃ ॥ ৪ ॥

আস্বাদবদ্ভিরিতি। সম্রাট্ মণ্ডলেশ্বরঃ। "যেনেষ্টং রাজসূয়েন মণ্ডলস্যেশ্বরশ্চ যঃ। শাস্তি যশ্চাজ্ঞয়া রাজ্ঞঃ স সম্রাট্" ইত্যমরঃ। স রাজা আস্বাদবদ্ভিঃ রসবদ্ভিঃ স্বাদযুক্তৈরিত্যর্থঃ তৃণানাং কবলৈর্গ্রাসৈঃ। "গ্রাসস্তু কবলার্থক" ইত্যমরঃ। কণ্ডূয়নৈঃ খর্জ্জনৈঃ দংশানাং বনমক্ষিকাণাং নিবারণৈঃ। "দংশস্তু

সুরভিসুতা নন্দিনীকে রক্ষা করিতে লাগিলেন। অর্থাৎ রাজরক্ষণীয় পৃথিবীর ন্যায় বশিষ্ঠ ধেনুকে রক্ষা করিতে লাগিলেন ॥ ৩ ॥

মহারাজ দিলীপ ব্রতপালনার্থ ধেনুর অনুসরণে প্রবৃত্ত হইয়া অবশিষ্ট অনুচরদিগকেও প্রতিনিবৃত্ত করিলেন। মনুর সন্তানগণ স্ববীর্য্য প্রভাবেই আত্মরক্ষা করিতে সমর্থ। সুতরাং তাঁহার শরীর রক্ষার্থ অন্য ব্যক্তির প্রয়োজন হইল না ॥ ৪ ॥

অব্যাহতৈঃ স্বৈরগতৈঃ স তস্যাঃ
সম্রাট্ সমারাধনতৎপরোঽভূৎ ॥ ৫ ॥
স্থিতঃ স্থিতামুচ্চলিতঃ প্রয়াতাং
নিষেদুষীমাসনবন্ধধীরঃ।
জলাভিলাষী জলমাদদানাং
ছায়েব তাং ভূপতিরন্বগচ্ছৎ ॥ ৬ ॥
স ন্যস্তচিহ্নামপি রাজলক্ষ্মীং
তেজোবিশেষানুমিতাং দধানঃ।

বনমক্ষিকা" ইত্যমরঃ। অব্যাহতৈরপ্রতিহতৈঃ স্বৈরগতৈঃ স্বচ্ছন্দগমনৈশ্চ তস্যাধেন্বাঃ সমারাধনতৎপরঃ শুশ্রূষাসক্তোঽভূৎ। তদেব পরং প্রধানং যস্যেতি তৎপরঃ। "তৎপরে প্রসিতসক্তৌ" ইত্যমরঃ ॥ ৫ ॥

স্থিতইতি। ভূপতিস্তাং গাং স্থিতাং সতীং স্থিতঃ সন্। স্থিতিরূর্দ্ধাবস্থানম্। প্রয়াতাং প্রস্থিতাম্ উচ্চলিতঃ প্রস্থিতঃ, নিষেদুষীং নিষণ্ণাম্ উপবিষ্টামিত্যর্থঃ। ভাষায়াং সদবসশ্রুবঃ ইতি ক্বসুপ্রত্যয়ঃ উগিতশ্চ ইতি ঙীপ্। আসনবন্ধে উপবেশনে ধীরঃ স্থিতঃ উপবিষ্টঃ সন্নিত্যর্থঃ, জলমাদদানাং পিবন্তীং জলাভিলাষী পিবন্নিত্যর্থঃ ইত্থং ছায়েবান্বগচ্ছৎ অনুসৃতবান্ ॥ ৬ ॥

সইতি। ন্যস্তানি পরিহৃতানি চিহ্নানি ছত্রচামরাদীনি যস্যাস্তাং তথাভূতামপি তেজোবিশেষেণ প্রভাবাতিশয়েনানুমিতাং সর্ব্বথা রাজা এবায়ং ভবেদিত্যূহিতাং রাজলক্ষ্মীং দধানঃ স রাজা অনাবিষ্কৃতদানরাজিঃ বহির-

---

সম্রাট সরস তৃণমুষ্টি প্রদান, কণ্ডূয়ন, দংশ নিবারণ ও অপ্রতিহত স্বচ্ছন্দ গমন; এই সকল দ্বারা নন্দিনীর আরাধনায় একান্ত রত হইলেন ॥ ৫ ॥

ধেনু দণ্ডায়মান হইলে তিনি দাঁড়াইতেন; ধেনু প্রস্থান করিলে তিনি প্রস্থান করিতেন; ধেনু উপবিষ্ট হইলে তিনি উপবেশন করিতেন এবং ধেনু জলপান করিলে তিনিও জলপান করিতেন; এইরূপে ভূপতি ছায়ার ন্যায় তাঁহার অনুসরণ করিতে লাগিলেন ॥ ৬ ॥

যেমন দ্বিপেন্দ্রের মদরেখা বাহিরে প্রকাশ না পাইলেও তাহার অন্তর্গত

আসীদনাবিষ্কৃতদানরাজি-
রন্তর্ম্মদাবস্থইব দ্বিপেন্দ্রঃ ॥ ৭ ॥
লতাপ্রতানোদ্গ্রথিতৈঃ স কেশৈ-
রধিজ্যধন্বা বিচচার দাবম্।
রক্ষাপদেশান্মুনিহোমধেনো-
র্বন্যান্ বিনেষ্যন্নিব দুষ্টসত্বান্ ॥ ৮
বিসৃষ্টপার্শ্বানুচরস্য তস্য
পার্শ্বদ্রুমাঃ পাশভৃতা সমস্য।

প্রকটিতমদরেখঃ অন্তর্গতা মদাবস্থা যস্য সোঽন্তর্ম্মদাবস্থঃ তথাভূতোদ্বিপেন্দ্র ইব আসীৎ ॥ ৭ ॥

লতেতি। লতানাং বল্লীনাং প্রতানৈঃ কুটিলতন্তুভিরুদ্গ্রথিতাঃ উন্নময্য গ্রথিতাঃ যে কেশাস্তৈরুপলক্ষিতঃ। ইত্থম্ভূতলক্ষণে তৃতীয়া। স রাজা অধিজ্যমারোপিতমৌর্ব্বীকং ধনুর্যস্য সোঽধিজ্যধন্বা সন্ ধনুষশ্চ ইত্যনঙাদেশঃ। মুনিহোমধেনোঃ রক্ষাপদেশাৎ রক্ষণব্যাজাৎ বন্যান্ বনে ভবান্ দুষ্টসত্বান্ দুষ্টজন্তূন্। "দ্রব্যেষু ব্যবসায়েষু সত্বমস্ত্রী তু জন্তু" ষ্বিত্যমরঃ। বিনেষ্যন্ শিক্ষয়িষ্যন্নিব দাবং বনম্। "বনে চ বনবহ্নৌ চ দবো দাবইহেষ্যত" ইতি যাদবঃ। বিচচার বনে চচারেত্যর্থঃ। দেশকালাধ্বগন্তব্যাঃ কর্ম্মসংজ্ঞা হ্যকর্ম্মণামিতি দাবস্য কর্ম্মত্বম্ ॥ ৮ ॥

বিসৃষ্টেত্যাদিভিঃ ষড়্ভিঃ শ্লোকৈস্তস্য মহামহিমতয়া দ্রুমাদয়োঽপি রাজোপচারং চক্রুরিত্যাহ ;—বিসৃষ্টেতি। বিসৃষ্টাঃ পার্শ্বানুচরাঃ পার্শ্ববর্ত্তিনো-জনাঃ যেন তস্য পাশভৃতা বরুণেন সমস্য তুল্যস্য। "প্রচেতা বরুণঃ পাশী" ইত্যমরঃ। অনুভাবোঽনেন সূচিতঃ। তস্য রাজ্ঞঃ পার্শ্বয়োঃ দ্রুমাঃ

মদাবস্থা অনুমিত হইয়া থাকে, তদ্রূপ দিলীপ সমস্ত রাজচিহ্ন পরিত্যাগ করিলেও তাঁহার প্রভাবিশেষে রাজশ্রী অনুভূত হইতে লাগিল ॥ ৭ ॥

তিনি লতাতন্তু দ্বারা কেশপাশ রুদ্ধ এবং শরাসনে মৌর্ব্বী আরোপিত করিয়া ঋষিধেনুর রক্ষা ব্যপদেশে যেন বন্য হিংস্র জন্তুদিগকে শিক্ষা প্রদান করিবেন বলিয়াই বনমধ্যে বিচরণ করিতে লাগিলেন ॥ ৮ ॥

রাজার বনভ্রমণ সময়ে পার্শ্বস্থ বৃক্ষ সকল শাখাস্থিত উদ্ধত বিহঙ্গগণের

উদীরয়ামাস্থরিবোন্মদানা-
মালোকশব্দং বয়সাং বিরাবৈঃ ॥ ৯ ॥
মরুৎপ্রযুক্তাশ্চ মরুৎসখাভং
তমর্চ্চ্যমারাদভিবর্ত্তমানম্।
অবাকিরন্ বাললতাঃ প্রসূনৈ-
রাচারলাজৈরিব পৌরকন্যাঃ ॥ ১০ ॥
ধনুর্ভৃতোঽপ্যস্য দয়ার্দ্রভাব-
মাখ্যাতমন্তঃকরণৈর্ব্বিশঙ্কৈঃ।

উন্মদানামুৎকটমদানাং বয়সাং খগানাম্। "খগবাল্যাদিনোর্ব্বয়" ইত্যমরঃ। বিরাবৈঃ শব্দৈঃ আলোকস্য শব্দং ঘাচকম্ আলোকয়েতি শব্দং জয়শব্দমিত্যর্থঃ। "আলোকো জয়শব্দঃ স্যা"দিতি বিশ্বঃ। উদীরয়ামাস্থরিবেত্যুৎপ্রেক্ষা॥ ৯ ॥

মরুদিতি। মরুৎপ্রযুক্তাঃ বায়ুনা প্রেরিতাঃ বাললতা আরাৎ সমীপে ঽভিবর্ত্তমানম্। "আরাৎ দূরসমীপয়ো" রিত্যমরঃ। মরুতোবায়োঃ সখা মরুৎসখোঽগ্নিঃ স ইবাভাতীতি মরুৎসখাভম্। আতশ্চোপসর্গ ইতি কপ্রত্যয়ঃ। অর্চ্চ্যং পূজ্যং তং দিলীপং প্রসূনৈঃ পুষ্পৈঃ পৌরকন্যাঃ পৌরাশ্চ তাঃ কন্যাঃ আচারার্থৈর্লাজৈরাচারলাজৈরিব অবাকিরন্ তস্যোপরি বিক্ষিপ্তবত্যইত্যর্থঃ। সখা হি সখায়মাগতমুপচরতীতি ভাবঃ ॥ ১০ ॥

ধনুর্ভৃতইতি। ধনুর্ভৃতোপ্যস্য রাজ্ঞঃ এতেন ভয়সম্ভাবনা দর্শিতা তথাপি বিশঙ্কৈর্নির্ভীকৈরন্তঃকরণৈ কর্তৃভিঃ দয়য়া কৃপারসেনার্দ্রোভাবোঽভিপ্রায়ো-

---

কোলাহল দ্বারা যেন সেই বরুণসদৃশ পার্শ্বচর-বিহীন রাজা দিলীপের জয় শব্দ উচ্চারণ করিতে লাগিল ॥ ৯ ॥

বন লতা সকল সমীরণ ভরে চালিত হইয়া অগ্নিসদৃশ প্রভাশালী অর্চ্চনীয় নিকটস্থ ভূপতির উপর পুষ্পবৃষ্টি করিতে আরম্ভ করিল। তাহাতে বোধ হইতে লাগিল যেন পৌরকন্যাগণ আচারার্থ লাজাঞ্জলি বর্ষণ করিতেছে ॥ ১০ ॥

রাজা দিলীপ শরাসনধারী হইলেও হরিণীগণের শঙ্কাবিহীন অন্তঃকরণ দ্বারা তাঁহার দয়ার্দ্রভাব অভিব্যঞ্জক কলেবর অবলোকন করিয়া

বিলোকয়ন্ত্যোবপুরাপুরক্ষ্ণাং
প্রকামবিস্তারফলং হরিণ্যঃ ॥ ১১ ॥
স কীচকৈর্ম্মারুতপূর্ণরন্ধ্রৈঃ
কূজদ্ভিরাপাদিতবংশকৃত্যম্।
শুশ্রাব কুঞ্জেষু যশঃ স্বমুচ্চৈ-
রুদ্গীয়মানং বনদেবতাভিঃ ॥ ১২ ॥
পৃক্তস্তুষারৈর্গিরিনির্ঝরাণা-
মনোকহাকম্পিতপুষ্পগন্ধী।

যস্য তদ্দয়ার্দ্রভাবং তদাখ্যাতং দয়ার্দ্রভাবমেতদিত্যাখ্যাতমিত্যর্থঃ। "ভাবঃ সত্ত্বস্বভাবাভিপ্রায়চেষ্টাত্মজন্মসু" ইত্যমরঃ। তথাবিধং বপুর্ব্বিলোকয়ন্ত্যো-হরিণ্যঃ অক্ষ্ণাং প্রকামবিস্তারস্যাত্যন্তবিশালতায়াঃ ফলমাপুঃ। "বিমলং কলুষীভবচ্চ চেতঃ কথয়ত্যেব হিতৈষিণং রিপুঞ্চে"তি ন্যায়েন স্বান্তঃকরণ-বৃত্তিপ্রামাণ্যাদেব বিশ্রব্ধং দদৃশুরিত্যর্থঃ॥ ১১ ॥

সইতি। স দিলীপঃ মারুতপূর্ণরন্ধ্রৈঃ অতএব কূজদ্ভিঃ স্বনদ্ভিঃ কীচকৈ-র্ব্বেণুবিশেষৈঃ। "বেণবঃ কীচকাস্তেস্যুর্যে স্বনন্ত্যনিলোদ্ধতা" ইত্যমরঃ। বংশঃ শুষিরবাদ্যবিশেষঃ। "বংশাদিকন্তু শুষির" মিত্যমরঃ। আপাদিতং সম্পাদিতং বংশস্য কৃত্যং কার্য্যং যস্মিন্ কর্ম্মণি তত্তথা কুঞ্জেষু লতাগৃহেষু। "নিকুঞ্জকুঞ্জৌ বা ক্লীবে লতাদিপিহিতোদর" ইত্যমরঃ। বনদেবতাভিরুদ্-গীয়মানমুচ্চৈর্গীয়মানং স্বং যশঃ শুশ্রাব শ্রুতবান্॥ ১২ ॥

পৃক্তইতি। গিরিষু নির্ঝরাণাং বারিপ্রবাহাণাম্। "বারিপ্রবাহো নির্ঝ-

---

হরিণী সকল স্বীয় স্বীয় নয়নবিশালতার ফল লাভ করিয়াছিল। অর্থাৎ হরিণীগণ নিঃশঙ্কচিত্তে রাজার প্রতি অবলোকন করায় তাঁহার শরীরের যে প্রচুর পরিমাণে দয়া আছে, তাহাই প্রকাশিত হইতে লাগিল॥ ১১॥

রাজা দিলীপ শ্রবণ করিলেন, কোন স্থানে বংশবিবরে বায়ু প্রবে . করাতে কীচক (বেণুবিশেষ) সকল শব্দায়মান হইয়া বংশীর ন্যায় ধ্বনি করিতেছে; কোন স্থলে বনদেবতারা লতাগৃহ মধ্যে মুক্তকণ্ঠে তাঁহার যশোগান করিতে প্রবৃত্ত হইয়াছেন॥ ১২॥

কোনস্থানে বায়ু, প্রস্রবণবারিকণায় সংসিক্ত হইয়া ঈষৎ কম্পিত

তমাতপক্লান্তমনাতপত্র-
মাচারপূতং পবনঃ সিষেবে ॥ ১৩ ॥
শশাম বৃষ্ট্যাপি বিনা দবাগ্নি-
রাসীদ্বিশেষা ফলপুষ্পবৃদ্ধিঃ ।
ঊনং ন সত্ত্বেষ্বধিকো ববাধে
তস্মিন্ বনং গোপ্তরি গাহমানে ॥ ১৪ ॥
সঞ্চারপূতানি দিগন্তরাণি
কৃত্বা দিনান্তে নিলয়ায় গন্তুম্ ।

রোঝর" ইত্যমরঃ। তুষারৈঃ সীকরৈঃ। "তুষারৌ হিমসীকরা" বিতি শাশ্বতঃ। পৃক্তঃ সংপৃক্তঃ অনোকহানাং বৃক্ষাণামাকম্পিতানীষৎকম্পিতানি পুষ্পাণি তেষাং যোগন্ধঃ সোঽস্যাস্তীতি আকম্পিতপুষ্পগন্ধী ঈষৎকম্পিতপুষ্পগন্ধবান্ এবং শীতোমন্দঃ স্থরভি পবনোবায়ুঃ অনাতপত্রং ব্রতার্থং পরিহৃতচ্ছত্রম্ অতএবাতপক্লান্তং আচারেণ পূতং শুদ্ধং তং নৃপং সিষেবে। আচারপূতত্বাৎ স রাজা জগৎপাবনস্যাপি সেব্য আসীদিতি ভাবঃ ॥ ১৩ ॥

শশামেতি। গোপ্তরি অস্মিন্ রাজ্ঞি বনং গাহমানে প্রবিশতি সতি বৃষ্ট্যা বিনাপি দবাগ্নির্ব্বনাগ্নিঃ। "দবদাবৌ বনানলে" ইতি হৈমঃ। শশাম, ফলানাং পুষ্পাণাঞ্চ বৃদ্ধিঃ বিশেষ্যতে ইতি বিশেষা অতিশয়িতা আসীৎ। কর্ম্মার্থে ঘঞ্‌প্রত্যয়ঃ। সত্ত্বেষু জন্তুষু মধ্যে। যতশ্চ নির্দ্ধারণম্ ইতি সপ্তমী। অধিকঃ প্রবলোব্যাঘ্রাদিঃ ঊনং দুর্ব্বলং হরিণাদিকং ন ববাধে ॥ ১৪ ॥

সঞ্চারপূতানীতি। পল্লবস্য রাগো বর্ণঃ পল্লবরাগঃ। "রাগোঽনুরক্তৌ মাৎসর্য্যে ক্লেশাদৌ লোহিতাদিষ্বি"তি শাশ্বতঃ। সইব তাম্রা পল্লবরাগতাম্রা

বৃক্ষকুসুম সমূহের সুগন্ধ বহন করতঃ আতপত্রবিহীন বিশুদ্ধ আচার-পরায়ণ আতপক্লান্ত রাজার শুশ্রূষা করিতে লাগিল ॥ ১৩ ॥

রক্ষক নরনাথ দিলীপ অরণ্যমধ্যে বিচরণ করিতে প্রবৃত্ত হইলে বারি বর্ষণ ব্যতিরেকে দাবানল নির্ব্বাপিত হইল; প্রচুর পরিমাণে ফল পুষ্প উৎপন্ন হইতে লাগিল এবং ব্যাঘ্রাদি প্রবল জন্তু, হরিণাদি দুর্ব্বল প্রাণিগণকে আর আক্রমণ করিল না ॥ ১৪ ॥

সঞ্চরণ দ্বারা দিগন্তর পবিত্র করিয়া সায়ংকালে পল্লবরাগ-লোহিত

প্রচক্রমে পল্লবরাগতাম্রা
প্রভা পতঙ্গস্য মুনেশ্চ ধেনুঃ ॥ ১৫ ॥
তাং দেবতাপিত্রতিথিক্রিয়ার্থা-
মন্বক্‌ যযৌ মধ্যমলোকপালঃ।
বভৌ চ সা তেন সতাং মতেন
শ্রদ্ধেব সাক্ষাদ্বিধিনোপপন্না ॥ ১৬ ॥
স পল্বলোত্তীর্ণবরাহযূথা-
ন্যাবাসবৃক্ষোন্মুখবর্হিণানি।

পতঙ্গস্য সূর্য্যস্য প্রভা কান্তিঃ। "পতঙ্গঃ পক্ষিসূর্য্যো"রিতি শাশ্বতঃ। মুনের্ধেনুশ্চ দিগন্তরাণি দিশামবকাশান্‌। "অন্তরমবকাশাবধিপরিধানান্তর্দ্ধিভেদতাদর্থ্যে" ইত্যমরঃ। সঞ্চারেণ পূতানি শুদ্ধানি কৃত্বা দিনান্তে সায়ংকালে নিলয়ায়াস্তময়ায় ধেনুপক্ষে আলয়ায় গন্তুং প্রচক্রমে ॥ ১৫ ॥

তামিতি। মধ্যমলোকপালোভূপালঃ দেবতাপিত্রতিথীনাং ক্রিয়াঃ যাগশ্রাদ্ধদানানি তাএবার্থঃ প্রয়োজনং যস্যাস্তাং তাং ধেনুমন্বক্‌ অনুপদং যযৌ। "অন্বগন্বক্ষমনুগেঽনুপদং ক্লীবমব্যয়" মিত্যমরঃ। সতাং মতেন সদ্ভির্মান্যেন। গতিবুদ্ধীত্যাদিনা বর্ত্তমানে ক্তঃ ক্তস্য চ বর্ত্তমান ইতি ষষ্ঠী। তেন রাজ্ঞা উপপন্না যুক্তা সা ধেনুঃ সতাং মতেন বিধিনানুষ্ঠানেনোপপন্না যুক্তা সাক্ষাৎ প্রত্যক্ষা শ্রদ্ধা আস্তিক্যবুদ্ধিরিব বভৌ চ ॥ ১৬ ॥

সইতি। স রাজা পল্বলেভ্যোঽল্পজলাশয়েভ্যঃ উত্তীর্ণানি নির্গতানি বরাহাণাং যূথানি কুলানি যেষু তানি বর্হাণ্যেষাং সন্তীতি বর্হিণোময়ূরাঃ। "ময়ূরোবর্হিণোবর্হী"ত্যমরঃ। ফলবর্হাভ্যামিনচ্‌প্রত্যয়োবক্তব্যঃ। আবাস-

---

বশিষ্ঠধেনু নন্দিনী আশ্রমে এবং সূর্য্যপ্রভা অস্তাচলে প্রত্যাগমন করিতে লাগিল ॥ ১৫ ॥

সেই সময়ে ভূপালও দেবগণ, পিতৃগণ ও অতিথিগণের ক্রিয়ার্থসাধিকা ধেনুর অনুগমন করিতে প্রবৃত্ত হইলেন; তখন সেই ধেনু সাধুসম্মত মধ্যমলোকপাল দিলীপ কর্ত্তৃক অনুসৃত হইয়া অনুষ্ঠান-সম্পন্না সাক্ষাৎ শ্রদ্ধার ন্যায় শোভা ধারণ করিলেন ॥ ১৬ ॥

তৎকালে পল্বলোত্থিত বরাহযূথে, আবাস বৃক্ষে গমনোন্মুখ শিখীকুলে

যযৌ মৃগাধ্যাসিতশাদ্বলানি
শ্যামায়মানানি বনানি পশ্যন্ ॥ ১৭ ॥
আপীনভারোদ্বহনপ্রযত্নাৎ
গৃষ্টির্গুরুত্বাদ্বপুষোনরেন্দ্রঃ।
উভাবলঞ্চক্রতুরঞ্চিতাভ্যাং
তপোবনাবৃত্তিপথং গতাভ্যাম্ ॥ ১৮ ॥
বশিষ্ঠধেনোরনুযায়িনস্ত-
মাবর্ত্তমানং বনিতা বনান্তাৎ।

ক্ষাণামুন্মুখাঃ বর্হিণা যেষু তানি শ্যামায়মানানি বরাহবর্হিণাদিমলিনিম্না
শ্যামানি শ্যামানি ভবন্তীতি শ্যামায়মানানি। লোহিতাদিডাজ্‌ভ্যঃ ক্যষ্
তি ক্যষ্‌প্রত্যয়ঃ। বা ক্যষঃ ইত্যাত্মনেপদে শানচ্। মৃগৈরধ্যাসিতাঃ
অধিষ্ঠিতাঃ শাদ্বলা যেষু তানি। শাদাঃ শষ্পান্যেষু দেশেষু সন্তীতি শাদ্বলাঃ
শষ্পশ্যামদেশাঃ। "শাদ্বলঃ শাদহরিত" ইত্যমরঃ। "শাদঃ কর্দ্দমশষ্পয়ো"
রিতি বিশ্বঃ। নড়শাড়্ড্বড্বলচ্ ইতি ড্বলচ্‌প্রত্যয়ঃ। বনানি পশ্যন্ যযৌ ॥ ১৭ ॥

আপীনেতি। গৃষ্টিঃ সকৃৎপ্রসূতা গৌঃ। "গৃষ্টিঃ সকৃৎপ্রসূতা গৌঃ"
তি হলায়ুধঃ। নরেন্দ্রশ্চ উভৌ যথাক্রমং আপীনমূধঃ। "ঊধস্তু ক্লীবমাপীন"
মিত্যমরঃ। আপীনস্য ভারোদ্বহনে প্রযত্নাৎ প্রয়াসাৎ বপুষোগুরুত্বাদাধি-
ক্যাচ্চ অঞ্চিতাভ্যাং চারুভ্যাং গতাভ্যাং গমনাভ্যাং তপোবনাদাবৃত্তেঃ পন্থাঃ
ং তপোবনাবৃত্তিপথম্। ঋক্‌পূরিত্যাদিনা সমাসান্তঃ অপ্রত্যয়ঃ। অলঞ্চ-
ক্রতুর্ভূষিতবন্তৌ ॥ ১৮ ॥

বশিষ্ঠেতি। বশিষ্ঠধেনোরনুযায়িনমনুচরং বনান্তাদাবর্ত্তমানং প্রত্যা-
তং তং দিলীপং বনিতা সুদক্ষিণা নিমেষেষ্বলসা মন্দা পক্ষ্মণাং পঙ্‌ক্তির্যস্যাঃ
া নির্নিমেষা সতীত্যর্থঃ লোচনাভ্যাং করণাভ্যামুপোষিতাভ্যামিব উপ-

---

এবং তৃণময়প্রদেশে অধিষ্ঠিত মৃগযূথে বনভূমি শ্যামবর্ণ শোভা ধারণ করিয়া-
ছিল। রাজা তাহা অবলোকন করিতে করিতে গমন করিতে লাগিলেন ॥ ১৭ ॥

সেই সময়ে সেই সকৃৎপ্রসূতা (একবারমাত্র প্রসূতা) ধেনু আপীনভার-
বহন-শ্রম নিবন্ধন এবং নরেন্দ্র দিলীপের শারীরিক গুরুত্ব বশতঃ মনোহর
গমনে তপোবনের পথ অলঙ্কৃত হইয়া উঠিল ॥ ১৮ ॥

পপৌ নিমেষালসপক্ষ্মপঙ্‌ক্তি-
রুপোষিতাভ্যামিব লোচনাভ্যাম্ ॥ ১৯ ॥
পুরস্কৃতা বর্ত্মনি পার্থিবেন
প্রত্যুদ্গতা পার্থিবধর্ম্মপত্ন্যা।
তদন্তরে সা বিররাজ ধেনু-
র্দ্দিনক্ষপামধ্যগতেব সন্ধ্যা ॥ ২০ ॥
প্রদক্ষিণীকৃত্য পয়স্বিনীং তাং
সুদক্ষিণা সাক্ষতপাত্রহস্তা।
প্রণম্য চানর্চ্চ বিশালমস্যাঃ
শৃঙ্গান্তরং দ্বারমিবার্থসিদ্ধেঃ ॥ ২১ ॥

বাসোভোজননিবৃত্তিঃ তদ্বদ্ভ্যামিব। বসতেঃ কর্ত্তরি ক্তঃ। পপৌ। যথোপোষিতঃ অতিতৃষ্ণয়া জলমধিকং পিপাসতি তদ্বদতিতৃষ্ণয়া অধিকং ব্যালোকয়দিত্যর্থঃ ॥ ১৯ ॥

পুরস্কৃতেতি। বর্ত্মনি পার্থিবেন পৃথিব্যা ঈশ্বরেণ। তস্যেশ্বরঃ ইত্যঞ্ প্রত্যয়ঃ। পুরস্কৃতা অগ্রতঃকৃতা ধর্ম্মস্য পত্নী ধর্ম্মার্থপত্নীত্যর্থঃ। অশ্বঘাসাদিবত্তাদর্থ্যে ষষ্ঠীসমাসঃ। পার্থিবস্য ধর্ম্মপত্ন্যা প্রত্যুদ্গতা সা ধেনুস্তদন্তরে তয়োর্দ্দম্পত্যোর্ম্মধ্যে দিনক্ষপয়োর্দ্দিনরাত্র্যোর্ম্মধ্যগতা সন্ধ্যেব ররাজ ॥ ২০ ॥

প্রদক্ষিণীকৃত্যেতি। অক্ষতানাং পাত্রেণ সহ বর্ত্ততে ইতি সাক্ষতপাত্রৌ হস্তৌ যস্যাঃ সা সুদক্ষিণা পয়স্বিনীং প্রশস্তক্ষীরাং তাং ধেনুং প্রদক্ষিণীকৃত্য প্রণম্য চ অস্যাঃ ধেন্বাঃ বিশালং শৃঙ্গান্তরং শৃঙ্গমধ্যম্ অর্থসিদ্ধেঃ কার্য্যসিদ্ধের্দ্বারং প্রবেশমার্গমিব আনর্চ্চ অর্চ্চয়ামাস। অর্চ্চতের্ভৌবাদিকাল্লিট্ ॥ ২১ ॥

রাজমহিষী সুদক্ষিণা বনান্ত হইতে প্রতিনিবৃত্ত ধেনুর পশ্চাদ্গামী রাজাকে সতৃষ্ণ ও নির্নিমেষ নয়নে নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ১৯ ॥

তখন রাজা দিলীপ ধেনুর অগ্রে এবং রাজমহিষী সুদক্ষিণা ধেনুর পশ্চাৎ পশ্চাৎ চলিলেন; সুতরাং নন্দিনী উভয়ের মধ্যস্থলে অবস্থান করিয়া দিবা ও রাত্রির মধ্যগত সন্ধ্যার ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২০ ॥

অনন্তর পয়স্বিনী নন্দিনী আশ্রমে উপনীত হইলে সুদক্ষিণা অক্ষত-

বৎসোৎসুকাপি স্তিমিতা সপর্য্যাং
প্রত্যগ্রহীৎ সেতি ননন্দতুস্তৌ।
ভক্ত্যোপপন্নেষু হি তদ্বিধানাম্
প্রসাদচিহ্নানি পুরঃফলানি ॥ ২২ ॥

গুরোঃ সদারস্য নিপীড্য পাদৌ
সমাপ্য সান্ধ্যঞ্চ বিধিং দিলীপঃ।
দোহাবসানে পুনরেব দোগ্ধ্রীং
ভেজে ভুজোচ্ছিন্নরিপুর্নিষণ্ণাম্ ॥ ২৩ ॥

বৎসোৎসুকেতি। সা ধেনুঃ বৎসোৎসুকাপি বৎসে উৎকণ্ঠিতাপি স্তিমিতা নিশ্চলা সতী সপর্য্যাং পূজাং প্রত্যগ্রহীদিতি হেতোস্তৌ দম্পতী ননন্দতুঃ। পূজাস্বীকারস্য আনন্দহেতুত্বমাহ ভক্ত্যেতি। পূজ্যেষনুরাগো-ভক্তিস্তয়োপপন্নেষু যুক্তেষু বিষয়ে তদ্বিধানাং তস্যাঃ ধেন্বাঃ বিধেব বিধা প্রকারোযাসাং তাসাং মহতামিত্যর্থঃ প্রসাদস্য চিহ্নানি লিঙ্গানি পূজা-স্বীকারাদীনি পুরঃফলানি পুরোগতানি প্রত্যাসন্নানি ফলানি যেষাং তানি হি। অবিলম্বিতফলসূচকলিঙ্গদর্শনাদানন্দোযুজ্যতইত্যর্থঃ ॥ ২২ ॥

গুরোরিতি। ভুজোচ্ছিন্নরিপুর্দ্দিলীপঃ সদারস্য দারৈররুন্ধত্যা সহ বর্ত্ত-মানস্য গুরোরুভয়োরপীত্যর্থঃ। "ভার্য্যা জায়াথ পুংভূম্নি দারাঃ" ইত্যমরঃ। পাদৌ নিপীড্যাভিবন্দ্য সান্ধ্যং সন্ধ্যায়াং বিহিতং বিধিমনুষ্ঠানঞ্চ সমাপ্য দোহাবসানে নিষণ্ণামাসীনাং দোগ্ধ্রীং দোহনশীলাম্। তৃন্ ইতি তৃন্প্রত্যয়ঃ। ধেনুমেব পুনর্ভেজে সেবিতবান্। দোগ্ধ্রীমিতি নিরুপপদপ্রয়োগাৎ কামধেনুত্বং গম্যতে ॥ ২৩ ॥

পাত্র হস্তে লইয়া তাঁহাকে প্রদক্ষিণ ও প্রণাম পূর্ব্বক কার্য্যসিদ্ধির দ্বার-স্বরূপ বিশাল শৃঙ্গদ্বয়ের মধ্যভাগ অর্চ্চনা করিলেন ॥ ২১ ॥

সেই নন্দিনী বৎস দর্শনে নিতান্ত উৎসুক হইলেও স্থিরভাবে পূজা-গ্রহণ করিলেন; তাহাতে রাজা ও রাজমহিষী অত্যন্ত আনন্দিত হইলেন; ফলতঃ ভক্তি দ্বারা সম্পাদিত বিষয়ে তাদৃশ ব্যক্তির অনুগ্রহ-চিহ্নই আসন্ন ফললাভের দ্যোতক হইয়া থাকে ॥ ২২ ॥

অনন্তর শত্রুনিসূদন রাজা দিলীপ ভগবতী অরুন্ধতীর সহিত গুরু

তামন্তিকন্যস্তবলিপ্রদীপা-
মন্বাস্য গোপ্তা গৃহিণীসহায়ঃ ।
ক্রমেণ সুপ্তামনু সংবিবেশ
সুপ্তোত্থিতাং প্রাতরনূদতিষ্ঠৎ ॥ ২৪ ॥
ইত্থং ব্রতং ধারয়তঃ প্রজার্থং
সমং মহিষ্যা মহনীয়কীর্ত্তেঃ ।
সপ্ত ব্যতীয়ুস্ত্রিগুণানি তস্য
দিনানি দীনোদ্ধরণোচিতস্য ॥ ২৫ ॥

তামিতি। গোপ্তা রক্ষকোগৃহিণীসহায়ঃ পত্নীদ্বিতীয়ঃ সন্ উভাবপীত্যর্থঃ অন্তিকে ন্যস্তা বলয়ঃ প্রদীপাশ্চ যস্যাস্তাং তথোক্তাং তাং নিষণ্ণাং ধেনুমন্বাস্যানুপবিশ্য ক্রমেণ সুপ্তামনু অনন্তরং সংবিবেশ সুষাপ, প্রাতঃ সুপ্তোত্থিতামনূদতিষ্ঠৎ উত্থিতবান্। অত্রানুশব্দেন ধেনুরাজব্যাপারয়োঃ পৌর্ব্বাপর্য্যমুচ্যতে ক্রমশব্দেন ধেনুব্যাপারাণামিত্যপৌনরুক্ত্যম্। কর্ম্মপ্রবচনীয়যুক্তে ইতি দ্বিতীয়া ॥ ২৪ ॥

ইত্থমিতি। ইত্থমনেন প্রকারেণ প্রজার্থং সন্তানায় মহিষ্যা সমম্ অভিষিক্তপত্ন্যা সহ। "কৃতাভিষেকা মহিষী" ইত্যমরঃ। ব্রতং ধারয়তঃ মহনীয়া পূজ্যা কীর্ত্তির্যস্য তস্য দীনানামুদ্ধরণং দৈন্যবিমোচনং তত্র উচিতস্য পরিচিতস্য তস্য নৃপস্য ত্রয়ো গুণা আবৃত্তয়ো যেষাং তানি ত্রিগুণানি ত্রিরাবৃত্তানি সপ্ত দিনানি একবিংশতিদিনানি ব্যতীয়ুঃ ॥ ২৫ ॥

বশিষ্ঠের পাদ বন্দনা ও সায়ংকালোচিত কার্য্য সম্পন্ন করিয়া দুগ্ধ দোহনাবসানে আসীনা কামধেনুর পুনর্ব্বার শুশ্রূষা করিতে লাগিলেন ॥ ২৩ ॥

নরনাথ দিলীপ ধেনুর সন্নিধানে পূজোপহার এবং প্রদীপ সমর্পণ করিয়া গৃহিণী সুদক্ষিণার সহিত তথায় উপবেশন করিলেন, পরে ধেনু নিদ্রিত হইলে তাঁহারাও নিদ্রিত হইলেন এবং প্রভাতে নন্দিনী উত্থিত হইলে তাঁহারাও গাত্রোত্থান করিলেন ॥ ২৪ ॥

এইরূপে দারিদ্রদুঃখ-বিমোচন পূজনীয় কীর্ত্তি রাজা দিলীপ, মহিষীর সহিত সন্তানের জন্য ব্রত অবলম্বন করিয়া একবিংশতি দিবস অতিবাহিত করিলেন ॥ ২৫ ॥

অন্যেদ্যুরাত্মানুচরস্য ভাবং
জিজ্ঞাসমানা মুনিহোমধেনুঃ।
গঙ্গাপ্রপাতান্তবিরূঢ়শষ্পং
গৌরীগুরোর্গহ্বরমাবিবেশ ॥ ২৬ ॥

সা দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈ-
রিত্যদ্রিশোভাপ্রহিতেক্ষণেন।
অলক্ষিতাভ্যুৎপতনো নৃপেণ
প্রসহ্য সিংহঃ কিল তাং চকর্ষ ॥ ২৭ ॥

অন্যেদ্যুরিতি। অন্যেদ্যুরন্যস্মিন্ দিনে দ্বাবিংশে দিনে। সদ্যঃ পরুৎ-পরারীত্যাদিনা নিপাতনাদব্যয়ম্। "অদ্যাত্রাহ্ন্যথ পূর্ব্বেহহ্নীত্যাদৌ পূর্ব্বোত্তরাপরাৎ। তথাধরান্যান্যতরেতরাৎপূর্ব্বেদ্যুরাদয়ঃ" ইত্যমরঃ। মুনিহোমধেনুঃ আত্মানুচরস্য ভাবমভিপ্রায়ং দৃঢ়ভক্তিত্বম্। "ভাবোহভিপ্রায় আশয়" ইতি যাদবঃ। জিজ্ঞাসমানা জ্ঞাতুমিচ্ছন্তী। জ্ঞাশ্রুস্মৃদৃশাং সন ইত্যাত্মনেপদে শানচ্। প্রপতত্যস্মিন্নিতি প্রপাতঃ পতনপ্রদেশঃ গঙ্গায়াঃ প্রপাতঃ তস্যান্তে সমীপে বিরূঢ়ানি জাতানি শষ্পাণি বালতৃণানি যস্মিন্ তৎ। "শষ্পং বালতৃণং ঘাস" ইত্যমরঃ। গৌরীগুরোঃ পার্ব্বতীপিতুর্গহ্বরং গুহামাবিবেশ ॥ ২৬ ॥

সেতি। সা ধেনুর্হিংস্রৈঃ ব্যাঘ্রাদিভির্ম্মনসাপি দুষ্প্রধর্ষা দুর্ধর্ষেতি হেতোরদ্রিশোভায়াং প্রহিতেক্ষণেন দত্তদৃষ্টিনা নৃপেণ অলক্ষিতমভ্যুৎপতনমাভিমুখ্যেনোৎপতনং যস্য সঃ সিংহস্তাং ধেনুং প্রসহ্য হঠাৎ "প্রসহ্য তু হঠার্থক" মিত্যমরঃ। চকর্ষ কিলেত্যলীকে ॥ ২৭ ॥

পরদিবস বশিষ্ঠ ধেনু বিচরণ করিতে করিতে অনুগমনকারী রাজার অভিপ্রায় অবগত হইবার নিমিত্ত গঙ্গাপ্রপাত সন্নিহিত বালতৃণ সমাচ্ছন্ন হিমাচলের গহ্বর মধ্যে প্রবেশ করিলেন ॥ ২৬ ॥

হিংস্র জন্তুগণ মনোমধ্যে নন্দিনীর পরাভব চিন্তা করিতেও সমর্থ হয় না, এই ভাবিয়া রাজা হিমাদ্রির শোভা নিরীক্ষণ করিতেছিলেন; ইত্যবসরে এক সিংহ রাজার অলক্ষিতরূপে উপস্থিত হইয়া বশিষ্ঠ ধেনুকে সহসা আক্রমণ করিল ॥ ২৭ ॥

তদীয়মাক্রন্দিতমার্ত্তসাধো-
র্গুহানিবদ্ধপ্রতিশব্দদীর্ঘম্ ।
রশ্মিষ্বিবাদায় নগেন্দ্রসক্তাং
নিবর্ত্তয়াগাস নৃপস্য দৃষ্টিম্ ॥ ২৮ ॥
স পাটলায়াং গবি তস্থিবাংসং
ধনুর্দ্ধরঃ কেশরিণং দদর্শ ।
অধিত্যকায়ামিব ধাতুমযাং
লোধ্রদ্রুমং সানুমতঃ প্রফুল্লম্ ॥ ২৯ ॥
ততো মৃগেন্দ্রস্য মৃগেন্দ্রগামী
বধায় বধ্যস্য শরং শরণ্যঃ ।

তদীয়মিতি। গুহানিবদ্ধেন প্রতিশব্দেন প্রতিধ্বনিনা দীর্ঘং তস্যা ইদং তদীয়মাক্রন্দিতমার্ত্তঘোষণম্। আর্ত্তেষ্বাপন্নেষু সাধোর্হিতকারিণোনৃপস্য নগেন্দ্রসক্তাং দৃষ্টিং রশ্মিষু। "কিরণপ্রগ্রহৌ রশ্মি" ইত্যমরঃ। আদায়েব গৃহীত্বেব নিবর্ত্তয়ামাস ॥ ২৮ ॥

সইতি। ধনুর্ধরঃ সঃ নৃপঃ পাটলায়াং রক্তবর্ণায়াং গবি তস্থিবাংসংস্থিতম্। ক্বসুশ্চ ইতি ক্বসুপ্রত্যয়ঃ। কেশরিণং সিংহং সানুমতোঽদ্রেঃ ধাতোর্গৈরিকস্য বিকারোধাতুময়ো তস্যামধিত্যকায়াম্ ঊর্দ্ধভূমৌ। "উপত্যকাদ্রেরাসন্না ভূমিরূর্দ্ধমধিত্যকে" ইত্যমরঃ। উপাধিভ্যাং ত্যকন্নাসন্নারূঢ়য়োঃ ইতি ত্যকন্প্রত্যয়ঃ। প্রফুল্লোবিকসিতস্তম্। ফুল্ল বিকসনে ইতি ধাতোঃ পচাদ্যচ্। লোধ্রাখ্যং দ্রুমমিব দদর্শ। প্রফুল্তমিতি তকারযুক্তপাঠে ঞি ফলা বিশরণ ইতি ধাতোঃ কর্ত্তরি ক্তঃ উৎপরস্যাতেতি চ, ইত্যুকারাদেশঃ ॥ ২৯ ॥

ততইতি। ততঃ সিংহদর্শনানন্তরং মৃগেন্দ্রগামী সিংহগামী শরণং রক্ষণম্।

তখন সেই ধেনুর সুদীর্ঘ ক্রন্দনধ্বনি গিরিগুহাতে প্রতিধ্বনিত হইয়া বিপন্নের ত্রাণকর্ত্তা দিলীপের নগেন্দ্র-সংসক্ত দৃষ্টি যেন রশ্মি দ্বারা বন্ধন করিয়া প্রতিনিবৃত্ত করিল ॥ ২৮ ॥

তখন তিনি হিমাদ্রির ধাতুময়ী অধিত্যকায় বিকশিত লোধ্র বৃক্ষের ন্যায় পাটলবর্ণ ধেনুর উপর অবস্থিত কেশরীকে দর্শন করিলেন ॥ ২৯ ॥

অনন্তর মৃগেন্দ্রগামী শত্রুনিসূদন রক্ষাকর্ত্তা দিলীপ আপনাকে

জাতাভিষঙ্গো নৃপতির্নিষঙ্গা-
দুদ্ধর্ত্তুমৈচ্ছৎ প্রসভোদ্ধৃতারিঃ ॥ ৩০ ॥
বামেতরস্তস্য করঃ প্রহর্ত্তু-
র্নখপ্রভাভূষিতকঙ্কপত্রে।
সক্তাঙ্গুলিঃ সায়কপুঙ্খ এব
চিত্রার্পিতারম্ভ ইবাবতস্থে ॥ ৩১
বাহুপ্রতিষ্টম্ভবিবৃদ্ধমন্যু-
রভ্যর্ণমাগস্কৃতমস্পৃশদ্ভিঃ।

"শরণং রক্ষণে গৃহে" ইতি যাদবঃ। শরণে সাধুঃ শরণ্যঃ। তত্র সাধুঃ ইতি যৎ-প্রত্যয়ঃ। প্রসভেন বলাৎকারেণোদ্ধৃতাঃ অরয়ো যেন স নৃপতিঃ রাজা জাতাভি-ষঙ্গো জাতপরাভবঃ সন্। "অভিষঙ্গঃ পরাভব" ইত্যমরঃ। বধ্যস্য বধার্হস্য দণ্ডা-দিভ্যো যঃ ইতি যপ্রত্যয়ঃ। মৃগেন্দ্রস্য বধায় নিষঙ্গাৎ তূণীরাৎ। "তূণো-পাসঙ্গতূণীরনিষঙ্গাইষুধির্দ্বয়ো" রিত্যমরঃ। শরমুদ্ধর্ত্তুমৈচ্ছৎ ॥ ৩০ ॥

বামেতর ইতি। প্রহর্ত্তুস্তস্য বামেতরোদক্ষিণঃ করো নখপ্রভাভির্ভূষি-তানি বিচ্ছুরিতানি কঙ্কস্য পক্ষীবিশেষস্য পত্রাণি যস্য তস্মিন্। "কঙ্কঃ পক্ষীবিশেষে স্যাদ্‌গুপ্তাকারে যুধিষ্ঠির" ইতি বিশ্বঃ। সায়কস্য পুঙ্খে এব কর্ত্তর্য্যাখ্যে মূলপ্রদেশে। "কর্ত্তরী পুঙ্খ" ইতি যাদবঃ। সক্তাঙ্গুলিঃ সন্ চিত্রার্পিতারম্ভঃ চিত্রলিখিতশরোদ্ধরণোদ্যোগ ইবাবতস্থে ॥ ৩১ ॥

বাহ্বিতি। বাহ্বোঃ প্রতিষ্টম্ভেন প্রতিবন্ধেন। "প্রতিবন্ধঃ প্রতিষ্টম্ভ" ইত্যমরঃ। বিবৃদ্ধমন্যুঃ প্রবৃদ্ধরোষো রাজা মন্ত্রৌষধিভ্যাং রুদ্ধবীর্য্যঃ প্রতি-বদ্ধশক্তির্ভোগী সর্প ইব। "ভোগী রাজভুজঙ্গয়োঃ" ইতি শাশ্বতঃ। অভ্যর্ণ-মন্তিকম্। "উপকণ্ঠান্তিকাভ্যর্ণাভ্যগ্রা অপ্যভিতোঽব্যয়ম্" ইত্যমরঃ। আগস্কৃত-

---

সাতিশয় পরাভূত বোধ করিয়া বধ্য কেশরীর সংহারের নিমিত্ত তূণীর হইতে শরগ্রহণ করিতে অভিলাষ করিলেন ॥ ৩০ ॥

প্রহারকারী সেই দিলীপ বাণাধারে হস্ত প্রদান করিলে পর তাঁহার দক্ষিণ করের অঙ্গুলি সকল, নখরাগরঞ্জিত কঙ্কপত্রযুক্ত (মাছরাঙ্গার পক্ষযুক্ত) বাণের মূলদেশে সংসক্ত হওয়ায় হস্ত চিত্রার্পিতের ন্যায় নিশ্চল হইল ॥ ৩১ ॥

এইরূপে বাহু স্তম্ভিত হইলে রাজা রোষপরবশ হইয়া উঠিলেন

রাজা স্বতেজোভিরদহ্যতান্ত-
র্ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যঃ ॥ ৩২ ॥
তমার্য্যগৃহ্যং নিগৃহীতধেনু-
র্ম্মনুষ্যবাচা মনুবংশকেতুম্।
বিস্মায়য়ন্ বিস্মিতমাত্মবৃত্তৌ
সিংহোরুসত্বং নিজগাদ সিংহঃ ॥ ৩৩ ॥
অলং মহীপাল! তব শ্রমেণ
প্রযুক্তমপ্যস্ত্রমিতো বৃথা স্যাৎ।

মপরাধকারিণমস্পৃশদ্ভিঃ স্বতেজোঽভিরন্তরদহ্যত। "অধিক্ষেপাদ্যসহনং তেজঃ প্রাণাত্যয়েষ্বপি" ইতি যাদবঃ ॥ ৩২ ॥

আতপত্র দ্বারা সাম্রাজ্যে অভিষিক্ত রঘুর আরাধনা করিতে লাগিলেন। অর্থাৎ রঘুর শারীরিক অবস্থার উন্নতি বশতঃ তাঁহাকে লক্ষ্মীশ্রীসম্পন্ন বলিয়া বোধ হইতে লাগিল ॥ ৫ ॥

দেবী সরস্বতীও যথাসময়ে বন্দিবর্গে আবির্ভূত হইয়া অর্থযুক্ত স্তুতিবাদ দ্বারা স্তুত্য রঘুর উপাসনায় প্রবৃত্ত হইলেন ॥ ৬ ॥

যদিও পৃথিবী মাননীয় মনু প্রভৃতি রাজা কর্ত্তৃক উপভুক্ত হইয়াছিলেন, তথাপি রাজা রঘুর নিকটে অনন্যোপভুক্তার ন্যায় প্রতীয়মান হইতে লাগিলেন। অর্থাৎ কবিগণ রাজা ও পৃথিবীকে স্বামী ও স্ত্রী বলিয়া কল্পনা

তথাপ্যনন্যপূর্ব্বেব তস্মিন্নাসীদ্বসুন্ধরা ॥ ৭ ॥
সহি সর্ব্বস্য লোকস্য যুক্তদণ্ডতয়া মনঃ।
আদদে নাতিশীতোষ্ণো নভস্বানিব দক্ষিণঃ ॥ ৮ ॥
মন্দোৎকণ্ঠাঃ কৃতাস্তেন গুণাধিকতয়া গুরৌ।

স্যাদিতি কেশবঃ। তথাপি তস্মিন্ রাজ্ঞি অন্যঃ পূর্ব্বোযস্যাঃ সা অন্যপূর্ব্বা, সা ন ভবতীত্যনন্যপূর্ব্বা অনন্যোপভুক্তেবাসীৎ তৎ প্রথমপতিকেবানুরক্তবতী-ত্যর্থঃ ॥ ৭ ॥

অত্র কারণমাহ;—সহীতি। [হি যস্মাৎ কারণাৎ স রঘুঃ যুক্তদণ্ডতয়া যথাপরাধদণ্ডতয়া সর্ব্বস্য লোকস্য মন আদদে জহার। ক ইব অতিশীতোঽত্যু-ষ্ণোবা ন ভবতীতি নাতিশীতোষ্ণঃ। নঞর্থস্য নশব্দস্য সুপ্‌সুপেতি সমাসঃ। দক্ষিণো দক্ষিণদিগ্‌ভবো নভস্বান্ বায়ুরিব মলয়ানিলইবেত্যর্থঃ।] যুক্তদণ্ড-তয়েত্যত্র কামন্দকঃ "উদ্‌বেজয়তি তীক্ষ্ণেন মৃদুনা পরিভূয়তে। দণ্ডেন নৃপতি-স্তস্মাদ্‌যুক্তদণ্ডঃ প্রশস্যতে" ইতি ॥ ৮ ॥

মন্দেতি। তেন রঘুণা প্রজাঃ গুরৌ দিলীপবিষয়ে সহকারোঽতিসৌরভশ্চূতঃ। "আম্রশ্চূতোরসালোঽসৌ সহকারোঽতিসৌরভ" ইত্যমরঃ। তস্য ফলেন পুষ্পো-

---

করিয়া থাকেন। সুতরাং এস্থলে কবি তাহাই বলিতেছেন যে, রঘুর পূর্ব্ব-বর্ত্তী রাজগণ পৃথিবীকে ভোগ করিয়াছিলেন বটে; কিন্তু তাহা হইলেও যেমন স্ত্রী প্রথম পতিতে অনুরক্তা হয়, বসুমতী সেইরূপ রঘুতে অনুরক্তা হইয়াছিলেন। অতএব ইহার প্রকৃত তাৎপর্য্য এই যে, মহারাজ রঘুর শাসন সময়ে রাজলক্ষ্মী অটলভাবে ছিলেন ॥ ৭ ॥

নরনাথ রঘু দোষানুসারে দণ্ডবিধান করিয়া নাতিশীতোষ্ণ দক্ষিণ অনি-লের ন্যায় সকলেরই চিত্তহরণ করিলেন। অর্থাৎ মলয়বাহী দক্ষিণ বায়ু যেমন সকল লোকেরই মনোহারী হইয়া থাকে; তদ্রূপ রঘুও উপযুক্ত শাসন-দ্বারা প্রকৃতিপুঞ্জের নিকটে বিশেষ শ্রদ্ধার ভাজন হইয়াছিলেন ॥ ৮ ॥

যেমন সহকার তরুর ফল হইলে লোক আম্রমুকুল বিস্মৃত হয়, তদ্রূপ রাজা রঘু সমধিক গুণবত্তাপ্রযুক্ত দিলীপের প্রতি প্রজাগণের ঔৎসুক্য হ্রাস করিয়া দিলেন। অর্থাৎ যেমন আম্রমুকুল অপেক্ষা তাহার ফল অধিক গুণের আধার বলিয়া আম্রফলের প্রতিই সকলের মন নিবিষ্ট হয়, মুকুলের প্রতি

ফলেন সহকারস্য পুষ্পোদ্গম ইব প্রজাঃ ॥ ৯ ॥
নয়বিদ্ভির্নবে রাজ্ঞি সদসচ্চোপদর্শিতম্‌ ।
পূর্ব্বমেবাভবৎ পক্ষস্তস্মিন্নাভবদুত্তরঃ ॥ ১০ ॥
পঞ্চানামপি ভূতানামুৎকর্ষং পুপুষুর্গুণাঃ ।
নবে তস্মিন্মহীপালে সর্ব্বং নবমিবাভবৎ ॥ ১১ ॥

দ্গমে পুষ্পোদয়ে ইব ততোঽপি গুণাধিকতয়া হেতুনা মন্দোৎকণ্ঠাঃ অল্পোৎসুকাঃ কৃতাঃ। গুণোত্তরশ্চ উত্তরোবিষয়ঃ পূর্ব্বং বিস্মারয়তীতি ভাবঃ ॥ ৯ ॥

নয়েতি। নয়বিদ্ভির্নীতিশাস্ত্রজ্ঞৈঃ নবে তস্মিন্‌ রাজ্ঞি বিষয়ে তমধিকৃত্যেত্যর্থঃ সৎ ধর্ম্মযুদ্ধাদিকম্‌ অসৎ কূটযুদ্ধাদিকঞ্চ উপদর্শিতং, তস্মিন্‌ রাজ্ঞি পূর্ব্বঃ পক্ষএবাভবৎ সংক্রান্তইত্যর্থঃ, উত্তরঃ পক্ষোনাভবৎ ন সংক্রান্তইত্যর্থঃ। তত্র সদসতোর্মধ্যে সদেবাভিমতং নাসৎ, তদুদ্ভাবনন্তু জ্ঞানার্থমেবেত্যর্থঃ। পক্ষঃ সাধনযোগ্যার্থঃ। "পক্ষঃ পার্শ্বগরুৎসাধ্যসহায়বলভিত্তিষু" ইতি কেশবঃ ॥ ১০ ॥

পঞ্চানামিতি। পৃথিব্যাদীনাং পঞ্চানাং ভূতানামপি গুণাঃ গন্ধরসাদয়ঃ উৎকর্ষমতিশয়ং পুপুষুঃ। অত্রোৎপ্রেক্ষতে তস্মিন্‌ রঘৌ নাম নবে মহীপালে সতি সর্ব্বং বস্তুজাতং নবমিবাভবৎ। তদেব ভূতজাতমিদানীমপূর্ব্বগুণযোগাদপূর্ব্বমিবাভবদিতি ভাবঃ ॥ ১১ ॥

আর আসক্তি থাকে না; সেই প্রকার দিলীপাপেক্ষা রঘু অধিকতর গুণের আধার বলিয়া সকলে দিলীপকে বিস্মৃত হইয়া রঘুতে আসক্ত হইয়াছিল ॥৯॥

নীতিজ্ঞ সচিবগণ সেই নবীন নৃপতি রঘুকে সৎ ও অসৎ উভয়ই প্রদর্শন করাইতে লাগিলেন। কিন্তু মহারাজ রঘু অসৎ পক্ষ পরিত্যাগপূর্ব্বক সৎপক্ষই অবলম্বন করিলেন। অর্থাৎ নীতিপরায়ণ অমাত্যগণ কর্ত্তৃক সাধু ও অসাধু উভয়বিধ বিষয়ই প্রদর্শিত হইত। কিন্তু সদ্বিবেচক মহারাজ রঘু সাধুবিষয়ই অনুমোদন করিতেন। কারণ, রাজা ও অমাত্যবর্গ পরস্পর অনুকূল থাকিলে সম্পদ্‌ কখনও রাজাকে পরিত্যাগ করে না ॥ ১০ ॥

ক্ষিতি, অপ্‌ (জল), তেজঃ (অগ্নি), মরুৎ (বায়ু) ও ব্যোম (আকাশ); এই পঞ্চ মহাভূতের গুণ যথাক্রমে গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শব্দ; এই সমুদয় উৎকর্ষাতিশয় লাভ করিল; ফলতঃ নবীন রাজা রঘুর সময়ে সকল বস্তুই অভিনব বলিয়া বোধ হইতে লাগিল ॥ ১১ ॥

যথা প্রহ্লাদনাচ্চন্দ্রঃ প্রতাপাত্তপনো যথা।
তথৈব সোঽভূদন্বর্থো রাজা প্রকৃতিরঞ্জনাৎ॥ ১২॥
কামং কর্ণান্তবিশ্রান্তে বিশালে তস্য লোচনে।
চক্ষুষ্মত্তা তু শাস্ত্রেণ সূক্ষ্মকার্য্যার্থদর্শিনা॥ ১৩॥
লব্ধপ্রশমনস্বস্থমথৈনং সমুপস্থিতা।

যথেতি। যথা চন্দয়ত্যাহ্লাদয়তীতি চন্দ্রঃ। চদিধাতোরৌণাদিকো রক্-প্রত্যয়ঃ, প্রহ্লাদনাদাহ্লাদকরণাদন্বর্থোঽনুগতার্থনামকোঽভূৎ যথা চ তপতীতি তপনঃ সূর্য্যঃ। নন্দ্যাদিত্বাল্ল্যুপ্রত্যয়ঃ। প্রতাপাৎ সন্তাপজননাদিত্যর্থঃ, তথৈব স রাজা প্রকৃতিরঞ্জনাৎ অন্বর্থঃ সার্থকরাজশব্দোঽভূৎ। যদ্যপি রাজশব্দো-রাজতের্দীপ্ত্যর্থাৎ কনিন্‌প্রত্যয়ান্তো ন তু রঞ্জেঃ, তথাপি ধাতুনামনেকার্থত্বা-দ্রঞ্জনাদ্রাজেত্যুক্তং কবিনা॥ ১২॥

কামমিতি। বিশালে তস্য রঘোর্লোচনে কামং কর্ণান্তয়োর্বিশ্রান্তে কর্ণ-প্রান্তগতে চক্ষুষ্মত্তা তু চক্ষুঃফলস্থিত্যর্থঃ সূক্ষ্মান্ কার্য্যার্থান্ কর্ত্তব্যার্থান্ দর্শয়তি প্রকাশয়তীতি সূক্ষ্মকার্য্যার্থদর্শিনা শাস্ত্রেণৈব। শাস্ত্রং দৃষ্টির্বিবেকিনা মিতি ভাবঃ॥ ১৩॥

লব্ধেতি। অথ লব্ধস্য রাজ্যস্য প্রশমনেন পরিপন্থিনাম্ অনুরঞ্জনপ্রতী-কারাভ্যাং স্থিরীকরণেন স্বস্থং সমাহিতচিত্তমেনং রঘুং পঙ্কজলক্ষণা পদ্মচিহ্না। শ্রিয়োঽপি বিশেষণমেতৎ। শরদ্ দ্বিতীয়া পার্থিবশ্রীঃ রাজলক্ষ্মীরিব সমুপ-

---

যেমন আহ্লাদজনক বলিয়া চন্দ্র এবং তাপপ্রদ বলিয়া তপন; এই স্বার্থক নাম হইয়াছে; তদ্রূপ রঘু প্রজারঞ্জন করেন বলিয়া 'রাজা' এই শব্দের স্বার্থকতা সম্পাদন করিলেন॥ ১২॥

মহারাজ রঘুর বিশাল নয়নযুগল কর্ণপর্য্যন্ত বিস্তৃত ছিল; কিন্তু তিনি সূক্ষ্মকার্য্যার্থদর্শী শাস্ত্রদ্বারাই চক্ষুর ফল প্রাপ্ত হইতেন। অর্থাৎ শাস্ত্রই রঘুর চক্ষুর কার্য্য করিত। কারণ বিবেচক ব্যক্তির শাস্ত্রই চক্ষুস্বরূপ হইয়া থাকে॥ ১৩॥

রঘু এইরূপ লব্ধরাজ্যে শান্তি স্থাপন করিয়া সুস্থচিত্ত হইলে পদ্মলক্ষণা শরৎ, দ্বিতীয় রাজলক্ষ্মীর ন্যায় রঘুর নিকটে উপস্থিত হইল। অর্থাৎ প্রজা-

পার্থিবশ্রীর্দ্বিতীয়েব শরৎ পঙ্কজলক্ষণা ॥ ১৪ ॥
নির্বৃষ্টলঘুভির্মেঘৈর্মুক্তবর্ত্মা সুদুঃসহঃ।
প্রতাপস্তস্য ভানোশ্চ যুগপদ্ব্যানশে দিশঃ ॥ ১৫ ॥
বার্ষিকং সংজহারেন্দ্রোধনুর্জৈত্রং রঘুর্দ্দধৌ।

স্থিতা প্রাপ্তা। রক্ষা পৌরজনস্য দেশনগরগ্রামেষু গুপ্তিস্তথা যোধানামপি সংগ্রহোঽপি তুলয়া মানব্যবস্থাপনম্‌। সাম্যং লিঙ্গিষু দানবৃত্তিকরণং ত্যাগঃ সমানেঽর্চ্চনং কার্য্যাণ্যেব মহীভুজাং প্রশমনান্যেতানি রাজ্যে নবে ॥ ১৪ ॥

নির্বৃষ্টেতি। নিঃশেষং বৃষ্টা নির্বৃষ্টাঃ। কর্ত্তরি ক্তঃ। অতএব লঘবঃ তৈর্মেঘৈর্মুক্তবর্ত্মা ত্যক্তমার্গঃ অতএব সুদুঃসহঃ তস্য রঘোর্ভানোশ্চ প্রতাপঃ পৌরুষমাতপশ্চ। "প্রতাপৌ পৌরুষাতপা"বিতি যাদবঃ। যুগপৎ দিশোব্যানশে ব্যাপ ॥ ১৫ ॥

বার্ষিকমিতি। ইন্দ্রোবর্ষাসু ভবং বার্ষিকং বর্ষানিমিত্তমিত্যর্থঃ। বর্ষাভ্যষ্ঠক্ ইতি ঠক্প্রত্যয়ঃ। ধনুঃ সঞ্জহার রঘুঃ জৈত্রং জয়শীলম্‌। জেতৃশব্দাৎ তৃণন্তাৎ প্রজ্ঞাদিভ্যশ্চেতি স্বার্থে অণ্প্রত্যয়ঃ। ধনুর্দধৌ। হি যস্মাৎ তাবিন্দ্ররঘূ

রঞ্জনাদি কার্য্য দ্বারা পার্থিবেন্দ্র রঘুর চিত্ত প্রশান্ত হইলে, যে সময়ে পদ্ম সকল প্রস্ফুটিত হইয়া থাকে, সেই শরৎকাল প্রাদুর্ভূত হইল ॥ ১৪ ॥

তৎকালে জলধরপটল বারিবিন্দু-শূন্য ও নিতান্ত লঘু হওয়াতে সূর্য্যকিরণ এবং রঘুর পথ মুক্ত ও কর্দ্দমবিহীন হইয়া উঠিল; তাহাতে সূর্য্যতেজ এবং রঘুর বিক্রম একান্ত দুঃসহ হইয়া যুগপৎ দিঙ্মণ্ডল সমাচ্ছন্ন করিল। অর্থাৎ বর্ষাকালে জলবর্ষণ হওয়াতে শরৎকালের মেঘ নিতান্ত লঘু ও জলবিন্দুবিহীন হইয়া থাকে; সুতরাং তৎকালে সূর্য্য যেমন অত্যন্ত প্রখর কিরণজাল অব্যাহতরূপে বিস্তার করিয়া সমস্ত দিক্ সমাচ্ছন্ন করে, তদ্রূপ নরনাথ রঘুও কালপ্রভাবে পঙ্কিল ও জলময় পথ শুষ্ক হওয়াতে যুদ্ধের উপযুক্ত কাল সমাগত দেখিয়া স্বীয় প্রতাপে সমস্ত দেশ জয় করিবার নিমিত্ত আক্রমণ করিলেন ॥ ১৫ ॥

দেবরাজ ইন্দ্র বর্ষাসম্ভূত শরাসন (ধনু) প্রতিসংহার করিলেন, এদিকে রঘু জয়শীল ধনু গ্রহণ করিলেন। ফলতঃ প্রজার প্রয়োজন সাধনার্থ পর্য্যায়ক্রমে ধনুক গ্রহণ করাই তাঁহাদের কার্য্য ছিল। অর্থাৎ বর্ষাকালে মেঘ-

প্রজার্থসাধনে তৌ হি পর্য্যায়োদ্যতকার্ম্মুকৌ ॥ ১৬ ॥
(পুণ্ডরীকাতপত্রস্তং বিকসৎকাশচামরঃ।
ঋতুর্ব্বিড়ম্বয়ামাস ন পুনঃ প্রাপ তচ্ছ্রিয়ম্ ॥) ১৭ ॥

প্রজানামর্থস্য প্রয়োজনস্য বৃষ্টিবিজয়লক্ষণস্য সাধনবিষয়ে পর্য্যায়েণোদ্যতে কার্ম্মুকে যাভ্যাং তৌ পর্য্যায়োদ্যতকার্ম্মুকৌ। পাঠান্তরে পর্য্যায়েণোদ্যমো বিশ্রমশ্চ যয়োস্তৌ পর্য্যায়োদ্যমবিশ্রমৌ। দ্বয়োঃ পর্য্যায়েণ করণাদক্লেশ ইতি ভাবঃ ॥ ১৬ ॥

পুণ্ডরীকেতি। পুণ্ডরীকং সিতাম্ভোজমেবাতপত্রং যস্য স তথোক্তঃ, বিকসন্তি কাশানি কাশাখ্যতৃণকুসুমান্যেব চামরাণি যস্য স তথোক্তঃ, ঋতুঃ শরদৃতুঃ পুণ্ডরীকনিভাতপত্রং কাশনিভচামরং তং রঘুং বিড়ম্বয়ামাস অনুচকার তস্য রঘোঃ শ্রিয়ং পুনঃ শোভান্তু ন প্রাপ। "শোভাসম্পত্তিপদ্মাসু লক্ষ্মীঃ শ্রীরিব দৃশ্যত" ইতি শাশ্বতঃ ॥ ১৭ ॥

মালাতে ধনুকের যে চিহ্ন লক্ষিত হয়, লোকে তাহাকে ইন্দ্র-ধনু বলিয়া থাকে। উক্ত ইন্দ্র-ধনু অন্য সময়ে দৃষ্টিগোচর হয় না; কারণ, জলবিন্দুযুক্ত মেঘের উপরে সূর্য্যকিরণ পতিত হইলেই উহার উৎপত্তি হইয়া থাকে। পক্ষান্তরে বর্ষাকালে যুদ্ধাদির সুবিধা হয় না বলিয়া ভূপালগণ সেই সময়ে ধনু-ধারণ করেন না। এই নিমিত্তই কবি বলিতেছেন, ইন্দ্র ও রঘু যেন পরস্পরের সুবিধার নিমিত্তই পর্য্যায়ক্রমে (পালাক্রমে) ধনুধারণপূর্ব্বক প্রজাপালন করিয়া থাকেন ॥ ১৬ ॥

শ্বেতপদ্মরূপ আতপত্র সম্পন্ন এবং বিকসিত কাশকুসুমরূপ চামরযুক্ত শরৎ ঋতু, পুণ্ডরীক তুল্য আতপত্রযুক্ত এবং কাশসদৃশ চামরযুক্ত রঘুর অনুকরণ করিল; কিন্তু তাঁহার শোভা-লাভে সমর্থ হইল না। অর্থাৎ ছত্র এবং চামর রাজার প্রধান চিহ্ন। এদিকে শরৎ ঋতুতে শতদল শ্বেতপদ্ম ও কাশকুসুম (কেশেফুল) বিকসিত হয়; সুতরাং উক্ত পদ্ম ছত্রের ন্যায় এবং কেশে ফুল চামরের ন্যায় লক্ষিত হয় বলিয়া এস্থলে কবি রঘুর সহিত শরৎ ঋতুর তুল্যতা প্রদর্শন করাইলেন ॥ ১৭ ॥

প্রসাদসুমুখে তস্মিন্‌ চন্দ্রে চ বিশদপ্রভে।
তদা চক্ষুষ্মতাং প্রীতিরাসীৎ সমরসা দ্বয়োঃ ॥ ১৮ ॥
হংসশ্রেণীষু তারাসু কুমুদ্বৎসু চ বারিষু।
বিভূতয়স্তদীয়ানাং পর্য্যস্তা যশসামিব ॥ ১৯ ॥
ইক্ষুচ্ছায়নিষাদিন্যস্তস্য গোপ্তু গুণোদয়ম্‌।

প্রসাদেতি। প্রসাদেন সুমুখে তস্মিন্‌ রঘৌ বিশদপ্রভে নির্ম্মলকান্তৌ চন্দ্রে চ দ্বয়োর্ব্বিষয়ে তদা চক্ষুষ্মতাং প্রীতিরনুরাগঃ সমরসা সমস্বাদা তুল্য-ভোগেতি যাবৎ। "রসোগন্ধে রসঃ স্বাদে" ইতি বিশ্বঃ। আসীৎ ॥ ১৮ ॥

হংসেতি। হংসানাং শ্রেণীষু পঙ্‌ক্তিষু তারাসু নক্ষত্রেষু কুমুদানি সন্তি যেষু কুমুদ্বন্তি। "কুমুদ্বান্‌ কুমুদপ্রায়" ইত্যমরঃ। কুমুদনড়বেতসেভ্যো ড্মতুপ্‌ ইতি ডমতুপ্‌। তেষু কুমুদপ্রায়েষ্বিত্যর্থঃ বারিষু চ তদীয়ানাং রঘুসম্বন্ধিনাং যশসাং বিভূতয়ঃ সম্পদঃ পর্য্যস্তাইব প্রসারিতাঃ কিমিত্যুৎপ্রেক্ষা। অন্যথা কথমেষাং ধবলিমেতি ভাবঃ ॥ ১৯ ॥

ইক্ষ্বিতি। ইক্ষুণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্‌। ছায়া বাহুল্যইতি নপুংসকত্বম্‌। তত্র নিষণ্ণাঃ ইক্ষুচ্ছায়নিষাদিন্যঃ। স্ত্রীলিঙ্গপাঠে ইক্ষোঃ ছায়া ইতি বিগ্রহঃ অন্যথা

যেমন শরৎ কালের নির্ম্মল শশধর দর্শন করিয়া নয়নের তৃপ্তি জন্মে, রঘুর প্রসন্ন বদন-সুধাকর নিরীক্ষণ করিয়াও লোকের নয়ন সেইরূপ পরিতৃপ্ত হইতে লাগিল ॥ ১৮ ॥

হংসশ্রেণী, নক্ষত্রমালা এবং কুমুদবিরাজিত বারিমধ্যে রঘুর যশঃসম্পত্তি যেন প্রসারিত হইল। অর্থাৎ শরৎকালে হংস সকল মনের উল্লাসে নদী ও তড়াগাদিতে ক্রীড়া করে বলিয়া উহাদের এক অভিনব শ্রী উৎপন্ন হইয়া থাকে; নক্ষত্র সকল নির্ম্মল কান্তি ধারণ করে এবং সলিলরাশিও পরিষ্কৃত হইয়া থাকে; সুতরাং সেই সময়ের এই সমস্তই ধবলাকার ধারণ করে। এদিকে যশও শুভ্র বলিয়া অভিহিত হইয়া থাকে। সুতরাং কবি বলিতেছেন, যেন মহারাজ রঘুর যশই হংস প্রভৃতি পদার্থে পতিত হইয়াছে, তাহা না হইলে ঐ সকল পদার্থ এরূপ শুভ্র হইত না ॥ ১৯ ॥

শস্যরক্ষিকা রমণীরা ইক্ষুচ্ছায়ায় নিষণ্ণ হইয়া রঘুর কৌমারাবস্থা হইতে আরম্ভ করিয়া সমগ্র যশোগান করিতে লাগিল। অর্থাৎ মহারাজ রঘু এই-

আকুমারকথোদ্ঘাতং শালিগোপ্যো জগুর্যশঃ ॥ ২০ ॥
প্রসসাদোদয়াদম্ভঃ কুম্ভযোনের্ম্মহৌজসঃ।
রঘোরভিভবাশঙ্কি চুক্ষুভে দ্বিষতাং মনঃ ॥ ২১ ॥
মদোদগ্রাঃ ককুদ্মন্তঃ সরিতাং কূলমুদ্রুজাঃ।

বহুত্বে নপুংসকত্বপ্রসঙ্গাৎ। শালীন্ গোপায়ন্তি রক্ষন্তীতি শালিগোপ্যঃ শস্য-পালিকাঃ স্ত্রিয়ঃ। কর্ম্মণ্যণ্ টিড্ঢাণজিত্যাদিনা ঙীপ্। গোপ্তুঃ রক্ষকস্য তস্য রঘোঃ গুণেভ্যঃ উদয়ো যস্য তদ্গুণোদয়ং গুণোৎপন্নম্, আকুমারং কুমারাদারভ্যঃ কথোদ্ঘাতঃ কথারম্ভো যস্য তৎ কুমারৈরপি স্তূয়মানমিত্যর্থঃ যশো জগুর্গায়ন্তি স্ম। অথবা কুমারস্য সতোরঘোর্যাঃ কথা ইন্দ্রবিজয়াদয়ঃ, ততঃ আরভ্য আকু-মারকথম্। তত্রাপ্যভিবিধাবব্যয়ীভাবঃ। আকুমারকথমুদ্ঘাতো যস্মিন্ কর্ম্মণি গানক্রিয়াবিশেষণমেতৎ। "স্যাদভ্যাদানমুদ্ঘাত আরম্ভ" ইত্যমরঃ। আকুমার-কথোদ্ভূতমিতি পাঠে কুমারস্য সতস্তস্য কথাভিশ্চরিতৈঃ উদ্ভূতং যদ্যশঃ তদ্যশ আরভ্য যশোজগুরিতি ব্যাখ্যেয়ম্ ॥ ২০ ॥

প্রসসাদেতি। মহৌজসঃ কুম্ভযোনেরগস্ত্যস্য। "অগস্ত্যঃ কুম্ভসম্ভব"ইত্য-মরঃ। উদয়াদম্ভঃ প্রসসাদ প্রসন্নং বভূব, মহৌজসোরঘোরুদয়াৎ অভিভবাশঙ্কি দ্বিষতাং মনশ্চুক্ষুভে কালুষ্যং প্রাপ। "অগস্ত্যোদয়ে জলানি প্রসীদন্তীত্যা-গমঃ" ॥ ২১ ॥

মদেতি। মদোদগ্রা মদোদ্ধতাঃ ককুদেষামস্তীতি ককুদ্মন্তঃ মহাককুদ

রূপে প্রজারঞ্জন করিতে লাগিলেন যে, তাহাতে শস্যপালিকা সাধারণ স্ত্রী-লোকেরাও তাঁহার গুণগান করিতে লাগিল; ইহা রঘুর পক্ষে অতীব গৌরবের বিষয় সন্দেহ নাই ॥ ২০ ॥

মহাতেজস্বী অগস্ত্যের উদয়ে জল স্বচ্ছ হইল এবং মহাপ্রতাপবান্ রঘুর উদয়ে শত্রুগণের মন কলুষিত হইতে লাগিল। অর্থাৎ শরৎকালের যে সময়ে অগস্ত্য নক্ষত্র উদিত হয়, সেই সময় হইতে জল পরিষ্কৃত হইতে থাকে। কিন্তু তৎকালে পথাদি শুষ্ক হয় বলিয়া তাহাই সংগ্রামের উপযুক্ত কাল। সুতরাং এই সময়ে সিংহবিক্রম রঘু দিগ্বিজয়ার্থ বহির্গত হইতে পারেন, এই কারণে রঘুর বিপক্ষগণের অন্তঃকরণে ভয়ের সঞ্চার হইতে লাগিল ॥ ২১ ॥

মহান্ ককুদ্শালী মত্ত বৃষভ সকল নদীতীর উৎখননরূপ লীলা দ্বারা

লীলাখেলমনুপ্রাপুর্ম্মহোক্ষাস্তস্য বিক্রমম্ ॥ ২২ ॥
প্রসবৈঃ সপ্তপর্ণানাং মদগন্ধিভিরাহতাঃ।
অসূয়য়েব তন্নাগাঃ সপ্তধৈব প্রসুস্রুবুঃ ॥ ২৩ ॥
সরিতঃ কুর্ব্বতী গাধাঃ পথশ্চাশ্যানকর্দ্দমান্।

ইত্যর্থঃ। যবাদিত্বান্মকারস্থ বত্বাভাবঃ। সরিতাং কূলানি উদ্রুজন্তীতি কূলমুদ্রজাঃ। "উদি কূলে রুজিবহোরি"তি খশ্প্রত্যয়ঃ। অরুদ্বিষেত্যাদিনা মুমাগমঃ। মহান্ত উক্ষাণঃ মহোক্ষাঃ। অচতুরেত্যাদিনা নিপাতনাদকারান্তঃ। লীলাখেলং বিলাসসুভগং তস্য রঘোরুৎসাহবতোবপুষ্মতঃ পরভঞ্জকস্য বিক্রমং শৌর্য্যমনুপ্রাপুরনুচক্রুঃ ॥ ২২ ॥

প্রসবৈরিতি। মদস্যেব গন্ধোযেষাং তৈর্ম্মদগন্ধিভিঃ। উপমানাচ্চেতীকারঃ সমাসান্তঃ। সপ্তপর্ণানাং বৃক্ষবিশেষাণাম্। "সপ্তপর্ণো বিশালত্বক্ শারদোবিষমচ্ছদ" ইত্যমরঃ। প্রসবৈঃ পুষ্পৈঃ আহতাস্তস্য রঘোর্নাগা গজাঃ। "গজেঽপি নাগমাতঙ্গাবি"ত্যমরঃ। অসূয়য়েব আহতিনিমিত্তয়া স্পর্দ্ধয়েব সপ্তধৈব প্রসুস্রুবুঃ মদং ববৃষুঃ। প্রতিগজগন্ধাভিমানাদিতি ভাবঃ। "করাৎ কটাভ্যাং মেঢ্রাচ্চ নেত্রাভ্যাঞ্চ মদস্রুতি"রিতি পালকাব্যে। করান্নাসারন্ধ্রাভ্যামিত্যর্থঃ ॥ ২৩ ॥

সরিতইতি। সরিতোগাধাঃ সুপ্রতরাঃ কুর্ব্বতী পথোমার্গাংশ্চ আশ্যানকর্দ্দমান্ শুষ্কপঙ্কান্ কুর্ব্বতী। সংযোগাদেরাতোধাতোর্যণ্বত ইতি শ্যতের্নিষ্ঠাতস্য

রঘুর বিক্রমের অনুকরণ করিতে লাগিল। অর্থাৎ বীরেন্দ্র রঘুর বীর্য্যাতিশয়ে বৃষভগণও (ষাঁড় সকলও) প্রোৎসাহিত হইয়া আনন্দ প্রকাশ করিতে লাগিল ॥ ২২ ॥

নবীন ভূপতি রঘুর মাতঙ্গগণ মদের ন্যায় গন্ধযুক্ত সপ্তপর্ণ কুসুমের আঘ্রাণে আহত ও অসূয়া পরবশ হইয়াই যেন সপ্তধা মদস্রাব করিতে লাগিল অর্থাৎ ছাতিম পুষ্পের আঘ্রাণে প্রতিপক্ষের হস্তীর মদগন্ধ বোধ করিয়া নাসিকাদ্বয়, কূটদ্বয় (গণ্ডদ্বয়), মেঢ্র (লিঙ্গনাল) এবং নেত্রদ্বয়; এই সাতপ্রকার পথদিয়া মদস্রাব করিতে লাগিল। সুতরাং ইহাদ্বারা সিংহবিক্রান্ত রঘুর হস্তিগণ রঘুর অনুরূপ বীর্য্যশালী বলিয়াই প্রকাশ পাইতে লাগিল ॥ ২৩ ॥

নদীর জল হ্রাস প্রাপ্ত হইতে লাগিল, পথের কর্দ্দম শুষ্ক হইয়া গেল;

যাত্রায়ৈ চোদয়ামাস তং শক্তেঃ প্রথমং শরৎ ॥ ২৪ ॥
তস্মৈ সম্যক্ হুতো বহ্নির্বাজিনীরাজনাবিধৌ।
প্রদক্ষিণার্চ্চিব্যাজেন হস্তেনেব জয়ং দদৌ ॥ ২৫ ॥
স গুপ্তমূলপ্রত্যন্তঃ শুদ্ধপার্ষ্ণিরয়ান্বিতঃ।

নত্বম্। শরৎ শরদৃতুঃ তং রঘুং শক্তেঃ উৎসাহশক্তেঃ প্রথমং প্রাক্ যাত্রায়ৈ দণ্ডযাত্রায়ৈ চোদয়ামাস (নোদয়ামাসেতি পাঠান্তরম্) প্রেরয়ামাস। প্রভাব-মন্ত্রশক্তিসম্পন্নস্য যাত্রাং শরৎ স্বয়মুৎসাহমুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ২৪ ॥

তস্মাইতি। বাজিনামশ্বানাং নীরাজনাবিধৌ নীরাজনাখ্যে শান্তিকর্ম্মণি সম্যগ্বিধিবৎ হুতোহোমসমিদ্ধোবহ্নিঃ প্রগতা দক্ষিণং প্রদক্ষিণম্। তিষ্ঠদ্গু-প্রভৃতিত্বাদব্যয়ীভাবঃ। প্রদক্ষিণং যার্চ্চির্জ্বালা তস্যাঃ ব্যাজেন হস্তেনেব তস্মৈ জয়ং দদৌ। উক্তমাহবযাত্রায়াম্ "ইদ্ধঃ প্রদক্ষিণগতোহুতভুক্ নৃপস্য ধাত্রীং সমুদ্ররশনাং বশগাং করোতী"তি। বাজিগ্রহণং গজাদীনামপ্যুপলক্ষণং তেষামপি নীরাজনাবিধানাৎ ॥ ২৫ ॥

সইতি। গুপ্তৌ মূলং স্বনিবাসস্থানং প্রত্যন্তঃ প্রান্তদুর্গঞ্চ যেন স গুপ্ত-মূলপ্রত্যন্তঃ, শুদ্ধপার্ষ্ণিঃ উদ্ধৃতপৃষ্ঠশত্রুঃ সেনয়া রক্ষিতপৃষ্ঠদেশোবা, অয়ান্বিতঃ

সুতরাং শরৎঋতু মহারাজ রঘুকে প্রথমে প্রোৎসাহিত করিয়া যুদ্ধযাত্রায় প্রবৃত্ত করিল। অর্থাৎ শরৎকালে স্বভাবতঃ নদীপ্রভৃতির জল হ্রাস প্রাপ্ত হওয়াতে এবং রাস্তা ও মেঘ জলশূন্য হওয়া নিবন্ধন মহারাজ রঘু যুদ্ধযাত্রার উপযুক্ত সময় মনে করিলেন ॥ ২৪ ॥

তৎকালে অশ্বাদির নীরাজনারূপ শান্তিকর্ম্মোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান করিলে হুতাশন দক্ষিণাবর্ত্ত শিখা-ব্যপদেশে যেন বিজয়ার্থী রাজাকে হস্তদ্বারা জয় প্রদান করিতে লাগিলেন। অর্থাৎ হিন্দুরাজগণ যুদ্ধযাত্রাকালে অশ্বাদির মঙ্গলার্থে নীরাজনা নামক শান্তিকর্ম্মের অনুষ্ঠান করিতেন; মহা-রাজ রঘু কর্ত্তৃক সেই শান্তিকর্ম্ম অনুষ্ঠিত হইলে যজ্ঞীয় অগ্নি দক্ষিণদিগ্-গামিনী শিখা বিস্তার করিলেন; তাহাতে সংগ্রামকালে রঘুর কোন বিপদ্ ঘটিবে না, ইহাই প্রতিপন্ন হইল ॥ ২৫ ॥

শুভদৈবান্বিত মহারাজ রঘু আবাসস্থল এবং প্রান্ত-দুর্গের সম্যক্ রক্ষা-বিধানপূর্ব্বক পার্ষ্ণিরক্ষক (পৃষ্ঠ-শত্রুঘাতক) নিয়োগ করিয়া ষড়্বিধ বলের

ষড়্‌বিধং বলমাদায় প্রতস্থে দিগ্‌জিগীষয়া ॥ ২৬ ॥
অবাকিরন্‌ বয়োবৃদ্ধাস্তং লাজৈঃ পৌরযোষিতঃ।
পৃষতৈর্ম্মন্দরোদ্ধূতৈঃ ক্ষীরোর্ম্ময় ইবাচ্যুতম্‌ ॥ ২৭ ॥
স যযৌ প্রথমং প্রাচীং তুল্যঃ প্রাচীনবর্হিষা।
অহিতাননিলোদ্ধূতৈস্তর্জ্জয়ন্নিব কেতুভিঃ ॥ ২৮ ॥

শুভদৈবান্বিতঃ। "অয়ঃ শুভাবহোবিধিরি"ত্যমরঃ। স রঘুঃ ষড়্‌বিধং মৌল-ভৃত্যাদিরূপং বলং সৈন্যম্‌। "মৌলং ভৃত্যঃ সুহৃচ্ছ্রেণী দ্বিষদাটবিকং বল"মিতি কোষঃ। আদায় দিশাং জিগীষয়া জেতুমিচ্ছয়া প্রতস্থে চচাল ॥ ২৬ ॥

অবাকিরন্নিতি। বয়োবৃদ্ধাঃ পৌরযোষিতঃ তং রঘুং প্রসাতং লাজৈ-রাচারলাজৈঃ মন্দরোদ্ধূতৈঃ পৃষতৈর্ব্বিন্দুভিঃ ক্ষীরোর্ম্ময়ঃ ক্ষীরসমুদ্রোর্ম্ময়ঃ অচ্যুতং বিষ্ণুমিব অবাকিরন্‌ পর্য্যক্ষিপন্‌ ॥ ২৭ ॥

সইতি। প্রাচীনবর্হির্নাম কশ্চিন্মহারাজঃ ইতি কেচিৎ। প্রাচীনবর্হি-রিন্দ্রঃ। "পর্য্যন্যোমঘবা বৃষা হরিহয়ঃ প্রাচীনবর্হিস্তথে"তীন্দ্রপর্য্যায়েষু হলায়ুধা-ভিধানাৎ। তেন তুল্যঃ স রঘুঃ অনিলেনানুকূলবাতেনোদ্ধূতৈঃ কেতুভির্ধ্বজৈঃ অহিতান্‌ রিপূন্‌ তর্জ্জয়ন্নিব ভর্ৎসয়ন্নিব। তর্জ্জিভর্ৎসোরনুদাত্তেত্ত্বেঽপি চ ক্ষিঙোঙিৎকরণেনানুদত্তেন্নিমিত্তস্যাত্মনেপদস্যানিত্যত্বজ্ঞাপনাৎ পরস্মৈপদমিতি বামনঃ। প্রথমং প্রাচীং দিশং যযৌ ॥ ২৮ ॥

সহিত দিগ্বিজয় মানসে প্রস্থান করিলেন। অর্থাৎ দিগ্বিজয়ার্থ যাত্রা করিলে রাজধানী ও নগর-প্রান্তস্থ দুর্গ সকল শত্রু কর্ত্তৃক আক্রান্ত হইতে পারে, এই আশঙ্কায় উহাদিগকে উত্তমরূপে সুরক্ষিত করিয়া পশ্চাৎগামী ও অগ্রগামী ছয় প্রকার সৈন্যের সহিত রাজা রঘু সমস্ত ধরায় একাধিপত্য স্থাপনার্থ যাত্রা করিলেন ॥ ২৬ ॥

যেমন ক্ষীরসমুদ্রের ঊর্ম্মিমালা মন্দরোদ্ধূত বারিবিন্দু দ্বারা বিষ্ণুকে অভিষিক্ত করিয়াছিল; তদ্রূপ বয়োবৃদ্ধ পৌরস্ত্রীগণ মহারাজ রঘুর উপর লাজ (খৈ) বর্ষণ করিতে লাগিলেন ॥ ২৭ ॥

ইন্দ্রতুল্য রঘু প্রথমতঃ বায়ু কর্ত্তৃক সঞ্চালিত পতাকা দ্বারা যেন বিপক্ষ-দিগকে তর্জ্জন করিয়াই পূর্ব্বদিকে গমন করিতে লাগিলেন ॥ ২৮ ॥

রজোভিঃ স্যন্দনোদ্ধূতৈর্গজৈশ্চ ঘনসন্নিভৈঃ।
ভুবস্তলমিব ব্যোম কুর্ব্বন্ ব্যোমেব ভূতলম্ ॥ ২৯ ॥
প্রতাপোঽগ্রে ততঃ শব্দঃ পরাগস্তদনন্তরম্।
যযৌ পশ্চাদ্রথাদীতি চতুস্কন্ধেব সা চমূঃ ॥ ৩০ ॥
মরুপৃষ্ঠান্যুদম্ভাংসি নাব্যাঃ সুপ্রতরা নদীঃ।

রজোভিরিতি। কিং কুর্ব্বন্ স্যন্দনোদ্ধূতৈঃ রজোভিঃ ঘনসন্নিভৈর্বর্ণতঃ ক্রিয়াতঃ পরিমাণতশ্চ মেঘতুল্যৈঃ গজৈশ্চ যথাক্রমং ব্যোম আকাশং ভুবস্তলমিব ভূতলঞ্চ ব্যোমেব কুর্ব্বন্ যযাবিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ২৯ ॥

প্রতাপইতি। অগ্রে প্রতাপস্তেজোবিশেষঃ। "স প্রভাবঃ প্রতাপশ্চ যত্তেজঃ কোষদণ্ডজমি"ত্যমরঃ। ততঃ শব্দঃ সেনাকলকলঃ, তদনন্তরং পরাগোধূলিঃ। "পরাগঃ পুষ্পরজসি ধূলিস্নানীয়য়োরপী"তি বিশ্বঃ। পশ্চাদ্রথাদি চতুরঙ্গবলম্, ইতীত্থং চতুঃস্কন্ধেব চতুর্ব্যূহেব। "স্কন্ধঃ প্রকাণ্ডে কায়াংশে বিজ্ঞানাদিষু পঞ্চসু। নৃপে সমূহে চে"তি হৈমঃ। সা চমূর্যযৌ। রথানীকমিতি পাঠে ইতি শব্দাধ্যাহারেণ যোজ্যম্ ॥ ৩০ ॥

মর্ব্বিতি। স রঘুঃ শক্তিমত্বাৎ সমর্থত্বাৎ মরুপৃষ্ঠানি নির্জ্জলস্থানানি "সমানৌ মরুধন্বানাবি"ত্যমরঃ। উদম্ভ্যাংস্যুদ্ভূতজলানি চকার, নাব্যাঃ নৌভিস্তার্য্যাঃ নদীঃ। "নাব্যং ত্রিলিঙ্গং নৌতার্য্য" ইত্যমরঃ। নৌবয়ো-

---

রথচক্র-ক্ষুণ্ণ ধূলিপটল ও ঘনঘটা সদৃশ হস্তী সকল ভূতলকে নভোমণ্ডল ও নভোমণ্ডলকে ভূতল তুল্য করিয়া তাঁহার সঙ্গে সঙ্গে চলিল। অর্থাৎ রথের চক্রোত্থিত ধূলিরাশি দ্বারা গগন আচ্ছাদিত হওয়াতে তাহাকে ভূতলের ন্যায় এবং মেঘ সদৃশ হস্তিগণের দ্বারা ভূতল আচ্ছন্ন হওয়াতে ভূপৃষ্ঠ মেঘাচ্ছন্ন আকাশের ন্যায় লক্ষিত হইতে লাগিল ॥ ২৯ ॥

সর্ব্বাগ্রে প্রতাপ, তৎপরে সৈন্যগণের কলরব, তৎপরে ধূলিপটল এবং তদনন্তর রথ প্রভৃতি চতুরঙ্গিণী সেনা; এইরূপে সেই রঘু-সৈন্য যেন চতুর্ব্যূহ-সম্পন্ন হইয়া গমন করিতে লাগিল। অর্থাৎ রঘুর সৈন্যগণই যেন উক্ত চতুর্ব্বিধ আকার ধারণ করিয়া কার্য্য-সম্পন্ন করিতে লাগিল ॥ ৩০ ॥

রাজা রঘু স্বীয় ক্ষমতাবলে মরুভূমি সলিলসম্পন্ন, বনপ্রদেশ বৃক্ষশূন্য এবং নদী সকল সুখে পার হইবার যোগ্য করিয়া গমন করিতে লাগিলেন।

বিপিনানি প্রকাশানি শক্তিমত্ত্বাচ্চকার সঃ ॥ ৩১ ॥
স সেনাং মহতীং কর্ষন্‌ পূর্ব্বসাগরগামিনীম্‌।
বভৌ হরজটাভ্রষ্টাং গঙ্গামিব ভগীরথঃ ॥ ৩২ ॥
ত্যাজিতৈঃ ফলমুৎখাতৈর্ভগ্নৈশ্চ বহুধা নৃপৈঃ।
তস্যাসীদুল্বণো মার্গঃ পাদপৈরিব দন্তিনঃ ॥ ৩৩ ॥

ধর্ম্মবিষমূলেত্যাদিনা যৎপ্রত্যয়ঃ। সুপ্রতরাঃ সুখেন তার্য্যাশ্চকার, বিপিনান্যরণ্যানি। "অটব্যরণ্যং বিপিন"মিত্যমরঃ। প্রকাশানি নির্ব্বৃক্ষাণি চকার। শক্ত্যুৎকর্ষাৎ তস্যাগম্যং কিমপি নাসীদিতি ভাবঃ ॥ ৩১ ॥

স ইতি। মহতীং সেনাং পূর্ব্বসাগরগামিনীং কর্ষন্‌ স রঘুঃ হরস্য জটাভ্যোভ্রষ্টাং গঙ্গাং কর্ষন্‌। সাপি পূর্ব্বসাগরগামিনী। ভগীরথ ইব বভৌ। ভগীরথোনাম কশ্চিৎ কপিলদগ্ধানাং সাগরাণাং নপ্তা তৎপাবনায় হরকিরীটাৎ গঙ্গাপ্রবর্ত্তয়িতা রাজা যৎসম্বন্ধাচ্চ গঙ্গা ভাগীরথীতি গীয়তে ॥ ৩২ ॥

ত্যাজিতৈরিতি। "ফলং ফলে ধনে বীজে নিষ্পত্তৌ ভোগলাভয়ো"রিতি কেশবঃ। ফলং লাভং বৃক্ষপক্ষে প্রসবঞ্চ। ত্যাজিতৈঃ ত্যজের্ণ্যন্তাৎ দ্বিকর্ম্মকাৎ প্রধানে কর্ম্মণি ক্তঃ। উৎখাতৈঃ স্বপদাৎ ত্যাজিতৈঃ অন্যত্রোৎপাটিতৈঃ বহুধা ভগ্নৈঃ রণে জিতৈঃ, অন্যত্র ছিন্নৈঃ, নৃপৈঃ পাদপৈঃ দন্তিনো গজস্যেব তস্য রঘোর্মার্গউল্বণঃ প্রকাশ আসীৎ। "প্রকাশং প্রকটং স্পষ্টমুল্বণং বিশদং স্ফুট"মিতি যাদবঃ ॥ ৩৩ ॥

অর্থাৎ মহারাজ রঘু দিগ্বিজয়কালে যাতায়াতের সুবিধার নিমিত্ত পথ চলিতে চলিতে রাস্তা ও সেতু প্রভৃতি নির্ম্মাণ করাইয়াছিলেন ॥ ৩১ ॥

যেমন ভগীরথ হরজটাভ্রষ্ট গঙ্গা সঙ্গে লইয়া শোভাপ্রাপ্ত হইয়াছিলেন; রঘুরাজ পূর্ব্বসাগরগামিনী সেনা দ্বারাও তদ্রূপ সাতিশয় সুশোভিত হইয়াছিলেন ॥ ৩২ ॥

গজরাজ যেমন বৃক্ষ সকল উন্মূলিত ও ফল পল্লব সকল ছিন্ন ভিন্ন করিয়া গমন করে, তদ্রূপ মহারাজ রঘুও কাহাকে রাজ্যের সত্ত্বভ্রষ্ট, কাহাকে সিংহাসনচ্যুত এবং কোন ব্যক্তিকে বা পরাজিত করিয়া যাইতে লাগিলেন ॥ ৩৩ ॥

পৌরস্ত্যানেবমাক্রামংস্তাংস্তান্ জনপদান্ জয়ী।
প্রাপ তালীবনশ্যামমুপকণ্ঠং মহোদধেঃ ॥ ৩৪ ॥
অনম্রাণাং সমুদ্ধর্তুস্তস্মাৎ সিন্ধুরয়াদিব।
• আত্মা সংরক্ষিতঃ সুহ্মৈর্বৃত্তিমাশ্রিত্য বৈতসীম্ ॥ ৩৫ ॥

পৌরস্ত্যানিতি। জয়ী জয়শীলঃ। জিদৃক্ষিবিশ্রীত্যাদিনা ইনিপ্রত্যয়ঃ। স রঘুরেবং পুরোভবান্ পৌরস্ত্যান্ প্রাচ্যান্। দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্ ইতি ত্যক্প্রত্যয়ঃ। তাংস্তান্ সর্ব্বানিত্যর্থঃ। বীপ্সায়াং দ্বিরুক্তিঃ। জনপদান্ দেশান্ আক্রামন্ তালীবনৈঃ শ্যামং মহোদধেঃ উপকণ্ঠমন্তিকং প্রাপ ॥ ৩৪ ॥

অনম্রাণামিতি। অনম্রাণাম্। কর্ম্মণি যষ্ঠী। সমুদ্ধর্ত্তুঃ উন্মূলয়িতুঃ তস্মাৎ রঘোঃ সকাশাৎ। ভীত্রার্থানাং ভয়হেতুঃ। ইত্যপাদানত্বাৎ পঞ্চমী। সিন্ধুরয়ান্নদীবেগাদিব সুহ্মৈঃ সুহ্মদেশীয়ৈঃ। সুহ্মাদয়ঃ শব্দাঃ জনপদবচনাঃ ক্ষত্রিয়মাচক্ষতে। বৈতসীং বেতসঃ সম্বন্ধিনীং বৃত্তিং প্রণতিমিত্যর্থঃ আশ্রিত্য আত্মা সংরক্ষিতঃ। অত্র কৌটিল্যঃ "বলীয়সাভিযুক্তোহুর্ব্বলঃ সর্ব্বত্রানুপ্রণতো-বেতসধর্ম্মমাতিষ্ঠেৎ" ইতি ॥ ৩৫ ॥

জয়শীল রঘু এইরূপে পূর্ব্বদিকস্থ সমস্ত জনপদ আক্রমণ করিয়া তালীবন-শ্যামল সাগরোপকূলে উপনীত হইলেন ॥ ৩৪ ॥

সুহ্মদেশীয় ক্ষত্রিয় রাজগণ বৈতসীবৃত্তি অবলম্বনপূর্ব্বক উদ্ধতারী রঘুর নিকট আত্মরক্ষা করিতে লাগিলেন। অর্থাৎ বেত্র সকল (বেতগাছ) নদী-স্রোতে তাহাদের মূলপ্রদেশস্থ মৃত্তিকা অন্তর্হিত হইলে যেমন অবনত হইয়া পড়ে, তদ্রূপ সুহ্মদেশীয় নরপতিগণ বীরেন্দ্র রঘুর নিকটে নতশিরাঃ হইয়া পরিত্রাণ পাইয়াছিলেন। ভারতের কোন্ অংশের নাম সুহ্মদেশ, তাহা নির্দ্ধা-রণ করিতে হইলে প্রাচীন পুরাবৃত্তের অনুসরণ করিতে হয়। মহাভারতে লিখিত আছে যে, উশীনরের ভ্রাতা তিতিক্ষুর কুলোদ্ভব বলির ভার্য্যার গর্ভে ও দীর্ঘতমার ঔরসে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম এবং পুণ্ড্র; এই পাঁচপুত্র জন্মে। তাঁহাদের যিনি যে দেশে বাস করেন, সেই দেশ তাঁহার নামানুসারে পরিচিত হইয়াছিল; সুতরাং ত্রিপুরা ও আরাকান প্রদেশ রাজা সুহ্মের শাসনাধীনে ছিল বলিয়া উক্ত প্রদেশদ্বয় সুহ্মদেশ বলিয়া অভিহিত হইত ॥ ৩৫ ॥

বঙ্গানুৎখায় তরসা নেতা নৌসাধনোদ্যতান্।
নিচখান জয়স্তম্ভান্ গঙ্গাস্রোতোঽন্তরেষু সঃ ॥ ৩৬ ॥
আপাদপদ্মপ্রণতাঃ কলমা ইব তে রঘুম্।
ফলৈঃ সংবর্দ্ধয়ামাসুরুৎখাতপ্রতিরোপিতাঃ ॥ ৩৭ ॥
স তীর্ত্বা কপিশাং সৈন্যৈর্ব্বদ্ধদ্বিরদসেতুভিঃ।

বঙ্গানিতি। নেতা নায়কঃ স রঘুঃ নৌভিঃ সাধনৈরুদ্যতান্ সন্নদ্ধান্ বঙ্গান্ রাজ্ঞঃ তরসা বলেন। "তরসী বলরংহসী" ইতি যাদবঃ। উৎখায়োন্মূল্য গঙ্গায়াঃ স্রোতসাং প্রবাহাণামন্তরেষু দ্বীপেষু জয়স্তম্ভান্নিচখান স্থাপিতবানিত্যর্থঃ ॥ ৩৬ ॥

আপাদেতি। আপাদপদ্মম্ অঙ্ঘ্রিপদ্মপর্য্যন্তং প্রণতাঃ অতএবোৎখাতাঃ পূর্ব্বমুদ্ধৃতা অপি প্রতিরোপিতাঃ পশ্চাৎ স্থাপিতাঃ তে বঙ্গাঃ কলমাইব শালিবিশেষাইব। "শালয়ঃ কলমাদ্যাশ্চ ষষ্টিকাদ্যাশ্চ পুংস্যমী" ইত্যমরঃ। তেঽপ্যাপাদপদ্মং পাদপদ্মমূলপর্য্যন্তং প্রণতাঃ। "পাদোবুধ্নতুরীয়াংশশৈলপত্যন্তপর্ব্বতাঃ" ইতি বিশ্বঃ। উৎখাতপ্রতিরোপিতাশ্চ। রঘুং ফলৈর্ধনৈঃ অন্যত্র শস্যঃ সংবর্দ্ধয়ামাসুঃ। "ফলং ফলে ধনে বীজে নিষ্পত্তৌ ভোগলাভয়োঃ। শস্য" ইতি কেশবঃ ॥ ৩৭ ॥

সইতি। স রঘুঃ বদ্ধা দ্বিরদাঃ এব সেতবো যৈ স্তৈঃ সৈন্যৈঃ কপিশাং নাম

অনন্তর তরণীরূপ সাধনসম্পন্ন, যুদ্ধার্থ সজ্জীভূত বঙ্গদেশস্থ রাজগণকে বলপূর্ব্বক রাজ্যভ্রষ্ট করিয়া গঙ্গাপ্রবাহ-মধ্যবর্ত্তী দ্বীপে জয়স্তম্ভ সকল প্রোথিত করিলেন। অর্থাৎ বঙ্গদেশস্থ রাজগণ নৌকার সাহায্যে জলপথে রঘুর সহিত সংগ্রামার্থ সুসজ্জিত ছিলেন; এমতাবস্থায় সিংহবিক্রান্ত রঘু তাঁহাদিগকে বলপূর্ব্বক পরাজিত করিয়া বিজয়পতাকা উড্ডীন করিয়াছিলেন ॥ ৩৬ ॥

যেমন কলম ধান্য (রোয়াধান) অগ্রে উৎখাত, পশ্চাৎ প্রতিরোপিত ও নতশিরাঃ হইয়া ফলপ্রদান করে, সেইরূপ বঙ্গীয় ভূপতিগণ অগ্রে রাজ্যভ্রষ্ট, পরে রাজপদে প্রতিষ্ঠিত ও পাদপদ্মে প্রণত হইয়া ধনদ্বারা সম্রাট-রঘুর সংবর্দ্ধনা করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

অনন্তর রঘু হস্তীদ্বারা সেতু নির্ম্মাণ করিয়া সৈন্যগণের সহিত কপিশা

উৎকলাদর্শিতপথঃ কলিঙ্গাভিমুখো যযৌ ॥ ৩৮ ॥
স প্রতাপং মহেন্দ্রস্য মূর্দ্ধ্নি তীক্ষ্ণং ন্যবেশয়ৎ।
অঙ্কুশং দ্বিরদস্যেব যন্তা গম্ভীরবেদিনঃ ॥ ৩৯ ॥
প্রতিজগ্রাহ কালিঙ্গস্তমস্ত্রৈর্গজসাধনঃ।
পক্ষচ্ছেদোদ্যতং শক্রং শিলাবর্ষীব পর্ব্বতঃ ॥ ৪০ ॥

নদীম্। করভামিতি কেচিৎ পঠন্তি। তীর্ত্বা উৎকলৈঃ রাজভিরাদর্শিত-পথঃ সন্দর্শিতমার্গঃ সন্ কলিঙ্গাভিমুখোযযৌ ॥ ৩৮ ॥

সইতি। স রঘুর্ম্মহেন্দ্রস্থ কুলপর্ব্বতবিশেষস্থ "মহেন্দ্রোমলয়ঃ সহ্যঃ শক্তি-মানৃক্ষপর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ সপ্তৈতে কুলপর্ব্বতা" ইতি বিষ্ণুপুরাণাৎ। মূর্দ্ধ্নি তীক্ষ্ণং দুঃসহং প্রতাপং যন্তা সারথিঃ, গম্ভীরবেদিনোদ্বিরদস্থ গজবিশেষস্থ মূর্দ্ধ্নি তীক্ষ্ণং নিশিতমঙ্কুশমিব ন্যবেশয়ৎ নিক্ষিপ্তবান্। "ত্বগ্‌ভেদাচ্ছোণিত-স্রাবাৎ মাংসস্থ ক্রথনাদপি। আত্মানং যো ন জানাতি স স্যাদ্গম্ভীরবেদিতা" ইতি রাজপুত্রীয়ে। "চিরকালেন যো বেত্তি শিক্ষাং পরিচিতামপি। গম্ভীর-বেদী বিজ্ঞেয়ঃ স গজো গজবেদিভি" রিতি মৃগচর্ম্মীয়ে ॥ ৩৯ ॥

প্রতীতি। গজসাধনঃ সন্ কালিঙ্গঃ কলিঙ্গানাং রাজা দ্ব্যঞ্মগধকলি-

নদী উত্তীর্ণ হইলেন এবং উৎকলদেশীয় রাজগণের প্রদর্শিত পথ অবলম্বন করিয়া কলিঙ্গদেশাভিমুখে প্রস্থান করিলেন। অর্থাৎ জয়শীল রঘু উড়িষ্যা-দেশ হইয়া কলিঙ্গদেশে গমন করিলেন। উৎকলকে উড়িষ্যা এবং উড়িষ্যার দক্ষিণ দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্রতীরস্থ প্রদেশকে কলিঙ্গ বলে ॥ ৩৮ ॥

যেমন হস্তিচালক গম্ভীরবেদী করীর কুম্ভদেশে অঙ্কুশ নিক্ষেপ করিয়া থাকে, তদ্রূপ জয়শীল রঘু মহেন্দ্রপর্ব্বতে উপস্থিত হইয়া তথায় স্বকীয় দুঃসহ প্রতাপ সন্নিবেশিত করিলেন। অর্থাৎ সিংহবিক্রান্ত রঘু মহেন্দ্রাদ্রিবাসী-দিগকে পরাজয় করিয়া তথায় বিজয় স্তম্ভ প্রোথিত করিলেন। উড়িষ্যা, উত্তর সরকার ও গণ্ডোয়ানা পর্য্যন্ত যে পর্ব্বতশ্রেণী ব্যাপ্ত আছে, তাহার নাম মহেন্দ্র পর্ব্বত ॥ ৩৯ ॥

পর্ব্বত যেমন শিলাবর্ষণপূর্ব্বক পক্ষচ্ছেদনে উদ্যত ইন্দ্রের সহিত যুদ্ধ

দ্বিষাং বিষহ্য কাকুৎস্থস্তত্র নারাচদুর্দ্দিনম্‌ ।
সন্মঙ্গলস্নাত ইব প্রতিপেদে জয়শ্রিয়ম্‌ ॥ ৪১ ॥
তাম্বূলীনাং দলৈস্তত্র রচিতাপানভূময়ঃ ।
নারিকেলাসবং যোধাঃ শাত্রবঞ্চ পপুর্যশঃ ॥ ৪২ ॥

ঙ্গেত্যাদিনা অণ্‌প্রত্যয়ঃ। অস্ত্রৈরায়ুধৈস্তং রঘুং পক্ষাণাং ছেদে উদ্যতম্‌ উদ্‌যুক্তং শক্রং শিলাবর্ষী পর্ব্বতইব প্রতিজগ্রাহ প্রত্যভিযুক্তবান্‌॥ ৪০ ॥

দ্বিষামিতি। কাকুৎস্থোরঘুঃ তত্র মহেন্দ্রাদ্রৌ দ্বিষাং নারাচদুর্দ্দিনং নারাচানাং বাণবিশেষাণাং দুর্দ্দিনং লক্ষণয়া বর্ষমুচ্যতে বিষহ্য সহিত্বা সৎ যথাশাস্ত্রং মঙ্গলস্নাতইব বিজয়মঙ্গলার্থমভিষিক্তইব জয়শ্রিয়ং প্রতিপেদে প্রাপ। "যত্তু সর্ব্বৌষধিস্নানং তন্মাঙ্গল্যমুদাহৃতম্‌" ইতি যাদবঃ ॥ ৪১ ॥

তাম্বূলীনামিতি। তত্র মহেন্দ্রাদ্রৌ যুদ্ধ্যন্ত ইতি যোধাঃ। পচাদ্যচ্‌। রচিতাঃ কল্পিতাঃ আপানভূময়ঃ পানভূময়ঃ পানযোগ্যপ্রদেশাঃ যৈস্তে তথোক্তাঃ সন্তঃ নারিকেলাসবং নারিকেলমদ্যং তাম্বূলীনাং নাগবল্লীনাং দলৈঃ পপুঃ তত্র বিজহ্রুরিত্যর্থঃ শাত্রবং যশশ্চ পপুঃ জহ্রুরিত্যর্থঃ॥ ৪২ ॥

করিয়াছিল। গজসাধনসম্পন্ন কলিঙ্গরাজ সেইরূপ বহুবিধ শরপ্রয়োগ পূর্ব্বক রঘুর সহিত সংগ্রাম করিলেন ॥ ৪০ ॥

রঘু সেই মহেন্দ্রাদ্রিতে বিপক্ষগণের নারাচ নামক অস্ত্রবর্ষণ সহ্য করিয়া শাস্ত্রানুযায়ী মঙ্গলার্থ অভিষিক্ত হইয়াই যেন জয়শ্রী প্রাপ্ত হইলেন। অর্থাৎ দিগ্বিজয়ার্থী রঘু পার্ব্বত্য রাজগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়া আষাঢ়ের ধারার ন্যায় বিবিধ বাণবর্ষণের পর বিজয়লাভ করিয়াছিলেন ॥ ৪১ ॥

রঘুর যোদ্ধৃবর্গ পার্ব্বতীয়দিগের যশোরাশি বিলুপ্ত করিয়া পানযোগ্য স্থান রচনাপূর্ব্বক তাম্বূলীপত্রপুটে নারিকেলাসব পান করিতে লাগিল। অর্থাৎ মদ্যপান করিতে হইলে উপযুক্ত স্থান ও উপযুক্ত উপকরণ হওয়া উচিত; সুতরাং রঘুসৈন্যগণ বৃক্ষলতাদি দ্বারা সুশোভিত এবং রতিক্রিয়োপকরণাদিযুক্ত উপবনে উপবেশন করিয়া নাগবল্লীপত্রপুটে (পানের ঠোঙ্গায়) মদ্যপান করিয়াছিল ॥ ৪২ ॥

গৃহীত-প্রতিমুক্তস্য স ধর্ম্মবিজয়ী নৃপঃ।
শ্রিয়ং মহেন্দ্রনাথস্য জহার ন তু মেদিনীম্ ॥ ৪৩ ॥
ততো বেলাতটেনৈব ফলবৎপূগমালিনা।
অগস্ত্যাচরিতামাশামনাশাস্য জয়ো যযৌ ॥ ৪৪ ॥
স সৈন্যপরিভোগেণ গজদানসুগন্ধিনা।

গৃহীতেতি। ধর্ম্মবিজয়ী ধর্ম্মার্থং বিজয়শীলঃ স নৃপোরঘুঃ গৃহীতশ্চাসৌ প্রতিমুক্তস্তস্য মহেন্দ্রনাথস্য কালিঙ্গস্য শ্রিয়ং জহার ধর্ম্মার্থমিতি ভাবঃ। মেদিনীন্তু ন জহার শরণাগতবাৎসল্যাদিতি ভাবঃ ॥ ৪৩ ॥

ততইতি। ততঃ প্রাচীবিজয়ানন্তরং ফলবৎপূগমালিনা ফলিতক্রমুক-শ্রেণীমতা। ব্রীহ্যাদিত্বাদিনিপ্রত্যয়ঃ। বেলায়াঃ সমুদ্রকূলস্য তটেনোপান্তে-নৈব অগস্ত্যেনাচরিতামাশাং দক্ষিণাং দিশম্ অনাশাস্যজয়ঃ অযত্নসিদ্ধত্বাৎ অপ্রার্থনীয়জয়ঃ সন্ যযৌ। "অগস্ত্যোদক্ষিণামাশামাশ্রিত্য নভসি স্থিতঃ। বরুণস্যাত্মজো যোগী বিন্ধ্যবাতাপিমর্দ্দনঃ" ইতি ব্রহ্মপুরাণে ॥ ৪৪ ॥

সইতি। স রঘুঃ গজানাং দানেন মদেন সুগন্ধিনা সুরভিগন্ধিনা। গন্ধ-স্যেৎ ইত্যাদিনা ইকারাদেশঃ সমাসান্তঃ। যদ্যপি গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণং

ধর্ম্মবিজয়ী নৃপতি রঘু অগ্রে গৃহীত পশ্চাৎ প্রতিমুক্ত কলিঙ্গনাথের রাজশ্রী হরণ করিলেন না। অর্থাৎ রঘু রাজধর্ম্মের অনুরোধে কলিঙ্গরাজকে একে-বারে রাজ্যভ্রষ্ট না করিয়া বশ্যতা স্বীকার বশতঃ শাসনভার তাঁহার হস্তেই রাখিলেন। সুতরাং কলিঙ্গদেশ রঘুর মিত্ররাজ্যের অন্তর্নিবিষ্ট হইয়াছিল ॥ ৪৩ ॥

অনন্তর মহারাজ রঘু বিজয়লাভে অনভিলাষী হইয়া ফলিত পূগশ্রেণী দ্বারা সমলঙ্কৃত সমুদ্রতীর অবলম্বনপূর্ব্বক অগস্ত্যাধিষ্ঠিত দক্ষিণদিগ্বিভাগে প্রস্থান করিলেন। অর্থাৎ রঘু এইরূপে কলিঙ্গদেশ জয় করিয়া তথা হইতে সমুদ্র-তীর প্রদেশ দিয়া দক্ষিণাভিমুখে যাত্রা করিলেন। কিন্তু তত্রত্য রাজগণের সহিত সংগ্রাম করিতে হইল না। কারণ তাঁহারা বিনা যুদ্ধেই বশ্যতা স্বীকার করিয়াছিলেন ॥ ৪৪ ॥

তিনি গমনকালে গজের মদগন্ধযুক্ত সৈন্যগণের উপভোগ দ্বারা স্রোতঃ-স্বতী-পতি সমুদ্রের মনে কাবেরী নদীর প্রতি ব্যভিচারাশঙ্কা জন্মাইয়া

কাবেরীং সরিতাং পত্যুঃ শঙ্কনীয়ামিবাকরোৎ ॥ ৪৫ ॥
বলৈরধ্যুষিতাস্তস্য বিজিগীষোর্গতাধ্বনঃ।
মারীচোদ্‌ভ্রান্তহারীতা মলয়াদ্রেরুপত্যকাঃ ॥ ৪৬ ॥

কর্ত্তব্যমিতি নৈসর্গিকগন্ধবিবক্ষায়ামেবেকারাদেশস্তথাপি নিরঙ্কুশাঃ কবয়ঃ। তথা চ মাঘকাব্যে "ববুরযুক্‌ছদগুচ্ছসুগন্ধয়ঃ সততগান্ততগানগিরোঽলিভিঃ"। নৈষধে চ "অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা" ইতি। ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ইতি নিষেধাদিনিপ্রত্যয়পক্ষোঽপি জঘন্যএব। সেনায়াং সমবেতাঃ সৈন্যাঃ। "সেনায়াং সমবেতা যে সৈন্যাস্তে সৈনিকাশ্চ তে" ইত্যমরঃ। সেনায়াবা ইতি ণ্যপ্রত্যয়ঃ। তেষাং পরিভোগেণ কাবেরীং নাম সরিতং সরিতাং পত্যুঃ সমুদ্রস্য শঙ্কনীয়াং ন বিশ্বসনীয়ামিবাকরোৎ। সম্ভোগ-লিঙ্গদর্শনাদ্ভর্ত্তুরবিশ্বাসোভবতীতি ভাবঃ ॥ ৪৫ ॥

বলৈরিতি। বিজিগীষোর্ব্বিজেতুমিচ্ছোঃ গতাধ্বনস্তস্য রঘোঃ বলৈঃ সৈন্যৈঃ। "বলং শক্তির্ব্বলং সৈন্য"মিতি যাদবঃ। মারীচেষু মরীচবনেষু উদ্‌ভ্রান্তাঃ পরিভ্রান্তাঃ হারীতাঃ পক্ষিবিশেষাঃ যাসু তাঃ। "তেষাং বিশেষা হারীতোমদ্‌গুঃ কারণ্ডবঃ প্লবঃ" ইত্যমরঃ। মলয়াদ্রেরুপত্যকাঃ আসন্নভূময়ঃ। "উপত্যকাদ্রেরাসন্না ভূমিরূর্দ্ধমধিত্যকে" ত্যমরঃ। উপাধিভ্যাং ত্যকন্নিত্যা-দিনা ত্যকন্‌প্রত্যয়ঃ। অধ্যুষিতাঃ উপত্যকাস্বুষিতমিত্যর্থঃ। উপান্বধ্যাঙ্‌-বসঃ ইতি কর্ম্মত্বম্‌ ॥ ৪৬ ॥

দিলেন। অর্থাৎ যে নদী পশ্চিমঘাটগিরি হইতে নির্গত হইয়া মহীসুর প্রদেশে প্রবাহিত হইতেছে, তাহার নাম কাবেরী। কলিঙ্গদেশ হইতে দক্ষিণ দিকে গমন করিতে হইলে কাবেরী নদী পার হইয়া যাইতে হয়। সুতরাং দিগ্বিজয়ী রঘু সসৈন্যে কাবেরী নদী পার হইয়া মহীসুরের মধ্য দিয়া যাইতে-ছিলেন। এই নিমিত্ত অবগাহন-নিরত গজ ও সৈন্যগণের মদগন্ধে নদীজল সুবাসিত হইয়াছিল বলিয়া রঘু কাবেরীপতি সমুদ্রের মনে, স্বীয় বনিতা কাবেরী হয় ত ব্যভিচারিণী হইয়া পুরুষান্তরের উপভুক্তা হইয়াছে, এই আশঙ্কা জন্মাইয়া দিয়াছিলেন ॥ ৪৫ ॥

এইরূপে বিজয়শীল রঘু অনেক পথ অতিক্রম করিয়া মলয়পর্ব্বতে উপ-নীত হইলেন এবং যে মলয়াদ্রির উপত্যকা প্রদেশের মরীচবনে হারীত

সসঞ্জুরশ্বক্ষুণ্ণানামেলানামুৎপতিষ্ণবঃ।
তুল্যগন্ধিষু মত্তেভকটেষু ফলরেণবঃ॥ ৪৭॥
ভোগিবেষ্টনমার্গেষু চন্দনানাং সমর্পিতম্।
নাস্রসৎ করিণাং গ্রৈবং ত্রিপদীচ্ছেদিনামপি॥ ৪৮॥
দিশি মন্দায়তে তেজো দক্ষিণস্যাং রবেরপি।

সসঞ্জুরিতি। অশ্বৈঃ ক্ষুণ্ণানামেলানামুৎপতিষ্ণবঃ উৎপতনশীলাঃ। অলংকৃঞিত্যাদিনা ইষ্ণুচ্প্রত্যয়ঃ। ফলরেণবঃ ফলরজাংসি তুল্যগন্ধিষু সমানগন্ধিষু। সর্ব্বধনীতিবদিন্স্তোবহুব্রীহিঃ। মত্তেভানাং কটেষু সসঞ্জুঃ সক্তাঃ। "গজগণ্ডে কটোকটা"বিতি কোষঃ॥ ৪৭॥

ভোগীতি। চন্দনানাং চন্দনদ্রুমাণাং ভোগিবেষ্টনমার্গেষু সর্পবেষ্টনাৎ নিম্নেষু সমর্পিতং সঞ্জিতং ত্রিপদীচ্ছেদিনাং পাদশৃঙ্খলচ্ছেদকানামপি। "ত্রিপদী পাদবন্ধন" মিতি যাদবঃ। করিণাং গ্রীবাসু ভবং গ্রৈবং কণ্ঠবন্ধনম্। গ্রীবাভ্যোঽণ্ চ ইত্যণ্প্রত্যয়ঃ। নাস্রসৎ ন স্রস্তমভূৎ। দ্যুদ্‌ভ্যো লুঙি ইতি পরস্মৈপদে পুষাদিত্বাদঙ্, অনিদিতাম্ ইতি নকারলোপঃ॥ ৪৮॥

দিশীতি। দক্ষিণস্যাং দিশি রবেরপি তেজোমন্দায়তে মন্দং ভবতি।

পক্ষিগণ বিচরণ করে, সেই উপত্যকা প্রদেশে তাঁহার সৈন্যগণ বাস করিতে লাগিল॥ ৪৬॥

সেই স্থানে অশ্বখুরক্ষুণ্ণ উৎপতনশীল এলা-ফলরেণু সকল মদস্রাবী মাতঙ্গগণের তুল্যগন্ধযুক্ত কপোলদেশে সংসক্ত হইল॥ ৪৭॥

ত্রিপদীচ্ছেদনশীল করিগণের গ্রীবাবন্ধন রজ্জু চন্দনতরুর সর্পবেষ্টনপথে অর্পিত হওয়ায় কোন ক্রমেই শিথিল হইতেছে না। অর্থাৎ মহারাজ রঘু সেই উপত্যকা প্রদেশে উপস্থিত হইয়া দেখিলেন, অশ্বখুরাঘাতে চূর্ণীকৃত এলালতার ফলরেণু সকল, হস্তী সকলের গণ্ডস্থলে সংলগ্ন হইতেছে এবং সর্পগণ চন্দনতরুর গাত্রবেষ্টন করিয়া থাকে বলিয়া সেই সকল স্থান নিম্ন (খাদ) হইয়া থাকে। সুতরাং মাতঙ্গগণের বন্ধনরজ্জু সেই সকল চন্দনবৃক্ষের গর্ত্ত স্থানে রুদ্ধ হওয়াতে সেই বন্ধন কিছুতেই শ্লথ হয় নাই॥ ৪৮॥

দক্ষিণদিকে সূর্য্যের তেজও মন্দীভূত হইয়া থাকে; কিন্তু তথায় রঘুর

তস্যামেব রঘোঃ পাণ্ড্যাঃ প্রতাপং ন বিষেহিরে ॥ ৪৯ ॥
তাম্রপর্ণীসমেতস্য মুক্তাসারং মহোদধেঃ।
তে নিপত্য দদুস্তস্মৈ যশঃ স্বমিব সঞ্চিতম্‌ ॥ ৫০ ॥

লোহিতাদিত্বাৎ ক্যষপ্রত্যয়ঃ বা ক্যষঃ ইত্যাত্মনেপদম্‌। দক্ষিণায়নে তেজো-মান্দ্যাদিতি ভাবঃ। তস্যামেব দিশি পাণ্ড্যাঃ পাণ্ডূনাং জনপদানাং রাজানঃ পাণ্ড্যাঃ। পাণ্ডোর্ড্যণ্‌ বক্তব্যঃ ইতি ড্যণ্‌। রঘোঃ প্রতাপং ন বিষেহিরে ন সোঢ়বন্তঃ। সূর্য্যবিজয়িনোঽপি বিজিতবানিতি নায়কস্য মহানুৎকর্ষো গম্যতে ॥ ৪৯ ॥

তাম্রপর্ণীতি। তে পাণ্ড্যাঃ তাম্রপর্ণ্যা নদ্যা সমেতস্য সঙ্গতস্য মহোদধেঃ সম্বন্ধি সঞ্চিতং মুক্তাসারং মৌক্তিকবরম্‌। "সারোবলে স্থিরাংশে চ ন্যায্যে ক্লীবং বরে ত্রিষ্বি" ত্যমরঃ। স্বং স্বকীয়ং সঞ্চিতং যশইব তস্মৈ রঘবে নিপত্য প্রণিপত্য দদুঃ। যশসঃ শুভ্রত্বাদৌপম্যম্‌। তাম্রপর্ণীসঙ্গমে মৌক্তিকোৎপত্তিরিতি প্রসিদ্ধম্‌ ॥ ৫০ ॥

প্রতাপ সমভাবেই রহিল। সুতরাং পাণ্ড্য নৃপতিগণ তাঁহার সেই প্রতাপ সহ্য করিতে সমর্থ হইলেন না। অর্থাৎ শরৎকাল দক্ষিণায়নের অন্তর্গত বলিয়া সেই সময়ে দক্ষিণদিকে রবির তেজ মন্দীভূত হয়। এদিকে রঘু সেই ক্ষীণ-তেজের সময়ে পাণ্ড্যরাজগণকে আক্রমণ করিয়া তাহাদিগকে পরাজিত করেন। এই নিমিত্তই কবি বলিতেছেন যে, মহাতেজস্বী সূর্য্যের তেজও দক্ষিণদিকস্থ পাণ্ড্যনরপতিদিগের নিকটে ক্ষীণ হইয়া থাকে; কিন্তু রঘুর তেজ হ্রাসপ্রাপ্ত হইল না। সুতরাং তাঁহারা দিগ্বিজয়ী রঘুর পরাক্রম সহ্য করিতে সমর্থ হইলেন না। পাণ্ড্যদেশ দণ্ডকারণ্যের অন্তর্গত। দাক্ষিণাত্য প্রদেশের নাম দণ্ডকারণ্য। পাণ্ড্যদেশের দক্ষিণ সীমা কুমারিকা; উত্তর সীমা বয়রু (বরগু); পূর্ব্ব সীমা সমুদ্র এবং পশ্চিম সীমা মলয়পর্ব্বত ও চেররাজ্য ॥ ৪৯ ॥

বিজিত পাণ্ড্যরাজগণ তাম্রপর্ণী-নদীসঙ্গত মহাসাগরসম্ভূত উৎকৃষ্ট মুক্তা সকল চিরসঞ্চিত স্বীয় যশের ন্যায় বিজেতা রঘুকে প্রণামপূর্ব্বক প্রদান করিতে লাগিলেন ॥ ৫০ ॥

স নির্ব্বিশ্য যথাকামং তটেম্বালীনচন্দনৌ।
স্তনাবিব দিশস্তস্যাঃ শৈলৌ মলয়দর্দ্দুরৌ ॥ ৫১ ॥
অসহ্যবিক্রমঃ সহ্যং দূরান্মুক্তমুদন্বতা।
নিতম্বমিব মেদিন্যাঃ স্রস্তাংশুকমলঙ্ঘয়ৎ ॥ ৫২ ॥
তস্যানীকৈর্ব্বিসর্পদ্ভিরপরান্তজয়োদ্যতৈঃ।

স ইতি। অসহ্যেতি চ যুগ্মমেতৎ। অসহ্যবিক্রমঃ স রঘুঃ তটেষু সানুম্বালীনচন্দনৌ ব্যাপ্তচন্দনক্রমৌ। "গন্ধসারোমলয়জোভদ্রশ্রীশ্চন্দনোঽস্ত্রিয়া" মিত্যমরঃ। স্তনপক্ষে প্রান্তেষু ব্যাপ্তচন্দনানুলেপৌ তস্যাঃ দক্ষিণস্যাঃ দিশঃ স্তনাবিব স্থিতৌ মলয়দর্দ্দুরৌ নাম শৈলৌ যথাকামং যথেচ্ছং নির্ব্বিশ্যোপভুজ্য। "নির্ব্বেশোভৃতিভোগয়ো" রিত্যমরঃ। উদকান্যস্য সন্তীত্যুদন্বানুদধিঃ। উদন্বানুদধৌ চেতি নিপাতঃ। উদন্বতা দূরান্মুক্তং দূরতস্ত্যক্তম্। স্তোকান্তিকদূরার্থকৃচ্ছ্রাণি ক্তেন ইতি সমাসঃ। পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ ইত্যলুক্। স্রস্তাংশুকং মেদিন্যাঃ নিতম্বমিব স্থিতং সহ্যং সহ্যাদ্রিম্ অলঙ্ঘয়ৎ প্রাপ্তঃ অতিক্রান্তো বা ॥ ৫১—৫২ ॥

সম্প্রতি প্রতীচীং দিশমভিযযাবিত্যাহ;—তস্যেতি। অপরান্তানাং পাশ্চাত্যানাং জয়ে উদ্যতৈরুদ্যুক্তৈঃ। "অপরান্তাস্তু পাশ্চাত্যাস্তে চ সূর্য্যরিকাদয়ঃ"

মলয় ও দর্দ্দুর পর্ব্বতের তটপ্রদেশ (সানুপ্রদেশ) চন্দনক্রমে পরিব্যাপ্ত এবং সহ্যপর্ব্বতের নিকটে সমুদ্র অবস্থিত। সুতরাং অসহ্য-বিক্রম রঘু দক্ষিণ দিকের (দাক্ষিণাত্য প্রদেশের) স্তনযুগলের ন্যায় তটপ্রদেশে চন্দনতরু সমাচ্ছন্ন মলয় ও দর্দ্দুর পর্ব্বত অভিলষিতরূপে ভোগ করিয়া মেদিনীর স্খলিত বসন নিতম্বদেশের ন্যায় অবস্থিত, সাগর কর্ত্তৃক সুদূরে পরিত্যক্ত সহ্যপর্ব্বতে উপনীত হইলেন। পশ্চিমঘাট গিরির উত্তরাংশের নাম সহ্যপর্ব্বত। এই পর্ব্বত হইতে কৃষ্ণানদী উৎপন্ন হইয়াছে ॥ ৫১—৫২ ॥

যখন রঘুসৈন্যগণ পাশ্চাত্য রাজগণকে জয় করিবার নিমিত্ত উদ্যত হইয়া গমন করিতে লাগিল, তখন বোধ হইল যেন মহাসাগর জামদগ্ন্যের অস্ত্র প্রভাবে সহ্য পর্ব্বতের নিকট হইতে অপসারিত হইলেও পুনরায় তাহার সহিত সংলগ্ন হইয়াছে। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু যখন দক্ষিণ প্রদেশ জয় করিয়া

রামাস্ত্রোৎসারিতোঽপ্যাসীৎ সহ্যলগ্ন ইবার্ণবঃ ॥ ৫৩ ॥
ভয়োৎসৃষ্টবিভূষাণাং তেন কেরলযোষিতাম্।
অলকেষু চমূরেণুশ্চূর্ণপ্রতিনিধীকৃতঃ ॥ ৫৪ ॥

ইতি যাদবঃ। বিসর্পদ্ভির্গচ্ছদ্ভিঃ তস্য রঘোরনীকৈঃ সৈন্যৈঃ। "অনীকন্তু রণে সৈন্যে" ইতি বিশ্বঃ। অর্ণবোরামস্য জামদগ্ন্যস্যাস্ত্রৈরুৎসারিতঃ পরিসারিতোঽপি সহ্যলগ্ন ইবাসীৎ। সৈন্যং দ্বিতীয়োঽর্ণব ইব দৃশ্যত ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

ভয়োৎসৃষ্টেতি। তেন রঘুণা ভয়েন উৎসৃষ্টবিভূষাণাং পরিহৃতভূষণানাং কেরলযোষিতাং কেরলাঙ্গনানামলকেষু চমূরেণুঃ সেনারজঃ চূর্ণস্য কুঙ্কুমাদি-রজসঃ প্রতিনিধীকৃতঃ। এতেন যোষিতাং পলায়নং চমূনাঞ্চ তদনুধাবনং ধ্বন্যতে ॥ ৫৪ ॥

পশ্চিম দিক্ বিজয়ার্থ সহ্য পর্ব্বতে উপনীত হইয়াছিলেন, তখন তাঁহার সাগর-সম অগণ্য সৈন্যগণ পশ্চিমপ্রদেশীয় রাজগণের সহিত সংগ্রামার্থ সুসজ্জিত হইলে বোধ হইতে লাগিল মহাসাগর যেন সহ্যাদ্রির গাত্রে সংলগ্ন হইয়াছে। প্রথিত আছে যে, পুরাকালে মহাসাগর সহ্য পর্ব্বতের নিকটবর্ত্তী ছিল; কিন্তু জমদগ্নিসুত পরশুরামের কোপানলে পতিত হইয়া তাঁহার অস্ত্র-প্রহারে সুদূরে নিক্ষিপ্ত হইয়াছিল। অতীতসাক্ষী ইতিহাস-পাঠে জানা যায় যে, পশ্চিম ঘাট পর্ব্বতকে মলয় এবং পশ্চিমঘাটের উত্তরাংশকে সহ্য-পর্ব্বত বলে ॥ ৫৩ ॥

কেরল দেশীয় মহিলাগণ মহীপাল রঘুর ভয়ে নিতান্ত ভীত হইয়া অলঙ্কার সকল পরিত্যাগ করিল এবং সৈন্যগণের পাদবিক্ষেপোত্থিত ধূলিরাশি উহা-দের অলকে নিপতিত হইয়া কুঙ্কুমাদি চূর্ণের প্রতিনিধির কার্য্য করিল। সহ্যা-দ্রির নিকটবর্ত্তী স্থানকে কেরল দেশ বলে। কেরল দেশের উত্তর সীমা সহ্যাদ্রি এবং দক্ষিণ সীমা কুমারিকা। ইহাও প্রসিদ্ধ আছে যে, মানাবার বা কানারা প্রদেশের প্রাচীন নাম কেরল। এই ঐতিহাসিক বিবরণ দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, দিগ্বিজয়ী রঘু পূর্ব্ব ও দক্ষিণ দিক্ জয় করিয়া পশ্চিম দিক্ আক্রমণ করিলেন। পক্ষান্তরে এই শ্লোকের তাৎপর্য্য এইরূপ, রঘুর ভয়ে কেরল দেশীয় মহিলাগণ আভরণ পরিত্যাগ করিয়া সতীত্ব রক্ষার্থ

মুরলামারুতোদ্ধূতমগমৎ কৈতকং রজঃ।
তদ্‌যোধবারবাণানামযত্নপটবাসতাম্ ॥ ৫৫ ॥
অভ্যভূয়ত বাহানাং চরতাং গাত্রশিঞ্জিতৈঃ।
বর্ম্মভিঃ পবনোদ্ধূতরাজতালীবনধ্বনিঃ ॥ ৫৬ ॥
খর্জ্জূরীস্কন্ধনদ্ধানাং মদোদ্গারসুগন্ধিষু।

মুরলেতি। মুরলা নাম কেরলদেশেষু কাচিন্নদী মুরবীতি কেচিৎ পঠন্তি। তস্যা মারুতেনোদ্ধূতমুত্থাপিতং কৈতকং কেতকীসম্বন্ধি রজঃ তদ্যোধবার-বাণানাং রঘুভটকঞ্চুকানাম্। "কঞ্চুকোবারবাণোঽস্ত্রী"ত্যমরঃ। অযত্নপট-বাসতাম্ অযত্নসিদ্ধবস্ত্রবাসনাদ্রব্যত্বমগমৎ। "পিষ্ঠাতঃ পটবাসক" ইত্য-মরঃ ॥ ৫৫ ॥

অভ্যভূয়তেতি। চরতাং গচ্ছতাং বাহানাং বাজিনাম্। "বাজিবাহার্ব্ব-গন্ধর্ব্বহয়সৈন্ধবসপ্তয়" ইত্যমরঃ। গাত্রশিঞ্জিতৈঃ গাত্রেষু শব্দায়মানৈঃ। কর্ত্তরি ক্তঃ। সঞ্জিতৈরিতি বা পাঠঃ সঞ্জতের্ণ্যন্তাৎকর্ম্মণি ক্তঃ। বর্ম্মভিঃ কবচৈঃ পবনেনোদ্ধূতানাং কম্পিতানাং রাজতালীবনানাং ধ্বনিরভ্যভূয়ত তিরস্কৃতঃ। মর্ম্মরইতি পাঠে বাহানাং গাত্রশিঞ্জিতৈঃ গাত্রধ্বনিভিরিত্যর্থঃ। মর্ম্মরঃ মরমরায়মাণইতি ধ্বনের্ব্বিশেষণম্ ॥ ৫৬ ॥

খর্জ্জূরীতি। খর্জ্জূরীণাং তৃণদ্রুমবিশেষাণাম্। "খর্জ্জূরঃ কেতকী তালী

পলায়নপরায়ণা হইয়াছিল। পলায়ন সময়ে পশ্চাৎবর্ত্তী সৈন্যগণ কতদূরে আসিয়াছে, ইহা দর্শনেচ্ছু হইয়া গ্রীবা পরিবর্ত্তন করাতে রঘুসৈন্যের সম্মুখ-বর্ত্তী রজোরাশি নারীগণের অলকে পতিত হইয়াছিল ॥ ৫৪ ॥

কেতকী পুষ্পের রেণু সকল, মুরলা নদীর শীতল মারুত-হিল্লোলে উত্থিত ও রঘুর যোদ্ধৃবর্গের কঞ্চুকে (অঙ্গত্রাণে) নিপতিত হইয়া, তাহাদের অযত্ন-সুলভ পটবাসের (গন্ধচূর্ণের) কার্য্য সম্পাদন করিল ॥ ৫৫ ॥

গমন কালে অশ্বগণের গাত্রস্থ বর্ম্ম শব্দায়মান হইয়া বাতকম্পিত রাজ-তালীবনের মর্ম্মর ধ্বনিকে পরাভূত করিল। অর্থাৎ যুদ্ধের অশ্বগণের শরীর রক্ষার্থ লৌহ পত্রে নির্ম্মিত যে গাত্রাবরণ থাকে, তাহারই শব্দ সেই সময়ে শ্রুত হইতেছিল ; কিন্তু তালীবনের ধ্বনি কর্ণগোচর হইল না ॥ ৫৬ ॥

কটেষু করিণাং পেতুঃ পুন্নাগেভ্যঃ শিলীমুখাঃ ॥ ৫৭ ॥
অবকাশং কিলোদন্বান্ রামায়াভ্যর্থিতোদদৌ।
অপরান্তমহীপালব্যাজেন রঘবে করম্ ॥ ৫৮ ॥

খর্জ্জূরী চ তৃণদ্রুমা" ইত্যমরঃ। স্কন্ধেষু প্রকাণ্ডেষু। "অস্ত্রী প্রকাণ্ডঃ স্কন্ধঃ স্যান্মূলাচ্ছাখাবধেস্তরো" রিত্যমরঃ। নদ্ধানাং করিণাং মদোদ্গারেণ মদস্রাবেণ সুগন্ধিষু। গন্ধস্যেত্যাদিনা ইকারঃ। কটেষু গণ্ডেষু পুন্নাগেভ্যঃ নাগকেশরেভ্যঃ পুন্নাগপুষ্পাণি বিহায়। ল্যব্‌লোপে পঞ্চমী। শিলীমুখাঃ অলয়ঃ পেতুঃ "অলিবাণৌ শিলীমুখা" বিত্যমরঃ। ততোঽপি সৌগন্ধ্যাতিশয়াদিতি ভাবঃ ॥ ৫৭ ॥

অবকাশমিতি। উদন্বানুদধিঃ রামায় জামদগ্ন্যায় অভ্যর্থিতো যাচিতঃ সন্ অবকাশং স্থানং দদৌ কিলেতি প্রসিদ্ধৌ। রঘবে তু অপরান্তমহীপালব্যাজেন করং বলিং দদৌ। "বলিহস্তাংশবঃ করাঃ" ইত্যমরঃ। অপরান্তানাং সমুদ্রমধ্যদেশবর্ত্তিত্বাৎ তৈর্দ্দত্তে করে সমুদ্রদত্তত্বোপচারঃ। করদানঞ্চ ভীত্যা ন তু যাচ্ঞয়েতি রামাদ্রঘোরুৎকর্ষঃ ॥ ৫৮ ॥

অলিকুল নাগকেশরপুষ্প পরিত্যাগ করিয়া খর্জ্জূরবৃক্ষের স্কন্ধদেশে সংবদ্ধ মাতঙ্গগণের মদস্রাবে সুগন্ধী গণ্ডস্থলে নিপতিত হইতে লাগিল ॥ ৫৭ ॥

রত্নাকর (সমুদ্র) জামদগ্ন্য কর্ত্তৃক প্রার্থিত হইয়াই তাঁহাকে স্থান প্রদান করিয়াছিলেন; কিন্তু দিলীপনন্দন রঘুকে পাশ্চাত্য মহীপালের ছলে যেন সমুদ্র স্বয়ংই করপ্রদান করিলেন। অর্থাৎ সমুদ্র পরশুরামের অস্ত্রাঘাতেই স্থান পরিত্যাগ করিয়া দূরে প্রস্থান করিয়াছিল; কিন্তু রঘুর নাম শ্রবণমাত্রেই ভীত হইয়া বিনা যুদ্ধে কর প্রদান করিলেন। সুতরাং পরশুরামাপেক্ষা রঘুর অধিকতর উৎকর্ষ সূচিত হইল। এই স্থলে এই সন্দেহ উপস্থিত হইতে পারে যে, সমুদ্রের করপ্রদান কি প্রকারে সম্ভবে? সত্য বটে; উহার প্রকৃত তাৎপর্য্য এই যে, পাশ্চাত্য-দেশে গুজ্‌রাটের নিকটবর্ত্তী সমুদ্রগর্ভে যে দ্বীপ আছে, তত্রত্য রাজগণই বিনাযুদ্ধে রঘুর বশ্যতা স্বীকার করিয়া করপ্রদান করিয়াছিল। সমুদ্রবাসিগণ করপ্রদান করায় সমুদ্রেরই যেন দেওয়া হইল; ইহাই কবির মনের ভাব প্রকাশ পাইতেছে ॥ ৫৮ ॥

মত্তেভরদনোৎকীর্ণব্যক্তবিক্রমলক্ষণম্।
ত্রিকূটমেব তত্রোচ্চৈর্জ্জয়স্তম্ভং চকার সঃ ॥ ৫৯ ॥
পারসীকাংস্ততো জেতুং প্রতস্থে স্থলবর্ত্মনা।
ইন্দ্রিয়াখ্যানিব রিপূংস্তত্ত্বজ্ঞানেন সংযমী ॥ ৬০ ॥
যবনীমুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ।

মত্তেতি। তত্র স রঘুঃ মত্তানামিভানাং রদনোৎকীর্ণানি দন্তক্ষতান্যেব ভাবে ক্তঃ। ব্যক্তানি স্ফুটানি বিক্রমলক্ষণানি পরাক্রমচিহ্নানি বিজয়বর্ণাবলিস্থানানি যস্মিন্ তং তথোক্তং ত্রিকূটমেব উচ্চৈর্জ্জয়স্তম্ভং চকার। গাঢ়প্রকাশস্ত্রিকূটোঽদ্রিরেবোৎকীর্ণবর্ণস্তম্ভ ইব রঘোর্জ্জয়স্তম্ভোঽভূদিত্যর্থঃ ॥ ৫৯ ॥

পারসীকানিতি। ততঃ স রঘুঃ সংযমী যোগী তত্ত্বজ্ঞানেনেন্দ্রিয়াখ্যানিন্দ্রিয়নামকান্ রিপূনিব পারসীকান্ রাজ্ঞোজেতুং স্থলবর্ত্মনা প্রতস্থে ন তু নির্দ্দিষ্টেনাপি জলপথেন সমুদ্রযানস্য নিষিদ্ধত্বাদিতি ভাবঃ ॥ ৬০ ॥

যবনীতি। স রঘুঃ যবনীনাং যবনস্ত্রীণাম্। জাতেরস্ত্রীবিষয়াদয়োপধাৎ ইতি ঙীষ্। মুখানি পদ্মানীব মুখপদ্মানি উপমিতসমাসঃ, তেষাং মধুনা মদ্যেন যোমদোমদরাগঃ। কার্য্যকারণভাবয়োরভেদেন নির্দ্দেশঃ। তং ন সেহে কমিব

সেই সময়ে উন্নত ত্রিকূটপর্ব্বত রাজা রঘুর জয়স্তম্ভের কার্য্য করিতে লাগিল এবং তাহাতে হস্তিগণের দশন-ক্ষতস্থানই বিজয়বর্ণাবলী বলিয়া স্পষ্ট লক্ষিত হইতে লাগিল ॥ ৫৯ ॥

অনন্তর যেমন যোগী ইন্দ্রিয়াখ্য রিপুগণকে পরাজয় করিবার নিমিত্ত তত্ত্বজ্ঞান অবলম্বন করেন, তদ্রূপ পারস্যদেশীয়দিগকে জয় করিবার নিমিত্ত রঘু স্থলপথে গমন করিলেন। অর্থাৎ তত্ত্বজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ জ্ঞানবলে যেরূপ ইন্দ্রিয় জয় করিয়া থাকেন, তদ্রূপ মহারাজ রঘুও স্বকীয় তেজঃপ্রভাবে পারস্যদেশের রাজাদিগকে জয় করিবার নিমিত্ত আফগানিস্থান দিয়া পারস্য দেশে প্রস্থান করিলেন ॥ ৬০ ॥

অকালোদিত জলদমালা যেমন পদ্মের আরক্ত প্রভাসম্পাদক বাল তপনের কিরণ সহ্য করিতে সমর্থ হয় না; রঘুও সেইরূপ যবনীগণের বদনকমলের মদ-রাগ সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ জয়শীল রঘু যবনস্ত্রীদিগের

বালাতপমিবাব্জানামকালজলদোদয়ঃ ॥ ৬১ ॥
সংগ্রামস্তুমুলস্তস্য পাশ্চাত্যৈরশ্বসাধনৈঃ।
শার্ঙ্গকূজিতবিজ্ঞেয়প্রতিযোধে রজস্যভূৎ ॥ ৬২ ॥

অকালে প্রাবৃড্‌ব্যতিরিক্তে কালে জলদোদয়ঃ প্রায়েন প্রাবৃষি পদ্মবিকাশস্যাপ্রসক্তত্বাৎ। অব্জানাং সম্বন্ধিনং বালাতপমিব অব্জহিতত্বাদব্জসম্বন্ধিত্বং সৌরাতপস্য ॥ ৬১ ॥

সংগ্রামইতি। তস্য রঘোরশ্বসাধনৈঃ বাজিসৈন্যৈঃ। "সাধনং সিদ্ধিসৈন্যয়ো" রিতি হৈমঃ। পাশ্চাত্যৈর্যবনৈঃ সহ। দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্ ইতি ত্যক্। সহার্থে তৃতীয়া। শৃঙ্গাণাং বিকারাঃ শার্ঙ্গাণি ধনূংষি তেষাং কূজিতৈঃ শব্দৈঃ। "শার্ঙ্গং পুনর্দ্ধনুষি শার্ঙ্গিণঃ। জয়ে স শৃঙ্গরচিতে চাপেঽপ্যাহ বিশেষত" ইতি কেশবঃ। অথবা শার্ঙ্গৈঃ শৃঙ্গসম্বন্ধিভিঃ কূজিতৈঃ বিজ্ঞেয়া অনুমেয়াঃ প্রতিযোধাঃ প্রতিভটা যস্মিন্ তস্মিন্ রজসি তুমুলঃ সংগ্রামঃ সঙ্কুলং যুদ্ধমভূৎ। "তুমুলং রণসঙ্কুল" ইত্যমরঃ ॥ ৬২ ॥

স্বামিগণকে সমরে বধ করিলেন। সুতরাং তাহাদের স্ত্রীগণ স্বামীর শোকে কাতর হইয়া মদ্যপান পরিত্যাগ করিল; এই নিমিত্তই বলা যাইতে পারে যে, যবনস্ত্রীগণের মদ্যপানজনিত মুখের আরক্তিম কান্তি তিনি সহ্য করিতে না পারিয়াই তাহাদের পতিদিগকে নিহত করিয়াছিলেন ॥ ৬১ ॥

পারস্যদেশে অশ্বসেনাসম্পন্ন যবনদিগের সহিত তাঁহার তুমুল সংগ্রাম উপস্থিত হইল। তৎকালে রণস্থল ধূলিরাশি দ্বারা সমাচ্ছন্ন হওয়াতে একমাত্র শরাসনের টঙ্কার শব্দে প্রতিযোদ্ধৃগণ অনুমিত হইতে লাগিল। অর্থাৎ যবনদিগের সহিত ঈদৃশ ঘোরতর সংগ্রাম হইতে লাগিল, তাহাতে অশ্বখুরোৎক্ষিপ্ত ধূলিপটল এইরূপ গাঢ়ভাব ধারণ করিল যে, তৎকর্তৃক সমস্ত দিঙ্মণ্ডল ও সূর্য্যকিরণ অবরুদ্ধ হইল, তন্নিবন্ধন রণস্থলে লোকের দৃষ্টি সংরুদ্ধ হওয়াতে কেবল যে যে স্থানে ধনুকের শব্দ কর্ণগোচর হইতে লাগিল, সেই সেই স্থানে যোদ্ধা বিদ্যমান আছে, এই অনুমান করিয়া প্রতিযোদ্ধার দিকে প্রধাবিত হইতে লাগিল। সুতরাং তথায় স্বপক্ষ ও বিপক্ষের কোনরূপ ভেদ ছিল না ॥ ৬২ ॥

ভল্লাপবর্জ্জিতৈস্তেষাং শিরোভিঃ শ্মশ্রুলৈর্ম্মহীম্।
তস্তার সরঘাব্যাপ্তৈঃ স ক্ষৌদ্রপটলৈরিব ॥ ৬৩ ॥
অপনীতশিরস্ত্রাণাঃ শেষাস্তং শরণং যযুঃ।
• প্রণিপাতপ্রতীকারঃ সংরম্ভো হি মহাত্মনাম্ ॥ ৬৪ ॥

ভল্লেতি। স রঘুঃ ভল্লাপবর্জ্জিতৈঃ বাণবিশেষকৃত্তৈঃ। "স্নুহীদল ফলো-ভল্ল"ইতি যাদবঃ। শ্মশ্রুলৈঃ প্রবৃদ্ধমুখরোমবদ্ভিঃ। সিধ্মাদিভ্যশ্চ ইতি লচ্-প্রত্যয়ঃ। তেষাং পাশ্চাত্যানাং শিরোভিঃ সরঘাভির্ম্মধুমক্ষিকাভির্ব্যাপ্তৈঃ "সরঘা মধুমক্ষিকে"ত্যমরঃ। ক্ষুদ্রাঃ সরঘাঃ "ক্ষুদ্রা ব্যঙ্গা নটী বেশ্যা সরঘা কণ্টকারিকে"ত্যমরঃ। ক্ষুদ্রাভিঃ কৃতানি ক্ষৌদ্রাণি মধূনি। "মধু ক্ষৌদ্রং মাক্ষিকাদী"ত্যমরঃ। ক্ষুদ্রাভ্রমরবটরপাদপাদঞ্ ইতি সংজ্ঞায়ামঞ্প্রত্যয়ঃ। তেষাং পটলৈঃ সঞ্চয়ৈরিব। "পটলং তিলকে নেত্ররোগে ছন্দসি সঞ্চয়ে। পিটকে পরিবারে চে"তি হৈমঃ। মহীং তস্তার আচ্ছাদয়ামাস ॥ ৬৩ ॥

অপনীতেতি। শেষাঃ হতাবশিষ্টাঃ অপনীতশিরস্ত্রাণা অপসারিতশীর্ষণ্যাঃ সন্তঃ। "শীর্ষকং শীর্ষণ্যঞ্চ শিরস্ত্রে" ইত্যমরঃ। শরণাগতলক্ষণমেতৎ। তং রঘুং শরণং যযুঃ তথাহি মহাত্মনাং সংরম্ভঃ কোপঃ। "সংরম্ভঃ সম্ভ্রমে কোপ" ইতি বিশ্বঃ। প্রণিপাতঃ প্রণতিরেব প্রতীকারো যস্য সঃ। মহতাং পরকীয়মৌদ্ধত্য-মেবাসহ্যং ন তু জীবিতমিতি ভাবঃ ॥ ৬৪ ॥

অনন্তর রঘু যবনদিগের মধুমক্ষিকা-পরিব্যাপ্ত মধুচক্র (মৌচাক) সদৃশ শ্মশ্রুরাজি-বিরাজিত মুণ্ড সকল ভল্লাস্ত্রে ছেদন করিয়া রণস্থল সমাচ্ছন্ন করি-লেন। অর্থাৎ মধুমক্ষিকা-পরিব্যাপ্ত মধুচক্রের ন্যায় বীরেন্দ্র রঘুর ভল্লাস্ত্রে বিচ্ছিন্ন শ্মশ্রুবিরাজিত মস্তক সকল রণক্ষেত্র আচ্ছন্ন করিল ॥ ৬৩ ॥

হতাবশিষ্ট যবনগণ শিরস্ত্রাণ অপনীত করিয়া তাঁহার শরণাগত হইল। মহাত্মাদিগের ক্রোধ প্রণিপাত দ্বারাই প্রশমিত হইয়া থাকে। অর্থাৎ যবন-দিগের কিছু সৈন্য সংগ্রামে বিনষ্ট হইলে তাহারা রঘুর বশ্যতা স্বীকার করিলে তিনি যুদ্ধ হইতে বিরত হইয়া তাহাদিগকে অভয়প্রদান করিলেন। কারণ শরণাগতের প্রতি অনুগ্রহ প্রকাশই মহাজনের লক্ষণ ॥ ৬৪ ॥

বিনয়ন্তে স্ম তদ্যোধা মধুভির্ব্বিজয়শ্রমম্।
আস্তীর্ণাজিনরত্নাসু দ্রাক্ষাবলয়ভূমিষু ॥ ৬৫ ॥
ততঃ প্রতস্থে কৌবেরীং ভাস্বানিব রঘুর্দ্দিশম্।
শরৈরুস্রৈরিবোদীচ্যানুদ্ধরিষ্যন্ রসানিব ॥ ৬৬ ॥
বিনীতাধ্বশ্রমাস্তস্য সিন্ধুতীরবিচেষ্টনৈঃ।

বিনয়ন্ত ইতি। তস্য রঘোর্যোধাঃ ভটাঃ আস্তীর্ণান্যজিনরত্নানি চর্ম্মশ্রেষ্ঠানি যাসু তাসু দ্রাক্ষাবলয়ানাং ভূমিষু। "মৃদ্বীকা গোস্তনী দ্রাক্ষা স্বাদ্বী মধুরসেতি চে"ত্যমরঃ। মধুভির্দ্রাক্ষাফলপ্রকৃতিকৈর্ম্মদ্যৈঃ বিজয়শ্রমং যুদ্ধখেদং বিনয়ন্তে স্ম অপনীতবন্তঃ। কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি ইত্যাত্মনেপদম্ লট্ স্মে ইতি ভূতার্থে লট্॥ ৬৫ ॥

ততইতি। ততোরঘুঃ ভাস্বান্ সূর্য্যইব শরৈর্ব্বাণৈঃ উস্রৈঃ কিরণৈরিব। "কিরণোস্রময়ূখাংশুগভস্তিঘৃণিধৃষ্ণয়ঃ" ইত্যমরঃ। উদীচ্যানুদগ্‌ভবান্ নৃপান্ রসানুদকানীব উদ্ধরিষ্যন্ কৌবেরীং কুবেরসম্বন্ধিনীং দিশমুদীচীং প্রতস্থে। অনেকেনেব শব্দেনেয়মুপমা যথাহ দণ্ডী "একানেকেবশব্দত্বাৎ সা বাক্যার্থোপমা দ্বিধে"তি॥ ৬৬ ॥

বিনীতেতি। সিন্ধুর্নাম কাশ্মীরদেশেষু কশ্চিন্নদবিশেষঃ। "দেশে নদবিশেষেঽব্ধৌ সিন্ধুর্না সরিতি স্ত্রিয়া"মিত্যমরঃ। সিন্ধোস্তীরে বিচেষ্টনৈরঙ্গপরিবর্ত্তনৈর্বিনীতাধ্বশ্রমাঃ তস্য রঘোর্বাজিনোঽশ্বাঃ লগ্নাঃ কুঙ্কুমকেশরাঃ কুঙ্কুম-

---

তদনন্তর রঘুর যোদ্ধৃগণ দ্রাক্ষালতা-বেষ্টিত ভূভাগে উৎকৃষ্ট চর্ম্মাসন বিস্তার করিয়া মদ্যপানে বিজয়শ্রম অপনয়ন করিতে লাগিল॥ ৬৫ ॥

মহারাজ রঘু কর্ত্তৃক এইরূপে পশ্চিমপ্রদেশ বিজিত হইলে উত্তরাভিমুখী সূর্য্য যেমন কর-নিকরে পৃথিবীর রস আকর্ষণ করেন, রঘুও সেইরূপ শরসমূহে উত্তরদেশীয় ভূপালগণকে পদচ্যুত করিবার নিমিত্ত উত্তরাভিমুখে গমন করিলেন। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু পশ্চিমদিগস্থ পারস্যদেশ জয় করিয়া ভারতের উত্তর সীমাস্থ রাজগণকে পরাজয় করিবার নিমিত্ত সিন্ধুনদের তীরে উপনীত হইলেন॥ ৬৬ ॥

তাঁহার অশ্বগণ কাশ্মীরদেশে প্রবাহিত সিন্ধুনদের তীরে গাত্রাবলুণ্ঠন দ্বারা

ছুধুবুর্ব্বাজিনঃ স্কন্ধান্ লগ্নকুঙ্কুমকেশরান্ ॥ ৬৭ ॥
তত্র হূণাবরোধানাং ভর্ত্তৃষু ব্যক্তবিক্রমম্।
কপোলপাটলাদেশি বভূব রঘুচেষ্টিতম্ ॥ ৬৮ ॥
কাম্বোজাঃ সমরে সোঢ়ুং তস্য বীর্য্যমনীশ্বরাঃ।

কুসুমকিঞ্জল্কাঃ যেষাং তান্ যদ্বা লগ্নকুঙ্কুমাঃ কেশরাঃ সটা যেষাং তান্। "অথ কুঙ্কুমং কাশ্মীরজন্মে"ত্যমরঃ। "কেশরোনাগকেশরে তুরঙ্গসিংহয়োঃ স্কন্ধকেশেষু বকুলদ্রুমে। পুন্নাগবৃক্ষে কিঞ্জল্কে স্যাৎ" ইতি হৈমঃ। স্কন্ধান্ কায়ান্। "স্কন্ধঃ প্রকাণ্ডে কায়েংংসে বিজ্ঞানাদিষু পঞ্চসু। নৃপে সমূহে ব্যূহে চে"তি হৈমঃ। দুধুবুঃ কম্পয়ন্তি স্ম ॥ ৬৭ ॥

তত্রেতি। তত্রোদীচ্যাং দিশি ভর্ত্তৃষু ব্যক্তবিক্রমং ভর্ত্তৃবধেন স্ফুটপরাক্রমমিত্যর্থঃ। রঘুচেষ্টিতং রঘুব্যাপারঃ হূণা জনপদাখ্যাঃ ক্ষত্রিয়াঃ তেষামবরোধাঃ অন্তঃপুরস্ত্রিয়ঃ তাসাং কপোলেষু পাটলস্য পাটলিম্নঃ তাড়নাদিকৃতারুণ্যস্য আদেশি উপদেশকং বভূব। অথবা পাটলঃ আদেশী আদেষ্টা যস্য তদ্বভূব স্বয়ং লেখ্যাপ্যত ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

কাম্বোজাইতি। কাম্বোজা রাজানঃ সমরে তস্য রঘোর্বীর্য্যং প্রভাবম্ "বীর্য্যং তেজঃ প্রভাবয়ো"রিতি হৈমঃ। সোঢ়ুমনীশ্বরাঃ অশক্তাঃ সন্তঃ

পথশ্রম অপনয়ন করিয়া কুঙ্কুমরজে রঞ্জিত কেশর হইয়া স্কন্ধদেশ কম্পিত করিতে লাগিল ॥ ৬৭ ॥

উত্তর দিকে রঘুর পরাক্রম হূণরমণীগণের পতিনিধনে এইরূপ ব্যক্ত হইয়াছিল যে, উহাদিগের কপোলদেশে করাঘাতজনিত পাটলবর্ণের কারণ হইয়াছিল। অর্থাৎ রঘুর সহিত সংগ্রামে হূণজনপদবাসী ব্যক্তিগণ নিধনপ্রাপ্ত হইলে, তাহাদের অন্তঃপুরচারিণী স্ত্রীগণ রোদনপরায়ণা হইয়া কপোলদেশে করাঘাত করিতে লাগিল। তাহাতে তাহাদের গণ্ডদেশ সকল পাটলবর্ণ ধারণ করে। সুতরাং হূণদেশবাসী ক্ষত্রিয়দিগের প্রতি রঘু কি প্রকার বিক্রম প্রকাশ করিয়াছিলেন, তাহা মহিলাগণের কপোলপ্রদেশ দর্শনেই পরিজ্ঞাত হওয়া যাইত ॥ ৬৮ ॥

কাম্বোজদেশীয় রাজগণ সমরে রঘুর পরাক্রম সহ্য করিতে একান্ত অসমর্থ

গজালানপরিক্লিষ্টৈরক্ষোটৈঃ সার্দ্ধমানতাঃ ॥ ৬৯ ॥
তেষাং সদশ্বভূয়িষ্ঠাস্তুঙ্গা দ্রবিণরাশয়ঃ।
উপদা বিবিশুঃ শশ্বন্নোৎসেকাঃ কোশলেশ্বরম্ ॥ ৭০ ॥
ততোগৌরীগুরুং শৈলমারুরোহাশ্বসাধনঃ।

গজানামালানং বন্ধনম্। ভাবে ল্যুটি বিভাষা লীয়তে ইত্যাত্বম্। তেন পরিক্লিষ্টৈঃ পরিক্ষতৈরক্ষোটৈর্ব্বৃক্ষবিশেষৈঃ সার্দ্ধমানতাঃ ॥ ৬৯ ॥

তেষামিতি। তেষাং কাম্বোজানাং সদ্ভিরশ্বৈঃ ভূয়িষ্ঠা বহুলাস্তুঙ্গাঃ দ্রবিণানাং হিরণ্যানাম্। "হিরণ্যং দ্রবিণং দ্যুম্নম্" ইত্যমরঃ। রাশয় এবোপদা উপায়নানি। "উপায়নমুপগ্রাহ্যমুপহারস্তথোপদ" ইত্যমরঃ। কোশলেশ্বরং কোশলদেশাধিপতিং তং রঘুং শশ্বদসকৃৎ। "মুহুঃ পুনঃপুনঃ শশ্বদভীক্ষ্ণমসকৃৎ-সমা" ইত্যমরঃ। বিবিশুঃ তথাপি উৎসেকাঃ গর্ব্বাস্তু ন বিবিশুঃ সত্যপি গর্ব্ব-কারণে ন জগর্ব্বেত্যর্থঃ ॥ ৭০ ॥

ততইতি। ততোঽনন্তরম্ অশ্বসাধনঃ সন্ গৌর্য্যাগুরুং পিতরং শৈলং হিমবন্তম্ উদ্ধূতৈরশ্বখুরোদ্ধূতৈঃ ধাতূনাং গৈরিকাদীনাং রেণুভিস্তৎকূটাংস্তস্য

হইয়া তদীয় গজবন্ধনে আনত অক্ষোট বৃক্ষ সকলের ন্যায় তাঁহার নিকটে অবনত হইলেন ॥ ৬৯ ॥

তত্রত্য রাজগণের প্রদত্ত উৎকৃষ্ট অশ্ব এবং হিরণ্যসম্ভারপূর্ণ উপহার নিরন্তর তাঁহার নিকটে আসিতে লাগিল; কিন্তু অহঙ্কার প্রবেশলাভ করিতে সমর্থ হইল না। অর্থাৎ দিগ্বিজয়ী রঘু নানাবিধ বহুমূল্য রত্নরাশি উপঢৌকন-স্বরূপ প্রাপ্ত হইয়াও অহঙ্কৃত হইলেন না। বর্ত্তমান সময়ে "কাম্বোজ" এই প্রাচীননামা প্রদেশ নির্ব্বাচন করা সুকঠিন। তবে বহু গবেষণা দ্বারা এই বলা যাইতে পারে যে, হিন্দুকুশ পর্ব্বতে কৌমজি, কামতেজী ও কামোজ প্রভৃতি কতিপয় সিয়াপোষ জাতি বাস করিয়া থাকে, হয়ত তারাই কাম্বোজ। কারণ, এইরূপ জনশ্রুতি আছে যে, উল্লিখিত অধিবাসিগণ মুসলমানদিগের ভয়ে কান্দাহার-সন্নিহিত দেশ হইতে পলায়নপর হইয়া হিন্দুকুশ পর্ব্বতে আশ্রয় লইয়াছে ॥ ৭০ ॥

অনন্তর রঘু অশ্বারোহী সৈন্য সমভিব্যাহারে গৌরীগুরু নামক পর্ব্বতে

বর্দ্ধয়ন্নিব তৎকূটানুদ্ধূতৈর্ধাতুরেণুভিঃ ॥ ৭১ ॥
শশংস তুল্যসত্বানাং সৈন্যঘোষেঽপ্যসম্ভ্রমম্।
গুহাশয়ানাং সিংহানাং পরিবৃত্ত্যাবলোকিতম্ ॥ ৭২ ॥
ভূর্জ্জেষু মর্ম্মরীভূতাঃ কীচকধ্বনিহেতবঃ।

শৃঙ্গাণি। "কূটোঽস্ত্রী শিখরং শৃঙ্গম্" ইত্যমরঃ। বর্দ্ধয়ন্নিব আরুরোহ। উৎপতদ্ধূলিদর্শনাদ্গিরিশিখরবৃদ্ধিভ্রমোঽজায়তেতি ভাবঃ ॥ ৭১ ॥

এই অঙ্গনাথ শত্রুরমণীগণের কণ্ঠহার উন্মোচিত করিয়া তাহাদিগের স্তনযুগলে মুক্তাফল সদৃশ স্থূলতম অশ্রুবিন্দু বিস্তারপূর্ব্বক বিনাসূত্রে গ্রথিত হার প্রত্যর্পণ করিয়াছেন। অর্থাৎ যখন অঙ্গরাজ শত্রুবধ করিয়া তাহাদের বৈধব্যদশাজনিত রিক্তকণ্ঠ মহিলাগণের স্তনযুগলে শোকাশ্রুবিন্দু পাতিত করিলেন, তখন বোধ হইতে লাগিল, যেন ভর্ত্তৃবিয়োগ-বিধুরা রমণীগণ স্তনযুগলে বিনাসূত্রে গ্রথিত মৌক্তিকহার পরিধান করিয়াছে॥ ২৮॥

লক্ষ্মী ও সরস্বতী স্বভাবতই বিভিন্ন স্থানে বাস করেন; সংপ্রতি তাঁহারা সেই চির বিরোধ পরিহার পূর্ব্বক উভয়েই এই অঙ্গনাথকে আশ্রয় করিয়াছেন; হে কল্যাণি! তুমি প্রিয়-হিত বাক্য ও সৌন্দর্য্যগুণে লক্ষ্মী এবং সরস্বতীর

অথাঙ্গরাজাদবতার্য্য চক্ষু-
র্য্যাহীতি জন্যামবদৎ কুমারী।
নাসৌ ন কাম্যো ন চ বেদ সম্যক্
দ্রষ্টুং ন সা ভিন্নরুচির্হি লোকঃ॥ ৩০॥

অথেতি। অথ কুমারী অঙ্গরাজাচ্চক্ষুরবতার্য্য অপনীয়েত্যর্থঃ, জন্যাং মাতৃ-সখীং সুনন্দাং যাহি গচ্ছেত্যবদৎ। অথবা জনীং বধূং বহন্তীতি জন্যাঃ বধূবন্ধবঃ তান্ যাত গচ্ছতেত্যবদৎ। "জন্যা মাতৃসখীমুদোঃ", "জন্যোবরবধূজ্ঞাতিপ্রিয়-তুল্যহিতেঽপি চ" ইতি পক্ষদ্বয়ে বিশ্বঃ। অথবা জন্যা বধূভৃত্যাঃ। "ভৃত্যাশ্চাপি নবোঢ়ায়া" ইতি কেশবঃ। সংজ্ঞায়াং জন্যা ইতি যৎপ্রত্যয়ান্তোনিপাতঃ। যদত্রাহ বৃত্তিকারঃ "জনীং বধূং বহন্তীতি জন্যা জামাতুর্ব্বয়স্যা" ইতি, যচ্চামরঃ "জন্যাঃ স্নিগ্ধা বরস্য যে" ইতি তৎসর্ব্বমুপলক্ষণার্থমিত্যবিরোধঃ। ন চায়মঙ্গরাজ নিষে-ধোদৃশ্য-দোষান্নাপি দ্রষ্টৃদোষাদিত্যাহ নেত্যাদিনা অসাবঙ্গরাজঃ কাম্যঃ কম-নীয়ো নেতি ন, কিন্তু কাম্যএবেত্যর্থঃ, সা কুমারী চ সম্যক্ দ্রষ্টুং বিবেক্তুং ন বেদেতি ন, বেদেত্যর্থঃ। কিন্তু লোকো জনো ভিন্নরুচির্হি রুচিরমপি কিঞ্চিৎ কস্মৈচিন্ন রোচতে কিং কুর্ম্মো ন হীচ্ছা নিয়ন্তুং শক্যতইত্যর্থঃ॥ ৩০॥

সহিত বাসের যোগ্য হইয়াছ; অতএব এক্ষণে তাঁহাদের তৃতীয় সপত্নী হও॥ ২৯॥

তখন ইন্দুমতী অঙ্গরাজ হইতে চক্ষুঃঅবতারিত করিয়া চল বলিয়া সেই মাতৃসখী সুনন্দাকে গমনে আদেশ করিলেন। এই অঙ্গরাজ যে অঙ্গনাদিগের কাম্য নহেন, এরূপ নহে; কুমারীও যে বিচার চতুরা নহেন, তাহাও নহে; কিন্তু লোকের রুচি স্বভাবতঃ ভিন্ন হইয়া থাকে। অর্থাৎ দ্বারপালিকার বাক্য-শেষ হইলে, রাজকুমারী অঙ্গরাজ হইতে দৃষ্টি অপসারিত ও উপেক্ষা প্রদর্শন পূর্ব্বক সুনন্দাকে চল বলিয়া গমন করিতে আদেশ করিলেন। এস্থলে বিচার্য্য বিষয় এই যে, অঙ্গনাথের কোনরূপ দোষ দেখিয়াই যে ইন্দুমতী তাঁহাকে বরণ করিলেন না, এরূপ নহে। কারণ, রাজা রূপবান্ ও গুণবান্ ছিলেন; তবে ইন্দুমতীই যে দোষগুণ বিচারে অসমর্থা, এরূপও ছিলেন না; কারণ তিনিও শিক্ষিতা। এরূপাবস্থায় রাজকুমারীর অন্তঃকরণ অঙ্গরাজের প্রতি আকৃষ্ট না হওয়ার কারণ এই যে, লোকের রুচি বিভিন্নরূপ। অধিকাংশ লোকে, যে

ততঃ পরং দুষ্প্রসহং দ্বিষদ্ভি-
র্নৃপং নিযুক্তা প্রতিহারভূমৌ।
নিদর্শয়ামাস বিশেষদৃশ্য-
মিন্দুং নবোত্থানমিবেন্দুমত্যৈ ॥ ৩১ ॥
অবন্তিনাথোঽয়মুদগ্রবাহু-
র্ব্বিশালবক্ষাস্তনুবৃত্তমধ্যঃ।

ততইতি। ততোঽনন্তরং প্রতিহারভূমৌ দ্বারদেশে নিযুক্তা দৌবারিকী। "স্ত্রী দ্বার্দ্বারং প্রতীহার" ইত্যমরঃ। দ্বিষদ্ভিঃ শত্রুভিঃ দুষ্প্রসহং দুঃসহং শূরমিত্যর্থঃ, বিশেষেণ দৃশ্যং দর্শনীয়ং রূপবন্তমিত্যর্থঃ, পরমন্যং নৃপং নবোত্থানং নবোদয়মিন্দুমিব ইন্দুমত্যৈ নিদর্শয়ামাস ॥ ৩১ ॥

অবন্তীতি। উদগ্রবাহুর্দীর্ঘবাহুঃ বিশালবক্ষাঃ তনুবৃত্তমধ্যঃ কৃশবর্ত্তুলমধ্যোঽয়ং রাজা অবন্তিনাথঃ অবন্তিদেশাধীশ্বরঃ ত্বষ্ট্রা বিশ্বকর্ম্মণা। ভর্ত্তুস্তেজোবেগমসহমানয়া দুহিত্রা সংজ্ঞাদেব্যা প্রার্থিতেনেতি শেষঃ। চক্রভ্রমং চক্রাকারশস্ত্রোত্তেজনযন্ত্রম্। "ভ্রমোঽম্বুনির্গমে ভ্রান্তৌ কুন্দাখ্যে শিল্পিযন্ত্রকে" ইতি বিশ্বঃ। আরোপ্য যত্নেনোল্লিখিতঃ উষ্ণতেজাঃ সূর্য্যইব বিভাতি। অত্র

বিষয় প্রীতির চক্ষে দেখেন, হয়ত ইন্দুমতী সেই বিষয় বিষনয়নে দেখিতে পারেন ॥ ৩০ ॥

অনন্তর দ্বারপালিকা বিশেষদৃশ্য শত্রুগণের দুঃসহ-বিক্রম অপর এক নৃপকে নবোদিত শশাঙ্কের ন্যায় ইন্দুমতীকে দর্শন করাইলেন। অর্থাৎ কৃষ্ণপক্ষান্তে উদিত চন্দ্রকে পরস্পর পরস্পরকে দেখাইয়া থাকে, তদ্রূপ সুনন্দা, রাজকুমারী ইন্দুমতীকে দিব্যকান্তি অপর এক মহীপালকে দেখাইয়া বলিতে লাগিল ॥ ৩১ ॥

এই দীর্ঘবাহু বিশালবক্ষাঃ, ক্ষীণবর্ত্তুল-কটি নরপতি, অবন্তিদেশের অধিপতি। বিশ্বকর্ম্মা দিনমণি সূর্য্যদেবকে চক্রভ্রমে আরোপিত করিয়া ঘর্ষণ করিলে, তাঁহার যেরূপ শোভা হইয়াছিল, ইনিও তদ্রূপ শোভাধারণ করিয়াছেন। অর্থাৎ ইনি অবন্তিদেশের অধিপতি; ইহাঁর ভুজযুগল আজানুলম্বিত, বক্ষঃস্থল অতি বিস্তীর্ণ এবং কটিদেশ ক্ষীণ ও বর্ত্তুলাকার; তেজোময় পতির তেজঃ সহনে অসমর্থা সংজ্ঞাদেবীর প্রার্থনায় বিশ্বকর্ম্মা দিবাকরকে শাণযন্ত্র

আরোপ্য চক্রভ্রমমুষ্ণতেজা-
স্ত্বষ্ট্রেব যত্নোল্লিখিতোবিভাতি ॥ ৩২ ॥
অস্য প্রয়াণেষু সমগ্রশক্তে-
রগ্রেসরৈর্ব্বাজিভিরুত্থিতানি।
কুর্ব্বন্তি সামন্তশিখামণীনাং
প্রভাপ্ররোহাস্তময়ং রজাংসি ॥ ৩৩ ॥
অসৌ মহাকালনিকেতনস্য
বসন্নদূরে কিল চন্দ্রমৌলেঃ।
তমিস্রপক্ষেঽপি সহ প্রিয়াভি-
র্জ্যোৎস্নাবতো নির্ব্বিশতি প্রদোষান্ ॥ ৩৪ ॥

মার্কণ্ডেয়ঃ। "বিশ্বকর্ম্মা ত্বনুজ্ঞাতঃ শাকদ্বীপে বিবস্বতা। ভ্রমমারোপ্য তত্তেজঃ শাতনায়োপচক্রমে" ইতি ॥ ৩২ ॥

অস্যেতি। সমগ্রশক্তেঃ শক্তিত্রয়সম্পন্নস্য অস্যাবন্তিনাথস্য প্রয়াণেষু যাত্রাসু অগ্রেসরৈর্ব্বাজিভিরশ্বৈরুত্থিতানি রজাংসি সামন্তানাং সমন্তাদ্ভবানাং রাজ্ঞাং যে শিখামণয়ঃ চূড়ামণয়ঃ তেষাং প্রভাপ্ররোহাস্তময়ং তেজোঽঙ্কুরনাশং কুর্ব্বন্তি। নাসীরৈরেবাস্য শত্রবঃ পরাজীয়ন্ত ইতি ভাবঃ ॥ ৩৩ ॥

অসাবিতি। অসাববন্তিনাথঃ মহাকালং নাম স্থানবিশেষঃ তদেব নিকেতনং স্থানং যস্য তস্য চন্দ্রমৌলেরীশ্বরস্য অদূরে সমীপে বসন্ অতএব হেতোঃ তমিস্রপক্ষে কৃষ্ণপক্ষেপি প্রিয়াভিঃ সহ জ্যোৎস্নাবতঃ প্রদোষান্ রাত্রীর্নির্ব্বিশত্যনুভবতি কিল। নিত্যজ্যোৎস্নাবিহারত্বমেতস্যৈব নান্যস্যেতি ভাবঃ ॥ ৩৪ ॥

দ্বারা ঘর্ষণ করিলে যেরূপ শোভাধারণ করিয়াছিলেন, ইনিও তদ্রূপ প্রতীয়মান হইতেছেন ॥ ৩২ ॥

এই শক্তিত্রয় সম্পন্ন রাজার যুদ্ধযাত্রাকালে অগ্রগামী তুরঙ্গমগণের খুরোত্থিত ধূলিরাজি, সামন্ত-রাজাদিগের চূড়ামণির প্রভাজাল সম্পূর্ণরূপে বিলুপ্ত করিয়া থাকে ॥ ৩৩ ॥

এই অবন্তিনাথ মহাকাল নামক স্থানে প্রতিষ্ঠিত চন্দ্রশেখরের (মহা-

অনেন যূনা সহ পার্থিবেন
রম্ভোরু কচ্চিন্মনসো রুচিস্তে ।
সিপ্রাতরঙ্গানিলকম্পিতাসু
বিহর্তুমুদ্যানপরম্পরাসু ॥ ৩৫ ॥

তস্মিন্নভিদ্যোতিতবন্ধুপদ্মে
প্রতাপসংশোষিতশত্রুপঙ্কে ।
ববন্ধ সা নোত্তমসৌকুমার্য্যা
কুমুদ্বতী ভানুমতীব ভাবম্ ॥ ৩৬ ॥

অনেনেতি। রম্ভে কদলীস্তম্ভাবিব ঊরূ যস্যাঃ সা রম্ভোরূস্তস্যাঃ সম্বোধনং হে রম্ভোরু! ঊরুত্তরপদাদৌপম্যইত্যূঙ্‌প্রত্যয়ঃ নদীত্বাদ্ধ্রস্বঃ। যূনা অনেন পার্থিবেন সহ সিপ্রা নাম তত্রত্যা নদী তস্যাস্তরঙ্গাণামনিলেন কম্পিতা-স্বুদ্যানানাং পরম্পরাসু পঙ্‌ক্তিষু বিহর্তুং তে তব মনসোরুচিঃ কচ্চিৎ স্পৃহাস্তি কিমিত্যর্থঃ। "অভিষঙ্গে স্পৃহায়াঞ্চ গভস্তৌ চ রুচিঃ স্ত্রিয়াং" ইত্যমরঃ ॥ ৩৫ ॥

তস্মিন্নিতি। উত্তমসৌকুমার্য্যা উৎকৃষ্টাঙ্গমার্দ্দবা সা ইন্দুমতী অভি-দ্যোতিতানি উল্লাসিতানি বন্ধবএব পদ্মানি যেন তস্মিন্ প্রতাপেন তেজসা সংশোষিতাঃ শত্রব এব পঙ্কাঃ কর্দ্দমাঃ যেন তস্মিন্, তস্মিন্নবন্তিনাথে কুমুদ্বতী।

দেবের) অদূরে অবস্থান করিয়া কৃষ্ণপক্ষেও প্রিয়তমাদিগের সহিত জ্যোৎস্না-ময়ী রজনী উপভোগ করিয়া থাকেন ॥ ৩৪ ॥

হে রম্ভোরু! এই যুবা অবন্তিনাথের সহিত সিপ্রানদীর তরঙ্গস্পর্শী সুশীতল সমীরণে বিকম্পিত উদ্যান পরম্পরায়, বিহার করিতে অভিলাষ হয় কি? অর্থাৎ সুনন্দা ইন্দুমতীকে বলিতে লাগিল, সিপ্রানদী অবন্তী নগরীর পাদপ্রদেশ বিধৌত করিয়া প্রবলবেগে প্রবাহিত হইতেছে এবং উক্ত নগরীর অনতিদূরে মহাকালেশ্বর ভগবান্ মহাদেব অবস্থিতি করেন বলিয়া, তাঁহার শিরস্থিত শশাঙ্ককিরণে উক্ত নগরী সর্ব্বদাই আলোকময়ী। অতএব ঈদৃশ সম্পদ্‌শালী ভূপতির প্রণয়িনী হইতে ইচ্ছা হয় কি? ॥ ৩৫ ॥

যেমন কুমুদিনী সূর্য্যদেবের সহিত প্রণয় করে না, তদ্রূপ অলৌকিক রূপসম্পন্না বন্ধুরূপ পদ্ম প্রফুল্লকারী এবং প্রতাপ দ্বারা শত্রুরূপ পঙ্কজ

তামগ্রতস্তামরসান্তরাভা-
মনূপরাজস্য গুণৈরনূনাম্।
বিধায় সৃষ্টিং ললিতাং বিধাতু-
র্জগাদ ভূয়ঃ সুদতীং সুনন্দা ॥ ৩৭ ॥
সংগ্রামনির্ব্বিষ্টসহস্রবাহু-
রষ্টাদশদ্বীপনিখাতযূপঃ।

কুমুদনড়বেতসেভ্যোড্মতুপ্ ইতি ড্মতুপ্ প্রত্যয়ঃ। ভানুমত্যংশুমতীব ভাবং চিত্তং ন ববন্ধ ন তত্রানুরাগমকরোদিত্যর্থঃ। বন্ধূনাং পদ্মত্বেন শত্রূণাং পঙ্কত্বেন চ রূপণং রাজ্ঞঃ সূর্য্যসাম্যার্থম্ ॥ ৩৬ ॥

তামিতি। সুনন্দা তামরসান্তরাভাং পদ্মোদরতুল্যকান্তিং কনকগৌরী-মিত্যর্থঃ, গুণৈরনূনামধিকামিত্যর্থঃ, শোভনা দন্তা যস্যাঃ সা সুদতী। বয়সি দন্তস্য দতৃিতি দত্রাদেশঃ উগিতশ্চেতি ঙীপ্। তাং তাং প্রকৃতাং প্রসিদ্ধাং বা বিধাতুর্ললিতাং সৃষ্টিং মধুরনির্ম্মাণাং স্ত্রিয়মিত্যর্থঃ। অনুগতা আপোযেষু তেঽনূপা নাম দেশাঃ। ঋক্পূরব্ধূঃ পথামানক্ষে ইত্যপ্রত্যয়ঃ সমাসান্তঃ ঊদনো-র্দ্দেশে ইত্যূদাদেশঃ। তেষাং রাজ্ঞোঽনূপরাজস্যাগ্রতোবিধায় ব্যবস্থাপ্য ভূয়ঃ পুনর্জ্জগাদ ॥ ৩৭ ॥

সংগ্রামেতি। সংগ্রামেষু যুদ্ধেষু নির্ব্বিষ্টা অনুভূতাঃ সহস্রং বাহবো যস্য স তথোক্তঃ, যুদ্ধাদন্যত্র দ্বিভুজএব দৃশ্যত ইত্যর্থঃ। অষ্টাদশসু দ্বীপেষু নিখাতাঃ

বিশোষক সেই দিবাকর সদৃশ প্রভাববান্ অবন্তিপতির উপর প্রণয়বন্ধনে বিরত হইলেন ॥ ৩৬ ॥

সুনন্দা, পদ্মোদরকান্তি বিধাতার মধুর সৃষ্টি-স্বরূপিণী সমধিকগুণসম্পন্না সেই সুদতী ইন্দুমতীকে অনূপরাজের সন্নিধানে উপনীত করিয়া, পুনর্ব্বার কহিল। অর্থাৎ সুনন্দা, সুবর্ণ লাবণ্যময়ী বিধাতার উৎকৃষ্ট নির্ম্মাণ কৌশল-বতী ইন্দুমতীকে অনূপদেশের অধিপতির নিকটে লইয়া যাইয়া, বলিতে লাগিল ॥ ৩৭ ॥

পূর্ব্বে কার্ত্তবীর্য্য নামে এক যোগী রাজা ছিলেন। সমরে তাঁহার সহস্র বাহু বহির্গত হইত; তিনি অষ্টাদশ দ্বীপে যজ্ঞীয় যূপ নিখাত করিয়াছিলেন এবং জরায়ুজ ও অণ্ডজাদি সমস্ত প্রাণীর অনুরঞ্জন করিতে পারিতেন বলিয়া, অনন্য-

অনন্যসাধারণরাজশব্দো-
বভূব যোগী কিল কার্ত্তবীর্য্যঃ ॥ ৩৮ ॥
অকার্য্যচিন্তাসমকালমেব
প্রাদুর্ভবংশ্চাপধরঃ পুরস্তাৎ।
অন্তঃশরীরেষ্বপি যঃ প্রজানাং
প্রত্যাদিদেশাবিনয়ং বিনেতা ॥ ৩৯ ॥

স্থাপিতাঃ যূপাঃ যেন স তথোক্তঃ, সর্ব্বক্রতুযাজী সার্ব্বভৌমশ্চেতি ভাবঃ। জরায়ুজাদিসর্ব্বভূতরঞ্জনাদনন্যসাধারণো রাজশব্দো যস্য স তথোক্তঃ, যোগী ব্রহ্মবিদ্বানিত্যর্থঃ। স কিল ভগবতো দত্তাত্রেয়াল্লব্ধযোগ ইতি প্রসিদ্ধিঃ। কৃতবীর্য্যস্যাপত্যং পুমান্ কার্ত্তবীর্য্যো নাম রাজা বভূব কিলেতি। অয়ঞ্চাস্য মহিমা সর্ব্বোপি দত্তাত্রেয়বর-প্রসাদলব্ধ ইতি ভারতে দৃশ্যতে ॥ ৩৮ ॥

অকার্য্যেতি। বিনেতা শিক্ষকো যঃ কার্ত্তবীর্য্যঃ অকার্য্যস্যাসৎকার্য্যস্য চিন্তায়াঃ অহং চৌর্য্যাদিকং করিষ্যামীতি বুদ্ধ্যাঃ সমকালমেককালমেব যথা তথা পুরস্তাদগ্রে চাপধরঃ প্রাদুর্ভবন্ সন্ প্রজানাম্। "প্রজা স্যাৎ সন্ততৌ জনে" ইত্যমরঃ। অন্তঃশরীরেষু অন্তঃকরণেষু। শরীরশব্দেনেন্দ্রিয়ং লক্ষ্যতে। অবিনয়মপি প্রত্যাদিদেশ মানসাপরাধমপি নিবারয়ামাসেত্যর্থঃ। অন্যেতু বাক্-কায়াপরাধমাত্র প্রতিকর্ত্তার ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

সাধারণ রাজশব্দ প্রাপ্ত হন্। অর্থাৎ পুরাকালে কৃতবীর্য্য তনয় কার্ত্তবীর্য্য নামে এক বিখ্যাত রাজা ছিলেন; তিনি ভগবান্ দত্তাত্রেয় হইতে ব্রহ্মবিদ্যা লাভ করেন; সেই বিদ্যাবলে সংগ্রামকালে তাঁহার সহস্রবাহু আবির্ভূত হইত এবং শব্দদ্বারা পশুপক্ষী প্রভৃতি প্রাণীর হৃদ্গতভাব জানিতে পারিতেন। সুতরাং তিনি সর্ব্বপ্রাণীর রঞ্জন বিষয়ে এবং ধর্ম্ম ও বিগ্রহাদি কার্য্যে অন্যান্য রাজা অপেক্ষা সবিশেষ ক্ষমতাবান্ ছিলেন। এই কারণে ব্রহ্মবিদ্বান্ কার্ত্তবীর্য্য ভূমণ্ডলে অনন্যসাধারণ রাজশব্দ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৮ ॥

প্রজাগণ মনে মনে কোন অকার্য্য চিন্তা করিলে, সেই রাজা কার্ত্তবীর্য্য তৎক্ষণাৎ শরাসন ধারণপূর্ব্বক তাহাদিগের সম্মুখে উপস্থিত হইতেন; এই কারণে সেই দুর্নীতি নিবারক রাজার শাসনকালে লোকের অন্তঃকরণেও অবিনয় স্থান প্রাপ্ত হইত না ॥ ৩৯ ॥

জ্যাবন্ধনিষ্পন্দভুজেন যস্য
বিনিঃশ্বসদ্বক্ত্রপরম্পরেণ।
কারাগৃহে নির্জ্জিতবাসবেন
লঙ্কেশ্বরেণোষিতমাপ্রসাদাৎ॥ ৪০॥

তস্যান্বয়ে ভূপতিরেষ জাতঃ
প্রতীপইত্যাগমবৃদ্ধসেবী।
যেন শ্রিয়ঃ সংশয়দোষরূঢ়ং
স্বভাবলোলেত্যযশঃ প্রমৃষ্টম্॥ ৪১॥

জ্যাবন্ধেতি। জ্যায়া মৌর্ব্ব্যা বন্ধেন বন্ধনেন নিষ্পন্দা নিশ্চেষ্টা ভুজা যস্য তেন বিনিঃশ্বসতী জ্যাবন্ধোপরোধাৎ দীর্ঘং নিঃশ্বসতী বক্ত্রপরম্পরা দশমুখী যস্য তেন নির্জ্জিতবাসবেনেন্দ্রবিজয়িনা। অত্রেন্দ্রাদয়োঽপ্যনেন জিতপ্রায়াএবেতি ভাবঃ। লঙ্কেশ্বরেণ দশাস্যেন যস্য কার্ত্তবীর্য্যস্য কারাগৃহে বন্ধনাগারে। "কারা স্যাদ্বন্ধনালয়ে" ইত্যমরঃ। আপ্রসাদাদনুগ্রহপর্য্যন্তম্ উষিতং স্থিতম্। নপুংসকে ভাবে ক্তঃ। এতৎপ্রসাদএব তস্য মোক্ষোপায়ো নতু ক্ষাত্রমিতি ভাবঃ॥ ৪০॥

তস্যেতি। আগমবৃদ্ধসেবী শ্রুতবৃদ্ধসেবী প্রতীপ ইতি খ্যাত ইতি শেষঃ, এষঃ ভূপতিস্তস্য কার্ত্তবীর্য্যস্যান্বয়ে বংশে জাতঃ। যেন প্রতীপেন সংশ্রয়স্যাশ্রয়স্য পুংসো দোষৈ র্ব্যসনাদিভিঃ রূঢ়মুৎপন্নং শ্রিয়ঃ সম্বন্ধি স্বভাবলোলা প্রকৃতিচঞ্চলেত্যেবং রূপমযশো দুষ্কীর্ত্তিঃ প্রমৃষ্টং নিরস্তম্। দুষ্টাশ্রয়ত্যাগশীলায়াঃ শ্রিয়ঃ প্রকৃতিচাপলপ্রবাদো মূঢ়জনপরিকল্পিত ইত্যর্থঃ। অয়ন্তু দোষরাহিত্যান্ন কদাচিদপি ত্যজ্যত ইতি ভাবঃ॥ ৪১॥

ইন্দ্রবিজয়ী লঙ্কেশ্বর, যে কার্ত্তবীর্য্যের ধনুর্গুণ বন্ধনে নিষ্পন্দবাহু হইয়া দশ আননে দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিতে করিতে কার্ত্তবীর্য্যের প্রসন্নতার কাল পর্য্যন্ত কারাগারে নিবদ্ধ ছিল॥ ৪০॥

এই ভূপতি তাঁহারই বংশে সমুৎপন্ন; ইহার নাম প্রতীপ; বেদপারগ জ্ঞানবৃদ্ধদিগের সহবাসে বিজ্ঞত্বলাভ করিয়াছেন; এই অনূপরাজ কমলার আশ্রয়দোষ-সমুৎপন্ন স্বভাব চপলা, এই দোষ দূর করিয়াছেন। অর্থাৎ

আযোধনে কৃষ্ণগতিং সহায়-
মবাপ্য যঃ ক্ষত্রিয়কালরাত্রিম্ ।
ধারাং শিতাং রামপরশ্বধস্য
সম্ভাবয়ত্যুৎপলপত্রসারাম্ ॥ ৪২ ॥
অস্যাঙ্কলক্ষ্মীর্ভব দীর্ঘবাহো-
র্মাহিষ্মতীবপ্রনিতম্বকাঞ্চীম্ ।

আযোধন ইতি। যঃ প্রতীপঃ আযোধনে যুদ্ধে কৃষ্ণগতিং কৃষ্ণবর্ত্মানমগ্নিং সহায়মবাপ্য ক্ষত্রিয়াণাং কালরাত্রিং সংহাররাত্রিমিত্যর্থঃ, রামপরশ্বধস্য জামদগ্ন্যপরশোঃ। "দ্বয়োঃ কুঠারঃ স্বধিতিঃ পরশুশ্চ পরশ্বধ" ইত্যমরঃ। শিতাং তীক্ষ্ণাং ধারাং মুখম্। "খড়্গাদীনাঞ্চ নিশিতমুখে ধারা প্রকীর্ত্তিতা"ইতি বিশ্বঃ। উৎপলপত্রস্য সারইব সারো যস্যাস্তাং তথাভূতাং সম্ভাবয়তি মন্যতে। এতন্নগরজিগীষয়াগতান্ রিপূন্ স্বয়মেব ধক্ষ্যামীতি ভগবতা বৈশ্বানরেণ দত্তবরোঽয়ং রাজা দহন্তে চ তথাগতাঃ শত্রব ইতি ভারতে কথানুসন্ধেয়া ॥ ৪২ ॥

অস্যেতি। দীর্ঘবাহোরস্য প্রতীপস্যাঙ্কলক্ষ্মীর্ভব, এনং বৃণীষ্বেত্যর্থঃ। অনেনায়ং বিষ্ণুতুল্য ইতি ধন্যতে। মাহিষ্মতী নামাস্য নগরী। তস্যা বপ্রঃ প্রাকারএব

লক্ষ্মী ইহাকে আশ্রয় করিয়া, তিনি যে এক স্থানে চিরদিন অবস্থান করেন না, তাঁহার এই চঞ্চল দোষ দূরীকৃত হইয়াছে ॥ ৪১ ॥

ইনি সংগ্রাম কালে অগ্নির সাহায্য প্রাপ্ত হইয়া, জামদগ্ন্যের ক্ষত্রিয় কালরাত্রি স্বরূপ শাণিত পরশুধারকে উৎপল-পত্র-সার জ্ঞান করিয়া থাকেন। অর্থাৎ এই অনূপরাজ রণস্থলে সর্ব্বভুক্ হুতাশনের সহায়তা লাভ করিয়া, ক্ষত্রিয়গণের মৃত্যুরূপী জমদগ্নিতনয় পরশুরামের অতি তীক্ষ্ণ কুঠারের ধারকে পদ্মপত্রের ন্যায় (পদ্মের পাপড়ির ন্যায়) কোমল মনে করিয়া থাকেন ॥ ৪২ ॥

যদি তুমি প্রাসাদ-গবাক্ষ হইতে মাহিষ্মতী নগরীর প্রাকার-নিতম্বের রশনা স্বরূপ (চন্দ্রহার-স্বরূপ) রেবানদীর রমণীয় জলপ্রবাহ অবলোকন করিতে ইচ্ছা কর, তাহা হইলে এই দীর্ঘবাহু প্রতীপের অঙ্কলক্ষ্মী হও। অর্থাৎ রেবানদীর নামান্তর নর্ম্মদা ; এই নদী বিন্ধ্যাচল হইতে নির্গত হইয়া গণ্ডোয়া প্রদেশ দিয়া প্রবাহিত হইতেছে। মাহিষ্মতী নগরী নর্ম্মদাতীরে অবস্থিত ;

প্রাসাদজালৈর্জলবেণিরম্যাং
রেবাং যদি প্রেক্ষিতুমস্তি কামঃ ॥ ৪৩ ॥
তস্যাঃ প্রকামং প্রিয়দর্শনোঽপি
ন স ক্ষিতীশো রুচয়ে বভূব।
শরৎপ্রমৃষ্টাম্বুধরোপরোধঃ
শশীব পর্য্যাপ্তকলো নলিন্যাঃ ॥ ৪৪ ॥
সা শূরসেনাধিপতিং সুষেণ-
মুদ্দিশ্য লোকান্তরগীতকীর্ত্তিম্।

নিতম্বঃ, তস্য কাঞ্চীং রশনাভূতাং জলানাং বেণ্যা প্রবাহেণ রম্যাম্। "ওঘঃ প্রবাহো বেণী চ" ইতি হলায়ুধঃ। রেবাং নর্ম্মদাং প্রাসাদজালৈঃ গবাক্ষৈঃ। "জালং সমূহ আনায়ো গবাক্ষক্ষারকাবপি" ইত্যমরঃ। প্রেক্ষিতুং দ্রষ্টুং কাম ইচ্ছা অস্তি যদি ॥ ৪৩ ॥

তস্যা ইতি। প্রকামং প্রিয়ং প্রীতিকরং দর্শনং যস্য সোঽপি দর্শনীয়োঽপীত্যর্থঃ স ক্ষিতীশঃ শরদা প্রমৃষ্টাম্বুধরোপরোধঃ নিরস্তমেঘাবরণঃ পর্য্যাপ্তকলঃ পূর্ণকলঃ শশী নলিন্যা ইব তস্যা ইন্দুমত্যাঃ রুচয়ে ন বভূব রুচিং নাজীজনদিত্যর্থঃ। লোকো ভিন্নরুচিরিতি ভাবঃ ॥ ৪৪ ॥

সেতি। লোকান্তরে স্বর্গাদাবপি গীতকীর্ত্তিম্ আচারেণ শুদ্ধয়োঃ কুলয়োঃ বংশয়োর্ম্মাতাপিতৃকুলয়োঃ দীপং প্রকাশকম্। উভয়বংশেত্যত্রোভয়পক্ষ-

---

সুতরাং নর্ম্মদা উক্ত নগরীর পাদদেশ বিধৌত করিয়া প্রবলবেগে প্রবাহিত হওয়াতে, তাহার তীর-ভূমিকে মাহিষ্মতীর নিতম্ব এবং নদীর জলপ্রবাহকে চন্দ্রহার বলা যাইতে পারে ॥ ৪৩ ॥

মেঘ নির্ম্মুক্ত শারদীয় পূর্ণশশধর, যেমন নলিনীর প্রীতিকর হয় না, তদ্রূপ সেই অনূপরাজ প্রতীপ,সাতিশয় প্রিয়দর্শন হইলেও তাঁহাতে ইন্দুমতীর রুচি জন্মিল না। অর্থাৎ মাহিষ্মতী-পতি, রমণীর মনোমুগ্ধকর কলেবর ধারণ করিয়াও রাজপুত্রী ইন্দুমতীর মনোমন্দিরে স্থান প্রাপ্ত হইলেন না; কারণ সকলের রুচি সমান নহে ॥ ৪৪ ॥

যাঁহার কীর্ত্তি ভূলোক হইতে সুরলোক পর্য্যন্ত গীত হইয়া থাকে। যিনি আচারপূত পিতা-মাতার কুলের প্রদীপ-স্বরূপ। অন্তঃপুর-পালিকা সুনন্দা

আচারশুদ্ধোভয়বংশদীপং
শুদ্ধান্তরক্ষ্যা জগদে কুমারী ॥ ৪৫ ॥
নীপান্বয়ঃ পার্থিবএষ যজ্বা
গুণৈর্যমাশ্রিত্য পরস্পরেণ।
সিদ্ধাশ্রমং শান্তমিবেত্য সত্বৈঃ
নৈসর্গিকোঽপ্যুৎসসৃজে বিরোধঃ ॥ ৪৬ ॥

বন্নির্ব্বাহঃ। শূরসেনানাং দেশানামধিপতিং সুষেণং নাম নৃপতিম্ উদ্দিশ্যাভিসন্ধায় শুদ্ধান্তরক্ষ্যা অন্তঃপুরপালিকয়া। কর্ম্মণ্যণ্ টিড্ঢেতি ঙীপ্। সা কুমারী জগদে ॥ ৪৫ ॥

নীপেতি। যজ্বা বিধিবদিষ্টবান্। সুযজোঙ্বনিপ্ ইতি ঙ্বনিপ্ প্রত্যয়ঃ। এষ পার্থিবো নীপো নামান্বয়োঽস্যেতি নীপান্বয়ঃ নীপবংশজঃ। যং সুষেণমাশ্রিত্য গুণৈর্জ্ঞানমৌনাদিভিঃ শান্তং প্রসন্নং সিদ্ধাশ্রমম্ ঋষ্যাশ্রমমেত্য প্রাপ্য সত্বৈঃ গজসিংহাদিভিঃ প্রাণিভিরিব নৈসর্গিকঃ স্বাভাবিকোঽপি পরস্পরেণ বিরোধঃ উৎসসৃজে ত্যক্তঃ ॥ ৪৬ ॥

সেই শূরসেনাধিপতি (মথুরাধিপতি) সুষেণকে লক্ষ্য করিয়া বলিতে লাগিল ॥ ৪৫ ॥

যজ্ঞের অনুষ্ঠাতা এই রাজা, নীপবংশ হইতে জন্ম পরিগ্রহ করিয়াছেন; শান্ত-রসাস্পদ সিদ্ধাশ্রমে যেরূপ মাতঙ্গ ও সিংহাদি জন্তুগণ, স্বাভাবিক বিরোধ পরিত্যাগ করে, তদ্রূপ জ্ঞান ও মৌন প্রভৃতি পরস্পর বিরুদ্ধ গুণ সকলও ইহাঁকে আশ্রয় করিয়া, পরস্পর বিরোধ পরিত্যাগ করিয়াছে। অর্থাৎ যেমন তপোবন প্রাপ্ত হইয়া আশ্রম-প্রভাবে সর্প ও নকুল, হস্তী ও সিংহ এবং কাক ও পেচকগণ পরস্পর স্বাভাবিক শক্রতা পরিত্যাগ করে, তেমন জ্ঞান ও মৌনাদি পরস্পর বিরুদ্ধ গুণ সকলও সুষেণকে আশ্রয় করিয়া, নৈসর্গিক বিরোধ পরিত্যাগ করিয়াছে। মহারাজ সুষেণের জ্ঞান ও মৌনাদি বিরুদ্ধ গুণের কার্য্য এইরূপ ছিল,—পরবৃত্তান্ত পরিজ্ঞাত থাকিয়াও তিনি তৎপ্রকাশে মৌনাবলম্বন করিতেন, দণ্ড দিবার ক্ষমতা থাকিলেও ক্ষমা করিতেন এবং দান করিয়া আত্মশ্লাঘা করিতেন না। সুতরাং পরস্পর বিরোধী

যস্যাত্মগেহে নয়নাভিরামা
কান্তির্হিমাংশোরিব সন্নিবিষ্টা।
হর্ম্ম্যাগ্রসংরূঢ়তৃণাঙ্কুরেষু
তেজোঽবিষহ্যং রিপুমন্দিরেষু ॥ ৪৭ ॥
যস্যাবরোধস্তনচন্দনানাং
প্রক্ষালনাদ্বারিবিহার-কালে।

যস্যেতি। হিমাংশোঃ কান্তিশ্চন্দ্রকিরণ ইব নয়নয়ো রভিরামা যস্য সুষেণস্য কান্তিঃ শোভা আত্মগেহে স্বভবনে সন্নিবিষ্টা সংক্রান্তা। অবিষহ্যং বিসোঢ়ু-মশক্যং তেজঃ প্রতাপস্তু হর্ম্ম্যাগ্রেষু ধনিকমন্দিরপ্রান্তেষু। "হর্ম্ম্যাদি ধনিনাং বাস" ইত্যমরঃ। সংরূঢ়াস্তৃণাঙ্কুরা যেষাং তেষু শূন্যেষ্বিত্যর্থঃ রিপুমন্দিরেষু শত্রুনগরেষু। "মন্দিরং নগরে গৃহে" ইতি বিশ্বঃ। সন্নিবিষ্টম্। স্বজনাহ্লাদকো-দ্বিষন্তপশ্চেতি ভাবঃ ॥ ৪৭ ॥

যস্যেতি। যস্য সুষেণস্য বারিবিহারকালে জলক্রীড়াসময়ে অবরোধানা-মন্তঃপুরাঙ্গনানাং স্তনেষু চন্দনানাং মলয়জানাং প্রক্ষালনাদ্ধেতোঃ, কলিন্দো নাম শৈলঃ তৎকন্যা যমুনা। "কালিন্দী সূর্য্যতনয়া যমুনা শমনস্বসা" ইত্যমরঃ। মথুরা নামাস্য রাজ্ঞো নগরী তাং গতাপি গঙ্গায়া বিপ্রকৃষ্টাপীত্যর্থঃ। মথুরায়াং

গুণ সকল আশ্রমবাসী শ্বাপদ প্রাণিগণের ন্যায় সামঞ্জস্য অবলম্বন করিয়া-ছিল ॥ ৪৬ ॥

ইনি স্বভবনে চন্দ্রালোকের ন্যায় নয়নের প্রীতিকর কান্তি বিস্তার করিয়া থাকেন; কিন্তু ইহাঁর দুর্ব্বিসহ তেজ, শিখরদেশে তৃণাঙ্কুর সমাচ্ছন্ন বিপক্ষ-ভবনে নিপতিত হইয়া থাকে। অর্থাৎ মহারাজ সুষেণের স্নিগ্ধ ও সুশীতল জ্যোতিঃ, স্বভবনে পতিত হইয়া আত্মীয়গণের প্রীতিবর্দ্ধন করিতেছে; কিন্তু তাঁহার দুঃসহ তেজ, শত্রু-ভবনে প্রবেশ করিয়া, প্রাসাদের শিখরদেশে তৃণাঙ্কুর উৎপাদন করিতেছে। শত্রু ভবনে তৃণাঙ্কুর জন্মিবার তাৎপর্য্য এই যে, বিপক্ষ-গণ, সিংহবিক্রান্ত সুষেণের পরাক্রম সহ্য করিতে অসমর্থ হইয়া, আবাসস্থল পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করিয়া থাকে ॥ ৪৭ ॥

যাঁহার অন্তঃপুরাঙ্গনাগণ জল-বিহার কালে তাহাদের স্তনলিপ্ত চন্দনরাগ ধৌত হইয়া, কলিন্দ-কন্যা যমুনা, মথুরায় প্রবাহিত হইয়াও যেন উহার জল

কলিন্দকন্যা মথুরাং গতাপি
গঙ্গোর্ম্মিসংসক্তজলেব ভাতি ॥ ৪৮ ॥
ত্রস্তেন তার্ক্ষ্যাৎ কিল কালিয়েন
মণিং বিসৃষ্টং যমুনৌকসা যঃ।
বক্ষঃস্থলব্যাপিরুচং দধানঃ
সকৌস্তুভং হ্রেপয়তীব কৃষ্ণম্ ॥ ৪৯ ॥

গঙ্গাঽভাবং সূচয়ত্যপিশব্দঃ। কালিন্দীতীরে মথুরা লবণাসুরবধকালে শত্রুঘ্নেন নির্ম্মাস্যত ইতি বক্ষ্যতি, তৎকথমধুনা মথুরাসম্ভব ইতি চিন্ত্যম্। মথুরা মধুরা পুরীতি শব্দভেদঃ যদ্বা সান্যেতি। গঙ্গায়া ভাগীরথ্যা উর্ম্মিভিঃ সংসক্তজলেব ভাতি ধবলচন্দনসংসর্গাৎ প্রয়াগাদন্যত্রাপ্যত্র গঙ্গাসঙ্গতেব ভাতীত্যর্থঃ। "সিতাসিতে হি গঙ্গাযমুনে" ইতি ঘণ্টাপথঃ ॥ ৪৮ ॥

ত্রস্তেনেতি। তার্ক্ষ্যাৎ গরুড়াৎ ত্রস্তেন যমুনা ওকঃ স্থানং যস্য তেন কালিয়েন নাম নাগেন বিসৃষ্টং কিল অভয়দাননিষ্ক্রয়ত্বেন দত্তং, কিলেত্যৈতিহ্যে, বক্ষঃস্থলব্যাপিরুচং মণিং দধানো যঃ সুষেণঃ সকৌস্তুভং কৃষ্ণং বিষ্ণুং

গঙ্গাতরঙ্গে সংমিলিত হইয়াছে বলিয়া প্রতীয়মান হয়। অর্থাৎ রাজা সুষেণের রাজধানী মথুরা। যমুনা কলিন্দ পর্ব্বত হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া, উহাকে কলিন্দ-কন্যা বলা যায়। গঙ্গার জল শ্বেত ও যমুনার জল কৃষ্ণবর্ণ; সুতরাং রাজান্তঃপুরচারিণীগণের স্তনলিপ্ত শ্বেতচন্দন সকল, জলক্রীড়াকালে যমুনা সলিলে মিশ্রিত হওয়াতে, উহার জল গঙ্গা-নীরের ন্যায় শ্বেতবর্ণ ধারণ করে। এই নিমিত্তই কবি বলিতেছেন,—যমুনা, গঙ্গাশূন্য মথুরা প্রদেশে প্রবাহিত হইলেও যেন গঙ্গার সহিত মিলিত হইয়াছে বলিয়া বোধ হইয়া থাকে ॥ ৪৮ ॥

গরুড়-ভয়ে ভীত যমুনাবাসী কালিয় নাগ হইতে মণি প্রাপ্ত হইয়া, যিনি সেই বক্ষঃস্থলব্যাপী কান্তিবিশিষ্ট মণি ধারণ করিয়া, কৌস্তুভধারী বিষ্ণুকেও লজ্জিত করিতেছেন। অর্থাৎ এইরূপ প্রসিদ্ধ আছে যে, যখন যমুনাবাসী কালিয় নাগ,গরুড়ের ভয়ে ভীত হয়, তখন এই সুষেণই তাহাকে অভয় প্রদান করেন; সুতরাং এইরূপে উপকৃত হইয়া কালিয় নাগ, যে মণি ইহাঁকে প্রদান করে, সেই বিপুলপ্রভাশালী মনোহর মণির নিকটে ভগবান্ বিষ্ণুর কৌস্তুভ মণিও অকিঞ্চিৎকর বলিয়া বোধ হয়। সুতরাং ইনি সেই সর্ব্বোৎকৃষ্ট

সম্ভাব্য ভর্ত্তারমমুং যুবানং
মৃদুপ্রবালোত্তরপুষ্পশয্যে।
বৃন্দাবনে চৈত্ররথাদনূনে
নির্ব্বিশ্যতাং সুন্দরি যৌবনশ্রীঃ ॥ ৫০ ॥
অধ্যাস্য চাম্ভঃপৃষতোক্ষিতানি
শৈলেয়গন্ধীনি শিলাতলানি।
কলাপিনাং প্রাবৃষি পশ্য নৃত্যং
কান্তাসু গোবর্দ্ধন-কন্দরাসু ॥ ৫১ ॥

হ্রেপয়তীব ব্রীড়য়তীব। অর্ত্তিহ্রীত্যাদিনা পুগাগমঃ। কৌস্তুভমণেরপ্যুৎকৃষ্টোঽস্য মণিরিতি ভাবঃ ॥ ৪৯ ॥

সম্ভাব্যেতি। যুবানমমুং সুষেণং ভর্ত্তারং সম্ভাব্য মত্বা পতিত্বেনাঙ্গীকৃত্যেত্যর্থঃ মৃদুপ্রবালোত্তরা উপরিপ্রস্তারিতকোমলপল্লবা পুষ্পশয্যা যস্মিন্ তৎ তস্মিন্ চৈত্ররথাৎ কুবেরোদ্যানাদনূনে বৃন্দাবনে বৃন্দাবননামকে উদ্যানে হে সুন্দরি! যৌবনশ্রীঃ যৌবনফলং নির্ব্বিশ্যতাং ভুজ্যতাম্ ॥ ৫০ ॥

অধ্যাস্যেতি। কিঞ্চ প্রাবৃষি বর্ষাসু কান্তাসু গোবর্দ্ধনস্যাদ্রেঃ কন্দরাসু দরীষু। "দরী তু কন্দরো বা স্ত্রী"ইত্যমরঃ। অম্ভসঃ পৃষতৈর্ব্বিন্দুভিঃ উক্ষিতানি সিক্তানি শিলায়াং ভবং শৈলেয়ম্। "শিলাজতু চ শৈলেয়"মিতি যাদবঃ। যদ্বা শিলাপুষ্পাখ্য ওষধিবিশেষঃ। "কালানুসার্য্যবৃদ্ধাশ্মপুষ্পশীতশিবানি তু শৈলেয়ং" ইত্যমরঃ। শিলায়াশ্ছঃ ইত্যত্র শিলায়া ইতি যোগবিভাগাদিবার্থে ছপ্রত্যয়ঃ।

প্রভান্বিত মণি বক্ষঃস্থলে ধারণ করিলে, কৌস্তুভধারী বিষ্ণুকেও লজ্জিত হইতে হয় ॥ ৪৯ ॥

হে সুন্দরি! তুমি, যুবা সুষেণকে পতিত্বে বরণ করিয়া, ধনেশ্বর কুবেরের চৈত্ররথ নামক উদ্যান-সদৃশ বৃন্দাবনে কোমল পল্লব ও কুসুম রচিত শয্যায় শয়ন করিয়া যৌবন চরিতার্থ কর ॥ ৫০ ॥

আর বর্ষাকালে গোবর্দ্ধন পর্ব্বতের রমণীয় গহ্বর-প্রদেশস্থ বারিবিন্দু সংসিক্ত শৈলেয় গন্ধযুক্ত শিলাতলে উপবেশন করিয়া, ময়ূরগণের নৃত্য অবলোকন কর। অর্থাৎ হে সুন্দরি! মথুরার পশ্চিম ও ভরতপুরের সন্নিহিত

নৃপং তমাবর্ত্তমনোজ্ঞনাভিঃ
সা ব্যত্যগাদন্যবধূর্ভবিত্রী।
মহীধরং মার্গবশাদুপেতং
স্রোতোবহা সাগরগামিনীব ॥ ৫২ ॥

অথাঙ্গদাশ্লিষ্টভুজং ভুজিষ্যা
হেমাঙ্গদং নাম কলিঙ্গনাথম্।
আসেদুষীং সাদিতশত্রুপক্ষং
বালামবালেন্দুমুখীং বভাষে ॥ ৫৩ ॥

তদ্গন্ধবন্তি শৈলেয়গন্ধীনি শিলাতলান্যধ্যাস্যাধিষ্ঠায় কলাপিনাং বর্হিণাং নৃত্যং পশ্য ॥ ৫১ ॥

নৃপমিতি। "স্যাদাবর্ত্তোঽম্ভসাং ভ্রম" ইত্যমরঃ। আবর্ত্তমনোজ্ঞা নাভির্যস্যাঃ সা, ইদঞ্চ নদীসাম্যার্থমুক্তম্। অন্যবধূরন্যপত্নী ভবিত্রী ভাবিনী সা কুমারী তং নৃপং সাগরগামিনী সাগরং গন্ত্রী স্রোতোবহা নদী মার্গবশাদুপেতং প্রাপ্তং মহীধরং পর্ব্বতমিব ব্যত্যগাৎ অতীত্য গতা ॥ ৫২ ॥

অথেতি। অথ ভুজিষ্যা কিঙ্করী সুনন্দা। "ভুজিষ্যা কিঙ্করী মতা" ইতি হলায়ুধঃ। অঙ্গদাশ্লিষ্টভুজং কেয়ূরনদ্ধবাহুং সাদিতশত্রুপক্ষং বিনাশিতশত্রুবর্গং হেমাঙ্গদং নাম কলিঙ্গনাথম্ আসেদুষীমাসন্নামবালেন্দুমুখীং পূর্ণেন্দুমুখীং বালামিন্দুমতীং বভাষে ॥ ৫৩ ॥

গোবর্দ্ধন নামে যে এক গিরি আছে, সেই গিরি গহ্বরে উপবেশনপূর্ব্বক বর্ষাকালীন স্নিগ্ধ গম্ভীর মেঘ-নির্ঘোষে নৃত্যকারী কুরঙ্গগণের নৃত্য অবলোকন করিয়া, তোমার চিত্ত আনন্দ রসে আপ্লুত হইবে ॥ ৫১ ॥

সাগরগামিনী স্রোতঃস্বতী, যেমন পথিমধ্যে প্রাপ্ত পর্ব্বতকে অতিক্রম করিয়া চলিয়া যায়, তদ্রূপ আবর্ত্ত দ্বারা মনোহর নাভি-সম্পন্না সেই রাজকন্যা, অন্যকে পতিত্বে বরণ করিবার মানসে, সুষেণকে অতিক্রম পূর্ব্বক চলিয়া গেলেন ॥ ৫২ ॥

অনন্তর কিঙ্করী সুনন্দা, সেই পূর্ণেন্দুমুখী বালা ইন্দুমতীকে অঙ্গদ-ভূষণালঙ্কৃত ভুজদণ্ড-সম্পন্ন শত্রুহন্তা কলিঙ্গনাথ হেমাঙ্গদের নিকটে লইয়া গিয়া কহিল ॥ ৫৩ ॥

অসৌ মহেন্দ্রাদ্রিসমানসারঃ
পতির্ম্মহেন্দ্রস্য মহোদধেশ্চ।
যস্য ক্ষরৎসৈন্যগজচ্ছলেন
যাত্রাসু যাতীব পুরোমহেন্দ্রঃ॥ ৫৪॥
জ্যাঘাতরেখে সুভুজো ভুজাভ্যাং
বিভর্ত্তি যশ্চাপভৃতাং পুরোগঃ।

অসাবিতি। মহেন্দ্রাদ্রেঃ সমানসারঃ তুল্যসত্ত্বোঽসৌ হেমাঙ্গদঃ মহেন্দ্রস্য নাম কুলপর্ব্বতস্য মহোদধেশ্চ পতিঃ স্বামী। মহেন্দ্রমহোদধী এবাস্য গিরি-জলদুর্গে ইতি ভাবঃ। যস্য যাত্রাসু ক্ষরতাং মদস্রাবিণাং সৈন্যগজানাং ছলেন মহেন্দ্রো মহেন্দ্রাদ্রিঃ পুরোঽগ্রে যাতীব অদ্রিকল্পা অস্য গজা ইত্যর্থঃ॥ ৫৪॥

জ্যাঘাতেতি। সুভুজশ্চাপভৃতাং পুরোগো ধনুর্দ্ধরাগ্রেসরো যঃ, বন্দীকৃতানাং প্রগৃহীতানাম্। "প্রগ্রহোপগ্রহৌ বন্দ্যাং" ইত্যমরঃ। রিপুশ্রিয়াং সাঞ্জনো বাষ্পসেকো যয়োস্তে কজ্জলমিশ্রাশ্রুসিক্তে ইত্যর্থঃ। পদ্ধতী ইব দ্বে জ্যাঘাতানাং মৌর্ব্বীকিণানাং রেখে রাজী ভুজাভ্যাং বিভর্ত্তি। দ্বিবচনাৎ সব্য-

---

এই রাজা মহেন্দ্রাদ্রির সমান সারবান্; মহেন্দ্র-পর্ব্বত এবং মহাসমুদ্র ইহাঁর রাজ্যের প্রান্ত দুর্গস্বরূপ। ইহাঁর যুদ্ধযাত্রাকালে, মহীধর মহেন্দ্রই যেন মদস্রাবী রণহস্তীর ছলে অগ্রে অগ্রে গমন করিয়া থাকে। অর্থাৎ মহেন্দ্র-পর্ব্বত অগ্রে অগ্রে যায়, ইহার তাৎপর্য্য এই যে, এই হেমাঙ্গদের হস্তী সকল পর্ব্বতাকার মহাকায়। অথবা পর্ব্বত অধিক উন্নত ও বিস্তৃত বলিয়া, দূর হইতে নিকটে দেখায়, কিন্তু পর্ব্বতের নিকটে যাইবার সময়ে দূরত্ব অধিক অনুমিত হয়। সুতরাং পথ চলিবার সময়ে দূরতা বশতঃ বোধ হয়, যেন নিকটে দৃশ্য পর্ব্বতও অগ্রে অগ্রে চলিয়া যাইতেছে॥ ৫৪॥

এই মনোজ্ঞ ভুজ-দণ্ডধারী ধনুর্দ্ধরাগ্রগণ্য ভূপতি, স্বীয় ভুজদ্বয়ে বন্দীকৃত বিপক্ষ লক্ষ্মীর কজ্জলরাগ সহকৃত অশ্রুধারার পদ্ধতির ন্যায়, দুইটী জ্যাঘাত রেখা ধারণ করিয়াছেন। অর্থাৎ মহারাজ হেমাঙ্গদ, বিপক্ষ-লক্ষ্মীকে ভুজবলে গ্রহণ পূর্ব্বক রুদ্ধ করিয়া রাখেন বলিয়া, সেই ক্রন্দন পরায়ণা লক্ষ্মীর কজ্জল মিশ্র অশ্রুধারা মহারাজের ভুজে পতিত হইয়া, যেরূপ রেখা উৎপাদন

রিপুশ্রিয়াং সাঞ্জনবাষ্পসেকে
বন্দীকৃতানামিব পদ্ধতী দ্বে ॥ ৫৫ ॥
যমাত্মনঃ সদ্মনি সন্নিকৃষ্টো
মন্দ্রধ্বনিত্যাজিতযামতূর্য্যঃ ।
প্রাসাদবাতায়নদৃশ্যবীচিঃ
প্রবোধয়ত্যর্ণবএব সুপ্তম্ ॥ ৫৬ ॥
অনেন সার্দ্ধং বিহরাম্বুরাশে-
স্তীরেষু তালীবনমর্ম্মরেষু ।

সাচিত্বং গম্যতে। রিপুশ্রিয়াং ভুজাভ্যামেবাহরণাত্তদ্গতরেখয়োস্তৎপদ্ধতিত্বে-নোৎপ্রেক্ষা তয়োঃ শ্যামত্বাৎ সাঞ্জনাশ্রুসেকোক্তিঃ ॥ ৫৫ ॥

যমিতি। আত্মনঃ সদ্মনি সুপ্তং যং হেমাঙ্গদং সন্নিকৃষ্টঃ সমীপস্থঃ অতএব প্রাসাদবাতায়নৈঃ দৃশ্যবীচিঃ, মন্দ্রেণ গম্ভীরেণ। "মন্দ্রস্তু গম্ভীরে" ইত্যমরঃ। ধ্বনিনা ত্যাজিতং বিবর্জ্জিতং যামস্য তূর্য্যং প্রহরাবসানসূচকং বাদ্যং যেন স তথোক্তঃ। "দ্বৌ যামপ্রহরৌ সমৌ" ইত্যমরঃ। অর্ণবএব প্রবোধয়তি। অর্ণবস্যৈব তূর্য্যকার্য্যকারিত্বাৎ তদ্বৈয়র্থ্যমিত্যর্থঃ। সমুদ্রস্যাপি সেব্যঃ কিমন্যে-ষামিতি ভাবঃ ॥ ৫৬ ॥

অনেনেতি। অনেন রাজ্ঞা সার্দ্ধং তালীবনৈর্ম্মর্ম্মরেষু মর্ম্মরেতি ধ্বনৎসু। অথ মর্ম্মরঃ স্বনিতে বস্ত্রপর্ণানামিত্যমরবচনাৎ গুণপরস্যাপি মর্ম্মরশব্দস্য গুণি-

---

করে, তদ্রূপ তিনি পর্য্যায়ক্রমে উভয় হস্তে ধনু আকর্ষণ করেন বলিয়া, তাঁহার দুই হস্তেই ধনুর্গুণ আঘাতের রেখা উৎপন্ন হইয়াছিল; সুতরাং ইনি অর্জ্জুনের ন্যায় দুই হস্তেই শরক্ষেপণ করিতে সমর্থ ছিলেন ॥ ৫৫ ॥

এই রাজার প্রাসাদ-গবাক্ষ হইতে সন্নিহিত জলধির তরঙ্গমালা দৃষ্টিগোচর হয়; ইনি স্বীয় আবাস ভবনে নিদ্রিত হইলে, স্রোতঃস্বতীপতি কল-কল রবে ইহাঁকে প্রবোধিত করিয়া দেয়; সুতরাং ইহাঁর প্রহরাবসান-সূচক তূর্য্য-ধ্বনির আর প্রয়োজন হয় না ॥ ৫৬ ॥

তুমি এই নৃপতির সহিত বাতকম্পিত তালীবনের মর্ম্মর শব্দযুক্ত জলধি-তীরে বিহার কর; বিহারকালে লবঙ্গ-কুসুম সৌরভবাহী সুশীতল গন্ধবহ,

দ্বীপান্তরানীতলবঙ্গ-পুষ্পৈ-
রপাকৃতস্বেদলবা মরুদ্ভিঃ ॥ ৫৭ ॥
প্রলোভিতাপ্যাকৃতিলোভনীয়া
বিদর্ভরাজাবরজা তয়ৈবম্।

পরন্ত্বং প্রয়োগাদবসেয়ম্। অম্বুরাশেঃ সমুদ্রস্য তীরেষু দ্বীপান্তরেভ্য আনীতানি লবঙ্গপুষ্পাণি দেবকুসুমানি যৈস্তৈঃ। "লবঙ্গং দেবকুসুমং" ইত্যমরঃ। মরুদ্ভি- র্ব্বাতৈরপাকৃতাঃ প্রশমিতাঃ স্বেদস্য লবাঃ বিন্দবো যস্যাঃ সা তথাভূতা সতী বিহর ক্রীড় ॥ ৫৭ ॥

প্রলোভিতেতি। আকৃত্যা রূপেণ লোভনীয়া আকর্ষণীয়া ন তু বর্ণন- মাত্রেনেত্যর্থঃ। বিদর্ভরাজাবরজা ভোজানুজা ইন্দুমতী তয়া সুনন্দয়া এবং

দ্বীপান্তর হইতে আসিয়া, তোমার স্বেদ-বিন্দু সকল অপনোদন করিবে। অর্থাৎ সুনন্দা বলিতে লাগিল,—হে সুন্দরি! তুমি যদি এই হেমাঙ্গদের প্রণয়িনী হও, তাহা হইলে, শয়নকক্ষের বাতায়ন পথ দ্বারা জলধির প্রাকৃতিক শোভা সন্দর্শন করিয়া, অভূতপূর্ব্ব আনন্দ অনুভব করিতে পারিবে। যে হেতু সমুদ্রের কোন স্থানে মহাকায় তিমিমৎস্যগণ মুখ ব্যাদান পূর্ব্বক নদীমুখ হইতে জলচর প্রাণীর সহিত জলগ্রহণ করিয়া চঞ্চুপুট সংমিলিত করত, মস্তক-রন্ধ্র দ্বারা জলধারা ঊর্দ্ধে উৎক্ষিপ্ত করিতেছে; কোথাও হস্তী সদৃশ মহাকায় কুম্ভীর সকল, জলাভ্যন্তর হইতে সহসা উত্থিত হইয়া ফেনা সকল দুই ভাগে বিভক্ত করিতেছে; কোথাও বা শত শত শঙ্খ এককালে তরঙ্গবেগে উত্থিত হইয়া, প্রবালাঙ্কুরে সংসক্ত হইতেছে; ঈদৃশ অতি আশ্চর্য্য ঘটনাবলী সন্দর্শন করিয়া কাহার না চিত্ত বিমোহিত হয় ॥ ৫৭ ॥

যেমন পুরুষকার দ্বারা ভাগ্যলক্ষ্মী বহুদূর আকৃষ্ট হইলেও দৈবের প্রতি-কূলতা বশতঃ পুরুষের নিকট হইতে নিবৃত্ত হইয়া থাকে, তদ্রূপ সুনন্দা কর্ত্তৃক প্রলোভিতা হইয়াও লোভনীয়া মধুরাকৃতি বিশিষ্টা ইন্দুমতী, সেই কলিঙ্গনাথ হেমাঙ্গদের প্রতি বিমুখী হইলেন। অর্থাৎ পুরুষ নিজের চেষ্টা দ্বারা ধনোপার্জ্জনের পথ সুগম করিয়া আনিলে, তাহার দৈব (পূর্ব্বজন্মের কর্ম্ম ফল) যদি প্রতিকূল হয়, তাহা হইলে, যেমন চেষ্টালব্ধ ধন করতলে আসিয়াও প্রতিনিবৃত্ত হইয়া থাকে, সেইরূপ চেষ্টারূপিকা সুনন্দা কর্ত্তৃক

তস্মাদপাবর্ত্তত দূরকৃষ্টা
নীত্যেব লক্ষ্মীঃ প্রতিকূলদৈবাৎ ॥ ৫৮ ॥
অথোরগাখ্যস্য পুরস্য নাথং
দৌবারিকী দেবসরূপমেত্য।
ইতশ্চকোরাক্ষি বিলোকয়েতি
পূর্ব্বানুশিষ্টাং নিজগাদ ভোজ্যাম্‌ ॥ ৫৯ ॥
পাণ্ড্যোঽয়মংসার্পিতলম্বহারঃ
ক্লৃপ্তাঙ্গরাগোহরিচন্দনেন।
আভাতি বালাতপরক্তসানুঃ
সনির্ঝরোদ্গার ইবাদ্রিরাজঃ ॥ ৬০ ॥

প্রলোভিতা প্রচোদিতাপি নীত্যা পুরুষকারেণ দূরকৃষ্টা দূরমানীতা লক্ষ্মীঃ প্রতিকূলং দৈবং যস্য তস্মাৎ পুংস ইব তস্মাৎ হেমাঙ্গদাদপাবর্ত্তত প্রতিনিবৃত্তা ॥ ৫৮ ॥

অথেতি। অথ দ্বারে নিযুক্তা দৌবারিকী সুনন্দা। তত্র নিযুক্ত ইতি ঠক্‌প্রত্যয়ঃ। দ্বারাদীনাঞ্চেত্যৌ আগমঃ। আকারেণ দেবসরূপং দেবতুল্যম্‌ উরগাখ্যস্য পুরস্য পাণ্ড্যদেশে কান্যকুব্জতীরবর্ত্তি-নাগপুরস্য নাথমেত্য প্রাপ্য হে চকোরাক্ষি! ইতো বিলোকয়েতি পূর্ব্বানুশিষ্টাং পূর্ব্বমুক্তাং ভোজস্য রাজ্ঞো-গোত্রাপত্যং স্ত্রিয়ং ভোজ্যামিন্দুমতীম্‌। ক্রৌড্যাদিভ্যশ্চেত্যত্র ভোজাৎ ক্ষত্রিয়াদিত্যুপসংখ্যানাৎ ষ্যঙ্‌প্রত্যয়ঃ যঙশ্চাবিতি চাপ্‌। নিজগাদ ইতো-বিলোকয়েতি পূর্ব্বমুক্ত্বা পশ্চাদ্বক্তব্যং নিজগাদেত্যর্থঃ ॥ ৫৯ ॥

পাণ্ড্যইতি। অংসয়োরর্পিতাঃ লম্বন্তে ইতি লম্বা হারা যস্য সঃ হরিচন্দনেন গোশীর্ষাখ্যেন চন্দনেন। "তৈলপর্ণিকগোশীর্ষে হরিচন্দনমস্ত্রিয়া"মিত্যমরঃ।

ইন্দুমতী প্রলোভিতা ও হেমাঙ্গদের নিকটে আনীতা হইয়াও, তাঁহাকে পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন ॥ ৫৮ ॥

অনন্তর কিঙ্করী সুনন্দা, দেবতুল্য রূপবান্‌ নাগপুরেশ্বরের সন্নিধানে যাইয়া, ইন্দুমতীকে সম্বোধন করিয়া কহিল, হে চকোরাক্ষি! এই দিকে দৃষ্টিপাত কর ॥ ৫৯ ॥

এই পাণ্ড্যদেশের অধিপতি; ইনি হরিচন্দন দ্বারা অঙ্গরাগ সম্পাদন

বিন্ধ্যস্য সংস্তম্ভয়িতা মহাদ্রে-
র্নিঃশেষপীতোজ্ঝিতসিন্ধুরাজঃ।
প্রীত্যাশ্বমেধাবভৃথার্দ্র-মূর্ত্তেঃ
সৌস্নাতিকোযস্য ভবত্যগস্ত্যঃ॥ ৬১॥
অস্ত্রং হরাদাপ্তবতা দুরাপং
যেনেন্দ্রলোকাবজয়ায় দৃপ্তঃ।

ক্লৃপ্তাঙ্গরাগঃ সিদ্ধানুলেপনোঽয়ং পাণ্ডূনাং জনপদানাং রাজা পাণ্ড্যঃ। পাণ্ডোর্জনপদশব্দাৎ ক্ষত্রিয়াৎ ড্যণ্‌বক্তব্য ইতি ড্যণ্‌প্রত্যয়ঃ, তস্য রাজন্য-পত্যবদিতি বচনাৎ। বালাতপেন রক্তা অরুণাঃ সানবোযস্য সঃ সনির্ঝরো-দ্গারঃ প্রবাহ-স্যন্দনসহিতঃ। "বারিপ্রবাহোনির্ঝরোঝর" ইত্যমরঃ। অদ্রিরাজ-ইবাভাতি॥ ৬০॥

বিন্ধ্যস্যেতি। বিন্ধ্যস্য নাম্নো মহাদ্রেঃ তপনমার্গনিরোধায় বর্দ্ধমানস্যেতি শেষঃ, সংস্তম্ভয়িতা নিবারয়িতা, নিঃশেষং পীতঃ উজ্ঝিতঃ পুনস্ত্যক্তঃ সিন্ধু-রাজঃ সমুদ্রো যেন সঃ অগস্ত্যঃ অশ্বমেধস্যাবভৃথদীক্ষান্তে কর্ম্মণি। "দীক্ষান্তো-ঽবভৃথোযজ্ঞ"ইত্যমরঃ। আর্দ্রমূর্ত্তেঃ স্নাতস্যেত্যর্থঃ যস্য পাণ্ড্যস্য প্রীত্যা স্নেহেন নতু দাক্ষিণ্যেন সুস্নাতং পৃচ্ছতীতি সৌস্নাতিকো ভবতি। পৃচ্ছতৌ সুস্নাতা-দিভ্য ইত্যুপসংখ্যানাৎ ঠক্॥ ৬১॥

করিয়া, স্কন্ধদেশে লম্বমান মুক্তাহার ধারণ করিয়াছেন বলিয়া, ইনি তরুণ অরুণ-কিরণ-সংযোগে আরক্ত সানুপ্রদেশ-যুক্ত নির্ঝর-ধারাসমন্বিত অদ্রি-রাজের ন্যায় শোভা পাইতেছেন॥ ৬০॥

যিনি বিন্ধ্যপর্ব্বতের উন্নতি নিবারণ করেন এবং জলধিকে নিঃশেষে পান করিয়া পুনঃ উদ্গার করিয়াছিলেন, সেই ভগবান্ অগস্ত্য ঋষি, এই ভূপতি অশ্বমেধ যজ্ঞান্তে স্নান করিলে, ইহাঁকে প্রীতিপূর্ব্বক মঙ্গল স্নান জিজ্ঞাসা করিয়া থাকেন। অর্থাৎ যে উগ্রতেজাঃ মহর্ষি অগস্ত্য, বিন্ধ্যগিরির উন্নতি এবং মহাসমুদ্রের অনন্ত বিস্তার দর্শনে অসহমান হইয়া, তাহাদিগের গর্ব্ব খর্ব্ব করিয়াছেন, তিনিও এই যাজ্ঞিক রাজার অশ্বমেধ যজ্ঞ দর্শনে সাতিশয় প্রীতমনাঃ হইয়া, যজ্ঞের কুশল জিজ্ঞাসা করিয়া থাকেন॥ ৬১॥

পুরা জনস্থানবিমর্দ্দশঙ্কী
সন্ধায় লঙ্কাধিপতিঃ প্রতস্থে ॥ ৬২ ॥
অনেন পাণৌ বিধিবদ্গৃহীতে
মহাকুলীনেন মহীব গুর্ব্বী।
রত্নানুবিদ্ধার্ণবমেখলায়াঃ
দিশঃ সপত্নী ভব দক্ষিণস্যাঃ ॥ ৬৩ ॥

অস্ত্রমিতি। পুরা পূর্ব্বং জনস্থানস্থ খরালয়স্থ বিমর্দ্দশঙ্কী দৃপ্ত উদ্ধতো-লঙ্কাধিপতিঃ রাবণঃ দুরাপং দুর্লভমস্ত্রং ব্রহ্মশিরো নামকং হরাদাপ্তবতা যেন পাণ্ড্যেন সন্ধায় ইন্দ্রলোকাবজয়ায় ইন্দ্রলোকং জেতুং প্রতস্থে। ইন্দ্রবিজয়িনো-রাবণস্থাপি বিজেতেত্যর্থঃ ॥ ৬২ ॥

অনেনেতি। মহাকুলীনেন মহাকুলে জাতেন। মহাকুলাদঞ্খঞাবিতি খঞ্ প্রত্যয়ঃ। অনেন পাণ্ড্যেন পাণৌ ত্বদীয়ে বিধিবদ্যথাশাস্ত্রং গৃহীতে সতি গুর্ব্বী গুরুঃ। বোতোগুণবচনাদিতি ঙীপ্। মহীব রত্নৈরনুবিদ্ধো ব্যাপ্তোঽর্ণব-এব মেখলা যস্থা তস্থাঃ। ইদং বিশেষণং মহ্যামিন্দুমত্যাঞ্চ যোজ্যম্; (ইন্দুমতী-পক্ষে তু অর্ণব ইব মেখলা যস্থা তস্থাঃ ইতি বিগ্রহঃ)। দক্ষিণস্থা দিশঃ সপত্নী ভব। অনেন সপত্ন্যন্তরাভাবো ধ্বন্যতে ॥ ৬৩ ॥

ইনি মহাদেবের নিকট হইতে দুর্লভ অস্ত্রলাভ করিয়াছেন; পূর্ব্বে লঙ্কাধিপতি বলগর্ব্বিত রাবণ, সুরলোক বিজয়ের মানস করিয়া, ইহাঁর সহিত সন্ধিস্থাপন পূর্ব্বক ইন্দ্রলোক জয় করিতে গিয়াছিলেন। অর্থাৎ নাগপুরাধি-পতি, রাবণের অনুপস্থিতিকালে, তাহার অধিকৃত রাজ্যে অশান্তি স্থাপন করিতে পারেন, এই আশঙ্কায় লঙ্কেশ্বর, বিজয়ার্থী হইয়া দেবলোক গমন কালে, এই নাগপুরেশ্বরের সহিত সন্ধি স্থাপন করিয়াছিলেন ॥ ৬২ ॥

এই মহাকুলীন নৃপ কর্ত্তৃক বিধানানুসারে গৃহীতপাণি হইয়া, তুমি সসাগরা বসুন্ধরার ন্যায় রত্নাকর মেখলা দক্ষিণদিক্-বধূর সপত্নী হও। অর্থাৎ "দক্ষিণদিক্ বধূর সপত্নী হও" ইহার তাৎপর্য্য এই যে, ইনি দক্ষিণ রাজ্যের অধিপতি; সুতরাং ইহাঁকে পতিত্বে বরণ করিলে, দক্ষিণদিকেরই সপত্নী হইবে, কিন্তু বাস্তবিক ইনি অদ্য পর্য্যন্ত কাহারও পাণিগ্রহণ করেন নাই ॥ ৬৩ ॥

তাম্বূলবল্লীপরিণদ্ধপূগা-
স্বেলালতালিঙ্গিতচন্দনাসু।
তমালপত্রাস্তরণাসু রন্তুং
প্রসীদ শশ্বন্মলয়স্থলীষু॥ ৬৪ ॥
ইন্দীবরশ্যামতনুর্নৃপোঽসৌ
ত্বং রোচনাগৌরশরীরযষ্টিঃ।
অন্যোন্যশোভাপরিবৃদ্ধয়ে বাং
যোগস্তড়িত্তোয়দয়োরিবাস্তু॥ ৬৫ ॥

তাম্বূলেতি। তাম্বূলবল্লীভির্নাগবল্লীভিঃ পরিণদ্ধাঃ পরিরব্ধাঃ পূগাঃ ক্রমুকাঃ যাসু। "তাম্বূলবল্লী তাম্বূলী নাগবল্ল্যপি" ইতি, "ঘোণ্টা তু পূগঃ ক্রমুক" ইতি চামরঃ। এলালতাভিরালিঙ্গিতাশ্চন্দনা মলয়জা যাসু তাসু। "গন্ধসারো মলয়জো ভদ্রশ্রীশ্চন্দনোঽস্ত্রিয়া" মিত্যমরঃ। তমালস্য তাপিঞ্জস্য পত্রাণ্যেবাস্তরণানি যাসু তাসু। "কালস্কন্ধস্তমালঃ স্যাত্তাপিঞ্ছোঽপি" ইত্যমরঃ। মলয়স্থলীষু শশ্বৎ মুহুঃ সদা বা রন্তুং প্রসীদ অনুকূলা ভব॥ ৬৪॥

ইন্দীবরেতি। অসৌ নৃপঃ ইন্দীবরশ্যামতনুঃ ত্বং রোচনা গোরোচনেব গৌরী শরীরযষ্টির্যস্যাঃ সা ততস্তড়িত্তোয়দয়োঃ বিদ্যুন্মেঘয়োরিব বাং যুবয়োর্যোগঃ সমাগমোঽন্যোন্যশোভায়াঃ পরিবৃদ্ধয়েঽস্তু॥ ৬৫॥

হে কমলপত্রাক্ষি! যে স্থানে তাম্বূললতা-পরিবেষ্টিত গুবাক বৃক্ষ সকল বিরাজিত, এলালতালিঙ্গিত চন্দনতরু সকল সুশোভিত, ঈদৃশ মলয়পর্ব্বতে তমালপত্র রচিত আস্তরণে বিহারার্থ ইহাঁর প্রতি অনুকূল হও॥ ৬৪॥

এই পাণ্ড্যরাজ ইন্দীবরের ন্যায় শ্যামকলেবর এবং তোমার শরীর-যষ্টি গোরোচনা সদৃশ গৌরবর্ণ, অতএব মেঘ ও বিদ্যুতের একত্র সমাবেশের ন্যায় তোমাদের উভয়ের সমাগম পরস্পরের শোভা বৃদ্ধির নিমিত্তই হইবে। অর্থাৎ হে রাজপুত্রি! জলধর-পটল-সংযোগে সৌদামিনী যেরূপ মনোহর শ্রীধারণ করে, তদ্রূপ ইহাঁর ইন্দীবর-শ্যাম তনুর সংযোগে তুমিও অভূতপূর্ব্ব শোভা ধারণ করিবে॥ ৬৫॥

স্বসুর্ব্বিদর্ভাধিপতেস্তদীয়ো-
লেভেঽন্তরং চেতসি নোপদেশঃ ।
দিবাকরাদর্শনবদ্ধকোশে
নক্ষত্রনাথাংশুরিবারবিন্দে ॥ ৬৬ ॥
সঞ্চারিণী দীপশিখেব রাত্রৌ
যং যং ব্যতীয়ায় পতিংবরা সা ।

স্বসুরিতি। বিদর্ভাধিপতে র্ভোজস্য স্বসুরিন্দুমত্যাঃ চেতসি তদীয়ঃ সুনন্দাসম্বন্ধী উপদেশো বাক্যং দিবাকরস্যাদর্শনেন বদ্ধকোশে মুকুলিতে অরবিন্দে নক্ষত্রনাথাংশুঃ চন্দ্রকিরণ ইব অন্তরমবকাশং ন লেভে ॥ ৬৬ ॥

সঞ্চারিণীতি। পতিংবরা সা ইন্দুমতী রাত্রৌ সঞ্চারিণী দীপশিখেব যং যং ভূপালং ব্যতীয়ায় অতীত্য গতা, স স ভূমিপালঃ স সর্ব্ব ইত্যর্থঃ। নিত্য-বীপ্সয়োরিতি বীপ্সায়াং দ্বির্বচনম্। নরেন্দ্রমার্গে রাজপথে অট্টাখ্যো গৃহভেদ-

---

যেমন প্রভাকরের অদর্শনে মুকুলিত কমল মধ্যে চন্দ্রকিরণ স্থান প্রাপ্ত হয় না, সেইরূপ সুনন্দার উপদেশ বাক্য, ইন্দুমতীর অন্তঃকরণ-মধ্যে প্রবেশ লাভ করিল না ॥ ৬৬ ॥

রাত্রিকালে সঞ্চারিণী দীপ-শিখা অগ্রসারিণী হইলে, যেমন পশ্চাৎবর্ত্তী রাজপথস্থ সৌধাবলী তিমিরাবৃত হয়। তদ্রূপ সেই স্বয়ম্বরা ইন্দুমতী, যে যে মহীপালকে অতিক্রম করিয়া চলিয়া গেলেন, তাঁহারা বিষাদে বিবর্ণভাব প্রাপ্ত হইলেন। অর্থাৎ যেমন রাজপথের উভয় পার্শ্বে প্রাসাদ সকল শ্রেণীবদ্ধরূপে সন্নিবেশিত থাকে, সেইরূপ স্বয়ম্বর গৃহে রাজগণকে এইরূপে উপবেশন করান হইয়াছিল যে, তাঁহাদের মধ্যপ্রদেশ দিয়া পথ ছিল এবং সেই পথের উভয় পার্শ্বের মঞ্চোপরি রাজগণ উপবিষ্ট আছেন এবং স্বয়ম্বরা-র্থিনী, সেই নির্দ্দিষ্ট পথ দিয়া এক রাজার নিকট হইতে অপর রাজার নিকটে, এইরূপ করিয়া ক্রমশ অগ্রসারিণী হইতে লাগিলেন। সুতরাং যেমন রজনী-যোগে প্রজ্জ্বলিত দীপ গ্রহণপূর্ব্বক রাজপথে প্রবেশ করিয়া, ক্রমশ অগ্রসর হইতে থাকিলে, পথের পশ্চাৎবর্ত্তী অট্টালিকাগুলি অন্ধকারাচ্ছন্ন হয় এবং সম্মুখবর্ত্তী প্রাসাদশ্রেণী আলোকিত হয়, সেইরূপ ইন্দুমতী স্বয়ম্বর গৃহের

নরেন্দ্রমার্গাট্ট ইব প্রপেদে
বিবর্ণভাবং স স ভূমিপালঃ ॥ ৬৭ ॥
তস্যাং রঘোঃ সূনুরুপস্থিতায়াং
বৃণীত মাং নেতি সমাকুলোঽভূৎ ॥
বামেতরঃ সংশয়মস্য বাহুঃ
কেয়ূরবন্ধোচ্ছ্বসিতৈর্নুনোদ ॥ ৬৮ ॥
তং প্রাপ্য সর্ব্বাবয়বানবদ্যং
ব্যাবর্ত্ততান্যোপগমাৎ কুমারী।

ইব। "স্যাদট্টঃ ক্ষৌমমস্ত্রিয়া" মিত্যমরঃ। বিবর্ণভাবং বিচ্ছায়ত্বম্ অট্টস্তু তমোবৃতত্বং প্রপেদে ॥ ৬৭ ॥

তস্যামিতি। তস্যামিন্দুমত্যামুপস্থিতায়ামাসন্নায়াং সত্যাং রঘোঃ সূনুরজঃ মাং বৃণীত ন বেতি সমাকুলঃ সংশয়িতোঽভূৎ। অথাস্যাজস্য বামেতরো-বামাদিতরো দক্ষিণো বাহুঃ কেয়ূরং বধ্যতেঽত্রেতি কেয়ূরবন্ধোঽঙ্গদস্থানং তস্যোচ্ছ্বসিতৈঃ স্ফুরণৈঃ সংশয়ং নুনোদ ॥ ৬৮ ॥

তমিতি। কুমারী সর্ব্বেষ্ববয়বেষু অনবদ্যমদোষং তমজং প্রাপ্য অন্যোপগমাদ্রাজান্তরোপগমাৎ ব্যাবর্ত্তত নিবৃত্তা। তথাহি ষট্পদালী ভৃঙ্গাবলিঃ

রাজপথে প্রবিষ্ট হইয়া, যে যে রাজাকে অতিক্রম করিয়া চলিয়া গেলেন, তাঁহারা ইন্দুমতীর লাভে বঞ্চিত হইয়া, বিবর্ণভাব প্রাপ্ত হইলেন এবং ইন্দুমতীর সম্মুখবর্ত্তী রাজগণ আমাকে বরণ করিবে, আমাকে বরণ করিবে, এই মনে করিয়া আনন্দে পুলকিত হইয়া উঠিলেন ॥ ৬৭ ॥

রঘুতনয় অজ, স্বসন্নিধানে ইন্দুমতীকে সমাগত দেখিয়া আমাকে বরণ করিবে কি না, এই ভাবিয়া ব্যাকুল হইলেন; কিন্তু তাঁহার দক্ষিণবাহু কেয়ূরবন্ধ স্থানের (বাজু পরিধানযোগ্য স্থানের) স্পন্দন দ্বারা সেই সংশয় অপনোদন করিয়া দিল। অর্থাৎ স্বয়ম্বরার্থিনী ইন্দুমতী, পাণ্ড্যরাজাকে পরিত্যাগ করিয়া অজের নিকটে উপনীত হইলে, রঘুনন্দনের দক্ষিণবাহু স্পন্দিত হইয়া, তাঁহার ইন্দুমতীর লাভ-বিষয়ে সংশয় ছেদ করিয়াছিল ॥ ৬৮ ॥

রাজকুমারী, সেই সর্ব্বাঙ্গসুন্দর নৃপকুমারকে প্রাপ্ত হইয়া, ভূপালান্তর

ন হি প্রফুল্লং সহকারমেত্য
বৃক্ষান্তরং কাঙ্ক্ষতি ষট্‌পদালী ॥ ৬৯ ॥
তস্মিন্ সমাবেশিতচিত্তবৃত্তি-
মিন্দুপ্রভামিন্দুমতীমবেক্ষ্য।
প্রচক্রমে বক্তুমনুক্রমজ্ঞা
সবিস্তরং বাক্যমিদং সুনন্দা ॥ ৭০ ॥
ইক্ষ্বাকুবংশ্যঃ ককুদং নৃপাণাং
ককুৎস্থ ইত্যাহিতলক্ষণোঽভূৎ।

প্রফুল্লতীতি প্রফুল্লং বিকসিতং পুষ্পিতমিত্যর্থঃ। প্রপূর্ব্বাৎ ফুল্লতেঃ পচাদ্যচ্ ফলতেস্তু প্রফুল্তমিতি পঠিতব্যম্ অনুপসর্গাদিতি নিষেধাদিত্যুভয়থাপি ন কদাচিদনুপপত্তিরিত্যুক্তং প্রাক্। সহকারং চূতবিশেষমেত্য। "আম্রশ্চূতোরসালোঽসৌ সহকারোঽতিসৌরভ" ইত্যমরঃ। বৃক্ষান্তরং ন কাঙ্ক্ষতি। ন হি সর্ব্বোৎকৃষ্টবস্তুলাভেঽপি বস্ত্বন্তরস্যাভিলাষঃ স্যাদিত্যর্থঃ ॥ ৬৯ ॥

তস্মিন্নিতি। তস্মিন্নজে সমাবেশিতা সংক্রামিতা চিত্তবৃত্তির্যয়া তাম্ ইন্দোঃ প্রভেব প্রভা যস্যাস্তাম্। আহ্লাদকত্বাদিন্দুসাম্যম্। ইন্দুমতীমবেক্ষ্য অনুক্রমজ্ঞা বাক্যপৌর্ব্বাপর্য্যাভিজ্ঞা সুনন্দা ইদং বক্ষ্যমাণং সবিস্তরং সপ্রপঞ্চম্। প্রথনে বাবশব্দইতি ঘঞোনিষেধাৎ ঋদোরপ্ ইত্যপ্‌প্রত্যয়ঃ। "বিস্তারো-বিগ্রহোব্যাসঃ সচ শব্দস্য বিস্তরঃ" ইত্যমরঃ। বাক্যং বক্তুং প্রচক্রমে ॥ ৭০ ॥

ইক্ষ্বাকিতি। ইক্ষ্বাকো র্ম্মনুপুত্রস্য বংশে ভবঃ নৃপাণাং ককুদং শ্রেষ্ঠঃ। "ককুচ্চ ককুদং শ্রেষ্ঠে বৃষাংসে রাজলক্ষ্মণি" ইতি বিশ্বঃ। আহিতলক্ষণঃ প্রথ্যাত-

---

গমনে বিরত হইলেন; যেহেতু মধুকরী, প্রফুল্ল সহকার তরু প্রাপ্ত হইয়া, বৃক্ষান্তরের আকাঙ্ক্ষা করে না ॥ ৬৯ ॥

ইন্দুপ্রভা ইন্দুমতীকে সেই রঘুনন্দনে নিবিষ্টচিত্ত দেখিয়া, বচন-রচন-চতুরা সুনন্দা, সবিস্তারে বলিতে লাগিল। অর্থাৎ তখন ইন্দুমতীর অন্তঃকরণ, কন্দর্প সদৃশ রূপবান্ অজে পতিত হইল; সুতরাং তাঁহাকে চিত্রার্পিতের প্রায় অবস্থিত দেখিয়া, সুনন্দা এইরূপ কহিতে লাগিল ॥ ৭০ ॥

পূর্ব্বে ইক্ষ্বাকুবংশীয় নরপতিদিগের মধ্যে ককুৎস্থ নামে প্রসিদ্ধ গুণবান্ এক শ্রেষ্ঠ রাজা ছিলেন; উন্নতমনাঃ উত্তর কোশলেশ্বরগণ, তাঁহা হইতে এই

কাকুৎস্থশব্দং যত উন্নতেচ্ছাঃ
শ্লাঘ্যং দধত্যুত্তরকোশলেন্দ্রাঃ ॥ ৭১ ॥
মহেন্দ্রমাস্থায় মহোক্ষরূপং
যঃ সংযতি প্রাপ্তপিনাকিলীলঃ।
চকার বাণৈরসুরাঙ্গনানাং
গণ্ডস্থলীঃ প্রোষিতপত্রলেখাঃ ॥ ৭২ ॥

গুণঃ। "গুণৈঃ প্রতীতে তু কৃতলক্ষণাহিতলক্ষণা"বিত্যমরঃ। ককুদি বৃষাংসে তিষ্ঠতীতি ককুৎস্থ ইতি প্রসিদ্ধঃ কশ্চিৎ রাজা অভূৎ যতঃ ককুৎস্থাদারভ্য-উন্নতেচ্ছা মহাশয়াঃ। "মহেচ্ছস্তু মহাশয়"ইত্যমরঃ। উত্তরকোশলেন্দ্রা রাজানো দিলীপাদয়ঃ শ্লাঘ্যং প্রশস্তং ককুৎস্থস্যাপত্যং পুমান্ কাকুৎস্থ ইতি শব্দং সংজ্ঞাং দধতি বিভ্রতি। তন্নামসংস্পর্শোঽপি বংশস্য কীর্ত্তিকর ইতি ভাবঃ। পুরা কিল পুরঞ্জয়ো নাম সাক্ষাদ্ভগবতোবিষ্ণোরংশাবতারঃ কশ্চিদৈক্ষ্বাকো রাজা দেবৈঃ সহ সময়বন্ধেন দেবাসুরযুদ্ধে মহোক্ষরূপধারিণো মহেন্দ্রস্য ককুদি স্থিত্বা পিনাকিলীলয়া নিখিলমসুরকুলং নিহত্য ককুৎস্থসংজ্ঞাং লেভে ইতি পৌরাণিকী কথানুসন্ধেয়া বক্ষ্যতে চায়মেবার্থ উত্তরশ্লোকে ॥ ৭১ ॥

মহেন্দ্রমিতি। যঃ ককুৎস্থঃ সংযতি যুদ্ধে মহানুক্ষা মহোক্ষঃ। অচতুরেতি নিপাতঃ। তস্য রূপমিব রূপং যস্য তং মহেন্দ্রমাস্থায়ারুহ্য অতএব প্রাপ্তা পিনাকিনঃ ঈশ্বরস্য লীলা যেন স তথোক্তঃ সন্ বাণৈরসুরাঙ্গনানাং গণ্ডস্থলীঃ

প্রশস্ত কাকুৎস্থ উপাধি ধারণ করিয়াছেন। অর্থাৎ অযোধ্যানগরবাসী দিলীপ প্রভৃতি রাজগণ, যাঁহা হইতে কাকুৎস্থ এই প্রসিদ্ধ উপাধি লাভ করিয়াছেন, সেই অসাধারণ গুণসম্পন্ন পুরঞ্জয় নামক এক রাজা, ইক্ষ্বাকুকুলে জন্মপরিগ্রহ করিয়া, অলোকসামান্য ককুৎস্থ, এই উপাধি লাভ করেন ॥ ৭১ ॥

যে ককুৎস্থ রাজা, যুদ্ধে মহাবৃষভরূপী ইন্দ্রের ককুদে আরোহণ করিয়া, শূলপাণির ভঙ্গী অবলম্বনপূর্ব্বক শরনিকরে অসুরাঙ্গনাদিগের কপোলস্থ পত্র রচনা অপনোদন করাইয়াছিলেন। অর্থাৎ ইক্ষ্বাকুবংশীয় রাজা পুরঞ্জয় বৃষভের ককুদে (ঝুঁটিতে) আরোহণপূর্ব্বক অসুরদিগকে বিনাশ করেন, সুতরাং অসুর-রমণীগণ, স্বামীর বিয়োগবশতঃ আর গণ্ডস্থলে পত্র রচনা

ঐরাবতাস্ফালনবিশ্লথং যঃ
সঙ্ঘট্টয়ন্নঙ্গদমঙ্গদেন।
উপেয়ুষঃ স্বামপি মূর্ত্তিমগ্র্যা-
মর্দ্ধাসনং গোত্রভিদোঽধিতষ্ঠৌ ॥ ৭৩ ॥
জাতঃ কুলে তস্য কিলোরুকীর্ত্তিঃ
কুলপ্রদীপো নৃপতির্দ্দিলীপঃ।
অতিষ্ঠদেকোনশতক্রতুত্বে
শক্রাভ্যসূয়াবিনিবৃত্তয়ে যঃ ॥ ৭৪ ॥

প্রোষিতপত্রলেখা নিবৃত্তপত্ররচনাশ্চকার তদ্ভর্তৃনসুরানবধীদিত্যর্থঃ। নহি বিধবাঃ প্রসাধ্যন্ত ইতি ভাবঃ ॥ ৭২ ॥

ঐরাবতেতি। যঃ ককুৎস্থঃ, ঐরাবতস্য স্বর্গজস্যাস্ফালনেন তাড়নেন বিশ্লথং শিথিলমঙ্গদমৈন্দ্রম্‌ অঙ্গদেন স্বকীয়েন সঙ্ঘট্টয়ন্‌ সঙ্ঘর্ষয়ন্‌ স্বামগ্র্যাং শ্রেষ্ঠাং মূর্ত্তিমুপেয়ুষোঽপি প্রাপ্তস্যাপি গোত্রভিদ ইন্দ্রস্য অর্দ্ধমাসনস্যার্দ্ধাসনম্‌। অর্দ্ধং নপুংসকমিতি সমাসঃ। অধিতষ্ঠৌ অধিষ্ঠিতবান্‌। স্থাদিষ্বভ্যাসেন চাভ্যাসস্যেতি অভ্যাসেন ব্যবায়েপি ষত্বম্‌। ন কেবলং মহোক্ষরূপধারিণএব তস্য ককুদমারুক্ষৎ কিন্তু নিজরূপধারিণোঽপি ইন্দ্রস্যার্দ্ধাসনমিত্যপিশব্দার্থঃ। অথবা অর্দ্ধাসনমপীত্যপেরন্বয়ঃ ॥ ৭৩ ॥

জাতইতি। উরুকীর্ত্তির্ম্মহাযশাঃ কুলপ্রদীপো দিলীপো নৃপতিস্তস্য ককুৎস্থস্য কুলে জাতঃ কিল যো দিলীপঃ শক্রাভ্যসূয়াবিনিবৃত্তয়ে ন ত্বশক্ত্যেতি

(অঙ্গরাগ বিশেষ) করিত না। সেই দেবাসুর সংগ্রামে যে অসুরহন্তা রাজা পুরঞ্জয়, সুররাজের নিকট হইতে ককুৎস্থ এই নাম প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৭২ ॥

দেবরাজ ইন্দ্র, বৃষভ রূপ পরিত্যাগ করিয়া, স্বকীয় শ্রেষ্ঠ মূর্ত্তি পরিগ্রহ করিলে, যিনি তাঁহার সহিত একাসনে আসীন হইয়া, স্বীয় অঙ্গদ দ্বারা ঐরাবত তাড়নে ইন্দ্রের শ্লথ অঙ্গদকে বিঘট্টিত করেন ॥ ৭৩ ॥

সেই ককুৎস্থকুলে মহাযশাঃ কুলপ্রদীপ দিলীপ জন্মগ্রহণ করেন। রাজা দিলীপ, একোনশত অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করিয়া, কেবল ইন্দ্রের অসূয়া নিবৃত্তির নিমিত্তই তাহা হইতে নিবৃত্ত হইয়াছিলেন। অর্থাৎ বীরশ্রেষ্ঠ রাজা

যস্মিন্ মহীং শাসতি বাণিনীনাং
নিদ্রাং বিহারার্দ্ধপথে গতানাম্।
বাতোঽপি নাস্রংসয়দংশুকানি
কো লম্বয়েদাহরণায় হস্তম্ ॥ ৭৫ ॥
পুত্রোরঘুস্তস্য পদং প্রশাস্তি
মহাক্রতোর্ব্বিশ্বজিতঃ প্রয়োক্তা।
চতুর্দ্দিগাবর্জ্জিতসম্ভৃতাং যো
মৃৎপাত্রশেষামকরোদ্বিভূতিম্ ॥ ৭৬ ॥

ভাবঃ একেনোনাঃ শতং ক্রতবো যস্য স একোনশতক্রতুস্তস্য ভাব স্তত্ত্বে অতিষ্ঠৎ ইন্দ্রপ্রীতয়ে শততমং ক্রতুমবশেষিতবানিত্যর্থঃ ॥ ৭৪ ॥

যস্মিন্নিতি। যস্মিন্ দিলীপে মহীং শাসতি সতি বিহরত্যত্রেতি বিহারঃ ক্রীড়াস্থানং তস্যার্দ্ধপথে নিদ্রাং গতানাং বাণিনীনাং মত্তাঙ্গনানাম্। "বাণিনী নর্ত্তকী মত্তা বিদগ্ধবনিতাসু চ" ইতি বিশ্বঃ। "বাণিন্যৌ নর্ত্তকীমত্তে" ইত্যমরশ্চ। অংশুকানি বস্ত্রাণি বাতোঽপি নাস্রংসয়ৎ নাকম্পয়ৎ আহরণায় অপহর্ত্তুং কো হস্তং লম্বয়েৎ। তস্য আজ্ঞাসিদ্ধত্বাদকুতোভয়সঞ্চারাঃ প্রজা ইত্যর্থঃ। অর্দ্ধশ্চাসৌ পন্থা শ্চেতি বিগ্রহঃ সমপ্রবিভাগে প্রমাণাভাবাৎ নৈকদেশি-সমাসঃ ॥ ৭৫ ॥

পুত্রইতি। বিশ্বজিতোনাম মহাক্রতোঃ প্রয়োক্তা অনুষ্ঠাতা তস্য দিলীপস্য পুত্রো রঘুঃ পদং পৈত্র্যমেব প্রশাস্তি পালয়তি যো রঘুশ্চতস্থভ্যো দিগ্ভ্যঃ আবর্জ্জিতা আহৃতা সম্ভৃতা সম্যগ্বর্দ্ধিতা চ যা তাং চতুর্দ্দিগাবর্জ্জিতসম্ভৃতাং

দিলীপ, নিরানব্বইটী অশ্বমেধ যজ্ঞ সম্পূর্ণ করিয়া, দেবরাজ ইন্দ্রের অনুরোধে অবশিষ্ট আরব্ধ যজ্ঞ শেষ করিলেন না, শতসংখ্যা পূর্ণ হইলেই তিনি যজ্ঞে ইন্দ্রতুল্য হইতে পারিতেন ॥ ৭৪ ॥

যে দিলীপের শাসনকালে মদমত্ত অঙ্গনাগণ, বিহার স্থানে গমন সময়ে অর্দ্ধপথে নিদ্রাদেবীর হস্তগতা হইলে, অপরের কথা দূরে থাকুক, বায়ুও তাহাদের বস্ত্র কম্পিত করিত না ॥ ৭৫ ॥

সেই দিলীপাত্মজ রঘু, এক্ষণে পৈতৃক পদ পালন করিতেছেন; যে রঘু

আরূঢ়মদ্রীনুদধীন্ বিতীর্ণং
ভুজঙ্গমানাং বসতিং প্রবিষ্টম্।
ঊর্দ্ধং গতং যস্য ন চানুবন্ধি
যশঃ পরিচ্ছেত্তু মিয়ত্তয়ালম্ ॥ ৭৭ ॥
অসৌ কুমারস্তমজোঽনুজাত-
স্ত্রিবিষ্টপস্যেব পতিং জয়ন্তঃ।

বিভূতিং সম্পদং মৃৎপাত্রমেব শেষো যস্যাস্তা মকরোৎ বিশ্বজিদ্যাগস্য সর্ব্বস্ব-দক্ষিণকত্বাদিত্যর্থঃ ॥ ৭৬ ॥

আরূঢ়মিতি। কিঞ্চ অদ্রীনারূঢ়ম্ উদধীন্ বিতীর্ণম্ অবগাঢ়ং সকল-ভূগোলব্যাপকমিত্যর্থঃ ভুজঙ্গমানাং বসতিং পাতালং প্রবিষ্টম্ ঊর্দ্ধং স্বর্গাদিকং গতং ব্যাপ্তম্ ইত্থং সর্ব্বদিগ্ব্যাপীত্যর্থঃ অনুবধ্নাতীত্যনুবন্ধি চ অবিচ্ছেদকাল-ত্রয়ব্যাপকঞ্চেত্যর্থঃ অতএবৈবংভূতং যস্য যশঃ ইয়ত্তয়া দেশতঃ কালতো বা কেনচিন্মানেন পরিচ্ছেত্তুং পরিমাতুং নালং ন শক্যম্ ॥ ৭৭ ॥

অসাবিতি। অসাবজাখ্যঃ কুমারঃ ত্রিবিষ্টপস্য স্বর্গস্য পতিমিন্দ্রং জয়ন্ত-ইব। "জয়ন্তঃ পাকশাসনি"রিত্যমরঃ। তং রঘুমনুজাতঃ তস্মাজ্জাত ইত্যর্থঃ। তজ্জাতোঽপি তদনুজাতো ভবতি জন্যজনকয়োরানন্তর্য্যাৎ। গত্যর্থাকর্ম্মকশ্লিষ-শীঙ্স্থাসবসজনরুহজীর্য্যতিভ্যশ্চেতি ক্তঃ। সোপসৃষ্টত্বাৎ সকর্ম্মকত্বম্ আহ চাত্রৈব সূত্রে বৃত্তিকারঃ,—শ্লিষাদয়ঃ সোপসৃষ্টাঃ সকর্ম্মকাঃ ভবন্তীতি। দম্যঃ

চতুর্দ্দিক হইতে সমাহৃত এবং সংবর্দ্ধিত সম্পদ্ দ্বারা বিশ্বজিৎ যজ্ঞ সম্পন্ন করিয়া, কেবল মৃৎপাত্র সার করিয়াছিলেন ॥ ৭৬ ॥

যে রঘুর কালত্রয়ব্যাপী অবিচ্ছিন্ন যশ, পর্ব্বতে আরোহণ, সমুদ্রে অব-গাহন, পাতাল ভবনে প্রবেশ এবং স্বর্গে গমন করিয়াছে; কেহই সেই যশের ইয়ত্তা করিতে সমর্থ হয় না। অর্থাৎ পার্থিবেন্দ্র রঘু, দিগ্বিজয়ে বীরত্ব প্রকাশ করিয়া পর্ব্বত-শৃঙ্গে, জলধি-গর্ভে এবং বিশ্বজিৎ যজ্ঞের অনুষ্ঠান করিয়া স্বর্গ ও পাতালে কীর্ত্তি প্রসারিত করিয়াছেন; সুতরাং ঈদৃশী বিশ্বসংসার-ব্যাপিনী কীর্ত্তির পরিমাণ করিতে কাহার সাধ্য? ॥ ৭৭ ॥

যেমন দেবরাজ ইন্দ্র হইতে জয়ন্ত, তদ্রূপ সেই রঘু হইতে এই কুমার অজ উৎপন্ন হইয়াছেন; ইহাঁর এই শিক্ষার সময়; তথাপি ইনি ধুরন্ধর পিতার

গুর্ব্বীং ধুরং যো ভুবনস্য পিত্রা
ধুর্য্যেণ দম্যঃ সদৃশং বিভর্ত্তি॥ ৭৮॥
কুলেন কান্ত্যা বয়সা নবেন
গুণৈশ্চ তৈস্তৈর্ব্বিনয়প্রধানৈঃ।
ত্বমাত্মনস্তুল্যমমুং বৃণীষ্ব
রত্নং সমাগচ্ছতু কাঞ্চনেন॥ ৭৯॥
ততঃ সুনন্দাবচনাবসানে
লজ্জাং তনূকৃত্য নরেন্দ্রকন্যা।

শিক্ষণীয়াবস্থঃ যোঽজঃ গুর্ব্বীং ভুবনস্য ধুরং ধুর্য্যেণ ধুরন্ধরেণ চিরনিরূঢ়েন পিত্রা সদৃশং তুল্যং যথা তথা বিভর্ত্তি। যথা কশ্চিদ্বৎসতরোঽপি ধুর্য্যেণ মহোক্ষেণ সমং বহতীত্যুপমালঙ্কারো ধ্বন্যতে। "দম্যবৎসতরৌ সমৌ"ইত্যমরঃ॥৭৮॥

কুলেনেতি। কুলেন, কান্ত্যা লাবণ্যেন, নবেন বয়সা যৌবনেন, বিনয়ঃ প্রধানং যেষাং তৈঃ তৈস্তৈর্গুণৈঃ শ্রুতশীলাদিভিশ্চ আত্মনস্তুল্যং স্বানুরূপমমুমজং ত্বং বৃণীষ্ব কিং বহুনা রত্নং কাঞ্চনেন সমাগচ্ছতু সঙ্গচ্ছতাম্। প্রার্থনায়াং লোট্। রত্নকাঞ্চনয়োরিবাত্যন্তানুরূপত্বাদ্যুবয়োঃ সমাগমঃ প্রার্থ্যত-ইত্যর্থঃ॥ ৭৯॥

তত ইতি। ততঃ সুনন্দাবচনস্যাবসানে অন্তে নরেন্দ্রকন্যা ইন্দুমতী

সদৃশ জগতের গুরুভার অক্লেশে বহন করিতেছেন। অর্থাৎ ইনি পিতা কর্ত্তৃক যুবরাজের পদে অভিষিক্ত হইয়া, জনক রঘুরাজের ন্যায় রাজকার্য্য পর্য্যালোচনা করিয়া থাকেন॥ ৭৮॥

এই যুবরাজ কুল, রূপ, অভিনব যৌবন এবং বিনয় প্রধান গুণগ্রাম দ্বারা তোমার অনুরূপ হইয়াছেন; অতএব তুমি ইহাঁকে বরণ কর; রত্ন কাঞ্চনের সহিত মিলিত হউক। অর্থাৎ যুবরাজ অজের কুল, শীল এবং অভিনব যৌবনাদি, ইন্দুমতীর অনুরূপ বিবেচনা করিয়া, সুনন্দা ইন্দুমতীকে অনুরোধ করিয়া বলিল, হে সুন্দরি! তুমি ইহাঁরই গলে বরমাল্য প্রদান কর; মণিকাঞ্চনের যোগ হউক॥ ৭৯॥

অনন্তর নরেন্দ্র কন্যা ইন্দুমতী, সুনন্দার বচনাবসানে কিঞ্চিৎ লজ্জা পরি-

দৃষ্ট্যা প্রসাদামলয়া কুমারং
প্রত্যগ্রহীৎ সংবরণস্রজেব ॥ ৮০ ॥
সা যূনি তস্মিন্নভিলাষবন্ধং
শশাক শালীনতয়া ন বক্তুম্।
রোমাঞ্চলক্ষ্যেণ স গাত্রযষ্টিং
ভিত্ত্বা নিরাক্রামদরালকেশ্যাঃ ॥ ৮১ ॥
তথাগতায়াং পরিহাসপূর্ব্বং
সখ্যাং সখী বেত্রভৃদাবভাষে।

লজ্জাং তনূকৃত্য সঙ্কোচ্য প্রসাদেন মনঃপ্রসাদেনামলয়া প্রসন্নয়া দৃষ্ট্যা সংবরণস্থ স্রজা স্বয়ং বরণার্থং স্রজেব কুমারমজং প্রত্যগ্রহীৎ স্বীচকার। সম্যক্ সানুরাগমপশ্যদিত্যর্থঃ ॥ ৮০ ॥

সেতি। সা কুমারী যূনি তস্মিন্নজে অভিলাষবন্ধম্ অনুরাগগ্রন্থিং শালীনতয়া অধৃষ্টতয়া। "স্যাদধৃষ্টস্তু শালীন" ইত্যমরঃ। শালীনকৌপীনে অধৃষ্টকার্য্যয়োরিতি নিপাতঃ। বক্তুং ন শশাক। তথাপি অরালকেশ্যাঃ সোঽভিলাষবন্ধো রোমাঞ্চলক্ষ্যেণ পুলকব্যাজেন। "ব্যাজোঽপদেশোলক্ষ্যঞ্চে"ত্যমরঃ। গাত্রযষ্টিং ভিত্ত্বা নিরাক্রামৎ সাত্ত্বিকাবির্ভাবলিঙ্গেন প্রকাশিত ইত্যর্থঃ ॥ ৮১ ॥

তথেতি। সখ্যামিন্দুমত্যাং তথাগতায়াং তথাভূতায়াং দৃষ্টানুরাগায়াং সত্যামিত্যর্থঃ সখী সহচরী। সখ্যশিশ্বীতি ভাষায়ামিতি নিপাতনাৎ ঙীপ্।

ত্যাগ করিয়া, বরমাল্য সদৃশ প্রীতিপ্রসন্ন দৃষ্টিপাত দ্বারা সেই রাজকুমার অজকে বরণ করিলেন। অর্থাৎ স্বয়ম্বরার্থিনী ইন্দুমতী, যুবরাজ অজের প্রতি এরূপ সতৃষ্ণ দৃষ্টিপাত করিলেন যে, তাহাই বরমাল্যের ন্যায় কার্য্য করিল ॥ ৮০ ॥

তৎকালে কুমারী, লজ্জাভয়ে সেই যুবার প্রতি বাক্য দ্বারা অনুরাগ প্রকাশ করিতে পারিলেন না ; কিন্তু সেই অনুরাগ রোমাঞ্চ ছলে তাঁহার অঙ্গযষ্টি ভেদ করিয়া প্রকাশিত হইল। অর্থাৎ অজের প্রতি ইন্দুমতীর আন্তরিক অনুরাগ জন্মিলে, কুমারী তাহা লজ্জা বশতঃ প্রকাশ করিতে পারিলেন না ; কিন্তু তাঁহার অঙ্গযষ্টি কণ্টকিত হওয়াতে, তাহা সুব্যক্ত হইয়া পড়িল ॥ ৮১ ॥

সহচরী সুনন্দা, সখীকে তদবস্থাপন্ন অবলোকন করিয়া, পরিহাস পূর্ব্বক

আর্য্যে ব্রজামোঽন্যত ইত্যথৈনাং
বধূরসূয়াকুটিলং দদর্শ ॥ ৮২ ॥
সা চূর্ণগৌরং রঘুনন্দনস্য
ধাত্রীকরাভ্যাং করভোপমোরূঃ।
আসঞ্জয়ামাস যথাপ্রদেশং
কণ্ঠে গুণং মূর্ত্তমিবানুরাগম্ ॥ ৮৩ ॥
তয়া স্রজা মঙ্গলপুষ্পময্যা
বিশালবক্ষঃস্থললম্বয়া সঃ।

বেত্রভৃৎ সুনন্দা হে আর্য্যে পূজ্যে অন্যতোঽন্যং প্রতিব্রজাম ইতি পরিহাস-পূর্ব্বমাবভাষে। অথ বধূরিন্দুমতী এনাং সুনন্দাম্ অসূয়য়া রোষেণ কুটিলং দদর্শ অন্যগমনস্যাসহত্বাদিত্যর্থঃ ॥ ৮২ ॥

সেতি। করভঃ করপ্রদেশবিশেষঃ। "মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো-বহি"রিত্যমরঃ। করভউপমা,যয়োস্তাবূরূ যস্যাঃ সা করভোপমোরূঃ। উরূত্তর-পদাদৌপম্যইত্যূঙ্প্রত্যয়ঃ। সা কুমারী চূর্ণেন মঙ্গলচূর্ণেন গৌরং লোহিতং গুণং স্রজং মূর্ত্তং মূর্ত্তিমন্তমনুরাগমিব ধাত্র্যা উপমাতুঃ সুনন্দায়াঃ করাভ্যাং রঘুনন্দনস্যাজস্য কণ্ঠে যথা প্রদেশং যথাস্থানম্ আসঞ্জয়ামাস আসক্তং কারয়া-মাস ন তু স্বয়মাসসঞ্জ অনৌচিত্যাৎ ॥ ৮৩ ॥

তয়েতি। বরেণ্যোবরণীয় উৎকৃষ্টঃ। বৃঞএণ্যঃ। সোঽজঃ মঙ্গলপুষ্পময্যা মধূকাদিকুসুমময্যা ,বিশালবক্ষঃস্থলে লম্বয়া লম্বমানয়া তয়া প্রকৃতয়া স্রজা

কহিল, আর্য্যে! চল আমরা অন্যত্র গমন করি; ইহা বলিবামাত্র বধূ ইন্দু-মতী, রোষকুটিল নয়নে তৎপ্রতি দৃষ্টিপাত করিলেন ॥ ৮২ ॥

অনন্তর করভোপম (করের প্রদেশ বিশেষের ন্যায়) উরু সম্পন্না রাজ-কন্যা, ধাত্রীর করদ্বারা রঘুনন্দন অজের কণ্ঠে মূর্ত্তিমান্ অনুরাগের ন্যায় মঙ্গলচূর্ণ দ্বারা লোহিত মাল্য সন্নিবেশিত করিয়া দিলেন ॥ ৮৩ ॥

বরণীয় অজ, স্বীয় বিশাল বক্ষঃস্থলে লম্বিনী সেই মধূকাদি পুষ্পময়ী মালা দ্বারা বিবেচনা করিলেন, যেন ইন্দুমতী স্বয়ং বাহুপাশ দ্বারা তদীয় কণ্ঠ বেষ্টন করিয়াছেন। অর্থাৎ ইন্দুমতী প্রদত্ত পুষ্পমাল্য অজের কণ্ঠদেশে

অমংস্ত কণ্ঠার্পিতবাহুপাশাং
বিদর্ভরাজাবরজাং বরেণ্যঃ ॥ ৮৪ ॥
শশিনমুপগতেয়ং কৌমুদী মেঘমুক্তং
জলনিধিমনুরূপং জহ্নুকন্যাবতীর্ণা।
ইতি সমগুণযোগপ্রীতয়স্তত্র পৌরাঃ
শ্রবণকটু নৃপাণামেকবাক্যং বিবব্রুঃ ॥ ৮৫ ॥
প্রমুদিতবরপক্ষমেকতস্তৎ
ক্ষিতিপতিমণ্ডলমন্যতোবিতানম্।

বিদর্ভরাজাবরজামিন্দুমতীং কণ্ঠার্পিতৌ বাহূ এব পাশৌ যয়া তামমংস্ত। মন্যতের্লুঙ্। বাহুপাশকল্পস্থখময়ভূদিত্যর্থঃ ॥ ৮৪ ॥

শশিনমিতি। তত্র স্বয়ংবরে সমগুণয়ো স্তুল্যগুণয়োঃ ইন্দুমতী-রঘুনন্দনয়োঃ যোগেন প্রীতি র্যেষাং তে সমগুণযোগপ্রীতয়ঃ পৌরাঃ পুরে ভবাঃ জনাঃ ইয়মজসঙ্গতা ইন্দুমতী মেঘৈর্মুক্তং শশিনং শরচ্চন্দ্রমুপগতা কৌমুদী, অনুরূপং সদৃশং জলনিধিমবতীর্ণা প্রবিষ্টা জহ্নুকন্যা ভাগীরথী, তৎসদৃশীত্যর্থঃ; ইত্যেবং নৃপাণাং শ্রবণয়োঃ কটু পরুষম্ একমবিসংবাদিবাক্যম্ একবাক্যং বিবব্রুঃ। মালিনীবৃত্তম্ ॥ ৮৫ ॥

প্রমুদিতেতি। একতঃ একত্র প্রমুদিতো হৃষ্টো বরস্য জামাতুঃ পক্ষো

অর্পিত হইলে, তিনি মনে করিলেন, যেন বিদর্ভরাজানুজা তাঁহার কণ্ঠদেশে বাহু অর্পণ করিয়াছেন ॥ ৮৪ ॥

এই রঘুতনয়ে সঙ্গতা ইন্দুমতী, মেঘ-নির্ম্মুক্ত শশাঙ্কের সহিত সমাগতা জ্যোৎস্না এবং অনুরূপ জলধিতে প্রবিষ্টা জাহ্নবীর ন্যায় সুশোভিতা হইয়াছেন, এই কথা পুরবাসিগণ আহ্লাদ সহকারে বলিতে লাগিল; কিন্তু এই বাক্য অপর ভূপালগণের নিতান্ত শ্রুতিকটু হইয়া উঠিল। অর্থাৎ তখন পৌরবর্গ, তুল্য গুণসম্পন্না বরকন্যার সংযোগে প্রীত হইয়া বলিতে লাগিল, ইহাঁদের সংযোগ উপযুক্তই হইয়াছে। এই অমৃতায়মান স্বার্থক বাক্য, কন্যারত্নপ্রার্থী রাজগণের কর্ণকুহরে প্রবিষ্ট হইয়া, মর্ম্মবেদনা প্রদান করিতে লাগিল ॥ ৮৫ ॥

উষাকালে একদিকে কমলরাজী প্রফুল্ল এবং অপরদিকে কুমুদমালা

উষসি সরইব প্রফুল্লপদ্মং
কুমুদবনপ্রতিপন্ননিদ্রমাসীৎ॥ ৮৬॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
স্বয়ংবরবর্ণনো নাম ষষ্ঠঃ সর্গঃ।

বর্গো যস্য তত্তথোক্তম্। অন্যতোঽন্যত্র বিতানং শূন্যং ভগ্নাশত্বাদপ্রহৃষ্টমিত্যর্থঃ। তৎ ক্ষিতিপতিমণ্ডলম্ উষসি প্রভাতে প্রফুল্লপদ্মং কুমুদবনেন প্রতিপন্ননিদ্রং প্রাপ্তনিমীলনং সরইব সরস্তুল্যমাসীৎ। পুষ্পিতাগ্রা বৃত্তমেতৎ॥ ৮৬॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-টীকায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং ষষ্ঠঃ সর্গঃ।

নিমীলিত হইলে, সরোবরের যে রূপ দৃশ্য হয়; একদিকে হর্ষ-প্রফুল্ল বরপক্ষ এবং অপরদিকে বিষাদ-বিশীর্ণ নৃপতিগণ-সমন্বিত সেই স্বয়ম্বর-সভারও তাদৃশ দৃশ্য হইল। অর্থাৎ অরুণ-কিরণ-সংযোগে একদিকে বিকসিত কমল, অন্যদিকে নিমীলিত কুমুদ থাকায়, সরোবরের যাদৃশী শোভা হয়, ইন্দুমতীর সমাগমে একদিকে বরপক্ষ প্রফুল্ল এবং অন্যদিকে নৈরাশ্যযুক্ত রাজগণ বিশীর্ণ-বদন হওয়াতে, স্বয়ম্বর-সভাস্থলও তাদৃশী শোভা ধারণ করিয়াছিল॥ ৮৬॥

ষষ্ঠ সর্গ সমাপ্ত।

সপ্তমঃ সর্গঃ।

অথোপযন্ত্রা সদৃশেন যুক্তাং
স্কন্দেন সাক্ষাদিব দেবসেনাম্।
স্বসারমাদায় বিদর্ভনাথঃ
পুরপ্রবেশাভিমুখো বভূব ॥ ১ ॥
সেনানিবেশান্ পৃথিবীক্ষিতোঽপি
জগ্মুর্ব্বিভাতগ্রহমন্দভাসঃ।

ভজেমহি নিপীয়ৈকং মুহুরন্যং পয়োধরম্।
মার্গন্তং বালমালোক্যাশ্বাসতন্তৌ হি দম্পতী ॥

অথেতি। অথ বিদর্ভনাথো ভোজঃ সদৃশেনোপযন্ত্রা বরেণ যুক্তাম্ অতএব সাক্ষাৎ প্রত্যক্ষম্। "সাক্ষাৎপ্রত্যক্ষতুল্যয়ো"রিত্যমরঃ। স্কন্দেনযুক্তাং দেবসেনামিব দেবসেনা নাম দেবপুত্রী স্কন্দপত্নী তামিব স্থিতাং স্বসারং ভগিনীমিন্দুমতীমাদায় গৃহীত্বা পুরপ্রবেশাভিমুখো বভূব। উপজাতিবৃত্তং সর্গেঽস্মিন্ ॥ ১ ॥

সেনেতি। ভোজস্য রাজ্ঞোগোত্রাপত্যং স্ত্রী ভোজ্যা তামিন্দুমতীং প্রতি ব্যর্থমনোরথত্বাৎ রূপেষু আকৃতিষু বেশেষু নেপথ্যেষু চ সাভ্যসূয়াঃ বৃথেতি

অনন্তর বিদর্ভনাথ ভোজ, সাক্ষাৎ কার্ত্তিকেয়ের সহিত দেবসেনার (কার্ত্তিকেয় পত্নীর) ন্যায় অনুরূপ বরের সহযোগে ভগিনী ইন্দুমতীকে লইয়া পুরাভিমুখে গমন করিলেন ॥ ১ ॥

মহীপালগণও, ইন্দুমতী লাভে ব্যর্থ-মনোরথ হইয়া, আপন আপন রূপ ও বেশের নিন্দা করিতে করিতে, প্রভাতকালীয় ক্ষীণজ্যোতি গ্রহের ন্যায় ম্লানভাবে শিবিরে প্রস্থান করিলেন। অর্থাৎ এদিকে স্পৃহণীয় কন্যারত্ন-লিপ্সু নরপতিগণও, ইন্দুমতী লাভে বিফল-মনোরথ হওয়ায়, স্ব স্ব রূপ ও

ভোজ্যাং প্রতি ব্যর্থমনোরথত্বাৎ
রূপেষু বেশেষু চ সাভ্যসূয়াঃ ॥ ২ ॥
সান্নিধ্যযোগাৎ কিল তত্র শচ্যাঃ
স্বয়ংবরক্ষোভকৃতামভাবঃ।
কাকুৎস্থমুদ্দিশ্য সমৎসরোঽপি
শশাম তেন ক্ষিতিপাললোকঃ ॥ ৩ ॥
তাবৎপ্রকীর্ণাভিনবোপচার-
মিন্দ্রায়ুধদ্যোতিততোরণাঙ্কম্।

নিন্দন্তঃ কিঞ্চ বিভাতে প্রাতঃকালে যে গ্রহাঃ চন্দ্রাদয়স্তে ইব মন্দভাসঃ ক্ষীণ-কান্তয়ঃ পৃথিবীক্ষিতোনৃপা অপি সেনানিবেশান্ শিবিরাণি জগ্মুঃ ॥ ২ ॥

ননু ক্রুদ্ধাশ্চেদ্ যুদ্ধ্যন্তাং তত্রাহ ;—সান্নিধ্যেতি। তত্র স্বয়ংবরক্ষেত্রে শচ্যা ইন্দ্রাণ্যাঃ সন্নিধিরেব সান্নিধ্যং তস্য যোগাৎ সদ্ভাবাদ্ধেতোঃ স্বয়ংবরস্য ক্ষোভ-কৃতাং বিঘ্নকারিণামভাবঃ কিল। কিলেতি স্বয়ংবরবিঘাতকাঃ শচ্যা বিনাশ্যন্ত ইত্যাগমসূচনার্থম্। তেন হেতুনা কাকুৎস্থমজমুদ্দিশ্য সমৎসরোঽপি ক্ষিতি-পাললোকঃ শশাম নাক্ষুভ্যৎ ॥ ৩ ॥

তাবদিতি। "যাবত্তাবচ্চ সাকল্য" ইত্যমরঃ। তাবৎপ্রকীর্ণাঃ সাকল্যেন প্রসারিতাঃ অভিনবাঃ নূতনাঃ উপচারাঃ পুষ্পপ্রকরাদয়ো যস্য তং তথোক্তম্

বেশের প্রতি অনাদর প্রদর্শনপূর্ব্বক, প্রাভাতিক গ্রহের ন্যায় ক্ষীণপ্রভ হইয়া স্বীয় স্বীয় আলয়ে প্রত্যাগমন করিলেন ॥ ২ ॥

স্বয়ম্বর উৎসবে ইন্দ্রপত্নী শচীর অধিষ্ঠান বশতঃ, কেহই সেই উৎসবের বিঘ্ন জন্মাইতে সাহসী হয় নাই ; নরপতিগণ, অজের উপর বিদ্বেষভাবাপন্ন হইলেও তৎকালে তাঁহারা ক্রোধ প্রশমিত রাখিয়াছিলেন। অর্থাৎ শচীদেবী স্বয়ম্বর-বিঘাতকদিগকে বিনাশ করিবার নিমিত্ত, স্বয়ম্বর উৎসবে উপস্থিত থাকেন ; সুতরাং তাঁহার ভয়ে ইন্দুমতী-লিপ্সু রাজগণ কর্ত্তৃক কোনরূপ বিঘ্নের সূত্রপাত হয় নাই ॥ ৩ ॥

বর বধূর সহিত রাজপথে উপনীত হইলেন ; সেই রাজপথের সমস্ত ভাগ পুষ্পাদি উপকরণ দ্বারা সমাকীর্ণ, ইন্দ্রধনু সদৃশ তোরণ দ্বারা সুশোভিত,

বরঃ স বধ্বা সহ রাজমার্গং
প্রাপ ধ্বজচ্ছায়নিবারিতোষ্ণম্ ॥ ৪ ॥
ততস্তদালোকনতৎপরাণাং
সৌধেষু চামীকর-জালবৎসু ।
বভূবুরিত্থং পুরসুন্দরীণাং
ত্যক্তান্যকার্য্যাণি বিচেষ্টিতানি ॥ ৫ ॥
আলোকমার্গং সহসা ব্রজন্ত্যা
কয়াচিদুদ্বেষ্টনবান্তমাল্যঃ ।

ইন্দ্রায়ুধানীব দ্যোতিতানি প্রকাশিতানি তোরণানি অঙ্কা শ্চিহ্নানি যস্য তং ধ্বজানাং ছায়া ধ্বজচ্ছায়ম্। ছায়া বাহুল্য ইতি নপুংসকত্বম্। তেন নিবারিত-উষ্ণ আতপো যত্র তং রাজমার্গং স বরো বোঢ়া বধ্বা সহ প্রাপ বিবেশ ॥৪॥

ততইতি। ততস্তদনন্তরং চামীকরজালবৎসু সৌবর্ণগবাক্ষযুক্তেষু সৌধেষু তস্যাজস্যালোকনে তৎপরাণাম্ আসক্তানাং পুরসুন্দরীণাম্ ইত্থং বক্ষ্যমাণ-প্রকারাণি ত্যক্তান্যন্যকার্য্যাণি কেশবন্ধনাদীনি যেষু তানি বিচেষ্টিতানি ব্যাপারা বভূবুঃ ॥ ৫ ॥

তান্যেবাহ পঞ্চভিঃ শ্লোকৈঃ ;—আলোকেতি। সহসা আলোকমার্গং গবাক্ষপথং ব্রজন্ত্যা কয়াচিৎ উদ্বেষ্টনবান্তমাল্যঃ উদ্বেষ্টনো দ্রুতগতিবশাৎ উন্মুক্তবন্ধনঃ অতএব বান্তমাল্য বন্ধবিশ্লেষেণোদ্গীর্ণমাল্যঃ করেণ রুদ্ধো গৃহীতোঽপি চ কেশপাশঃ কেশকলাপঃ। "পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ

এবং পতাকার ছায়ায় আতপ অন্তর্হিত হইয়াছে। অর্থাৎ যে পথ পুষ্প ও দেবদারু পত্রাদি দ্বারা পরিব্যাপ্ত, ইন্দ্রধনু সদৃশ তোরণযুক্ত এবং উড্ডীয়মান পতাকার ছায়াবিশিষ্ট; কুমার অজ, সেই রাজপথ দিয়া বধূর সহিত রাজভবনে যাইতে লাগিলেন ॥ ৪ ॥

সুবর্ণজালাবৃত বাতায়ন-বিশিষ্ট গৃহ সমূহে বরদর্শনে সমুৎসুকা পুরাঙ্গনা-গণ, অনন্যকার্য্য হইয়া, এইরূপ ব্যগ্রতা প্রকাশ করিতে লাগিলেন ॥ ৫ ॥

কোন রমণী, গবাক্ষের দিকে সহসা দ্রুতপদে গমন করিলে, তাহার কবরীর বন্ধন উন্মুক্ত ও তাহা হইতে মাল্য স্খলিত হইয়া পড়িল; তিনি

বন্ধুং ন সম্ভাবিত এব তাবৎ
করেণ রুদ্ধোঽপি চ কেশপাশঃ ॥ ৬ ॥
প্রসাধিকালম্বিতমগ্রপাদ-
মাক্ষিপ্য কাচিৎ দ্রবরাগমেব।
উৎসৃষ্টলীলাগতিরাগবাক্ষা-
দলক্তকাঙ্কাং পদবীং ততান ॥ ৭ ॥
বিলোচনং দক্ষিণমঞ্জনেন
সম্ভাব্য তদ্বঞ্চিতবামনেত্রা।
তথৈব বাতায়নসন্নিকর্ষং
যযৌ শলাকামপরা বহন্তী ॥ ৮ ॥

কচাৎপরে” ইত্যমরঃ। তাবদালোকমার্গপ্রাপ্তিপর্য্যন্তং বন্ধুং বন্ধনার্থং ন সম্ভাবিতো ন চিন্তিতএব ॥ ৬ ॥

প্রসাধিকেতি। কাচিৎ প্রসাধিকয়া অলঙ্কর্ত্র্যা আলম্বিতং রঞ্জনার্থং ধৃতং দ্রবরাগমেব আর্দ্রালক্তকমেব, অগ্রশ্চাসৌ পাদশ্চেত্যগ্রপাদ ইতি কর্ম্মধারয়-সমাসঃ। “হস্তাগ্রাগ্রহস্তাদয়োগুণগুণিনোর্ভেদাভেদাভ্যা”মিতি বামনঃ। তমাক্ষিপ্যাকৃষ্য উৎসৃষ্টলীলাগতিঃ ত্যক্তমন্দগমনা সতী আ গবাক্ষাদাগবাক্ষপর্য্যন্তং পদবীং পন্থানমলক্তকাঙ্কাং লাক্ষারাগচিহ্নাং ততান বিস্তারয়ামাস ॥ ৭ ॥

বিলোচনমিতি। অপরা স্ত্রী দক্ষিণং বিলোচনমঞ্জনেন সম্ভাব্যালঙ্কৃত্য সম্ভ্রমাদিতি ভাবঃ। তদ্বঞ্চিতং তেনাঞ্জনেন বর্জ্জিতং বামনেত্রং যস্যা সা সতী তথৈব শলাকামঞ্জনতূলিকাং বহন্তী সতী বাতায়নসন্নিকর্ষং গবাক্ষসমীপং যযৌ। দক্ষিণগ্রহণং সম্ভ্রমাৎ ব্যুৎক্রম-করণদ্যোতনার্থং “সব্যং হি পূর্ব্বং মনুষ্যা অঞ্জত”ইতি শ্রুতেঃ ॥ ৮ ॥

সেই উন্মুক্ত কেশপাশ হস্তে ধারণ করিয়া চলিলেন; কিন্তু উহা যে বন্ধন করিতে হইবে, তাহা একবার মনেও উদয় হইল না ॥ ৬ ॥

কোন কামিনী, প্রসাধিকার (বেশকারিণীর) করধৃত আর্দ্র অলক্তকরঞ্জিত চরণ, বলপূর্ব্বক আকর্ষণ করিয়া দ্রুতবেগে বাতায়ন সন্নিধানে গমন করিলেন; তাহাতে অলক্তকরঞ্জিত পাদচিহ্ন গবাক্ষ পর্য্যন্ত বিস্তৃত হইল ॥ ৭ ॥

জালান্তরপ্রেষিতদৃষ্টিরন্যা
প্রস্থানভিন্নাং ন ববন্ধ নীবীম্।
নাভিপ্রবিষ্টাভরণপ্রভেণ
হস্তেন তস্থাববলম্ব্য বাসঃ ॥ ৯ ॥
অর্দ্ধাঞ্চিতা সত্বর মুত্থিতায়াঃ
পদে পদে দুর্নিমিতে গলন্তী।

জালেতি। অন্যা স্ত্রী জালান্তরপ্রেষিতদৃষ্টিঃ গবাক্ষমধ্যপ্রেরিত দৃষ্টিঃ সতী প্রস্থানেন গমনেন ভিন্নাং ত্রুটিতাং নীবীং বসনগ্রন্থিম্। "নীবী পরিপণে গ্রন্থৌ স্ত্রীণাং জঘনবাসস" ইতি বিশ্বঃ। ন ববন্ধ কিন্তু নাভিং প্রবিষ্টা আভরণানাং কঙ্কণাদীনাং প্রভা যস্য তেন। প্রভৈব নাভেরাভরণমভূদিতি ভাবঃ। হস্তেন বাসোঽবলম্ব্য গৃহীত্বা তস্থৌ ॥ ৯ ॥

অর্দ্ধেতি। সত্বরমুত্থিতায়াঃ কস্যাশ্চিৎ অর্দ্ধাঞ্চিতা মণিভিরর্দ্ধগুম্ফিতা দুর্নিমিতে সম্ভ্রমাদ্দুরুৎক্ষিপ্তে। ডুমিঞ্ প্রক্ষেপণইতি ধাতোরকর্ম্মণি ক্তঃ।

কোন মহিলা, একমাত্র দক্ষিণ নয়ন অঞ্জন দ্বারা অলঙ্কৃত করিয়া, তদবস্থাতেই অঞ্জন-শলাকা ধারণ পূর্ব্বক গবাক্ষের দিকে গমন করিলেন ॥ ৮ ॥

কোন সুন্দরী, গবাক্ষপথে দৃষ্টিপাত পূর্ব্বক গমন করিতে লাগিলেন; ব্যস্ততাবশতঃ গমনবেগে নীবী (বস্ত্রগ্রন্থি) স্খলিত হইলে, তাহা বন্ধন না করিয়া, হস্তের আভরণ প্রভায় নাভিরন্ধ্র রঞ্জিত করিলেন। অর্থাৎ বধূবরের রাজান্তঃপুরে গমনকালে, বিবিধ বাদ্যধ্বনি হইতে লাগিল, সেই মধুর ধ্বনি শ্রবণ করিয়া, পথপার্শ্বের প্রাসাদস্থিত মহিলাগণ, বরদর্শন মানসে অনন্যকার্য্য হইয়া, বেগে বাতায়নের দিকে দৌড়িতে লাগিল। তন্নিবন্ধন কাহারও সুরচিত কবরী বিপর্য্যস্ত, কাহারও কটীপ্রদেশস্থ বস্ত্র স্খলিত হইয়া পতিত হইতে লাগিল; কিন্তু তাহাতেও তাহাদের গতির বিরাম হইল না; সুতরাং পুরসুন্দরীগণ কেশপাশ এবং স্খলিত বস্ত্রাদি গ্রহণ করিয়াই, গবাক্ষ পথে দণ্ডায়মানা হইয়া, সর্ব্বান্তঃকরণে বরকে অবলোকন করিতে লাগিলেন ॥ ৯ ॥

কোন বিলাসিনী, কাঞ্চী (চন্দ্রহার) গ্রন্থন করিতেছিলেন; কিন্তু গ্রন্থনের অর্দ্ধমাত্র অবশিষ্ট থাকিতেই, অজকে দর্শন করিবার জন্য সহসা উত্থিত

কস্যাশ্চিদাসীদ্রশনা তদানী-
মঙ্গুষ্ঠমূলার্পিতসূত্রশেষা ॥ ১০ ॥
তাসাং মুখৈরাসবগন্ধগর্ভৈ-
র্ব্যাপ্তান্তরাঃ সান্দ্রকুতূহলানাম্।
বিলোলনেত্রভ্রমরৈর্গবাক্ষাঃ
সহস্রপত্রাভরণা ইবাসন্ ॥ ১১ ॥
তা রাঘবং দৃষ্টিভিরাপিবন্ত্যো-
নার্য্যো ন জগ্মুর্ব্বিষয়ান্তরাণি।

পদে পদে প্রতিপদম্। বীপ্সায়াং দ্বির্ভাবঃ। গলন্তী গলদ্রত্না সতী রশনা মেখলা তদানীম্ অঙ্গুষ্ঠমূলেঽর্পিতং সূত্রমেব শেষোযস্যাঃ সা আসীৎ॥ ১০ ॥

তাসামিতি। তদানীং সান্দ্রকুতূহলানাং তাসাং স্ত্রীণাম্ আসব-গন্ধোগর্ভে যেষাং তৈঃ বিলোলানি নেত্রাণ্যেব ভ্রমরাঃ যেষাং তৈর্মুখৈঃ ব্যাপ্তান্তরা-শ্ছন্নাবকাশা গবাক্ষাঃ সহস্রপত্রাভরণাইব কমলালঙ্কৃতাইব। "সহস্রপত্রং কমলম্" ইত্যমরঃ। আসন্॥ ১১ ॥

তাইতি। তাঃ নার্য্যঃ রঘোরপত্যং রাঘবম্ অজম্। তস্যাপত্যমিত্যণ্-প্রত্যয়ঃ। দৃষ্টিভিরাপিবন্ত্যোঽতিতৃষ্ণয়া পশ্যন্ত্যো বিষয়ান্তরাণি অন্যান্ বিষয়ান্ ন জগ্মুর্ন বিবিদুরিত্যর্থঃ। তথাহি আসাং নারীণাং শেষেন্দ্রিয়বৃত্তিঃ চক্ষু-র্ব্ব্যতিরিক্তশ্রোত্রাদীন্দ্রিয়ব্যাপারঃ সর্ব্বাত্মনা স্বরূপকাৎস্ন্যেন চক্ষুঃ প্রবি-

---

হওয়াতে এবং দ্রুতবেগে পদ বিক্ষেপ করাতে, পদে পদে কাঞ্চীস্থ (চন্দ্র হারস্থ) মণি সকল গলিত হইয়া পড়িল, কেবল অঙ্গুষ্ঠমূলে উহার সূত্রমাত্র সম্বদ্ধ রহিল॥ ১০ ॥

একান্ত কৌতূহলাক্রান্ত সেই পুর-মহিলাগণের আসবগন্ধপূর্ণ ও চঞ্চল নয়নবিশিষ্ট মুখ পরম্পরায় গবাক্ষ পথ ব্যাপ্ত হওয়াতে, বোধ হইতে লাগিল, যেন ভ্রমরবিশিষ্ট কমল সকল প্রাসাদ-শ্রেণীর বাতায়ন প্রদেশে প্রস্ফুটিত হইয়া রহিয়াছে॥ ১১ ॥

সেই মহিলাগণ তন্মনা হইয়া, রঘুনন্দন অজকে এরূপ সতৃষ্ণ-নয়নে অবলোকন করিতে লাগিলেন, যেন তাঁহাদের অন্যান্য ইন্দ্রিয়শক্তি সর্ব্বতো-ভাবে একমাত্র চক্ষুতে প্রবিষ্ট হইয়াছিল। অর্থাৎ রাজকুমার অজের গন্তব্য

তথাহি শেষেন্দ্রিয়বৃত্তিরাসাং
সর্ব্বাত্মনা চক্ষুরিব প্রবিষ্টা ॥ ১২ ।
স্থানে বৃতা ভূপতিভিঃ পরোক্ষৈঃ
স্বয়ংবরং সাধুমমংস্ত ভোজ্যা ।
পদ্মেব নারায়ণমন্যথাসৌ
লভেত কান্তং কথমাত্মতুল্যম্ ॥ ১৩ ॥

ষ্টৈব । শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি স্বাতন্ত্র্যেণ গ্রহণাশক্তেঃ চক্ষুরেব প্রবিশ্য কৌতুকাৎ স্বয়মপ্যেনম্ উপলভন্তে কিমু, অন্যথা স্ববিষয়াধিগমঃ কিং ন স্যাদিতি ভাবঃ ॥ ১২ ॥

শৃণ্বন্ কথাইতি বক্ষ্যতি তাঃ কথয়তি ;—স্থানে ইত্যাদিভিস্ত্রিভিঃ । ভোজ্যা ইন্দুমতী পরোক্ষৈরদৃষ্টৈর্ভূপতিভির্বৃতা মমৈবেয়মিতি প্রার্থিতাপি স্বয়ংবরমেব সাধুং হিতমমংস্ত মেনে ন তু পরোক্ষমেব কঞ্চিৎপ্রার্থকং বব্রে, স্থানে যুক্তমেতৎ । "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ । কুতঃ অন্যথা স্বয়ংবরাভাবে অসাবিন্দুমতী পদ্মমস্যাস্তীতি পদ্মা লক্ষ্মীঃ । অর্শআদিভ্যোঽচ্ ইত্যচ্প্রত্যয়ঃ । নারায়ণমিব আত্মতুল্যং সানুরূপং কান্তং পতিং কথং লভেত ন লভেতৈব সদসদ্বিবেকাসৌকর্য্যাদিতি ভাবঃ ॥ ১৩ ॥

পথের পার্শ্বস্থ প্রাসাদ-শ্রেণীর বাতায়নস্থ মহিলাগণ অজকে এরূপ বাহ্যজ্ঞান রহিত হইয়া নিরীক্ষণ করিতে লাগিলেন, তাহা দেখিয়া বোধ হইতে লাগিল, যেন পুরস্ত্রীগণ চিত্রপুত্তলীর ন্যায় স্থির ও বিস্ফারিত-লোচনে বরকে অবলোকন করিতেছে ॥ ১২ ॥

পুর-স্ত্রীগণ পরস্পর বলিতে লাগিলেন, অনেকেই পরোক্ষে থাকিয়া এই ইন্দুমতীকে প্রার্থনা করিয়াছিলেন ; কিন্তু ইনি যে, স্বয়ম্বর হিতকর জ্ঞান করিয়াছিলেন, তাহা উপযুক্তই হইয়াছে ; তাহা না হইলে, লক্ষ্মী যেমন নারায়ণকে 'লাভ করিয়াছেন, তদ্রূপ ইনি আত্মতুল্য পতিলাভ করিতে কিরূপে সমর্থা হইতেন ? অর্থাৎ ইন্দুমতী যদি স্বয়ম্বর প্রথার অনুসরণ না করিতেন, তাহা হইলে তিনি কদাচও ঈদৃশ অনুরূপ পতিলাভে সমর্থা হইতেন না, সেই সময়ে পৌরকন্যাগণ এইরূপ পরস্পর কথোপকথন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৩ ॥

পরস্পরেণ স্পৃহণীয়শোভং
ন চেদিদং দ্বন্দ্বমযোজয়িষ্যৎ।
অস্মিন্ দ্বয়ে রূপবিধানযত্নঃ
পত্যুঃ প্রজানাং বিতথোঽভবিষ্যৎ॥ ১৪॥
রতিস্মরৌ নূনমিমাবভূতাং
রাজ্ঞাং সহস্রেষু তথাহি বালা।
গতেয়মাত্মপ্রতিরূপমেব
মনোহি জন্মান্তরসঙ্গতিজ্ঞম্॥ ১৫॥

পরস্পরেণেতি। স্পৃহণীয়শোভং সর্ব্বাশাস্যসৌন্দর্য্যমিদং দ্বন্দ্বং মিথুনম্। দ্বন্দ্বং রহস্যেত্যাদিনা নিপাতঃ। পরস্পরেণ নাযোজয়িষ্যৎ চেৎ, ন যোজয়েৎ যদি, তর্হি প্রজানাং পত্যুর্ব্বিধাতুঃ অস্মিন্ দ্বয়ে দ্বন্দ্বে রূপবিধানযত্নঃ সৌন্দর্য্য-নির্ম্মাণপ্রয়াসো বিতথোঽভবিষ্যৎ এতাদৃশানুরূপ-স্ত্রীপুংসান্তরাভাবাদিতি ভাবঃ। লিঙ্‌নিমিত্তে লৃঙ্ ক্রিয়াতিপত্তাবিতি লৃঙ্। কুতশ্চিৎ কারণবৈগুণ্যাৎ ক্রিয়ায়া অনভিনিষ্পত্তিঃ ক্রিয়াতিপত্তিরিতি বৃত্তিকারঃ॥ ১৪॥

রতীতি। রতিস্মরৌ যৌ নিত্যসহচরাবিত্যভিপ্রায়ঃ নূনং তাবেব ইয়ঞ্চ অয়ঞ্চ ইমৌ দম্পতী অভূতাম্ এতদ্রূপেণ উৎপন্নৌ। কুতঃ তথাহি ইয়ং বালা রাজ্ঞাং সহস্রেষু রাজসহস্রমধ্যে সত্যপি ব্যত্যাসকারণে ইতি ভাবঃ। আত্ম-প্রতিরূপং স্বতুল্যমেব। "তুল্যসঙ্কাশনীকাশপ্রকাশপ্রতিরূপকা" ইতি দণ্ডী। গতা প্রাপ্তা। তদপি কথং জাতমত আহ হি যস্মাৎ মনো জন্মান্তরসঙ্গতিজ্ঞং ভবতি। তদেবেদমিতি প্রত্যভিজ্ঞাভাবেঽপি বাসনাবিশেষবশাদনুভূতার্থেষু মনঃপ্রবৃত্তিরস্তীতি॥ ১৫॥

যদি প্রজাপতি এই স্পৃহণীয় শোভাশালী দুই ব্যক্তিকে পরস্পর সংযো-জিত না করিতেন, তাহা হইলে, তিনি যে ইহাঁদিগের রূপ-নির্ম্মাণ বিষয়ে এত যত্ন করিয়াছেন, তাহা নিতান্ত নিষ্ফল হইত॥ ১৪॥

রতি ও কন্দর্প নিশ্চয়ই এই দম্পতি রূপে অবতীর্ণ হইয়াছেন, তাহা না হইলে, ইন্দুমতী সহস্র ভূপালমধ্যে কিরূপে আত্মগুণানুরূপ পতি নির্ব্বাচন করিয়া লইলেন; অতএব ইহাতে বোধ হইতেছে, মন অবশ্যই জন্মান্তরের সঙ্গতি অবগত হইতে পারে॥ ১৫॥

ইত্যুদ্গতাঃ পৌরবধূমুখেভ্যঃ
শৃণ্বন্ কথাঃ শ্রোত্রসুখাঃ কুমারঃ।
উদ্ভাসিতং মঙ্গলসংবিধাভিঃ
সম্বন্ধিনঃ সদ্ম সমাসসাদ ॥ ১৬ ॥
ততোঽবতীর্য্যাশু করেণুকায়াঃ
স কামরূপেশ্বরদত্তহস্তঃ।
বৈদর্ভনির্দ্দিষ্টমথো বিবেশ
নারীমনাংসীব চতুষ্কমন্তঃ ॥ ১৭ ॥
মহার্হসিংহাসনসংস্থিতোঽসৌ
সরত্নমর্ঘ্যং মধুপর্কমিশ্রম্।

ইতীতি। ইতি স্থানে ইত্যাদ্যুক্তপ্রকারেণ পৌরবধূমুখেভ্যঃ উদ্গতাঃ উৎপন্নাঃ শ্রোত্রয়োঃ সুখাঃ মধুরাঃ। সুখশব্দোবিশেষ্যনিঘ্নঃ। "পাপপুণ্যসুখাদি চ"ইত্যমরঃ। কথাঃ গিরঃ শৃণ্বন্ কুমারোঽজঃ মঙ্গলসংবিধাভিঃ মঙ্গলরচনাভিঃ উদ্ভাসিতং শোভিতং সম্বন্ধিনঃ কন্যা-দায়িনঃ সদ্ম গৃহং সমাসসাদ প্রাপ ॥ ১৬ ॥

ততইতি। ততোঽনন্তরং করেণুকায়া হস্তিন্যাঃ সকাশাৎ আশু শীঘ্রম্ অবতীর্য্য কামরূপেশ্বরে দত্তো হস্তো যেন সোঽজঃ, অথো অনন্তরং বৈদর্ভেণ নির্দ্দিষ্টং প্রদর্শিতম্ অন্তশ্চতুষ্কং চত্বরং নারীণাং মনাংসীব বিবেশ ॥ ১৭ ॥

মহার্হেতি। মহার্হসিংহাসনে সংস্থিতোঽসৌ অজঃ ভোজেনোপনীতং

গজারোহী কুমার অজ, পুরাঙ্গনাদিগের মুখ-বিনির্গত এইরূপ শ্রুতি-সুখকর কথা শ্রবণ করিতে করিতে মাঙ্গল্য দ্রব্যে সমলঙ্কৃত ভোজ-ভবনে উপনীত হইলেন ॥ ১৬ ॥

অনন্তর অজ কামরূপেশ্বরের হস্ত গ্রহণ পূর্ব্বক করেণু-পৃষ্ঠ (হস্তিনী পৃষ্ঠ) হইতে ভূতলে অবতরণ করিলেন এবং ভোজ-নির্দ্দিষ্ট প্রাঙ্গণে প্রবেশ করিয়া তত্রত্য মহিলাগণের মনোমধ্যেও প্রবেশ করিলেন ॥ ১৭ ॥

অজ, মহার্হ সিংহাসনে উপবিষ্ট হইয়া, ভোজ-প্রদত্ত মধুপর্ক মিশ্রিত সরত্ন অর্ঘ্য ও ক্ষৌম যুগল, পুরাঙ্গনাদিগের কটাক্ষের সহিত গ্রহণ করিলেন। অর্থাৎ কুমার অজ প্রথমতঃ ভোজভবনে মহামূল্য রত্নসিংহাসনে উপবেশন

ভোজোপনীতঞ্চ দুকূলযুগ্মং
জগ্রাহ সার্দ্ধং বনিতাকটাক্ষৈঃ ॥ ১৮ ॥
দুকূলবাসাঃ স বধূসমীপং
নিন্যে বিনীতৈরবরোধরক্ষৈঃ।
বেলাসকাশং স্ফুটফেনরাজি-
র্নবৈরুদন্বানিব চন্দ্রপাদৈঃ ॥ ১৯ ॥
তত্রার্চ্চিতোভোজপতেঃ পুরোধাঃ
হুত্বাগ্নিমাজ্যাদিভিরগ্নিকল্পঃ।

রত্নৈঃ সহিতং সরত্নং মধুপর্কমিশ্রম্ অর্ঘ্যং পূজাসাধনদ্রব্যং দুকূলয়োঃ ক্ষৌময়োর্যুগ্মঞ্চ বনিতাকটাক্ষৈঃ অন্যস্ত্রীণামপাঙ্গদর্শনৈঃ সার্দ্ধং জগ্রাহ গৃহীতবান্॥ ১৮ ॥

দুকূলেতি। দুকূলবাসাঃ সোঽজঃ বিনীতৈ র্নম্রৈরবরোধরক্ষৈরন্তঃপুরাধিকৃতৈঃ বধূসমীপং নিন্যে। তত্র দৃষ্টান্তঃ স্ফুটফেনরাজিরুদন্বান্ সমুদ্রঃ নবৈর্নূতনৈশ্চন্দ্রপাদৈশ্চন্দ্রকিরণৈঃ বেলায়াঃ সকাশং সমীপমিব। পূর্ণদৃষ্টান্তোঽয়ম্॥ ১৯ ॥

তত্রেতি। তত্র সদ্যঅর্চ্চিতঃ পূজিতোঽগ্নিকল্পোঽগ্নিতুল্যোভোজপতেঃ ভোজদেশাধীশ্বরস্য পুরোধাঃ পুরোহিতঃ। "পুরোধাস্তু পুরোহিতঃ" ইত্যমরঃ।

করিলেন; পরে কন্যাদাতা কর্ত্তৃক সমাহৃত চেলির জোড় ও রত্নাদি নানাবিধ উপকরণ গ্রহণ করিলেন। তৎকালে পুরাঙ্গনাগণ কক্ষবাতায়ন হইতে সতৃষ্ণ অপাঙ্গ দৃষ্টি দ্বারা, অজের রত্নাদি গ্রহণ ব্যাপার নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

অভিনব চন্দ্রকিরণ যেরূপ ফেনরাজি-বিরাজিত মহাসাগরকে বেলা সন্নিধানে লইয়া যায়, তদ্রূপ অন্তঃপুররক্ষী বিনীত পুরুষগণ, সেই দুকূলধারী অজকে, বধূ ইন্দুমতীর সকাশে লইয়া গেল। অর্থাৎ নবোদিত চন্দ্রকিরণে আকৃষ্ট হইয়া যেমন বারিধির জলরাশি বৃদ্ধিপ্রাপ্ত হইয়া, বেলাভূমির নিকটে গমন করে, সেইরূপ বিনীত অন্তঃপুরচারিগণ কর্ত্তৃক অজ, ইন্দুমতীর নিকটে নীত হইলেন ॥ ১৯ ॥

তথায় অগ্নিতুল্য তেজস্বী রাজপুরোহিত, ভোজ কর্ত্তৃক সৎকৃত হইয়া

তমেব চাধায় বিবাহসাক্ষ্যে
বধূবরৌ সঙ্গময়াঞ্চকার ॥ ২০ ॥
হস্তেন হস্তং পরিগৃহ্য বধ্বাঃ
স রাজসূনুঃ সুতরাং চকাশে।
অনন্তরাশোকলতাপ্রবালং
প্রাপ্যেব চূতঃ প্রতিপল্লবেন ॥ ২১ ॥
আসীদ্বরঃ কণ্টকিতপ্রকোষ্ঠঃ
স্বিন্নাঙ্গুলিঃ সংববৃতে কুমারী।

আজ্যাদিভির্দ্রব্যৈরগ্নিং হুত্বা তমেব চাগ্নিং বিবাহসাক্ষ্যে আধায় সাক্ষিণং কৃত্বেত্যর্থঃ বধূবরৌ সঙ্গময়াঞ্চকার যোজয়ামাস ॥ ২০ ॥

হস্তেনেতি। স রাজসূনুঃ হস্তেন স্বকীয়েন বধ্বাঃ হস্তং পরিগৃহ্য অনন্তরায়াঃ সন্নিহিতায়াঃ অশোকলতায়াঃ প্রবালং পল্লবং প্রতিপল্লবেন স্বকীয়েন প্রাপ্য চূত আম্রইব সুতরাং চকাশে ॥ ২১ ॥

আসীদিতি। বরঃ কণ্টকিতঃ পুলকিতঃ প্রকোষ্ঠোযস্য স আসীৎ। "সূচ্যগ্রে ক্ষুদ্রশত্রৌ চ রোমহর্ষে চ কণ্টক" ইত্যমর। কুমারী স্বিন্নাঙ্গুলিঃ সংববৃতে বভূবঃ। অত্রোৎপ্রেক্ষতে তস্মিন্ দ্বয়ে মিথুনে তৎক্ষণমাত্মবৃত্তিঃ সাত্ত্বিকোদয়রূপা বৃত্তিঃ মনোভবেন কামেন সমং বিভক্তেব পৃথক্ কৃতেব। অপরার্দ্ধস্য পাঠান্তরে ব্যাখ্যানান্তরম্। পাণিসমাগমেন পাণ্যোঃ সংস্পর্শেন কর্ত্র্যা। তয়োর্ব্বধূবরয়ো র্ম্মনোভবস্য বৃত্তিঃ স্থিতিঃ সমং বিভক্তেব সমীকৃতেবেত্যর্থঃ। প্রাক্‌সিদ্ধস্যাপ্যনুরাগসাম্যস্য সম্প্রতি তৎকার্য্যদর্শনাৎ পাণিস্পর্শ-

---

ঘৃতাদি দ্বারা অগ্নিতে আহুতি প্রদান করিলেন এবং সেই অগ্নিকেই সাক্ষী করিয়া, বর বধূকে একত্র সংযোজিত করিয়া দিলেন ॥ ২০ ॥

তখন যেমন সহকার তরু, স্বীয় পল্লব দ্বারা সন্নিহিত অশোক লতার পল্লব প্রাপ্ত হইয়া শোভা ধারণ করে, সেই রাজকুমার অজও, স্বীয় করে বধূর হস্তগ্রহণ করিয়া, সেইরূপ শোভা ধারণ করিলেন ॥ ২১ ॥

বরের প্রকোষ্ঠদেশ কণ্টকিত হইল এবং রাজকুমারের অঙ্গুলি বিন্দু বিন্দু স্বেদ জলে আর্দ্র হইল; তৎকালে ভগবান্ অনঙ্গ যেন সেই দম্পতীতে সাত্ত্বিকভাবের আবির্ভাব-স্বরূপ আত্ম-ব্যাপার সমভাবে বিভক্ত করিয়া

তস্মিন্ দ্বয়ে তৎক্ষণমাত্মবৃত্তিঃ
সমং বিভক্তেব মনোভবেন ॥ ২২ ॥
তয়োরপাঙ্গপ্রতিসারিতানি
ক্রিয়াসমাপত্তিনিবর্ত্তিতানি।
হ্রীযন্ত্রণামানশিরে মনোজ্ঞা-
মন্যোন্যলোলানি বিলোচনানি ॥ ২৩ ॥

কৃতত্বমুৎপ্রেক্ষ্যতে। অত্র বাৎস্যায়নঃ "কন্যা তু প্রথমসমাগমে স্বিন্নাঙ্গুলিঃ স্বিন্নমুখী চ পুরুষস্তু রোমাঞ্চিতো ভবতি এভিরনয়োর্ভাবং পরীক্ষেত" ইতি। স্ত্রীপুরুষয়োঃ স্বেদরোমাঞ্চাভিধানং সাত্ত্বিকমাত্রোপলক্ষণং ন তু প্রতিনিয়মো-বিবক্ষিতঃ এভিরিতি বহুবচনসামর্থ্যাৎ। এবং সতি কুমারসম্ভবে "রোমোদ্গমঃ প্রাদুরভূদুমায়াঃ স্বিন্নাঙ্গুলিঃ পুঙ্গবকেতুরাসীৎ" ইতি ব্যুৎক্রমবচনং ন দোষা-য়েতি ॥ ২২ ॥

তয়োরিতি। অপাঙ্গেষু নেত্রপ্রান্তেষু প্রতিসারিতানি প্রবর্ত্তিতানি ক্রিয়-য়োর্নিরীক্ষণলক্ষণয়োঃ সমাপত্ত্যা যদৃচ্ছাসঙ্গত্যা নিবর্ত্তিতানি প্রত্যাকৃষ্টানি অন্যোন্যস্মিন্ লোলানি সতৃষ্ণানি। "লোলশ্চলসতৃষ্ণয়ো"রিত্যমরঃ। তয়ো-র্দম্পত্যোর্ব্বিলোচনানি দৃষ্টয়ঃ মনোজ্ঞাং রম্যাং হ্রিয়া নিমিত্তেন যন্ত্রণাং সঙ্কোচ-মানশিরে প্রাপুঃ ॥ ২৩ ॥

দিলেন। অর্থাৎ পরস্পরের করস্পর্শে উভয়েরই পরস্পরের প্রতি অনুরাগের সাম্যতা-প্রযুক্ত প্রণয়-সমাগমে কন্যার অঙ্গুলি ও মুখে ঘর্ম্মোদ্গম হয় এবং বর রোমাঞ্চিত হইয়া থাকে। সুতরাং ঘর্ম্ম ও রোমাঞ্চাদি মদন-ব্যাপার সাত্ত্বিকভাব বলিয়া অভিহিত হয় ॥ ২২ ॥

তাঁহাদের সতৃষ্ণ দৃষ্টি অপাঙ্গদেশ পর্য্যন্ত প্রসারিত ও পরস্পর মিলিত হইলে, অমনি নিবর্ত্তিত হইয়া, লজ্জাজনিত এক অপূর্ব্ব যন্ত্রণা প্রাপ্ত হইল। অর্থাৎ বর ও কন্যার পরস্পর দর্শন নিমিত্ত সতৃষ্ণ দৃষ্টি, চক্ষুঃপ্রান্ত পর্য্যন্ত প্রতিসারিত হইল এবং যদৃচ্ছাক্রমে উভয় দৃষ্টি মিলিত হইলে, তৎক্ষণাৎ লজ্জাবশতঃ নিবর্ত্তিত হইয়া, সেই সময়ে এক অভূতপূর্ব্ব শ্রীধারণ করিয়া-ছিল ॥ ২৩ ॥

প্রদক্ষিণপ্রক্রমণাৎ কৃশানো-
রুদর্চ্চিষস্তন্মিথুনং চকাশে।
মেরোরুপান্তেষ্বিব বর্ত্তমান-
মন্যোন্যসংসক্তমহস্ত্রিযামম্ ॥ ২৪ ॥
নিতম্বগুর্ব্বী গুরুণা প্রযুক্তা
বধূর্ব্বিধাতৃপ্রতিমেন তেন।
চকার সা মত্তচকোরনেত্রা
লজ্জাবতী লাজবিসর্গমগ্নৌ ॥ ২৫ ॥

প্রদক্ষিণেতি। তন্মিথুনম্ উদর্চ্চিষ উন্নতজ্বালস্য কৃশানোর্ব্বহ্নেঃ প্রদক্ষিণ-প্রক্রমণাৎ প্রদক্ষিণীকরণাৎ, মেরোরুপান্তেষু সমীপেষু বর্ত্তমানমাবর্ত্তমানং মেরুং প্রদক্ষিণীকুর্ব্বদিত্যর্থঃ অন্যোন্যসংসক্তং পরস্পর-সঙ্গতং মিথুনস্যাপ্যেত-দ্বিশেষণম্; অহশ্চ ত্রিযামা চাহস্ত্রিযামং রাত্রিন্দিবমিব। সমাহারে দ্বন্দ্বৈক-বদ্ভাবঃ। চকাশে দিদীপে ॥ ২৪ ॥

নিতম্বেতি। নিতম্বেন গুর্ব্বী অলঘ্বী। "দুর্দ্ধরালঘুনোর্গুর্ব্বী" ইতি শাশ্বতঃ। বিধাতৃপ্রতিমেন ব্রহ্মতুল্যেন তেন গুরুণা যাজকেন প্রযুক্তা জুহুধীতি নিযুক্তা, মত্তচকোরস্যেব নেত্রে যস্যাঃ সা লজ্জাবতী সা বধূরগ্নৌ লাজবিসর্গং চকার ॥ ২৫ ॥

সেই দম্পতী, উন্নত শিখাবিশিষ্ট হুতাশনকে প্রদক্ষিণ করিবার সময়ে, সুমেরু পর্ব্বতের সন্নিহিত স্থানে প্রদক্ষিণকারী পরস্পর সংলগ্ন দিবা ও রাত্রির ন্যায় শোভা পাইতে লাগিলেন। অর্থাৎ যেমন দিবস, রজনীকে অগ্রে করিয়া সুমেরুকে প্রদক্ষিণ করে, তদ্রূপ কুমার অজ, ইন্দুমতীকে অগ্রে করিয়া হুতাশনকে প্রদক্ষিণ করিতে লাগিলেন ॥ ২৪ ॥

অনন্তর মত্তচকোরনেত্রা স্থূলনিতম্বা লজ্জাবতী ইন্দুমতী, বিধাতৃতুল্য পুরোহিতের আদেশক্রমে করপুটস্থ খৈ অগ্নিতে নিক্ষেপ করিলেন। অর্থাৎ রূপবতী ইন্দুমতী, যাজ্ঞিকাগ্নি বিধিপূর্ব্বক প্রদক্ষিণ করিয়া, তাহাতে মন্ত্রপূত লাজাঞ্জলি নিক্ষেপ করিলেন। এই যাজ্ঞিকাগ্নির ধূম সংসর্গে ইন্দুমতীর নয়ন-যুগল, কামোন্মত্ত চকোরনেত্রের ন্যায় লোহিতবর্ণ ধারণ করিয়াছিল ॥ ২৫ ॥

হবিঃশমীপল্লবলাজগন্ধী
পুণ্যঃ কৃশানোরুদিয়ায় ধূমঃ।
কপোলসংসর্পিশিখঃ স তস্যাঃ
মুহূর্ত্তকর্ণোৎপলতাং প্রপেদে ॥ ২৬ ॥
তদঞ্জনক্লেদসমাকুলাক্ষং
প্রম্লানবীজাঙ্কুরকর্ণপূরম্।
বধূমুখং পাটলগণ্ডলেখ-
মাচার ধূমগ্রহণাদ্বভূব ॥ ২৭ ॥
তৌ স্নাতকৈর্ব্বন্ধুমতা চ রাজ্ঞা
পুরন্ধ্রিভিশ্চ ক্রমশঃ প্রযুক্তম্।

হবিরিতি। হবিষ আজ্যাদেঃ শমীপল্লবানাং লাজানাঞ্চ গন্ধোঽস্যাস্তীতি হবিঃশমীপল্লবলাজগন্ধী। "শমীপল্লবমিশ্রান্ লাজান্ অঞ্জলিনা বপতি" ইতি কাত্যায়নঃ। পুণ্যোধূমঃ কৃশানোঃ পাবকাদুদিয়ায় উদ্ভূতঃ। কপোলয়োঃ সংসর্পিণী প্রসরণশীলা শিখা যস্য স তথোক্তঃ স ধূমস্তস্যাঃ বধ্বাঃ মুহূর্ত্তং কর্ণোৎপলতাং প্রপেদে ॥ ২৬ ॥

তদিতি। তদ্বধূমুখম্ আচারেণ প্রাপ্তাদ্ধূমগ্রহণাৎ অঞ্জনস্য ক্লেদোঽঞ্জন-ক্লেদঃ অঞ্জনমিশ্রবাষ্পোদকমিত্যর্থঃ। তেন সমাকুলাক্ষং প্রম্লানো বীজাঙ্কুরো যবাঙ্কুরো যবাঙ্কুরএব কর্ণপূরোঽবতংসৌ যস্য তৎ পাটলগণ্ডলেখমরুণগণ্ড-স্থলঞ্চ বভূব ॥ ২৭ ॥

তাবিতি। কনকাসনস্থৌ তৌ কন্যাকুমারৌ স্নাতকৈর্গৃহস্থবিশেষৈঃ।

সেই অগ্নি হইতে ঘৃত, শমীপল্লব ও লাজাদির গন্ধযুক্ত অতি পবিত্র ধূম উত্থিত হইতে লাগিল এবং সেই ধূমশিখা কুমারীর কপোলপ্রদেশ স্পর্শ করিয়া, মুহূর্ত্তকালের নিমিত্ত তাঁহার কর্ণোৎপলের স্থানীয় হইল ॥ ২৬ ॥

আচার ধূম গ্রহণ করাতে, ইন্দুমতীর নয়নযুগল অঞ্জনমিশ্রিত বাষ্পজলে আকুল হইল, যবাঙ্কুরের কর্ণপূর (কর্ণভূষণ) সাতিশয় ম্লান হইয়া গেল এবং গণ্ডস্থল পাটলবর্ণ ধারণ করিল ॥ ২৭ ॥

অনন্তর স্নাতকগণ, সবান্ধব ভূপতি ভোজ এবং পুরন্ধ্রিবর্গ, যথাক্রমে স্বর্ণ-

কন্যাকুমারৌ কনকাসনস্থা-
বার্দ্রাক্ষতারোপণমন্বভূতাম্ ॥ ২৮ ॥
ইতি স্বসুর্ভোজকুলপ্রদীপঃ
সম্পাদ্য পাণিগ্রহণং স রাজা।
মহীপতীনাং পৃথগর্হণার্থং
সমাদিদেশাধিকৃতানধিশ্রীঃ ॥ ২৯ ॥
লিঙ্গৈর্ম্মুদঃ সংবৃতবিক্রিয়াস্তে
হ্রদাঃ প্রসন্না ইব গূঢ়নক্রাঃ ।

"স্নাতকস্ত্বাপ্লুতোব্রতী"ত্যমরঃ। বন্ধুমতা বন্ধুপুরঃসরেণেত্যর্থঃ রাজ্ঞা চ পুরন্ধ্রিভিঃ পতিপুত্রবতীভির্নারীভিশ্চ ক্রমশঃ প্রযুক্তং স্নাতকাদীনাং পূর্ব্বপূর্ব্ববৈশিষ্ট্যাৎ ক্রমেণ কৃতমার্দ্রাক্ষতানামারোপণ মন্বভূতামনুভূতবন্তৌ ॥ ২৮ ॥

ইতীতি। অধিশ্রীরধিকসম্পন্নো ভোজকুলপ্রদীপঃ স রাজা ইতি স্বসু-রিন্দুমত্যাঃ পাণিগ্রহণং বিবাহং সম্পাদ্য কারয়িত্বা মহীপতীনাং রাজ্ঞাং পৃথ-গেকৈকশঃ অর্হণার্থং পূজার্থম্ অধিকৃতানধিকারিণঃ সমাদিদেশাজ্ঞাপয়া-মাস ॥ ২৯ ॥

লিঙ্গৈরিতি। মুদঃ সন্তোষস্য লিঙ্গৈশ্চিহ্নৈঃ কপটহাসাদিভিঃ সংবৃত-বিক্রিয়াঃ নিগূহিতমৎসরাঃ অতএব প্রসন্না বহির্নির্ম্মলাঃ গূঢ়নক্রাঃ অন্তর্লীন-

---

ময় সিংহাসনে সমাসীন বর ও বধূকে আর্দ্র আতপতণ্ডুল দ্বারা আশীর্ব্বাদ করিলেন। অর্থাৎ কন্যা সম্প্রদানাদি ব্যাপার সম্পন্ন হইলে, সমবেত পৌর-বর্গ হৃষ্টমনে আর্দ্র আতপতণ্ডুল, বর ও বধূর মস্তকে প্রদান পূর্ব্বক আশীর্ব্বাদ প্রয়োগ করিলেন ॥ ২৮ ॥

এইরূপে ভোজকুলপ্রদীপ বিদর্ভপতি, ভগিনী ইন্দুমতীর বিবাহ-ব্যাপার সম্পাদন করিয়া, প্রত্যেক মহীপালের সৎকার করিবার নিমিত্ত অনুচরবর্গকে আদেশ প্রদান করিলেন ॥ ২৯ ॥

প্রসন্নসলিল অথচ অভ্যন্তরে গুপ্ত কুম্ভীরযুক্ত হ্রদের ন্যায় মহীপালগণ, অন্তরস্থ ক্রোধ সম্বরণ পূর্ব্বক, বাহ্যিক সন্তোষ চিহ্ন প্রদর্শন করিয়া, বিদর্ভপতি প্রদত্ত দ্রব্য সম্ভার, উপঢৌকন ছলে তাঁহাকেই প্রত্যর্পণ পূর্ব্বক বিদায় গ্রহণ

বৈদর্ভমামন্ত্র্য যযুস্তদীয়াং
প্রত্যর্প্য পূজামুপদাচ্ছলেন ॥ ৩০ ॥
স রাজলোকঃ কৃতপূর্ব্বসংবি-
দারম্ভসিদ্ধৌ সময়োপলভ্যম্।
আদাস্যমানঃ প্রমদামিষং তৎ
অপাবৃত্য পন্থানমজস্য তস্থৌ ॥ ৩১ ॥

গ্রহাঃ হ্রদাইব স্থিতাঃ তে নৃপাঃ, বৈদর্ভং ভোজমামন্ত্র্যাপৃচ্ছ্য তদীয়াং বৈদর্ভীয়াং পূজামুপদাচ্ছলেন উপায়নমিষেণ প্রত্যর্প্য যযুঃ গতবন্তঃ ॥ ৩০ ॥

সইতি। আরম্ভসিদ্ধৌ কার্য্যসিদ্ধৌ বিষয়ে পূর্ব্বং কৃতা কৃতপূর্ব্বা। সুপ্সুপেতি সমাসঃ। কৃতপূর্ব্বা সংবিৎ সঙ্কেতোমার্গাবরোধরূপ উপায়ো যেন স তথোক্তঃ। "সংবিৎ যুদ্ধে প্রতিজ্ঞায়াং সঙ্কেতাচারনামসু" ইতি কেশবঃ। স রাজলোকঃ সময়োপলভ্যম্ অজপ্রস্থানকালে লভ্যং তদা তস্যৈকাকিত্বাদিতি ভাবঃ। সমরোপলভ্যমিতি পাঠে যুদ্ধসাধ্যমিত্যর্থঃ। তৎ প্রমদৈবামিষং ভোগ্যবস্তু। "আমিষং ত্বস্ত্রিয়াং মাংসে তথা স্যাদ্ভোগ্যবস্তুনি" ইতি কেশবঃ। আদাস্যমানোগ্রহীষ্যমাণঃ সন্ অজস্য পন্থানমাবৃত্যাবরুধ্য তস্থৌ ॥ ৩১ ॥

করিলেন। অর্থাৎ স্বয়ম্বরে সমবেত রাজগণ, ইন্দুমতী-লাভে বিফলমনোরথ হওয়াতে, উপঢৌকন প্রদান দ্বারা কপট সন্তোষ প্রকাশ পূর্ব্বক বিদর্ভনাথের নিকটে বিদায় গ্রহণ করিলেন ॥ ৩০ ॥

সেই রাজগণ, কার্য্যসিদ্ধি বিষয়ে পরস্পর বিবেচনা পূর্ব্বক, উপায় স্থির করিয়া, অজের প্রস্থান সময়ে সেই প্রমদারূপ ভোগ্যবস্তুর লাভাশয়ে, তাঁহার গন্তব্য পথ রোধ করিয়া অবস্থান করিতে লাগিলেন। অর্থাৎ কন্যারত্ন লিপ্সু রাজগণ, ভোজরাজের নিকট হইতে বিদায় গ্রহণ পূর্ব্বক, সকলে একত্র সমবেত হইয়া এই স্থির করিলেন যে, অজ ইন্দুমতীকে সঙ্গে লইয়া যে সময়ে স্বদেশে গমন করিবেন, সেই সময়ে আমরা পথিমধ্যে সসৈন্যে আক্রমণ করিয়া, ইন্দুমতীকে বলপূর্ব্বক গ্রহণ করিব; সুতরাং তাঁহারা গুপ্তভাবে থাকিয়া অজের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ভর্ত্তাপি তাবৎ ক্রথকৈশিকানা-
মনুষ্ঠিতানন্তরজাবিবাহঃ।
সত্ত্বানুরূপাহরণীকৃতশ্রীঃ
প্রাস্থাপয়দ্রাঘবমন্বগাচ্চ ॥ ৩২ ॥
তিস্রস্ত্রীলোকোপ্রথিতেন সার্দ্ধ-
মজেন মার্গে বসতীরুষিত্বা।
তস্মাদপাবর্ত্তত কুণ্ডিনেশঃ
পর্ব্বাত্যয়ে সোম ইবোষ্ণরশ্মেঃ ॥ ৩৩ ॥

ভর্ত্তেতি। অনুষ্ঠিতঃ সম্পাদিতঃ অনন্তরজায়া অনুজায়া বিবাহো যেন স তথোক্তঃ, ক্রথকৈশিকানাং দেশানাং ভর্ত্তা স্বামী ভোজোঽপি তাবত্তদা সত্ত্বানুরূপমুৎসাহানুরূপং যথা তথা আ সমন্তাৎ। অনেনানিয়তবস্তুদানমিত্যর্থঃ। হরণং কন্যায়ৈ দেয়ং ধনম্। "যৌতুকাদি তু যদ্দেয়ং সদায়োহরণঞ্চ তৎ" ইত্যমরঃ। অহরণং হরণীকৃতা শ্রীর্যেন তথোক্তঃ সন্ রাঘবমজং প্রাস্থাপয়ৎ প্রস্থাপিতবান্ স্বয়মন্বগাৎ অনুজগাম চ ॥ ৩২ ॥

তিস্রইতি। কুণ্ডিনং বিদর্ভনগরং তস্যেশো ভোজঃ ত্রিষু লোকেষু প্রথিতেনাজেন সার্দ্ধং মার্গে পথি তিস্রোবসতী রাত্রীরুষিত্বা। "বসতী রাত্রিবেশ্মনো" রিত্যমরঃ। কালাধ্বনোরত্যন্তসংযোগে ইতি দ্বিতীয়া। পর্ব্বাত্যয়ে দর্শান্তে উষ্ণরশ্মেঃ সূর্য্যাৎ সোমশ্চন্দ্রইব, তস্মাদজাদপাবর্ত্তত তং বিসৃজ্য নিবৃত্ত-ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

এদিকে বিদর্ভপতি ভোজ, কনিষ্ঠা ভগিনীর বিবাহ-সংস্কার সম্পাদন করিয়া, স্বীয় উৎসাহানুরূপ যৌতুকাদি প্রদানপূর্ব্বক, যুবরাজ অজকে বিদায় দিলেন এবং আপনিও তাঁহাদের অনুগমন করিতে লাগিলেন ॥ ৩২ ॥

বিদর্ভপতি ভোজ, ত্রিলোক বিখ্যাত অজের সহিত পথিমধ্যে তিন দিবস বাস করিয়া, অমাবস্যান্তে চন্দ্র যেমন সূর্য্যের নিকট হইতে প্রতিনিবৃত্ত হয়, তদ্রূপ অজের নিকট হইতে প্রত্যাবর্ত্তন করিলেন। অর্থাৎ মহারাজ ভোজ, কুমার অজের সহিত তিন দিবসের পথ পর্য্যন্ত যাইয়া, তথা হইতে স্বীয় বিদর্ভনগরে প্রত্যাগমন করিলেন এবং অজ বিদর্ভনাথকে বিদায় দিয়া অযোধ্যাভিমুখে চলিলেন ॥ ৩৩ ॥

প্রমন্যবঃ প্রাগপি কোশলেন্দ্রে
প্রত্যেকমাত্তস্বতয়া বভূবুঃ।
অতো নৃপাশ্চক্ষমিরে সমেতাঃ
স্ত্রীরত্নলাভং ন তদাত্মজস্য ॥ ৩৪ ॥
তমুদ্বহন্তং পথি ভোজকন্যাং
রুরোধ রাজন্যগণঃ স দৃপ্তঃ।

প্রমন্যবইতি। নৃপাঃ রাজানঃ প্রাগপি প্রত্যেকমাত্তস্বতয়া দিগ্বিজয়ে গৃহীতধনত্বেন কোশলেন্দ্রে রঘৌ প্রমন্যবো রূঢ়বৈরাঃ বভূবুঃ অতো হেতোঃ সমেতাঃ সঙ্গতাঃ সন্তঃ তদাত্মজস্য রঘুসূনোঃ স্ত্রীরত্নলাভং ন চক্ষমিরে ন সেহিরে ॥ ৩৪ ॥

তমিতি। দৃপ্তঃ উদ্ধতঃ স রাজন্যগণোরাজসঙ্ঘাতো ভোজকন্যামুদ্বহন্তং নয়ন্তং তমজং বলিনা বৈরোচনিনা প্রদিষ্টাং দত্তাং শ্রিয়মাদদানং স্বীকুর্ব্বাণং ত্রিবিক্রমস্যেমং ত্রৈবিক্রমং পাদমিন্দ্রশত্রুঃ প্রহ্লাদইব পথি রুরোধ। তথা চ

পূর্ব্বে মহারাজ রঘু কর্ত্তৃক হৃত-সম্পত্তি হওয়াতে, রাজগণ বৈর-ভাবাপন্ন ছিলেন; অতএব এক্ষণে তাঁহারা সমবেত হইয়া, তদীয় পুত্র অজের স্ত্রীরত্ন-লাভ সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ মহারাজ রঘু দিগ্বিজয় সময়ে প্রত্যেক মহীপালের নিকট হইতে অর্থ গ্রহণ করিয়াছিলেন; সুতরাং সেই সময় হইতেই দিগ্বিজয়ী রঘুর প্রতি তাঁহাদের শত্রুভাব বদ্ধমূল হইয়াছিল; এক্ষণে সেই বৈর-ভাবাপন্ন সমবেত রাজগণ, রঘুনন্দন অজের ইন্দুমতী-লাভ সহ্য করিতে অসমর্থ হইয়া, ভোজনন্দিনীকে হরণ করিবার মানসে সকলেই বদ্ধপরিকর হইলেন ॥ ৩৪ ॥

প্রহ্লাদ যেমন দানবরাজ বলিপ্রদত্ত সম্পদ্গ্রহণে প্রবৃত্ত ত্রিবিক্রম বামনের চরণ অবরোধ করিয়াছিলেন, তদ্রূপ সেই সমবেত রাজগণও অজকে ভোজভগিনী ইন্দুমতীকে লইয়া যাইতে দেখিয়া অবরোধ করিলেন। অর্থাৎ ভগবান্ বিষ্ণু বামনরূপ ধারণ করিয়া, দানবরাজ বলির নিকট হইতে সম্পদ্ গ্রহণপূর্ব্বক চলিয়া যাইবার সময়ে, প্রহ্লাদ যেমন তাঁহার গতিরোধ

বলিপ্রদিষ্টাং শ্রিয়মাদদানং
ত্রৈবিক্রমং পাদমিবেন্দ্রশত্রুঃ ॥ ৩৫ ॥
তস্যাঃ স রক্ষার্থমনল্পযোধ-
মাদিশ্য পিত্র্যং সচিবং কুমারঃ।
প্রত্যগ্রহীৎ পার্থিববাহিনীং তাং
ভাগীরথীং শোণ ইবোত্তরঙ্গঃ ॥ ৩৬ ॥
পত্তিঃ পদাতিং রথিনং রথেশ-
স্তুরঙ্গসাদী তুরগাধিরূঢ়ম্।

ব্রহ্মাণ্ডপুরাণে। "বিরোচনবিরোধেঽপি প্রহ্লাদঃ প্রাক্তনং স্মরন্। বিষ্ণোস্ত্রিক্রমমাণস্য পাদাম্ভোজং রুরোধ হ" ইতি ॥ ৩৫ ॥

তস্যাইতি। স কুমারোঽজঃ তস্যা ইন্দুমত্যাঃ রক্ষার্থমনল্পযোধং বহুভটং পিতুরাগতং পিত্র্যম্ আপ্তমিত্যর্থঃ সচিবমাদিশ্য আজ্ঞাপ্য তাং পার্থিব-বাহিনীং রাজসেনাম্। "ধ্বজিনী বাহিনী সেনা" ইত্যমরঃ। ভাগীরথীমুত্তরঙ্গঃ শোণঃ শোণাখ্যো নদইব প্রত্যগ্রহীদভিযুক্তবান্ ॥ ৩৬ ॥

পত্তিরিতি। পত্তিঃ পাদচারো যোদ্ধা পদাতিং পাদচারমভ্যপতৎ। পাদাভ্যামততীতি পদাতিঃ, পাদস্য পদিত্যাদিনা পদাদেশঃ। "পদাতিপত্তিপদগ-পাদাতিকপদাজয়" ইত্যমরঃ। রথেশো রথিকঃ রথিনং রথারোহমভ্যপতৎ, তুরঙ্গসাদী অশ্বারোহস্তুরগাধিরূঢ়ম্ অশ্বারোহমভ্যপতৎ। "রথিনঃ স্যন্দনা-রোহাঃ অশ্বারোহাস্ত সাদিন" ইত্যমরঃ। গজস্য যন্তা হস্ত্যারোহো গজস্থং পুরুষমভ্যপতৎ, ইত্থম্ অনেন প্রকারেণ তুল্যপ্রতিদ্বন্দ্বি একজাতীয়প্রতিভটং

করিয়াছিলেন, ইন্দুমতী-প্রার্থী রাজগণও সেইরূপ ভোজভগিনীকে গ্রহণপূর্ব্বক গমনকারী অজকে সসৈন্যে আক্রমণ করিলেন ॥ ৩৫ ॥

কুমার অজ, সমবেত রাজগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়া, পিতৃসচিবকে বহু-সংখ্যক সেনার সহিত ইন্দুমতীর রক্ষার্থ নিযুক্ত করিয়া, উত্তাল-তরঙ্গমালা-সঙ্কুল শোণ নদ, যেরূপ ভাগীরথীকে আক্রমণ করে, সেইরূপ তিনিও সেই রাজ-সেনাগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ৩৬ ॥

এইরূপে পদাতি পদাতির সহিত, রথী রথীর সহিত, অশ্বারোহী অশ্বা-

যন্তা গজস্যাভ্যপতদ্গজস্থং
তুল্যপ্রতিদ্বন্দ্বি বভূব যুদ্ধম্ ॥ ৩৭ ॥
নদৎসু তূর্য্যেম্ববিভাব্যবাচো-
নোদীরয়ন্তি স্ম কুলোপদেশান্।
বাণাক্ষরৈরেব পরস্পরস্য
নামোর্জ্জিতং চাপভৃতঃ শশংসুঃ ॥ ৩৮ ॥
উত্থাপিতঃ সংযতি রেণুরশ্বৈঃ
সান্দ্রীকৃতঃ স্যন্দনবংশচক্রৈঃ।

যুদ্ধং বভূব। অন্যোন্যং দ্বন্দ্বং কলহোঽনয়োর্যামিতি প্রতিদ্বন্দ্বিনো যোধাঃ। "দ্বন্দ্বং কলহযুগ্মগ্নয়ো"রিত্যমরঃ ॥ ৩৭ ॥

নদৎস্বিতি। তূর্য্যেষু নদৎসু সৎসু অবিভাব্যবাচঃ অনবধার্য্যগিরঃ চাপভৃতো ধানুষ্কাঃ কুলমুপদিশ্যতে প্রখ্যাপ্যতে যৈ স্তে কুলোপদেশা স্তান্ কুলনামানি নোদীরয়ন্তি স্ম নোচ্চারয়ামাসুঃ শ্রোতুমশক্যত্বাদ্বাচো নাব্রুবন্নিত্যর্থঃ। কিন্তু বাণাক্ষরৈর্ব্বাণেষু লিখিতাক্ষরৈরেব পরস্পরস্যান্যোন্যস্য ঊর্জ্জিতং প্রখ্যাতং নাম শশংসু রূচুঃ ॥ ৩৮ ॥

উত্থাপিতইতি। সংযতি সংগ্রামে অশ্বৈরুত্থাপিতঃ, স্যন্দনবংশানাং রথসমূহানাং চক্রৈঃ রথাঙ্গৈঃ সান্দ্রীকৃতঃ ঘনীকৃতঃ। "বংশঃ পৃষ্ঠাস্থি গেহোর্দ্ধকাষ্ঠে বেণৌ গণে কুলে" ইতি কেশবঃ। কুঞ্জরকর্ণানাং তালৈঃ তাড়নৈ-

---

রোহীর সহিত এবং হস্ত্যারোহী হস্ত্যারোহীর সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল; সুতরাং তুল্য প্রতিদ্বন্দ্বিতানুসারে যুদ্ধ হইতে লাগিল ॥ ৩৭ ॥

ধনুর্দ্ধারিগণ তূর্য্য-নির্ঘোষে পরস্পরের কথা বুঝিতে অসমর্থ হইয়া, বাণে লিখিত বর্ণাবলী দ্বারা পরস্পরের বিখ্যাত নাম প্রকাশ করিতে লাগিল। অর্থাৎ রণবাদ্যের প্রভাবে যোদ্ধৃবর্গের মধ্যে কেহ কাহারও কথা বুঝিতে সমর্থ হইল না; সুতরাং তাঁহারা স্ব স্ব নাম খোদিত শর দ্বারা পরস্পর পরস্পরের পরিচয় পরিজ্ঞাত হইতে সমর্থ হইয়াছিল ॥ ৩৮ ॥

অশ্বখুরোৎক্ষিপ্ত ধূলি সকল রথচক্রে ঘনীভূত এবং হস্তিগণের কর্ণসঞ্চালনে বিস্তারিত হইয়া, চন্দ্রাতপের ন্যায় সূর্য্যকে রোধ করিল। অর্থাৎ রণক্ষেত্র এরূপ ভীষণ হইয়া উঠিল যে, ধূলিপটল অশ্বখুর দ্বারা উৎক্ষিপ্ত এবং হস্তীদিগের

বিস্তারিতঃ কুঞ্জরকর্ণতালৈ-
র্নেত্রক্রমেণোপরুরোধ সূর্য্যম্ ॥ ৩৯ ॥
মৎস্যধ্বজা বায়ুবশাদ্বিদীর্ণৈ-
র্মুখৈঃ প্রবৃদ্ধধ্বজিনীরজাংসি।
বভুঃ পিবন্তঃ পরমার্থমৎস্যাঃ
পর্য্যাবিলানীব নবোদকানি ॥ ৪০ ॥
রথো রথাঙ্গধ্বনিনা বিজজ্ঞে
বিলোলঘণ্টাক্বণিতেন নাগঃ।

বিস্তারিতঃ প্রসারিতোরেণুঃ নেত্রক্রমেণ অংশুকপরিপাট্যা অংশুকমিবেত্যর্থঃ। "স্যাজ্জটাংশুকয়োর্নেত্র"মিতি, "ক্রমোঽঙ্ঘ্রৌ পরিপাট্যাং চ" ইতি চ কেশবঃ। সূর্য্যমুপরুরোধ আচ্ছাদয়ামাস ॥ ৩৯ ॥

মৎস্যেতি। বায়ুবশাদ্বিদীর্ণৈঃ বিবৃতৈ মুখৈঃ প্রবৃদ্ধানি ধ্বজিনী-রজাংসি সৈন্যরেণূন্ পিবন্তোগৃহ্লন্তো মৎস্যধ্বজা মৎস্যাকারা ধ্বজাঃ, পর্য্যাবিলানি পরিতঃ কলুষাণি নবোদকানি পিবন্তঃ পরমার্থমৎস্যা ইব (অকৃত্রিম-মৎস্যা ইব) বভুর্ভান্তি স্ম ॥ ৪০ ॥

রথইতি। সান্দ্রে প্রবৃদ্ধে রজসি রথো রথাঙ্গধ্বনিনা চক্রস্বনেন বিজজ্ঞে জ্ঞাতঃ, নাগো হস্তী বিলোলানাং ঘণ্টানাং ক্বণিতেন নাদেন বিজজ্ঞে। আত্ম-পরাববোধঃ স্বপরবিবেকঃ যোধানামিতি শেষঃ, স্বভর্ত্তৄণাং স্বস্বামিনাং নাম-

---

কর্ণ দ্বারা চালিত হইয়া, গগনতল সমাচ্ছন্ন করিল, ইহাতে অর্ক-কিরণ রুদ্ধ হওয়াতে বোধ হইতে লাগিল, যেন রণ-রাক্ষসী, নর-শোণিত-লোভে অরুণ-কিরণ রোধ করিয়া, অন্তরীক্ষ হইতে সমরক্ষেত্রে অবতীর্ণ হইতেছে ॥ ৩৯ ॥

মহীপালগণের মৎস্যধ্বজ সকল, বায়ুভরে বিদীর্ণ-মুখ হইয়া, সেই ধূলি-পটল পান করিতে লাগিল, তাহাতে বোধ হইতে লাগিল, যেন অকৃত্রিম মৎস্যগণ বর্ষাকালের আবিল জলপানে প্রবৃত্ত হইয়াছে ॥ ৪০ ॥

ক্রমশঃ ধূলিরাশি গাঢ়তর হইলে, চক্রের ঘর্ঘরশব্দে রথ এবং গজের ঘণ্টা-ধ্বনিতে হস্তী অনুমিত হইল; এতদ্ভিন্ন সৈন্যগণ স্ব স্ব স্বামীর নামোচ্চারণ করিয়া আত্মপর বুঝিয়া লইল। অর্থাৎ যুদ্ধক্ষেত্রস্থ ধূলিসাগর, সৈন্য মধ্যে

স্বভর্ত্তৃনামগ্রহণাদ্বভূব
সান্দ্রে রজস্যাত্মপরাববোধঃ ॥ ৪১ ॥
আবৃণ্বতোলোচনমার্গমাজৌ
রজোঽন্ধকারস্য বিজৃম্ভিতস্য।
শস্ত্রক্ষতাশ্ব-দ্বিপ-বীরজন্মা
বালারুণোঽভূদ্রুধিরপ্রবাহঃ ॥ ৪২ ॥
স চ্ছিন্নমূলঃ ক্ষতজেন রেণু-
স্তস্যোপরিষ্টাৎপবনাবধূতঃ।

গ্রহণান্নামোচ্চারণাৎ বভূব রজোঽন্ধতয়া সর্ব্বে স্বং পরঞ্চ শব্দাদেবানুমায় প্রজহ্রুরিত্যর্থঃ ॥ ৪১ ॥

আবৃণ্বত ইতি। লোচনমার্গমাবৃণ্বতো দৃষ্টিপথমুপরুন্ধতঃ আজৌ যুদ্ধে বিজৃম্ভিতস্য ব্যাপ্তস্য রজএবান্ধকারং তস্য, শস্ত্রক্ষতেভ্যোঽশ্ব-দ্বিপ-বীরেভ্যো-জন্ম যস্য স তথোক্তঃ রুধিরপ্রবাহঃ বালারুণোবালার্কোঽভূৎ। "অরুণোভাস্করে-ঽপি স্যা"দিত্যমরঃ। বালবিশেষণং রুধিরসাবর্ণ্যার্থম্ ॥ ৪২ ॥

সইতি। ক্ষতজেন রুধিরেণ ছিন্নমূলঃ ত্যাজিতভূতলসম্বন্ধইত্যর্থঃ। তস্য

তরঙ্গমালা বিস্তার করাতে, যোদ্ধৃবর্গের দৃষ্টি প্রতিরুদ্ধ হইল; সুতরাং তাঁহারা স্বীয় স্বীয় প্রভুর নামোচ্চারণ দ্বারা আত্মপরের ভেদ অনুমান করিয়া লইতে লাগিল ॥ ৪১ ॥

হস্তী, অশ্ব ও সৈন্যগণ অস্ত্রপ্রহারে সমরক্ষেত্রে শায়িত হইতে লাগিল; সুতরাং তাহাদের দেহনির্গত রুধিরপ্রবাহ, সেই দৃষ্টিরোধকারী অন্ধকারের মধ্যে নবোদিত সূর্য্য-স্বরূপ হইল। অর্থাৎ সেই অন্ধকারময় যুদ্ধক্ষেত্রে এত সৈন্য ও অশ্বাদি হত এবং আহত হইতে লাগিল যে, তাহার সংখ্যা করা অসম্ভব হইয়া উঠিল, এমন কি প্রাণিগণের লোহিতারুণ সদৃশ শোণিত-স্রোত প্রবাহিত হওয়াতে, তত্রত্য অন্ধকার সুদূরে পলায়ন করিয়াছিল ॥ ৪২ ॥

শোণিতসম্পাতে ছিন্নমূল ধূলিরাজি, রুধিরের উপরিভাগে বায়ুভরে সঞ্চালিত হওয়াতে, ঐ ধূলিসমূহ অঙ্গারাবশিষ্ট অগ্নির পূর্ব্বোত্থিত ধূমের ন্যায় প্রকাশ পাইতে লাগিল। অর্থাৎ রণক্ষেত্রে শোণিত-স্রোত প্রবাহিত

অঙ্গারশেষস্য হুতাশনস্য
পূর্ব্বোত্থিতোধূমইবাবভাসে॥ ৪৩॥
প্রহারমূর্চ্ছাপগমে রথস্থা
যন্তৄনুপালভ্য নিবর্ত্তিতাশ্বান্।
যৈঃ সাদিতা লক্ষিতপূর্ব্বকেতূন্
তানেব সামর্ষতয়া নিজঘ্নুঃ॥ ৪৪॥
অপ্যর্দ্ধমার্গে পরবাণলূনা
ধনুর্ভৃতাং হস্তবতাং পৃষৎকাঃ।

ক্ষতজস্যোপরিষ্টাৎ পবনাবধূতঃ বাতাহতঃ স রেণুঃ অঙ্গারশেষস্য হুতাশনস্যাগ্নেঃ পূর্ব্বোত্থিতোধূমইব আবভাসে দিদীপে॥ ৪৩॥

প্রহারেতি। রথস্থাঃ রথিনঃ, প্রহারেণ যা মূর্চ্ছা তস্যাঃ অপগমে সতি। মূর্চ্ছিতানামন্যত্র নীত্বা সংরক্ষণং সারথিধর্ম্মইতি কৃত্বা নিবর্ত্তিতাশ্বান্ যন্তৄন্ সারথীনুপালভ্য অসাধু কৃতমিত্যধিক্ষিপ্য পূর্ব্বং যৈঃ স্বয়ং সাদিতাঃ হতাঃ লক্ষিতপূর্ব্বকেতূন্ পূর্ব্বদৃষ্টৈঃ কেতুভিঃ প্রত্যভিজ্ঞাতানিত্যর্থঃ, তানেব সামর্ষতয়া সকোপত্বেন হেতুনা নিজঘ্নুঃ প্রজহ্রুঃ॥ ৪৪॥

অপীতি। অর্দ্ধশ্চাসৌ মার্গশ্চ তস্মিন্নর্দ্ধমার্গে পরেষাং বাণৈর্লূনাঃ ছিন্না অপি হস্তবতাং কৃতহস্তানাং ধনুর্ভৃতাং পৃষৎকাঃ শরাঃ আত্মজবানুবৃত্ত্যা স্ববেগানুবন্ধেন হেতুনা ফলিভির্লোহাগ্রবদ্ভিঃ। "শস্ত্রবাণাগ্রয়োঃ ফল"মিতি

হওয়াতে ভূমির আর্দ্রতা নিবন্ধন আর ধূলি উত্থিত হইল না; কিন্তু অগ্নিসম বর্ণবিশিষ্ট রুধির প্রবাহের উপর পূর্ব্বোত্থিত বায়ুমিশ্র ধূলি সকল সঞ্চালিত হইতে লাগিল, তাহাতে বোধ হইতে লাগিল, যেন অঙ্গারাবশিষ্ট অগ্নির উপরে ধূম বায়ুভরে ইতস্তত বিচরণ করিতেছে॥ ৪৩॥

রথীদিগকে প্রহার জনিত বেদনায় মূর্চ্ছিত দেখিয়া, সারথিগণ, রণস্থল হইতে রথাশ্ব নিবর্ত্তিত করিয়াছিল, এক্ষণে রথিগণ সংজ্ঞালাভ করিয়া সারথিদিগকে তিরস্কার পূর্ব্বক, ধ্বজাচিহ্নে প্রহারকারীদিগের সন্ধান পাইয়া, রোষভরে তাহাদিগকে প্রহার করিতে প্রবৃত্ত হইল॥ ৪৪॥

শরক্ষেপণে নিপুণ ধনুর্দ্ধরগণের নিক্ষিপ্ত শর সকল, অর্দ্ধপথে বিপক্ষ বাণ

সংপ্রাপুরেবাত্মজবানুবৃত্ত্যা
পূর্ব্বার্দ্ধভাগৈঃ ফলিভিঃ শরব্যম্ ॥ ৪৫ ॥
আধোরণানাং গজসন্নিপাতে
শিরাংসি চক্রৈর্নিশিতৈঃ ক্ষুরাগ্রৈঃ।
হৃতান্যপি শ্যেননখাগ্রকোটি-
ব্যাসক্তকেশানি চিরেণ পেতুঃ ॥ ৪৬ ॥
পূর্ব্বং প্রহর্ত্তা ন জঘান ভূয়ঃ
প্রতিপ্রহারাক্ষমমশ্বসাদী।

বিশ্বঃ। পূর্ব্বার্দ্ধভাগৈঃ শৃণাতীতি শরুঃ তস্মৈ হিতং শরব্যং লক্ষ্যম্। উগবাদিভ্যোযদিতি যৎপ্রত্যয়ঃ। "লক্ষং লক্ষ্যং শরব্য"ঞ্চেত্যমরঃ। সম্প্রাপুরেব নতু মধ্যে পতিতা ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

আধোরণানামিতি। গজসন্নিপাতে গজযুদ্ধে নিশিতৈঃ অতএব ক্ষুরাগ্রৈঃ ক্ষুরস্যাগ্রমিবাগ্রং যেষাং তৈঃ চক্রৈরায়ুধবিশেষৈঃ হৃতানি ছিন্নান্যপি শ্যেনানাং পক্ষিবিশেষাণাম্। "পক্ষী শ্যেন" ইত্যমরঃ। নখাগ্রকোটিষু ব্যাসক্তাঃ কেশা যেষাং তানি আধোরণানাং হস্ত্যারোহাণাম্। "আধোরণা হস্তিপকা হস্ত্যারোহা নিষাদিন" ইত্যমরঃ। শিরাংসি চিরেণ পেতুঃ পতিতানি। শিরঃপাতাৎ প্রাগেবারুহ্য পশ্চাদুৎপততাং পক্ষিণাং নখেষু কেশসঙ্গশ্চিরপাতহেতুরিতি ভাবঃ ॥ ৪৬ ॥

দ্বারা ছিন্ন হইয়াও, তীব্রবেগ-প্রভাবে ফলকযুক্ত পূর্ব্বার্দ্ধভাগ লক্ষ্যের উপরেই নিপতিত হইতে লাগিল ॥ ৪৫ ॥

গজযুদ্ধে হস্ত্যারোহীদিগের মুণ্ড, শাণিত ক্ষুরাগ্রধার সদৃশ চক্রাস্ত্রে ছিন্ন হইলেও, শ্যেনপক্ষীর নখাগ্রে কেশরাশি সংলগ্ন হওয়াতে বিলম্বে ভূতলে পতিত হইয়াছিল। অর্থাৎ গজারোহীদিগের মস্তকে প্রথমতঃ শ্যেনপক্ষীর পতন, পরে চক্রাস্ত্রে তাহাদের মস্তক ছিন্ন হইয়াছিল। সুতরাং পক্ষীদিগের নখাগ্র সংলগ্ন নরমুণ্ড সকল ভূতলশায়ী হইতে বিলম্ব হইয়াছিল। হস্ত্যারোহীদিগের মস্তকে শ্যেনপক্ষী পতনের কারণ এই যে, যাহাদের মৃত্যু অবশ্যম্ভাবী, তাহাদের মৃত্যুর পূর্ব্বে উল্লিখিত পক্ষীসকল তাহাদের অঙ্গে নিপতিত হইয়া মৃত্যুসূচনা করিয়া দেয় ॥ ৪৬ ॥

তুরঙ্গমস্কন্ধনিষণ্ণদেহং
প্রত্যাশ্বসন্তং রিপুমাচকাঙ্ক্ষ ॥ ৪৭ ॥
তনুত্যজাং বর্ম্মভৃতাং বিকোশৈ-
র্বৃহৎসু দন্তেষ্বসিভিঃ পতদ্ভিঃ ।
উদ্যন্তমগ্নিং শময়াম্বভূবু-
র্গজা বিবিগ্নাঃ করশীকরেণ ॥ ৪৮ ॥
শিলীমুখোৎকৃত্তশিরঃ ফলাঢ্যা
চ্যুতৈঃ শিরস্ত্রৈশ্চষকোত্তরেব ।

পূর্ব্বমিতি। পূর্ব্বং প্রথমং প্রহর্ত্তা অশ্বসাদী তৌরঙ্গিকঃ প্রতিপ্রহারেঽক্ষমমশক্তং তুরঙ্গমস্কন্ধে নিষণ্ণদেহং মূর্চ্ছিতমিত্যর্থঃ রিপুং ভূয়ো ন জঘান পুনর্ন প্রজহার কিন্তু প্রত্যাশ্বসন্তং পুনরুজ্জীবন্তমাচকাঙ্ক্ষ। নায়ুধ-ব্যসনং প্রাপ্তং নার্ত্তং নাতিপরিক্ষতমিতি নিষেধাদিতি ভাবঃ ॥ ৪৭ ॥

তনুত্যজামিতি। তনুত্যজাং তনুষু নিস্পৃহাণামিত্যর্থঃ বর্ম্মভৃতাং কবচিনাং সম্বন্ধিভিঃ বৃহৎসু দন্তেষু পতদ্ভিঃ অতএব, বিকোশৈঃ পিধানাদুদ্ধৃতৈঃ। "কোশোঽস্ত্রী কুট্মলে খড়্গাপিধানে" ইত্যমরঃ। অসিভিঃ খড়্গৈরুদ্যন্তমুত্থিতমগ্নিং বিবিগ্না ভীতাঃ গজাঃ করশীকরেণ শুণ্ডাদণ্ডজলকণেন শময়াম্বভূবুঃ শান্তং চক্রুঃ ॥ ৪৮ ॥

শিলীমুখেতি। শিলীমুখৈর্ব্বাণৈরুৎকৃত্তানি শিরাংস্যেব ফলানি তৈরাঢ্যা সম্পন্না চ্যুতৈভ্র্ষ্টৈঃ শিরাংসি ত্রায়ন্তইতি শিরস্ত্রাণি শীর্ষণ্যানি। "শীর্ষণ্যঞ্চ

এক পক্ষের অশ্বারোহিগণ অপর পক্ষের অশ্বারোহীদিগকে প্রহারে মূর্চ্ছিত ও অশ্বস্কন্ধে শায়িত দেখিয়া, আর তাহাদিগকে প্রহার না করিয়া, চৈতন্যলাভের প্রতীক্ষা করিতে লাগিল ॥ ৪৭ ॥

বর্ম্মধারী বীরগণ, প্রাণপণে নিষ্কোষিত অসি সঞ্চালন করিতে লাগিল; সেই অসির আঘাতে হস্তীদিগের বিশাল দন্ত হইতে অগ্নিস্ফুলিঙ্গ নির্গত হইতে লাগিল এবং হস্তিগণ তাহাতে ভীত হইয়া, শুণ্ডনিঃসৃত পানীয় দ্বারা সেই অগ্নিস্ফুলিঙ্গ নির্ব্বাণ করিতে লাগিল ॥ ৪৮ ॥

কর্ত্তিত নরমুণ্ড, ভূমিপতিত শিরস্ত্রাণ এবং রুধিরপ্রবাহ দ্বারা রণক্ষেত্র

রণক্ষিতিঃ শোণিতমদ্যকুল্যা
ররাজ মৃত্যোরিব পানভূমিঃ ॥ ৪৯ ॥
উপান্তয়োর্নিষ্কুষিতং বিহঙ্গৈ-
রাক্ষিপ্য তেভ্যঃ পিশিতপ্রিয়াপি।
কেয়ূরকোটিক্ষততালুদেশা
শিবা ভুজচ্ছেদমপাচকার ॥ ৫০ ॥
কশ্চিৎ দ্বিষৎখড়্গহৃতোত্তমাঙ্গঃ
সদ্যোবিমানপ্রভুতামুপেত্য।

শিরস্ত্রে” ইত্যমরঃ। তৈশ্চষকোত্তরা চষকঃ পানপাত্রমুত্তরং যস্যাং সেব। “চষকোঽস্ত্রী পানপাত্র”মিত্যমরঃ। শোণিতান্যেব মদ্যং তস্য কুল্যাঃ প্রবাহাঃ যস্যাং সা। “কুল্যাল্পা কৃত্রিমা সরি”দিত্যমরঃ। রণক্ষিতিঃ যুদ্ধভূমিঃ মৃত্যোঃ পানভূমিরিব ররাজ ॥ ৪৯ ॥

উপান্তয়োরিতি। উপান্তয়োঃ প্রান্তয়োঃ বিহঙ্গৈঃ পক্ষিভিঃ নিষ্কুষিতং খণ্ডিতম্। ইণ্‌নিষ্ঠায়ামিতীড়াগমঃ। ভুজচ্ছেদং ভুজখণ্ডং তেভ্যোবিহঙ্গেভ্যঃ আক্ষিপ্যাচ্ছিদ্য পিশিতপ্রিয়া মাংসপ্রিয়াপি শিবা ক্রোষ্টী। “শিবঃ কীলঃ শিবা ক্রোষ্টী”ইতি বিশ্বঃ। কেয়ূরকোট্যা অঙ্গদাগ্রেণ ক্ষতস্তালুদেশোযস্যা সা সতী অপাচকার অপসারয়ামাস। কিরতেঃ করোতে র্বা লিট্ ॥ ৫০ ॥

কশ্চিদিতি। দ্বিষতঃ খড়্গেন হৃতোত্তমাঙ্গঃ ছিন্নশিরাঃ কশ্চিদ্বীরঃ সদ্যো-বিমানপ্রভুতাং বিমানাধিপত্যং দেবত্বমিত্যর্থঃ উপেত্য প্রাপ্য বামাঙ্গ-সংসক্তা

ব্যাপ্ত হওয়াতে, রণভূমি যমরাজের পানভূমির ন্যায় প্রতীয়মান হইতে লাগিল। কারণ, ভূতলশায়ী নরমুণ্ডগুলি ফলস্বরূপ, পতিত শিরস্ত্রাণ সকল পানপাত্র-স্বরূপ এবং শোণিত-স্রোতঃ মদ্যের প্রবাহ-স্বরূপ লক্ষিত হইয়াছিল ॥ ৪৯ ॥

নরদেহের উপান্তভাগ ভক্ষণকারী বিহঙ্গের নিকট হইতে শৃগালী বল-পূর্ব্বক, এক ভুজখণ্ড গ্রহণ করিল; কিন্তু সেই শৃগালী পিশিত লোলুপা হইয়াও ভুজসংলগ্ন কেয়ূরাগ্রভাগে (বাজুর অগ্রভাগে) তাহার তালু ক্ষত হওয়াতে, তাহাকে সেই ভুজখণ্ড পরিত্যাগ করিতে হইল ॥ ৫০ ॥

কোন বীরপুরুষ, বিপক্ষের খড়্গে ছিন্নমস্তক হওয়ামাত্র দেবত্ব লাভ

বামাঙ্গসংসক্তসুরাঙ্গনঃ স্বং
নৃত্যৎ কবন্ধং সমরে দদর্শ॥ ৫১॥
অন্যোন্যসূতোন্মথনাদভূতাং
তাবেব সূতৌ রথিনৌ চ কৌচিৎ।
ব্যশ্বৌ গদাব্যায়তসংপ্রহারৌ
ভগ্নায়ুধৌ বাহুবিমর্দ্দনিষ্ঠৌ॥ ৫২॥
পরস্পরেণ ক্ষতয়োঃ প্রহর্ত্রো-
রুৎক্রান্তবাযোঃ সমকালমেব।

সব্যোৎসঙ্গসঙ্গিনী সুরাঙ্গনা যস্য স তথোক্তঃ সন্ সমরে নৃত্যং স্বং নিজং কবন্ধং বিশিরস্কং কলেবরং দদর্শ। "কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তমপমূর্দ্ধকলেবরম্" ইত্যমরঃ॥ ৫১॥

অন্যোন্যেতি। কৌচিদ্বীরৌ অন্যোন্যস্য সূতয়োঃ সারথ্যোঃ উন্মথনান্নিধনাৎ তাবেব সূতৌ রথিনৌ চ যোদ্ধারাবভূতাং তাবেব ব্যশ্বৌ নষ্টাশ্বৌ সন্তৌ গদাভ্যাং ব্যায়তোদীর্ঘঃ সংপ্রহারোযুদ্ধং যয়োস্তৌ অভূতাং ততোভগ্নায়ুধৌ ভগ্নগদৌ সন্তৌ বাহুবিমর্দ্দে নিষ্ঠা নাশো যয়ো স্তৌ অভূতাম্। "নিষ্ঠা নিষ্পত্তি-নাশান্তা" ইত্যমরঃ॥ ৫২॥

পরস্পরেণেতি। পরস্পরেণ অন্যোন্যং ক্ষতয়োঃ ক্ষততন্বোঃ সমকাল-মেককালং যথা তথা উৎক্রান্তবায্বোঃ যুগপদুদ্গত-প্রাণয়োঃ একৈবাপ্সরাঃ

পূর্ব্বক সুরাঙ্গনাকে বামাঙ্গসঙ্গিনী করিয়া, স্বীয় কবন্ধকে (মস্তকবিহীন দেহকে) রণক্ষেত্রে নৃত্য করিতে দেখিলেন। অর্থাৎ ধর্ম্মশাস্ত্রে এরূপ নির্দ্দিষ্ট আছে, যে সংগ্রামে সহস্র সৈন্য বিনষ্ট হয়, সেই যুদ্ধে এক কবন্ধ নৃত্য করিয়া থাকে। সুতরাং এই সংগ্রামেও সহস্র সৈন্য নিধন প্রাপ্ত হইয়াছিল বলিয়াই মস্তকবিহীন দেহ দেবত্ব প্রাপ্ত হইয়া নৃত্য করিয়াছিল॥ ৫১॥

কোন বীরদ্বয় পরস্পরের সারথি বিনষ্ট হইলে, আপনারাই সারথি ও রথীর কার্য্য করিল; পরে পরস্পরের রথাশ্ব নিহত হইলে, বহুক্ষণ গদাযুদ্ধ করিল; কিন্তু পরিশেষে গদা ভগ্ন হওয়াতে পরস্পর বাহুযুদ্ধ করিয়া নিধন প্রাপ্ত হইল॥ ৫২॥

কোন বীরদ্বয় পরস্পরের অস্ত্রে আহত ও উভয়েই এক সময়ে গতাসু

অমর্ত্ত্যভাবেঽপি কয়োশ্চিদাসী-
দেকাপ্সরঃ প্রার্থিতয়োর্ব্বিবাদঃ ॥ ৫৩ ॥
ব্যূহাবুভৌ তাবিতরেতরস্মাৎ
ভঙ্গং জয়ঞ্চাপতুরব্যবস্থম্।
পশ্চাৎপুরোমারুতয়োঃ প্রবৃদ্ধৌ
পর্য্যায়বৃত্ত্যেব মহার্ণবোর্ম্মী ॥ ৫৪ ॥
পরেণ ভগ্নেঽপি বলে মহৌজাঃ
যযাবজঃ প্রত্যরিসৈন্যমেব।

প্রার্থিতা যাভ্যাং তয়োরেকাপ্সরঃ প্রার্থিতয়োঃ প্রার্থিতৈকাপ্সরসোরিত্যর্থঃ। বাহিতাগ্ন্যাদিত্বিতি পরনিপাতঃ। অথবা একস্যামপ্সরসি প্রার্থিতং প্রার্থনা যয়োরিতি বিগ্রহঃ। স্ত্রিয়াং বহুষপ্সরসইতি বহুত্বাভিধানং প্রায়িকম্। কয়োশ্চিৎপ্রহর্ত্রো র্যোধয়োঃ অমর্ত্ত্যভাবেঽপি দেবত্বেঽপি বিবাদঃ কলহঃ আসীৎ। একামিষাভিলাষোহি মহদ্বৈরবীজমিতি ভাবঃ ॥ ৫৩ ॥

ব্যূহাবিতি। তৌ উভৌ ব্যূহৌ সেনাসঙ্ঘাতৌ। "ব্যূহস্তু বলবিন্যাস" ইত্যমরঃ। পশ্চাৎ পুরশ্চ যৌ মারুতৌ তয়োঃ পর্য্যায়বৃত্ত্যা ক্রমবৃত্ত্যা প্রবৃদ্ধৌ মহার্ণবোর্ম্মী ইব ইতরেতরস্মাদন্যোন্যস্মাৎ অব্যবস্থং ব্যবস্থা-রহিতং অনিয়তং জয়ং ভঙ্গং পরাজয়ং চাপতুঃ প্রাপ্তবন্তৌ ॥ ৫৪ ॥

পরেণেতি। বলে স্বসৈন্যে পরেণ পরবলেন ভগ্নেঽপি মহৌজাঃ মহাবলোঽজঃ অরিসৈন্যং প্রত্যেব যযৌ। তথাহি সমীরণেন বায়ুনা ধূমোনিবর্ত্ত্যেত

হইয়া দেবত্ব লাভ করিয়াও, এক অপ্সরা-লাভার্থী হইয়া বিবাদে প্রবৃত্ত হইল ॥ ৫৩ ॥

পশ্চাৎ ও সম্মুখবর্ত্তী বায়ু-বেগভরে বারিধিতরঙ্গ যেমন পর্য্যায়ক্রমে একবার এদিকে, আরবার তদ্বিপরীতদিকে উন্নত হয়, তেমন অজের ও সমবেত রাজগণের উভয় সেনাদলের পর্য্যায়ক্রমে জয় ও পরাজয় হইতে লাগিল ॥ ৫৪ ॥

মহাবল অজ, শত্রুসৈন্য কর্ত্তৃক স্বীয় সৈন্য পরাঙ্মুখীকৃত অবলোকন করিয়া, স্বয়ং শত্রুসেনার অভিমুখীন হইলেন। সমীরণ, ধূমকে অপসারিত করিতে

ধূমোনিবর্ত্ত্যেত সমীরণেন
যতস্তু কক্ষস্ততএব বহ্নিঃ॥ ৫৫॥
রথী নিষঙ্গী কবচী ধনুষ্মান্
দৃপ্তঃ স রাজন্যকমেকবীরঃ।
নিবারয়ামাস মহাবরাহঃ
কল্পক্ষয়োদ্বৃত্তমিবার্ণবাম্ভঃ॥ ৫৬॥
স দক্ষিণং তূণমুখেন বামং
ব্যাপারয়ন্ হস্তমলক্ষ্যতাজৌ।

কক্ষাদপসার্য্যেত। বর্ত্ততের্ণ্যন্তাৎ কর্ম্মণি সম্ভাবনায়াং লিঙ্। বহ্নিস্তু যতো যত্র কক্ষস্তৃণম্। "কক্ষৌ তু তৃণবীরুধা"বিত্যমরঃ। ততএব তত্রৈব প্রবর্ত্ততে ইতি শেষঃ। সার্ব্ববিভক্তিকস্তসি॥ ৫৫॥

রথীতি। রথী রথারূঢ়ঃ, নিষঙ্গী তূণীরবান্। "তূণোপাসঙ্গ-তূণীর-নিষঙ্গা-ইষুধির্দ্বয়ো"রিত্যমরঃ। কবচী বর্ম্মধরঃ, ধনুষ্মান্ ধনুর্দ্ধরঃ, দৃপ্তো রণদৃপ্তঃ, একবীরঃ অসহায়শূরঃ সোঽজঃ, রাজন্যকং রাজসমূহম্, গোত্রোক্ষেত্রেত্যাদিনা বুঞ্প্রত্যয়ঃ। মহাবরাহো বরাহাবতারো বিষ্ণুঃ, কল্পক্ষয়ে কল্পান্তকালে উদ্বৃত্তমুদ্বেলমর্ণবাম্ভ ইব নিবারয়ামাস॥ ৫৬॥

সইতি। সোঽজঃ আজৌ সংগ্রামে, দক্ষিণং হস্তং তূণমুখেন নিষঙ্গ-

সমর্থ হয়; কিন্তু অগ্নি তৃণরাশিতেই থাকিয়া যায়। অর্থাৎ অগ্নি তৃণরাশি মধ্যেই থাকে, ইহার তাৎপর্য্য এই,—বায়ু যেমন ধূমরাশিকে নানাদিক্কে চালিত করিতে সমর্থ হয়, অগ্নি যে স্থানে থাকিয়া তৃণাদি দগ্ধ করিতে থাকে, সেই স্থানে অবস্থান করিয়াই স্বকার্য্য সম্পাদন করিয়া থাকে; কিন্তু বায়ু অতি প্রবল হইয়াও সেই অগ্নিকে স্থানান্তরিত করিতে সমর্থ হয় না। সেইরূপ শত্রুসৈন্য, অজসৈন্যদিগকে পশ্চাৎ পদ করিয়াছিল বটে, কিন্তু সিংহবিক্রান্ত মহাবল অজকে এক পদও স্থানান্তরিত করিতে সমর্থ হইল না॥ ৫৫॥

প্রলয় কালে বিষ্ণু, বরাহ রূপ ধারণ করিয়া, যেরূপ উদ্বেল জলধির জল প্রশমিত করিয়াছিলেন, সেইরূপ মহাবল অজ একাকী রথী, নিষঙ্গী, কবচী ও ধনুর্দ্ধারী বিপক্ষ সৈন্যদিগের আক্রমণ নিবারণ করিলেন॥ ৫৬॥

তৎকালে অজ, এরূপ দ্রুতহস্তে শরক্ষেপণ করিতে লাগিলেন যে,

আকর্ণকৃষ্টা সকৃদস্য যোদ্ধু-
র্মৌর্ব্বীব বাণান্ সুষুবে রিপুঘ্নান্ ॥ ৫৭ ॥
" স রোষদষ্টাধিকলোহিতৌষ্ঠৈ-
র্ব্যক্তোর্দ্ধরেখা ভ্রুকুটীর্ব্বহদ্ভিঃ।
তস্তার গাং ভল্লনিকৃত্তকণ্ঠৈ-
র্হুঙ্কারগর্ভৈ র্দ্বিষতাং শিরোভিঃ ॥ ৫৮ ॥
সর্ব্বৈর্বলাঙ্গৈর্দ্বিরদপ্রধানৈঃ
সর্ব্বায়ুধৈঃ কঙ্কটভেদিভিশ্চ।

বিবরেণ, বামমতিসুন্দরম্। "বামং সব্যে প্রতীপে চ দ্রবিণে চাতিসুন্দরে" ইতি বিশ্বঃ। ব্যাপারয়ন্নলক্ষ্যত শরসন্ধানাদয়স্ত দুর্লক্ষ্যা ইত্যর্থঃ। সকৃদাকর্ণকৃষ্টা যোদ্ধুরস্যাজস্য মৌর্ব্বী জ্যা রিপূন্ হন্তীতি রিপুঘ্নাস্তান্। অমনুষ্যকর্তৃকে চেতি টক্‌প্রত্যয়ঃ। বাণান্ সুষুবে ইবেত্যুৎপ্রেক্ষা ॥ ৫৭ ॥

সইতি। সোঽজঃ রোষেণ দষ্টাঃ অতএব অধিকলোহিতাঃ ওষ্ঠাঃ যেষাং তানি তৈঃ ব্যক্তা ঊর্দ্ধা রেখা যাসাং তাঃ ভ্রুকুটীঃ ভ্রুভঙ্গান্ বহদ্ভিঃ ভল্লনিকৃত্তা বাণবিশেষচ্ছিন্নাঃ কণ্ঠা যেষাং তৈঃ হুঙ্কারগর্ভৈঃ হুঙ্কারৈর্হুঙ্কুর্ব্বদ্ভিরিত্যর্থঃ। দ্বিষতাং শিরোভিঃ গাং ভূমিং তস্তার ছাদয়ামাস ॥ ৫৮ ॥

তাহাতে তাঁহার দক্ষিণ হস্ত তূণীরমুখে, তাহার (তূণীরের) শোভা সম্পাদন করিয়া সংলগ্ন রহিয়াছে, ইহাই লক্ষিত হইল; তিনি যে কখন্ শরসন্ধান ও শরক্ষেপণ করেন, ইহা কাহারও নয়নপথে পতিত হইল না; সুতরাং সেই যুদ্ধকুশল অজের ধনুকের জ্যা (ছিলা) একবার মাত্র কর্ণ পর্য্যন্ত আকৃষ্ট হইয়া, যেন নিরন্তর শত্রুনাশক শরনিকর প্রসব করিতে লাগিল ॥ ৫৭ ॥

কুমার অজ, শত্রুগণের রোষভরে দষ্ট লোহিত ওষ্ঠপুট-সম্পন্ন ভ্রুভঙ্গী দ্বারা স্পষ্ট ঊর্দ্ধ-রেখা-বিশিষ্ট কুটিল ও হুঙ্কারযুক্ত মুণ্ডসকল ভল্লাস্ত্রে ছেদন করিয়া ভূপৃষ্ঠ সমাচ্ছন্ন করিলেন। অর্থাৎ শত্রুগণ, অজের অস্ত্রাঘাতে রোষপরতন্ত্র হইয়া, দন্ত দ্বারা অধরোষ্ঠ দংশন ও ভ্রুভঙ্গী পূর্ব্বক রোষকষায়িত লোচনে নিরীক্ষণ ও হুঙ্কার রবে সিংহনাদ করিতে লাগিল; রণপণ্ডিত কুমার অজ, তাহাদের তাদৃশ মুখভঙ্গী অসহমান হইয়া, ভল্লাত নামক অস্ত্রে তদবস্থাপন্ন মস্তক ছিন্ন করিয়া ভূতল পরিব্যাপ্ত করিলেন ॥ ৫৮ ॥

সর্ব্বপ্রযত্নেন চ ভূমিপালা-
স্তস্মিন্‌ প্রজহ্রুর্যুধি সর্ব্বএব ॥ ৫৯ ॥
সোঽস্ত্রব্রজৈশ্ছন্নরথঃ পরেষাং
ধ্বজাগ্রমাত্রেণ বভূব লক্ষ্যঃ ।
নীহারমগ্নোদিনপূর্ব্বভাগঃ
কিঞ্চিৎপ্রকাশেন বিবস্বতেব ॥ ৬০ ॥
প্রিয়ংবদাৎ প্রাপ্তমসৌ কুমারঃ
প্রাযুঙ্‌ক্ত রাজস্বধিরাজসূনুঃ ।

সর্ব্বৈরিতি। দ্বিরদপ্রধানৈর্গজমুখ্যৈঃ সর্ব্বৈর্ব্বলাঙ্গৈঃ সেনাঙ্গৈঃ। "হস্ত্যশ্ব-রথপাদাতং সেনাঙ্গং স্যাচ্চতুষ্টয়"মিত্যমরঃ। কঙ্কটভেদিভিঃ কবচভেদিভিঃ। "উরশ্ছদঃ কঙ্কটকোঽজগরঃ কবচোঽস্ত্রীয়া"মিত্যমরঃ। সর্ব্বায়ুধৈশ্চ। বাহুবল-মুক্ত্বা আন্তরমাহ সর্ব্বপ্রযত্নেন চ সর্ব্বে এব ভূমিপালাঃ যুধি তস্মিন্নজে প্রজহ্রুঃ তং প্রজহ্রুরিত্যর্থঃ। সর্ব্বত্র সর্ব্বকারকশক্তিসম্ভবাৎ কর্ম্মণোঽপ্যধিকরণবিব-ক্ষায়াং সপ্তমী। তদুক্তম্‌ "অনেকশক্তিযুক্তস্য বিশ্বস্যানেককর্ম্মণঃ। সর্ব্বদা সর্ব্বথাভাবাৎ ক্বচিৎ কিঞ্চিদ্বিবক্ষ্যত" ইতি ॥ ৫৯ ॥

সইতি। পরেষাং দ্বিষাম্‌ অস্ত্রব্রজৈশ্ছন্নরথঃ সোঽজঃ নীহারৈর্হিমৈর্ম্মগ্নো-দিনপূর্ব্বভাগঃ প্রাতঃকালঃ কিঞ্চিৎপ্রকাশেনেষল্লক্ষ্যেণ বিবস্বতেব ধ্বজাগ্র-মাত্রেণ লক্ষ্যো বভূব ধ্বজাগ্রাদন্যন্ন কিঞ্চিল্লক্ষ্যতে স্মেত্যর্থঃ ॥ ৬০ ॥

প্রিয়ংবদাদিতি। অধিরাজসূনুর্ম্মহারাজপুত্রঃ কুসুমাস্ত্রকান্তো মদনসুন্দরঃ

নরপতিগণ, সেই যুদ্ধে সমগ্র যত্নের সহিত অজের প্রতি গজপ্রধান চতুরঙ্গ বল ও বর্ম্মভেদক সর্ব্বপ্রকার অস্ত্র প্রয়োগ করিলেন। অর্থাৎ সমবেত রাজগণ স্বসৈন্যের ক্ষয়কারী অজের অমানুষিক ব্যাপার দর্শনে শঙ্কিত হইয়া সতর্কতার সহিত সমগ্র শক্তি প্রয়োগ করিলেন ॥ ৫৯ ॥

বিপক্ষগণের শরজালে তাঁহার রথ সমাচ্ছন্ন হইল, একমাত্র রথের ধ্বজা লক্ষিত হইতে লাগিল ; সুতরাং কুজ্‌ঝটিকাবৃত প্রাতঃকালের ন্যায় কুমার অজ পরিলক্ষিত হইতে লাগিলেন ॥ ৬০ ॥

অনন্তর কন্দর্পতুল্য শ্রীসম্পন্ন সতত জাগরূক অজ, গন্ধর্ব্বরাজ প্রিয়ংবদ

গান্ধর্ব্বমস্ত্রং কুসুমাস্ত্রকান্তঃ
প্রস্বাপনং স্বপ্ননিবৃত্তলৌল্যঃ ॥ ৬১ ॥
ততোধনুষ্কর্ষণমূঢ়হস্ত-
মেকাংসপর্য্যস্তশিরস্ত্রজালম্।
তস্থৌ ধ্বজস্তম্ভনিষণ্ণদেহং
নিদ্রাবিধেয়ং নরদেবসৈন্যম্ ॥ ৬২ ॥
ততঃ প্রিয়োপাত্তরসেঽধরোষ্ঠে
নিবেশ্য দধ্মৌ জলজং কুমারঃ।

স্বপ্ননিবৃত্তলৌল্যঃ স্বপ্নবিতৃষ্ণঃ জাগরূকইত্যর্থঃ অসৌ কুমারোঽজঃ প্রিয়ংবদাৎ পূর্ব্বোক্তাদ্গন্ধর্ব্বাৎ প্রাপ্তং গান্ধর্ব্বং গন্ধর্ব্বদেবতাকম্। সাস্য দেবতেত্যণ্। প্রস্বাপয়তীতি প্রস্বাপনং নিদ্রাজনকমস্ত্রং রাজসু প্রাযুঙ্ক্ত প্রযুক্তবান্॥ ৬১ ॥

ততইতি। ততোধনুঃকর্ষণে মূঢ়হস্তমব্যাপৃতহস্তম্ একস্মিন্নংসে পর্য্যস্তং স্রস্তং শিরস্ত্রাণাং শীর্ষণ্যানাং জালং সমূহো যস্য তৎ ধ্বজস্তম্ভেষু নিষণ্ণা অবষ্টব্ধা দেহাঃ যস্য তৎ নরদেবানাং রাজ্ঞাং সেনৈব সৈন্যম্। চাতুর্ব্বর্ণ্যাদিত্বাৎ-স্বার্থে য্যঞ্প্রত্যয়ঃ। নিদ্রাবিধেয়ং নিদ্রাপরতন্ত্রং তস্থৌ ॥ ৬২ ॥

ততইতি। ততঃ কুমারোঽজঃ প্রিয়য়া ইন্দুমত্যা উপাত্তরসে আস্বাদিত-মাধুর্য্যে অতিশ্লাঘ্যে ইতি ভাবঃ অধরোষ্ঠে জলজং শঙ্খং নিবেশ্য। "জলজং শঙ্খ-

---

হইতে প্রাপ্ত নিদ্রাজনক সেই গান্ধর্ব্বাস্ত্র প্রয়োগ করিলেন। অর্থাৎ প্রত্যুৎপন্ন-মতি অজ, সম্মোহন নামক গান্ধর্ব্বাস্ত্র প্রয়োগের উপযুক্ত সময় উপস্থিত দেখিয়া, সেই নিদ্রাকারক অস্ত্র, মন্ত্রপূত করিয়া বিপক্ষ রাজগণের প্রতি ক্ষেপণ করিলেন ॥ ৬১ ॥

ভূপালগণ, সেই অস্ত্র-প্রভাবে সসৈন্যে নিদ্রার শরণাগত হইলেন ; সুতরাং তাঁহাদের হস্ত ধনুক আকর্ষণে অসমর্থ হইল ; শিরস্ত্রাণ সকল স্কন্ধোপরি হেলিয়া পড়িল এবং দেহ ধ্বজস্তম্ভে নিষণ্ণ রহিল। অর্থাৎ অজের সম্মোহন অস্ত্র-প্রভাবে রাজগণ সসৈন্যে নিদ্রাভিভূত হইলেন ; সুতরাং তাঁহারা উন্মূলিত তরুর ন্যায় স্ব স্ব স্থানেই নিপতিত রহিলেন ॥ ৬২ ॥

অনন্তর রাজকুমার অজ, প্রিয়া চুম্বিত স্বীয় অধরোষ্ঠে শঙ্খ স্থাপন করিয়া

তেন স্বহস্তার্জ্জিতমেকবীরঃ
পিবন্ যশোমূর্ত্তমিবাবভাসে ॥ ৬৩ ॥
শঙ্খস্বনাভিজ্ঞতয়া নিবৃত্তা-
স্তং সন্নশত্রুং দদৃশুঃ স্বযোধাঃ।
নিমীলিতানামিব পঙ্কজানাং
মধ্যে স্ফুরন্তং প্রতিমাশশাঙ্কম্ ॥ ৬৪ ॥
সশোণিতৈস্তেন শিলীমুখাগ্রৈ-
র্নিক্ষেপিতাঃ কেতুষু পার্থিবানাম্।

পদ্ময়ো”রিতি বিশ্বঃ। দধ্মৌ মুখমারুতেন পূরয়ামাস তেনৌষ্ঠনিবিষ্টেন শঙ্খেন একবীরঃ সঃ স্বহস্তার্জ্জিতং মূর্ত্তং মূর্ত্তিমৎ যশঃ পিবন্নিবাবভাসে যশসঃ শুভ্রত্বাদিতি ভাবঃ॥ ৬৩॥

শঙ্খেতি। শঙ্খস্বনস্তাজশঙ্খধ্বনেরভিজ্ঞতয়া প্রত্যভিজ্ঞাতত্বান্নিবৃত্তাঃ প্রাক্ পলায্য সম্প্রতি প্রত্যাগতাঃ স্বযোধাঃ সন্নশত্রুং নিদ্রাণশত্রুং তম্ অজং নিমীলিতানাং মুকুলিতানাং পঙ্কজানাং মধ্যে স্ফুরন্তং প্রতিমা চাসৌ শশাঙ্কশ্চ তং প্রতিমাশশাঙ্কং প্রতিবিম্বচন্দ্রমিব দদৃশুঃ॥ ৬৪॥

সশোণিতৈরিতি। সংপ্রতি রাঘবেণ রঘুপুত্রেণ। পূর্ব্বং রঘুণেতি ভাবঃ। হে রাজানঃ! বো যুষ্মাকং যশোহৃতং জীবিতন্তু কৃপয়া ন হৃতং, ন ত্বশক্ত্যেতি

বাজাইলেন; তাহাতে বোধ হইল, যেন সেই অদ্বিতীয় বীরপুরুষ স্বহস্তার্জ্জিত মূর্ত্তিমান্ যশ পান করিতে লাগিলেন॥ ৬৩॥

তাঁহার সৈন্যগণ, শঙ্খধ্বনি শ্রুত হইয়া, তাঁহারই শঙ্খ নিনাদিত হইতেছে নিশ্চয় করিয়া, রণস্থলে আগমন পূর্ব্বক দেখিল, কুমার অজ, নিদ্রাভিভূত শত্রুগণ মধ্যে, মুকুলিত কমলরাজির মধ্যে প্রতিবিম্বিত শশধরের ন্যায় বিরাজ করিতেছেন। অর্থাৎ কুমার অজের রণবিমুখ সৈন্যগণ, বিজয়সূচক শঙ্খধ্বনি শ্রবণে, স্বীয় প্রভুর শঙ্খ ধ্বনিত হইতেছে মনে করিয়া, দ্রুতপদে তথায় যাইয়া দেখিল, যুদ্ধক্ষেত্রে শায়িত মৃতপ্রায় শত্রুগণের মধ্যে একমাত্র মহারাজ অজই বিজয়মদে মত্ত হইয়া শঙ্খধ্বনি করিতেছেন॥ ৬৪॥

পরে তিনি শোণিত লিপ্ত শরাগ্র দ্বারা নরপালগণের ধ্বজাতে এই বর্ণী-

যশোহৃতং সংপ্রতি রাঘবেণ
ন জীবিতং বঃ কৃপয়েতি বর্ণাঃ ॥ ৬৫ ॥
স চাপকোটীনিহিতৈকবাহুঃ
শিরস্ত্রনিষ্কর্ষণভিন্নমৌলিঃ।
ললাটবদ্ধশ্রমবারিবিন্দু-
র্ভীতাং প্রিয়ামেত্য বচোবভাষে ॥ ৬৬ ॥
ইতঃ পরানর্ভকহার্য্যশস্ত্রান্
বৈদর্ভি পশ্যানুমতা ময়াসি।

ভাবঃ ; ইত্যেবংরূপা বর্ণাঃ এতদর্থপ্রতিপাদকং বাক্যমিত্যর্থঃ সশোণিতৈঃ শোণিতদিগ্ধৈঃ শিলীমুখাগ্রৈঃ বাণাগ্রৈঃ সাধনৈঃ তেনাজেন প্রযোজককর্ত্রা পার্থিবানাং রাজ্ঞাং কেতুষু ধ্বজস্তম্ভেষু নিক্ষেপিতাঃ প্রযোজ্যৈরস্ত্রৈর্নিবেশিতাঃ লেখিতা ইত্যর্থঃ। ক্ষিপ্রতের্ণ্যন্তাৎ কর্ম্মণি ক্তঃ ॥ ৬৫ ॥

স ইতি। চাপকোট্যাং নিহিতএকবাহুর্যেন সঃ শিরস্ত্রস্য নিষ্কর্ষণেনাপনয়নেন ভিন্নমৌলিঃ শ্লথকেশবন্ধঃ। "চূড়া কিরীটং কেশাশ্চ সংযতা মৌলয়স্ত্রয়" ইত্যমরঃ। ললাটে বদ্ধাঃ শ্রমবারিবিন্দবো যস্য সঃ সোঽজঃ ভীতাং প্রিয়ামিন্দুমতীম্ এত্যাসাদ্য বচো বভাষে ॥ ৬৬ ॥

কিমিত্যাহ ;—ইতইতি। হে বৈদর্ভি! ইন্দুমতি! ইত ইদানীম্ অর্ভক-

বলী সন্নিবেশিত করিলেন ;—হে রাজগণ! 'সম্প্রতি রঘুনন্দন অজ, তোমাদের যশ হরণ করিলেন ; কিন্তু দয়াপরবশ হইয়া জীবন হরণ করিলেন না' ॥ ৬৫ ॥

অনন্তর অজ শিরস্ত্রাণ অপনয়ন বশতঃ শিথিল কেশবন্ধন হইয়া, ধনুকের একপ্রান্তে বাহুস্থাপন পূর্ব্বক যুদ্ধজনিত ঘর্ম্মাক্ত ললাটে, শত্রুভয়ে ভীতা প্রিয়তমা ইন্দুমতীর নিকটে যাইয়া বলিলেন। অর্থাৎ যুদ্ধশ্রমে তাঁহার প্রশস্ত ললাটদেশ হইতে ঘর্ম্ম বিন্দু নির্গত হইতে লাগিল, শিরস্ত্রাণ (মুকুট) অপনীত করাতে কেশবন্ধন শিথিল হইয়া গেল ; সুতরাং সংগ্রাম-বিজয়ী অজ, যুদ্ধবেশেই ভীতা মলিনা ইন্দুমতীর নিকটে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন ॥ ৬৬ ॥

বিদর্ভরাজপুত্রি! আমি অনুমতি করিতেছি ;—তুমি শত্রুদিগের প্রতি

এবংবিধেনাহবচেষ্টিতেন
ত্বং প্রার্থ্যসে হস্তগতা মমৈভিঃ ॥ ৬৭ ॥
তস্যাঃ প্রতিদ্বন্দ্বিভবাদ্বিষাদাৎ
সদ্যোবিমুক্তং মুখমাবভাসে।
নিশ্বাসবাষ্পাপগমাৎ প্রপন্নঃ
প্রসাদমাত্মীয়মিবাত্মদর্শঃ ॥ ৬৮ ॥
হৃষ্টাপি সা হ্রীবিজিতা ন সাক্ষাৎ
বাগ্‌ভিঃ সখীনাং প্রিয়মভ্যনন্দৎ।

হার্য্যশস্ত্রান্ বালকাপহার্য্যায়ুধান্ পরান্ শত্রূন্ পশ্য ময়ানুমতাসি দ্রষ্টুমিতি শেষঃ। এভির্নৃপৈঃ এবংবিধেন নিদ্রারূপেণাহবচেষ্টিতেন রণকর্ম্মণা মম হস্তগতা হস্তগতবৎ দুর্গ্রহেত্যর্থঃ ত্বং প্রার্থ্যসে অপজিহীর্ষ্যসে ইত্যর্থঃ। এবংবিধেনেত্যত্র স্বহস্তনির্দ্দেশেন সোপহাসমুবাচেতি দ্রষ্টব্যম্ ॥ ৬৭ ॥

তস্যাইতি। প্রতিদ্বন্দ্বিভবাৎ রিপূত্থাৎ বিষাদাৎ দৈন্যাৎ সদ্যো বিমুক্তং তস্যা মুখং নিশ্বাসস্য যো বাষ্পঃ উষ্মা। "বাষ্পোনেত্রজলোষ্মণো"রিতি বিশ্বঃ। তস্যাপগমাদ্ধেতোরাত্মীয়ং প্রসাদং নৈর্ম্মল্যং প্রপন্নঃ প্রাপ্তঃ আত্মা স্বরূপং দৃশ্যতেঽনেনেত্যাত্মদর্শো দর্পণ ইবাবভাসে ॥ ৬৮ ॥

হৃষ্টেতি। সা ইন্দুমতী হৃষ্টাপি পত্যুঃ পৌরুষেণ প্রমুদিতাপি হ্রিয়া

দৃষ্টিপাত কর; এক্ষণে একটি বালকেও ইহাদের অস্ত্র শস্ত্র অপহরণ করিতে পারে; ইহারা এইরূপ রণ-নিপুণতা দ্বারাই আমার হস্ত হইতে তোমাকে লাভ করিতে ইচ্ছা করিয়াছিল ॥ ৬৭ ॥

নিশ্বাস বায়ুর অপগমে দর্পণ যেরূপ স্বীয় নির্ম্মলতা লাভ করে, তদ্রূপ ইন্দুমতীর বদনমণ্ডল শত্রুভয়-জনিত বিষাদ মুক্ত হইয়া প্রসন্নভাব ধারণ করিল। অর্থাৎ মলিনবদনা ইন্দুমতী, প্রিয়তম অজের মুখে বিজয় বার্ত্তা কর্ণ-গোচর করিয়া, আহ্লাদ সাগরে নিমগ্ন হইলেন; সুতরাং তাঁহার মুখকমল বিষাদ হইতে প্রতিমুক্ত হইয়া প্রফুল্লভাব ধারণ করিল ॥ ৬৮ ॥

তৎকালে তিনি হর্ষে পুলকিত হইলেও লজ্জাপরবশ হইয়া, স্বয়ং প্রিয়-তমকে অভিনন্দন করিতে পারিলেন না; বনস্থলী যেমন নববারি-

স্থলী নবাম্ভঃপৃষতাভিবৃষ্টা
ময়ূরকেকাভিরিবাভ্রবৃন্দম্ ॥ ৬৯ ॥
ইতি শিরসি স বামং পাদমাধায় রাজ্ঞা-
মুদবহদনবদ্যাং তামবদ্যাদপেতঃ।
রথতুরগরজোভিস্তস্য রূক্ষালকাগ্রা
সমরবিজয়লক্ষ্মীঃ সৈব মূর্ত্তা বভূব ॥ ৭০ ॥

বিজিতা যতোঽতঃ প্রিয়মজং সাক্ষাৎ স্বয়ং নাভ্যনন্দৎ ন প্রশশংস কিন্তু নবৈরম্ভঃপৃষতৈঃ পয়োবিন্দুভিঃ অভিবৃষ্টাভিষিক্তা স্থলী অকৃত্রিমা ভূমিঃ। জানপদকুণ্ডগোণস্থলেত্যাদিনা অকৃত্রিমার্থে ঙীষ্। অভ্রবৃন্দং মেঘসঙ্ঘং ময়ূরকেকাভিরিব সখীনাং বাগ্‌ভিরভ্যনন্দৎ ॥ ৬৯ ॥

ইতীতি। নোদ্যতে নোচ্যতে ইত্যবদ্যং গর্হ্যম্। অবদ্যপণ্যেত্যাদিনা নিপাতঃ। "কুপূয়কুৎসিতাবদ্যখেটগর্হ্যাণকাঃ সমা" ইত্যমরঃ। তস্মাদপেতো নির্দ্দোষইত্যর্থঃ সোঽজঃ ইতি রাজ্ঞাং শিরসি বামং পাদম্ আধায় অনবদ্যা-মদোষাং তামিন্দুমতীমুদবহৎ উপানয়ৎ আত্মসাচ্চকারেত্যর্থঃ। অয়মর্থ-স্তমুদ্বহন্তং পথি ভোজকন্যামিত্যত্র ন শ্লিষ্টঃ। তস্যাজস্য রথতুরগাণাং রজোভিঃ রূক্ষাণি পরুষাণি অলকাগ্রাণি যস্যাঃ সা, সা ইন্দুমত্যেব মূর্ত্তা মূর্ত্তিমতী সমরবিজয়লক্ষ্মীর্ব্বভূব। এতল্লাভাদন্যঃ কোবিজয়লক্ষ্মীলাভ ইত্যর্থঃ ॥ ৭০ ॥

বিন্দুতে সিক্ত হইয়া, ময়ূরগণের কেকারবে জলধরকে অভিনন্দন করিয়া থাকে, তদ্রূপ সখীগণের মুখ দ্বারা তাঁহার অভিনন্দন করিতে লাগিলেন। অর্থাৎ লজ্জাশীলা ইন্দুমতী, প্রিয়তম স্বামীর মুখে বিজয়-বার্ত্তা শ্রবণ করিয়া, লজ্জাবশতঃ নিজ ভর্ত্তার প্রশংসা করিতে না পারিয়া, সখীগণ দ্বারা তাঁহার প্রশংসা করিয়াছিলেন ॥ ৬৯ ॥

এইরূপে অনিন্দনীয় অজ, রাজগণের মস্তকে বামপদ অর্পণ করিয়া, অনিন্দনীয়া ইন্দুমতীকে সঙ্গে লইয়া, স্বভবনাভিমুখে গমন করিতে লাগিলেন; রথাশ্বের খুরোৎক্ষিপ্ত ধূলি দ্বারা ইন্দুমতীর অলকাগ্রভাগ রূক্ষ হইয়া গেল; সুতরাং সেই সময়ে ইন্দুমতী যুবরাজের মূর্ত্তিমতী বিজয়লক্ষ্মী হইলেন। অর্থাৎ বীরেন্দ্র অজ, এইরূপে গান্ধর্ব্বাস্ত্র দ্বারা সমবেত রাজগণকে বিজয় করিয়া, রথে আরোহণপূর্ব্বক ইন্দুমতীকে লইয়া সসৈন্যে অযোধ্যাভিমুখে প্রস্থান করিলেন ॥ ৭০ ॥

প্রথমপরিগতার্থস্তং রঘুঃ সন্নিবৃত্তং
বিজয়িনমভিনন্দ্য শ্লাঘ্যজায়াসমেতম্‌।
তদুপহিতকুটুম্বঃ শান্তিমার্গোৎসুকোঽভূৎ
নহি সতি কুলধুর্য্যে সূর্য্যবংশ্যা গৃহায় ॥ ৭১ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
অজপাণিগ্রহণো নাম সপ্তমঃ সর্গঃ।

প্রথমেতি। প্রথমমজাগমনাৎ প্রাগেব পরিগতোজ্ঞাতোঽর্থোবিবাহ-বিজয়রূপো যেন সঃ প্রথমপরিগতার্থঃ রঘুঃ বিজয়িনং বিজয়যুক্তং শ্লাঘ্যজায়া-সমেতং সন্নিবৃত্তং প্রত্যাগতং তমজমভিনন্দ্য তস্মিন্নজে উপহিতকুটুম্বঃ সন্‌ সুতবিন্যস্তপত্নীকইতি যাজ্ঞবল্ক্যস্মরণাদিতি ভাবঃ। শান্তি মার্গে মোক্ষমার্গে উৎ-সুকোঽভূৎ। তথাহি কুলধুর্য্যে কুলধুরন্ধরে সতি সূর্য্যবংশ্যাঃ গৃহায় গৃহস্থা-শ্রমায় ন ভবন্তি॥ ৭১ ॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং
রঘুবংশটীকায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং সপ্তমঃ সর্গঃ।

এদিকে রঘু পূর্ব্বেই পুত্রের বিবাহ ও বিজয়লাভ সংবাদ অবগত হইয়া-ছিলেন, এইক্ষণে তাঁহাকে বিজয়ী ও শ্লাঘনীয় পত্নীর সহিত সমাগত দেখিয়া অভিনন্দন করিলেন। পরে পুত্রের প্রতি স্বকীয় পত্নীর রক্ষণাবেক্ষণের ভার সমর্পণ করিয়া, মুক্তিলাভে একান্ত সমুৎসুক হইলেন। পুত্র কুলভার বহনে সমর্থ হইলে সূর্য্যবংশীয়গণ, আর গৃহস্থাশ্রমে থাকেন না। অর্থাৎ অজ, যে ইন্দুমতীকে প্রণয়িনী ও সমবেত রাজগণকে পরাভূত করিয়াছেন, এ সংবাদ মহারাজ রঘু পূর্ব্বেই অবগত হইয়াছিলেন। এক্ষণে সেই বিজয়ী পুত্রকে স্পৃহণীয় জায়ার সহিত সমাগত দেখিয়া ভূয়সী প্রশংসা করিলেন এবং আচার-ক্রিয়াদি সম্পাদন করিলেন। কিছুদিন পরে উপযুক্ত পুত্রহস্তে নিজপত্নীর ও রাজ্যভার সমর্পণ পূর্ব্বক মুক্তিলাভাকাঙ্ক্ষী হইয়া বানপ্রস্থাশ্রমে গমনে অভি-লাষী হইলেন ॥ ৭১ ॥

সপ্তম সর্গ সমাপ্ত।

অষ্টমঃ সর্গঃ।

অথ তস্য বিবাহকৌতুকং
ললিতং বিভ্রতএব পার্থিবঃ।
বসুধামপি হস্তগামিনী-
মকরোদিন্দুমতীমিবাপরাম্ ॥ ১ ॥
দুরিতৈরপি কর্ত্তুমাত্মসাৎ
প্রযতন্তে নৃপসূনবো হি যৎ।

হেরম্বমবলম্বেঽহং যস্মিন্ পাতালকেলিষু।
দন্তেনোদস্যতি ক্ষৌণীং বিশ্রাম্যন্তি ফণীশ্বরাঃ ॥

অথেতি। অথ পার্থিবো রঘুর্ললিতং সুভগং বিবাহকৌতুকং বিবাহমঙ্গলং বিবাহহস্তসূত্রং বা বিভ্রতএব। "কৌতুকং মঙ্গলে হর্ষে হস্ত-সূত্রে কুতূহলে" ইতি শাশ্বতঃ। তস্যাজস্য অপরামিন্দুমতীমিব বসুধামপি হস্তগামিনীমকরোৎ। অস্মিন্ সর্গে বৈতালীয়ং ছন্দঃ ॥ ১ ॥

দুরিতৈরিতি। নৃপসূনবো রাজপুত্রাঃ যদ্রাজ্যং দুরিতৈরপি বিষপ্রয়োগাদিনিষিদ্ধোপায়ৈরপি আত্মসাৎ স্বাধীনম্। তদধীনবচন ইতি সাতিপ্রত্যয়ঃ।

অনন্তর মহারাজ রঘু, মনোজ্ঞ বিবাহ-সূত্রধারী অজের হস্তে দ্বিতীয় ইন্দুমতীর ন্যায় পৃথিবীকেও প্রদান করিলেন। অর্থাৎ সূর্য্যবংশীয় নৃপতিগণ, বৃদ্ধবয়সে উপযুক্ত পুত্র হস্তে রাজ্যশাসন ভার অর্পণ করিয়া ঋষিবৃত্তি অবলম্বন পূর্ব্বক বনবাস আশ্রয় করেন এবং ফল মূলাহারী হইয়া, অভীষ্ট দেবতায় মনোনিবেশ পূর্ব্বক দেহ-পাত করিয়া থাকেন। সুতরাং বৃদ্ধ মহারাজ রঘুও বনগমন উদ্দেশে অজের হস্তে রাজ্যভার অর্পণ করিলেন ॥ ১ ॥

অপরাপর রাজকুমারগণ, দুষ্কার্য্য দ্বারাও যে রাজ্য আত্মসাৎ করিতে যত্নবান্ হয়েন, অজ, ভোগতৃষ্ণার বশবর্ত্তী না হইয়া, পিতার অনুমতিতেই সেই

তদুপস্থিতমগ্রহীদজঃ
পিতুরাজ্ঞেতি ন ভোগতৃষ্ণয়া ॥ ২ ॥
অনুভূয় বশিষ্ঠসম্ভৃতৈঃ
সলিলৈস্তেন সহাভিষেচনম্।
বিশদোচ্ছ্বসিতেন মেদিনী
কথয়ামাস কৃতার্থতামিব ॥ ৩ ॥
স বভূব দুরাসদঃ পরৈ-
র্গুরুণাথর্ব্ববিদা কৃতক্রিয়ঃ।

কর্ত্তুং প্রযতন্তে হি প্রবর্ত্তন্তএবেত্যর্থঃ। হি শব্দোঽবধারণে। "হি হেতাববধারণে" ইত্যমরঃ। উপস্থিতং স্বতঃ প্রাপ্তং তদ্রাজ্যম্ অজঃ পিতুরাজ্ঞেতি হেতোরগ্রহীৎ স্বীচকার ভোগতৃষ্ণয়া তু নাগ্রহীৎ ॥ ২ ॥

অনুভূয়েতি। মেদিনী ভূমিঃ মহিষী চ ধ্বন্যতে বশিষ্ঠেন সম্ভৃতৈঃ সলিলৈঃ তেনাজেন সহাভিষেচনম্ অনুভূয় বিশদোচ্ছ্বসিতেন স্ফুটমুদ্বৃংহণেন আনন্দনির্ম্মলোচ্ছ্বসিতেন চেতি ধ্বন্যতে কৃতার্থতাং গুণবদ্ভর্ত্তৃলাভকৃতং সাফল্যং কথয়ামাসেব। ন চৈতাবতা পূর্ব্বেষামপকর্ষঃ প্রশংসাপরত্বাৎ সর্ব্বত্র জয়মন্বিচ্ছেৎ পুত্রাদিচ্ছেৎপরাজয়মিত্যঙ্গীকৃতত্বাচ্চ ॥ ৩ ॥

রাজ্যভার গ্রহণ করিলেন। অর্থাৎ পিতা বর্ত্তমানে রাজ্যভোগের নিমিত্ত অনেকেই অসদুপায় (বিষপ্রয়োগ, গুপ্তহত্যাদি) অবলম্বন পূর্ব্বক তাহা আত্মসাৎ করিতে সচেষ্ট হইয়া থাকে; কিন্তু বিনীত কুমার অজ, পিতৃবাক্য পালন উদ্দেশেই রাজ্যভার গ্রহণ করিয়াছিলেন; সুতরাং ভোগাভিলাষ তাঁহার মনে ক্ষণকালের জন্যও স্থান প্রাপ্ত হয় নাই ॥ ২ ॥

বসুন্ধরা, অজের সহিত বশিষ্ঠ প্রদত্ত অভিষেক সলিলে অভিষিক্ত হইয়া, উচ্ছ্বাস দ্বারা যেন স্বীয় কৃতার্থতা স্পষ্টরূপে ব্যক্ত করিলেন। অর্থাৎ কুমার অজ, রাজপদে প্রতিষ্ঠিত হইবার সময়ে, পবিত্র তীর্থ জলধারা, যখন তাঁহার মস্তকোপরি পতিত হইতে লাগিল, তখন সেই জলে ভূমি সিক্ত হওয়াতে, তাহা হইতে বাষ্পোষ্মা উত্থিত হইতে লাগিল; সুতরাং মেদিনী রাজগুণে ভূষিত অজের সহিত অভিষিক্ত হইয়া সুখী হইলেন, তাহাই যেন উচ্ছ্বাস দ্বারা তিনি ব্যক্ত করিলেন ॥ ৩ ॥

পবনাগ্নিসমাগমোহ্যয়ং
সহিতং ব্রহ্ম যদস্ত্রতেজসা ॥ ৪ ॥
রঘুমেব নিবৃত্তযৌবনং
তমমন্যন্ত নবেশ্বরং প্রজাঃ।
স হি তস্য ন কেবলাং শ্রিয়ং
প্রতিপেদে সকলান্ গুণানপি ॥ ৫ ॥

সইতি। অথর্ব্ববিদা অথর্ব্ববেদাভিজ্ঞেন গুরুণা বশিষ্ঠেন কৃতক্রিয়ঃ অথর্ব্বোক্তবিধিনা কৃতাভিষেকসংস্কারইত্যর্থঃ সোঽজঃ পরৈঃ শত্রুভিঃ দুরাসদোদুর্দ্ধর্ষোবভূবণ তথাহি অস্ত্রতেজসা ক্ষত্রতেজসা সহিতং যুক্তং যৎ ব্রহ্ম ব্রহ্মতেজঃ অয়ং পবনাগ্নিসমাগমোহি তৎকল্পইত্যর্থঃ। পবনাগ্নীত্যত্র পূর্ব্বনিপাতশাস্ত্রস্যানিত্যত্বাৎ দ্বন্দ্বেধীতি নাগ্নিশব্দস্য পূর্ব্বনিপাতঃ। তথাচ কাশিকায়াম্ অয়মেকস্ত লক্ষণহেত্বোরিতি নির্দ্দেশঃ পূর্ব্বনিপাতব্যভিচারচিহ্নমিতি। ক্ষাত্রেণৈবায়ং দুর্দ্ধর্ষঃ কিময়ং পুনর্ব্বশিষ্ঠমন্ত্রপ্রভাবে সতীত্যর্থঃ। অত্র মনুঃ "নাক্ষত্রং ব্রহ্ম ভবতি ক্ষত্রং নাব্রহ্ম বর্দ্ধতে। ব্রহ্মক্ষত্রে তু সংযুক্তে ইহামুত্র চ বর্দ্ধতে" ইতি ॥ ৪ ॥

রঘুমিতি। প্রজাঃ নবেশ্বরং তম্ অজং নিবৃত্তযৌবনং প্রত্যাবৃত্ত-যৌবনং রঘুমেবামন্যন্ত ন কিঞ্চিদ্ভেদকমস্তীত্যর্থঃ। কুতঃ হি যস্মাৎ সোঽজঃ তস্য রঘোঃ কেবলামেকাং শ্রিয়ং ন প্রতিপেদে কিন্তু সকলান্ গুণান্ শৌর্য্যদাক্ষিণ্যাদীনপি প্রতিপেদে অতস্তদ্গুণযোগাত্তদ্বুদ্ধিযুক্তেত্যর্থঃ ॥ ৫ ॥

অথর্ব্ববেদবিদ্ গুরু কর্ত্তৃক বিধি অনুসারে মন্ত্র প্রয়োগে অভিষিক্ত হইয়া, অজ শত্রুগণের দুর্দ্ধর্ষ হইয়া উঠিলেন; কারণ ব্রহ্মতেজের সহিত ক্ষত্রিয় তেজের মিশ্রণে পবনাগ্নি সংযোগের ন্যায় হইয়া উঠে ॥ ৪ ॥

সেই নূতন রাজার শাসন গুণে প্রজাগণ মনে করিতে লাগিল, রঘুই যেন পুনঃ যৌবনাবস্থা প্রাপ্ত হইয়া, রাজকার্য্য পর্য্যালোচনা করিতেছেন; সুতরাং অজ যে কেবল পিতার রাজ্যলক্ষ্মীই প্রাপ্ত হইয়াছিলেন, এরূপ নহে, গুণগুলিও অধিকার করিয়াছিলেন ॥ ৫ ॥

অধিকং শুশুভে শুভংযুনা
দ্বিতয়েন দ্বয়মেব সঙ্গতম্।
পদমৃদ্ধমজেন পৈতৃকং
বিনয়েনাস্য নবঞ্চ যৌবনম্ ॥ ৬ ॥
সদয়ং বুভুজে মহাভুজঃ
সহসোদ্বেগমিয়ং ব্রজেদিতি।
অচিরোপনতাং স মেদিনীং
নবপাণিগ্রহণাং বধূমিব ॥ ৭ ॥

অধিকমিতি। দ্বয়মেব শুভংযুনা শুভবতা। "শুভংযুস্তু শুভান্বিত"ইত্যমরঃ। অহংশুভয়োর্যুস্ ইতি যুস্‌প্রত্যয়ঃ। দ্বিতয়েন সঙ্গতং যুতং সৎ অধিকং শুশুভে। কিং কেনেত্যাহ পদমিতি পৈতৃকং পিতুরাগতম্। ঋতষ্ঠঞ্ ইতি ঠঞ্‌প্রত্যয়ঃ। ঋদ্ধং সমৃদ্ধং পদং রাজ্যমজেন। অস্যাজস্য নবং যৌবনং বিনয়েন চ (ইন্দ্রিয়-জয়েন চ) ॥ ৬ ॥

সদয়মিতি। মহাভুজঃ সোহজঃ অচিরোপনতাং নবোপগতাং মেদিনীং ভুবং নবং পাণিগ্রহণং বিবাহোযস্যাস্তাং নবোঢ়াং বধূমিব, সহসা বলাৎ-কারেণ চেৎ। "সহোবলং সহামার্গ" ইত্যমরঃ। ইয়ং মেদিনী বধূর্ব্বা উদ্বেগং ভয়ং ব্রজেদিতি হেতোঃ সদয়ং সকৃপং বুভুজে ভুক্তবান্। ভুজোহনবন ইত্যা-ত্মনেপদম্ ॥ ৭ ॥

তখন সমৃদ্ধিসম্পন্ন পৈত্রিক পদ, কল্যাণভাজন অজের সহিত এবং তাঁহার নব-যৌবন বিনয়ের সহিত সমাগত হইয়া, সমধিক সুশোভিত হইল ॥ ৬ ॥

মহাবাহু অজ, অচিরপ্রাপ্ত মেদিনীকে নবোঢ়া বধূর ন্যায় সদয়ভাবে ভোগ করিতে লাগিলেন। কারণ সহসা বল প্রকাশে উহারা উদ্বেজিত (ভীত) হইয়া থাকে। অর্থাৎ অজ, রাজপদে প্রতিষ্ঠিত হইয়া অবহিত-চিত্তে রাজ্য-শাসন এবং অপত্য-নির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন। ফলতঃ শাসন-গুণে বসুন্ধরা সেই নূতন রাজার একান্ত অনুরক্তা হইয়া উঠিলেন ॥ ৭ ॥

অহমেব মতোমহীপতে-
রিতি সর্ব্বঃ প্রকৃতিষ্বচিন্তয়ৎ।
উদধেরিব নিম্নগাশতে-
ষ্বভবন্নাস্য বিমাননা ক্বচিৎ॥ ৮॥
ন খরো ন চ ভূয়সা মৃদুঃ
পবমানঃ পৃথিবীরুহানিব।

অহমিতি। প্রকৃতিষু প্রজাসু মধ্যে সর্ব্বোজনঃ অথবা প্রকৃতিষ্বহমিত্যনেনান্বয়ঃ ব্যবধানন্তু সহ্যম্। সর্ব্বোজনঃ প্রকৃতিষ্বহমেব মহীপতেঃ মতঃ মহীপতিনা মন্যমানঃ। মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চেতি বর্ত্তমানে ক্তঃ ক্তস্য চ বর্ত্তমানে ইতি ষষ্ঠী। ইত্যচিন্তয়ৎ অমন্যত। উদধের্নিম্নগাশতেষ্বিবাস্য নৃপস্য কর্ত্তুঃ। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতীতি কর্ত্তরি ষষ্ঠী। ক্বচিদপি জনে বিষয়ে বিমাননা অবগণনা তিরস্কারো নাভবৎ যতো ন কশ্চিদবমন্যতেঽতঃ সর্ব্বোঽহমেবাস্য মত ইত্যমন্যতেত্যর্থঃ॥ ৮॥

ন খরইতি। স নৃপোভূয়সা বাহুল্যেন খরস্তীক্ষ্ণো ন, ভূয়সা মৃদুরতিমৃদুরপি ন, কিন্তু পুরস্কৃতমধ্যমক্রমঃ সন্ মধ্যমপরিপাটী মবলম্ব্যেত্যর্থঃ পবমানোবায়ুঃ পৃথিবীরুহান্ তরূনিব নৃপাননুদ্ধরন্ অনুৎপাটয়ন্নেব নময়ামাস। অত্র

যেমন মহাসাগর শত শত নদীকে অনাদর করে না, তদ্রূপ তিনি কাহারও প্রতি অনাদর প্রকাশ করিতেন না। সুতরাং প্রকৃতিপুঞ্জের মধ্যে "আমিই মহারাজের প্রিয়" এইরূপ সকলেই মনে করিতে লাগিল। অর্থাৎ সাগর গর্ভে শত শত নদী প্রবেশ করাতেও যেমন সমুদ্র তাঁহাদিগকে সাদরে গ্রহণ করিয়া থাকে, তদ্রূপ অজ কোনও প্রজার প্রতি অসন্তোষ প্রকাশ না করিয়া সকলকেই স্নেহের নেত্রে দেখিতেন। এ নিমিত্ত সকলেই তাঁহার প্রতি অনুরক্ত ছিল॥ ৮॥

অজ, অতিশয় উগ্রস্বভাব বা নিতান্ত নম্র ছিলেন না; সুতরাং নাতি প্রবল, নাতি মৃদু বায়ু যেমন বৃক্ষ সকল আনমিত করে, তিনি এই উভয়বিধ গুণের মধ্যবিধভাব অবলম্বন পূর্ব্বক মহীপালদিগকে উন্মূলিত না করিয়া বশ্যতা স্বীকার করাইতে লাগিলেন। অর্থাৎ মহারাজ অজ, অধীনস্থ

স পুরস্কৃতমধ্যমক্রমো
নময়ামাস নৃপাননুদ্ধরন্ ॥ ৯ ॥
অথ বীক্ষ্য রঘুঃ প্রতিষ্ঠিতং
প্রকৃতিষ্বাত্মজমাত্মবত্তয়া।
বিষয়েষু বিনাশধর্ম্মসু
ত্রিদিবস্থেষ্বপি নিঃস্পৃহোঽভবৎ ॥ ১০ ॥
গুণবৎসুতরোপিতশ্রিয়ঃ
পরিণামে হি দিলীপবংশজাঃ।

কামন্দকঃ "মৃদুশ্চেদবমন্যেত তীক্ষ্ণাদুদ্বিজতে জনঃ। তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চৈব প্রজানাং সচ সম্মত" ইতি ॥ ৯ ॥

অথেতি। অথ রঘুঃ আত্মজং পুত্রম্ আত্মবত্তয়া নির্ব্বিকারমনস্কতয়েত্যর্থঃ। উদয়াদিষ্ববিকৃতির্ম্মনসঃ সত্ত্বমুচ্যতে। "আত্মবান্ সত্ত্ববানুক্তঃ" ইত্যুৎপলমালায়াম্। প্রকৃতিষু অমাত্যাদিষু প্রতিষ্ঠিতং রূঢ়মূলং বীক্ষ্য জ্ঞাত্বা বিনাশোধর্ম্মোযেষাং তেষু বিনাশধর্ম্মসু অনিত্যেষ্বিত্যর্থঃ। ধর্ম্মাদনিচ্ কেবলাদিত্যনিচ্প্রত্যয়ঃ সমাসান্তঃ। ত্রিদিবস্থেষু স্বর্গস্থেষ্বপি বিষয়েষু শব্দাদিষু নিঃস্পৃহোনির্গতেচ্ছোঽভবৎ ॥ ১০ ॥

কুলধর্ম্মশ্চায়মেবেত্যাহ;—গুণবদিতি। দিলীপবংশজাঃ পরিণামে

রাজগণকে পদচ্যুত না করিয়া শাসন-ভার তাঁহাদের হস্তেই রাখিলেন। সুতরাং কেহ করদরাজ কেহ বা মিত্ররাজের মধ্যে পরিগণিত হইলেন ॥ ৯ ॥

রাজা রঘু, স্বকীয় পুত্রকে নির্ব্বিকার চিত্তে অমাত্যাদি প্রকৃতিপুঞ্জে প্রতিষ্ঠিত দেখিয়া, অনিত্য (ধ্বংসশীল) স্বর্গীয় বিষয়েও নিস্পৃহ হইলেন। অর্থাৎ রঘু, কুমার অজকে রাজ্যে সুপ্রতিষ্ঠিত দেখিয়া, স্বর্গীয় পঞ্চ মহাভূতের গুণস্বরূপ রূপ ও রসাদিবিষয়ে স্পৃহা শূন্য হইলেন। কারণ, এক্ষণে অজ একাকীই সুশৃঙ্খল রূপে রাজ্যশাসন করিতে পারিবেন, শত্রুভাবাপন্ন রাজগণ অজের বশ্যতা স্বীকার করিয়াছে, এজন্য অপরের সাহায্যের প্রয়োজন নাই ॥ ১০ ॥

দিলীপ কুলোৎপন্ন নরপতিগণ চরমকালে গুণবান্ পুত্রহস্তে রাজ্যলক্ষ্মী

পদবীং তরুবল্কবাসসাং
প্রযতাঃ সংযমিনাং প্রপেদিরে ॥ ১১ ॥
তমরণ্যসমাশ্রয়োন্মুখং
শিরসা বেষ্টনশোভিনা সুতঃ।
পিতরং প্রণিপত্য পাদয়ো-
রপরিত্যাগমযাচতাত্মনঃ ॥ ১২ ॥
রঘুরশ্রুমুখস্য তস্য তৎ
কৃতবানীপ্সিতমাত্মজপ্রিয়ঃ।

বার্দ্ধকে গুণবৎসুতেষু রোপিতশ্রিয়ঃ স্থাপিতলক্ষ্মীকাঃ প্রযতাশ্চ সন্তঃ তরু-বল্কান্যেব বাসাংসি যেষাং তেষাং সংযমিনাং যতীনাং পদবীং প্রপেদিরে যস্মাত্তস্মাদস্যাপীদমুচিতমিত্যর্থঃ ॥ ১১ ॥

তমিতি। অরণ্যসমাশ্রয়োন্মুখং বনবাসোদ্যুক্তং পিতরং তং রঘুং সুতো-ঽজঃ বেষ্টনশোভিনা উষ্ণীষমনোহরেণ শিরসা পাদয়োঃ প্রণিপত্যাত্মনোঽ-পরিত্যাগমযাচত মাং পরিত্যজ্য ন গন্তব্যমিতি প্রার্থিতবানিত্যর্থঃ ॥ ১২ ॥

রঘুরিতি। আত্মজপ্রিয়ঃ পুত্রবৎসলো রঘুরশ্রূণি মুখে যস্য তস্যাশ্রুমুখস্যা-

---

সমর্পণ করিয়া সংযতচিত্তে বল্কলধারী জিতেন্দ্রিয় ঋষিগণের পদবী অবলম্বন করিয়া থাকেন। অর্থাৎ প্রাচীন বয়সে উপযুক্ত পুত্রহস্তে রাজ্যভার সমর্পণ করিয়া, ঋষিব্রত অবলম্বন পূর্ব্বক বনে অবস্থান করা সূর্য্যবংশীয়দিগের কুলব্রত। এজন্যই বৃদ্ধ রঘুও বনপ্রস্থানে উন্মুখী হইলেন ॥ ১১ ॥

পিতাকে বনগমনে উন্মুখ দেখিয়া, অজ কিরীট শোভিত মস্তক দ্বারা তদীয় চরণে প্রণিপাত পূর্ব্বক "আমাকে পরিত্যাগ করিয়া যাইবেন না" এই প্রার্থনা করিলেন। অর্থাৎ পিতা রঘুকে বানপ্রস্থাশ্রমবাসী হওয়ার ইচ্ছুক দেখিয়া, কুমার অজ, শোক-সন্তপ্ত হৃদয়ে পিতার চরণ গ্রহণ পূর্ব্বক গলদশ্রু লোচনে ও বাষ্পগদ্গদ বচনে বলিতে লাগিলেন, পিতঃ! আপনি আমাকে পরিত্যাগ করিয়া যাইবেন না ॥ ১২ ॥

পুত্রবৎসল রঘু, শোকাকুল পুত্রের প্রার্থনায় সম্মত হইলেন; কিন্তু যেমন সর্প, নির্ম্মুক্ত নির্ম্মোক (খোলশ) পুনর্ব্বার গ্রহণ করে না, তদ্রূপ তিনিও

নতু সর্প ইব ত্বচং পুনঃ
প্রতিপেদে ব্যপবর্জ্জিতাং শ্রিয়ম্ ॥ ১৩ ॥
স কিলাশ্রমমন্ত্যমাশ্রিতো
নিবসন্নাবসথে পুরাদ্বহিঃ।

জস্য তদপরিত্যাগরূপমীপ্সিতম্ অভিলষিতং কৃতবান্ কিন্তু সর্পঃ ত্বচমিব ব্যপবর্জ্জিতাং ত্যক্তাং শ্রিয়ং পুনঃ ন প্রতিপেদে ন প্রাপ ॥ ১৩ ॥

সইতি। স রঘুঃ কিল অন্ত্যমাশ্রমং প্রব্রজ্যামাশ্রিতঃ পুরান্নগরাদ্বহিঃ আবসথে স্থানে নিবসন্ অবিকৃতেন্দ্রিয়ঃ জিতেন্দ্রিয়ঃ সন্নিত্যর্থঃ অতএব স্নুষয়েব বধ্বেব পুত্রভোগ্যয়া নতু স্বভোগ্যয়া শ্রিয়া সমুপাস্যত শুশ্রূষিতঃ। জিতেন্দ্রিয়স্য তস্য স্নুষয়েব শ্রিয়াপি পুষ্পফলোদকাহরণাদিশুশ্রূষাব্যতিরেকেণ ন কিঞ্চিদপেক্ষিতমাসীদিত্যর্থঃ। অত্র যদ্যপি "ব্রাহ্মণাঃ প্রব্রজন্তি"ইতি শ্রুতেঃ, "আত্মন্যগ্নীন্ সমারোপ্য ব্রাহ্মণঃ প্রব্রজেদ্গৃহা"দিতি মনুস্মরণাৎ, "মুখজানাময়ং ধর্ম্মো যদ্বিষ্ণোর্লিঙ্গধারণম্। বাহুজাতোরুজাতানাময়ং ধর্ম্মো ন বিদ্যতে" ইতি নিষেধাচ্চ ব্রাহ্মণস্যৈব প্রব্রজ্যা ন ক্ষত্রিয়াদেরিত্যাহুঃ; তথাপি "যদহরেব বিরজেত্তদহরেব প্রব্রজে"দিত্যাদিশ্রুতেস্ত্রৈবর্ণিকসাধারণ্যাৎ ত্রয়ানাং বর্ণানাং বেদমধীত্য চত্বার আশ্রমাইতি সূত্রকারবচনাৎ "ব্রাহ্মণঃ ক্ষত্রিয়োবাপি বৈশ্যো বা প্রব্রজেদ্গৃহা"দিতি স্মরণাৎ "মুখজানাময়ং ধর্ম্মোবৈষ্ণবং লিঙ্গধারণম্। বাহুজাতোরুজাতানাং ত্রিদণ্ডং ন বিধীয়তে" ইতি নিষেধস্য ত্রিদণ্ডবিষয়ত্ব-দর্শনাচ্চ কুত্রচিদ্ব্রাহ্মণপদস্যোপলক্ষণমাচক্ষাণাঃ কেচিত্ত্রৈবর্ণিকাধিকারং প্রপেদিরে। তথা সতি স কিলাশ্রমমন্ত্যমাশ্রিতইতি অত্রাপি কবিনাপ্যয়মেব

পরিত্যক্ত রাজপদ আর গ্রহণ করিলেন না। অর্থাৎ বৃদ্ধ রঘু, পুত্রের প্রার্থনায় বনগমন স্থগিত রাখিলেন; কিন্তু রাজ্যভার আর গ্রহণ করিলেন না ॥ ১৩ ॥

তিনি শেষ আশ্রম অবলম্বন পূর্ব্বক, জিতেন্দ্রিয় হইয়া, নগরের বহির্ভাগে অবস্থান করিলেন; পুত্রভোগ্যা রাজলক্ষ্মী, পুত্রবধূর ন্যায় তাঁহার শুশ্রূষা করিতে লাগিলেন। অর্থাৎ রঘু ভিক্ষুকাশ্রম অবলম্বন পূর্ব্বক, নগরের বাহিরের কোন স্থানে বাস করিতে লাগিলেন এবং রাজলক্ষ্মী, পুষ্প ও ফলাদি দ্বারা পুত্রবধূর ন্যায় তাঁহার সেবা করিতে লাগিলেন। অর্থাৎ রাজলক্ষ্মী সেবা করিতে লাগিলেন, ইহার তাৎপর্য্য এই যে, রঘু, পুত্রের রাজ্য হইতে পুষ্প,

সমুপাস্যত পুত্রভোগ্যয়া
স্নুষয়েবাবিকৃতেন্দ্রিয়ঃ শ্রিয়া ॥ ১৪ ॥
প্রশমস্থিতপূর্ব্বপার্থিবং
কুলমভ্যুদ্যতনূতনেশ্বরম্।
নভসা নিভৃতেন্দুনা তুলা
মুদিতার্কেণ সমারুরোহ তৎ ॥ ১৫ ॥

পক্ষো বিবক্ষিত ইতি প্রতীমঃ। অন্যথা বানপ্রস্থাশ্রমপরতয়া ব্যাখ্যানে "বিদধে বিধিমস্য নৈষ্ঠিকং যতিভিঃ সার্দ্ধমনগ্নিমগ্নিচিৎ" ইতি বক্ষ্যমাণেনানগ্নিসংস্কারেণ বিরোধঃ স্যাৎ অগ্নিসংস্কাররহিতস্য বানপ্রস্থস্যৈবাভাবাৎ ইত্যলং প্রাসঙ্গিকেন ॥ ১৪ ॥

প্রশমেতি। প্রশমে স্থিতঃ পূর্ব্বপার্থিবোরঘুর্যস্য তৎ অভ্যুদ্যতোঽভ্যুদিতোনূতনেশ্বরোঽজো যস্য তৎ তৎপ্রসিদ্ধং কুলং নিভৃতেন্দুনা অস্তময়াসন্নচন্দ্রেণ উদিতার্কেণ প্রকটিতসূর্য্যেণ নভসা তুলাং সাদৃশ্যমারুরোহ প্রাপ। নচ নভসা তুলামিত্যত্র তুল্যার্থৈরিত্যাদিনা প্রতিষেধস্তৃতীয়ায়াঃ তস্য সদৃশবাচিতুলাশব্দবিষয়ত্বাৎ কৃষ্ণস্য তুলা নাস্তীতি প্রয়োগাৎ অস্য চ সাদৃশ্যবাচিত্বাৎ ॥ ১৫ ॥

ফল ও জলমাত্র গ্রহণ করিতেন, এতদ্ভিন্ন আর কিছুই গ্রহণ করিতেন না। সুতরাং পুত্রবধূ যেমন পুষ্পোদকাদি আহরণ করিয়া বৃদ্ধ শ্বশুরের সেবা করে, তদ্রূপ পুত্রহস্তগতা রাজলক্ষ্মীও পুষ্পোদকাদি দ্বারা বৃদ্ধ রঘুর শুশ্রূষা করিতে লাগিলেন ॥ ১৪ ॥

শান্তিমার্গাবলম্বী পূর্ব্বতন রাজা রঘু এবং অভ্যুদয়শালী নূতন রাজা অজের কুল, অস্তগমনোন্মুখ চন্দ্র এবং উদয়শীল সূর্য্যবিশিষ্ট নভোমণ্ডলের ন্যায় শোভা ধারণ করিল। অর্থাৎ চন্দ্র অস্তগমনে উন্মুখ এবং সূর্য্য প্রকাশ পাইতে আরম্ভ করিলে, গগনমণ্ডলের যেরূপ দৃশ্য হয়, প্রাচীন রাজা রঘু শান্তিমার্গে পদার্পণ এবং নূতন রাজা অজ, উন্নতির সোপানে আরোহণ করিলে, সেই রাজকুলও সেইরূপ সাদৃশ্য লাভ করিয়াছিল ॥ ১৫ ॥

যতিপার্থিবলিঙ্গধারিণৌ
দদৃশাতে রঘুরাঘবৌ জনৈঃ ।
অপবর্গমহোদয়ার্থয়ো-
র্ভুবমংশাবিব ধর্ম্ময়োর্গতৌ ॥ ১৬ ॥
অজিতাধিগমায় মন্ত্রিভি-
র্যুযুজে নীতিবিশারদৈরজঃ ।
অনপায়িপদোপলব্ধয়ে
রঘুরাপ্তৈঃ সমিয়ায় যোগিভিঃ ॥ ১৭ ॥
নৃপতিঃ প্রকৃতীরবেক্ষিতুং
ব্যবহারাসনমাদদে যুবা ।

যতীতি। যতির্ভিক্ষুঃ, পার্থিবো রাজা, তয়োর্লিঙ্গধারিণৌ রঘুরাঘবৌ রঘু-তৎসুতৌ অপবর্গমহোদয়ার্থয়োঃ মোক্ষাভ্যুদয়ফলয়োঃ ধর্ম্ময়ো র্নিবর্ত্তক-প্রবর্ত্তকরূপয়োঃ ভুবং গতৌ ভূলোকমবতীর্ণৌ অংশাবিব জনৈর্দ্দদৃশাতে দৃষ্টৌ ॥ ১৬ ॥

অজিতেতি। অজোঽজিতাধিগমায় অজিতপদলাভায় নীতিবিশারদৈঃ নীতিজ্ঞৈঃ মন্ত্রিভিঃ যুযুজে সঙ্গতঃ। রঘুরপ্যনপায়িপদস্য উপলব্ধয়ে মোক্ষস্য প্রাপ্তয়ে যথার্থদর্শিনো যথার্থবাদিনশ্চাপ্তাঃ তৈঃ যোগিভিঃ সমিয়ায় সঙ্গতঃ। উভয়ত্রাপ্যপায়চিন্তার্থমিতি শেষঃ ॥ ১৭ ॥

নৃপতিরিতি। যুবা নৃপতিরজঃ প্রকৃতীঃ প্রজাঃ কার্য্যার্থিনীরবেক্ষিতুং দুষ্টাদুষ্টপরিজ্ঞানার্থমিত্যর্থঃ ব্যবহারাসনং ধর্ম্মাসনমাদদে স্বীচকার। প্রবয়াঃ

তৎকালে ভিক্ষুকের বেশধারী রঘু ও রাজবেশধারী অজ, এই উভয়কে লোকে, মহীতলে অবতীর্ণ মোক্ষ ও মহোদয় সাধনকারী (উন্নতিশীল) ধর্ম্মদ্বয়ের অংশাবতার স্বরূপ অবলোকন করিতে লাগিল ॥ ১৬ ॥

অজ, অনধিকৃত রাজ্যলাভ করিবার নিমিত্ত নীতিবিশারদ অমাত্যদিগের সহিত এবং রঘু, মুক্তিপদ লাভের নিমিত্ত তত্ত্বজ্ঞ যোগিগণের সহিত মিলিত হইলেন ॥ ১৭ ॥

যুবক রাজা অজ, প্রজাশাসন করিবার জন্য বিচারালয়ে ধর্ম্মাসন গ্রহণ

পরিচেতুমুপাংশু ধারণাং
কুশপূতং প্রবয়াস্তু বিষ্টরম্ ॥ ১৮ ॥
অনয়ৎ প্রভুশক্তিসম্পদা
বশমেকো নৃপতীননন্তরান্।
অপরঃ প্রণিধানযোগ্যয়া
মরুতঃ পঞ্চ শরীরগোচরান্ ॥ ১৯ ॥
অকরোদচিরেশ্বরঃ ক্ষিতৌ
দ্বিষদারম্ভফলানি ভস্মসাৎ।

স্থবিরোনৃপতিঃ রঘুস্তু। "প্রবয়া স্থবিরো বৃদ্ধ" ইত্যমরঃ। ধারণাং চিত্তস্যৈকাগ্রতাং পরিচেতুমভ্যাসিতুমুপাংশু বিজনে। "উপাংশু বিজনে প্রোক্ত"মিতি হলায়ুধঃ। কুশৈঃ পূতং বিষ্টরমাদদে। "যমাদিগুণসংযুক্তে মনসঃ স্থিতিরাত্মনি। ধারণা প্রোচ্যতে সদ্ভির্যোগশাস্ত্রবিশারদৈ"রিতি বশিষ্ঠঃ ॥ ১৮ ॥

অনয়দিতি। একোঽন্যতরোঽজ ইত্যর্থঃ অনন্তরান্ স্বভূম্যনন্তরান্ নৃপতীন্ যাতব্যপার্ষ্ণিগ্রাহাদীন্ প্রভুশক্তিসম্পদা কোশদণ্ড-মহিম্না বশং স্বায়ত্ততামনয়ৎ। অপরো রঘুঃ প্রণিধানযোগ্যয়া সমাধ্যভ্যাসেন। "যোগ্যাভ্যাসার্কযোষিতো"রিতি বিশ্বঃ। শরীরগোচরান্ দেহাশ্রয়ান্ পঞ্চ মরুতঃ প্রাণাদীন্ বশমনয়ৎ ॥ ১৯ ॥

অকরোদিতি। অচিরেশ্বরোঽজঃ ক্ষিতৌ দ্বিষতামারম্ভাঃ কর্ম্মাণি তেষাং ফলানি ভস্মসাদকরোৎ কাৎস্নে্যন ভস্মীকৃতবান্। বিভাষা সাতি কাৎস্নে্য

করিলেন; বৃদ্ধ নরপতি রঘু, চিত্তের একাগ্রতার নিমিত্ত বিজনে পবিত্র কুশাসন গ্রহণ করিলেন ॥ ১৮ ॥

এক ব্যক্তি (অজ) প্রভুশক্তি-প্রভাবে সন্নিহিত রাজগণকে বশীভূত করিতে প্রবৃত্ত হইলেন এবং অপর ব্যক্তি (রঘু) যোগ অভ্যাস দ্বারা শরীরস্থিত পঞ্চ বায়ুকে আয়ত্ত করিতে লাগিলেন ॥ ১৯ ॥

নবীন ভূপতি, মহীতলস্থ শত্রুগণের সমস্ত কর্ম্মফল ভস্মসাৎ করিতে লাগিলেন, স্থবির ভূপতি তত্ত্বজ্ঞানময় বহ্নি দ্বারা স্বকীয় কর্ম্মফল ভস্মীভূত করিতে প্রবৃত্ত হইলেন। অর্থাৎ রঘু, আপনার কর্ম্মফল ভস্মীভূত করিতে

ইতরো দহনে স্বকর্ম্মণাং
ববৃতে জ্ঞানময়েন বহ্নিনা ॥ ২০ ॥
পণবন্ধমুখান্ গুণানজঃ
ষড়ুপাযুঙ্‌ক্ত সমীক্ষ্য তৎফলম্ ।
রঘুরপ্যজয়দ্গুণত্রয়ং
প্রকৃতিস্থং সমলোষ্ট্রকাঞ্চনঃ ॥ ২১ ॥

ইতি সাতিপ্রত্যয়ঃ। ইতরোরঘুঃ জ্ঞানময়েন তত্ত্বজ্ঞান-প্রচুরেণ বহ্নিনা করণেন স্বকর্ম্মণাং ভববীজভূতানাং দহনে ভস্মীকরণে ববৃতে স্বকর্ম্মাণি দগ্ধুং প্রবৃত্তইত্যর্থঃ। "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন!" ইতি বচনাৎ (জ্ঞানাগ্নিরিত্যাদিবচনম্ গীতায়াং দ্রষ্টব্যম্) ॥ ২০ ॥

পণবন্ধেতি। পণবন্ধঃ সন্ধিরিতি কৌটিল্যঃ। অজঃ পণবন্ধমুখান্ সন্ধ্যাদীন্ ষড়্‌গুণান্। "সন্ধির্না বিগ্রহোযানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ। ষড়্‌গুণা"ইত্যমরঃ। তৎফলং তেষাং গুণানাং ফলং সমীক্ষ্য আলোচ্য উপাযুঙ্‌ক্ত ফলিষ্যন্তমেব গুণং প্রাযুঙ্‌ক্তেত্যর্থঃ। প্রোপাভ্যাং যুজেরযজ্ঞপাত্রেম্বিত্যাত্মনেপদম্। সমঃ তুল্যতয়া ভাবিতোলোষ্ট্রোমৃৎপিণ্ডঃ কাঞ্চনং সুবর্ণঞ্চ যস্য স সমলোষ্ট্রকাঞ্চনো-নিঃস্পৃহ ইত্যর্থঃ। রঘুরপি গুণত্রয়ং সত্ত্বাদিকম্। "গুণাঃ সত্ত্বং রজস্তম" ইত্যমরঃ। প্রকৃতৌ সাম্যাবস্থায়ামেব তিষ্ঠতীতি প্রকৃতিস্থং পুনর্ব্বিকারশূন্যং যথা তথা অজয়ৎ ॥ ২১ ॥

লাগিলেন, ইহার তাৎপর্য্য এই যে, গৃহস্থাশ্রমে থাকিয়া, শুভ বা অশুভ যে সকল কর্ম্মের অনুষ্ঠান করা হয়, সেই সমস্ত কর্ম্ম, লোকের পুনঃ পুনঃ সংসারে আগমনের বীজ স্বরূপ হইয়া থাকে; অতএব সেই কর্ম্ম-বন্ধ বা কর্ম্মসূত্র ছেদন করিতে না পারিলে, মুক্তিলাভ করিতে পারা যায় না। সুতরাং রঘু, মুক্তির নিমিত্তই সমাধি অবলম্বন পূর্ব্বক, ভববন্ধন রূপ কর্ম্মফল ভস্মীভূত করিতে লাগিলেন ॥ ২০ ॥

অজ, ফল বিবেচনা করিয়া (দেশ, কাল ও পাত্রাদি বিচার করিয়া) সন্ধি-বিগ্রহাদি ছয়গুণ প্রয়োগ করিতে লাগিলেন; রঘু, লোষ্ট্র-কাঞ্চনে সমদর্শী হইয়া সত্ত্ব, রজ ও তমঃ, এই গুণ-ত্রয়কে, সাম্যাবস্থায় আনিয়া জয় করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২১ ॥

ন নবঃ প্রভুরাফলোদয়াৎ
স্থিরকর্ম্মা বিররাম কর্ম্মণঃ।
ন চ যোগবিধের্নবেতরঃ
স্থিরধীরাপরমাত্মদর্শনাৎ ॥ ২২ ॥

ইতি শত্রুষু চেন্দ্রিয়েষু চ
প্রতিষিদ্ধপ্রসরেষু জাগ্রতৌ।
প্রসিতাবুদয়াপবর্গয়ো-
রুভয়ীং সিদ্ধিমুভাববাপতুঃ ॥ ২৩ ॥

নেতি। স্থিরকর্ম্মা আফলোদয়কর্ম্মকারী নবঃ প্রভুরজঃ আফলোদয়াৎ ফলসিদ্ধিপর্য্যন্তং কর্ম্মণ আরম্ভাৎ ন বিররাম ন নিবৃত্তঃ। জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানমিত্যপাদানাৎ পঞ্চমী। ব্যাঙ্‌পরিভ্যো রম ইতি পরস্মৈপদম্। স্থিরধীঃ (নিশ্চলচিত্তঃ) নবেতরো রঘুশ্চ আপরমাত্মদর্শনাৎ পরমাত্মসাক্ষাৎকারপর্য্যন্তং যোগবিধেরৈক্যানুসন্ধানান্ন বিররাম ॥ ২২ ॥

ইতীতি। ইত্যেবং প্রতিষিদ্ধঃ (নিবারিতঃ) প্রসরঃ স্বার্থপ্রবৃত্তির্যেষাং তেষু শত্রুষু চেন্দ্রিয়েষু চ জাগ্রতাবপ্রমত্তৌ উদয়াপবর্গয়োঃ অভ্যুদয়মোক্ষয়োঃ প্রসিতাবাসক্তৌ। "তৎপরে প্রসিতাসক্তা"বিত্যমরঃ। উভাবজ-রঘূ উভয়ীং দ্বিবিধাম্ অভ্যুদয়মোক্ষরূপাম্। উভাদুদাত্তোনিত্যমিতি তয়প্-প্রত্যয়স্যায়জা-

---

স্থিরকর্ম্মা নূতন রাজা অজ, কোন কর্ম্মে প্রবৃত্ত হইয়া, ফলসিদ্ধি না হওয়া পর্য্যন্ত, তাহা হইতে বিরত হইতেন না; স্থিরমতি বৃদ্ধ রঘুও পরমাত্মার দর্শন না হওয়া পর্য্যন্ত, যোগ হইতে প্রতিনিবৃত্ত হইতেন না। অর্থাৎ অজ, ফলোদয় না হইলে, কোন কার্য্য হইতে অবসর গ্রহণ করিতেন না এবং ভিক্ষুক রঘুও পরমাত্মাকে দর্শন না করিয়া, যোগানুষ্ঠান হইতে নিবৃত্ত হইতেন না। ॥ ২২ ॥

এইরূপে তাঁহারা উভয়ে উন্নতি ও মোক্ষ লাভে একান্ত আসক্ত হইয়া, নিরন্তর সতর্কতার সহিত শত্রু ও ইন্দ্রিয়গণের স্বার্থ (প্রশ্রয়) নিবারণ পূর্ব্বক উভয়েই সিদ্ধিলাভ করিলেন। অর্থাৎ এইরূপে অজ ও রঘু, অভ্যুদয় ও মুক্তিলাভে নিতান্ত ব্যগ্র হইয়া, শত্রু ও ইন্দ্রিয় দমনের প্রতি সতত জাগরূক

অথ কাশ্চিদজব্যপেক্ষয়া
গময়িত্বা সমদর্শনঃ সমাঃ।
তমসঃ পরমাপদব্যয়ং
পুরুষং যোগসমাধিনা রঘুঃ ॥ ২৪ ॥

শ্রুতদেহবিসর্জ্জনঃ পিতু-
শ্চিরমশ্রূণি বিমুচ্য রাঘবঃ।
বিদধে বিধিমস্য নৈষ্ঠিকং
যতিভিঃ সার্দ্ধমনগ্নিমগ্নিচিৎ ॥ ২৫ ॥

দেশঃ, টিড্ঢেতি ঙীপ্। সিদ্ধিং ফলমবাপতুঃ উভৌ উভে সিদ্ধী যথাসংখ্য-মবাপতুরিত্যর্থঃ ॥ ২৩ ॥

অথেতি। অথ রঘুঃ সমদর্শনঃ সর্ব্বভূতেষু সমদৃষ্টিঃ সন্ অজ-ব্যপেক্ষয়া অজাকাঙ্ক্ষানুরোধেন কাশ্চিৎসমাঃ কতিচিদ্বর্ষাণি। "সমা বর্ষং সমং তুল্য"মিতি বিশ্বঃ। গময়িত্বা নীত্বা যোগসমাধিনা ঐক্যানুসন্ধানেন। "সংযোগোযোগ-ইত্যুক্তো জীবাত্মপরমাত্মনো"রিতি বশিষ্ঠঃ। অব্যয়মবিনাশিনং তমসঃ পর-মবিদ্যায়াঃ পরং মায়াতীতমিত্যর্থঃ। পুরুষং পরমাত্মানমাপৎ প্রাপ সাযুজ্যং প্রাপ্তইত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রুতেতি। অগ্নিচিৎ অগ্নিং চিতবান্। অগ্নৌ চেরিতি ক্বিপ্প্রত্যয়ঃ। রাঘবোঽজঃ পিতুঃ শ্রুতদেহবিসর্জ্জনঃ আকর্ণিতপিতৃতনুত্যাগঃ সন্ চিরমশ্রূণি বাষ্পান্ বিমুচ্য বিসৃজ্য অস্য পিতুঃ অনগ্নিমগ্নিসংস্কাররহিতমিত্যর্থঃ নৈষ্ঠিকং নিষ্ঠায়ামন্তে ভবং বিধিমাচারমন্ত্যেষ্টিং যতিভিঃ সন্ন্যাসিভিঃ সার্দ্ধং বিদধে

থাকিয়া, উহাদের স্বেচ্ছাচারিতা নিবারণ পূর্ব্বক, অবিলম্বেই স্ব স্ব অভিলষিত ফল লাভ করিয়াছিলেন ॥ ২৩ ॥

অনন্তর রঘু, সর্ব্বভূতে সমদর্শী হইয়া, আত্মজ অজের অনুরোধে কতিপয় বৎসর অতিবাহিত করিয়া, যোগ ও সমাধি প্রভাবে সেই অবিনাশী মায়া-তীত পরমাত্মাকে প্রাপ্ত হইলেন। অর্থাৎ রঘু ভৌতিক দেহ বিসর্জ্জন পূর্ব্বক সাযুজ্য মুক্তিলাভ করিলেন ॥ ২৪ ॥

সাগ্নিক অজ, পিতার তনু-ত্যাগের সংবাদ কর্ণগোচর করিয়া, বহুক্ষণ অশ্রু

অকরোৎ স তদৌর্দ্ধদৈহিকং
পিতৃভক্ত্যা পিতৃকার্য্যকল্পবিৎ।
নহি তেন পথা তনুত্যজ-
স্তনয়াবর্জ্জিতপিণ্ডকাঙ্ক্ষিণঃ ॥ ২৬ ॥

স পরার্দ্ধ্যগতেরশোচ্যতাং
পিতুরুদ্দিশ্য সদর্থবেদিভিঃ।

চক্রে। অনগ্নিং বিধিমিত্যত্র শৌনকঃ "সর্ব্বসঙ্গনিবৃত্তস্য ধ্যানযোগরতস্য চ। ন তস্য দহনং কার্য্যং নৈব পিণ্ডোদকক্রিয়া। নিদধ্যাৎ প্রণবেনৈব বিলে ভিক্ষোঃ কলেবরম্। প্রোক্ষণং খননঞ্চৈব সর্ব্বং তেনৈব কারয়ে"দিতি ॥ ২৫ ॥

অকরোদিতি। পিতৃকার্য্যস্য শ্রাদ্ধস্য কল্পবিৎ বিধানজ্ঞঃ সোঽজঃ পিতৃভক্ত্যা পিতরি প্রেম্ণা করণেন, ন পিতুঃ পরলোকসুখাপেক্ষয়া, মুক্তত্বাদিতি ভাবঃ। তস্য রঘোরৌর্দ্ধদৈহিকং দেহাদূর্দ্ধং ভবতীতি তৎ, তিলোদকপিণ্ডদানাদিকমকরোৎ। ঊর্দ্ধদেহাচ্চেতি বক্তব্যাৎ ঠক্‌প্রত্যয়ঃ। অনুশতিকাদিত্বাদুভয়পদবৃদ্ধিঃ। ননু কথং ভক্তিরেব শ্রাদ্ধাদিফলপ্রেপ্সাপি কস্মান্নাভূদিত্যাশঙ্ক্যাহ নহীতি। তেন পথা যোগরূপেণ মার্গেণ তনুত্যজঃ শরীরত্যাগিনঃ পুরুষাঃ তনয়েনাবর্জ্জিতং দত্তং পিণ্ডং কাঙ্ক্ষন্তীতি তথোক্তা ন হি ভবন্তি ॥ ২৬ ॥

সইতি। পরার্দ্ধ্যগতেঃ প্রশস্তগতেঃ প্রাপ্তমোক্ষস্য পিতুঃ অশোচ্যতাম্ অশোচনীয়ত্বম্ উদ্দিশ্যাভিসন্ধায় শোকো ন কর্ত্তব্য ইত্যুপদিশ্যেত্যর্থঃ সদর্থ-

---

মোচন করিলেন; পরে সমাধিবলে ত্যক্ত-দেহের অগ্নি-সংস্কার নিষিদ্ধ বলিয়া, সন্ন্যাসীদিগের সহিত তদীয় অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করিলেন। অর্থাৎ রঘুর মৃতদেহ ভূগর্ভে প্রোথিত করিয়া রাখিলেন ॥ ২৫ ॥

যে সকল মহাত্মাগণ যোগবলে তনুত্যাগ করিয়া থাকেন, তাঁহারা পুত্রদত্ত পিণ্ডের আকাঙ্ক্ষা রাখেন না; অথচ সেই শ্রাদ্ধবিধানজ্ঞ মহারাজ অজ, পিতৃভক্তির বশবর্ত্তী হইয়া, পিতার সমস্ত ঔর্দ্ধদৈহিক কার্য্য (শ্রাদ্ধাদি ব্যাপার) সম্পাদন করিলেন ॥ ২৬ ॥

রঘুকুমার অজ, মোক্ষ-প্রাপ্ত পিতার উদ্দেশে শোক করা অবিধেয়, ইহা তত্ত্বদর্শী পণ্ডিতদিগের সাহায্যে অবগত হইয়া, স্বীয় মনোদুঃখ প্রশ-

শমিতাধিরধিজ্যকার্ম্মুকঃ
কৃতবানপ্রতিশাসনং জগৎ ॥ ২৭ ॥
ক্ষিতিরিন্দুমতী চ ভামিনী
পতিমাসাদ্য তমগ্র্যপৌরুষম্ ।
প্রথমা বহুরত্নসূরভূ-
দপরা বীরমজীজনৎ সুতম্ ॥ ২৮ ॥
দশরশ্মিশতোপমদ্যুতিং
যশসা দিক্ষু দশস্বপি শ্রুতম্ ।

বেদিভিঃ পরমার্থজ্ঞৈঃ শমিতাধির্নিবারিতমনোব্যথঃ। "পুংস্যাধির্ম্মানসী ব্যথা" ইত্যমরঃ। সোঽজঃ অধিজ্যকার্ম্মুকঃ অধিজ্যম্ আরোপিতমৌর্ব্বীকং কার্ম্মুকং যস্য স তথোক্তঃ সন্ জগৎ কর্ম্মভূতম্ অপ্রতিশাসনং দ্বিতীয়াজ্ঞা-রহিতমাত্মাজ্ঞাবিধেয়মিত্যর্থঃ কৃতবান্ চকার ॥ ২৭ ॥

ক্ষিতিরিতি। ক্ষিতির্ম্মহী ভামিনী কামিনী ইন্দুমতী চ। "ভামিনী কামিনী চ" ইতি হলায়ুধঃ। অগ্রপৌরুষং মহাপরাক্রমম্ উৎকৃষ্টভোগশক্তিঞ্চ তমজং পতিমাসাদ্য তত্র প্রথমা ক্ষিতিঃ বহুনি রত্নানি শ্রেষ্ঠবস্তূনি সূত ইতি বহুরত্নসূরভূৎ। "রত্নং স্বজাতিশ্রেষ্ঠেঽপী"ত্যমরঃ। অপরা ইন্দুমতী বীরং সুতমজীজনৎ জনয়তি স্ম। জায়তের্ণৌ লুঙি রূপম্ ॥ ২৮ ॥

কিং নাম কোঽসাবত আহ;—দশেতি। দশ রশ্মিশতানি যস্য সঃ দশ-রশ্মিশতঃ সূর্য্যঃ স উপমা যস্যাঃ সা দশরশ্মিশতোপমা দ্যুতির্যস্য তং যশসা

মিত করিলেন এবং শরাসনে জ্যা আরোপণ পূর্ব্বক সমস্ত জগৎ আপনার আয়ত্তাধীনে আনিলেন ॥ ২৭ ॥

পৃথিবী ও ইন্দুমতী, সেই প্রবল-পরাক্রম অজকে পতিরূপে লাভ করিয়া, প্রথমা বহুরত্নের প্রসূতি হইলেন এবং দ্বিতীয়া বীরপুত্র প্রসব করিলেন। অর্থাৎ অজের শাসন-গুণে বসুন্ধরা, বহুরত্নের আকর হইয়াছিলেন এবং ইন্দুমতীও বীরপ্রসবিনী হইয়াছিলেন ॥ ২৮ ॥

সেই পুত্র, দশাননারির পিতা হইবেন এবং তিনি দশশত রশ্মির ন্যায় সহস্র রশ্মি সূর্য্যের ন্যায়) দ্যুতিসম্পন্ন ও দশদিকে বিখ্যাত-যশা হইবেন।

দশপূর্ব্বরথং যমাখ্যয়া
দশকণ্ঠারিগুরুং বিদুর্ব্বুধাঃ ॥ ২৯ ॥
ঋষিদেবগণস্বধাভুজাং
শ্রুতযাগপ্রসবৈঃ স পার্থিবঃ।
অনৃণত্বমুপেয়িবান্ বভৌ
পরিধের্ম্মুক্ত ইবোষ্ণদীধিতিঃ ॥ ৩০ ॥
বলমার্ত্তভয়োপশান্তয়ে
বিদুষাং সৎকৃতয়ে বহু শ্রুতম্।

করণেন দশস্বপি দিক্ষু শ্রুতং প্রসিদ্ধং দশকণ্ঠারেঃ রাবণারেঃ রামস্য গুরুং পিতরং যং সুতমাখ্যয়া নাম্না দশপূর্ব্বোদশশব্দপূর্ব্বোরথোরথশব্দঃ যস্য তং দশরথমিত্যর্থঃ বুধাঃ বিদ্বাংসো বিদুর্ব্বদন্তি। বিদোলটোবেতি ঝের্জ্জুসাদেশঃ ॥২৯॥

ঋষীতি। শ্রুতযাগপ্রসবৈঃ অধ্যয়নযজ্ঞসন্তানৈঃ যথাসংখ্যম্ ঋষীণাং দেবগণানামিন্দ্রাদীনাং স্বধাভুজাং পিতৃণাং অনৃণত্বম্ ঋণবিমুক্তত্বম্ উপেয়িবান্ প্রাপ্তবান্। "এষ বা অনৃণো যঃ পুত্রী যজ্বা ব্রহ্মচারী বা" ইতি শ্রুতেঃ। স পার্থিবোঽজঃ পরিধেঃ পরিবেশাৎ। "পরিবেশস্তু পরিধি"রিত্যমরঃ। মুক্ত উষ্ণদীধিতি সূর্য্যইব বভাবিত্যুপমা ॥ ৩০ ॥

বলমিতি। তস্য বিভোরজস্য কেবলং বসু ধনমেব পরপ্রয়োজনং পরোপকারকং নাভূৎ কিন্তু গুণবত্তাপি গুণিত্বমপি পরপ্রয়োজনা পরেষামন্যেষাং

এজন্য পণ্ডিতগণ তাঁহার নাম দশরথ রাখিলেন। অর্থাৎ ইনি দশানন বিজেতা রামচন্দ্রের পিতা এবং সূর্য্য-সম তেজস্বী হইয়া দশদিকে যশ বিস্তার করিবেন, এই নিমিত্ত তিনি দশরথ নামে অভিহিত হইলেন ॥ ২৯ ॥

মহারাজ অজ, অধ্যয়ন, যজ্ঞ ও সন্তানোৎপাদন দ্বারা ঋষি, দেবতা ও পিতৃঋণ হইতে মুক্ত হইয়া, পরিধি (সূর্য্যের মণ্ডল) শূন্য সূর্য্যের ন্যায় শোভান্বিত হইলেন। অর্থাৎ রঘুনন্দন অজ, শাস্ত্রাধ্যয়ন পূর্ব্বক গুরুদক্ষিণা প্রদান দ্বারা ঋষিঋণ হইতে, যজ্ঞানুষ্ঠান দ্বারা দেবঋণ হইতে এবং সন্তানোৎপাদন দ্বারা পিতৃঋণ হইতে মুক্ত হইয়া সমধিক শোভা ধারণ করিলেন ॥ ৩০ ॥

তাঁহার কেবল ধনই যে, পরের কার্য্য সাধক হইয়াছিল, এরূপ নহে,

বস্থ তস্থ বিভোর্ন কেবলং
গুণবত্তাপি পরপ্রয়োজনা ॥ ৩১ ॥
স কদাচিদবেক্ষিতপ্রজঃ
সহ দেব্যা বিজহার সুপ্রজাঃ।
নগরোপবনে শচীসখো
মরুতাং পালয়িতেব নন্দনে ॥ ৩২ ॥
অথ রোধসি দক্ষিণোদধেঃ
শ্রিতগোকর্ণনিকেতমীশ্বরম্।

প্রয়োজনং যস্থাং সা বিধেয়াংশত্বেন প্রাধান্থাদ্‌গুণবত্তয়া বিশেষণম্ বস্থ ইত্যত্রত্বহনীয়ম্। তথাহি। বলং পৌরুষম্ আর্ত্তানামাপন্নানাং ভয়স্থোপশান্তয়ে ন তু স্বার্থং পরপীড়নায় বা। বহু ভূরি শ্রুতং বিদ্যা বিদুষাং সৎকৃতয়ে সৎকারায় নতূৎসেকায় বভূব ॥ ৩১ ॥

সইতি। অবেক্ষিতপ্রজঃ অকুতোভয়ত্বেনানুসহিতপ্রজঃ। নিত্যমসিচ্ প্রজামেধয়োরিতি অসিচ্‌প্রত্যয়ঃ। ন কেবলং স্ত্রৈণ ইতি ভাবঃ। শোভনা প্রজা যস্থাসৌ সুপ্রজাঃ সুপুত্রবান্ পুত্রন্থস্তভার ইতি ভাবঃ। সোঽজঃ কদাচিদ্দেব্যা মহিষ্যা ইন্দুমত্যা সহ নগরোপবনে, নন্দনে নন্দনাখ্যে অমরাবত্যুপকণ্ঠবনে শচীসখঃ শচ্যা সহেত্যর্থঃ মরুতাং দেবানাং পালয়িতা ইন্দ্রইব, বিজহার চিক্রীড় ॥ ৩২ ॥

অথেতি। অথ দক্ষিণস্থোদধেঃ সমুদ্রস্থ রোধসি তীরে শ্রিতগোকর্ণ-

তাঁহার বল, আর্ত্তব্যক্তিগণের ভয়শান্তির নিমিত্ত এবং প্রকৃত শাস্ত্রজ্ঞান, পণ্ডিতগণের সৎকারের নিমিত্ত হইয়াছিল; সুতরাং তাঁহার সমস্ত গুণগুলিও পরের প্রয়োজন সাধন করিতে লাগিল ॥ ৩১ ॥

দেবরাজ ইন্দ্র যেরূপ শচীর সহিত নন্দন কাননে বিহার করিয়া থাকেন, তদ্রূপ সেই প্রজ্ঞারঞ্জক রাজা অজ অপ্রাপ্তবয়স্ক আত্মজের প্রতি স্বল্পকালের জন্য সমস্ত রাজ্যভার সমর্পণ করিয়া মহিষী ইন্দুমতীর সহিত নগর সন্নিহিত উপবনে বিহার করিতে লাগিলেন ॥ ৩২ ॥

তৎকালে দেবর্ষি নারদ, দক্ষিণ সমুদ্রের উপকূলস্থিত গোকর্ণ তীর্থে

উপবীণয়িতুং যযৌ রবে-
রুদয়াবৃত্তিপথেন নারদঃ ॥ ৩৩ ॥
কুসুমৈর্গ্রথিতামপার্থিবৈঃ
স্রজমাতোদ্যশিরোনিবেশিতাম্।
অহরৎ কিল তস্য বেগবান্
অধিবাসস্পৃহয়েব মারুতঃ ॥ ৩৪ ॥
ভ্রমরৈঃ কুসুমানুসারিভিঃ
পরিকীর্ণা পরিবাদিনী মুনেঃ।

নিকেতনধিষ্ঠিতগোকর্ণাখ্যস্থানমীশ্বরং শিবমুপবীণয়িতুং বীণয়া উপগাতুম্। সত্যাপাশেত্যাদিনা বীণাশব্দাদুপগানার্থে ণিচ্‌প্রত্যয়ঃ। ততস্তুমুন্। নারদো দেবর্ষিঃ রবেঃ সম্বন্ধিনা উদয়াবৃত্তিপথেন আকাশমার্গেণ যযৌ ॥ ৩৩ ॥

কুসুমৈরিতি। অপার্থিবৈর্দ্দিব্যৈরিত্যর্থঃ কুসুমৈর্গ্রথিতাং রচিতাং তস্য নারদস্যাতোদ্যস্য বাদ্যস্য বীণায়াঃ শিরসি নিবেশিতাম্। "চতুর্ব্বিধমিদং বাদ্যং বাদিত্রাতোদ্যনামকম্" ইত্যমরঃ। স্রজং মালাং বেগবান্ মারুতঃ অধিবাসে বাসনায়াং স্পৃহয়েব স্রজা স্বাঙ্গং সংস্কর্ত্তুমিত্যর্থঃ। "সংস্কারোগন্ধমাল্যাদ্যৈর্যঃ স্যাত্তদধিবাসনম্" ইত্যমরঃ। অহরৎ কিল কিলেত্যৈতিহ্যে ॥ ৩৪ ॥

ভ্রমরৈরিতি। কুসুমানুসারিভিঃ পুষ্পানুযায়িভিঃ ভ্রমরৈঃ পরিকীর্ণা ব্যাপ্তা

প্রতিষ্ঠিত মহাদেবকে বীণাবাদন পূর্ব্বক আরাধনা করিবার নিমিত্ত, দক্ষিণায়নকালে সূর্য্যদেব যেরূপ উত্তর দিক্ হইতে দক্ষিণ দিকে গমন করিয়া থাকেন, সেইরূপ উত্তর দিক্ হইতে দক্ষিণ দিকে গমন করিতেছিলেন। অর্থাৎ যে সময়ে মহারাজ অজ, ইন্দুমতীর সহিত উপবনে বিহার করিতেছিলেন, সেই সময়ে দেবর্ষি নারদ, বীণা হস্তে করিয়া উত্তর দিক্ হইতে দক্ষিণ দিকস্থ গোকর্ণ তীর্থে যাইতেছিলেন ॥ ৩৩ ॥

সেই বীণার শিরোভাগে সন্নিবেশিত দিব্য কুসুম-গ্রথিত মালার সৌরভে আপনি সৌরভযুক্ত হইবার মানসেই যেন সমীরণ বেগবান্ হইয়া সেই মাল্য অপহরণ করিল ॥ ৩৪ ॥

ভ্রমর-পংক্তি সেই মাল্য-কুসুমের অনুসরণ করিতে লাগিল। তদ্দর্শনে

দদৃশে পবনাবলেপজং
স্বজতী বাষ্পমিবাঞ্জনাবিলম্ ॥ ৩৫ ॥
অভিভূয় বিভূতিমার্ত্তবীং
মধুগন্ধাতিশয়েন বীরুধাম্।
নৃপতেরমরস্রগাপ সা
দয়িতোরুস্তনকোটিসুস্থিতিম্ ॥ ৩৬ ॥
ক্ষণমাত্র সখীং সুজাতয়োঃ
স্তনয়োস্তামবলোক্য বিহ্বলা।

মুনের্নারদস্য পরিবাদিনী বীণা। বীণা তু বল্লকী। "বিপঞ্চী সা তু তন্ত্রীভিঃ সপ্তভিঃ পরিবাদিনী" ইত্যমরঃ। পবনস্যাবলেপোঽধিক্ষেপঃ তজ্জম্ অঞ্জনেনাবিলং কলুষং বাষ্পমশ্রু স্বজতী মুঞ্চতীব দদৃশে দৃষ্টা। পরিভূতাঃ স্ত্রিয়োঽপি হি রুদন্তীতি ভাবঃ ॥ ৩৫ ॥

অভিভূয়েতি। সা অমরস্রক্ দিব্যমালা মধুগন্ধয়োর্ম্মকরন্দসৌরভয়োরতিশয়েনাধিক্যেন বীরুধাং লতানাম্। "লতা প্রতানিনী বীরু"দিত্যমরঃ। ঋতোঃ প্রাপ্তামার্ত্তবীম্ ঋতুসম্বন্ধিনীং বিভূতিং সমৃদ্ধিমভিভূয় নৃপতেঃ দয়িতায়াঃ ইন্দুমত্যাঃ উর্ব্বোর্ব্বিশালয়োঃ স্তনয়োঃ কোটী চুচুকৌ তয়োঃ সুস্থিতিং স্থানম্ আপ ॥ ৩৬ ॥

ক্ষণমিতি। সুজাতয়োঃ সুজন্মনোঃ সুন্দরয়োরিত্যর্থঃ। স্তনয়োঃ ক্ষণমাত্রসখীং তাং স্রজমবলোক্য বিহ্বলা পরবশা নরোত্তমপ্রিয়া ইন্দুমতী তমসা

বোধ হইল যেন, দেবর্ষির বীণা, সমীরণ-কৃত পরাভব-দুঃখে অঞ্জন-কলুষিত অশ্রুবিন্দু বর্ষণ করিতেছে ॥ ৩৫ ॥

অনন্তর সেই দিব্যমাল্য, মধুগন্ধের আধিক্যবশতঃ লতাবলীর ঋতুসম্ভূত কুসুমসম্পত্তি পরাজিত করিয়া, রাজমহিষীর স্তনাগ্রভাগে স্থান লাভ করিল। অর্থাৎ সেই বীণাস্থিত পার্থিব-কুসুম-পরাভবকারী পারিজাত-মাল্যকে গন্ধবহ অপহরণ করিয়া তাহা দ্বারা ইন্দুমতীর আভরণবিহীন স্তনযুগলকে সুসজ্জিত করিল ॥ ৩৬ ॥

ইন্দুমতী, স্বীয় সুগঠিত স্তনযুগলের ক্ষণসমাগম-সখীস্বরূপ সেই পুষ্পহার অবলোকন করিয়া, একান্ত বিহ্বলা ও রাহু-কবলিত শশাঙ্ক-কৌমুদীর

নিমিমীল নরোত্তমপ্রিয়া
হৃতচন্দ্রা তমসেব কৌমুদী ॥ ৩৭ ॥
বপুষা করণোজ্ঝিতেন সা
নিপতন্তী পতিমপ্যপাতয়ৎ।
ননু তৈলনিষেকবিন্দুনা
সহ দীপার্চ্চিরুপৈতি মেদিনীম্ ॥ ৩৮ ॥
উভয়োরপি পার্শ্ববর্ত্তিনাং
তুমুলেনার্ত্তরবেণ বেজিতাঃ।

রাহুণা। "তমস্তু রাহুঃ স্বর্ভানু"রিত্যমরঃ। হৃতচন্দ্রা কৌমুদীব নিমিমীল মমার। "নিমীলোদীর্ঘনিদ্রা চ" ইতি হলায়ুধঃ ॥ ৩৭ ॥

বপুষেতি। করণৈরিন্দ্রিয়ৈরুজ্ঝিতেন। "করণং সাধকতমং ক্ষেত্রগাত্রেন্দ্রিয়েষপী"ত্যমরঃ। বপুষা নিপতন্তী সা ইন্দুমতী পতিমজমপ্যপাতয়ৎ পাতয়তি স্ম। তথাহি নিষিচ্যত ইতি নিষেকঃ তৈলস্য নিষেকস্তৈলনিষেকঃ ক্ষরত্তৈলমিত্যর্থঃ তস্য বিন্দুনা সহ দীপার্চ্চিঃ দীপজ্বালা মেদিনীং ভুবমুপৈতি ননু উপৈত্যেব। নন্বত্রাবধারণে। "প্রশ্নাবধারণানুজ্ঞানুনয়ামন্ত্রণে ননু" ইতি অমরঃ ॥ ৩৮ ॥

উভয়োরিতি। উভয়োর্দ্দম্পত্যোঃ পার্শ্ববর্ত্তিনাং পরিজনানাং তুমুলেন

ন্যায় নিমীলিত হইলেন। অর্থাৎ ইন্দুমতী স্বীয় স্তনোপরি-বিন্যস্ত কুসুম-মাল্য নিরীক্ষণ করিয়া মূর্চ্ছিতা হইয়া পড়িলেন ॥ ৩৭ ॥

এইরূপে ইন্দুমতী হতচেতনা ও ভূতলে নিপতিতা হইয়া পতিকেও পাতিত করিলেন; ইহা প্রসিদ্ধই আছে যে দীপশিখা, ক্ষরিত তৈলবিন্দুর সহিতই ভূমিতলে নিপতিত হইয়া থাকে। অর্থাৎ মহারাজ অজ, মহিষী ইন্দুমতীকে মূর্চ্ছিতা ও ভূতলশায়িনী দেখিয়া তৎক্ষণাৎ তিনিও হতচেতন হইলেন। কারণ প্রজ্জ্বলিত দীপ হইতে নিপতিত তৈল বিন্দুর সহিত দীপ-শিখাও পতিত হইয়া থাকে; এই প্রাকৃতিক নিয়মের বশবর্ত্তী হইয়া অজও উক্ত দশা প্রাপ্ত হইলেন ॥ ৩৮ ॥

তদ্দর্শনে উভয়ের পার্শ্ববর্ত্তী অনুচরগণ মুক্তকণ্ঠে রোদন করিতে

বিহগাঃ কমলাকরালয়াঃ
সমদুঃখা ইব তত্র চুক্রুশুঃ ॥ ৩৯ ॥
নৃপতের্ব্যজনাদিভিস্তমো
নুনুদে সা তু তথৈব সংস্থিতা।
প্রতিকারবিধানমায়ুষঃ
সতি শেষে হি ফলায় কল্পতে ॥ ৪০ ॥

সঙ্কুলেনার্ত্তরবেণ করুণস্বনেন বেজিতাঃ ভীতাঃ কমলাকরালয়াঃ সরঃস্থিতাঃ বিহগাঃ হংসাদয়োঽপি তত্রোপবনে সমদুঃখা ইব চুক্রুশুঃ ॥ ৩৯ ॥

নৃপতেরিতি। নৃপতেরজস্য তমোঽজ্ঞানং ব্যজনাদিভিঃ সাধনৈঃ নুনুদে অপসারিতং সা তু ইন্দুমতী তথৈব সংস্থিতা মৃতা। তথাহি। প্রতিকার-বিধানং চিকিৎসা আয়ুষঃ জীবিতকালস্য শেষে সতি বিদ্যমানে। "আয়ুর্জ্জীবিতকালোনে"ত্যমরঃ। ফলায় কল্পতে আরোগ্যায় ভবতি নান্যথা নৃপতেরায়ুঃশেষসম্ভাবাৎ প্রতীকারস্য সাফল্যং তস্যাস্তু তদভাবাৎ বৈফল্য-মিত্যর্থঃ ॥ ৪০ ॥

লাগিল। তাহাদের সেই আর্ত্তনাদ শ্রবণে সরোবরস্থিত জলচর পক্ষিগণ যেন সমবেদনায় ব্যথিত হইয়াই চীৎকার করিয়া উঠিল। অর্থাৎ রাজা ও রাজমহিষীকে মূর্চ্ছিত ও ভূতলশায়ী দেখিয়া সন্নিহিত সহচরগণ উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করিতে লাগিল। সেই ঘোর ক্রন্দন রোল শ্রবণ করিয়া, সন্নিহিত সরোবরস্থ বিহঙ্গমগণ সমদুঃখে দুঃখিত হইয়াই যেন নিজ নিজ স্বরে দুঃখ প্রকাশ করিতে লাগিল ॥ ৩৯ ॥

অনন্তর সুশীতল সলিল সেক ও তালবৃন্ত সঞ্চালন দ্বারা নরপাল অজের মোহ অপনীত হইল। কিন্তু ইন্দুমতী সেই অচেতন অবস্থাতেই রহিলেন। যদি পরমায়ু অবশিষ্ট থাকে, তাহা হইলেই, প্রতিকার-বিধান ফলপ্রদ হয়। অর্থাৎ অনুচরবর্গের মূর্চ্ছানাশক ব্যজনাদি দ্বারা মহারাজ অজ সংজ্ঞাপ্রাপ্ত হইলেন। কিন্তু ইন্দুমতীর প্রতি সেই সমস্ত চেষ্টাই বিফল হইয়া গেল। কারণ গতায়ু ব্যক্তির রোগাপনয়নের চেষ্টা সর্ব্বত্রই ব্যর্থ হইয়া থাকে ॥ ৪০ ॥

প্রতিযোজয়িতব্যবল্লকী-
সমবস্থামথ সত্ত্ববিপ্লবাৎ।
স নিনায় নিতান্তবৎসলঃ
পরিগৃহ্যোচিতমঙ্কমঙ্গনাম্ ॥ ৪১ ॥

পতিরঙ্কনিষণ্ণয়া তয়া
করণাপায়বিভিন্নবর্ণয়া।
সমলক্ষ্যত বিভ্রদাবিলাং
মৃগলেখামুষসীব চন্দ্রমাঃ ॥ ৪২ ॥

বিললাপ স বাষ্পগদ্গদং
সহজামপ্যপহায় ধীরতাম্।

প্রতীতি। অথ সত্ত্বস্য চৈতন্যস্য বিপ্লবাদ্বিনাশাদ্ধেতোঃ। "দ্রব্যাসু ব্যবসায়েষু সত্ত্ব"মিত্যমরঃ। প্রতিযোজয়িতব্যা তন্ত্রিভির্যোজনীয়া নতু যোজিততন্ত্রীত্যর্থঃ। যা বল্লকী বীণা তস্যাঃ সমাঃ বস্থা অবস্থা দশা যস্যাস্তামঙ্গনাং বনিতাং নিতান্তবৎসলোঽতিপ্রেমবান্ সোঽজঃ পরিগৃহ্য হস্তাভ্যাং গৃহীত্বা উচিতং পরিচিতমঙ্কম্ উৎসঙ্গং নিনায় নীতবান্ ॥ ৪১ ॥

পতিরিতি। পতিরজঃ অঙ্কনিষণ্ণয়া করণানামপায়েনাপগমেন বিভিন্নবর্ণয়া বিচ্ছায়য়া তয়া, উষসি আবিলাং মৃগলেখাং বিভ্রচ্চন্দ্রমাইব সমলক্ষ্যতেত্যুপমা ॥ ৪২ ॥

বিললাপেতি। সোঽজঃ সহজাং স্বাভাবিকীমপি ধীরতাং ধৈর্য্যম্ অপহায় বাষ্পেণ গদ্গদং বিশীর্ণাক্ষরং যথা তথা বিললাপ পরিদেবিতবান্।

অনন্তর ভার্য্যা-বৎসল নরপতি, ইন্দুমতীর চিরপরিচিত স্বীয় ক্রোড়দেশে তন্ত্রী যোজনীয়া বীণার ন্যায় সেই প্রিয়তমাকে তুলিয়া লইলেন। অর্থাৎ মহারাজ অজ ইন্দুমতীকে গ্রহণ করিয়া স্বীয় অঙ্কে স্থাপন করিলেন ॥ ৪১ ॥

মহারাজ অজ, স্বীয় অঙ্কপ্রদেশে গত-জীবনা মলিনা ইন্দুমতীকে ধারণ করিয়া উষাকালে মলিন মৃগলেখাধারী শশাঙ্কের ন্যায় লক্ষিত হইতে লাগিলেন ॥ ৪২ ॥

শরীরীদিগের (প্রাণিদিগের) কথা দূরে থাকুক, লৌহও উত্তপ্ত

অভিতপ্তময়োঽপি মার্দ্দবং
ভজতে কৈব কথা শরীরিষু ॥ ৪৩ ॥
কুসুমান্যপি গাত্র-সঙ্গমাৎ
প্রভবন্ত্যায়ুরপোহিতুং যদি।
ন ভবিষ্যতি হন্ত সাধনং
কিমিবান্যৎ প্রহরিষ্যতোবিধেঃ ॥ ৪৪ ॥

"বিলাপঃ পরিদেবন"মিত্যমরঃ। অভিতপ্তম্ অগ্নিনা সন্তপ্তম্ অয়োঽপি মার্দ্দবং মৃদুত্বং ভজতে শরীরিষু দেহিষু অভিসন্তপ্তেষ্বিতি শেষঃ বিষয়ে কৈব কথা বার্ত্তা অনুক্তসিদ্ধমিত্যর্থঃ ॥ ৪৩ ॥

কুসুমানীতি। কুসুমানি পুষ্পাণ্যপি। অপিশব্দোনিতান্তমার্দ্দবদ্যোতনার্থঃ। গাত্রসঙ্গমাৎ দেহসংসর্গাৎ আয়ুরপোহিতুম্ অপহর্ত্তুং প্রভবন্তি যদি। হন্ত বিষাদে। "হন্ত হর্ষেঽনুকম্পায়াং বাক্যারম্ভ বিষাদয়ো"রিত্যমরঃ। প্রহরিষ্যতোবিধেরন্যৎ কুসুমাতিরিক্তং কিমিব বস্তু। ইবশব্দোবাক্যালঙ্কারে কীদৃশমিত্যর্থঃ সাধনং ন ভবিষ্যতি সর্ব্বমপি সাধনং ভবিষ্যতেবেত্যর্থঃ ॥ ৪৪ ॥

হইলে মৃদুতা প্রাপ্ত হইয়া থাকে; সুতরাং রাজা অজ ইন্দুমতীর শোক-তাপে ধৈর্য্যচ্যুত হইয়া বাষ্প-গদ্গদ-কণ্ঠে এইরূপে বিলাপ করিতে লাগিলেন। অর্থাৎ ইন্দুমতীর বিরহে তাঁহার স্বাভাবিক ধৈর্য্য অপনীত হইল; তাহার কারণ এই, লৌহ যে এত কঠিন পদার্থ, তাহাই যখন অগ্নি-সংযোগে উত্তপ্ত হইলে কোমলতা প্রাপ্ত হইয়া থাকে, তাহাতে মনুষ্য যে শোকতাপে অভিভূত হইবে, তাহার আর কথা কি? সুতরাং অজ, একান্ত শোকভারাক্রান্ত হইয়া হাহাকার ও অতি দীর্ঘ নিশ্বাস-ভার পরিত্যাগ করিতে লাগিলেন এবং প্রিয়ার বিরহে কেমন করিয়া প্রাণ ধারণ করিব, এই বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন; অবিরল বেগে বাষ্পবারি বিগলিত হইয়া তাঁহার বক্ষঃস্থল ভাসিয়া গেল; তিনি শোকভরে একান্ত অধীর হইয়া নানাবিধ করুণস্বরে বিলাপ করিতে লাগিলেন ॥ ৪৩ ॥

হায়! যদি কুসুমও দেহ-সংগত হইয়া, প্রাণ বিনাশে সমর্থ হইল; তবে বিধি সংহারাভিলাষী হইলে কোন্ বস্তু দ্বারা সংহার করিতে না পারেন? ॥ ৪৪ ॥

অথবা মৃদু বস্তু হিংসিতুং
মৃদুনৈবারভতে প্রজান্তকঃ।
হিমসেকবিপত্তিরত্র মে
নলিনী পূর্ব্বনিদর্শনং মতা ॥ ৪৫ ॥
স্রগিয়ং যদি জীবিতাপহা
হৃদয়ে কিং নিহিতা ন হন্তি মাম্।
বিষমপ্যমৃতং ক্বচিদ্ভবে-
দমৃতং বা বিষমীশ্বরেচ্ছয়া ॥ ৪৬ ॥

অথবেতি। অথবা পক্ষান্তরে প্রজান্তকঃ কালঃ মৃদু কোমলং বস্তু মৃদুনৈব বস্তুনা হিংসিতুং হন্তুম্ আরভতে উপক্রমতে। অত্রার্থে হিমসেকেন তুষারনিষ্যন্দেন বিপত্তির্যস্যাঃ সা নলিনী মে পূর্ব্বং প্রথমং নিদর্শনমুদাহরণং মতা ॥ ৪৫ ॥

স্রগিতি। ইয়ং স্রক্ জীবিতম্ অপহন্তীতি জীবিতাপহা যদি। হৃদয়ে বক্ষসি। "হৃদয়ং বক্ষসি স্বান্ত" ইত্যমরঃ। নিহিতা সতী মাং কিং ন হন্তি। ঈশ্বরেচ্ছয়া ক্বচিৎপ্রদেশে বিষমপ্যমৃতং ভবেৎ ক্বচিদমৃতং বা বিষং ভবেৎ। দৈবমেবাত্র কারণমিত্যর্থঃ ॥ ৪৬ ॥

অথবা কৃতান্ত কোমল বস্তুকে কোমল বস্তু দ্বারাই সংহার করিতে প্রবৃত্ত হইয়াছেন। এ বিষয়ে প্রথম দৃষ্টান্তই নলিনী। কারণ উহা শিশিরসম্পাতে বিনষ্ট হইয়া থাকে। অর্থাৎ যখন কুসুম প্রহারে ইন্দুমতীর মৃত্যু ঘটিল, তখন ইহা অপেক্ষা অশ্রুতপূর্ব্ব ও অদৃষ্টচর ঘটনা আর কি হইতে পারে? অথবা যখন নীহারপাতে কমলিনীকে বিনাশ প্রাপ্ত হইতে দেখা যাইতেছে, তখন বোধ হয়, কৃতান্ত কোমল বস্তুকে কোমল বস্তু দ্বারাই বিনাশ করিয়া থাকেন ॥ ৪৫ ॥

যদি এই মালাই প্রাণনাশে সমর্থ হইল, আমি ত ইহাকে হৃদয়ে ধারণ করিতেছি; কৈ আমাকে ত বিনাশ করিতেছে না। অতএব ইহা দ্বারা সপ্রমাণ হইতেছে যে, ঈশ্বরেচ্ছায় কোন স্থলে বিষও অমৃত হয় এবং অমৃতও বিষ হইয়া থাকে ॥ ৪৬ ॥

অথবা মম ভাগ্যবিপ্লবা-
দশনিঃ কল্পিতএষ বেধসা।
যদনেন তরুর্ন পাতিতঃ
ক্ষপিতা তদ্বিটপাশ্রিতা লতা ॥ ৪৭ ॥
কৃতবত্যসি নাবধীরণা-
মপরাদ্ধেঽপি যদা চিরং ময়ি।

অথবেতি। অথবা মম ভাগ্যস্য বিপ্লবাৎ বিপর্য্যয়াৎ এষ স্রগিত্যর্থঃ। বিধেয়প্রাধান্যাৎ পুংলিঙ্গনির্দ্দেশঃ। বেধসা বিধাত্রা অশনির্ব্বজ্র্যতোঽগ্নিঃ কল্পিতঃ। "দম্ভোলিরশনির্দ্বয়ো"রিত্যমরঃ। যৎ যস্মাদনেনাপ্যশনিনা প্রসিদ্ধা-শনিনেব তরুস্তরুস্থানীয়ঃ স্বয়মেব ন পাতিতঃ। কিন্তু তস্য তরোর্ব্বিটপাশ্রিতা লতা ক্ষপিতা নাশিতা ॥ ৪৭ ॥

কৃতেতি। ময়ি চিরং ভূরিশঃ অপরাদ্ধেঽপি অপরাধং কৃতবত্যপি। রাধেঃ কর্ত্তরি ক্তঃ। যদা যস্মাৎ হেতোঃ। যদেতি হেত্বর্থঃ স্বরাদৌ পঠ্যতে যদেতি হেতাবিতি গণব্যাখ্যানাৎ। অবধীরণামবজ্ঞাং ন কৃতবত্যসি। তৎ-কথম্ একপদে তৎক্ষণে। "স্যাত্তৎক্ষণ একপদ"মিতি বিশ্বঃ। নিরাগসং নিত-

---

অথবা আমার ভাগ্যদোষে বিধাতা ইহাকে এরূপ বজ্রোপাদানে সৃষ্টি করিয়াছেন যে ইহা দ্বারা পাদপ নিপাতিত না হইয়া, তাহার শাখাশ্রিত লতা বিনষ্ট হইল। অর্থাৎ যখন এই মালা ধারণে আমার প্রাণবিয়োগ না হইয়া প্রিয়তমা ইন্দুমতীর প্রাণবায়ু বহির্গত হইল; তখন বোধ হইতেছে আমারই ভাগ্য-দোষে বিধাতা ইহাকে এইরূপ বজ্র করিয়া সৃষ্টি করিলেন, যে ইহা দ্বারা পাদপ বিনষ্ট না হইয়া, তাহার আশ্রিত লতাই বিনষ্ট হইবে ॥ ৪৭ ॥

হে প্রিয়ে! আমি পূর্ব্বে পুনঃ পুনঃ অপরাধ করিলেও তুমি আমাকে কখন অনাদর কর নাই। এক্ষণে কোনও অপরাধ করি নাই, তথাচ তুমি কি নিমিত্ত আমাকে সম্ভাষণ করিতেছ না। হে মধুরভাষিণি! তুমি নিশ্চয়ই আমাকে শঠ ও কপট-প্রণয়ী মনে করিয়াছ। কারণ যে স্থান হইতে কখনও আর ফিরিয়া আসিবে না, সেই পরলোকে গমনকালে তুমি আমাকে একবার বলিয়াও গেলে না। অর্থাৎ অয়ি চারুহাসিনি! তুমি

কথমেকপদে নিরাগসং
জনমাভাষ্যমিমং ন মন্যসে ॥ ৪৮ ॥
ধ্রুবমস্মি শঠঃ শুচিস্মিতে
বিদিতঃ কৈতববৎসলস্তব।
পরলোকমসন্নিবৃত্তয়ে
যদনাপৃচ্ছ্য গতাসি মামিতঃ ॥ ৪৯ ॥
দয়িতাং যদি তাবদন্বগাৎ
বিনিবৃত্তং কিমিদং তয়া বিনা।
সহতাং হতজীবিতং মম
প্রবলামাত্মকৃতেন বেদনাম্ ॥ ৫০ ॥

রামনপরাধম্ ইমং জনম্। ইমমিতি স্বাত্মনির্দ্দেশঃ। মামিত্যর্থঃ আভাষ্যং সম্ভাষ্যং ন মন্যসে ॥ ৪৮ ॥

ধ্রুবমিতি। হে শুচিস্মিতে শঠোগূঢ়বিপ্রিয়কারী কৈতবেন কপটেন বৎসলঃ কৈতববৎসলইতি ধ্রুবং সত্যং তব বিদিতঃ ত্বয়া বিজ্ঞাতোঽস্মি। মতিবুদ্ধীত্যাদিনা কর্ত্তরি ক্তঃ। ক্তস্য চ বর্ত্তমানে ইতি কর্ত্তরি ষষ্ঠী। কুতঃ, যস্মাৎ মামনাপৃচ্ছ্য অনামন্ত্র্য ইতঃ অস্মাল্লোকাৎপরলোকম্ অসন্নিবৃত্তয়ে অপুনরাবৃত্তয়ে গতাসি ॥ ৪৯ ॥

দয়িতামিতি। ইদং মম হতজীবিতং তাবদ্দয়িতামন্বগাদন্বগচ্ছদ্যদি অন্বগাদেব। যদ্যত্রাবধারণে। পূর্ব্বং মূর্চ্ছিতত্বাদিতি ভাবঃ। তয়া বিনা কিং কিমর্থং বিনিবৃত্তম্ প্রত্যাগতং (প্রত্যাগমনং) ন যুক্তমিত্যর্থঃ। অতএবাত্মকৃতেন

যখন আমাকে সম্ভাষণ না করিয়া চিরকালের জন্য এস্থান হইতে পরলোকে প্রস্থান করিলে, তখন ইহাতে নিশ্চয়ই বোধ হইতেছে, তুমি আমাকে শঠ ও কপট প্রণয়ী বলিয়া স্থির করিয়াছ ॥ ৪৮—৪৯ ॥

রে দগ্ধজীবন! যদি তুই প্রিয়তমার অনুগমনই করিয়াছিলি, তবে তাঁহাকে পরিত্যাগ করিয়া প্রত্যাগমন করিলি কেন? এক্ষণে আত্মকৃত দুঃসহ বিরহবেদনা সহ্য কর্। অর্থাৎ হা কঠিনহৃদয়! তুই এখনও বিদীর্ণ হইতেছিস্ না কেন? হা কঠিন প্রাণ! তুই এখনও প্রস্থান করিতেছিস্ না?

স্বরতশ্রমসম্ভৃতোমুখে
ধ্রিয়তে স্বেদলবোদ্গমোঽপি তে।
অথ চাস্তমিতা ত্বমাত্মনা
ধিগিমাং দেহভৃতামসারতাম্ ॥ ৫১ ॥
মনসাপি ন বিপ্রিয়ং ময়া
কৃতপূর্ব্বং তব কিং জহাসি মাম্।
ননু শব্দপতিঃ ক্ষিতেরহং
ত্বয়ি মে ভাবনিবন্ধনা রতিঃ ॥ ৫২ ॥
কুসুমোৎখচিতান্ বলীভৃত-
শ্চলয়ন্ ভৃঙ্গরুচস্তবালকান্।

স্বচ্ছন্দেষ্টিতেন নিবৃত্তিরূপেণ প্রবলাং বেদনাং সহতাম্। স্বয়ঙ্কৃতাপরাধেষু সহিষ্ণুতৈব শরণমিতি ভাবঃ ॥ ৫০ ॥

স্বরতেতি। স্বরতশ্রমেণ সম্ভৃতোজনিতঃ স্বেদলবোদ্গমোঽপি তে তব মুখে ধ্রিয়তে বর্ত্ততে অথচ ত্বম্ আত্মনা স্বরূপেণ অস্তং নাশম্ ইতা প্রাপ্তা, অতঃ কারণাৎ দেহভৃতাং প্রাণিনাম্ ইমামসারতামস্থিরতাং ধিক্ ॥ ৫১ ॥

মনসেতি। ময়া মনসাপি তব বিপ্রিয়ং ন কৃতপূর্ব্বং পূর্ব্বং ন কৃতমিত্যর্থঃ। সুপ্সুপেতি সমাসঃ। কিং মাং জহাসি। ননু অহং ক্ষিতেঃ শব্দপতিঃ শব্দতএব পতিঃ নত্বর্থতইত্যর্থঃ ভাবনিবন্ধনা অভিপ্রায়নিবন্ধনা স্বভাবহেতুকা মে রতিস্তু ত্বয্যেব অস্তীতি শেষঃ ॥ ৫২ ॥

যদি অসহ্য বিরহ যাতনা ভোগ করিবার ইচ্ছা না থাকে, তবে পুনর্ব্বার প্রিয়ার অনুগমন কর্ ॥ ৫০ ॥

প্রিয়ে! তোমার মুখে এখনও সম্ভোগ শ্রমজনিত স্বেদ-বিন্দু (ঘর্ম্ম-বিন্দু) রহিয়াছে, কিন্তু ইহারই মধ্যে তুমি স্বয়ং প্রাণশূন্য হইলে; অতএব প্রাণীদিগের এইরূপ অসারতায় ধিক্ ॥ ৫১ ॥

আমি পূর্ব্বে মনেও তোমার কোন অপ্রিয় কার্য্য করি নাই, তবে তুমি আমাকে কি নিমিত্ত পরিত্যাগ করিলে; আমি বসুমতীর নাম মাত্র পতি, কিন্তু তোমার প্রতিই আমার স্বাভাবিক প্রগাঢ় প্রণয় নিবদ্ধ রহিয়াছে ॥ ৫২ ॥

করভোরু করোতি মারুত-
স্ত্বদুপাবর্ত্তনশঙ্কি মে মনঃ ॥ ৫৩ ॥
তদপোহিতুমর্হসি প্রিয়ে
প্রতিবোধেন বিষাদমাশু মে।
জ্বলিতেন গুহাগতং তম-
স্তুহিনাদ্রেরিব নক্তমোষধিঃ ॥ ৫৪ ॥
ইদমুচ্ছ্বসিতালকং মুখং
তব বিশ্রান্তকথং দুনোতি মাম্।

কুসুমেতি। কুসুমৈঃ উৎখচিতান্ উৎকৃষ্টেন রচিতান্ বলীভৃতো ভঙ্গীযুক্তান্ ভৃঙ্গরুচোনীলান্ তবালকান্ চলয়ন্ কম্পয়ন্ মারুতঃ হে করভোরু মে মনস্ত্বদুপাবর্ত্তনশঙ্কি তব পুনরাগমনে শঙ্কাবৎকরোতি ত্বদুজ্জীবনে শঙ্কাং কারয়তীত্যর্থঃ ॥ ৫৩ ॥

তদিতি। হে প্রিয়ে তত্তস্মাৎ কারণাৎ আশু মে বিষাদং দুঃখং, নক্তং রাত্রৌ ওষধিঃ তৃণজ্যোতিরাখ্যা লতা জ্বলিতেন প্রকাশেন তুহিনাদ্রের্গুহাগতং তমইব, প্রতিবোধেন জ্ঞানেন অপোহিতুং নিরসিতুমর্হসি ॥ ৫৪ ॥

ইদমিতি। ইদমুচ্ছ্বসিতালকং চলিতচূর্ণকুন্তলং বিশ্রান্তকথং নিবৃত্তসংলাপং তব মুখং, নিশি সুপ্তং নিমীলিতং বিরতঃ অভ্যন্তরাণামন্তর্বর্ত্তিনাং

হে করভোরু! সমীরণ তোমার কুসুম-সমলঙ্কৃত ভ্রমর-সম কৃষ্ণ-কুটিল-অলকাবলী কম্পিত করিয়া, তুমি যেন পুনর্জীবিত হইলে, আমার মনে এই আশঙ্কা জন্মাইয়া দিতেছে ॥ ৫৩ ॥

অতএব হে প্রিয়ে! নিশাকালে ওষধি সকল প্রজ্জলিত হইয়া, যেরূপ হিম-গিরির গুহাগত অন্ধকার দূর করে, তদ্রূপ তুমি অচিরে সংজ্ঞালাভ করিয়া আমার মনোগত বিষাদ অপনয়ন কর ॥ ৫৪ ॥

তোমার অলক, বায়ুভরে সঞ্চালিত হইতেছে; কিন্তু বাক্য-স্ফুরণ হইতেছে না। সুতরাং তোমার এই পবন কম্পিত অলক-শোভী বদন, রজনী-যোগে মুকুলিত ও অভ্যন্তরে ভ্রমর-ধ্বনিশূন্য পদ্মের ন্যায় আমাকে নিতান্ত সন্তপ্ত করিতেছে। অর্থাৎ মুকুলিত ও অভ্যন্তরে ভ্রমর-ধ্বনি-রহিত নৈশ

নিশি সুপ্তমিবৈকপঙ্কজং
বিরতাভ্যন্তরষট্পদস্বনম্ ॥ ৫৫ ॥
শশিনং পুনরেতি শর্ব্বরী
দয়িতা দ্বন্দ্বচরং পতত্রিণম্।
ইতি তৌ বিরহান্তরক্ষমৌ
কথমত্যন্তগতা ন মাং দহেঃ ॥ ৫৬ ॥
নবপল্লবসংস্তরেঽপি তে
মৃদু দূয়েত যদঙ্গমর্পিতম্।

ষট্পদানাং স্বনোযত্র তৎ নিঃশব্দভৃঙ্গমিত্যর্থঃ একপঙ্কজমিব, মাং দুনোতি পরিতাপয়তি ॥ ৫৫ ॥

শশিনমিতি। শর্ব্বরী রাত্রিঃ শশিনং চন্দ্রং পুনরেতি প্রাপ্নোতি, দ্বন্দ্বীভূয় চরতীতি দ্বন্দ্বচরস্তং পতত্রিণং চক্রবাকং দয়িতা চক্রবাকী পুনরেতি, ইতি হেতোঃ তৌ চন্দ্রচক্রবাকৌ বিরহান্তরক্ষমৌ বিরহাবধি সহৌ। "অন্তরমবকাশাবধিপরিধানান্তর্দ্ধিভেদতাদর্থ্যে" ইত্যমরঃ। অত্যন্তগতা পুনরাবৃত্তিরহিতা ত্বন্তু কথং ন মাং দহেঃ অপিতু দহেরেবেত্যর্থঃ ॥ ৫৬ ॥

নবেতি। নবপল্লবসংস্তরে নূতনপ্রবালাস্তরণেঽপি অর্পিতং স্থাপিতং মৃদু তে তব যদঙ্গং শরীরং দূয়েত পরিতপ্তং ভবেৎ। বামৌ সুন্দরৌ উরূ যস্যাঃ সা হে বামোরু। "বামং স্যাৎ সুন্দরে সব্য" ইতি কেশবঃ। সংহিত-

---

কমল, যেমন লোকের আনন্দ উৎপাদন করিতে পারে না, তদ্রূপ ইন্দুমতীর কম্পিত অলক-শোভী মলিন বদন, বাক্যোচ্চারণে অসমর্থ হওয়াতে, অজের প্রীতি জন্মাইতে পারিল না ॥ ৫৫ ॥

রজনী শশীকে এবং চক্রবাকী সহচর চক্রবাককে পুনর্ব্বার প্রাপ্ত হয় বলিয়া, শশী ও চক্রবাক স্বল্পকালস্থায়ী বিরহ যাতনা সহ্য করিতে পারে; কিন্তু তুমি আমা হইতে একেবারে অন্তর্হিত হইয়াছ; অতএব তোমার বিরহ, আমাকে দগ্ধ করিবে না কেন? ॥ ৫৬ ॥

নবপল্লব রচিত শয্যায় শয়ন করিয়া তোমার যে কোমল শরীর, ক্লেশ

তদিদং বিষহিষ্যতে কথং
বদ বামোরু চিতাধিরোহণম্ ॥ ৫৭ ॥
ইয়মপ্রতিবোধশায়িনীং
রশনা ত্বাং প্রথমা রহঃসখী।
গতিবিভ্রমসাদনীরবা
ন শুচা নানুমৃতেব লক্ষ্যতে ॥ ৫৮ ॥
কলমন্যভৃতাসু ভাষিতং
কলহংসীষু মদালসং গতম্।

শফলক্ষণেত্যাদিনা উঙ্‌প্রত্যয়ঃ। তদিদমঙ্গং চিতায়াঃ কাষ্ঠসঞ্চয়স্যাধিরোহণং কথং বিষহিষ্যতে বদ ॥ ৫৭ ॥

ইয়মিতি। ইয়ং প্রথমা রহঃসখী সুরতসময়েঽপ্যনুযানাদিতি ভাবঃ। গতিবিভ্রমসাদেন নীরবা বিলাসোপরমেণ নিঃশব্দা রশনা মেখলা অপ্রতিবোধম্ অপুনরুদ্বোধং যথা তথা শায়িনীং মৃতামিত্যর্থঃ ত্বাম্ অনু ত্বয়া সহ। তৃতীয়ার্থ ইত্যনুশব্দস্য কর্ম্মপ্রবচনীয়ত্বেন কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া। শুচা শোকেন মৃতেব ন লক্ষ্যতইতি ন লক্ষ্যতএবেত্যর্থঃ। সম্ভাব্যনিষেধনিবর্ত্তনায় দ্বৌ প্রতিষেধৌ ॥ ৫৮ ॥

কলমিতি, ত্রিদিবেতি। যুগ্মম্। অন্যভৃতাসু কোকিলাসু কলং মধুরং ভাষিতং ভাষণম্, কলহংসীষু মদালসং মন্থরং গতং গমনম্, পৃষতীষু হরি-

---

অনুভব করিত, এক্ষণে সেই শরীর চিতারোহণ-ক্লেশ কিরূপে সহ্য করিবে? ॥ ৫৭ ॥

এই রশনা (চন্দ্রহার) সুরত-রঙ্গে (রমণ-নৃত্যে) অনুগামিনী হইয়া, তোমার প্রধান রহস্য-সখী হইয়াছিল, এক্ষণে ইহা তোমার চির-নিদ্রা দর্শনে বিলাস গমনের বিরামে নীরব হইয়া রহিয়াছে; সুতরাং শোকে অনুমৃতার ন্যায় কি পরিলক্ষিত হইতেছে না? ॥ ৫৮ ॥

হে সুন্দরি! তুমি সুরলোক গমনে একান্ত সমুৎসুক হইয়া, নিশ্চয়ই আমার ক্লেশ নিবারণার্থে কোকিলায় মধুরালাপ, রাজহংসীতে মন্থরগতি, হরিণীতে চঞ্চল দৃষ্টি-ভঙ্গী এবং পবন-চালিত লতায় হাবভাব (অঙ্গভঙ্গী)

পৃষতীষু বিলোলমীক্ষিতং
পবনাধূতলতাসু বিভ্রমাঃ ॥ ৫৯ ॥
ত্রিদিবোৎসুকয়াপ্যবেক্ষ্য মাং
নিহিতাঃ সত্যমমী গুণাস্ত্বয়া ।
বিরহে তব মে গুরুব্যথং
হৃদয়ং ন ত্ববলম্বিতুং ক্ষমাঃ ॥ ৬০ ॥
মিথুনং পরিকল্পিতং ত্বয়া
সহকারঃ ফলিনী চ নম্বিমৌ ।
অবিধায় বিবাহসংক্রিয়া-
মনয়োর্গম্যতইত্যসাম্প্রতম্ ॥ ৬১ ॥

তীষু বিলোলমীক্ষিতং চঞ্চলা দৃষ্টিঃ, পবনেন বায়ুনা আধূতলতাসু ঈষৎকম্পিত-লতাষু বিভ্রমা বিলাসাঃ ॥ ৫৯ ॥

অমী পূর্ব্বোক্তাঃ কলভাষণাদয়োগুণাঃ, এষু কোকিলাদিস্থানেম্বিতি শেষঃ। ত্রিদিবোৎসুকয়াপি ইহ জীবন্ত্যেব স্বর্গং প্রতি প্রস্থিতয়াপি ত্বয়া মামবেক্ষ্য বিরহাসহং বিচার্য্য সত্যং নিহিতাঃ মৎপ্রাণধারণোপায়তয়া স্থাপিতা ইত্যর্থঃ তব বিরহে গুরুব্যথমতিদুঃখং মে হৃদয়মবলম্বিতুং ন ক্ষমাঃ ন শক্তাঃ। তে তু ত্বৎসঙ্গমে এব সুখকারিণঃ নান্যথা প্রত্যুত প্রাণানপহরন্তীতি ভাবঃ ॥ ৬০ ॥

মিথুনমিতি। নমু হে প্রিয়ে! সহকারশ্চূতবিশেষঃ ফলিনী প্রিয়ঙ্গুলতা চ ইমৌ ত্বয়া মিথুনং পরিকল্পিতং মিথুনত্বেনাভ্যমানি। অনয়োঃ ফলিনী-

---

রাখিয়া গিয়াছ ; কিন্তু তোমার বিরহে আমার হৃদয় গুরু ব্যথায় ব্যথিত হইয়া, ঐ সকল দ্বারা ধৈর্য্য ধারণে সমর্থ হইতেছে না ॥ ৫৯—৬০ ॥

এই সহকার তরু ও প্রিয়ঙ্গুলতাকে তুমি পতিপত্নী করিয়া দিবে বলিয়া সঙ্কল্প করিয়াছিলে ; কিন্তু এক্ষণে ইহাদের বিবাহ কার্য্য সম্পন্ন না করিয়াই গমন করিলে, ইহা তোমার পক্ষে নিতান্ত অনুচিত কার্য্য হইয়াছে। অর্থাৎ "আর্য্যপুত্র! এই সহকার আশ্রিতা প্রিয়ঙ্গুলতাকে ইহার সহিত বিবাহ প্রদান না করিয়া, আমাদের এস্থান হইতে যাওয়া উচিত হইতেছে না" ; তুমি যে

কুসুমং কৃতদোহদস্ত্বয়া
যদশোকোঽয়মুদীরয়িষ্যতি।
অলকাভরণং কথম্ নু তৎ
তব নেষ্যামি নিবাপমাল্যতাম্ ॥ ৬২ ॥
স্মরতেব সশব্দনূপুরং
চরণানুগ্রহমন্যদুর্লভম্।
অমুনা কুসুমাশ্রুবর্ষিণা
ত্বমশোকেন সুগাত্রি শোচ্যসে ॥ ৬৩ ॥

সহকারয়োর্ব্বিবাহসংক্রিয়াং বিবাহমঙ্গলমভিধায় অকৃত্বা গম্যতইত্যসাম্প্রতময়ুক্তম্। মাতৃহীনানাং ন কিঞ্চিৎ সুখমস্তীতি ভাবঃ ॥ ৬১ ॥

কুসুমমিতি। বৃক্ষাদিপোষকং দোহদম্। ত্বয়া কৃতং দোহদং পাদতাড়নরূপং যস্য সঃ অয়মশোকো যৎ কুসুমম্ উদীরয়িষ্যতি প্রসবিষ্যতে তবালকানামাভরণম্ আভরণভূতং তৎ কুসুমং কথং নিবাপমাল্যতাং নেষ্যামি। "নিবাপঃ পিতৃদানং স্যা"দিত্যমরঃ ॥ ৬২ ॥

স্মরতেতি। অন্যদুর্লভং কিন্তু স্মর্ত্তব্যমেবেত্যর্থঃ সশব্দং নূপুরং যস্য তং চরণেনানুগ্রহং পাদেন তাড়নরূপং স্মরতেব কুসুমান্যেবাশ্রূণি তদ্বর্ষিণা অমুনা অশোকেন হে সুগাত্রি! অঙ্গগাত্রকণ্ঠেভ্যশ্চেতি বক্তব্যাৎ ঙীপ্। ত্বং শোচ্যসে ॥ ৬৩ ॥

এরূপ সঙ্কল্প করিয়াছিলে, তাহা এক্ষণে সম্পাদন না করিয়াই যাইতেছ, ইহা নিতান্তই অন্যায় হইতেছে ॥ ৬১ ॥

তোমা কর্ত্তৃক পাদতাড়নাদিরূপ দোহদ (সাধ) প্রাপ্ত হইয়া, এই অশোক তরু যে পুষ্প প্রসব করিবে, তোমার অলকাশোভী সেই পুষ্প, আমি কেমন করিয়া তোমার অন্ত্যেষ্টি-সময়োচিত মাল্যের কার্য্যে প্রয়োগ করিব ॥ ৬২ ॥

হে সুগাত্রি! এই অশোক তরু, অন্যের দুর্লভ নূপুর-ধ্বনি-বিশিষ্ট তোমার চরণ-প্রহাররূপ অনুগ্রহ স্মরণ করিয়াই যেন কুসুমাশ্রু বর্ষণ করিয়া তোমার নিমিত্ত শোক প্রকাশ করিতেছে ॥ ৬৩ ॥

তব নিঃশ্বসিতানুকারিভি-
র্বকুলৈরর্দ্ধচিতাং সমং ময়া।
অসমাপ্য বিলাসমেখলাং
কিমিদং কিন্নরকণ্ঠি সুপ্যতে ॥ ৬৪ ॥
সমদুঃখসুখঃ সখীজনঃ
প্রতিপচ্চন্দ্রনিভোঽয়মাত্মজঃ।
অহমেকরসস্তথাপি তে
ব্যবসায়ঃ প্রতিপত্তিনিষ্ঠুরঃ ॥ ৬৫ ॥

তবেতি। তব নিঃশ্বসিতানুকারিভিঃ বকুলৈঃ বকুলকুসুমৈঃ ময়া সমং সার্দ্ধম্ অর্দ্ধচিতাম্ অর্দ্ধং যথা তথা রচিতাং বিলাসমেখলাম্ অসমাপ্য কিন্নরস্য দেবযোনিবিশেষস্য কণ্ঠইব কণ্ঠোযস্যাঃ তৎসম্বুদ্ধিঃ হে কিন্নরকণ্ঠি! অঙ্গ-গাত্রকণ্ঠেভ্যশ্চেতি ঙীপ্। কিমিদং সুপ্যতে। বচি স্বপোরিত্যাদিনা সম্প্র-সারণম্। অনুচিতমিদং স্বপনমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

সমেতি। সখীজনঃ সমদুঃখসুখঃ ত্বদ্দুঃখেন দুঃখী ত্বৎসুখেন সুখীত্যর্থঃ। অয়মাত্মজোবালঃ প্রতিপচ্চন্দ্রনিভঃ দর্শনীয়োবর্দ্ধিষ্ণুশ্চেত্যর্থঃ। প্রতিপচ্ছব্দেন দ্বিতীয়া লক্ষ্যতে প্রতিপদি চন্দ্রস্যাদর্শনাৎ। অহমেকরসোঽভিন্নরাগঃ। "শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে গুণে রাগে দ্রবে রস" ইত্যমরঃ। তথাপি জীবিত-সামগ্রীসত্ত্বেঽপীত্যর্থঃ তে তব ব্যবসায়োঽস্মৎ পরিত্যাগরূপোব্যাপারঃ প্রতি-পত্ত্যা নিশ্চয়েন নিষ্ঠুরঃ। "প্রতিপত্তিঃ পদপ্রাপ্তৌ প্রবৃত্তৌ গৌরবেপি চ। প্রাগল্ভে চ প্রবোধে চ" ইতি বিশ্বঃ। স্মর্ত্তুং ন শক্যং কিমুতাধিকর্ত্তুমিতি ভাবঃ ॥ ৬৫ ॥

প্রবুদ্ধেতি। পুনঃ কীদৃশং প্রবুদ্ধে বিকসিতে পুণ্ডরীকে ইবাক্ষিণী যস্য তং দিবসে তু পুণ্ডরীকমেবাক্ষি যস্যেতি বিগ্রহঃ বালাতপনিভমংশুকং যস্য তং পীতাম্বরধরমিত্যর্থঃ অন্যত্র বালাতপব্যাজাংশুকমিত্যর্থঃ। "নিভোব্যাজসদৃক্ষয়ো"রিতি বিশ্বঃ। প্রকৃষ্ট আরম্ভো যোগো যেষাং তে প্রারম্ভা যোগিনঃ তেষাং সুখদর্শনম্। অন্যত্র প্রারম্ভে আদৌ সুখদর্শনং শারদং শরৎসম্বন্ধিনং দিবসমিব স্থিতম্ ॥ ৯ ॥

প্রভেতি। পুনঃ কিংবিধং প্রভয়ানুলিপ্তমনুরঞ্জিতং শ্রীবৎসং নাম লাঞ্ছনং যেন তং লক্ষ্ম্যাঃ বিভ্রমদর্পণং কৌস্তুভইতি আখ্যা যস্য তম্ অপাং সামুদ্রাণাং সারং স্থিরাংশং মণিমিত্যর্থঃ বৃহতা উরসা বিভ্রাণম্ ॥ ১০ ॥

আরও দেখিলেন, পদ্মাসনা দেবী লক্ষ্মী, দুকূলনিহিত (বস্ত্রোপরি বিন্যস্ত) মেখলাদামোপরি অলঙ্কৃত করপল্লব সন্নিবেশিত করিয়া বিষ্ণুর চরণদ্বয় ধারণ করিয়া আছেন ॥ ৮ ॥

তরুণ-অরুণ-কিরণ-সদৃশ পীতবসন পরিধায়ী পদ্মলোচন, সেই পরমপুরুষ, শারদীয় প্রাতঃকালের ন্যায় অতিশয় সুখদর্শন হইয়াছেন ॥ ৯ ॥

তাঁহার বিশাল বক্ষঃস্থলে কমলার (লক্ষ্মীর) বিলাসদর্পণ-স্বরূপ সমুদ্রের সারভূত কৌস্তুভ মণি থাকায়, তাহার প্রভাপুঞ্জে ভগবানের শ্রীবৎস চিহ্ন (বিষ্ণুর বক্ষঃস্থিত শুক্লবর্ণের দক্ষিণাবর্ত্ত-লোমরাজি) অনুরঞ্জিত হইতেছে ॥১০॥

বাহুভির্ব্বিটপাকারৈর্দ্দিব্যাভরণভূষিতৈঃ ।
আবির্ভূতমপাং মধ্যে পারিজাতমিবাপরম্ ॥ ১১ ॥
দৈত্যস্ত্রীগণ্ডলেখানাং মদরাগবিলোপিভিঃ ।
হেতিভিশ্চেতনাবদ্ভিরুদীরিতজয়স্বনম্ ॥ ১২ ॥
মুক্তশেষবিরোধেন কুলিশব্রণলক্ষ্মণা ।
উপস্থিতং প্রাঞ্জলিনা বিনীতেন গরুত্মতা ॥ ১৩ ॥

বাহুভিরিতি। বিটপাকারৈঃ শাখাকারৈঃ দিব্যাভরণভূষিতৈঃ বাহুভিরুপলক্ষিতম্ অতএব অপাং সৈন্ধবীনাং মধ্যে আবির্ভূতমপরং দ্বিতীয়ং পারিজাতমিব স্থিতম্ ॥ ১১ ॥

দৈত্যেতি। দৈত্যস্ত্রীগণ্ডলেখানাম্ অসুরাঙ্গনাগণ্ডস্থলীনাং যো মদরাগঃ তং বিলুম্পন্তি হরন্তীতি মদরাগবিলোপিনঃ তৈশ্চেতনাবদ্ভিঃ সজীবৈর্হেতিভিঃ সুদর্শনাদিভিঃ শস্ত্রৈঃ। "রবেরর্চ্চিশ্চ শস্ত্রঞ্চ বহ্নিজ্বালা চ হেতয়" ইত্যমরঃ। উদীরিতজয়স্বনং জয়শব্দমুদ্ঘোষয়ন্তীভিঃ মূর্ত্তিমতীভিঃ অস্ত্রদেবতাভিরুপাস্যমানমিত্যর্থঃ ॥ ১২ ॥

মুক্তেতি। মুক্তো ভগবৎসন্নিধানাৎ ত্যক্তঃ শেষেণ সহ বিরোধঃ সহজমপি বৈরং যেন তেন কুলিশব্রণা অমৃতাহরণকালে ইন্দ্রযুদ্ধে যে বজ্রপ্রহারাস্ত এব লক্ষ্মাণি যস্য স তেন প্রবদ্ধঃ অঞ্জলির্যেন তেন প্রাঞ্জলিনা প্রবদ্ধাঞ্জলিনেত্যর্থঃ বিনীতেনানুদ্ধতেন গরুত্মতা উপস্থিতম্ উপাসিতম্। পুরা কিল তেন বিষ্ণুনা প্রাঞ্জলি-প্রার্থিতেন দুহিতুর্গুণকেশ্যাঃ পত্যুঃ কস্যচিৎ সর্পস্য গরুড়াদভয়দানে কৃতে স্ববিপক্ষরক্ষণক্ষুভিতং পক্ষিরাজং ত্বদ্বোঢ়াহং ত্বত্তো-

---

সেই স্বর্গীয় পুরুষের বাহুসকল বিটপাকার এবং বিবিধ ভূষণে বিভূষিত; সুতরাং সেই সময়ে তাঁহাকে দেখিয়া বোধ হইল, যেন অপর একটী পারিজাত বৃক্ষ জলধি-গর্ভে আবির্ভূত হইয়াছে ॥ ১১ ॥

দেবগণ আরও দেখিলেন, যাহারা অসুরাঙ্গনাদিগের গণ্ডস্থল হইতে মদরাগ বিলুপ্ত করিয়াছিল; সেই সুদর্শন প্রভৃতি সজীব অস্ত্রসকল তাঁহার নিকট জয়ধ্বনি করিতেছে ॥ ১২ ॥

কুলিশ-ব্রণশোভী-দেহধারী বিনতানন্দন গরুড়, বাসুকির সহিত চিরবিরোধ পরিত্যাগ করিয়া কৃতাঞ্জলিপুটে বিনীতভাবে অবস্থিত আছে ॥ ১৩ ॥

যোগনিদ্রান্তবিষদৈঃ পাবনৈরবলোকনৈঃ।
ভৃগ্বাদীননুগৃহ্নন্তং সৌখশায়নিকানৃষীন্॥ ১৪॥

প্রণিপত্য সুরাস্তস্মৈ শময়িত্রে সুরদ্বিষাম্।
অথৈনং তুষ্টুবুস্তুত্যমবাঙ্মনসগোচরম্॥ ১৫॥

নমো বিশ্বসৃজে পূর্ব্বং বিশ্বং তদনু বিভ্রতে।
অথ বিশ্বস্য সংহর্ত্রে তুভ্যং ত্রেধা স্থিতাত্মনে॥ ১৬॥

বলাঢ্যইতি গর্ব্বিতং স্ববামতর্জ্জনীভারেণৈব ভগবান্ বিনিনায়েতি মহান্তারতীয়াং কথাং সূচয়তি বিনীতেনেত্যনেন॥ ১৩॥

যোগেতি। যোগো মনসোবিষয়ান্তরব্যাবৃত্তিঃ তদ্রূপা যা নিদ্রা তস্যা অন্তে অবসানে বিষদৈঃ প্রসন্নৈঃ পাবনৈঃ শোধনৈঃ অবলোকনৈঃ সুখশয়নং পৃচ্ছন্তীতি সৌখশায়নিকাঃ তান্। পৃচ্ছতৌ সুস্নাতাদিভ্য ইত্যুপসংখ্যানাঠ্ঠক্ প্রত্যয়ঃ। ভৃগ্বাদীনৃষীননুগৃহ্নন্তম্॥ ১৪॥

প্রণিপত্যেতি। অথ দর্শনানন্তরং সুরাঃ সুরদ্বিষামসুরাণাং শময়িত্রে বিনাশকায় তস্মৈ বিষ্ণবে প্রণিপত্য স্তুত্যং স্তোত্রার্হম্। এতিস্তু শাধৃদৃজুষঃ ক্যপ্ ইতি ক্যপ্প্রত্যয়ঃ। বাক্চ মনশ্চ বাঙ্মনসে। অচতুরে ত্যচ্প্রত্যয়ান্তো-নিপাতঃ। তয়োর্গোচরোবিষয়ো ন ভবতীত্যবাঙ্মনসগোচরস্তম্ এনং বিষ্ণুং তুষ্টুবুঃ॥ ১৫॥

নমইতি। পূর্ব্বমাদৌ বিশ্বসৃজে বিশ্বস্রষ্ট্রে তদনু স্বর্গানন্তরং বিশ্বং বিভ্রতে

যে ভৃগু প্রভৃতি মহর্ষিগণ, সেই লোকনাথ বিষ্ণুকে সুষুপ্তি নিদ্রার বিষয় জিজ্ঞাসা করিবার জন্য সমাগত হইয়াছেন, তিনিও যোগনিদ্রার অবসানে পবিত্র ও প্রসন্ন দৃষ্টিপাত দ্বারা তাঁহাদের প্রতি অনুগ্রহ প্রকাশ করিলেন॥১৪॥

অনন্তর দেবগণ, অসুর-সংহারকারী বাক্য ও মনের অতীত স্তুত্য ভগবান্ বিষ্ণুকে প্রণিপাতপূর্ব্বক স্তব করিতে প্রবৃত্ত হইলেন॥ ১৫॥

ভগবন্! তুমি অগ্রে এই পরিদৃশ্যমান বিশ্বসংসার সৃষ্টি করিয়াছ, পরে ইহা প্রতিপালন করিতেছ, পরিশেষে ইহাকে সংহার করিবে; অতএব তুমি সত্ত্ব, রজ ও তমোময়, তোমাকে নমস্কার। অর্থাৎ হে ভগবন্! তোমাতে সৃষ্টি, স্থিতি ও প্রলয়রূপ ত্রিবিধ শক্তি বর্ত্তমান আছে, সুতরাং

রসান্তরাণ্যেকরসং যথা দিব্যং পয়োঽশ্নুতে।
দেশে দেশে গুণেষ্বেবমবস্থাস্ত্বমবিক্রিয়ঃ ॥ ১৭ ॥
অমেয়ো মিতলোকস্ত্বমনর্থী প্রার্থনাবহঃ।
অজিতো জিষ্ণুরত্যন্তমব্যক্তোব্যক্তকারণম্‌ ॥ ১৮ ॥

অথ বিশ্বস্য সংহর্ত্রে এবং ত্রেধা স্থষ্টিস্থিতিসংহারকর্ত্তৃত্বেন স্থিত আত্মা স্বরূপং যস্য তস্মৈ ব্রহ্মবিষ্ণুহরাত্মনে তুভ্যং নমঃ ॥ ১৬ ॥

নন্বু কূটস্থস্য কথং ত্রৈরূপ্যমিত্যাশঙ্ক্যোপাধিকমিত্যাহ ;—রসান্তরাণীতি। একরসং মধুরৈকরসং দিবি ভবং দিব্যং পয়ঃ বর্ষোদকং দেশে দেশে উষরাদিদেশে অন্যান্ রসান্ রসান্তরাণি লবণাদীনি যথা অশ্নুতে প্রাপ্নোতি এবমবিক্রিয়োনির্ব্বিকারঃ একরূপইত্যর্থঃ ত্বং গুণেষু সত্ত্বাদিষু অবস্থাঃ স্রষ্টৃত্বাদিরূপা অশ্নষে ॥ ১৭ ॥

অমেয়ইতি। হে দেব! ত্বমমেয়ো লোকৈরিয়ত্তয়া ন পরিচ্ছেদ্যঃ মিতলোকঃ পরিচ্ছিন্নলোকঃ অনর্থী নিস্পৃহঃ। আবহতীতি আবহঃ। পচাদ্যচ্। প্রার্থনানাম্ আবহঃ কামদঃ। অজিতঃ অন্যৈর্ন জিতঃ। জিষ্ণুর্জ্জয়শীলঃ। অত্যন্তমব্যক্তঃ অতিসূক্ষ্মরূপঃ ব্যক্তস্য স্থূলস্য কারণম্ ॥ ১৮ ॥

তুমি এই বিশ্বসংসার সত্ত্বগুণে সৃষ্টি, রজোগুণে পালন ও তমোগুণে সংহার করিয়া থাক ॥ ১৬ ॥

যেমন দিব্য জল (বৃষ্টির জল) একমাত্র মধুররসবিশিষ্ট হইলেও দেশভেদে তাহার বিভিন্ন আস্বাদ হইয়া থাকে, তদ্রূপ তুমি অদ্বিতীয় হইলেও সত্ত্ব, রজ ও তমঃ এই গুণত্রয়ভেদে মূর্ত্তিত্রয় ধারণ করিতেছ। অর্থাৎ যেমন মধুররসবিশিষ্ট বৃষ্টির জল সমুদ্র প্রভৃতি পাত্রবিশেষে পতিত হইয়া লবণ প্রভৃতি রস প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ তুমিও একমাত্র নির্ব্বিকার হইয়া সৃষ্টি, স্থিতি ও প্রলয়; এই বিশেষ বিশেষ কার্য্যের নিমিত্ত সত্ত্ব, রজ ও তমঃ, এই ত্রিবিধ অবস্থা প্রাপ্ত হইয়া থাক ॥ ১৭ ॥

তোমার সমস্ত সৃষ্ট বস্তুরই সীমা আছে, কিন্তু তোমার সীমা নির্দ্ধারণ করা অতি সুকঠিন; তোমার কোন বিষয়েই স্পৃহা নাই, কিন্তু তুমি সকলেরই অভিলাষ পূর্ণ করিতেছ; তুমি জয়শীল, তোমাকে কেহ পরাজয় করিতে সমর্থ হয় না; তুমি অতি সূক্ষ্ম হইয়াও স্থূল পদার্থের সৃষ্টিকর্ত্তা ॥১৮॥

হৃদয়স্থমনাসন্নমকামং ত্বাং তপস্বিনম্।
দয়ালুমনঘস্পৃষ্টং পুরাণমজরং বিদুঃ ॥ ১৯ ॥
সর্ব্বজ্ঞস্ত্বমবিজ্ঞাতঃ সর্ব্বযোনিস্ত্বমাত্মভূঃ।
সর্ব্বপ্রভুরনীশস্ত্বমেকস্ত্বং সর্ব্বরূপভাক্ ॥ ২০ ॥

হৃদয়েতি। হে দেব! ত্বাং হৃদয়স্থং সর্ব্বান্তর্যামিতয়া নিত্যসন্নিহিতং তথাপ্যনাসন্নম্ অগম্যরূপত্বাৎ বিপ্রকৃষ্টঞ্চ বিদুঃ তথা অকামং ন কামোঽভিলাষোঽস্য তং পরিপূর্ণত্বান্নিঃস্পৃহত্বাচ্চ নিষ্কামং তথাপি তপস্বিনং প্রশস্ততপোযুক্তং বিদুঃ, যোনিষ্কামঃ স কথং তপঃ কুরুতইতি বিরোধঃ পরিহারস্তু ঋষিরূপেণ দুস্তরং তপস্তপ্যতে। দয়ালুং পরদুঃখপ্রহরণপরং তথাপ্যনঘস্পৃষ্টং নিত্যানন্দস্বরূপত্বাদদুঃখিনং বিদুঃ। "অঘং দুরিতদুঃখয়ো"রিতি বিশ্বঃ। দয়ালুরদুঃখী চেতি বিরোধঃ। "ঈর্ষী ঘৃণী ত্বসন্তুষ্টঃ ক্রোধনোনিত্যশঙ্কিতঃ। পরভাগ্যোপজীবী চ ষড়েতে নিত্যদুঃখিতা"ইতি মহাভারতে। পুরাণমনাদিমজরং নির্ব্বিকারত্বাদক্ষরং বিদুঃ চিরন্তনং ন জীর্য্যতইতি বিরোধালঙ্কারঃ। উক্তঞ্চ "আভাসত্বে বিরোধস্য বিরোধালঙ্কৃতির্ম্মতে"তি। বিরোধেন চালৌকিকং মহিমত্বং ব্যজ্যতে ॥ ১৯ ॥

সর্ব্বজ্ঞইতি। ত্বং সর্ব্বং জানাতীতি সর্ব্বজ্ঞঃ। ইগুপধেতি কপ্রত্যয়ঃ। অবিজ্ঞাতো ন কেনাপি বিজ্ঞাতইত্যর্থঃ। ত্বং সর্ব্বস্য যোনিঃ কারণং ত্বমাত্মনএব ভবতীত্যাত্মভূঃ ন তে কিঞ্চিৎ কারণমস্তীত্যর্থঃ। ত্বং সর্ব্বস্য প্রভুঃ ত্বমনীশঃ ত্বমেকঃ সর্ব্বরূপভাক্ ত্বমেক এব সর্ব্বাত্মনা বর্ত্তসে ॥ ২০ ॥

হে দেব! তুমি সর্ব্বদা হৃদয়মধ্যে অবস্থান করিয়াও সুদূরে অবস্থিতি করিতেছ, তুমি স্বয়ং নিষ্কাম হইয়াও তপোনুষ্ঠান করিতেছ, তুমি অতি দয়ালু হইয়াও সর্ব্বদা নিত্যানন্দ-স্বরূপ; সুতরাং তোমাতে দুঃখের লেশমাত্র নাই; তুমি অতি প্রাচীন হইয়াও কখনই জীর্ণ হও না ॥ ১৯ ॥

তুমি সর্ব্বজ্ঞ, কিন্তু তোমার অবস্থা কেহ বিদিত হইতে সমর্থ হয় না; তুমি স্বয়ম্ভু, কিন্তু তোমা হইতেই সমস্ত উৎপন্ন হইয়াছে; তুমি সকলের প্রভু, কিন্তু তোমার উপর কেহ আধিপত্য করিতে সমর্থ হয় না; তুমি একমাত্র (অদ্বিতীয়) হইয়াও সমস্ত পদার্থেই অবস্থান করিতেছ ॥ ২০ ॥

সপ্তসামোপগীতং ত্বাং সপ্তার্ণবজলেশয়ম্‌ ।
সপ্তার্চ্চির্ম্মুখমাচখ্যুঃ সপ্তলোকৈকসংশ্রয়ম্‌ ॥ ২১ ॥
চতুর্ব্বর্গফলং জ্ঞানং কালাবস্থাশ্চতুর্যুগাঃ ।
চতুর্ব্বর্ণময়ো লোকস্ত্বত্তঃ সর্ব্বং চতুর্ম্মুখাৎ ॥ ২২ ॥
অভ্যাসনিগৃহীতেন মনসা হৃদয়াশ্রয়ম্‌ ।

সপ্তেতি। হে দেব! ত্বাং সপ্তভিঃ সামভিঃ রথন্তরাদিভিরুপগীতম্‌। তদ্ধিতার্থেত্যুত্তরপদসমাসঃ। সপ্তানামর্ণবানাং জলং সপ্তার্ণবজলং পূর্ব্ববৎ সমাসঃ। তত্র শেতে যঃ স সপ্তার্ণবজলেশয়ঃ তম্‌। শয়বাসবাসিম্বকালাদিত্য-লুক্‌। সপ্তার্চ্চির্মুখং যস্ত তম্‌। অগ্নিমুখা বৈ দেবা ইতি শ্রুতেঃ। সপ্তানাং লোকানাং ভূর্ভুবঃস্বরাদীনাম্‌ একসংশ্রয়ম্‌ এবংভূতমাচখ্যুঃ ॥ ২১ ॥

চতুরিতি। চতুর্ণাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং বর্গঃ চতুর্ব্বর্গঃ। "ত্রিবর্গো ধর্ম্ম-কামার্থৈশ্চতুর্ব্বর্গঃ সমোক্ষকৈ"রিত্যমরঃ। তৎফলকং যৎ জ্ঞানং চত্বারি যুগানি কৃতত্রেতাদীনি যাসু তাঃ চতুর্যুগাঃ কালাবস্থাঃ কালপরিমাণং চত্বারোবর্ণাঃ প্রকৃতাঃ উচ্যন্তে যস্মিন্নিতি চতুর্ব্বর্ণময়ঃ চাতুর্ব্বর্ণ্যপ্রচুরইত্যর্থঃ। তৎপ্রকৃত-বচনে ময়ট্‌। তদ্ধিতার্থেতি তদ্ধিতার্থে বিষয়ে তৎপুরুষঃ। স লোকঃ ইত্যেবং রূপং সর্ব্বং চতুর্মুখাৎ চতুর্মুখরূপিণঃ ত্বত্তঃ জাতমিতি শেষঃ। ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চিদিতি শ্রুতেঃ ॥ ২২ ॥

অভ্যাসেতি। অভ্যাসেন নিগৃহীতং বিষয়ান্তরেভ্যো নিবর্ত্তিতং তেন

তুমি সপ্ত সাগরের জলমধ্যে শয়ন করিয়া আছ, সপ্তাঙ্গ-সমন্বিত সাম-বেদ তোমার মহিমা কীর্ত্তন করিতেছে; তুমি সপ্ত ভুবনের একমাত্র আশ্রয়, কিন্তু সকলে তোমাকে অগ্নিমুখ বলিয়া থাকে ॥ ২১ ॥

ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ; ইহাদের ফলজ্ঞান এবং সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি, এই যুগচতুষ্টয়-সম্পন্ন কালের পরিমাণ ও ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণাত্মক লোকসকল তোমা হইতেই উৎপন্ন হইয়াছে। অর্থাৎ প্রত্যক্ষ, অনুমান ও শাব্দ; এই ত্রিবিধ প্রমাণ দ্বারা যাহা কিছু নির্দ্দেশ করিয়া লওয়া যাইতেছে, তৎসমস্তই তোমা হইতে উৎপন্ন হইয়াছে ॥ ২২ ॥

তুমি চতুর্ম্মুখ, যোগিগণ মোক্ষপদ-লাভার্থ বিষয়ান্তর হইতে মন আকর্ষণ

জ্যোতির্ম্ময়ং বিচিন্বন্তি যোগিনস্ত্বাং বিমুক্তয়ে ॥ ২৩ ॥
অজস্য গৃহ্লতো জন্ম নিরীহস্য হতদ্বিষঃ।
স্বপতো জাগরূকস্য যাথার্থ্যং বেদ কস্তব ॥ ২৪ ॥
শব্দাদীন্ বিষয়ান্ ভোক্তুং চরিতুং দুশ্চরং তপঃ।
পর্য্যাপ্তোঽসি প্রজাঃ পাতুমৌদাসীন্যেন বর্ত্তিতুম্ ॥ ২৫ ॥

মনসা যোগিনো হৃদয়াশ্রয়ং হৃৎপদ্মস্থং জ্যোতির্ম্ময়ং ত্বাং বিমুক্তয়ে মোক্ষার্থং বিচিন্বন্তি অন্বিষ্যন্তি ধ্যায়ন্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

অজস্যেতি। ন জায়তইত্যজঃ। অন্যেষপি দৃশ্যতইতি ডপ্রত্যয়ঃ। তস্যাজস্য জন্মশূন্যস্যাপি জন্ম গৃহ্লতঃ মৎস্যাদিরূপেণ জায়মানস্য নিরীহস্য চেষ্টারহিতস্যাপি হতদ্বিষঃ (হতা দ্বিষঃ) শত্রুঘাতিনঃ জাগরূকস্য সর্ব্বসাক্ষিতয়া নিত্যপ্রবুদ্ধস্যাপি স্বপতো যোগনিদ্রামনুভবতঃ ইত্থং বিরুদ্ধচেষ্টস্য তব যাথার্থ্যং কো বেদ বেত্তি। বিদোলটোবেতি গলাদেশঃ ॥ ২৪ ॥

শব্দাদীনিতি। শব্দাদীন্ বিষয়ান্ ভোক্তুং নরনারায়ণাদিরূপেণ দুশ্চরং তপশ্চরিতুং তথা দৈত্যমর্দ্দনেন প্রজাঃ পাতুম্ ঔদাসীন্যেন তাটস্থ্যেন বর্ত্তিতুঞ্চ পর্য্যাপ্তঃ সমর্থোঽসি। ভোগতপসোঃ পালনৌদাসীন্যয়োশ্চ পরস্পরবিরুদ্ধয়োরাচরণে ত্বদন্যঃ কঃ সমর্থ ইত্যর্থঃ ॥ ২৫ ॥

করিয়া জ্যোতিঃস্বরূপে হৃৎপদ্ম মধ্যে অবস্থানকারী তোমাকে ধ্যান করিয়া থাকেন ॥ ২৩ ॥

তুমি জন্মহীন হইলেও জন্মপরিগ্রহ করিতেছ, নিরীহ (চেষ্টা রহিত) হইলেও শত্রু বিনাশ করিয়া থাক, সতত জাগরূক হইয়াও যোগনিদ্রা অবলম্বন করিয়া আছ। সুতরাং তোমার মহিমা কোন্ ব্যক্তি পরিজ্ঞাত হইতে সমর্থ হইয়া থাকে? ॥ ২৪ ॥

তুমি শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ; এই সকল বিষয় উপভোগ, অতি কঠোর তপ অনুষ্ঠান এবং প্রজাপালন করিতে পার, এই সমস্ত বিষয় তোমাতে বিদ্যমান থাকিলেও, তুমি আবার উদাসীন ভাবে অবস্থান করিতে পার ॥ ২৫ ॥

বহুধাপ্যাগমৈর্ভিন্নাঃ পন্থানঃ সিদ্ধিহেতবঃ ।
ত্বয্যেব নিপতন্ত্যোঘা জাহ্নবীয়া ইবার্ণবে ॥ ২৬ ॥
ত্বয্যাবেশিতচিত্তানাং ত্বৎসমর্পিতকর্ম্মণাম্ ।
গতিস্ত্বং বীতরাগাণামভূয়ঃ সন্নিবৃত্তয়ে ॥ ২৭ ॥
প্রত্যক্ষোঽপ্যপরিচ্ছেদ্যো মহ্যাদির্ম্মহিমা তব ।

বহুধেতি। আগমৈস্ত্রয়ীসাঙ্খ্যাদিভির্দ্দর্শনৈর্ব্বহুধা ভিন্না অপি সিদ্ধিহেতবঃ পুরুষার্থসাধকাঃ পন্থান উপায়াঃ, জাহ্নব্যা ইমে জাহ্নবীয়াঃ গঙ্গাঃ। বৃদ্ধাচ্ছইতি ছপ্রত্যয়ঃ। ওঘাঃ প্রবাহাঃ তেঽপ্যাগমৈঃ আগতিভির্ব্বহুধা ভিন্নাঃ সিদ্ধির্হেতবশ্চ অর্ণবইব ত্বয্যেব নিপতন্তি প্রবিশন্তি যেন কেনাপি রূপেণ ত্বামেবোপযান্তীত্যর্থঃ। যথাহুরাচার্য্যাঃ কিং বহুনা কারবোঽপি বিশ্বকর্ম্মেত্যুপাসতে ॥ ২৬ ॥

ত্বয়ীতি। ত্বয্যাবেশিতং নিবেশিতং চিত্তং যৈস্তেষাং তুভ্যং সমর্পিতানি কর্ম্মাণি যৈস্তেষাম্। "মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু। মামেবৈষ্যসি কৌন্তেয় প্রতিজানে প্রিয়োঽসি মে" ইতি ভগবদ্বচনাৎ। বীতরাগাণাং বিরক্তানাম্ অভূয়ঃ সন্নিবৃত্তয়ে অপুনরাবৃত্তয়ে মোক্ষায়েত্যর্থঃ ত্বমেব গতিঃ সাধনম্, ত্বমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়েতি শ্রুতেরিত্যর্থঃ ॥ ২৭ ॥

প্রত্যক্ষইতি। প্রত্যক্ষঃ প্রত্যক্ষপ্রমাণগম্যোঽপি তব মহ্যাদিঃ পৃথি-

---

মুক্তি-সাধনের উপায় সাঙ্খ্যাদি দর্শন শাস্ত্রভেদে বিভিন্ন প্রকার হইলেও সাগরগামিনী ভাগিরথীর প্রবাহের ন্যায় তোমাতেই নিপতিত হইতেছে ॥ ২৬ ॥

বিষয়ানুরাগবিহীন যে সকল মহাশয় তোমাতেই মন ও কর্ম্ম সমর্পণ করেন, তুমিই তাহাদিগের সংশয়-শৃঙ্খল ছেদ করিবার একমাত্র গতি ॥ ২৭ ॥

আপ্তবাক্য ও অনুমান দ্বারা তোমাকে প্রাপ্ত হওয়া যায়; সুতরাং তোমার কথা দূরে থাকুক, পৃথিবী প্রভৃতি পরিদৃশ্যমান স্থূল পদার্থগুলিরও ইয়ত্তা করা অতীব দুরূহ ব্যাপার। অর্থাৎ ঈশ্বরতত্ত্ব পরিজ্ঞাত হইতে হইলে আপ্তবাক্য ও অনুমান, এই প্রমাণ-দ্বয়ের সাহায্য গ্রহণ করিতে হয়, সুতরাং বহু গবেষণা দ্বারা ঈশ্বর বিষয় যথাকথঞ্চিৎ রূপে অবগত হইতে

আপ্তবাগনুমানাভ্যাং সাধ্যং ত্বাং প্রতি কা কথা ॥ ২৮ ॥

ব্যাদির্ম্মহিমা ঐশ্বর্য্যমপরিচ্ছেদ্যঃ ইয়ত্তয়া নাবধার্য্যঃ, আপ্তবাগ্বেদঃ যতো বা ইমানীত্যাদিঃ শ্রুতিঃ অনুমানং ক্ষিত্যাদিকং সকর্ত্তৃকং কার্য্যত্বাদ্ঘটবদিত্যাদি তাভ্যাং সাধ্যং গম্যং ত্বাং প্রতি কা কথা প্রত্যক্ষমপি ত্বৎকৃতং জগদপরিচ্ছেদ্যং তৎকারণমপ্রত্যক্ষস্ত্বম্ অপরিচ্ছেদ্য ইতি কিমু বক্তব্যমিত্যর্থঃ ॥ ২৮ ॥

পারা যায়, কিন্তু তাঁহার সৃষ্ট পদার্থ পৃথিবী প্রভৃতি যাহা আমরা প্রত্যক্ষ করিতেছি, জ্ঞানের আয়ত্তাধীনে তাহাই আনিতে সমর্থ হওয়া যায় না, তাহাতে আবার অপ্রত্যক্ষ বিষয়ে (ঈশ্বর বিষয়ে) জ্ঞানলাভ করা ত অনেক দূরের কথা। প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শাব্দ; এই প্রমাণ চতুষ্টয়ের সাহায্যে বস্তু বা পদার্থ নির্ণীত হইয়া থাকে। তন্মধ্যে কোথাও একটী কোথা বা দুই বা ততোধিক প্রমাণের আবশ্যক হইয়া থাকে। প্রস্তাবিত গ্রন্থে এই সকল বিষয়ের সম্যক্ অবতারণা করিতে গেলে গ্রন্থবাহুল্য দোষ ঘটিতে পারে, এই ভয়ে এস্থলে অতি সংক্ষেপে উহাদের বিষয় বর্ণন করিয়া পাঠকদিগের চিত্তের আবেগ কথঞ্চিৎ শান্তি করিব, ইহাতে হয় ত কেহ কেহ বিরক্তি বা অসন্তোষ প্রকাশ করিতে পারেন; অতএব যাঁহাদের নিকটে কটুবোধ হইবে, তাঁহারা যেন এই অংশটুকু বাদ দিয়া পাঠ করেন।

প্রমাণ কাহাকে বলে? ইহা জানিতে হইলে, 'জ্ঞান' কি? প্রথমতঃ তাহাই জানা আবশ্যক। কারণ জ্ঞানের প্রকৃত তাৎপর্য্য জানা না থাকিলে, প্রমাণ জ্ঞান হইতে পারে না; সুতরাং অগ্রে 'জ্ঞান' লইয়াই আলোচনা করা যাউক। জ্ঞান;—নদীপ্রবাহের ন্যায় জ্ঞানপ্রবাহ হইতে কোন্‌টী প্রকৃত 'জ্ঞান' তাহা পরীক্ষা করিয়া লইতে হইবে। তন্নিবন্ধন প্রকৃত জ্ঞানের একটী সূত্র বা লক্ষণ বলা যাইতেছে। যথা;—জলকে জল বলিয়া যে জ্ঞান জন্মে, তাহাকেই 'প্রকৃত জ্ঞান' বলা যাইতে পারে। কারণ পরীক্ষা করিলেও এই জ্ঞানের বাধা জন্মে না; সুতরাং এই অব্যাহত জ্ঞানই প্রকৃত জ্ঞান বলিয়া নির্দ্ধারণ করিতে হইবে। মনে কর, অপরিস্ফুট আলোকে রজ্জু দর্শন করিয়া, উহাকে আমাদের সময়ে সময়ে সর্প বলিয়া প্রতীতি জন্মিতে পারে; কিন্তু সেই রজ্জুকে সর্প বলিয়া যে জ্ঞান জন্মে, সেই 'জ্ঞান' প্রকৃত জ্ঞান নহে, উহাকে ভ্রমজ্ঞান বলা যায়। কারণ সর্পাকার জ্ঞানের অব্যবহিত পরে যদি যষ্টিদ্বারা আঘাত করা যায়, তাহা হইলে, তৎক্ষণাৎ ভ্রমাত্মক

কেবলং স্মরণেনৈব পুনাসি পুরুষং যতঃ।

কেবলমিতি। স্মরণেন কেবলম্ কৃৎস্নম্। "কেবলঃ কৃৎস্নএকশ্চ" ইতি

বিষয়টী প্রত্যক্ষ অনুমিত হয়। তখন ইহা সর্প নহে, রজ্জু, এইরূপ বলিয়া নির্ণীত হয়। সুতরাং পরবর্ত্তী জ্ঞান প্রমা বা প্রকৃত জ্ঞান, আর পূর্ব্ববর্ত্তী জ্ঞান ভ্রম, এইরূপ নির্দ্দেশ করিতে হইবে। অতএব যদ্দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে প্রমা বা প্রকৃত জ্ঞান উৎপন্ন হয়, তাহাকে প্রমাণ কহে। প্রমাণের এইরূপ লক্ষণ করা যাইতে পারে; এই প্রমাণ দ্বারা বস্তুর যাথার্থ্য নিরূপিত হইয়া থাকে।

১। প্রত্যক্ষ,—ইন্দ্রিয়-জন্য প্রমাণকে প্রত্যক্ষ-প্রমাণ কহে। বস্তু ও ইন্দ্রিয় এই উভয়ের সংযোগে প্রত্যক্ষ জ্ঞান জন্মে।

২। অনুমান,—অনুমান বা অনুমিতি, ইহারা একার্থ-বোধক শব্দ। "পৃথক্ পৃথক্ বা একত্রিত অথবা পূর্ব্বাপরিভাবে (কার্য্য-কারণভাবে) অবস্থান করে, ঈদৃশ অনেক পদার্থই লক্ষিত হয়; তন্মধ্যে যাহার সহিত যাহার অবিনাভাব সম্বন্ধ অর্থাৎ পরস্পর অবিযুক্ত বা অপৃথক্ ভাবে গ্রথিত থাকা স্বাভাবিক বলিয়া অবধারিত আছে, তাহার একটীর উপলব্ধি হইবামাত্র অন্যটীর সহিত যে স্বাভাবিক সম্বন্ধ আছে, মনোমধ্যে সেই সম্বন্ধের স্মরণাত্মক জ্ঞান উপস্থিত হইয়া যে তদ্বিষয়ে মনের পরীক্ষাত্মক ক্রিয়া উপস্থিত হয়, তাহার নাম যুক্তি এবং সেই যুক্তির ফল বা তজ্জনিত জ্ঞান অনুমান বা অনুমিতি বলিয়া অভিহিত হয়"।

৩। উপমান,—কোন প্রসিদ্ধ সাদৃশ্য দ্বারা দূরবর্ত্তী পদার্থের সাধর্ম্ম্য সাধনকে উপমান বলে। যথা;—মাষকের ন্যায় মাষক রোগ। এস্থলে মাষক রোগের বর্ণ ও পরিমাণগত সাদৃশ্য প্রসিদ্ধ মাষকলাইতে আছে; সুতরাং মাষকের (মাষকলাইয়ের) জ্ঞান দ্বারা মাষকরোগের জ্ঞান জন্মে।

৪। শাব্দ,—'শব্দ' এইটী আগম, শাস্ত্র, আপ্তবাক্, উপদেশ ও বাক্য প্রভৃতি নামে অভিহিত হইয়া থাকে। এই শব্দ বা আগম হইতে যে জ্ঞান জন্মে, তাহার নাম 'শাব্দজ্ঞান'। যে পুরুষে ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সাদি না থাকে, তাঁহাকে আপ্তপুরুষ কহে। সেই আপ্তপুরুষের উপদেশাত্মক বাক্যের নাম 'শব্দ' বা আগম (বেদ); এবং সেই শব্দ শ্রবণ করিয়া যে জ্ঞান জন্মে, তাহাকে শাব্দজ্ঞান বলে। সুতরাং এই অব্যভিচারী শাব্দজ্ঞানকে অভ্রান্ত বলিয়া স্বীকার করা উচিত॥ ২৮॥

অনেন বৃত্তয়ঃ শেষা নিবেদিতফলাস্ত্বয়ি ॥ ২৯ ॥
উদধেরিব রত্নানি তেজাংসীব বিবস্বতঃ।
স্তুতিভ্যো ব্যতিরিচ্যন্তে দূরাণি চরিতানি তে ॥ ৩০ ॥
অনবাপ্তমবাপ্তব্যং ন তে কিঞ্চন বিদ্যতে।
লোকানুগ্রহএবৈকো হেতুস্তে জন্মকর্ম্মণোঃ ॥ ৩১ ॥

শাশ্বতঃ। পুরুষং স্মর্ত্তারং জনং পুনাসি যতোযদিত্যর্থঃ, অনেনৈব স্মৃতি-কার্য্যেণৈব ত্বয়ি ত্বদ্বিষয়ে যাঃ অবশিষ্টাঃ বৃত্তয়ো দর্শনস্পর্শনাদয়ো ব্যাপারাস্তা নিবেদিতফলাঃ জ্ঞাপিতকার্য্যাঃ তব স্মরণস্যৈব এতৎফলং দর্শনাদীনান্তু কিয়দিতি নাবধারয়ামঃ ইতি ভাবঃ ॥ ২৯ ॥

উদধেরিতি। উদধেঃ রত্নানীব বিবস্বতস্তেজাংসীব দূরাণি অবাঙ্মনস-গোচরাণি তে চরিতানি স্তুতিভ্যো ব্যতিরিচ্যন্তে নিঃশেষং স্তোতুং ন শক্যন্ত-ইত্যর্থঃ ॥ ৩০ ॥

অনবাপ্তমিতি। অনবাপ্তমপ্রাপ্তম্ অবাপ্তব্যং তে তব কিঞ্চন কিঞ্চিদপি ন বিদ্যতে নিত্যপরিপূর্ণত্বাদিতি ভাবঃ। তর্হি কিং নিবন্ধনে জন্মকর্ম্মণী তত্রাহ লোকেতি। একঃ লোকানুগ্রহ এব তে জন্মকর্ম্মণোর্হেতুঃ পরমকারু-ণিকস্য তে পরার্থৈব প্রবৃত্তির্ন স্বার্থেত্যর্থঃ ॥ ৩১ ॥

তুমি যখন স্মরণমাত্রেই লোকদিগকে পবিত্র করিয়া থাক, তখন ইহা দ্বারাই তোমার সাক্ষাৎকার লাভ প্রভৃতি অবশিষ্ট কার্য্যের ফলসমূহ সম্যক্-রূপে সপ্রমাণিত হইতেছে ॥ ২৯ ॥

সাগরের অনন্ত রত্নরাশির ন্যায় এবং সূর্য্যের কিরণজালের ন্যায়, বাক্য ও মনের অগোচর ভবদীয় ক্রিয়াকলাপ স্তুতিবাদ দ্বারা প্রকাশ করা যায় না। অর্থাৎ যেমন সমুদ্রগর্ভ-নিহিত রত্নরাশির ইয়ত্তা করা যাইতে পারে না এবং অরুণ-কিরণাবলীর পরিমাণ করা যাইতে পারে না, তদ্রূপ তোমার কার্য্য সমুদয়ও বাক্য ও মনের অতীত বলিয়া কিছুতেই সম্যক্‌রূপে বর্ণিত হইতে পারে না ॥ ৩০ ॥

তোমার অপ্রাপ্ত বা প্রাপ্তব্য কিছুই নাই; সুতরাং লোকের প্রতি অনুগ্রহ প্রদর্শনই তোমার জন্মগ্রহণ ও কর্ম্মানুষ্ঠানের একমাত্র কারণ। অর্থাৎ তুমি পূর্ণ; সুতরাং এ জগতে এমন কোন পদার্থ নাই যে, তোমার

মহিমানং যদুৎকীর্ত্ত্য তব সংহ্রিয়তে বচঃ।
শ্রমেণ তদশক্ত্যা বা ন গুণানামিয়ত্তয়া ॥ ৩২ ॥
ইতি প্রসাদয়ামাসুস্তে সুরাস্তমধোক্ষজম্‌।
ভূতার্থব্যাহৃতিঃ সা হি ন স্তুতিঃ পরমেষ্ঠিনঃ ॥ ৩৩ ॥
তস্মৈ কুশলসংপ্রশ্ন-ব্যঞ্জিত-প্রীতয়ে সুরাঃ।

মহিমানমিতি। তব মহিমানমুৎকীর্ত্ত্য বচঃ সংহ্রিয়তে ইতি যৎ তৎ বচঃসংহরণং শ্রমেণ বাগ্ব্যাপারশ্রান্ত্যা অশক্ত্যা কাৎস্ন্যে‍ন বক্তুমশক্যত্বাদ্বা গুণানামিয়ত্তয়া এতাবন্মাত্রতয়া ন, তেষামানন্ত্যাদিতি ভাবঃ ॥ ৩২ ॥

ইতীতি। ইতি তে সুরাঃ তম্‌ অধোভূতমক্ষজমিন্দ্রিয়জং জ্ঞানং যস্মিংস্তমধোক্ষজং বিষ্ণুং প্রসাদয়ামাসুঃ প্রসন্নং চক্রুঃ হি যস্মাৎ পরমেষ্ঠিনঃ সর্ব্বোত্তমস্য তস্য দেবস্য সা দেবৈঃ কৃতা ভূতার্থব্যাহৃতিঃ ভূতস্য সত্যস্যার্থস্য ব্যাহৃতিরুক্তিঃ। "যুক্তে ক্ষ্মাদাবৃতে ভূত"মিত্যমরঃ। ন স্তুতি র্ন প্রশংসামাত্রম্‌। মহাত্মোহি যথাকথঞ্চিন্ন স্তুলভাইতি ভাবঃ। পরমে স্থানে তিষ্ঠতীতি পরমেষ্ঠী, পরমে কিতিদিত্যুণাদিসূত্রেণ তিষ্ঠতেরিনিঃ, তৎপুরুষে কৃতি বহুলমিতি সপ্তম্যা অলুক্‌, স্থাস্থিন্‌ স্থৃণামিতি বক্তব্যাৎ ষত্বম্‌ ॥ ৩৩ ॥

তস্মাইতি। সুরাঃ দেবাঃ কুশলস্য সংপ্রশ্নেন ব্যঞ্জিতা প্রকটীকৃতা প্রীতির্যস্য তস্মৈ লক্ষিতপ্রসাদায়েত্যর্থঃ। অন্যথা অনবসরবিজ্ঞপ্তির্মুখরাণামিব

প্রয়োজনে লাগিবে; কিন্তু এমতাবস্থায় তোমার শরীর পরিগ্রহ ও অসুর বধাদি ক্রিয়া করার প্রয়োজন কি? প্রণিধানপূর্ব্বক দেখিলে ইহাই প্রতিপন্ন হইবে যে, পরম কারুণিকদিগের জন্ম, পরোপকারের নিমিত্তই হইয়া থাকে ॥ ৩১ ॥

বাক্য যে তোমার মহিমা কীর্ত্তন করিয়া বিরত হয়, তাহা কেবল শ্রান্তি বা অসামর্থ্য নিবন্ধন; ফলতঃ উহা যে তোমার মহিমার ইয়ত্তা করিয়া ক্ষান্ত হয়, তাহা নহে ॥ ৩২ ॥

দেবগণ, এইরূপ স্বার্থক বাক্য দ্বারা সেই ভগবান্‌ বিষ্ণুকে প্রসন্ন করিলেন; অমরগণ প্রকৃত গুণ বর্ণন করেন বলিয়াই ভগবান্‌ প্রসন্ন হইলেন, কারণ অযথা স্তুতিবাদ মহাত্মগণের প্রকোপের কারণই হইয়া থাকে ॥ ৩৩ ॥

অনন্তর তাঁহারা কুশল প্রশ্ন জিজ্ঞাসা দ্বারা নারায়ণের প্রীতি বর্দ্ধন করিয়া

ভয়মপ্রলয়োদ্বেলাদাচখ্যুর্নৈর্ঋতোদধেঃ ॥ ৩৪ ॥
অথ বেলাসমাসন্ন-শৈলরন্ধ্রানুনাদিনা।
স্বরেণোবাচ ভগবান্ পরিভূতার্ণবধ্বনিঃ ॥ ৩৫ ॥
পুরাণস্য কবেস্তস্য বর্ণস্থানসমীরিতা।
বভূব কৃতসংস্কারা চরিতার্থৈব ভারতী ॥ ৩৬ ॥
বভৌ সদশনজ্যোৎস্না সা বিভোর্ব্বদনোদ্গতা।

নিষ্ফলা স্যাদিতি ভাবঃ। তস্মৈ বিষ্ণবে অপ্রলয়ে প্রলয়াভাবেঽপ্যুদ্বেলাদুন্মর্য্যাদাৎ নৈর্ঋতো রাক্ষসঃ স এবোদধিস্তস্মাৎ ভয়ম্ আচখ্যুঃ কথিতবন্তঃ ॥৩৪॥

অথেতি। অথ বেলায়াম্ অব্ধিকূলে সমাসন্নানাং সন্নিকৃষ্টানাং শৈলানাং রন্ধ্রেষু গহ্বরেষু অনুনাদিনা প্রতিধ্বনিমতা স্বরেণ পরিভূতার্ণবধ্বনিঃ তিরস্কৃতসমুদ্রঘোষঃ ভগবান্ উবাচ ॥ ৩৫ ॥

পুরাণস্যেতি। পুরাণস্য চিরন্তনস্য কবেস্তস্য ভগবতো বর্ণস্থানেষূরঃকণ্ঠাদিষু সমীরিতা সম্যগুচ্চারিতা অতএব কৃতঃ সম্পাদিতঃ সংস্কারঃ সাধুত্বস্পষ্টতাদিপ্রযত্নো যস্যাঃ সা ভারতী বাণী চরিতার্থা কৃতার্থা বভূবৈব। এবকারস্ত্বসম্ভাবনাবিপরীতভাবনাব্যুদাসার্থঃ ॥ ৩৬ ॥

বভাবিতি। বিভোর্বিষ্ণোর্বদনাদুদ্গতা নিঃসৃতা সদশনজ্যোৎস্না দন্তকান্তিসহিতা, ইদঞ্চ বিশেষণং ধাবল্যাতিশয়ার্থম্, অতএব সা ভারতী চরণাদভ্রেনির্যাতা চাসৌ শেষা চ নির্যাতশেষা নিঃসৃতাবশিষ্টেত্যর্থঃ। স্ত্রিয়াঃ পুংবদিত্যনুবর্ত্ত্য পুংবৎ কর্ম্মধারয়েতি পুংবদ্ভাবঃ। নির্যাতশব্দস্য যা নির্যাতা সাবশেষা সা গঙ্গেবেতি সমানাধিকরণ্য নির্ব্বাহঃ, নির্যাতায়াঃ শেষেতি

কহিলেন, ভগবন্! রাক্ষসরূপ সমুদ্র অকালে উদ্বেল হওয়াতে আমাদিগের অন্তঃকরণে ভয়ের সঞ্চার হইতেছে ॥ ৩৪ ॥

অনন্তর নারায়ণ গম্ভীরস্বরে জলধির ধ্বনি পরাভব ও তীরসন্নিহিত গিরিগুহা প্রতিধ্বনিত করিয়া কহিতে লাগিলেন ॥ ৩৫ ॥

তৎকালে সেই প্রাচীন কবির কণ্ঠ-বিনিঃসৃতা ভারতী (বাণী) অতি বিশুদ্ধভাবে উচ্চারিতা হওয়াতে বোধ হইল যেন সেই ভারতী চরিতার্থতা লাভ করিল ॥ ৩৬ ॥

সেই ভারতী (বাক্য) তাঁহার শ্বেতদশনপ্রভার সহিত মুখমধ্য হইতে

নির্যাতশেষা চরণাৎ গঙ্গেবোর্দ্ধপ্রবর্ত্তিনী ॥ ৩৭ ॥
জানে বো রক্ষসাক্রান্তাবনুভাবপরাক্রমৌ ।
অঙ্গিনাং তমসেবোভৌ গুণৌ প্রথমমধ্যমৌ ॥ ৩৮ ॥
বিদিতং তপ্যমানঞ্চ তেন মে ভুবনত্রয়ম্ ।
অকামোপনতেনেব সাধোর্হৃদয়মেনসা ॥ ৩৯ ॥
কার্য্যেষু চৈককার্য্যত্বাদভ্যর্থ্যোঽস্মি ন বজ্রিণা ।

বিগ্রহে পুংবদ্ভাবো দুর্ঘটএব। ঊর্দ্ধপ্রবর্ত্তিনী ঊর্দ্ধবাহিনী গঙ্গেব বভাবিত্যুৎপ্রেক্ষা ॥ ৩৭ ॥

যদাহ ভগবান্ তদাহ ;—জানইতি। হে দেবাঃ ! বো যুষ্মাকম্ অনুভাবপরাক্রমৌ মহিমপুরুষকারৌ রক্ষসা রাবণেন অঙ্গিনাং শরীরিণাং প্রথমমধ্যমৌ উভৌ গুণৌ সত্বরজসী তমসেব তমোগুণেনেব আক্রান্তৌ জানে। বাক্যার্থঃ কর্ম্ম ॥ ৩৮ ॥

বিদিতমিতি। কিঞ্চ অকামেন অনিচ্ছয়া উপনতেন প্রমাদাদাগতেন এনসা পাপেন সাধোঃ সজ্জনস্য হৃদয়মিব তেন রক্ষসা তপ্যমানং সন্তপ্যমানম্। তপের্ভৌবাদিকাৎ কর্ম্মণি শানচ্। ভুবনত্রয়ং মে বিদিতং ময়া জ্ঞায়তইত্যর্থঃ। গতিবুদ্ধীত্যাদিনা বর্ত্তমানে ক্তঃ, ক্তস্য চ বর্ত্তমানইতি ষষ্ঠী ॥ ৩৯ ॥

কার্য্যেষ্বিতি। কিঞ্চ, এককার্য্যত্বাদাবয়োঃ এককার্য্যকত্বাদ্ধেতোঃ কার্য্যেষু কর্ত্তব্যার্থেষু বিষয়েষু বজ্রিণেন্দ্রেণ অভ্যর্থ্য ইদং কুর্ব্বিতি প্রার্থনীয়ো নাস্মি,

---

বিনির্গত হওয়াতে বোধ হইল যেন, তাঁহার পাদনিঃসৃতাবশিষ্ট-সুর-তরঙ্গিণী ঊর্দ্ধ-বাহিনী হইয়াছেন ॥ ৩৭ ॥

দেবগণ ! যেমন তমোগুণে প্রাণীদিগের সত্ব ও রজোগুণকে আক্রমণ করে, তদ্রূপ রাক্ষস রাবণ তোমাদিগের মহিমা ও পৌরুষ পরাভূত করিয়াছে, ইহা আমি বিদিত আছি ॥ ৩৮ ॥

অতর্কিত ভাবে উপস্থিত পাপভরে সজ্জনের হৃদয় যেমন দগ্ধ হইতে থাকে, তদ্রূপ সেই নিশাচর রাবণ এ ত্রিলোককে সন্তপ্ত করিতেছে, ইহাও আমি পরিজ্ঞাত আছি ॥ ৩৯ ॥

এই কর্ত্তব্য কার্য্যে ইন্দ্রের যেরূপ মনোনিবেশ করা উচিত, আমারও

স্বয়মেব হি বাতোঽগ্নেঃ সারথ্যং প্রতিপদ্যতে ॥ ৪০ ॥
স্বাসিধারাপরিহৃতঃ কামং চক্রস্য তেন মে।
স্থাপিতো দশমো মূর্দ্ধা লভ্যাংশ ইব রক্ষসা ॥ ৪১ ॥
স্রষ্টুর্ব্বরাতিসর্গাত্তু ময়া তস্য দুরাত্মনঃ।
অত্যারূঢ়ং রিপোঃ সোঢ়ং চন্দনেনেব ভোগিনঃ ॥ ৪২ ॥

থা হি বাতঃ স্বয়মেবাগ্নেঃ সারথ্যং সাহায্যং প্রতিপদ্যতে প্রাপ্নোতি ন তু হ্নিপ্রার্থনয়া ইত্যেবকারার্থঃ। প্রেক্ষাবতাং স্বার্থেষু স্বতএব প্রবৃত্তিঃ ন তু রপ্রার্থনয়া স্বার্থশ্চায়ং মমাপীত্যর্থঃ ॥ ৪০ ॥

পুরা কিল ত্রিপুরারিপ্রীণনায় স্বশিরাংসি ছিন্দতা দশকন্ধরেণ যদ্দশমং ারোঽবশেষিতং তন্মচ্চক্রার্থমিত্যাহ ;—স্বেতি। স্বাসিধারয়া স্বখড়্গধারয়া পরিহৃতোঽচ্ছিন্ন ইত্যর্থঃ। দশমোমূর্দ্ধা মে মম চক্রস্য কামং পর্য্যাপ্তো লভ্যাংশঃ প্রাপ্তব্য ভাগইব তেন রক্ষসা স্থাপিতঃ। সর্ব্বথা তমহং হনিষ্যামীত্যর্থঃ ॥ ৪১ ॥

তর্হি কিং প্রাপ্তপেক্ষিতমত আহ ;—স্রষ্টুরিতি। কিন্তু স্রষ্টুর্ব্রহ্মণো বরাতিসর্গাৎ বরদানাদ্ধেতোঃ ময়া তস্য দুরাত্মনো রিপোঃ রাবণস্য অত্যারূঢ়মত্যারোহণমতিবৃদ্ধিরিত্যর্থঃ। নপুংসকে ভাবে ক্তঃ। ভোগিনঃ সর্পস্যাত্যারূঢ়ং চন্দনেনেব সোঢ়ম্। চন্দনস্যাপি তথা সহনং স্রষ্টুর্নিয়তেরিতি দ্রষ্টব্যম্ ॥ ৪২ ॥

সেইরূপ মনোযোগ করা কর্ত্তব্য; কিন্তু ইন্দ্রের প্রার্থনানুসারেই যে এ কার্য্যে যোগ দিব, তাহা নহে, কারণ বায়ু স্বয়ংই অগ্নির সাহায্য করিয়া থাকে, কিন্তু অগ্নির প্রার্থনার অপেক্ষা করে না ॥ ৪০ ॥

পূর্ব্বে সেই নিশাচর রাবণ, ব্রহ্মাকে প্রসন্ন করিবার নিমিত্ত স্বহস্তে স্বীয় নয়টী মস্তকছেদন করিয়া অনলে আহুতি প্রদান করিয়াছিল, তৎকালে সেই রাক্ষস অবশিষ্ট দশম মস্তক ছেদন না করিয়া যেন আমারই চক্রের লভ্যাংশস্বরূপ রাখিয়া দিয়াছে ॥ ৪১ ॥

যদি বল, দুরাত্মা রাক্ষসের আচরিত সমস্ত অবগত থাকিয়াও কি নিমিত্ত এতকাল তাহাকে উপেক্ষা করিলেন; তাহার কারণ এই যে, যেমন চন্দনতরু ভুজঙ্গগণের দৌরাত্ম্য সহ্য করে, তদ্রূপ ব্রহ্মা উহাকে বরদান করিয়াছেন বলিয়া, আমিও উহার এই অত্যাচার সহ্য করিয়া আসিতেছি ॥ ৪২ ॥

ধাতারং তপসা প্রীতং যযাচে স হি রাক্ষসঃ।
দৈবাৎ সর্গাদবধ্যত্বং মর্ত্ত্যেম্বাস্থাপরাঙ্মুখঃ॥ ৪৩॥
সোঽহং দাশরথির্ভূত্বা রণভূমের্ব্বলিক্ষমম্।'
করিষ্যামি শরৈস্তীক্ষ্ণৈস্তচ্ছিরঃ কমলোচ্চয়ম্॥ ৪৪॥
অচিরাদ্যজ্বভির্ভাগং কল্পিতং বিধিবৎ পুনঃ।

সম্প্রতি বরস্বরূপমাহ;—ধাতারমিতি। স রাক্ষসস্তপসা প্রীতং সন্তুষ্টং ধাতারং ব্রহ্মাণং মর্ত্ত্যেষু বিষয়ে আস্থাপরাঙ্মুখঃ আদরবিমুখঃ সন্ মর্ত্ত্যাননাদৃত্যেত্যর্থঃ দৈবাদষ্টবিধাৎ সর্গাৎ দৈবস্থষ্টেরবধ্যত্বং যযাচে হি॥ ৪৩॥

তর্হি কা গতিরিত্যাশঙ্ক্য মনুষ্যাবতারেণ হনিষ্যামীত্যাহ;—সোঽহমিতি। সোঽহং দশরথস্য অপত্যং পুমান্ দাশরথিঃ। অত ইঞ্ ইতি ইঞ্ প্রত্যয়ঃ। রামো ভূত্বা তীক্ষ্ণৈঃ শরৈঃ তস্য রাবণস্য শিরাংস্যেব কমলানি তেষামুচ্চয়ং রাশিং রণভূমের্ব্বলিক্ষমং পূজার্হং করিষ্যামি। পুষ্পবিষদা হি পূজেতি ভাবঃ॥ ৪৪॥

অচিরাদিতি। হে দেবাঃ যজ্বভির্যাজ্ঞিকৈঃ বিধিবৎ কল্পিতমুপহৃতং ভাগং হবির্ভাগং মায়াবিভিঃ মায়াবদ্ভিঃ। অস্মায়ামেধাস্রজোবিনিরিতি বিনি-

যখন দশানন তপোবলে ব্রহ্মাকে প্রসন্ন করে, তখন তাঁহার নিকটে কেবল দেবগণ হইতে আপনার অবধ্যত্ব প্রার্থনা করে, মনুষ্য দ্বারা যে তাহার কোনরূপ অনিষ্ট হইতে পারে, ইহা তাহার মনেও স্থান প্রাপ্ত হয় নাই॥ ৪৩॥

অতএব এক্ষণে আমি মহীতলস্থ রাজা দশরথের ঔরসে জন্মগ্রহণ করিয়া সুতীক্ষ্ণ শরে তাহার মস্তকরূপ উৎপলপত্র ছেদন করিয়া রণভূমিকে বলিরূপে উপহার দিব॥ ৪৪॥

অতঃপর যাজ্ঞিকগণ বিধিবৎ সংগৃহীত হবির অংশ অবিলম্বেই অধিকার করিবেন, মায়াবী নিশাচরগণ উহার স্বাদ গ্রহণে সমর্থ হইবে না। অর্থাৎ দুর্ম্মতি নিশাচর রাবণ, দেবগণের অবধ্য বলিয়া এ পর্য্যন্ত শক্তি প্রকাশ করিতে সমর্থ হইয়াছে। কিন্তু এক্ষণে সেই দুরাত্মার গুরুভারে পৃথিবী নিপীড়িতা হইয়াছে। সুতরাং উহাকে বধ করিয়া ভূভার হরণ করা অবশ্য কর্ত্তব্য হইয়াছে; এই নিশাচর নিধন প্রাপ্ত হইলেই যজ্ঞাদি শাস্ত্র-বিহিত

মায়াবিভিরনালীঢ়মাদাস্যধ্বে নিশাচরৈঃ ॥ ৪৫ ॥
বৈমানিকাঃ পুণ্যকৃতস্ত্যজন্তু মরুতাং পথি।
পুষ্পকালোকসংক্ষোভং মেঘাবরণতৎপরাঃ ॥ ৪৬ ॥
মোক্ষ্যধ্বে স্বর্গবন্দীনাং বেণীবন্ধানদূষিতান্।
শাপযন্ত্রিতপৌলস্ত্য-বলাৎকারকচগ্রহৈঃ ॥ ৪৭ ॥
রাবণাবগ্রহক্লান্তমিতি বাগমৃতেন সঃ।

প্রত্যয়ঃ। নিশাচরৈঃ রক্ষোভিরনালীঢ়মনাস্বাদিতং যথা তথা অচিরাৎ পুন-রাদাস্যধ্বে গ্রহীষ্যধ্বে ॥ ৪৫ ॥

বৈমানিকাইতি। মরুতাং দেবানাং পথি ব্যোম্নি বৈমানিকাঃ বিমা-নৈশ্চরন্তীতি। চরতীতি ঠক্‌প্রত্যয়ঃ। মেঘাবরণতৎপরাঃ রাবণভয়াম্মেঘে-ষন্তর্দ্ধানতৎপরাঃ পুণ্যকৃতঃ সুকৃতিনঃ পুষ্পকালোকেন যদৃচ্ছয়া রাবণ-বিমানদর্শনেন যঃ সংক্ষোভঃ ভয়চকিতং তং ত্যজন্তু "সংক্ষোভোভয়চকিত" মিতি শব্দার্ণবঃ ॥ ৪৬ ॥

মোক্ষ্যধ্বেইতি। হে দেবাঃ! যূয়ং শাপেন নলকূবরশাপেন যন্ত্রিতাঃ প্রতি-বদ্ধাঃ পৌলস্ত্যস্য রাবণস্য বলাৎকারেণ যে কচগ্রহাঃ কেশাকর্ষাস্তৈরদূষিতা-নমুপহতান্ স্বর্গবন্দীনাং হৃতস্বর্গাঙ্গনানাং বেণীবন্ধান্ মোক্ষ্যধ্বে। পুরা কিল নলকূবরেণ আত্মানম্ অভিসরন্ত্যা রম্ভয়া বলাৎকারেণ সম্ভোগাৎ ক্রুদ্ধেন দুরাত্মা রাবণঃ সপ্তঃ,—স্ত্রীণাং বলাদ্‌গ্রহণে মূর্দ্ধা তে শতধা ভবিষ্যতীতি ভারতীয়া কথানুসন্ধেয়া ॥ ৪৭ ॥

রাবণেতি। সঃ কৃষ্ণো বিষ্ণুঃ সএব মেঘঃ নীলমেঘশ্চ, বিশ্রবসোঽপত্যং

ক্রিয়াকলাপের আর কোনরূপ বিঘ্ন ঘটিবে না; সুতরাং দেবতা, ঋষি ও দেবর্ষিগণ নির্ব্বিঘ্নে যজ্ঞীয় হবি পান করিয়া পরিতৃপ্ত হইবেন ॥ ৪৫ ॥

পুণ্যবানেরা ব্যোমযানে আরোহণ পূর্ব্বক গগনমণ্ডলে পরিভ্রমণ কালে রাবণের পুষ্পক রথ অবলোকন পূর্ব্বক সভয়ে মেঘান্তরালে লুক্কায়িত হইতেন, এক্ষণে তাঁহারা সেই ভয় পরিত্যাগ করুন ॥ ৪৬ ॥

দেবগণ! রাবণ, নলকূবরের শাপ-প্রভাবে ক্ষীণশক্তি হইয়া বন্দীভাবে অবস্থিত সুরাঙ্গনাদিগের বেণীবন্ধন গ্রহণ ও দূষিত করিতে সমর্থ হয় নাই, এক্ষণে তোমরা তাহা উন্মোচন করিবে ॥ ৪৭ ॥

সেই নীলজলধর সম ভগবান্ বিষ্ণু, রাবণ প্রভাবে নিতান্ত ক্ষীণকান্তি

অভিবৃষ্য মরুৎশস্যং কৃষ্ণমেঘস্তিরোদধে ॥ ৪৮ ॥
পুরুহূতপ্রভৃতয়ঃ সুরকার্য্যোদ্যতং সুরাঃ ।
অংশৈরনুযযুর্বিষ্ণুং পুষ্পৈর্ব্বায়ুমিব দ্রুমাঃ ॥ ৪৯ ॥
অথ তস্য বিশাম্পত্যুরন্তে কাম্যস্য কর্ম্মণঃ ।

পুমানিতি বিগ্রহে রাবণঃ। বিশ্রবঃশব্দাৎ শিবাদিত্বাদণি বিশ্রবসো বিশ্র-বণরবণাবিত্যস্বর্গণসূত্রেণ বিশ্রবঃশব্দস্য বৃত্তিবিষয়ে রবণাদেশে রাবণইতি সিদ্ধম্। সএবাবগ্রহো বর্ষপ্রতিবন্ধঃ তেন ক্লান্তং ম্লানং মরুতো দেবাএব শস্যং তৎ ইতি এবংরূপেণ বাগমৃতেন বাক্‌সলিলেন। "অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযূষে সলিলেঽমৃত" মিতি বিশ্বঃ। অভিবৃষ্য অভিষিচ্য তিরোদধে অন্তর্দ্দধে ॥ ৪৮ ॥

পুরুহূতেতি। পুরুহূতপ্রভৃতয়ঃ ইন্দ্রাদ্যাঃ সুরাঃ সুরকার্য্যে রাবণ-বধরূপে উদ্যতং বিষ্ণুম্ অংশৈর্ম্মাত্রাভিঃ দ্রুমাঃ পুষ্পৈঃ স্বাংশৈর্ব্বায়ুমিবানুযযুঃ। সুগ্রীবাদিরূপেণ বানরযোনিষু জাতা ইত্যভিপ্রায়ঃ ॥ ৪৯ ॥

অথেতি। অথ তস্য বিশাংপত্যুঃ দশরথস্য সম্বন্ধিনঃ কাম্যস্য কর্ম্মণঃ পুত্রকামেষ্টেরন্তেঽবসানে অগ্নেঃ পাবকাৎ পুরুষঃ কশ্চিৎ দিব্যঃ পুমান্

দেবগণকে এইরূপে আশ্বাসিত করিয়া অন্তর্দ্ধান (অদৃশ্য) হইলেন। অর্থাৎ যেমন অনাবৃষ্টি প্রভাবে নিতান্ত শুষ্কভাবাপন্ন শস্য সকল বৃষ্টি-বারি দ্বারা সতেজ হইয়া উঠে, তদ্রূপ রাবণ পীড়িত ক্ষীণদ্যোতি দেবগণ ভগবান্ বিষ্ণুর বাক্যামৃতে অভিষিক্ত হইয়া পরিতৃপ্ত হইলেন ॥ ৪৮ ॥

যেমন পাদপ সকল কুসুমদ্বারা সমীরণের অনুসরণ করিয়া থাকে। তদ্রূপ ইন্দ্রাদি দেবগণ স্ব স্ব অংশানুসারে সেই দেবকার্য্য-সাধনে উদ্যত নারায়ণের অনুগমন করিলেন। অর্থাৎ বৃক্ষের অংশ স্বরূপ পুষ্প যেমন বায়ু-ভরে স্খলিত হইয়া বায়ুর সঙ্গে সঙ্গে গমন করে, অথচ বৃক্ষ যথাস্থানেই থাকিয়া যায়, তদ্রূপ ইন্দ্রাদি দেবগণের অংশ অলক্ষিত ভাবে নারায়ণে সংক্রামিত হইয়া তাঁহার সহিত চলিয়া গেল, অথচ ইন্দ্রাদি দেবগণ যথা-স্থানেই থাকিলেন ॥ ৪৯ ॥

এ দিকে মহারাজ দশরথের সেই পুত্রেষ্টি যজ্ঞ সমাপনান্তে এক স্বর্গীয়

পুরুষঃ প্রবভূবাগ্নের্বিস্ময়েন সহর্ত্বিজাম্ ॥ ৫০ ॥
হেমপাত্রগতং দোর্ভ্যামাদধানঃ পয়শ্চরুম্।
অনুপ্রবেশাদাদ্যস্য পুংসস্তেনাপি দুর্ব্বহম্ ॥ ৫১ ॥
প্রাজাপত্যোপনীতং তদন্নং প্রত্যগ্রহীন্নৃপঃ।
বৃষেব পয়সাং সারমাবিষ্কৃতমুদন্বতা ॥ ৫২ ॥
অনেন কথিতা রাজ্ঞো গুণাস্তস্যান্যদুর্লভাঃ।

ঋত্বিজাং বিস্ময়েন সহ প্রবভূব প্রাদুর্ব্বভূব তদাবির্ভাবাত্তেষামপি বিস্ময়োঽভূদিত্যর্থঃ ॥ ৫০ ॥

তমেব পুরুষং বিশিনষ্টি ;—হেমপাত্রেতি। আদ্যস্য পুংসোঽনুপ্রবেশাদধিষ্ঠানাদ্ধেতোঃ তেন দিব্যপুরুষেণাপি দুর্ব্বহং চতুর্দ্দশভুবনোদরস্য ভগবতোহরেরতিগরীয়স্ত্বাদ্বোঢ়ুমশক্যং হেমপাত্রগতং পয়সি পক্বং চরুং পয়শ্চরুং পায়সান্নং দোর্ভ্যামাদধানোবহন্। অনল্পাগ্নিভিরুস্মপক ওদনশ্চরুরিতি যাজ্ঞিকাঃ ॥ ৫১ ॥

প্রাজাপত্যেতি। নৃপো দশরথঃ প্রাজাপত্যেন প্রজাপতিসম্বন্ধিনা পুরুষেণোপনীতং ন তু বশিষ্ঠেন, "প্রাজাপত্যং নরং বিদ্ধি মামিহাভ্যাগতং নৃপ" ইতি রামায়ণাৎ। তদন্নং পায়সান্নম্ উদন্বতোদধিনাবিষ্কৃতং প্রকাশিতং পয়সাং সারমমৃতং বৃষা বাসবইব। "বাসবোবৃত্রহা বৃষে"ত্যমরঃ। প্রত্যগ্রহীৎ স্বীচকার ॥ ৫২ ॥

অনেনেতি। তস্য রাজ্ঞো দশরথস্য অন্যৈর্দুর্লভাঃ অসাধারণাঃ গুণাঃ

পুরুষ পায়সান্নযুক্ত স্বর্ণপাত্র গ্রহণ পূর্ব্বক হুতাশন মধ্য হইতে সহসা উত্থিত হইলেন ॥ ৫০ ॥

সেই পায়সান্নে ভগবান্ বিষ্ণুর অধিষ্ঠান বশতঃ সেই হেমপাত্রবহনকারী দিব্য পুরুষ, হস্তদ্বয়ে পাত্র গ্রহণ করিয়া গুরুভারে ক্লেশ অনুভব করিতে লাগিলেন ॥ ৫১ ॥

অনন্তর যেমন দেবরাজ ইন্দ্র রত্নাকর প্রদত্ত অমৃত গ্রহণ করিয়াছিলেন, তদ্রূপ মহারাজ দশরথ প্রজাপতি-প্রেরিত পুরুষ কর্ত্তৃক আনীত পায়সান্ন গ্রহণ করিলেন ॥ ৫২ ॥

জগৎপাবন বিশ্বস্রষ্টা নারায়ণ যখন মহারাজ দশরথের ঔরসে জন্মগ্রহণ

প্রসূতিং চকমে তস্মিন্ ত্রৈলোক্যপ্রভবোঽপি যৎ ॥ ৫৩ ॥
স তেজো বৈষ্ণবং পত্ন্যোর্ব্বিভেজে চরুসংজ্ঞিতম্।
দ্যাবাপৃথিব্যোঃ প্রত্যগ্রমহর্পতিরিবাতপম্ ॥ ৫৪ ॥
অর্চ্চিতা তস্য কৌশল্যা প্রিয়া কেকয়বংশজা।

অনেন কথিতাঃ যদ্যস্মাৎ ত্রয়োলোকাস্ত্রৈলোক্যং চাতুর্ব্বর্ণ্যাদিত্বাৎ স্বার্থে ষ্যঞ্। তস্য প্রভবঃ কারণং বিষ্ণুরপি তস্মিন্ রাজ্ঞি প্রসূতিমুৎপত্তিং চকমে কামিতবান্। ত্রিভুবনকারণস্যাপি কারণমিতি পরমাবধিগুণসমাশ্রয়ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

সইতি। স নৃপঃ চরুসংজ্ঞাস্য সঞ্জাতা চরুসংজ্ঞিতং বৈষ্ণবং তেজঃ পত্ন্যোঃ কৌশল্যাকৈককয্যোঃ দ্যৌশ্চ পৃথিবী চ দ্যাবাপৃথিব্যৌ। দিবসশ্চ পৃথিব্যামিতি চকারাদ্দিবশব্দস্য দ্যাবাদেশঃ। তয়োর্দ্যাবাপৃথিব্যোঃ অহ্নঃ পতিরহর্পতিঃ। অহরাদীনাং পত্যাদিষু বা রেফঃ ইত্যুপসংখ্যানাদ্বৈকল্পিকোরেফস্য রেফাদেশোবিসর্গাপবাদঃ। প্রত্যগ্রমাতপং বালাতপমিব বিভেজে বিভজ্য দদাবিত্যর্থঃ ॥ ৫৪ ॥

পত্নীত্রয়ে সতি দ্বয়োরেব বিভাগে কারণমাহ ;—অর্চ্চিতেতি। তস্য রাজ্ঞঃ, কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি কোসলঃ। সল গতৌ পচাদ্যচ্ কুশব্দস্য পৃষোদরাদিত্বাদ্গুণঃ। কোসলস্য রাজ্ঞোঽপত্যং স্ত্রী কৌসল্যা। বৃদ্ধেৎকোসলজাদাঞ্ঞ্যঙিতি ঞ্যঙ্, যঙশ্চাবিতি চাপ্। অতএব সূত্রে

করিতে অভিলাষ করিয়াছেন, তখন নরদেব দশরথের অনন্যসাধারণ গুণগ্রামের বিষয় আর বিশেষ করিয়া বর্ণন করিবার প্রয়োজন নাই ॥ ৫৩ ॥

যেমন দিবাকর ভূমণ্ডলে ও নভোমণ্ডলে স্বকীয় তরুণ-কিরণ বিভাগ করিয়া দেন, তদ্রূপ রাজা দশরথ বৈষ্ণবতেজ-স্বরূপ সেই পায়সান্ন কৌশল্যা ও কৈকয়ীকে বিভাগ করিয়া দিলেন। অর্থাৎ মহারাজ দশরথ যজ্ঞলব্ধ চরু নামক বিষ্ণুর তেজ কৌশল্যা ও কৈকয়ীকে সমভাগে বিভক্ত করিয়া দিলেন ॥ ৫৪ ॥

কৌশল্যা তাঁহার প্রধানা মহিষী এবং কৈকয়ী প্রেয়সী ছিলেন, এই নিমিত্ত তিনি তাহাদিগের দ্বারা সুমিত্রাকে সেই পায়সান্নের অংশ প্রদানপূর্ব্বক সম্মানিতা করিতে অভিলাষী হইলেন। অর্থাৎ মহারাজ দশরথ মহিষীত্রয় বিদ্যমানে দুই মহিষীকে চরু দান করিলেন, ইহার কারণ এই যে,

অতঃ সম্ভাবিতাং তাভ্যাং সুমিত্রামৈচ্ছদীশ্বরঃ॥ ৫৫॥
তে বহুজ্ঞস্য চিত্তজ্ঞে পত্ন্যৌ পত্যুর্ম্মহীক্ষিতঃ।

নির্দ্দেশাৎ কোসলশব্দোদন্ত্যসকারমধ্যকঃ। (কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি ব্যুৎপত্ত্যা কোসলশব্দেন রাজা কথিতঃ, তস্যাপত্যং স্ত্রী এতদর্থকঞ্যপ্রত্যয়েন মল্লিনাথেন দন্ত্যসকারমধ্যক-কৌসল্যাপদং নিষ্পাদিতম্। অপরকৃত-বহুটীকায়াং তালব্যশকারমধ্যক-কৌশল্যাপদদর্শনাৎ অস্মিন্ গ্রন্থে নবমসর্গে সাক্ষাৎ সরস্বতী-পুত্র-কালিদাসীয়ে "মগধ-কোশল-কেকয়শাসিনাং দুহিতর" ইতি শ্লোকে চ তালব্যশকারমধ্যক-কৌশল্যাপদ-ব্যুৎপত্তিদর্শনাচ্চ তদ্বিরুদ্ধাধুনিক-মল্লিনাথকৃত-দন্ত্যসকারমধ্যক-কৌসল্যাপদ-নির্দ্দেশো যুক্তিবিরুদ্ধ ইতি সুধীভির্ভাব্যম্। কৌ পৃথিব্যাং সলতি গচ্ছতীতি ব্যুৎপত্ত্যা যৎ কোসলপদং নিষ্পাদ্য তস্যাপত্যং স্ত্রীত্যর্থে ঞ্যপ্রত্যয়েন কৌসল্যাপদং নিষ্পাদিতং, তৎপক্ষে কাচিদপি যুক্তির্ন দৃশ্যতে, যুক্ত্যভাবে হেতুস্তু উচ্যতে কৌ পৃথিব্যাং গমনং মনুষ্যাদিপশু-সাধারণং; তেন ন রাজমাত্রং প্রতীয়তে। উক্ত যোগার্থেন রূঢ্যর্থেন বা রাজমাত্রানবগমাৎ দেশবিশেষবাচক-তালব্যশকারমধ্যক-কোশলপদস্য তু দেশবাচকত্বং রাজবাচকত্বঞ্চ সর্ব্ববাদিসিদ্ধং আম্রাদি শব্দবৎ। অতো তালব্যশকারমধ্যক-কৌশল্যাপদং কালিদাস-শ্লোকপ্রাপ্তং পরিত্যজ্য আধুনিক-নির্যৌক্তিক-মল্লিনাথ-ব্যাখ্যাসিদ্ধ-দন্ত্যসকারমধ্যক-কৌসল্যাপদ-নির্ণয়ঃ কথঞ্চিদপি সুধিয়াং হৃদ্যো ন ভবতীতি জ্ঞাতব্যম্।) অর্চ্চিতা জ্যেষ্ঠা মান্যা, কেকয়বংশজা কৈকয়ী প্রিয়া ইষ্টা অতোহেতোরীশ্বরোভর্ত্তা নৃপঃ সুমিত্রাং তাভ্যাং কৌশল্যাকৈকয়ীভ্যাং সম্ভাবিতাং ভাগদানেন মানিতাম্ ঐচ্ছদিচ্ছতিস্ম। এবঞ্চ সামান্যং তিসৃণাঞ্চ ভাগপ্রাপণমিতি রাজ্ঞি উচিতজ্ঞতা কৌশলঞ্চ লভ্যতে॥ ৫৫॥

তে ইতি। বহুজ্ঞস্য সর্ব্বজ্ঞস্য উচিতজ্ঞস্যেত্যর্থঃ পত্যুর্ম্মহীক্ষিতঃ ক্ষিতীশ্বরস্য

কৌশল্যা জ্যেষ্ঠা মহিষী এবং কৈকয়ী প্রিয় মহিষী ছিলেন, সুতরাং কৌশল্যা ও কৈকয়ী ইহারা স্বীয় স্বীয় ভাগ হইতে চরুর অংশ অবশ্যই প্রিয়সখী সুমিত্রাকে প্রদান করিবে, এজন্য তিনি আর চরু তিনভাগ করিয়া দিলেন না; রাজা দশরথ এই উপযুক্ত কৌশল অবলম্বন করিয়া প্রকৃত বুদ্ধিমত্তার পরিচয় দিয়াছিলেন॥ ৫৫॥

চরোরর্দ্ধার্দ্ধভাগাভ্যাং তামযোজয়তামুভে ॥ ৫৬ ॥
সা হি প্রণয়বত্যাসীৎ সপত্ন্যোরুভয়োরপি।
ভ্রমরী বারণস্যেব মদনিস্যন্দরেখয়োঃ ॥ ৫৭ ॥
তাভির্গর্ভঃ প্রজাভূত্যৈ দধ্রে দেবাংশসম্ভবঃ।

বিশেষণত্রয়েণ রাজ্ঞোঽনুসরণীয়তামাহ। চিত্তজ্ঞে অভিপ্রায়জ্ঞে তে উভে পত্ন্যৌ কৌশল্যাকৈকয্যৌ চরোর্যাবর্দ্ধভাগৌ সমভাগৌ তয়োর্যাবর্দ্ধৌ তৌ চ তৌ ভাগৌ চেত্যর্দ্ধভাগৌ একদেশৌ তাভ্যামর্দ্ধার্দ্ধভাগাভ্যাম্। "পুংস্যর্দ্ধো-ঽর্দ্ধং সমেঽংশকে" ইত্যমরঃ। তাং সুমিত্রামযোজয়তাং যুক্তাঞ্চক্রতুঃ। অয়ঞ্চ বিভাগো ন রামায়ণসংবাদী। তত্র চরোরর্দ্ধং কৌশল্যায়ৈ অবশিষ্টার্দ্ধং কৈকয্যৈ শিষ্টং পুনঃ সুমিত্রায়াইত্যভিধানাৎ। কিন্তু পুরাণান্তরসংবাদো দ্রষ্টব্যঃ উক্তঞ্চ নারসিংহে "তে পিণ্ডপ্রাশনে কালে সুমিত্রায়ৈ মহীপতেঃ। পিণ্ডাভ্যামল্পমল্পন্তু স্বভগিন্যৈ প্রযচ্ছত" ইতি। এবমন্যত্রাপি বিরোধে পুরাণান্তরাৎ সমাধাতব্যম্ ॥ ৫৬ ॥

নচৈবং সত্যপীর্ষ্যা স্যাদিত্যাহ;—সা হীতি। সা সুমিত্রা উভয়োরপি সমান একঃ পতির্যয়োঃ তয়োঃ সপত্ন্যোঃ। নিত্যং সপত্ন্যাদিষ্বিতি ঙীপ্ নকারাদেশশ্চ। ভ্রমরী ভৃঙ্গাঙ্গনা বারণস্য গজস্য মদনিস্যন্দরেখয়োরিব গণ্ডদ্বয়-গতয়োরিতি ভাবঃ। প্রণয়বতী প্রেমবতী আসীৎ। সপত্ন্যোরিত্যত্র সমাসান্ত-র্গতস্য পত্যুরুপমানং বারণস্যেতি ॥ ৫৭ ॥

তাভিরিতি। তাভিঃ কৌশল্যাদিভিঃ প্রজানাং ভূত্যৈ অভ্যুদয়ায় দেবস্য বিষ্ণোরংশঃ সম্ভবঃ কারণং যস্য স গর্ভঃ সূর্য্যস্যেমা সৌর্য্যঃ তাভিঃ সৌরীভিঃ। সূর্য্যতিষ্যেত্যুপধায়যকারস্য লোপঃ। অমৃতাইত্যাখ্যা যাসাং তাভিঃ জলবহন-

---

তখন কৌশল্যা ও কৈকয়ী সেই সর্ব্বজ্ঞ রাজা দশরথের মনোগত ভাব অবগত হইয়া স্ব স্ব পায়সান্নের অর্দ্ধাংশ সুমিত্রাকে প্রদান করিলেন ॥ ৫৬ ॥

যেমন মধুকরী মাতঙ্গের গণ্ডযুগলবাহিনী মদধারার প্রণয়-ভাগিনী হইয়া থাকে, তদ্রূপ সুমিত্রা সেই সপত্নীদ্বয়ের (কৌশল্যা ও কৈকয়ীর) অত্যন্ত প্রণয়পাত্রী ছিলেন ॥ ৫৭ ॥

যেমন সূর্য্যের অমৃতাখ্যা নাড়ী সকল (রশ্মিজাল) জলময় গর্ভধারণ করে, তদ্রূপ কৌশল্যা, কৈকয়ী ও সুমিত্রা; এই তিন রাজমহিষী প্রজার উন্নতির নিমিত্ত দেবাংশসম্ভূত গর্ভধারণ করিলেন। অর্থাৎ তপন কিরণ

সৌরীভিরিব নাড়ীভিরমৃতাখ্যাভিরম্ময়ঃ ॥ ৫৮ ॥
সমমাপন্নসত্ত্বাস্তা রেজুরাপাণ্ডুরত্বিষঃ।
অন্তর্গতফলারম্ভাঃ শস্যানামিব সম্পদঃ ॥ ৫৯ ॥
গুপ্তং দদৃশুরাত্মানং সর্ব্বাঃ স্বপ্নেষু বামনৈঃ।
জলজাসিগদাশার্ঙ্গচক্রলাঞ্ছিতমূর্ত্তিভিঃ ॥ ৬০ ॥

সাম্যাৎ নাড়ীভিরিব নাড়ীভিঃ বৃষ্টিবিসর্জ্জনীভিঃ দীধিতিভিঃ অপাং বিকারঃ অম্ময়ো জলময়োগর্ভইব দধ্রে ধৃতঃ জাতাবেকবচনং গর্ভা দধিরে ইত্যর্থঃ। অত্র যাদবঃ "তাসাং শতানি চত্বারি রশ্মীনাং বৃষ্টিসর্জ্জনে। শতত্রয়ং হিমোৎসর্গে তাবদ্গর্ভস্য সর্জ্জনে। আনন্দাশ্চ হি মেধ্যাশ্চ ভূতনাঃ পূতনা" ইতি। চতুঃশতং বৃষ্টিবাহাঃ তাঃ সর্ব্বা অমৃতাঃ স্ত্রিয় ইতি ॥ ৫৮ ॥

সমমিতি। সমং যুগপদাপন্নাঃ গৃহীতাঃ সত্ত্বাঃ যাভিস্তাঃ আপন্নসত্ত্বাঃ গর্ভিণ্যঃ। "আপন্নসত্ত্বা স্যাদ্গুর্বিণ্যন্তর্ব্বত্নী চ গর্ভিণী"ত্যমরঃ। অতএব আপাণ্ডুরত্বিষঃ পাণ্ডুরবর্ণাঃ তাঃ রাজপত্ন্যঃ অন্তর্গতাঃ ফলারম্ভাঃ ফলপ্রাদুর্ভাবাঃ যাসাং তাঃ, শস্যানাং সম্পদইব রেজুঃ বভুঃ ॥ ৫৯ ॥

সম্প্রতি তাসাং স্বপ্নদর্শনাম্যাহ;—গুপ্তমিতি। সর্ব্বাস্তাঃ স্বপ্নেষু জলজঃ শঙ্খঃ জলজাসিগদাশার্ঙ্গচক্রৈঃ লাঞ্ছিতা মূর্ত্তয়ো যেষাং তৈ র্বামনৈঃ হ্রস্বৈঃ পুরুষৈঃ গুপ্তং রক্ষিতম্ আত্মানং স্বরূপং দদৃশুঃ ॥ ৬০ ॥

প্রভাবে জলীয়াংশ বাষ্পাকারে পরিণত হইয়া ঊর্দ্ধে উন্নীত হয়, সেই বাষ্প শীতল বায়ুর সংস্পর্শে মেঘরূপে পরিণত হইয়া বায়ুর উপরে ভাসমান থাকে; ইহাকেই অমৃতানাম্নী সূর্য্যকিরণ-রাজির গর্ভ বলা যাইতে পারে; সুতরাং এস্থলে সূর্য্যকিরণরাজির গর্ভধারণের সহিত কৌশল্যা প্রভৃতির গর্ভধারণের সামঞ্জস্য আছে বলিয়াই, এস্থলে কবি কালিদাস মেঘের অবতারণা করিয়াছেন ॥ ৫৮ ॥

তৎকালে রাজমহিষীগণ এককালে সসত্ত্বা ও পাণ্ডুবর্ণা হইয়া ফলগর্ভ শস্য সম্পত্তির ন্যায় শোভাধারণ করিলেন ॥ ৫৯ ॥

অনন্তর একদা তাঁহারা স্বপ্নযোগে দেখিলেন যে, কতিপয় খর্ব্বাকার পুরুষ শঙ্খ, চক্র, গদা, খড়্গ ও ধনু ধারণ করিয়া তাঁহাদিগকে রক্ষা করিতেছেন ॥ ৬০ ॥

হেমপক্ষপ্রভাজালং গগনে চ বিতন্বতা।
উহ্যন্তেস্ম সুপর্ণেন বেগাকৃষ্টপয়োমুচা ॥ ৬১ ॥
বিভ্রত্যা কৌস্তুভন্যাসং স্তনান্তরবিলম্বিনম্।
পর্য্যুপাস্যন্ত লক্ষ্ম্যা চ পদ্মব্যজনহস্তয়া ॥ ৬২ ॥
কৃতাভিষেকৈর্দিব্যায়াং ত্রিস্রোতসি চ সপ্তভিঃ।
ব্রহ্মর্ষিভিঃ পরং ব্রহ্ম গৃণদ্ভিরুপতস্থিরে ॥ ৬৩ ॥
তাভ্যস্তথাবিধান্ স্বপ্নান্ শ্রুত্বা প্রীতো হি পার্থিবঃ।

হেমেতি। কিঞ্চেতি চার্থঃ। হেম্নঃ সুবর্ণস্য পক্ষাণাং প্রভাজালং কান্তিপুঞ্জং বিতন্বতা বিস্তারয়তা বেগেনাকৃষ্টাঃ পয়োমুচোমেঘাঃ যেন তেন সুপর্ণেন গরুত্মতা গগনে তা উহ্যন্তেস্ম উঢ়াঃ ॥ ৬১ ॥

বিভ্রত্যেতি। কিঞ্চ স্তনয়োরন্তরে মধ্যে বিলম্বিনং লম্বমানং ন্যস্যতইতি ন্যাসঃ কৌস্তুভ এব ন্যাসস্তং পত্যা ন্যস্তং কৌস্তুভমিত্যর্থঃ বিভ্রত্যা পদ্মমেব ব্যজনং হস্তে যস্যাঃ তয়া লক্ষ্ম্যা পর্য্যুপাস্যন্ত উপাসিতাঃ ॥ ৬২ ॥

কৃতেতি। কিঞ্চ দিবি ভবায়াং দিব্যায়াং ত্রিস্রোতসি আকাশগঙ্গায়াং কৃতাভিষেকৈঃ কৃতাবগাহৈঃ পরং ব্রহ্ম বেদরহস্যং গৃণদ্ভিঃ পঠদ্ভিঃ সপ্তভিঃ ব্রহ্মর্ষিভিঃ কশ্যপপ্রভৃতিভিরুপতস্থিরে উপাসনাঞ্চক্রিরে ॥ ৬৩ ॥

তাভ্য ইতি। পার্থিবোদশরথস্তাভ্যঃ পত্নীভ্যঃ। আখ্যাতোপযোগইত্যপাদানত্বাৎ পঞ্চমী। তথাবিধান্ উক্তপ্রকারান্ স্বপ্নান্ শ্রুত্বা প্রীতঃ সন্

আরও দেখিলেন, পক্ষিরাজ গরুড় মেঘমালা আকর্ষণ ও গগনমণ্ডলে স্বর্ণময় পক্ষের প্রভা বিস্তারপূর্ব্বক তাঁহাদিগকে বহন করিতেছে ॥ ৬১ ॥

লক্ষ্মী স্তনদ্বয়ের মধ্যবর্ত্তীস্থানে বিলম্বিত কৌস্তুভমণি ধারণপূর্ব্বক পদ্মব্যজন বীজনকরত তাঁহাদিগের শুশ্রূষা করিতেছেন ॥ ৬২ ॥

আরও দেখিলেন কশ্যপ প্রভৃতি ব্রহ্মর্ষিগণ মন্দাকিনীতে স্নান করিয়া বেদোচ্চারণ পূর্ব্বক তাঁহাদিগের উপাসনা করিতেছেন ॥ ৬৩ ॥

রাজা দশরথ মহিষীদিগের নিকটে এইরূপ স্বপ্ন বৃত্তান্ত কর্ণগোচর করিয়া জগৎপিতা বিষ্ণুর পিতা হইলেন বলিয়া আপনাকে সর্ব্বোৎকৃষ্ট বলিয়া মনে করিলেন। অর্থাৎ অভিজ্ঞ দশরথ মহিষীদিগের স্বপ্ন বৃত্তান্ত অবগত হইয়া জগদ্গুরু বিষ্ণুর পিতা হইবেন বলিয়া আপনাকে অসাধারণ সৌভাগ্যশালী

মেনে পরার্দ্ধ্যমাত্মানং গুরুত্বেন জগদ্গুরোঃ ॥ ৬৪ ॥

আত্মানং জগদ্গুরোর্বিষ্ণোরপি গুরুত্বেন হেতুনা পরার্দ্ধ্যং সর্ব্বোৎকৃষ্টং মেনে হি ॥ ৬৪ ॥

বলিয়া মনে করিলেন। এস্থলে বিচার্য্য বিষয় এই যে, স্বপ্নে যাহা কিছু লক্ষিত হয়, তাহা কখনও সত্য হইতে পারে না ; কারণ যাহা কিছু অবলোকন করা যায় ও শ্রুত হওয়া যায় এবং অনুভব, প্রার্থনা ও কল্পনা করা যায় ; তাহাই নিদ্রিত হইয়া সময়ে সময়ে দেখা গিয়া থাকে। এতদ্ভিন্ন বাত, পিত্ত ও কফ দূষিত হইলেও নানাবিধ বিষয় স্বপ্নে দেখিতে পাওয়া যায়। অতএব ইহা দ্বারা সপ্রমাণিত হইতেছে যে, স্বপ্নবৃত্তান্ত সফল হইতে পারে না। তবে বিজ্ঞতম দশরথ কি সূত্র বা প্রমাণ অবলম্বন করিয়া স্বপ্ন বৃত্তান্ত যথার্থ বলিয়া অবধারণ করিলেন। এ বিষয়ে শারীর-তত্ত্ববিৎ মহর্ষি চরক বলেন "অল্প নিদ্রাবস্থায় ইন্দ্রিয়গণের চালক মন দ্বারা প্রাণিগণ সফল ও নিষ্ফল বহুবিধ স্বপ্ন দেখিয়া থাকে। সেই স্বপ্ন সাত প্রকার যথা ;—দৃষ্ট, শ্রুত, অনুভূত, প্রার্থিত, কল্পিত, প্রবল বাতাদি দোষজ এবং ভাবিক। তন্মধ্যে দৃষ্ট, শ্রুত, অনুভূত, প্রার্থিত ও কল্পিত স্বপ্ন নিষ্ফল ; কারণ, যাহা জাগ্রত অবস্থায় দেখা যায়, শুনা যায় ও অনুভবাদি করা যায়, তাহাই নিদ্রিতাবস্থায় স্বপ্নরূপে অনুভূত হইয়া থাকে। আর বিকৃত বাতাদি দোষজনিত স্বপ্ন দ্বারা শারীরিক অশুভ লক্ষণ সূচিত হয়। শেষোক্ত সপ্তম ভাবিক স্বপ্ন, ভাবী শুভাশুভ ফল-সূচক স্বপ্ন বলিয়া অভিহিত হয়।

পূর্ব্বোক্ত পাঁচ প্রকার স্বপ্ন এবং দিবা স্বপ্ন, অতি হ্রস্ব ও অতি দীর্ঘ স্বপ্ন নিষ্ফল বলিয়া জানিবে। যে স্বপ্ন প্রথম রাত্রে দৃষ্ট হয়, তাহার ফল অতি অল্প এবং যে স্বপ্ন রাত্রি শেষে দেখিয়া নিদ্রাভঙ্গ হইলে পুনঃ নিদ্রাবেশ না হয়, সেই স্বপ্নই মহাফলপ্রদ হইয়া থাকে।

যে সুস্থ ব্যক্তি স্বপ্নে অশুভ বা সৌম্য ও শুভাকার স্বপ্ন দর্শন করে, সেই স্বপ্ন নিশ্চয়ই সফল হইয়া থাকে।

আয়ুর্বিজ্ঞানবিদ্ মহর্ষি চরকোপদিষ্ট বিষয়, প্রণিধান পূর্ব্বক্ বিবেচিত হইলে, তদ্দ্বারা সুস্পষ্টই পরিলক্ষিত হইবে যে, কৌশল্যা প্রভৃতি মহিষীগণ যে শুভস্বপ্ন দর্শন করিয়াছিলেন, তাহা অবশ্যই ভাবী শুভসূচক স্বপ্ন ; সুতরাং উহা শাস্ত্রানুমত বলিয়া বিদ্বান্ দশরথ তাহাতে বিশ্বাস স্থাপন পূর্ব্বক আনন্দিত হইলেন।

বিভক্তাত্মা বিভুস্তাসামেকঃ কুক্ষিষ্বনেকধা ।
উবাস প্রতিমাচন্দ্রঃ প্রসন্নানামপামিব ॥ ৬৫ ॥
অথাগ্র্যমহিষী রাজ্ঞঃ প্রসূতিসময়ে সতী ।'

বিভক্তেতি। একঃ একরূপোবিভুর্বিষ্ণুঃ তাসাং রাজপত্নীনাং কুক্ষিষু গর্ভেষু, প্রসন্নানাং নির্ম্মলানামপাং কুক্ষিষু প্রতিমাচন্দ্রঃ প্রতিবিম্বচন্দ্র ইব অনেকধা বিভক্তাত্মা সন্ উবাস ॥ ৬৫ ॥

অথেতি। অথ রাজ্ঞো দশরথস্য সতী পতিব্রতা অগ্র্যা চাসৌ মহিষী চাগ্র্যমহিষী কৌশল্যা প্রসূতিসময়ে প্রসূতিকালে, ওষধির্নক্তং রাত্রিসময়ে তমোঽপহন্তীতি তমোপহম্। অপে ক্লেশতমসোরিতি ডপ্রত্যয়ঃ। জ্যোতিরিব তমোপহং তমোনাশকরং পুত্রং লেভে প্রাপ। (যদুক্তং বাল্মীকিনা "ততো যজ্ঞে সমাপ্তে তু ঋতূনাং ষট্‌সমত্যযুঃ। ততশ্চ দ্বাদশে মাসে চৈত্রে নাবমিকে তিথৌ। নক্ষত্রেঽদিতি-দৈবত্যে স্বোচ্চসংস্থেষু পঞ্চসু। গ্রহেষু কর্কটে লগ্নে বাক্‌পতা বিন্দুনা সহ। প্রোদ্যমানে জগন্নাথং সর্ব্বলোকনমস্কৃতং। কৌশল্যা জনয়দ্রামং দিব্যলক্ষণসংযুতং। বিষ্ণোরর্দ্ধং মহাভাগং পুত্রমৈক্ষ্বাকুনন্দনম্। লোহিতাক্ষং মহাবাহুং রক্তোষ্ঠং দুন্দুভিস্বনম্"। তথেত্যাদীনামন্বয়মর্থঃ ;—

কেহ কেহ বলিয়া থাকেন যে, ব্যাধি-পীড়িত, শোকার্ত্ত, চিন্তাগ্রস্ত ও দুরাকাঙ্ক্ষ ব্যক্তির স্বপ্ন নিরর্থক হইয়া থাকে। পতিপরায়ণা রাজমহিষীদিগের পক্ষে উল্লিখিত কারণের কিছুমাত্র বিদ্যমান ছিল না ; সুতরাং স্বপ্ন বিশ্বাস-যোগ্য না হইবার কোন কারণই লক্ষিত হয় নাই ॥ ৬৪ ॥

বিষ্ণু চারি অংশে বিভক্ত হইয়া স্বচ্ছসলিলমধ্যে প্রতিবিম্বিত শশাঙ্কের ন্যায় রাজমহিষীদিগের কুক্ষিমধ্যে বাস করিতে লাগিলেন ॥ ৬৫ ॥

অনন্তর যেমন রজনীযোগে ওষধি অন্ধকারনাশক জ্যোতি প্রসব করে, তদ্রূপ দশরথের প্রধান মহিষী পতিব্রতা কৌশল্যা, যথাসময়ে এক পুত্র প্রসব করিলেন। অর্থাৎ পায়সান্ন ভোজনের পর ছয় ঋতু অতীত ও দ্বাদশ মাস পূর্ণ হইলে চৈত্রমাসের নবমী তিথিতে পুনর্ব্বসু নক্ষত্রে, রবি, মঙ্গল, শনি, শুক্র ও গুরু এই পঞ্চগ্রহের মেষ, মকর, তুলা, কর্কট ও মীন, এই পঞ্চ রাশিতে সঞ্চার এবং বৃহস্পতি চন্দ্রের সহিত কর্কট রাশিতে উদিত হইলে রাজমহিষী কৌশল্যা বিষ্ণুর অর্দ্ধাংশভূত, সর্ব্বলোকনমস্কৃত, দিব্যলক্ষণাক্রান্ত

পুত্রং তমোপহং লেভে নক্তং জ্যোতিরিবৌষধিঃ ॥ ৬৬ ॥
রামইত্যভিরামেণ বপুষা তস্য চোদিতঃ।
নামধেয়ং গুরুশ্চক্রে জগৎপ্রথমমঙ্গলম্ ॥ ৬৭ ॥
রঘুবংশপ্রদীপেন তেনাপ্রতিমতেজসা।
রক্ষাগৃহগতা দীপাঃ প্রত্যাদিষ্টা ইবাভবন্ ॥ ৬৮ ॥
শয্যাগতেন রামেণ মাতা শাতোদরী বভৌ।
সৈকতাম্ভোজবলিনা জাহ্নবীব শরৎকৃশা ॥ ৬৯ ॥

অদিতি-দৈবত্যে পুনর্ব্বসৌ। পঞ্চসু রবি-ভৌম-শনি-গুরু-শুক্রেষু। উচ্চসংস্থেষু মেষ-মকর-তুলা-কর্কট-মীনস্থেষু। সচন্দ্রগুরৌ কর্কটলগ্নে স্থিতে সতি) ॥ ৬৬ ॥

রামইতি। অভিরমতে অত্রেতি অভিরামং মনোহরম্। অধিকরণার্থে ঘঞ্। তেন বপুষা চোদিতঃ প্রেরিতো গুরুঃ পিতা দশরথঃ তস্য পুত্রস্য জগতাং প্রথমং মঙ্গলং সুলক্ষণং রামইতি নামধেয়ং চক্রে। অভিরামত্বমেব রামশব্দপ্রবৃত্তিনিমিত্তমিত্যর্থঃ ॥ ৬৭ ॥

রঘ্বিতি। রঘুবংশস্য প্রদীপেন প্রকাশকেন অপ্রতিমতেজসা তেন রামেণ রক্ষাগৃহগতাঃ সূতিকাগৃহগতাঃ দীপাঃ প্রত্যাদিষ্টাঃ প্রতিবদ্ধা ইব অভবন্। মহাদীপসমীপে নাল্লাঃ স্ফুরন্তীতি ভাবঃ ॥ ৬৮ ॥

শয্যেতি। শাতোদরী গর্ভমোচনাৎ কৃশোদরী মাতা শয্যাগতেন রামেণ সৈকতে পুলিনে যোঽম্ভোজবলিঃ পদ্মোপহারস্তেন শরদি কৃশা জাহ্নবী গঙ্গেব বভৌ ॥ ৬৯ ॥

মহাভাগ, মহাবাহু, রক্তৌষ্ঠ, আরক্তলোচন, দশরথের আনন্দবর্দ্ধন, দুন্দুভি-তুল্য গম্ভীরস্বর, জগতের অধীশ্বর রামকে প্রসব করিলেন ॥ ৬৬ ॥

পিতা দশরথ পুত্রের মনোহর শরীর-সৌন্দর্য্য সন্দর্শন করিয়া জগতের প্রথম মঙ্গলভূত "রাম" এই নাম রাখিলেন। অর্থাৎ রাম জন্মগ্রহণ করিলে একাদশ দিবস অতীতে তাঁহার নামকরণ হইল ॥ ৬৭ ॥

তৎকালে (কৌশল্যানন্দন ভূমিষ্ঠ হইলে) রঘুকুল-প্রদীপ নবজাত শিশুর অলৌলিক তেজঃপুঞ্জপ্রভাবে সূতিকা-গৃহস্থিত প্রদীপ সকল যেন প্রভাশূন্য হইল ॥ ৬৮ ॥

তখন সূতিকা-গৃহে শয্যাশায়ী অভিনবজাত শিশু কর্ত্তৃক কৃশোদরী

কৈকেয্যাস্তনয়ো জজ্ঞে ভরতো নাম শীলবান্‌।
জনয়িত্রীমলঞ্চক্রে যঃ প্রশ্রয়ইব শ্রিয়ম্‌॥ ৭০ ॥
সুতৌ লক্ষ্মণশত্রুঘ্নৌ সুমিত্রা সুষুবে যমৌ।

কৈকেয্যাইতি। কেকয়স্য রাজ্ঞোঽপত্যং স্ত্রী কৈকেয়ী। তস্যাপত্য-মিত্যণি কৃতে কেকয়মিত্রয়ুপ্রলয়ানাং যাদেরিয় ইতীয়াদেশঃ। তস্যাঃ ভরতো-নাম শীলবান্‌ তনয়ো জজ্ঞে জাতঃ, যস্তনয়ঃ প্রশ্রয়োবিনয়ঃ শ্রিয়মিব জনয়িত্রীং মাতরমলঞ্চক্রে। (অত্র যদুক্তং বাল্মীকিনা,—"পুষ্যে জাতস্তু ভরতো মীনলগ্নে প্রসন্নধীঃ। সর্পে জাতৌ তু সৌমিত্রী কুলীরেঽভ্যুদিতে রবৌ"। পুষ্যে ইত্যাদি বচনস্যায়মর্থঃ—সর্পঃ অশ্লেষা। কুলীরঃ কর্কটঃ। অভ্যুদিতে ইত্যস্য উচ্চস্থে ইত্যর্থঃ। সৌমিত্রীতি দ্বিবচনেন তয়োর্যমজত্বং সূচ্যতে)॥ ৭০ ॥

সুতাবিতি। সুমিত্রা লক্ষ্মণশত্রুঘ্নৌ নাম যমৌ যুগ্মজাতৌ সুতৌ পুত্রৌ

কৌশল্যা, যেন তীরভূমিতে অবস্থিত বিকশিত কমল দ্বারা সুশোভিত শার-দীয়া কৃশাঙ্গী জাহ্নবীর ন্যায় শোভা পাইতে লাগিলেন॥ ৬৯ ॥

তৎপরে এক দিবস কৈকয়ী ভরত নামে এক সুশীল পুত্র প্রসব করিয়া, বিনয় দ্বারা সুশোভিত সম্পদের ন্যায় সমলঙ্কৃতা হইলেন। অর্থাৎ ধনবান্‌ ব্যক্তি বিনয়ী হইলে যেরূপ সুশোভিত হইয়া থাকে, তদ্রূপ বিনয়নম্রা কৈকয়ী পুত্রধন লাভ করিয়া সমধিক সুশোভিতা হইলেন। নির্ম্মলবুদ্ধি ভরত পুষ্যানক্ষত্র ও মীনলগ্নে জন্মগ্রহণ করেন॥ ৭০ ॥

অনন্তর যেমন সম্যক্‌ আরাধিতা বিদ্যা, তত্ত্বজ্ঞান ও বিনয় উৎপাদন করিয়া থাকে, তদ্রূপ সুমিত্রা, লক্ষ্মণ ও শত্রুঘ্ন নামে দুই যমজ পুত্র প্রসব করিলেন। অর্থাৎ লক্ষ্মণ ও শত্রুঘ্ন কর্কটে সূর্য্য উদিত হইলে, অশ্লেষা নক্ষত্রে সুমিত্রার গর্ত্ত হইতে আবির্ভূত হইলেন।

এইরূপে মহাত্মা রাজা দশরথের অসাধারণ গুণসম্পন্ন প্রিয়দর্শন চারি পুত্র উৎপন্ন হইলেন। গন্ধর্ব্বগণ সুমধুর সঙ্গীত ও অপ্সরাগণ নৃত্য করিতে লাগি-লেন। দেবলোকে দুন্দুভিধ্বনি ও নভোমণ্ডল হইতে পুষ্প-বৃষ্টি হইতে লাগিল। অযোধ্যাবাসী সকলে সমবেত হইয়া বিবিধ প্রকার উৎসব আরম্ভ করিল। রাজপথসকল নট-নর্ত্তকী ও লোকাকীর্ণ হইয়া উঠিল। উহার কোন স্থলে গায়কেরা গান ও বাদকেরা বাদন করিতে লাগিল। শ্রোতৃবর্গ তাহাদের সন্তোষ সাধনের নিমিত্ত রাশি রাশি রত্ন প্রদানে প্র বৃত্ত হইল, এইরূপে সেই

সম্যগারাধিতা বিদ্যা প্রবোধবিনয়াবিব ॥ ৭১ ॥
নির্দ্দোষমভবৎ সর্ব্বমাবিষ্কৃতগুণং জগৎ।
অন্বগাদিব হি স্বর্গো গাং গতং পুরুষোত্তমম্ ॥ ৭২ ॥
তস্যোদয়ে চতুর্ম্মূর্ত্তেঃ পৌলস্ত্যচকিতেশ্বরাঃ।

সম্যগারাধিতা স্বভ্যস্তা বিদ্যা প্রবোধবিনয়ৌ তত্ত্বজ্ঞানেন্দ্রিয়জয়াবিব সুষুবে। (অত্রৈবমুক্তং মহর্ষিবাল্মীকিনা "অতীত্যৈকাদশাহন্তু নামকর্ম্ম তথাকরোৎ। জ্যেষ্ঠং রামং মহাত্মানং ভরতং কৈকেয়ীসুতম্। সৌমিত্রিং লক্ষ্মণমিতি শত্রুঘ্নমপরন্তথা। বশিষ্ঠঃ পরমপ্রীতো নামানি কুরুতে তদা) ॥ ৭১ ॥

নির্দ্দোষমিতি। সর্ব্বং জগৎ ভূলোকো নির্দ্দোষং দুর্ভিক্ষাদিদোষরহিতম্ আবিষ্কৃতগুণং প্রকটীকৃতারোগ্যাদিগুণং চাভবৎ। অত্রোৎপ্রেক্ষ্যতে, গাং ভুবং গতমবতীর্ণং পুরুষোত্তমং বিষ্ণুং স্বর্গোঽপ্যন্বগাদিব, স্বর্গোহি গুণবান্নির্দ্দোষশ্চেত্যাগমঃ স্বর্গতুল্যমভূদিত্যর্থঃ ॥ ৭২ ॥

তস্যেতি। চতুর্ম্মূর্ত্তেঃ রামাদিরূপেণ চতূরূপস্য সতঃ তস্য হরেরুদয়ে সতি পৌলস্ত্যাদ্রাবণাচ্চকিতাঃ ভীতাঃ ঈশ্বরাঃ নাথাঃ ইন্দ্রাদয়ো যাসাং তাঃ দিশশ্চ-

---

সমস্ত রাজপথ অপূর্ব্ব শোভা ধারণ করিল। রাজা দশরথ সূত, মাগধ ও বন্দিদিগকে পারিতোষিক প্রদান পূর্ব্বক ব্রাহ্মণদিগকে গোধন এবং প্রার্থনাধিক অর্থদান করিতে লাগিলেন। রামায়ণ পাঠে অবগত হওয়া যায় যে, একাদশ দিবস অতীত হইলে মহর্ষি বশিষ্ঠ হৃষ্টমনে রাজকুমারদিগের নাম-করণ করিলেন। জ্যেষ্ঠের নাম রাম, কৈকয়ীর (কৈকেয়ীর) পুত্রের নাম ভরত, সুমিত্রার পুত্রদ্বয়ের নাম লক্ষ্মণ (লক্ষণ) ও শত্রুঘ্ন। কিন্তু ৬৭ সংখ্যক শ্লোকে লিখিত আছে যে গুরু (পিতা দশরথ) জ্যেষ্ঠ-পুত্রের নাম রাম রাখিলেন। অতএব কবি কালিদাসের বাক্যের সহিত রামায়ণের বিরোধ লক্ষিত হইতেছে। এই নিমিত্ত টীকাতে রামায়ণের কতিপয় শ্লোক প্রমাণস্বরূপ উদ্ধৃত করিয়া দেওয়া হইল ॥ ৭১ ॥

তখন (রাম ও লক্ষ্মণাদি ভূমিষ্ঠ হইলে) জগৎ দুর্ভিক্ষাদি-দোষশূন্য ও আরোগ্যাদি গুণসম্পন্ন হইল; ইহাতে বোধ হইল, যেন পুরুষোত্তম নারায়ণ ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন বলিয়া স্বর্গও তাঁহার অনুগমন করিয়াছে ॥ ৭২ ॥

বায়ু ধূলিবর্জ্জিত হইয়া প্রবাহিত হইতে লাগিল। তদ্দর্শনে বোধ হইতে

বিরজস্কৈর্নভস্বদ্ভির্দ্দিশ উচ্ছ্বসিতা ইব ॥ ॥ ৭৩ ॥
কৃশানুরপধূমত্বাৎ প্রসন্নত্বাৎ প্রভাকরঃ।
রক্ষোবিপ্রকৃতাবাস্তামপবিদ্ধশুচাবিব ॥ ৭৪ ॥
দশাননকিরীটেভ্যস্তৎক্ষণং রাক্ষসশ্রিয়ঃ।
মণিব্যাজেন পর্য্যস্তাঃ পৃথিব্যামশ্রুবিন্দবঃ ॥ ৭৫ ॥

তত্রঃ বিরজস্কৈরপধূলিভিঃ নভস্বদ্ভিঃ বায়ুভিঃ মিষেণোচ্ছ্বসিতা ইবেত্যুৎপ্রেক্ষা। শ্বসেঃ কর্ত্তরি ক্তঃ। স্বনাথশরণলাভসন্তুষ্টানাং দিশামুচ্ছ্বাসবাতাইব বাতা ববুরিত্যর্থঃ। চতুর্দ্দিগীশ-রক্ষণং মূর্ত্তিচতুষ্টয়প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৭৩ ॥

কৃশানুরিতি। রক্ষসা রাবণেন বিপ্রকৃতৌ পীড়িতাবিত্যর্থঃ কৃশানুরগ্নিঃ প্রভাকরঃ সূর্য্যশ্চ যথাসঙ্খ্যম্ অপধূমত্বাৎ প্রসন্নত্বাচ্চ অপবিদ্ধশুচৌ নিরস্ত-দুঃখাবিবাস্তামভবতাম্ ॥ ৭৪ ॥

দশাননেতি। তৎক্ষণং তস্মিন্ ক্ষণে রামোৎপত্তিসময়ে রাক্ষসশ্রিয়ঃ অশ্রুবিন্দবঃ দশাননকিরীটেভ্যঃ মণীনাং ব্যাজেন মিষেণ পৃথিব্যাং পর্য্যস্তাঃ পতিতাঃ রামোদয়ে সতি তদ্বধ্যস্য রাবণস্য কিরীটমণিভ্রংশলক্ষণং দুর্নিমিত্ত-মভূদিত্যর্থঃ ॥ ৭৫ ॥

লাগিল, যেন দশানন ভয়ে ভীত দিক্‌পালগণ, মূর্ত্তিত্রয়-সম্পন্ন বিষ্ণুর আবি-র্ভাবে নিঃশঙ্ক হইয়া বায়ুর ছলে উচ্ছ্বাস পরিত্যাগ করিতে লাগিল ॥ ৭৩ ॥

হুতাশন ধূমশূন্য এবং সূর্য্যদেব প্রসন্ন হওয়াতে বোধ হইতে লাগিল যেন তাঁহারা দশাননের ভয় হইতে মুক্ত হইয়া সুখ অনুভব করিতেছেন ॥ ৭৪ ॥

তখন দশাননের কিরীটস্থ মণিসকল স্থানচ্যুত হইয়া ভূমিতে পতিত হইল। তদ্দর্শনে বোধ হইল, যেন রাক্ষস-রাজ-লক্ষ্মীর মণিব্যপদেশে (মণির ছলে) অশ্রুবিন্দু পতিত হইল। অর্থাৎ দশরথ-নন্দন রাম যখন ভূমিষ্ঠ হই-লেন, তখন রাক্ষসরাজ রাবণের কিরীটস্থ মণি সকল বিগলিত হইয়া পড়িল; এইরূপ কিরীটস্থ মণির স্খলনদ্বারা রাবণের ভাবী অমঙ্গল সূচিত হইল। সুতরাং রাম কর্ত্তৃক রাবণ নিহত হইবে বলিয়া রাক্ষস-রাজলক্ষ্মীর অশ্রু বিসর্জ্জন সঙ্গত বোধে এস্থলে কবি কর্ত্তৃক মণি-পতনই অশ্রুবিন্দুর মধ্যে পরিগণিত হইল ॥ ৭৫ ॥

পুত্রজন্মপ্রবেশ্যানাং তূর্য্যাণাং তস্য পুত্রিণঃ।
আরম্ভং প্রথমং চক্রুর্দ্দেবদুন্দুভয়ো দিবি ॥ ৭৬ ॥
সন্তানকময়ী বৃষ্টির্ভবনে চাস্য পেতুষী।
সন্মঙ্গলোপচারাণাং সৈবাদিরচনাভবৎ ॥ ৭৭ ॥
কুমারাঃ কৃতসংস্কারাস্তে ধাত্রীস্তন্যপায়িনঃ।
আনন্দেনাগ্রজেনেব সমং ববৃধিরে পিতুঃ ॥ ৭৮ ॥

পুত্রেতি। পুত্রিণোজাতপুত্রস্য তস্য দশরথস্য পুত্রজন্মনি প্রবেশ্যানাং প্রবেশয়িতব্যানাং বাদনীয়ানামিত্যর্থঃ তূর্য্যাণাং বাদ্যানাম্ আরম্ভমুপক্রমং প্রথমং দিবি দেবদুন্দুভয়ঃ চক্রুঃ পিতুর্দ্দশরথাদপি দেবা অধিকং প্রহৃষ্টা ইত্যর্থঃ ॥ ৭৬ ॥

সন্তানকেতি। অস্য রাজ্ঞোভবনে সন্তানকানাং কল্পবৃক্ষকুসুমানাং বিকারঃ সন্তানকময়ী বৃষ্টিশ্চ পেতুষী পপাত। ক্বসুশ্চেতি ক্বসু প্রত্যয়ঃ, উগিতশ্চেতি ঙীপ্। সা বৃষ্টিরেব সন্তঃ পুত্রজন্মন্যাবশ্যকাঃ যে মঙ্গলোপচারাস্তেষামাদিরচনা প্রথমক্রিয়া অভবৎ ॥ ৭৭ ॥

কুমারা ইতি। কৃতাঃ সংস্কারা জাতকর্ম্মাদয়ো যেষাং তে ধাত্রীণাম্ উপমাতৃণাং স্তন্যানি পয়াংসি পিবন্তীতি তথোক্তাঃ তে কুমারাঃ অগ্রজেন জ্যেষ্ঠেনেব স্থিতেন পিতুরানন্দেন সমং ববৃধিরে কুমারবৃদ্ধ্যা পিতা মহান্তমানন্দমবাপেত্যর্থঃ। কুমারজন্মনঃ প্রাগেব জাতত্বাদগ্রজত্বোক্তিরানন্দস্য ॥ ৭৮ ॥

দেবলোকে দুন্দুভিধ্বনি হইতে লাগিল; সুতরাং রাজা দশরথের পুত্রজন্মোৎসবের বাদ্যের প্রথম সূচনা করিয়া দিল ॥ ৭৬ ॥

দেবগণ স্বর্গ হইতে পারিজাত কুসুমরাশি বর্ষণ করিতে লাগিলেন; সুতরাং তাহাই তৎকালে সেই মহীপালের পুত্রজন্ম-সম্বন্ধীয় মাঙ্গলিক ব্যাপারের প্রথম পুষ্পরচনা হইল ॥ ৭৭ ॥

ধাত্রীস্তন্যপায়ী দশরথাত্মজগণের জাতকর্ম্মাদি সম্পন্ন হইলে, সেই কুমারগণ অগ্রজের ন্যায় অবস্থিত পিতার আনন্দের সহিত দিন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল। অর্থাৎ কুমারগণ ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে মহিষীদিগের গর্ভদর্শনে দশরথের যে আনন্দ জন্মিয়াছিল, সন্তানগণ ভূমিষ্ঠ হইয়া যেমন দিন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল, তদ্দর্শনে দশরথের সেই পূর্ব্বজাত আনন্দও ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল ॥ ৭৮ ॥

স্বাভাবিকং বিনীতত্বং তেষাং বিনয়কর্ম্মণা।
মুমূর্চ্ছ সহজং তেজো হবিষেব হবির্ভুজাম্‌॥ ৭৯॥
পরস্পরাবিরুদ্ধাস্তে তদ্রঘোরনঘং কুলম্‌।
অলমুদ্যোতয়ামাসু র্দেবারণ্যমিবর্ত্তবঃ॥ ৮০॥
সমানেঽপি হি সৌভ্রাত্রে যথোভৌ রামলক্ষ্মণৌ।
তথা ভরতশত্রুঘ্নৌ প্রীত্যা দ্বন্দ্বং বভূবতুঃ॥ ৮১॥
তেষাং দ্বয়োর্দ্বয়োরৈক্যং বিভিদে ন কদাচন।

স্বাভাবিকমিতি। তেষাং কুমারাণাং সম্বন্ধি স্বাভাবিকং সহজং বিনীতত্বং বিনয়কর্ম্মণা শিক্ষয়া হবির্ভুজামগ্নীনাং সহজং তেজো হবিষা আজ্যাদিকেনেব মুমূর্চ্ছ ববৃধে নিসর্গসংস্কারাভ্যাং বিনীতাঃ ইত্যর্থঃ॥ ৭৯॥

পরস্পরেতি। পরস্পরমবিরুদ্ধাঃ অবিদ্বিষ্টাঃ সৌভ্রাত্রগুণবন্ত ইত্যর্থঃ তে কুমারাঃ তৎ প্রসিদ্ধম্‌ অনঘং নিষ্পাপং রঘোঃ কুলম্‌, ঋতবো বসন্তাদয়ো-দেবারণ্যং নন্দনমিব। সহজবিরোধিনামপি ঋতূনাং সহাবস্থানসম্ভাবনার্থং দেববিশেষণম্‌। অলমত্যন্তমুদ্যোতয়ামাসুঃ প্রকাশয়ামাসুঃ। সৌভ্রাত্রবন্তঃ কুলভূষণায়ন্তে ইতি ভাবঃ॥ ৮০॥

সমানইতি। শোভনাঃ স্নিগ্ধাঃ ভ্রাতরো যেষাং তে সুভ্রাতরঃ। নদ্যৃতশ্চেতি কপ্‌ ন ভবতি বন্দিতে ভ্রাতুরিতি নিষেধাৎ। তেষাং ভাবঃ সৌভ্রাত্রম্‌। যুবাদিত্বাদণ্‌। তস্মিন্‌ সমানে চতুর্ণাং তুল্যেঽপি যথা উভৌ রামলক্ষ্মণৌ প্রীত্যা দ্বন্দ্বং বভূবতুঃ তথা ভরতশত্রুঘ্নৌ প্রীত্যা দ্বন্দ্বং দ্বৌ দ্বৌ সাহচর্য্যেণাভিব্যক্তৌ। দ্বন্দ্বং রহস্যমর্য্যাদেতি নিপাতঃ। কচিৎ কস্যচিৎ স্নেহোঽতিরিচ্যত ইতি ভাবঃ॥ ৮১॥

যেমন ঘৃত দ্বারা অগ্নির নৈসর্গিক তেজ বর্দ্ধিত হয়, তদ্রূপ কুমারদিগের স্বাভাবিক বিনীত স্বভাব সুশিক্ষা-প্রভাবে পরিবর্দ্ধিত হইতে লাগিল॥ ৭৯॥

যেমন বসন্তাদি ঋতু সকল, নন্দনকাননকে উদ্ভাসিত করিয়া থাকে, তদ্রূপ সেই সমস্ত সৌভ্রাত্রগুণসম্পন্ন ভ্রাতৃগণ নির্ম্মল রঘুকুলকে সমুজ্জ্বল করিতে লাগিলেন॥ ৮০॥

ভ্রাতৃস্নেহ পরস্পরের একরূপ হইলেও রাম ও লক্ষ্মণের ন্যায় ভরত এবং শত্রুঘ্নও প্রীতি বশতঃ পরস্পর সহচর হইলেন॥ ৮১॥

যথা বায়ুবিভাবস্বো র্যথা চন্দ্রসমুদ্রয়োঃ ॥ ৮২ ॥
তে প্রজানাং প্রজানাথাস্তেজসা প্রশ্রয়েণ চ।
মনো জহ্রু র্নিদাঘান্তে শ্যামাভ্রা দিবসাইব ॥ ৮৩ ॥
স চতুর্দ্ধা বভৌ ব্যস্তঃ প্রসবঃ পৃথিবীপতেঃ।
ধর্ম্মার্থকামমোক্ষাণামবতার ইবাঙ্গবান্ ॥ ৮৪ ॥
গুণৈরারাধয়ামাসুস্তে গুরুং গুরুবৎসলাঃ।
তমেব চতুরন্তেশং রত্নৈরিব মহার্ণবাঃ ॥ ৮৫ ॥

তেষামিতি। তেষাং চতুর্ণাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ রাম-লক্ষ্মণয়োর্ভরত-শত্রুঘ্নয়োশ্চেত্যর্থঃ। যথা 'বায়ুবিভাবস্বোর্ব্বাতবহ্ন্যোরিব যথা চন্দ্রসমুদ্রয়োরিব ঐক্যমৈকমত্যং কদাচন ন বিভিদে। এককার্য্যত্বং সমানসুখদুঃখত্বঞ্চ ক্রমাদুপমাদ্বয়াল্লভ্যতে, সহজঃ সহকারী হি বহ্নের্ব্বায়ুঃ, চন্দ্রবৃদ্ধৌ হি বর্দ্ধতে সিন্ধুঃ তৎক্ষয়ে চ ক্ষীয়তইতি ॥ ৮২ ॥

তইতি। প্রজানাথাস্তে কুমারাঃ তেজসা প্রভাবেণ প্রশ্রয়েণ বিনয়েন চ নিদাঘান্তে গ্রীষ্মান্তে শ্যামান্যভ্রাণি যেষাং তে শ্যামাভ্রাঃ নাতিশীতোষ্ণাইত্যর্থঃ দিবসাইব, প্রজানাং মনোজহ্রুঃ ॥ ৮৩ ॥

সইতি। স চতুর্দ্ধা। সংখ্যায়াবিধার্থে ইত্যনেন ধাপ্রত্যয়ঃ। ব্যস্তো-বিভক্তঃ পৃথিবীপতেঃ দশরথস্য প্রসবঃ সন্তানঃ চতুর্দ্ধা অঙ্গবান্ মূর্ত্তিমান্ ধর্ম্মার্থকামমোক্ষাণাম্ অবতারইব বভৌ ॥ ৮৪ ॥

অগ্নি ও বায়ুর ন্যায় এবং শশাঙ্ক ও জলধির ন্যায় তাঁহাদের সেই একতা কখনও অপনীত হয় নাই। অর্থাৎ যে স্থানে অগ্নি সেই স্থানে বায়ু প্রবল বেগে বহিতে থাকে এবং চন্দ্র বৃদ্ধিপ্রাপ্ত হইলে সমুদ্র জল বর্দ্ধিত হয় এবং চন্দ্র ক্ষয়প্রাপ্ত হইলে সমুদ্র (সমুদ্র জল) হ্রাস প্রাপ্ত হইয়া থাকে, ইহা যেমন স্বাভাবিক সম্বন্ধ, এই সম্বন্ধের কোনকালেও পরিবর্ত্তন ঘটে না, তদ্রূপ রাম ও লক্ষ্মণ এবং ভরত ও শত্রুঘ্নের স্বাভাবিক একতা কদাচও বিলুপ্ত হয় নাই ॥ ৮২ ॥

রাজকুমারগণ গ্রীষ্মাবসানে নাতিশীতোষ্ণ দিবসের ন্যায় স্বকীয় তেজ ও বিনয় দ্বারা সমস্ত প্রকৃতিপুঞ্জের চিত্ত হরণ করিলেন ॥ ৮৩ ॥

দশরথাত্মজ চারি অঙ্গে বিভক্ত হইয়া ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের মূর্ত্তিমান্ অবতারের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥ ৮৪ ॥

স্থরগজ ইব দন্তৈর্ভগ্নদৈত্যাসিধারৈ-
র্নয় ইব পণবন্ধব্যক্তযোগৈরুপায়ৈঃ।
হরিরিব যুগদীর্ঘৈর্দোর্ভিরংশৈস্তদীয়ৈঃ
পতিরবনিপতীনাং তৈশ্চকাশে চতুর্ভিঃ॥ ৮৬॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ
রামাবতারো নাম দশমঃ সর্গঃ।

গুণৈরিতি। গুরুবৎসলাঃ পিতৃভক্তাঃ তে কুমারাঃ গুণৈর্ব্বিনয়াদিভিঃ গুরুং পিতরম্, চতুরন্তানাং দিগন্তানামীশং চতুরন্তেশম্। তদ্ধিতার্থেত্যাদিনা উত্তরপদসমাসঃ। তং দশরথমেব মহার্ণবাশ্চত্বারোরত্নৈরিব আরাধয়ামাসুঃ॥৮৫॥

স্থরগজইতি। ভগ্না দৈত্যানামসিধারা যৈস্তৈঃ চতুর্ভির্দ্দন্তৈঃ স্থরগজঃ ঐরাবতইব পণবন্ধেন ফলসিদ্ধ্যা ব্যক্তযোগৈরনুমিতপ্রয়োগৈরুপায়ৈশ্চতুর্ভিঃ সামাদিভিঃ নয়ো নীতিরিব যুগবদ্দীর্ঘৈশ্চতুর্ভির্দোর্ভির্ভুজৈঃ হরির্বিষ্ণুরিব তদীয়ৈঃ হরিসম্বন্ধিভিরংশৈরংশভূতৈশ্চতুর্ভিস্তৈঃ পুত্রৈঃ অবনিপতীনাং পতিঃ রাজরাজো দশরথ শ্চকাশে বিদিদ্যুতে॥ ৮৬॥

ইতি শ্রীমহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশ-
ব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং দশমঃ সর্গঃ।

যেমন চতুঃসমুদ্র রত্নরাশি দ্বারা সসাগরা ধরার অধীশ্বর দশরথকে আরাধনা করে, তদ্রূপ পিতৃবৎসল কুমারগণ, গুণরাশি দ্বারা পিতাকে সন্তুষ্ট করিতে লাগিলেন॥ ৮৫॥

যে দন্তে অসুরাস্ত্র বিকুণ্ঠিত হয়, সেই সুদৃঢ় দন্তদ্বারা সুরগজ যেরূপ সুশোভিত হয়, ফলসিদ্ধি দ্বারা যাহার প্রয়োগ অনুমিত হয়, সেই সাম প্রভৃতি উপায় চতুষ্টয় দ্বারা নীতি যে প্রকার শোভান্বিত হয় এবং যুগ-কাষ্ঠের ন্যায় সুদীর্ঘ ভুজচতুষ্টয় দ্বারা বিষ্ণু যেমন শোভাশালী হইয়া থাকেন, তদ্রূপ রাজাধিরাজ দশরথ, রাম প্রভৃতি পুত্রচতুষ্টয় দ্বারা সুশোভিত হই-লেন। অর্থাৎ অসুরাস্ত্রের তীক্ষ্ণতা পরাভবকারী দন্তচতুষ্টয়-বিশিষ্ট ঐরাবতের ন্যায়, সামাদি (সাম, দান, ভেদ ও নিগ্রহ) ফলবান উপায় চতুষ্টয় বিশিষ্ট নীতির ন্যায় এবং আজানুলম্বিত বাহুচতুষ্টয়-শোভী ভগবান্ বিষ্ণুর ন্যায় বিক্রমশালী পুত্রচতুষ্টয় দ্বারা দশরথ শোভাধারণ করিলেন॥ ৮৬॥

দশম সর্গ সমাপ্ত।

একাদশঃ সর্গঃ।

কৌশিকেন স কিল ক্ষিতীশ্বরো
রামমধ্বরবিঘাতশান্তয়ে।
কাকপক্ষধরমেত্য যাচিত-
স্তেজসাং হি ন বয়ঃ সমীক্ষ্যতে ॥ ১ ॥

রামচন্দ্রচরণারবিন্দয়োরন্তরঙ্গচরভৃঙ্গলীলয়া।
তত্র সন্তি হি রসাশ্চতুর্বিধাস্তান্ যথারুচি সদৈব নির্বিশ ॥

কৌশিকেনেতি। কৌশিকেন কুশিকাপত্যেন বিশ্বামিত্রেণ এত্য অভ্যাগত্য স ক্ষিতীশ্বরো দশরথঃ অধ্বরবিঘাতশান্তয়ে যজ্ঞবিঘ্নবিধ্বংসায় কাকপক্ষধরং বালকোচিতশিখাধরম্। "বালানান্তু শিখা প্রোক্তা কাকপক্ষঃ শিখণ্ডক" ইতি হলায়ুধঃ। রামং যাচিতঃ কিল প্রার্থিতঃ খলু। যাচের্দ্বিকর্ম্মকাদপ্রধানে কর্ম্মণি ক্তঃ অপ্রধানে দুহাদীনামিতি বচনাৎ। নায়ং বালাধিকার ইত্যাশঙ্ক্যাহ তেজসাং তেজস্বিনাং বয়ো বাল্যাদি ন সমীক্ষ্যতে হি অপ্র-

---

অনন্তর কুশিকনন্দন মহর্ষি বিশ্বামিত্র, রাজা দশরথের নিকটে উপস্থিত হইয়া যজ্ঞের বিঘ্নশান্তির নিমিত্ত বালবয়স্ উচিত শিখাধারী রামচন্দ্রকে লইয়া যাইবার নিমিত্ত প্রার্থনা করিলেন; মহাত্মগণ তেজস্বীদিগের বয়সের অল্পতার বিষয়ে বিচার করেন না। অর্থাৎ মারীচ ও সুবাহু নামক যজ্ঞবিঘাতক রাক্ষসদ্বয় কর্ত্তৃক প্রপীড়িত হইয়া মহর্ষি বিশ্বামিত্র, মহারাজ দশরথের নিকটে আসিয়া বলিলেন, মহারাজ! রাক্ষসগণ আমাদিগের যাগানুষ্ঠানের নিয়ত বিঘ্ন জন্মাইতেছে; অতএব আপনার জ্যেষ্ঠতনয় রামচন্দ্রকে আমার হস্তে সমর্পণ করুন; যদিও রাজীবলোচন রাম বয়সে শিশু, তথাপি আমি দিব্যচক্ষে দেখিতেছি, মহাতেজস্বী রামচন্দ্রের নিকটে সেই ত্রিভুবনবিখ্যাত রাক্ষসবীর্য্য পরাভূত হইবে; আপনি ইঁহার নিমিত্ত কিছুমাত্র ভীত

কৃচ্ছ্রলব্ধমপি লব্ধবর্ণভাক্

যোজকমিত্যর্থঃ। অত্র সর্গে রথোদ্ধতা বৃত্তম্ উক্তঞ্চ রান্নরাবিহ রথোদ্ধতা লগাবিতি॥ ১॥

কৃচ্ছ্রলব্ধমিতি। লব্ধাঃ বর্ণাঃ প্রসিদ্ধয়োযৈস্তে লব্ধবর্ণা বিচক্ষণাঃ। "লব্ধবর্ণোবিচক্ষণ" ইত্যমরঃ। তান্ ভজতে ইতি লব্ধবর্ণভাক্ বিদ্বৎসেবীত্যর্থঃ। স রাজা কৃচ্ছ্রলব্ধমপি সলক্ষ্মণং তং রামং মুনয়ে দিদেশ অতিসৃষ্টবান্। তথাহি অসুপ্রণয়িনাং প্রাণার্থিনামপি অর্থিতা যাচ্ঞা রঘোঃ কুলে কদাচিৎ ন ব্যহন্যত ন বিহতা ন বিফলীকৃতেত্যর্থঃ। যৈরর্থিভ্যঃ প্রাণা অপি সমর্প্যন্তে তেষাং পুত্রাদিত্যাগো ন বিস্ময়াবহ ইতি ভাবঃ। (অস্মিন্ বিষয়ে মহর্ষিবাল্মীকি-বিরচিতে রামায়ণে এবং দৃশ্যতে,—"তস্য চিন্তয়মানস্য মন্ত্রিমধ্যে মহাত্মনঃ। অভ্যাগচ্ছন্মহাতেজা বিশ্বামিত্রো মহামুনিঃ॥ স রাজ্ঞো

হইবেন না; ইনি আমার প্রযত্নে রক্ষিত হইয়া স্বকীয় দিব্য তেজঃপ্রভাবে মারীচ প্রভৃতি যজ্ঞবিঘ্নকারীদিগকে সংহার করিতে সমর্থ হইবেন॥ ১॥

তখন বিদ্বজ্জনসেবী রাজা দশরথ, রামচন্দ্রকে বহুক্লেশে লাভ করিলেও লক্ষ্মণের সহিত মহর্ষির হস্তে সমর্পণ করিলেন; ইহা প্রসিদ্ধই আছে যে, রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণ প্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফল মনোরথ হয় না।

এ বিষয়ে উদারমতি আদি কবি মহর্ষি বাল্মীকি কিরূপ কবিত্ব শক্তির পরিচয় প্রদান করিয়াছেন, তাহা পাঠকগণের অবগতির নিমিত্ত এস্থলে প্রদর্শিত হইল।—

একদা রাজা দশরথ, মন্ত্রী ও মিত্রবর্গের সহিত মিলিত হইয়া পুত্রগণের বিবাহ দিবার নিমিত্ত চিন্তা করিতেছেন, ইত্যবসরে মহাতেজা মহর্ষি বিশ্বামিত্র, তাঁহার সহিত সাক্ষাৎ করিবার মানসে দ্বারদেশে আসিয়া দ্বাররক্ষকদিগকে কহিলেন, ওহে দ্বারপালগণ! আমি কুশিকতনয় বিশ্বামিত্র। তোমরা অবিলম্বে মহারাজকে আমার আগমন সংবাদ প্রদান কর। তখন দ্বারপালগণ এই বাক্য শ্রবণে ভীত ও অতিমাত্র ব্যগ্র হইয়া রাজভবনাভিমুখে ধাবমান হইল এবং নরপালের নিকটে উপস্থিত হইয়া নিবেদন করিল, মহারাজ! কুশিকনন্দন মহর্ষি বিশ্বামিত্র দ্বারদেশে উপস্থিত হইয়া আপনার প্রতীক্ষা করিতেছেন। ভূপতি এই সংবাদ পাইবা-

তং দিদেশ মুনয়ে সলক্ষ্মণম্।

দর্শনাকাঙ্ক্ষী দ্বারাধ্যক্ষানুবাচ হ। শীঘ্রমাখ্যাত মাং প্রাপ্তং কৌশিকং গাধিনঃ সুতম্॥ তচ্ছ্রুত্বা বচনং তস্য রাজ্ঞো বেশ্ম প্রদুদ্রুবুঃ। সম্ভ্রান্তমনসঃ সর্ব্বে তেন বাক্যেন চোদিতাঃ॥ তে গত্বা রাজভবনং বিশ্বামিত্রমৃষিং তদা। প্রাপ্তমাবেদয়ামাসু র্নৃপায়েক্ষ্বাকবে তদা॥ তেষাং তদ্বচনং শ্রুত্বা সপুরোধাঃ সমাহিতঃ। প্রত্যুজ্জগাম সংহৃষ্টো ব্রহ্মাণমিব বাসবঃ॥ স দৃষ্ট্বা জ্বলিতং দীপ্ত্যা তাপসং সংশিতব্রতং। প্রহৃষ্টবদনো রাজা ততোঽর্ঘ্যমুপহারয়ৎ॥ স রাজ্ঞঃ প্রতিগৃহ্যার্ঘ্যং শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা। কুশলং চাব্যয়ং চৈব পর্য্যপৃচ্ছন্নরাধিপম্॥ পুরে কোশে জনপদে বান্ধবেষু সুহৃৎসুচ। কুশলং কৌশিকো

মাত্র সত্বরে পুরোহিতগণের সহিত একত্রে হৃষ্টান্তঃকরণে সেই কঠোরব্রত তেজঃপ্রদীপ্ত তপোধনের প্রত্যুদ্গমন পূর্ব্বক তাঁহাকে অর্ঘ্য প্রদান করিলেন। ধর্ম্মপরায়ণ বিশ্বামিত্র রাজ-প্রদত্ত অর্ঘ্য গ্রহণ পূর্ব্বক তাঁহাকে এবং কোশলনগর, জনপদ ও বন্ধুবান্ধবের কুশল জিজ্ঞাসা করিয়া কহিলেন, মহারাজ! সামন্ত নৃপতিগণ আপনার নিকট নত এবং শত্রুগণ পরাজিত আছে ত? দৈব এবং মানুষকার্য্য ত সম্যক্ সম্পাদিত হইতেছে?

অনন্তর বিশ্বামিত্র, মহর্ষি বশিষ্ঠ ও অন্যান্য মুনিগণের সন্নিহিত হইয়া পরম্পরাগত শিষ্টাচার অনুসারে তাঁহাদিগের কুশল জিজ্ঞাসা করিলেন। পরে তাঁহারা সকলে রাজভবনে প্রবেশপূর্ব্বক পরম সমাদরে সৎকৃত হইয়া উপবিষ্ট হইলেন। তাঁহারা উপবেশন করিলে উদারচেতা দশরথ হৃষ্টমনে বিশ্বামিত্রকে বহুমান পূর্ব্বক কহিলেন, তপোধন! আপনার আগমন সুধারস লাভের ন্যায়, জনশূন্য প্রদেশে বারিবর্ষণের ন্যায়, অপুত্রকের অনুরূপ ভার্য্যার গর্ভে পুত্রোৎপত্তির ন্যায়, প্রনষ্ট পদার্থের পুনঃপ্রাপ্তির ন্যায় এবং উৎসবকালীন হর্ষের ন্যায় আমার প্রীতিকর হইতেছে। আপনি ত নির্ব্বিঘ্নে আসিয়াছেন? আপনার অভিলাষ কি? আদেশ করুন? আমি সন্তোষের সহিত কি উপায়ে আপনার কি কার্য্য সম্পাদন করিব? আপনি সেবার যোগ্যপাত্র, আমার শুভাদৃষ্টবশতঃ অদ্য আপনি আমার আলয়ে উপস্থিত হইয়াছেন, অদ্য জন্ম সফল, জীবনেরও সম্যক্ ফললাভ হইল। আজি আমার রজনী সুপ্রভাত হইয়াছিল, কারণ অদ্য ভবাদৃশ মহাত্মার সন্দর্শন লাভ করিলাম। আপনি অগ্রে অতি কঠোর তপস্যায় রাজর্ষিত্ব, তৎপরে ব্রহ্মর্ষিত্ব

অপ্যসুপ্রণয়িনাং রঘোঃ কুলে

রাজ্ঞঃ পর্য্যপৃচ্ছৎ সুধার্ম্মিকঃ॥ অপি তে সন্নতাঃ সর্ব্বে সামন্তারিপবো জিতাঃ। দৈবঞ্চ মানুষঞ্চৈব কর্ম্ম তে সাধ্বনুষ্ঠিতম্॥ বশিষ্ঠঞ্চ সমাগম্য কুশলং মুনিপুঙ্গবঃ। ঋষীংশ্চ তান্ যথান্যায়ং মহাভাগ উবাচ হ॥ তে সর্ব্বে হৃষ্টমনসস্তস্য রাজ্ঞো নিবেশনম্। বিবিশুঃ পূজিতা স্তেন নিষেদুশ্চ যথার্হতঃ॥ অথ হৃষ্টমনা রাজা বিশ্বামিত্রং মহামুনিম্। উবাচ পরমোদারো হৃষ্টস্তমভিপূজয়ন্॥ যথামৃতস্য সম্প্রাপ্তির্যথা বর্ষমনূদকে। যথা সদৃশ-দারেষু পুত্রজন্মা প্রজস্য বৈ॥ প্রনষ্টস্য যথালাভো যথা হর্ষো মহোদয়ঃ। তথৈবাগমনং মন্যে স্বাগতং তে মহামুনে॥ কঞ্চ তে পরমং কামং করোমি কিমু হর্ষিতঃ। পাত্র-

---

প্রাপ্ত হন; অতএব আপনি বহু প্রকারে আমার আরাধ্য হইতেছেন। আপনার এই পরম পবিত্র আগমন আমার অতিশয় বিস্ময় উৎপাদন করিতেছে। হে প্রভো! আপনার দর্শনমাত্র আমার দেহ পবিত্র হইয়াছে, এক্ষণে আপনি যে অভিপ্রায়ে এখানে আগমন করিয়াছেন, তাহা নির্দ্দেশ করুন, আমি আপনার অভিলষিত বিষয় সাধন করিয়া অনুগৃহীত হইতে বাসনা করি। এ বিষয়ে আপনার কিছুমাত্র সঙ্কোচ করিবার আবশ্যকতা নাই। আমি অবশ্যই আপনার নিদেশ শিরোধার্য্য করিয়া লইব। আপনিই আমার পরম দেবতা, আপনার আগমনে আমার যে ধর্ম্ম সঞ্চয় হইল, ইহা আমার পক্ষে মহান্ অভ্যুদয়, সন্দেহ নাই।

প্রখ্যাতগুণ যশস্বী মহর্ষি বিশ্বামিত্র, মহাত্মা দশরথের এই শ্রবণমধুর হৃদয়হারী বিনীত বাক্য শ্রবণ করিয়া পরম হর্ষান্বিত হইলেন। মহাতেজা মহর্ষি বিশ্বামিত্র মহীপাল দশরথের এইরূপ বিস্ময়কর বাক্যে পুলকিত হইয়া কহিলেন, মহারাজ! আপনি অতি মহৎ কুলে জন্মগ্রহণ করিয়াছেন, বিশেষতঃ স্বয়ং তপোধন বশিষ্ঠ আপনার মন্ত্রী, সুতরাং এরূপ বাক্য প্রয়োগ আপনার উপযুক্তই হইয়াছে। আপনি ভিন্ন অন্য কেহ এরূপ বাক্য কহিতে পারেন না। এক্ষণে আমি যে কার্য্যের প্রসঙ্গ করিব, আপনাকে তৎসাধনে অঙ্গীকার করিতে হইবে।

মহারাজ! আমি সম্প্রতি এক যজ্ঞানুষ্ঠানার্থ দীক্ষিত হইয়াছি। ঐ যজ্ঞ সমাপ্ত হইতে না হইতেই মারীচ ও সুবাহুনামে কামরূপী মহাবল দুই রাক্ষস উহার নানাপ্রকার বিঘ্ন আচরণ করিতেছে। উহারা আমার যজ্ঞবেদিতে

ন ব্যহন্যত কদাচিদর্থিতা ॥ ২ ॥]

ভূতোঽসি মে ব্রহ্মন্ দিষ্ট্যা প্রাপ্তোঽসি মানদ ॥ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যস্মাদ্বিপ্রেন্দ্র মদ্রাক্ষং সুপ্রভাতা নিশা মম ॥ পূর্ব্বং রাজর্ষিশব্দেন তপসা দ্যোতিতপ্রভঃ। ব্রহ্মর্ষিত্ব মনুপ্রাপ্তঃ পূজ্যোঽসি বহুধা ময়া ॥ তদদ্ভুত মভূদ্বিপ্র পবিত্রং পরমং মম। শুভক্ষেত্রে গতশ্চাহং তব সন্দর্শনাৎ প্রভো ॥ ব্রূহি যৎ প্রার্থিতং তুভ্যং কার্য্যমাগমনং প্রতি। ইচ্ছাম্যনুগৃহীতোঽহং ত্বদর্থপরিবৃদ্ধয়ে ॥ কার্য্যস্য ন বিমর্শঞ্চ গন্তুমর্হসি সুব্রত। কর্ত্তা চাহমশেষেণ দৈবতং হি ভবান্মম ॥ মম চায়মনুপ্রাপ্তো মহানভ্যুদয়ো দ্বিজ। তবাগমনজঃ কৃৎস্নো ধর্ম্মশ্চানুত্তমো দ্বিজ ॥ ইতি হৃদয়সুখং নিশম্য বাক্যং

মাংসখণ্ড নিক্ষেপ ও রুধিরধারা বর্ষণ করিয়াছে। উহাদিগকে আমার সঙ্কল্পের এইরূপ ব্যাঘাত ও যজ্ঞনষ্ট করিতে দেখিয়া আমি তথা হইতে নিষ্ক্রান্ত হইয়াছি। হা! এই কার্য্যে আমার যথোচিত পরিশ্রম হইয়াছে; কিন্তু এইক্ষণে তাহার বিঘ্ন দেখিয়া অতিশয় ভগ্নোৎসাহ হইতেছি। এই যজ্ঞসাধন সময়ে কাহাকেও অভিশাপ প্রদান করা কর্ত্তব্য নহে। এই কারণে আমি ঐ রাক্ষসদ্বয়ের উপর রোষ প্রকাশ করি নাই। এক্ষণে প্রার্থনা এই যে, আপনি কাকপক্ষধারী মহাবীর রামচন্দ্রকে আমার হস্তে সমর্পণ করুন। ইনি আমার প্রযত্নে রক্ষিত হইয়া স্বীয় দিব্য তেজঃপ্রভাবে ঐ সমস্ত যজ্ঞবিঘ্নকারী নিশাচরদিগকে সংহার করিতে সমর্থ হইবেন। মহারাজ! যাহাতে রাম ত্রিলোকে বিখ্যাত হইতে পারেন, আমা হইতে ইহাঁর সেই শ্রেয়োলাভ হইবে। আপনি ইহাঁর নিমিত্ত ভীত হইবেন না, মারীচ ও সুবাহু ইহাঁর সহিত রণস্থলে কখনই তিষ্ঠিতে পারিবে না, উহারা বলদর্পে মৃত্যুপাশের বশীভূত হইয়াছে। রাম বিনা ঐ দুরাচারদিগকে বিনাশ করিতে আর কাহারই সাধ্য নাই। আমি কহিতেছি, তাহারা কোন অংশেই রামের বলবীর্য্য সহ্য করিতে সমর্থ হইবে না। আমি নিশ্চয়ই কহিতেছি, ঐ নিশাচরদ্বয় রামশরে সমরে শয়ন করিবে। আমি এবং মহর্ষি বশিষ্ঠ ও অন্যান্য তাপস, আমরা সকলেই সত্যপরাক্রম রামকে বিলক্ষণ জানি, এক্ষণে বশিষ্ঠ প্রভৃতি মন্ত্রিগণ যদি এ বিষয়ে সম্মত হন এবং ইহলোকে যদি আপনার ধর্ম্মলাভ ও অক্ষয় যশোলাভের অভিলাষ থাকে, তাহা হইলে রাজীবলোচন রামকে আমার হস্তে সমর্পণ করুন। আমি রামচন্দ্রকে স্বকার্য্য সাধনার্থ প্রার্থনা করিতেছি।

শ্রুতিসুখমাত্মবতা বিনীতমুক্তম্। প্রথিতগুণযশা গুণৈর্ব্বিশিষ্টঃ পরমঋষিঃ পরমং জগাম হর্ষম্॥ তচ্ছ্রুত্বা রাজসিংহস্য বাক্যমদ্ভুতবিস্তরম্। হৃষ্টরোমা মহাতেজা বিশ্বামিত্রোঽভ্যভাষত॥ সদৃশং রাজশার্দ্দূল তবৈবং ভুবি নান্যতঃ। মহাবংশ-প্রসূতস্য বশিষ্ঠ-ব্যপদেশিনঃ॥ যত্তু মে হৃদ্গতং বাক্যং তস্য কার্য্যস্য নিশ্চয়ম্। কুরুষ্ব রাজশার্দ্দূল ভব সত্যপ্রতিশ্রবঃ॥ অহং নিয়মমাতিষ্ঠে বিধ্যর্থং পুরুষর্ষভ। তস্য বিঘ্নকরৌ দ্বৌ তু রাক্ষসৌ কামরূপিণৌ॥ ব্রতে তু বহুশশ্চীর্ণে সমাপ্ত্যাং রাক্ষসাবিমৌ। মারীচশ্চ সুবাহুশ্চ যজ্ঞবিঘ্নকরাবুভৌ। তৌ মাংস-রুধিরৌঘেণ বেদিস্তামভ্যবর্ষতাম্॥ অবধূতে তথা-

---

বাল্যকাল অতীত হইয়াছে বলিয়া রামেরও পিতা মাতার প্রতি আর তাদৃশ আসক্তি নাই। অতএব এক্ষণে ইহাঁকে যজ্ঞের দশরাত্রির নিমিত্ত আমার সহিত প্রেরণ করুন। যাহাতে আমার এই যজ্ঞকাল অতীত না হয়, আপনি তাহাই করুন; মহারাজ! শোকাকুল হইবেন না। মহাতেজা মহামতি বিশ্বামিত্র এইরূপ ধর্ম্মার্থ-সঙ্গত বাক্য প্রয়োগ করিয়া মৌনাবলম্বন করিলেন।

রাজা দশরথ, মহর্ষি-বিশ্বামিত্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া শোকাকুলিত-চিত্তে কম্পিত-কলেবরে মূর্চ্ছিত হইলেন। পরে সংজ্ঞালাভ পূর্ব্বক গাত্রোত্থান করিয়া ভয়ে যৎপরোনাস্তি বিষণ্ণ হইলেন।

মহীপাল দশরথ, মহর্ষি বিশ্বামিত্রের বাক্য শ্রবণ করিয়া মুহূর্ত্তকাল যেন হতজ্ঞান হইয়াছিলেন। তৎপরে চেতনা লাভ করিয়া তাঁহাকে বলিলেন, ভগবন্! এক্ষণে পদ্মপলাশলোচন রামের বয়ঃক্রম প্রায় ষোড়শবর্ষ। রাক্ষসের সহিত যুদ্ধ করা ইহার সাধ্যায়ত্ত নহে। আমি এই অক্ষৌহিণী সেনার অধীশ্বর, এই সেনা সমভিব্যাহারে গমন করিয়া আমিই নিশাচরগণের সহিত সংগ্রাম করিব। আর এই সমস্ত অস্ত্রবিশারদ মহাবল পরাক্রান্ত বীর আমার ভৃত্য। রাক্ষসদিগের সহিত যুদ্ধ করিতে ইহারাও সম্যক্ সমর্থ হইবে। অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। আমি স্বয়ং শরাসন ধারণপূর্ব্বক আপনার যজ্ঞরক্ষা করিব এবং যতক্ষণ দেহে প্রাণ থাকিবে, ততক্ষণ রাক্ষসগণের সহিত যুদ্ধ করিব। আমি গমন করিলে আপনার যজ্ঞও নির্ব্বিঘ্নে সম্পন্ন হইবে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। রাম নিতান্ত বালক, অকৃতবিদ্য, অস্ত্রশিক্ষায় ও যুদ্ধে আজিও ইহার পটুতা জন্মে নাই; এবং ইনি বিপক্ষের বলাবল বিচারেও সমর্থ নহেন। বিশেষতঃ রাক্ষসেরা কূটযোধী, সুতরাং রামকে কোনমতেই তাহাদিগের

ভূতে তস্মিন্নিয়মনিশ্চয়ে। কৃতশ্রমো নিরুৎসাহস্তস্মাদ্দেশাদপাক্রমে॥ নচ মে ক্রোধমুৎস্রষ্টুং বুদ্ধির্ভবতি পার্থিব। তথা ভূতা হি সা চর্য্যা ন শাপস্তত্র বিদ্যতে॥ স্বপুত্রং রাজশার্দ্দূল রামং সত্যপরাক্রমং। কাকপক্ষধরং বীরং জ্যেষ্ঠং মে দাতুমর্হসি॥ শক্তোহ্যেষ ময়া গুপ্তো দিব্যেন স্বেন তেজসা। রাক্ষসা যে বিকর্ত্তার স্তেষামপি বিনাশনে॥ শ্রেয়শ্চাস্মৈ প্রদাস্যামি বহুরূপং ন সংশয়ঃ। ত্রয়াণামপি লোকানাং যেন খ্যাতিং গমিষ্যতি॥ ন চ তৌ রাম-

---

প্রতিদ্বন্দ্বী হইবার যোগ্য বোধ হইতেছে না। হে তপোধন! রাম ব্যতীত মুহূর্ত্তকাল প্রাণধারণ করাও আমার দুষ্কর হইবে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। যদি আপনার রামের জন্য এতই আগ্রহ হইয়া থাকে, তাহা হইলে চতুরঙ্গিণী সেনার সহিত আমাকেও সঙ্গে লউন। হে কুশিক-নন্দন! ষষ্টিসহস্র বৎসর আমার বয়ঃক্রম হইয়াছে, আমি এই বয়সে অতি ক্লেশে রামকে প্রাপ্ত হইয়াছি, পুত্রচতুষ্টয়ের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ ধর্ম্মপ্রধান রামেরই প্রতি আমার বিশেষ প্রীতি আছে; অতএব আপনি রামকে লইয়া যাইবেন না। হে তপোধন! সেই রাক্ষসেরা কে? কাহার পুত্র? তাহা-দিগের আকার কি প্রকার? এবং পরাক্রমই বা কিরূপ? আর কেই বা ঐ সকল রাক্ষসকে রক্ষা করিয়া থাকে? এবং রাম বা আমি অথবা আমার সেনা, আমরা কি প্রকারে সেই সমস্ত কপট যোদ্ধাদিগের প্রতিকার করিতে সমর্থ হইব? উহারা বীর্য্যমদে উন্মত্ত ও দুষ্টস্বভাব। আমি কি উপায়েই বা উহাদিগের সহিত রণস্থলে অবস্থান করিব? এইক্ষণে আপনি এই সকল নির্দ্দেশ করিয়া দিউন।

মহর্ষি-বিশ্বামিত্র দশরথের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, মহা-রাজ! আমরা শুনিয়াছি, রাবণ নামে পুলস্ত্যবংশ-প্রসূত মহাবল মহাবীর্য্য এক রাক্ষস আছে। সেই রাবণ পিতামহ ব্রহ্মার নিকটে বরলাভ করিয়া বহুসংখ্যক রাক্ষসের সহিত ত্রিলোককে অতিশয় পীড়ন করিতেছে। সে, মহর্ষি বিশ্বশ্রবার পুত্র এবং যক্ষরাজ কুবেরের ভ্রাতা; শুনিলাম, সে স্বয়ং অবজ্ঞা করিয়া যজ্ঞের বিঘ্নসম্পাদনে আগমন করিবে না; মারীচ ও সুবাহু নামে দুই দুর্দ্দান্ত রাক্ষস তাহারই নিয়োগে আমাদিগের যজ্ঞ নষ্ট করিতে আসিবে।

তখন রাজা দশরথ মহর্ষি-বিশ্বামিত্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহি-লেন, তপোধন! আমি সেই দুরাত্মা রাবণের সহিত যুদ্ধ করিতে পারিব না;

মাসাদ্য শক্তৌ স্থাতুং কথঞ্চন। ন চ তৌ রাঘবাদন্যো হন্তুমুৎসহতে পুমান্॥ বীর্য্যোৎসিক্তৌ হি তৌ পাপৌ কাল-পাশ-বশঙ্গতৌ। রামস্তু রাজশার্দ্দূল ন পর্য্যাপ্তৌ মহাত্মনঃ॥ ন চ পুত্রগতং স্নেহং কর্ত্তুমর্হসি পার্থিব। অহন্তে প্রতিজানামি হতৌ তৌ বিদ্ধি রাক্ষসৌ॥ অহং বেদ্মি মহাত্মানং রামং সত্য পরাক্রমং। বশিষ্ঠোঽপি মহাতেজা যে চেমে তপসি স্থিতাঃ॥ যদি তে ধর্ম্ম-

---

আমি নিতান্ত মন্দভাগ্য, এক্ষণে আমার পুত্র রামের প্রতি আপনি প্রসন্ন হউন। আপনি আমার পরম দেবতা ও গুরু। হে কৌশিক! সেই রাক্ষসাধিপতি রাবণের শক্তি অতি অদ্ভুত, মনুষ্যের কথা দূরে থাকুক, দেব, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, পতগ ও পন্নগেরাও তাহার পরাক্রম সহ্য করিতে পারে না। রাবণ রণক্ষেত্রে অতি বলবান্ দিগেরও বলক্ষয় করিয়া থাকে। সুতরাং তাহার বা তাহার সৈন্যদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে আমার কদাচই সাহস হয় না। আর আপনি সসৈন্যই হউন বা আমার তনয়গণকেই সঙ্গে লউন, উহার সহিত সংগ্রামে কখনই তিষ্ঠিতে পারিবেন না। দেবতার ন্যায় প্রিয়দর্শন রাম, একে ত বালক, দ্বিতীয়তঃ সে আজিও যুদ্ধের কিছুই জানে না; সুতরাং আমি তাহাকে কোন্ সাহসে আপনার হস্তে সমর্পণ করিব। সুন্দ ও উপসুন্দের পুত্র মারীচ ও সুবাহু কালান্তক যমের ন্যায় অতিশয় ভীমদর্শন, তাহারাই আপনার যজ্ঞনষ্ট করিবে; সুতরাং আমি রামকে কোনমতেই আপনার হস্তে দিতে পারি না। বরং যদি বলেন, আমিই সবান্ধবে স্বয়ং গিয়া ঐ দুই মহাবল পরাক্রম রাক্ষসের অন্যতরের সহিত যুদ্ধ করিয়া আসি, অন্যথা আমরা সকলেই অনুনয়পূর্ব্বক আপনাকে কহিতেছি, আপনি রামের প্রসঙ্গ পরিত্যাগ করুন।

রাজা দশরথ বিশ্বামিত্রকে এইরূপে হতাশ করিলে, তিনি প্রজ্বলিত হুতাশনের ন্যায় ক্রোধভরে প্রদীপ্ত হইয়া উঠিলেন। মহর্ষি বিশ্বামিত্র মহীপাল দশরথের এইরূপ স্নেহ-গদ্গদ বাক্য শ্রবণ করিয়া কোপাকুলিত-চিত্তে কহিতে লাগিলেন, মহারাজ! তুমি প্রথমে আমার প্রার্থনা পূরণ করিবে বলিয়া অঙ্গীকার করিয়াছিলে, এক্ষণে তদ্বিষয়ে পরাঙ্মুখ হইতেছ; ফলতঃ এইরূপ ব্যবহার রঘুবংশীয়দিগের অনুরূপ হইতেছে না। তোমার এই অত্যাচারে নিশ্চয়ই এই বংশ ধ্বংশ হইবে। এক্ষণে যদি প্রতিজ্ঞা ভঙ্গ ও কুলক্ষয় তোমার অভিমত হয়, তবে বল? আমি যথাস্থানে চলিয়া যাই। আর তুমি আমাকে বঞ্চনা করিয়া সুহৃদ্গণের সহিত সুখে কালহরণ কর।

লাভস্ত যশশ্চ পরমং ভুবি। স্থিরমিচ্ছসি রাজেন্দ্র রামং মে দাতু মর্হসি॥ যদ্যভ্যনুজ্ঞাং কাকুৎস্থ দদতে তব মন্ত্রিণঃ। বশিষ্ঠপ্রমুখাঃ সর্ব্বে ততোরামং বিসর্জ্জয়॥ অভিপ্রেতমসংসক্তমাত্মজং দাতুমর্হসি। দশরাত্রং হি যজ্ঞস্য রামং রাজীবলোচনম্॥ নাত্যেতি কালো যজ্ঞস্য যথায়ং মম রাঘব। তথা

এইরূপে কুশিকতনয় বিশ্বামিত্রের ক্রোধবেগ উদ্বেল হইলে; সমগ্র ধরাতল বিচলিত হইয়া উঠিল; দেবগণেরও হৃদয়ে ভয়সঞ্চার হইতে লাগিল। তখন সুধীর বশিষ্ঠ, ত্রিলোক একান্ত আকুলিত দেখিয়া দশরথকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, মহারাজ! আপনি দ্বিতীয় ধর্ম্মের ন্যায় ইক্ষ্বাকু-বংশে জন্মগ্রহণ করিয়াছেন, আপনি অতি ধীর ও ব্রতপরায়ণ; ধর্ম্ম পরিত্যাগ করা ভবাদৃশ লোকের কর্ত্তব্য নহে। দেখুন, আপনাকে ধর্ম্মশীল বলিয়া লোকে সর্ব্বত্র ঘোষণা করিয়া থাকে; এক্ষণে প্রতিজ্ঞা রক্ষা করুন, অধর্ম্ম-ভার বহন করা আপনার উচিত হইতেছে না। যদি আপনি অঙ্গীকার করিয়া পালন না করেন, নিশ্চয়ই আপনার ইষ্টাপূর্ত্ত (যজ্ঞফল ও বাপী প্রভৃতির খনন ফল) বিনষ্ট হইবে। মহারাজ! রাম অস্ত্রশিক্ষা করুন আর নাই করুন, হুতাশন যেমন অমৃতের, বিশ্বামিত্র সেইরূপ রামের রক্ষক হইলে, রাক্ষসেরা কদাচই তাঁহার বীর্য্য সহ্য করিতে পারিবে না; অতএব রামকে প্রেরণ করুন। রাম মূর্ত্তিমান ধর্ম্মের ন্যায় পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। তিনি সর্ব্বাপেক্ষা বলবান্, সর্ব্বাপেক্ষা বিদ্বান্, তপস্যার আশ্রয় ও অস্ত্রজ্ঞ। এই চরাচর জগতের মধ্যে কোন ব্যক্তিই তাঁহাকে জানে না এবং কোন কালে কেহ জানিতেও পারিবে না। দেবতা, ঋষি, রাক্ষস, গন্ধর্ব্ব, যক্ষ, কিন্নর এবং উরগেরাও তাঁহাকে জ্ঞাত হইতে পারে নাই। আর এই যে মহর্ষিকে দেখিতেছেন, ইনিও সামান্য নহেন। পূর্ব্বে যখন এই কুশিকনন্দন রাজ্যশাসন করিতেন, তৎকালে ভগবান্ শূলপাণি ইহাঁকে কতকগুলি অস্ত্র প্রদান করেন, ঐ সমস্ত অস্ত্র কৃশাশ্বের পুত্র এবং প্রজাপতি দক্ষের কন্যা জয়া ও সুপ্রভার গর্ভসম্ভূত। পূর্ব্বে জয়া বরলাভ করিয়া অসুরসৈন্য সংহারার্থ অদৃশ্যরূপ পঞ্চাশৎ এবং সুপ্রভাও সংহার নামে উৎকৃষ্ট পঞ্চাশৎ অস্ত্র প্রসব করেন। ঐ সকল অস্ত্রের আকার নানাপ্রকার, উহারা নিতান্ত দুঃসহ, মহাবীর্য্য, দীপ্তিশীল ও বিজয়প্রদ এবং উহাদের শক্তির পরিসীমা করা যায় না। এই কুশিকতনয় বিশ্বামিত্র, সেই সমস্ত অস্ত্র শস্ত্র সমগ্র জ্ঞাত আছেন; ইনি অপূর্ব্ব অস্ত্রবিদ্যা বিশেষের সৃষ্টি করিতে পারেন। ভূত, ভবিষ্যৎ ও

কুরুষ ভদ্রন্তে মা চ শোকে মনঃ কৃথাঃ॥ ইত্যেবমুক্ত্বা ধর্ম্মাত্মা ধর্ম্মার্থ-সহিতং বচঃ। বিররাম মহাতেজা বিশ্বামিত্রো মহামতিঃ॥ স তন্নিশম্য রাজেন্দ্রো বিশ্বামিত্র-বচঃ শুভম্। শোকেন মহতাবিষ্টশ্চচাল চ মুমোহ চ॥ লব্ধসংজ্ঞস্ততোত্থায় ব্যষীদত ভয়ান্বিতঃ॥' ইতি স হৃদয়-মনো বিদারণং মুনিবচনং

বর্ত্তমান ইহাঁর কিছুই অবিদিত নাই। মহারাজ! এই ধর্ম্মপরায়ণ মহাযশা মহর্ষির প্রভাব এইরূপই জানিবেন। অতএব আপনি ইহাঁর সমভিব্যাহারে রামচন্দ্রকে প্রেরণ করিতে কিছুমাত্র সঙ্কোচ করিবেন না। স্বয়ং বিশ্বামিত্রই সেই নিশাচরগণকে বিনাশ করিতে পারেন; কেবল রামের হিতার্থই আপনার নিকট আসিয়া রামকে প্রার্থনা করিতেছেন।

বশিষ্ঠদেব এইরূপ কহিলে মহীপাল দশরথ যৎপরোনাস্তি আনন্দিত হইলেন। অতঃপর বিশ্বামিত্রের সহিত রামকে প্রেরণ করিতে তাঁহার আর কিছুমাত্র আশঙ্কা হইল না।

এই সংসার মায়াময়। জীব এই মায়ার বশবর্ত্তী হইয়া অনবরত ঘুরিয়া বেড়াইতেছে। মায়া হইতেই জীবের আসক্তি। স্নেহ, ভালবাসা, এই মায়ার প্রধান অঙ্গ। এই স্নেহ প্রভৃতির এতদূর শক্তি যে উহারা মনুষ্যকে একেবারে অন্ধ করিয়া ফেলে এবং কর্ত্তব্যে বিস্মৃতি জন্মাইয়া দেয়। এই স্নেহ প্রভৃতি আবার অবস্থাভেদে ন্যূনাধিক হইতে দেখা যায় এবং উহাদের ন্যূনাধিক্যের সহিত মনুষ্যের অন্ধতা ও কর্ত্তব্য-বিস্মৃতিরও ন্যূনাধিক্য লক্ষিত হয়। আগ্রহাতিশয় থাকা সত্ত্বে ও বহুকাল কাম্য বস্তুতে বঞ্চিত থাকিয়া পরে তাহা প্রাপ্ত হইলে, তাহার প্রতি আসক্তি স্বতঃই অধিক হইতে দেখা গিয়া থাকে। পুত্রবাৎসল্য মনুষ্যের স্বভাব-সুলভ; কিন্তু যথাকালে লব্ধপুত্র-ব্যক্তি অপেক্ষা, পুত্রে হতাশ হইয়া অবশেষে বৃদ্ধ বয়সে লব্ধপুত্র-ব্যক্তির পুত্রস্নেহ অধিক হওয়াই স্বাভাবিক। আদিকবি বাল্মীকি দশরথ-প্রমুখাৎ রামকে বিশ্বামিত্র সহ প্রেরণ করা সম্বন্ধে নানা প্রকার আপত্তি প্রদর্শন করিয়া মনুষ্য প্রকৃতির এই স্বাভাবিক ধর্ম্মই দেখাইয়াছেন; দশরথের চরিত্র এইরূপে চিত্রিত করায় আবার ভবিষ্যতে অত্যধিক পুত্রবাৎসল্য নিবন্ধন পুত্রশোকে দশরথের প্রাণত্যাগের সহিতও সামঞ্জস্য লক্ষিত হইতেছে। যদিও প্রথমে পুত্রস্নেহ হেতু অন্ধতা প্রযুক্ত দশরথের কর্ত্তব্যচ্যুতি হইল বটে; কিন্তু আবার কুলগুরু বশিষ্ঠের মন্ত্রণায় দশরথের জ্ঞানের অবতারণা দ্বারা তাঁহার চরিত্রের নির্ম্মলতা রক্ষা করিয়া কবিগুরু তাঁহার

তদতীব শুশ্রুবান্। নরপতিরভবন্মহান্মহাত্মা ব্যথিতমনাঃ প্রচচাল চাসনাৎ॥ তচ্ছ্রুত্বা রাজশার্দ্দূলো বিশ্বামিত্রস্য ভাষিতম্। মুহূর্ত্তমিব নিঃসংজ্ঞঃ সংজ্ঞাবানিদমব্রবীৎ॥ উনষোড়শবর্ষো মে রামো রাজীবলোচনঃ। ন যুদ্ধ-যোগ্যতামস্য পশ্যামি সহ রাক্ষসৈঃ॥ ইয়মক্ষৌহিণী সেনা যস্যাহং পতি-

---

অসীম ক্ষমতার পরিচয় দিয়াছেন। মহর্ষি বাল্মীকির এই বর্ণনার সহিত কালিদাসের বর্ণনা হঠাৎ তুলনা করিতে গেলে শেষোক্তটি অতি জঘন্য বলিয়াই বোধ হয়। তাঁহার বর্ণনায় দশরথচরিত্রে মনুষ্য-স্বভাব-সুলভ পুত্র-বাৎসল্য দৃষ্ট হয় না, বরং তাঁহার শেষোক্ত বাক্যটিতে তাহার বিপরীতই বোধ হয়। কালিদাস বলিতেছেন,—"রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণপ্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফল-মনোরথ হয় না।" ইহা হইতে এই ভাবার্থ গ্রহণই সম্ভব যে, যাঁহারা প্রার্থীকে প্রাণ পর্য্যন্ত দান করিতেও কুণ্ঠিত নহেন, তাঁহাদের পক্ষে পুত্রপ্রদান অতি তুচ্ছ বিষয়। এতদ্দ্বারা দশরথ যে পুত্রাপেক্ষা স্বীয় প্রাণকে অধিক বিবেচনা করিতেন, ইহাই সূচিত হইতেছে; এরূপ মানসিকভাব নিতান্ত মনুষ্যপ্রকৃতিবিরুদ্ধ। ইহা আবার পৌরাণিক ঘটনার সহিতও অসংলগ্ন। রামায়ণে দেখা যায়,—রাজা দশরথ, পুত্রশোকে প্রাণত্যাগ করেন; কিন্তু উপরের ভাব গ্রহণ করিলে ইহা কোনপ্রকারেই সম্ভবপর হইতে পারে না। সুতরাং প্রথম দৃষ্টিতে উহা দোষ পূর্ণ বলিয়া বোধ হওয়াই সম্ভব; কিন্তু মহাকবি কালিদাস এরূপ অসংলগ্ন লিখিবার পাত্র নহেন। প্রণিধান পূর্ব্বক চিন্তা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, তাঁহার বর্ণনাই শ্রেষ্ঠতর। তিনি দশরথের মনুষ্য-প্রকৃতি-সুলভ পুত্রবাৎসল্যের কোন কার্য্য প্রদর্শন করেন নাই বটে; কিন্তু তাহাতে দশরথের চরিত্র আরও উন্নতই করা হইয়াছে। বাল্মীকি দশরথকে প্রাকৃতজনবৎ বর্ণনা করিয়াছেন; কিন্তু কালিদাস তাঁহাকে অমানুষিক ক্ষমতাশালী কর্ত্তব্য-পরায়ণ ক্ষত্ররাজের ন্যায় বর্ণনা করিয়াছেন। যাহা সাধারণ লোককে বিচলিত করে, তাহা দশরথের তুল্য রাজাকে বিচলিত করা উচিত নহে, ইহাই কালিদাসের বর্ণনার তাৎপর্য্য। বর্ণাশ্রম পালন করাই রাজার ধর্ম্ম। কালিদাস স্থানান্তরে এ বিষয়ে বলিতেছেন,—

"নৃপস্য বর্ণাশ্রম-পালনং যৎ
স এব ধর্ম্মো মনুনা প্রণীত" ইত্যাদি।

সুতরাং মহর্ষি বিশ্বামিত্রের তপশ্চর্য্যার ব্যাঘাত নিবারণ করা রাজধর্ম্মা-

যাবদাদিশতি পার্থিবস্তয়ো-
র্নির্গমায় পুরমার্গসংস্ক্রিয়াম্ ।

রীশ্বরঃ। অনয়া সহিতো গত্বা যোদ্ধাহন্তে নিশাচরৈঃ ॥ ইমে শূরাশ্চ বিক্রান্তা ভৃত্যা মেঽস্ত্রবিশারদাঃ। যোগ্যা রক্ষোগণৈর্যোদ্ধুং ন রামং নেতুমর্হসি" ইত্যাদি) ॥ ২ ॥

যাবদিতি। পার্থিবঃ পৃথিবীশ্বরঃ তয়োঃ রামলক্ষ্মণয়োঃ নির্গমায় নিষ্ক্র-

---

নুসারে মহারাজ দশরথের নিতান্ত কর্ত্তব্য কার্য্য; ইহা হইতে ক্ষণমাত্র বিচলিত হইলেও তিনি নিন্দার্হ। বাল্মীকি তাঁহার বর্ণনায় রাজা দশরথকে এই নিন্দার পাত্র করিয়াছেন, কিন্তু কালিদাসের বর্ণনায় তিনি অনিন্দ্য। আবার দশরথ যে স্বীয় প্রাণকে পুত্রাপেক্ষা অধিক দেখিতেন, চিন্তা করিয়া দেখিলে, ইহাও শ্লোকের তাৎপর্য্য বলিয়া বোধ হয় না। বাল্মীকির বর্ণনায় দশরথকে মুনি বিশ্বামিত্রের কথার প্রতি সন্দেহপরবশ বলিয়া বর্ণিত হইয়াছে, কিন্তু কালিদাসের বর্ণনায় সে সন্দেহ নাই, দশরথ মুনিতে সম্পূর্ণ আস্থাপূর্ণ। বাল্মীকির বর্ণনায় মুনির প্রতি অনাস্থা হেতু দশরথ পুত্রের অমঙ্গল আশঙ্কা করিতেছেন, কিন্তু কালিদাসের বর্ণনায় সে আশঙ্কা দশরথের মনে স্থানও পাইতেছে না। তবে কবি যে বলিতেছেন "রঘুবংশীয়দিগের নিকটে কোন ব্যক্তি প্রাণ-প্রার্থী হইয়া উপস্থিত হইলেও কদাচ বিফলমনোরথ হয় না" ইহার তাৎপর্য্য এই যে, যাঁহারা প্রার্থীকে জীবন পর্য্যন্ত দান করিতে পরাঙ্মুখ নহেন, তাঁহারা যে কর্ত্তব্যানুষ্ঠানে পরাঙ্মুখ হইবেন, ইহা কোনমতেই সম্ভবপর নহে। বস্তুতঃ প্রাণের সহিত পুত্রের তুলনার অবতারণাই করা হয় নাই। বিশ্বামিত্রের প্রার্থনা দশরথকে কর্ত্তব্য কার্য্য করিবার অনুরোধ ভিন্ন অপর কিছুই নহে। সুতরাং প্রাণের সহিত কোন বস্তু তুলনা করিতে হইলে, কর্ত্তব্যানুষ্ঠানের সহিত তুলনা করাই সঙ্গত। এই সকল বিষয় পর্য্যালোচনা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীতি হইবে যে, বাল্মীকির বর্ণনা সাধারণ ব্যক্তির বর্ণনার পক্ষে অত্যুৎকৃষ্ট হইলেও রাজা দশরথের বর্ণনার উপযোগী হয় নাই এবং কালিদাস রাজা দশরথের চরিত্রে অমানুষিক উচ্চভাব দেখাইয়া স্বনামোচিত ক্ষমতারই পরিচয় প্রদান করিয়াছেন ॥ ২ ॥

মহারাজ দশরথ পুত্রদ্বয়ের তপোবন গমনের নিমিত্ত যেই (যে মুহূর্ত্তে)

তাবদাশু বিদধে মরুৎসখৈঃ
সা সপুষ্পজলবর্ষিভির্ঘনৈঃ ॥ ৩ ॥
তৌ নিদেশকরণোদ্যতৌ পিতু-
র্ধন্বিনৌ চরণয়োর্নিপেততুঃ।
ভূপতেরপি তয়োঃ প্রবৎস্যতো-
র্নম্রয়োরুপরি বাষ্পবিন্দবঃ ॥ ৪ ॥
তৌ পিতুর্নয়নজেন বারিণা
কিঞ্চিদুক্ষিতশিখণ্ডকাবুভৌ।
ধন্বিনৌ তমৃষিমন্বগচ্ছতাং
পৌরদৃষ্টিকৃতমার্গতোরণৌ ॥ ৫ ॥

মায় পুরমার্গসংস্ক্রিয়াং ধূলিসংমার্জ্জনগন্ধোদকসেচন-পুষ্পোপহাররূপসংস্কারং যাবদাদিশতি আজ্ঞাপয়তি তাবৎ মরুৎসখৈর্ব্বায়ুসখৈঃ, অনেন ধূলিসংমার্জ্জনং গম্যতে, সপুষ্পজলবর্ষিভিঃ পুষ্পসহিতজলবর্ষিভির্ঘনৈঃ সা মার্গসংস্ক্রিয়া আশু বিদধে বিহিতা। এতেন দেবকার্য্যপ্রবৃত্তয়োর্দ্দৈবানুকূল্যং সূচিতম্ ॥ ৩ ॥

তাবিতি। নিদেশকরণোদ্যতৌ পিত্রাজ্ঞাকরণোদ্যুক্তৌ ধন্বিনৌ ধনুষ্মন্তৌ তৌ কুমারৌ পিতুশ্চরণয়োঃ নিপেততুঃ প্রণতাবিত্যর্থঃ। ভূপতেরপি বাষ্প-বিন্দবঃ প্রবৎস্যতোঃ প্রবাসং করিষ্যতোঃ অতএব নম্রয়োঃ প্রণতয়োঃ। নমিকম্পীতি রপ্রত্যয়ঃ। তয়োরুপরি নিপেতুঃ পতিতাঃ ॥ ৪ ॥

তাবিতি। পিতুর্নয়নজেন বারিণা কিঞ্চিদুক্ষিতশিখণ্ডকৌ ঈষৎ সিক্ত-চূড়ৌ। "শিখা চূড়া শিখণ্ডঃ স্যা"দিত্যমরঃ। শেষাদ্বিভাষেতি কপ্প্রত্যয়ঃ।

নগরের পথ সংস্কারের আদেশ প্রদান করিলেন, সেই মুহূর্ত্তেই (তৎক্ষণাৎ) বায়ু ও মেঘ, পুষ্প ও জল বর্ষণ করিয়া অত্যল্প সময়ের মধ্যেই পথ সংস্কার করিল। সুতরাং তাঁহাদের দৈবই অনুকূল হইলেন ॥ ৩ ॥

পিতার আদেশ-পালনে উদ্যত সেই রাম ও লক্ষ্মণ ধনুর্গ্রহণ পূর্ব্বক পিতার চরণে প্রণত হইলেন, দশরথেরও অশ্রুবারি প্রবাসগমনোদ্যত প্রণত পুত্রদ্বয়ের উপর নিপতিত হইল ॥ ৪ ॥

পিতার নেত্রজলে ঈষৎ আর্দ্র শিখাসমন্বিত ধনুর্দ্ধারী কুমারদ্বয়, মহর্ষি বিশ্বামিত্রের অনুসরণে প্রবৃত্ত হইলেন, পুরবাসিগণ তাঁহাদিগের প্রতি দৃষ্টি-

লক্ষ্মণানুচরমেব রাঘবং
নেতুমৈচ্ছদৃষিরিত্যসৌ নৃপঃ।
আশিষং প্রযুযুজে ন বাহিনীং
সা হি রক্ষণবিধৌ তয়োঃ ক্ষমা ॥ ৬॥
মাতৃবর্গচরণস্পৃশৌ মুনে-
স্তৌ প্রপদ্য পদবীং মহৌজসঃ।
রেজতু র্গতিবশাৎ প্রবর্ত্তিনৌ
ভাস্করস্য মধুমাধবাবিব ॥ ৭ ॥

ধন্বিনৌ তাবুভৌ পৌরদৃষ্টিভিঃ কৃতানি মার্গতোরণানি সম্পাদ্যানি কুবলয়ানি যয়োস্তৌ তথোক্তৌ সংঘশো নিরীক্ষ্যমাণাবিত্যর্থঃ। তমৃষিমন্বগচ্ছতাম্ ॥ ৫ ॥

লক্ষ্মণেতি। ঋষিঃ লক্ষ্মণানুচরমেব লক্ষ্মণমাত্রানুচরং তং রাঘবং নেতুমৈচ্ছৎ ইতি হেতোঃ অসৌ নৃপঃ আশিষং প্রযুযুজে প্রযুক্তবান্ বাহিনীং সেনাং ন প্রযুযুজে ন প্রেষিতবান্ হি যস্মাৎ সা আশীরেব তয়োঃ কুমারয়োঃ রক্ষণবিধৌ ক্ষমা শক্তা ॥ ৬ ॥

মাতৃবর্গেতি। মাতৃবর্গস্য চরণান্ স্পৃশতইতি মাতৃবর্গচরণস্পৃশৌ কৃত-মাতৃবর্গনমস্কারাবিত্যর্থঃ। স্পৃশোঽনুদকে ক্বিন্নিতি ক্বিন্ প্রত্যয়ঃ। তৌ মহৌজসোমুনেঃ পদবীং প্রপদ্য মহৌজসো ভাস্করস্য গতিবশাৎ মেষাদিরাশি-সংক্রান্ত্যনুসারাৎ প্রবর্ত্তিনৌ মধুমাধবাবিব চৈত্রবৈশাখাবিব রেজতুঃ। ফণাঞ্চ সপ্তানামিতি বৈকল্পিকাবেত্বাভ্যাসলোপৌ। "স্যাচ্চৈত্রে চৈত্রকোমধুঃ, বৈশাখে মাধবোরাধ" ইতি চামরঃ ॥ ৭ ॥

পাত করায় তাহাদের নয়নপংক্তি রাজপথের তোরণ দ্বারের ন্যায় সুশোভিত হইল ॥ ৫ ॥

মহর্ষি বিশ্বামিত্র, কেবল লক্ষ্মণের সহিত রামচন্দ্রকে লইয়া যাইতে ইচ্ছা প্রকাশ করায় দশরথ উহাদিগের রক্ষা বিষয়ে কেবল আশীর্ব্বাদ প্রয়োগ করিলেন; কিন্তু সৈন্য প্রেরণ করা আবশ্যক বোধ করিলেন না ॥ ৬ ॥

যেমন চৈত্র ও বৈশাখ মাস, মেষাদি রাশি সংক্রমন বশতঃ সূর্য্যের অনুগমন করে বলিয়া সুদৃশ্য হইয়া থাকে, তদ্রূপ রাম ও লক্ষ্মণ মাতৃবর্গের চরণ বন্দনা করিয়া মহর্ষির অনুসরণ করায় সুশোভিত হইলেন ॥ ৭ ॥

বীচিলোলভুজয়োস্তয়োর্গতং
শৈশবাচ্চপলমপ্যশোভত।
তোয়দাগমইবোদ্ধ্যভিদ্যয়ো-
র্নামধেয়সদৃশং বিচেষ্টিতম্ ॥ ৮ ॥
তৌ বলাতিবলয়োঃ প্রভাবতো-
বিদ্যয়োঃ পথি মুনিপ্রদিষ্টয়োঃ।
মম্লতু র্ন মণিকুট্টিমোচিতৌ
মাতৃপার্শ্বপরিবর্ত্তিনাবিব ॥ ৯ ॥

বীচীতি। বীচিলোলভুজয়োঃ তরঙ্গচঞ্চলবাহ্বোঃ। ইদং বিশেষণং নদোপমানসিদ্ধ্যর্থং বেদিতব্যম্। তয়োঃ চপলং চঞ্চলমপি গতং গতিঃ শৈশবাদ্ধেতোরশোভত। কিমিব তোয়দাগমে বর্ষাসময়ে উজ্ঝত্যুদকমিত্যুদ্ধ্যঃ, ভিনত্তি কূলমিতি ভিদ্যঃ। ভিদ্যোদ্ধ্যৌ নদে ইতি ক্যবন্তৌ নিপাত্যৌ। উদ্ধ্যভিদ্যয়োর্নদবিশেষয়ো র্নামধেয়সদৃশং নামানুরূপং বিচেষ্টিতমিব উদকোজ্ঝনকূলভেদনরূপব্যাপার ইব। সময়োৎপন্নং চাপলমপি শোভত ইতি ভাবঃ ॥ ৮ ॥

তাবিতি। মণিকুট্টিমোচিতৌ মণিবদ্ধভূমিসঞ্চারোচিতৌ তৌ মুনিপ্রদিষ্টয়োঃ কৌশিকেনোপদিষ্টয়োঃ বলাতিবলয়োঃ বিদ্যয়োঃ বলাতিবলাখ্যয়োর্ম্মন্ত্রয়োঃ প্রভাবতঃ সামর্থ্যাৎ মাতৃপার্শ্বপরিবর্ত্তিনাবিব পথি ন মম্লতুঃ ন

গমনকালে সেই রাজকুমারদিগের বাহু, জলতরঙ্গের ন্যায় সঞ্চালিত হইতে লাগিল, তাঁহাদের সেই চঞ্চল গমন বালকত্ব-নিবন্ধন বর্ষাকালীয় উদ্ধ্য ও ভিদ্য নামক নদদ্বয়ের স্বীয় নামানুরূপ কার্য্যের ন্যায় রমণীয় হইয়া উঠিল। অর্থাৎ রাম ও লক্ষ্মণ বালকত্বপ্রযুক্ত এরূপ হেলিয়া দুলিয়া চলিতে লাগিলেন, তাহাতে বোধ হইতে লাগিল, সলিলবহন ও কূলভেদন কার্য্যে পটুবশতঃ উদ্ধ্য ও ভিদ্য স্বার্থক নামপ্রাপ্ত নদদ্বয়ের ন্যায় শোভাধারণ করিলেন ॥ ৮ ॥

রাম ও লক্ষ্মণের মণিময় ভূমিতে বিচরণ করিবার অভ্যাস থাকিলেও তপোবনে গমনকালে মহর্ষি বিশ্বামিত্রের অনুগ্রহে বলা ও অতিবলা নামে দুই বিদ্যা অভ্যাস করিলেন; সুতরাং সেই বিদ্যাপ্রভাবে পথপর্য্যটন শ্রমে

পূর্ব্ববৃত্তকথিতৈঃ পুরাবিদঃ
সানুজঃ পিতৃসখস্য রাঘবঃ।
উহ্যমান ইব বাহনোচিতঃ
পাদচারমপি ন ব্যভাবয়ৎ ॥ ১০ ॥
তৌ সরাংসি রসবদ্ভিরম্বুভিঃ
কূজিতৈঃ শ্রুতিসুখৈঃ পতত্রিণঃ।
বায়বঃ সুরভিপুষ্পরেণুভি-
শ্ছায়য়া চ জলদাঃ সিষেবিরে ॥ ১১ ॥

ম্লানাবিত্যর্থঃ। অত্র রামায়ণশ্লোকঃ ;—"ক্ষুৎপিপাসে ন তে রাম ভবিষ্যেতে নরোত্তম। বলামতিবলাঞ্চৈব পঠতঃ পথি রাঘব" ॥ ৯ ॥

পূর্ব্বেতি। বাহনোচিতঃ সানুজো রাঘবঃ পুরাবিদঃ পূর্ব্ববৃত্তাভিজ্ঞস্য পিতৃসখস্য মুনেঃ পূর্ব্ববৃত্তকথিতৈঃ পুরাবৃত্তকথাভিরুহ্যমান ইব বাহনেন প্রাপ্যমাণইব। বহের্ধাতোঃ কর্ম্মণি শানচ্। পাদচারমপি ন ব্যভাবয়ৎ ন জ্ঞাতবান্ ॥ ১০ ॥

তাবিতি। তৌ রাঘবৌ কর্ম্মভূতৌ সরাংসি কর্তৃণি রসবদ্ভির্ম্মধুরৈরম্বুভিঃ সিষেবিরে, পতত্রিণঃ পক্ষিণঃ সুখয়ন্তীতি সুখানি পচাদ্যচ্। শ্রুতীনাং সুখানি তৈঃ কূজিতৈঃ, বায়বঃ সুরভিপুষ্পরেণুভিঃ, জলদাঃ ছায়য়া চ, সিষেবিরে ইতি সর্ব্বত্র সম্বধ্যতে ॥ ১১ ॥

ক্লান্ত হইলেন না ; বরং যেন জননীর পার্শ্বেই অবস্থান করিতেছেন, এইরূপ তাঁহারা মনে করিতে লাগিলেন ॥ ৯ ॥

রাজকুমারদিগের যানে গমনাগমন করিবার অভ্যাস থাকিলেও সেই পুরাবৃত্ত-কীর্ত্তনে দক্ষ পিতৃসখা কুশিকনন্দন বিশ্বামিত্রের সুমধুর বাক্য শ্রবণে পথক্লেশ কিছুমাত্র অনুভব হইল না ; বরং তাঁহারা যানারোহণ সুখই অনুভব করিতে লাগিলেন ॥ ১০ ॥

সরোবর সকল সুরস সলিল দ্বারা, বিহঙ্গমগণ শ্রোত্রাভিরাম মধুর ধ্বনি দ্বারা এবং সুশীতল সমীরণ সুগন্ধি কুসুমরেণু বর্ষণ ও মেঘমালা ছায়া বিস্তার করিয়া রাজকুমারদ্বয়ের সেবা করিতে লাগিল ॥ ১১ ॥

নাম্ভসাং কমলশোভিনাং তথা
শাখিনাঞ্চ ন পরিশ্রমচ্ছিদাম্।
দর্শনেন লঘুনা যথা তয়োঃ
প্রীতিমাপুরুভয়োস্তপস্বিনঃ॥ ১২॥
স্থাণুদগ্ধবপুষস্তপোবনং
প্রাপ্য দাশরথিরাত্তকার্ম্মুকঃ।

নেতি। তপ এষামস্তীতি তপস্বিনঃ। তপঃসহস্রাভ্যাং বিনিরিতি বিনি-প্রত্যয়ঃ। লঘুনা ইষ্টেন। "ত্বিষ্বিষ্টেঽপি লঘু"রিত্যমরঃ। তয়োরুভয়োঃ কর্ম্ম-ভূতয়োর্দ্দর্শনেন যথা প্রীতিমাপুঃ তথা কমলশোভিনামম্ভসাং দর্শনেন নাপুঃ, পরিশ্রমচ্ছিদাং শাখিনাং দর্শনেন চ নাপুঃ॥ ১২॥

স্থাণ্বিতি। স আত্তকার্ম্মুকঃ দশরথস্যাপত্যং পুমান্ দাশরথী রামঃ। অত ইঞিতি ইঞ্ প্রত্যয়ঃ। স্থাণুর্হরঃ। "স্থাণুঃ কোলে হরে স্থিরে" ইতি বিশ্বঃ। তেন দগ্ধবপুষোমদনস্য তপোবনং প্রাপ্য চারুণা বিগ্রহেণ কায়েন। "বিগ্রহঃ সমরে কায়ে" ইতি বিশ্বঃ। প্রতিনিধিঃ প্রতিকৃতিঃ সদৃশোঽভবৎ, কর্ম্মণা ন পুনঃ। দেহেন মদনসুন্দর ইতি ভাবঃ। (মদনস্য তপোবনমুক্তং রামায়ণে যথা—"তং দৃষ্ট্বা পরমপ্রীতৌ রাঘবৌ পুণ্যমাশ্রমং। ঊচতু স্তং মহাত্মানং বিশ্বামিত্র মিদং বচঃ॥ কস্যায়মাশ্রমঃ পুণ্যঃ কোন্বস্মিন্ বসতে পুমান্। ভগ-বন্ শ্রোতুমিচ্ছাবঃ পরং কৌতূহলং হি নৌ॥ তয়োস্তদ্বচনং শ্রুত্বা প্রহস্য মুনি-পুঙ্গবঃ। অব্রবীচ্ছ্রূয়তাং রাম যস্যায়ং পূর্ব্ব আশ্রমঃ॥ কন্দর্পো মূর্ত্তিমানাসীৎ কাম ইত্যুচ্যতে বুধৈঃ॥ তপস্যন্তমিহ স্থাণুং নিয়মেন সমাহিতম্। কৃতোদ্বাহস্তু

তপস্বিগণ সেই রাজকুমারদিগের মনোহর মূর্ত্তি অবলোকন করিয়া যেরূপ প্রীত হইলেন, কমল-সুশোভিত সলিল ও শ্রমাপহারী বৃক্ষ নিরীক্ষণ করিয়াও তদ্রূপ প্রীতিলাভ করেন না॥ ১২॥

তাঁহারা হরকোপানলে দগ্ধ-কলেবর অনঙ্গের তপোবনে উপস্থিত হইয়া অঙ্গসৌষ্ঠবেই কন্দর্পের প্রতিনিধি হইলেন; কিন্তু কার্য্যতঃ হইলেন না। অর্থাৎ কন্দর্প-দর্শনে যেমন লোকের চিত্তবিকার জন্মে, কুমারদ্বয়ের দর্শনে তাদৃশ চিত্তবৈকল্য ঘটে নাই। ইহাই কার্য্যতঃ বৈষম্য। লোকে যাঁহাকে কাম বলিয়া নির্দ্দেশ করে, পূর্ব্বে সেই অনঙ্গদেব মূর্ত্তিমান ছিলেন। তাঁহার

বিগ্রহেণ মদনস্য চারুণা
সোঽভবৎ প্রতিনিধির্ন কর্ম্মণা ॥ ১৩ ॥
তৌ সুকেতুসুতয়া খিলীকৃতে
কৌশিকাদ্বিদিতশাপয়া পথি।
নিন্যতুঃ স্থলনিবেশিতাটনী
লীলয়ৈব ধনুষী অধিজ্যতাম্ ॥ ১৪ ॥

দেবেশং গচ্ছন্তং সমরুদ্গণম্॥ ধর্ষয়ামাস দুর্ম্মেধা হুঙ্কৃতশ্চ মহাত্মনা। অবধ্যাতশ্চ রুদ্রেণ চক্ষুষা রঘুনন্দন॥ ব্যশীর্য্যন্ত শরীরাৎ স্বাৎ সর্ব্বগাত্রাণি দুর্ম্মতেঃ॥ তত্র গাত্রং হতং তস্য নির্দগ্ধস্য মহাত্মনা। অশরীরঃ কৃতঃ কামঃ ক্রোধাদ্দেবেশ্বরেণ হ। অনঙ্গ ইতি বিখ্যাতস্তদাপ্রভৃতি রাঘব॥ স চাঙ্গবিষয়ঃ শ্রীমান্ যত্রাঙ্গং স মুমোচ হ॥ তস্যায়মাশ্রমঃ পুণ্যস্তস্যেমে মুনয়ঃ পুরা”) ॥ ১৩ ॥

তাবিতি। অত্র রামায়ণবচনম্ ;—“অগস্ত্যঃ পরমঃ ক্রুদ্ধস্তাড়কামভিশপ্তবান্। পুরুষাদী মহাযক্ষী বিকৃতা বিকৃতাননা। ইদং রূপমপহায় দারুণং রূপমস্ত তে” ইতি। তদেতদাহ বিদিতশাপয়েতি। কৌশিকাদাখ্যাতুঃ। আখ্যাতোপযোগইত্যপাদানাৎ পঞ্চমী। বিদিতশাপয়া সুকেতুসুতয়া তাড়কয়া খিলীকৃতে পথি। “খিলমপ্রহতং স্থান”মিতি হলায়ুধঃ। তৌ রামলক্ষ্মণৌ স্থলে নিবেশিতে অটনী ধনুষ্কোটী যাভ্যাং তৌ তথোক্তৌ। “কোটিরস্যাটনি”রিত্যমরঃ। লীলয়ৈব ধনুষী অধিকৃতে জ্যে মৌর্ব্ব্যৌ যয়োস্তে অধিজ্যে।

এক আশ্রম ছিল। একদা কৈলাসনাথ শঙ্কর সমাধিভঙ্গ করিয়া দেবগণের সহিত বিলাসস্থানে যাইতেছিলেন, এমন সময়ে সেই কামদেব তাঁহার চিত্তবিকার উৎপাদন করেন। এই অপরাধে মহাত্মা ভবানীপতি, রোষকলুষিত-লোচনে হুঙ্কারপূর্ব্বক তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন। তাঁহার দৃষ্টিমাত্র কন্দর্পের অঙ্গপ্রত্যঙ্গ সমুদায় স্খলিত ও ভস্মীভূত হইয়া যায়। মদন স্বকীয় তপোবনেই হরকোপানলে ভস্মীভূত হন, এই আশ্রম মদনের তপোবন বলিয়া অভিহিত হয় ॥ ১৩ ॥

অনন্তর বিশ্বামিত্রের নিকট হইতে অগস্ত্য প্রদত্ত সুকেতুতনয়া তাড়কার

জ্যানিনাদমথ গৃহ্নতী তয়োঃ
প্রাদুরাস বহুলক্ষপাচ্ছবিঃ।
তাড়কা চলকপালকুণ্ডলা
কালিকেব নিবিড়া বলাকিনী ॥ ১৫ ॥

তীব্রবেগধুতমার্গবৃক্ষয়া
প্রেতচীবরবসা স্বনোগ্রয়া।
অভ্যভাবি ভরতাগ্রজস্তয়া
বাত্যয়েব পিতৃকাননোত্থয়া ॥ ১৬ ॥

"জ্যা মৌর্ব্বী মাতৃভূমিষু" ইতি বিশ্বঃ। তয়োর্ভাবস্তত্তামধিজ্যতাং নিন্যতুঃ নীতবন্তৌ। নয়তির্দ্বিকর্ম্মকঃ ॥ ১৪ ॥

জ্যেতি। অথ তয়োর্জ্যানিনাদং গৃহ্নতী জানতী শৃণ্বতীত্যর্থঃ। বহুলক্ষপাচ্ছবিঃ কৃষ্ণপক্ষরাত্রিবর্ণা। "বহুলঃ কৃষ্ণপক্ষে চ" ইতি বিশ্বঃ। চলে কপালে এব কুণ্ডলে যস্যাঃ সা তথোক্তা তাড়কা, নিবিড়া সান্দ্রা বলাকিনী বলাকাবতী। ব্রীহ্যাদিভ্যশ্চেতীনিঃ। কালিকেব ঘনাবলীব। "কালিকা যোগিনীভেদে কার্ষ্ণে গৌর্য্যাং ঘনাবলা"বিতি বিশ্বঃ। প্রাদুরাস প্রাদুর্ব্বভূব ॥ ১৫ ॥

তীব্রেতি। তীব্রবেগেন ধুতাঃ কম্পিতাঃ মার্গবৃক্ষাঃ যয়া তথোক্তয়া প্রেতচীবরাণি বস্তে ইতি প্রেতচীবরবাঃ তয়া প্রেতচীবরবসা। বসতেরাচ্ছাদনার্থাৎ ক্বিপ্। স্বনেন সিংহনাদেন উগ্রয়া তয়া তাড়কয়া পিতৃকাননে শ্মশানে উত্থা উৎপন্না। আতশ্চোপসর্গে ইতি উৎপূর্ব্বাত্তিষ্ঠতেঃ কর্ত্তরি

অভিশাপ বৃত্তান্ত অবগত হইয়া নিশাচরী কর্ত্তৃক রুদ্ধপথে উভয়েই মহীতলে ধনুষ্কোটি রাখিয়া অবলীলাক্রমে ধনুকে জ্যা আরোপিত করিলেন ॥ ১৪ ॥

তাঁহাদিগের সেই জ্যানিনাদ শ্রবণ করিয়া কৃষ্ণপক্ষের রজনীর ন্যায় ঘোর কৃষ্ণবর্ণা তাড়কা রাক্ষসী উপস্থিত হইল, তাহার কর্ণস্থ নৃকপাল-বিনির্ম্মিত কুণ্ডল গমনবেগে দোলায়মান হইতে লাগিল, সুতরাং সেই রাক্ষসীকে দেখিয়া বোধ হইল যেন, বকশ্রেণীবিভূষিত নিবিড় মেঘমালা গগনমণ্ডলে আবির্ভূত হইয়াছে ॥ ১৫ ॥

প্রেতবসন পরিধানা সেই রাক্ষসী, বিকট শব্দ করিতে করিতে অতিবেগে

উদ্যতৈকভুজযষ্টিমায়তীং
শ্রোণিলম্বিপুরুষান্ত্রমেখলাম্।
তাং বিলোক্য বনিতাবধে ঘৃণাং
পত্রিণা সহ মুমোচ রাঘবঃ ॥ ১৭ ॥
যচ্চকার বিবরং শিলাঘনে
তাড়কোরসি স রামসায়কঃ।
অপ্রবিষ্টবিষয়স্য রক্ষসাং
দ্বারতামগমদন্তকস্য তৎ ॥ ১৮ ॥

কপ্রত্যয়ঃ। তয়া বাত্যয়েব বাতসমূহেনেব। পাশাদিভ্যো য ইতি যঃ। ভরতাগ্রজো রামোঽভ্যভাবি অভিভূতঃ। কর্ম্মণি লুঙ্। তীব্রবেগেত্যাদি-বিশেষণানি বাত্যায়ামপি যোজ্যানি ॥ ১৬ ॥

উদ্যতেতি। উদ্যতা উন্নমিতা একো ভুজএব যষ্টির্যস্যাস্তাম্ আয়তী-মায়াস্তীম্। ইণোধাতোঃ শতরি উগিতশ্চেতি ঙীপ্। শ্রোণিলম্বিনী পুরুষাণা-মন্ত্রাণ্যেব মেখলা যস্যাস্তাম্। বিশেষণদ্বয়েনাপি আততায়িত্বং সূচিতম্। অতএব তাং বিলোক্য রাঘবো বনিতাবধে ঘৃণাং জুগুপ্সাং করুণাং বা। "জুগুপ্সাকরুণে ঘৃণে" ইত্যমরঃ। পত্রিণা ইষুণা সহ। "পত্রী রোপ ইষুর্দ্বয়ো" রিত্যমরঃ। মুমোচ মুক্তবান্। আততায়িবধে মনুঃ ;—"আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন" ইতি ॥ ১৭ ॥

যদিতি। স রামসায়কঃ শিলাবৎ ঘনে সান্দ্রে তাড়কোরসি যদ্বিবরং রন্ধ্রং চকার তদ্বিবরং রক্ষসামপ্রবিষ্টবিষয়স্য অপ্রবিষ্টরক্ষোদেশস্যেত্যর্থঃ। সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ। "বিষয়ঃ স্যাদিন্দ্রিয়ার্থে দেশে জনপদে-

---

পথপার্শ্ববর্ত্তী বৃক্ষ সকল কম্পিত করিয়া শ্মশানোত্থ ঝঞ্ঝাবাতের ন্যায় ভরতা-গ্রজ রামকে আক্রমণ করিতে উদ্যত হইল ॥ ১৬ ॥

নিতম্বলম্বিত পুরুষান্ত্রকৃত মেখলা তাড়কাকে ঊর্দ্ধবাহু হইয়া অগ্রসর হইতে দেখিয়া স্ত্রীবধে ঘৃণাপরিহার পূর্ব্বক রাম, তাহার প্রতি শরক্ষেপণ করিলেন ॥ ১৭ ॥

রাম-নিক্ষিপ্ত শর, তাড়কার শিলা-সদৃশ সুদৃঢ় বক্ষঃস্থলে নিপতিত হইয়া

বাণভিন্নহৃদয়া নিপেতুষী
সা স্বকাননভুবং ন কেবলাম্ ।
বিষ্টপত্রয়পরাজয়স্থিরাং
রাবণশ্রিয়মপি ব্যকম্পয়ৎ ॥ ১৯ ॥
রামমন্মথশরেণ তাড়িতা
দুঃসহেন হৃদয়ে নিশাচরী ।
গন্ধবদ্রুধিরচন্দনোক্ষিতা
জীবিতেশবসতিং জগাম সা ॥ ২০ ॥

হ্যপি চ” ইতি বিশ্বঃ। অন্তকস্য যমস্য দ্বারতাম্ অগমৎ। ইয়ং প্রথমা রক্ষোমৃতিরিতি ভাবঃ ॥ ১৮ ॥

বাণেতি। বাণভিন্নহৃদয়া নিপেতুষী নিপতিতা সতী। ক্বসুশ্চেতি ক্বসুপ্রত্যয়ঃ, উগিতশ্চেতি ঙীপ্। সা কেবলামেকাম্। “নির্ণীতে কেবলমিতি ত্রিলিঙ্গং ত্বেককৃৎস্নয়ো”রিত্যমরঃ। স্বকাননভুবং ন ব্যকম্পয়ৎ কিন্তু বিষ্টপত্রয়স্য লোকত্রয়স্য পরাজয়েন স্থিরাং রাবণশ্রিয়মপি ব্যকম্পয়ৎ। তাড়কাবধশ্রবণেন রাবণস্যাপি ভয়মুৎপন্নমিতি ভাবঃ ॥ ১৯ ॥

অত্র তাড়কায়াঃ অভিসারিকায়াঃ সমাধিরভিধীয়তে;—রামেতি। সা নিশাসু চরতীতি নিশাচরী রাক্ষসী অভিসারিকা চ দুঃসহেন সোঢ়ুমশক্যেন রামএব মন্মথঃ অন্যত্রাভিরামো মন্মথস্তস্য শরেণ হৃদয়ে উরসি মনসি চ। “হৃদয়ং মনউরসো”রিতি বিশ্বঃ। তাড়িতা বিদ্ধা গন্ধবৎ দুর্গন্ধি যদ্রুধিরম্ অসৃক্ তদেব চন্দনং তেনোক্ষিতা লিপ্তা অপরত্র গন্ধবতী সুগন্ধিনী যে রুধিরচন্দনে কুঙ্কুমচন্দনে তাভ্যামুক্ষিতা। “রুধিরং কুঙ্কুমাসৃজো”রিত্যুভয়ত্রাপি বিশ্বঃ। জীবিতেশস্যান্তকস্য প্রাণেশ্বরস্য চ বসতিং জগাম ॥ ২০ ॥

যে বিবর করিল, তাহাই যেন রাক্ষসদেশে প্রবেশে অসমর্থ যমের দ্বারস্বরূপ হইল ॥ ১৮ ॥

রামবাণে ভিন্ন-হৃদয়া তাড়কা রাক্ষসী পতিত হইয়া কেবল সেই বনই যে কম্পিত করিল, তাহা নহে, পরন্তু ত্রিভুবন পরাজয় দ্বারা অচলা রাবণের রাজ্য-লক্ষ্মীকেও বিকম্পিত করিল ॥ ১৯ ॥

তদনন্তর সেই নিশাচরী রামরূপ মন্মথের শরে হৃদয়ে আহত ও দুর্গন্ধি

নৈর্ঋতঘ্নমথ মন্ত্রবন্মুনেঃ
প্রাপদস্ত্রমবদানতোষিতাৎ।
জ্যোতিরিন্ধননিপাতি ভাস্করাৎ
সূর্য্যকান্তইব তাড়কান্তকঃ ॥ ২১ ॥
বামনাশ্রমপদং ততঃ পরং
পাবনং শ্রুতমৃষেরুপেয়িবান্।
উন্মনাঃ প্রথমজন্মচেষ্টিতা-
ন্যস্মরন্নপি বভূব রাঘবঃ ॥ ২২ ॥

নৈর্ঋতেতি। অথানন্তরং তাড়কান্তকোরামঃ অবদানং পরাক্রমঃ। "পরাক্রমোঽবদানং স্যা"দিতি ভাগুরিঃ। তেন তোষিতাৎ মুনেঃ নৈর্ঋতান্ রাক্ষসান্ হন্তীতি নৈর্ঋতঘ্নম্। অমনুষ্যকর্ত্তৃকে চেতি টক্। মন্ত্রবন্মন্ত্রযুক্তম্ অস্ত্রং সূর্য্যকান্তো মণিবিশেষঃ ভাস্করাৎ ইন্ধনানি নিপাতয়তীতি ইন্ধননিপাতি কাষ্ঠদাহকং জ্যোতিরিব প্রাপৎ প্রাপ্তবান্ ॥ ২১ ॥

বামনেতি। ততঃপরং রাঘবঃ ঋষেঃ কৌশিকাদাখ্যাতুঃ শ্রুতং পাবনং শোধনং বামনস্য স্বপূর্ব্বাবতারবিশেষস্য আশ্রমপদমুপেয়িবান্ উপগতঃ সন্। উপেয়িবাননাশ্বাননূচানশ্চেতি নিপাতঃ। প্রথমজন্মচেষ্টিতানি রামবাম-

---

রক্তরূপ চন্দনে লিপ্ত কলেবর হইয়া জীবিতেশ-সদনে (য়মালয়ে) গমন করিল ॥ ২০ ॥

অনন্তর যেমন সূর্য্যকান্তমণি সূর্য্যের নিকট হইতে ইন্ধনবিনাশী তেজ প্রাপ্ত হয়, সেইরূপ তাড়কান্তক রামও স্বকীয় পরাক্রমে পরিতোষিত মহামুনি বিশ্বামিত্রের নিকট হইতে সমন্ত্রক রক্ষোঘ্ন অস্ত্র লাভ করিলেন ॥ ২১ ॥

রাম, ঋষিপ্রবর বিশ্বামিত্রের নিকট হইতে বামনাশ্রমের কথা শুনিয়া সেই বামনাশ্রমে উপস্থিত হইয়া, স্বকীয় পূর্ব্বজন্মবৃত্তান্ত স্মৃতিপথে আরূঢ় না হওয়াতেই অত্যন্ত উন্মনা হইয়া উঠিলেন। অর্থাৎ স্মর্ত্তব্য বিষয় স্মৃতিপথে না আসিলে, স্বভাবত মনে উদ্বেগ জন্মিয়া থাকে। এই নিমিত্ত রাম পূর্ব্বে বামনরূপে অবতীর্ণ হইয়া যে আশ্রমে অবস্থিতি করিয়াছিলেন, এক্ষণে সেই বিষ্ণুই রামরূপে সেই আশ্রমে উপস্থিত হইয়া, কোন এক ব্রাহ্মণীর অভিশাপ

আসসাদ মুনিরাত্মনস্ততঃ
শিষ্যবর্গপরিকল্পিতার্হণম্।
বদ্ধপল্লবপুটাঞ্জলিদ্রুমং
দর্শনোন্মুখমৃগং তপোবনম্ ॥ ২৩ ॥

তত্র দীক্ষিতমৃষিং ররক্ষতু-
র্বিঘ্নতো দশরথাত্মজৌ শরৈঃ।
লোকমন্ধতমসাৎ ক্রমোদিতৌ
রশ্মিভিঃ শশিদিবাকরাবিব ॥ ২৪ ॥

নয়োরৈক্যাৎ স্মৃতিযোগ্যান্যপি রামস্যাজ্ঞানাবতারত্বেন সংস্কারদৌর্ব্বল্যাদস্মরন্নপি উন্মনা উৎসুকো বভূব ॥ ২২ ॥

আসসাদেতি। ততোমুনিঃ শিষ্যবর্গেণ পরিকল্পিতা সজ্জিতা অর্হণা পূজাসামগ্রী যস্মিন্ তত্তথোক্তং বদ্ধাঃ পল্লবপুটা এব অঞ্জলয়োযৈস্তে তথাভূতাঃ দ্রুমা যস্মিন্ তত্তথোক্তং দর্শনেন মুনিদর্শনেন উন্মুখাঃ মৃগাঃ যস্মিংস্তৎ আত্মনস্তপোবনম্ আসসাদ। এতেন বিশেষণত্রয়েণাতিথিসৎকারতাচ্ছীল্যবিনয়শান্তয়ঃ সূচিতাঃ ॥ ২৩ ॥

তত্রেতি। তত্র তপোবনে দশরথাত্মজৌ দীক্ষিতং দীক্ষাসংস্কৃতম্ ঋষিং শরৈঃ বিঘ্নতোবিঘ্নেভ্যঃ, ক্রমেণ পর্য্যায়েণ রাত্রিদিবসয়োঃ উদিতৌ শশিদিবাকরৌ রশ্মিভিঃ অন্ধতমসাদ্গাঢ়ধ্বান্তাৎ। "ধ্বান্তে গাঢ়েঽন্ধতমস"মিত্যমরঃ। অবসমন্ধেভ্যস্তমস ইতি সমাসান্তোঽচ্ প্রত্যয়ঃ। লোকমিব ররক্ষতুঃ রক্ষণপ্রবৃত্তাবভূতামিত্যর্থঃ ॥ ২৪ ॥

বশতঃ বামনাবতারের বৃত্তান্ত স্মরণ না হওয়াতে প্রাকৃত ব্যক্তির ন্যায় উন্মনস্ক হইলেন ॥ ২২ ॥

অনন্তর মহর্ষি বিশ্বামিত্র স্বকীয় আশ্রমে উপস্থিত হইয়া দেখিলেন, শিষ্যগণ পূর্ব্বেই অর্ঘ্য সুসজ্জিত করিয়া রাখিয়াছেন; বৃক্ষ সকল কৃতাঞ্জলি-পুটে তাঁহাদের অভ্যর্থনা করিতেছে, আর মৃগকুল তাঁহাদের দর্শন লালসায় উন্মুখ হইয়া প্রতীক্ষা করিতেছে ॥ ২৩ ॥

যেমন চন্দ্র ও সূর্য্য ক্রমে উদিত হইয়া লোচনের অবরোধকারী অন্ধকার

বীক্ষ্য বেদিমথ রক্তবিন্দুভি-
র্বন্ধুজীবপৃথুভিঃ প্রদূষিতাম্।
সম্ভ্রমোঽভবদপোঢ়কর্ম্মণা-
মৃত্বিজাং চ্যুতবিকঙ্কতস্রুচাম্ ॥ ২৫ ॥

উন্মুখঃ সপদি লক্ষ্মণাগ্রজো-
বাণমাশ্রয়মুখাৎ সমুদ্ধরন্।
রক্ষসাং বলমপশ্যদম্বরে
গৃধ্রপক্ষপবনেরিতধ্বজম্ ॥ ২৬ ॥

বীক্ষ্যেতি। অথ বন্ধুজীবপৃথুভিঃ বন্ধুজীবকুসুমস্থূলৈঃ। "রক্তকস্তু বন্ধূকো-বন্ধুজীবকঃ" ইত্যমরঃ। রক্তবিন্দুভিঃ প্রদূষিতাম্ উপহতাং বেদিং বীক্ষ্য অপোঢ়কর্ম্মণাং ত্যক্তব্যাপারাণাং চ্যুতাঃ বিকঙ্কতস্রুচোযেভ্যস্তেষাম্ ঋত্বিজাং যাজকানাং সম্ভ্রমোঽভবৎ। বিকঙ্কতগ্রহণং খদিরাদ্যুপলক্ষণং স্রুগাদীনাং খদিরাদিপ্রকৃতিকত্বাৎ স্রুগাদিপাত্রস্যৈব বিকঙ্কতপ্রকৃতিকত্বাৎ। "বিকঙ্কতঃ স্রুচাবৃক্ষ" ইত্যমরঃ। যদ্বা স্রুঙ্মাত্রস্য বিকঙ্কতপ্রকৃতিকত্বমস্তু উভয়ত্রাপি শাস্ত্র-সম্ভবাৎ। যথাহ ভগবানাপস্তম্বঃ। "খাদিরস্রুচঃ পর্ণময়ীর্জুহুয়াৎ বৈকঙ্কতীঃ স্রুচো বা" ইতি ॥ ২৫ ॥

উন্মুখইতি। সপদি লক্ষ্মণাগ্রজো রামো বাণম্ আশ্রয়মুখাৎ তূণীরমুখাৎ সমুদ্ধরন্ উন্মুখঃ ঊর্দ্ধমুখঃ। অম্বরে গৃধ্রপক্ষপবনৈরীরিতাঃ কম্পিতা ধ্বজা যস্য তত্তথোক্তম্। রক্ষসাং দুর্নিমিত্তসূচনমেতৎ। তদুক্তং শকুনার্ণবে। "আসন্ন-

---

হইতে লোকদিগকে রক্ষা করেন, তদ্রূপ দশরথতনয় রাম এবং লক্ষ্মণও স্বীয় স্বীয় শরসমূহ দ্বারা যজ্ঞে দীক্ষিত মহর্ষি বিশ্বামিত্রকে রক্ষা করিলেন ॥ ২৪ ॥

অনন্তর সহসা বন্ধুজীব পুষ্পের ন্যায় স্থূল রক্তবিন্দু সকল দ্বারা বেদি দূষিত দেখিয়া ঋত্বিক্ (পুরোহিত) দিগের হস্ত হইতে স্রুক্ সকল স্খলিত হইল, সুতরাং তাঁহারা সসম্ভ্রমে যজ্ঞকার্য্য পরিত্যাগ করিলেন ॥ ২৫ ॥

লক্ষ্মণাগ্রজ রাম তৎক্ষণাৎ ঊর্দ্ধমুখ হইয়া তূণীর হইতে বাণ উত্তোলন করিতে করিতে গগনমণ্ডলে দেখিতে পাইলেন, রাক্ষস-সৈন্য সকল নভো-

তত্র যাবধিপতী মখদ্বিষাং
তৌ শরব্যমকরোৎ স নেতরান্।
কিং মহোরগবিসর্পিবিক্রমো-
রাজিলেষু গরুড়ঃ প্রবর্ত্ততে॥ ২৭ ॥
সোঽস্ত্রমুগ্রজবমস্ত্রকোবিদঃ
সন্দধে ধনুষি বায়ুদৈবতম্।
তেন শৈলগুরুমপ্যপাতয়ৎ
পাণ্ডুপত্রমিব তাড়কাসুতম্॥ ২৮ ॥

মৃত্যো র্নিকটে চরন্তি গৃধ্রাদয়ো মূর্দ্ধ্নি গৃহোর্দ্ধভাগে” ইতি। রক্ষসাং বলমপশ্যৎ॥ ২৬ ॥

তত্রেতি। স রামঃ তত্র রক্ষসাং বলে যৌ মখদ্বিষামধিপতী তৌ সুবাহুমারীচৌ শরব্যং লক্ষ্যমকরোৎ। “বেধ্যং লক্ষ্যং শরব্যং চ” ইতি হলায়ুধঃ। ইতরান্নাকরোৎ। তথাহি মহোরগবিসর্পিবিক্রমো গরুড়ো গরুত্মান্ রাজিলেষু জলব্যালেষু প্রবর্ত্ততে কিং, ন প্রবর্ত্ততে ইত্যর্থঃ। “অলগর্দ্দো জলব্যালঃ সমৌ রাজিলডুণ্ডুভৌ” ইত্যমরঃ॥ ২৭ ॥

সইতি। অস্ত্রকোবিদোঽস্ত্রজ্ঞঃ স রামঃ উগ্রজবম্ উৎকটজবং বায়ুদৈবতং বায়ুর্দৈবতং যস্য তদ্বায়ব্যমস্ত্রং ধনুষি সন্দধে সংহিতবান্। কর্ত্তরি লিট্। তেনাস্ত্রেণ শৈলবদ্‌গুরুমপি তাড়কাসুতং মারীচং পাণ্ডুপত্রমিব পরিণতপর্ণমিবেত্যর্থঃ অপাতয়ৎ পাতিতবান্॥ ২৮ ॥

মণ্ডলে অবস্থান করিতেছে এবং উহাদের ধ্বজা সকল গৃধ্রদিগের পক্ষপবনে সঞ্চালিত হইতেছে॥ ২৬ ॥

রাম ও লক্ষ্মণ অন্যান্য রাক্ষসকে উপেক্ষা করিয়া, কেবল যজ্ঞবিঘ্নকারীদিগের অধিপতি মারীচ ও সুবাহু নামক রাক্ষসদ্বয়কে লক্ষ্য করিলেন, বস্তুতঃ গরুড় মহাসর্পের উপরেই স্বীয় বিক্রম প্রকাশ করিয়া থাকে, কিন্তু ডুণ্ডুভকে (ঢোঁড়াশাপকে) আক্রমণ করিতে তাহার প্রবৃত্তি হয় না॥ ২৭ ॥

অনন্তর অস্ত্রবিদ্যা-বিশারদ রাম, তীব্রগতিশীল এক বায়ব্যাস্ত্র শরাসনে সন্ধান (সংযোজিত) করিলেন এবং সেই অস্ত্রপ্রভাবে তাড়কাসুত মারীচ

যঃ সুবাহুরিতি রাক্ষসোঽপর-
স্তত্র তত্র বিসসর্প মায়য়া ।
তং ক্ষুরপ্রশকলীকৃতং কৃতী
পত্রিণাং ব্যভজদাশ্রমাদ্বহিঃ ॥ ২৯ ॥

ইত্যপাস্তমখবিঘ্নয়োস্তয়োঃ
সাংযুগীনমভিনন্দ্য বিক্রমম্ ।
ঋত্বিজঃ কুলপতে র্যথাক্রমং
বাগ্যতস্য নিরবর্ত্তয়ন্ ক্রিয়াঃ ॥ ৩০ ॥

তৌ প্রণামচলকাকপক্ষকৌ
ভ্রাতরাববভৃথাপ্লুতো মুনিঃ ।

যইতি। সুবাহুরিতি যোঽপরো রাক্ষসঃ তত্র তত্র মায়য়া শম্বরবিদ্যয়া বিসসর্প সঞ্চচার, ক্ষুরপ্রৈঃ শকলীকৃতং খণ্ডীকৃতং তং সুবাহুং কৃতী কুশলো রামঃ। "কৃতী চ কুশলঃ সমা"বিত্যমরঃ। আশ্রমাদ্বহিঃ পত্রিণাং পক্ষিণাম্। "পত্রিণৌ শরপক্ষিণৌ" ইত্যমরঃ। ব্যভজৎ বিভজ্য দত্তবানিত্যর্থঃ ॥ ২৯ ॥

ইতীতি। ইতি অপাস্তমখবিঘ্নয়োস্তয়োঃ রাঘবয়োঃ সংযুগে সাধুঃ সাংযুগীনঃ তম্। প্রতিজনাদিভ্যঃ খঞিতি খঞ্প্রত্যয়ঃ। "সাংযুগীনো রণে সাধু"রিত্যমরঃ। বিক্রমমভিনন্দ্য ঋত্বিজো যাজ্ঞিকাঃ বাচি যতো বাগ্যতো মৌনী তস্য কুলপতেঃ মুনিকুলেশ্বরস্য ক্রিয়াঃ ক্রতুক্রিয়াঃ যথাক্রমং নিরবর্ত্তয়ন্ নিষ্পাদিতবন্তঃ ॥ ৩০ ॥

হিমগিরির ন্যায় গুরু হইলেও তাহাকে পাণ্ডুপত্রের (সুপক্ক পত্রের) ন্যায় ভূতলে নিপাতিত করিলেন ॥ ২৮ ॥

সুবাহু নামে অপর এক রাক্ষস মায়া প্রভাবে (শম্বরবিদ্যাবলে) ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল; কিন্তু কুশলী রামও ক্ষুরপ্র অস্ত্রে তাহাকে খণ্ড খণ্ড করিয়া আশ্রমের বহির্ভাগে পক্ষীদিগকে বিভাগ করিয়া দিলেন॥২৯॥

এইরূপে সেই যজ্ঞের বিঘ্নশান্তি হইলে পুরোহিতগণ, রাম ও লক্ষ্মণের সাংগ্রামিক বিক্রমের সবিশেষ প্রশংসা করিয়া মৌনাবলম্বী কুলপতি বিশ্বামিত্রের যজ্ঞ যথাবিধানে সম্পন্ন করিলেন ॥ ৩০ ॥

আশিষামনুপদং সমস্পৃশৎ
দর্ভপাটিততলেন পাণিনা ॥ ৩১ ॥
তং ন্যমন্ত্রয়ত সম্ভৃতক্রতু-
র্মৈথিলঃ স মিথিলাং ব্রজন্ বশী।
রাঘবাবপি নিনায় বিভ্রতৌ
তদ্ধনুঃশ্রবণজং কুতূহলম্ ॥ ৩২ ॥
তৈঃ শিবেষু বসতির্গতাধ্বভিঃ
সায়মাশ্রমতরুষ্বগৃহ্যত।

তাবিতি। অবভৃথে দীক্ষান্তে আপ্লুতঃ স্নাতো মুনিঃ। "দীক্ষান্তোঽবভৃথো যজ্ঞ" ইত্যমরঃ। প্রণামেন চলকাকপক্ষকৌ চঞ্চলচূড়ৌ তৌ ভ্রাতরৌ আশিষামনুপদম্ অন্বক্ দর্ভপাটিততলেন কুশক্ষতান্তঃপ্রদেশেন পবিত্রেণেত্যর্থঃ পাণিনা সমস্পৃশৎ সংস্পৃষ্টবান্ সন্তোষাদিতি ভাবঃ॥ ৩১ ॥

তমিতি। সম্ভৃতক্রতুঃ সঙ্কল্পিতসম্ভারঃ মিথিলায়াং ভবো মৈথিলো জনকঃ তং বিশ্বামিত্রং ন্যমন্ত্রয়ত আহূতবান্, বশী স মুনিঃ মিথিলাং জনকনগরীং ব্রজন্ তস্য জনকস্য যদ্ধনুঃ তচ্ছ্রবণজং কুতূহলং বিভ্রতৌ রাঘবাবপি নিনায় নীতবান্॥ ৩২ ॥

তৈরিতি। গতাধ্বভিস্তৈস্ত্রিভিঃ সায়ং শিবেষু রম্যেষু আশ্রমতরুষু বসতিঃ স্থানমগৃহ্যত, যেষ্বাশ্রমতরুষু দীর্ঘতপসো গৌতমস্য পরিগ্রহঃ পত্নী।

আরব্ধ-যজ্ঞের পরিসমাপ্তির পর কুলপতি মহর্ষি বিশ্বামিত্র স্নান করিলে রাম ও লক্ষ্মণ তাঁহাকে প্রণাম করিলেন, প্রণতি দ্বারা মস্তক অবনত হওয়ায় তাঁহাদের কাকপক্ষ (মস্তকস্থ শিখা) সঞ্চালিত হইল, তখন মহর্ষি আশীর্ব্বাক্য প্রয়োগ পূর্ব্বক করতলে কুশক্ষত চিহ্নযুক্ত পাণি-দ্বারা প্রণত-কুমারদ্বয়ের গাত্র স্পর্শ করিলেন ॥ ৩১ ॥

অনন্তর মিথিলাধিপতি জনক, এক যজ্ঞের অনুষ্ঠান করিয়া মহর্ষি বিশ্বামিত্রকে নিমন্ত্রণ করিলেন; সেই জিতেন্দ্রিয় মুনি মিথিলায় গমনকালে জনকের ধনুর্ভঙ্গপণ শ্রবণে একান্ত কৌতূহলাক্রান্ত রাম এবং লক্ষ্মণকেও সঙ্গে লইলেন ॥ ৩২ ॥

তাঁহারা অনেক পথ অতিক্রম পূর্ব্বক সায়ংকালে এক আশ্রম-তরুতলে

যেষু দীর্ঘতপসঃ পরিগ্রহো-
বাসবক্ষণকলত্রতাং যযৌ ॥ ৩৩ ॥
প্রত্যপদ্যত চিরায় যৎ পুন-
শ্চারু গৌতমবধূঃ শিলাময়ী।
স্বং বপুঃ স কিল কিল্বিষচ্ছিদাং
রামপাদরজসামনুগ্রহঃ ॥ ৩৪ ॥
রাঘবান্বিতমুপস্থিতং মুনিং
তং নিশম্য জনকো জনেশ্বরঃ।
অর্থকামসহিতং সপর্য্যয়া
দেহবদ্ধমিব ধর্ম্মমভ্যগাৎ ॥ ৩৫ ॥

"পত্নীপরিজনাদানমূলশাপাঃ পরিগ্রহা" ইত্যমরঃ। অহল্যেতি যাবৎ। বাসবস্যেন্দ্রস্য ক্ষণকলত্রতাং যযৌ ॥ ৩৩ ॥

প্রত্যপদ্যতেতি। শিলাময়ী ভর্ত্তৃশাপাৎ শিলাত্বং প্রাপ্তা গৌতমবধূরহল্যা চারু স্বং বপুশ্চিরায় পুনঃ প্রত্যপদ্যত প্রাপ্তবতী যৎ, স কিল্বিষচ্ছিদাং পাপহারিণাম্। "পাপং কিল্বিষকল্মষ"মিত্যমরঃ। রামপাদরজসাম্ অনুগ্রহঃ প্রসাদঃ কিল শ্রূয়তে ॥ ৩৪ ॥

রাঘবেতি। রাঘবাভ্যামন্বিতং যুক্তম্ উপস্থিতম্ আগতং তং মুনিং জনকো জনেশ্বরঃ নিশম্য, অর্থকামাভ্যাং সহিতং দেহবদ্ধং বদ্ধদেহং মূর্ত্তিমন্তমিত্যর্থঃ। বাহিতাগ্ন্যাদিত্বাৎ সাধুঃ। ধর্ম্মমিব, সপর্য্যয়া অভ্যগাৎ প্রত্যুদ্গতবান্ ॥ ৩৫ ॥

অবস্থান করিতে লাগিলেন, সেই আশ্রমে দীর্ঘতপা গৌতমপত্নী অহল্যা ক্ষণমাত্র দেবরাজের প্রণয়িণী হইয়াছিলেন ॥ ৩৩ ॥

তৎকালে পাষাণময়ী অহল্যা বহুকাল পরে যে স্বীয় পূর্ব্বরূপ প্রাপ্ত হইলেন, তাহা কেবল পাপহারী রামচন্দ্রের পদরজের অনুগ্রহমাত্র ॥ ৩৪ ॥

তদনন্তর মিথিলাধিপতি জনক, রাম ও লক্ষ্মণের সহিত মহর্ষি বিশ্বামিত্রের আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া অর্থ ও কামের সহিত সাক্ষাৎ ধর্ম্মসদৃশ মুনিপ্রবরের পূজোপকরণ দ্বারা প্রত্যুদ্গমন করিলেন ॥ ৩৫ ॥

তৌ বিদেহনগরীনিবাসিনাং
গাং গতাবিব দিবঃ পুনর্ব্বসূ।
মন্যতে স্ম পিবতাং বিলোচনৈঃ
পক্ষ্মপাতমপি বঞ্চনাং মনঃ ॥ ৩৬ ॥

যূপবত্যবসিতে ক্রিয়াবিধৌ
কালবিৎ কুশিকবংশবর্দ্ধনঃ।
রামমিষ্বসনদর্শনোৎসুকং
মৈথিলায় কথয়াম্বভুব সঃ ॥ ৩৭ ॥

তস্য বীক্ষ্য ললিতং বপুঃ শিশোঃ
পার্থিবঃ প্রথিতবংশজন্মনঃ।

তাবিতি। [দিবঃ সুরবর্ত্মনঃ আকাশাৎ] "দ্যোঃ স্বর্গসুরবর্ত্মনো"রিতি বিশ্বঃ। [গাং ভুবং গতৌ] "স্বর্গেষুপশুবাগ্বজ্রদিঙ্‌নেত্রঘৃণিভূজলে। লক্ষ্যদৃষ্ট্যা স্ত্রিয়াং পুংসি গৌ"রিত্যমরঃ। পুনর্ব্বসূ ইব তন্নামকনক্ষত্রাধিদেবতে ইব স্থিতৌ তৌ রাঘবৌ বিলোচনৈঃ পিবতাং অত্যাস্থয়া পশ্যতামিত্যর্থঃ বিদেহনগরী মিথিলা তন্নিবাসিনাং মনঃ কর্ত্তৃ পক্ষ্মপাতং নিমেষমপি তদ্দর্শনপ্রতিবন্ধকত্বাৎ বঞ্চনাং বিড়ম্বনাং মন্যতে স্ম মেনে। লট্‌স্মইতি ভূতার্থে লট্ ॥ ৩৬ ॥

যূপেতি। যূপবতি ক্রিয়াবিধৌ কর্ম্মানুষ্ঠানে ক্রতাবিত্যর্থঃ অবসিতে সমাপ্তে সতি কালবিদবসরজ্ঞঃ কুশিকবংশবর্দ্ধনঃ স মুনিঃ, রামম্ অস্যতেঽনেনেতি অসনম্ ইষূণামসনম্ ইম্বসনং চাপং তস্য দর্শনে উৎসুকম্, মৈথিলায় জনকায় কথয়াম্বভুব কথিতবান্ ॥ ৩৭ ॥

বিদেহ-নগরবাসিগণ, স্বর্গভ্রষ্ট পুনর্ব্বসুনক্ষত্রদ্বয়ের সদৃশ সেই রাজকুমারদ্বয়কে এরূপ ভাবে অবলোকন করিতে লাগিল যে, চক্ষের নিমেষ পতনকেও দৃষ্টির প্রতিবন্ধক বলিয়া মনে করিতে লাগিল ॥ ৩৬ ॥

যূপকাষ্ঠ-সমন্বিত যজ্ঞ সমাপ্ত হইলে কালবিদ্ কুশিকবংশবর্দ্ধন বিশ্বামিত্র, বলিবার উপযুক্ত অবসর বুঝিয়া কহিলেন, মহারাজ! রামচন্দ্র তোমার শরাসন (ধনুক) দর্শন করিতে অতিশয় উৎসুক হইয়াছেন ॥ ৩৭ ॥

স্বং বিচিন্ত্য চ ধনুর্দুরানমং
পীড়িতো দুহিতৃশুল্কসংস্থয়া ॥ ৩৮ ॥
অব্রবীচ্চ ভগবন্ মতঙ্গজৈ-
র্যদ্বৃহদ্ভিরপি কর্ম্ম দুষ্করম্।
তত্র নাহমনুমন্তুমুৎসহে
মোঘবৃত্তি কলভস্য চেষ্টিতম্ ॥ ৩৯ ॥
হ্রেপিতা হি বহবো নরেশ্বরা-
স্তেন তাত ধনুষা ধনুর্ভৃতঃ।

তস্যেতি। পার্থিবোজনকঃ প্রথিতবংশে জন্ম যস্য তথোক্তস্য, এতেন বরসম্পত্তিরুক্তা। শিশোস্তস্য রামস্য ললিতং কোমলং বপুঃ বীক্ষ্য, স্বং স্বকীয়ং দুরানমমানময়িতুমশক্যম্। নমের্ণ্যন্তাৎ খল্। ধনুঃ বিচিন্ত্য চ, দুহিতৃশুল্কং কন্যামূল্যং জামাতৃদেয়ং। "শুল্কং ঘট্টাদিদেয়ে স্যাৎ জামাতুর্বন্ধকেঽপি চ" ইতি বিশ্বঃ। তস্য ধনুর্ভঙ্গরূপস্য সংস্থয়া স্থিত্যা। "সংস্থা স্থিতৌ" ইতি বিশ্বঃ। পীড়িতো বাধিতঃ শিশুনা রামেণ দুষ্করমিতি দুঃখিত ইতি ভাবঃ ॥ ৩৮ ॥

অব্রবীদিতি। অব্রবীচ্চ মুনিমিতি শেষঃ। কিমিতি, হে ভগবন্ মুনে! বৃহদ্ভিঃ মতঙ্গজৈর্ম্মহাগজৈরপি দুষ্করং যৎ কর্ম্ম তত্র কর্ম্মণি কলভস্য বালগজস্য। "কলভঃ করিশাবক" ইত্যমরঃ। মোঘবৃত্তি ব্যর্থব্যাপারং চেষ্টিতং সাহসমনুমন্তুমহং নোৎসহে ॥ ৩৯ ॥

হ্রেপিতা ইতি। হে তাত! তেন ধনুষা বহবো ধনুর্ভৃতো নরেশ্বরাঃ হ্রেপিতাঃ হ্রিয়ং প্রাপিতাঃ হি। জিহ্রতের্ধাতোর্ণ্যন্তাৎ কর্ম্মণি ক্তঃ। অর্ত্তি-

---

রাজা জনক বিখ্যাতবংশসম্ভূত সেই শিশু রামচন্দ্রের কোমল কলেবর এবং স্বীয় দুরানম্য ধনুক দর্শন করিয়া কন্যার ধনুর্ভঙ্গ-পণে নিতান্ত দুঃখিত হইলেন ॥ ৩৮ ॥

তিনি বলিতে লাগিলেন, ভগবন্! যে কার্য্য মহাকায় মাতঙ্গগণেরও দুষ্কর, সেই কার্য্যে করিশাবকের নিষ্ফল সাহসে অনুমোদন করিতে পারি না ॥ ৩৯ ॥

হে তাত! ধনুর্দ্ধারী অনেক রাজাই সেই শরাসন আনত করিতে যাইয়া,

জ্যানিঘাতকঠিনত্বচো ভুজান্

স্বান্ বিধূয় ধিগিতি প্রতস্থিরে ॥ ৪০ ॥

প্রত্যুবাচ তমৃষির্নিশম্যতাং

সারতোঽয়মথবা গিরা কৃতম্।

চাপ এব ভবতো ভবিষ্যতি

ব্যক্তশক্তিরশনির্গিরাবিব ॥ ৪১ ॥

এবমাপ্তবচনাৎ স পৌরুষং

কাকপক্ষকধরেঽপি রাঘবে।

স্ত্রীত্যাদিনা পুগাগমঃ। তে নরেশ্বরাঃ জ্যানিঘাতৈঃ কঠিনত্বচঃ স্বান্ ভুজান্ ধিগিতি বিধূয়াবমত্য প্রতস্থিরে প্রস্থিতাঃ ॥ ৪০ ॥

প্রতীতি। ঋষিস্তং প্রত্যুবাচ। কিমিতি, অয়ং রামঃ সারতো বলেন নিশম্যতাং শ্রূয়তাম্, অথবা গিরা সারবর্ণনয়া কৃতম্ অলং গীর্ন বক্তব্যেত্যর্থঃ। "যুগপর্য্যাপ্তয়োঃ কৃত"মিত্যমরঃ। অব্যয়ং চৈতৎ কৃতং নিবারণনিষেধয়োরিতি গণব্যাখ্যানে। গিরেতি করণে তৃতীয়া, নিষেধক্রিয়াং প্রতি করণত্বাৎ। কিন্তু অশনির্বজ্রো গিরাবিব চাপে ধনুষ্যেব ভবতস্তব ব্যক্তশক্তিঃ দৃষ্টসারো ভবিষ্যতি ॥ ৪১ ॥

এবমিতি। এবম্ আপ্তস্য মুনের্ব্বচনাৎ স জনকঃ কাকপক্ষকধরে বালেঽপি রাঘবে পুরুষস্য কর্ম্ম পৌরুষং পরাক্রমম্। হায়নান্তযুবাদিভ্যোঽণিতি যুবাদিত্বাদণ্। "পৌরুষং পুরুষস্যোক্তং ভাবে কর্ম্মণি তেজসী"তি বিশ্বঃ। ত্রিদশগোপ ইন্দ্রগোপকীটঃ প্রমাণমস্য ত্রিদশগোপমাত্রঃ। প্রমাণে দ্বয়সজি-

---

লজ্জিত হইয়াছেন এবং জ্যাঘাতে কঠিন ত্বক্‌সম্পন্ন স্ব স্ব ভুজদণ্ডে ধিক্কার প্রদান করিয়া প্রস্থান করিয়াছেন ॥ ৪০ ॥

তখন বিশ্বামিত্র বলিলেন, মহারাজ! আমি রামের বলবীর্য্যের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন; অথবা এক্ষণে উহার পরিচয় দেওয়া নিষ্প্রয়োজন; যেমন বজ্র, মহীধরে শক্তি প্রকাশ করে, তদ্রূপ ভবদীয় শরাসনেই রামের বল প্রকাশ পাইবে ॥ ৪১ ॥

মিথিলাধিপতি জনক, মহর্ষি বিশ্বামিত্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া

শ্রদ্দধে ত্রিদশগোপমাত্রকে
দাহশক্তিমিব কৃষ্ণবর্ত্মনি ॥ ৪২ ॥

ব্যাদিদেশ গণশোহথ পার্শ্বগান্
কার্ম্মুকাভিহরণায় মৈথিলঃ ।
তৈজসস্য ধনুষঃ প্রবৃত্তয়ে
তোয়দানিব সহস্রলোচনঃ ॥ ৪৩ ॥

তৎ প্রসুপ্তভুজগেন্দ্রভীষণং
বীক্ষ্য দাশরথিরাদদে ধনুঃ ।
বিদ্রুতক্রতুমৃগানুসারিণং
যেন বাণমসৃজৎ বৃষধ্বজঃ ॥ ৪৪ ॥

ত্যাদিনা মাত্রচ্প্রত্যয়ঃ ততঃ স্বার্থে কঃ। তস্মিন্ কৃষ্ণবর্ত্মনি বহ্নৌ দাহশক্তিমিব শ্রদ্দধে বিশ্বস্তবান্ ॥ ৪২ ॥

ব্যাদিদেশেতি। অথ মৈথিলঃ পার্শ্বগান্ পুরুষান্ কার্ম্মুকাভিহরণায় কার্ম্মুকমানেতুম্। তুমর্থাচ্চেতি চতুর্থী। সহস্রলোচনঃ ইন্দ্রঃ তৈজসস্য তেজোময়স্য ধনুষঃ প্রবৃত্তয়ে আবির্ভাবায় তোয়দান্ মেঘানিব গণান্ গণান্ গণশঃ। সংখ্যৈকবচনাচ্চ বীপ্সায়ামিতি শস্ প্রত্যয়ঃ। ব্যাদিদেশ প্রজিঘায় ॥ ৪৩ ॥

তদিতি। [দাশরথি রামঃ প্রসুপ্তভুজগেন্দ্রইব ভীষণং ভয়ঙ্করং তদ্ধনুর্বীক্ষ্য আদদে জগ্রাহ। বৃষোধ্বজঃ চিহ্নং যস্য স শিবো যেন ধনুষা, ক্রতুরেব মৃগঃ বিদ্রুতং পলায়িতং ক্রতুমৃগমনুসরতি] তাচ্ছীল্যে ণিনিঃ। [তং বিদ্রুতক্রতুমৃগানুসারিণং বাণমসৃজৎ মুমোচ] ॥ ৪৪ ॥

বালক রামচন্দ্রের পরাক্রমে ইন্দ্রগোপকীটপরিমিত অনলের (অতি ক্ষুদ্র অগ্নির) দাহিকা শক্তির ন্যায় বিশ্বাস করিলেন ॥ ৪২ ॥

অনন্তর দেবরাজ ইন্দ্র যেমন তেজোময় ধনুক আবিষ্কার করিবার নিমিত্ত মেঘকে আদেশ করিয়া থাকেন, সেইরূপ রাজা জনকও স্বীয় শরাসন আনয়ন করিবার নিমিত্ত পার্শ্বচরদিগকে আদেশ করিলেন ॥ ৪৩ ॥

ভগবান্ পিণাকী যে ধনুক দ্বারা মৃগরূপধারী পলায়ন-পরায়ণ যজ্ঞের

আততজ্যমকরোৎ স সংসদা
বিস্ময়স্তিমিতনেত্রমীক্ষিতঃ।
শৈলসারমপি নাতিযত্নতঃ
পুষ্পচাপমিব পেশলং স্মরঃ॥ ৪৫॥
ভজ্যমানমতিমাত্রকর্ষণাৎ
তেন বজ্রপরুষস্বনং ধনুঃ।
ভার্গবায় দৃঢ়মন্যবে পুনঃ
ক্ষত্রমুদ্যতমিব ন্যবেদয়ৎ॥ ৪৬॥
দৃষ্টসারমথ রুদ্রকার্ম্মুকে
বীর্য্যশুল্কমভিনন্দ্য মৈথিলঃ।

আততেতি। স রামঃ সংসদা সভয়া বিস্ময়েন স্তিমিতং নেত্রং যস্মিন্ কর্ম্মণি তৎ যথা স্যাত্তথা ঈক্ষিতঃ সন্ শৈলস্যেব সারো যস্য তচ্ছৈলসারমপি ধনুঃ স্মরঃ পেশলং কোমলং পুষ্পচাপমিব নাতিযত্নতঃ নাতিযত্নাৎ। নঞর্থস্য ন-শব্দস্য সুপ্সুপেতি সমাসঃ। আততজ্যমধিজ্যমকরোৎ॥ ৪৫॥

ভজ্যমানমিতি। তেন রামেণ অতিমাত্রকর্ষণাৎ ভজ্যমানম্ অতএব বজ্রপরুষস্বনং বজ্রমিব পরুষঃ স্বনো যস্য তৎ ধনুঃ কর্তৃ দৃঢ়মন্যবে দৃঢ়ক্রোধায়। "মন্যুঃ ক্রোধে ক্রতৌ দৈন্যে" ইতি বিশ্বঃ। ভার্গবায় ক্ষত্রং ক্ষত্রকুলং পুনরুদ্যতং ন্যবেদয়দিব জ্ঞাপয়ামাসেব॥ ৪৬॥

প্রতি শর নিক্ষেপ করিয়াছিলেন, দশরথতনয় রাম সেই নাগরাজ বাসুকি সম অতি ভীষণ শরাসন অবলোকন করিয়াই তৎক্ষণাৎ গ্রহণ করিলেন॥৪৪॥

সেই হরধনু পর্ব্বতের ন্যায় অতি কঠিন হইলেও যেমন অনঙ্গদেব স্বীয় কোমল কুসুমচাপে জ্যা-যোজনা করিয়া থাকেন, তদ্রূপ শিশু রাম অবলীলাক্রমে তাহাতে জ্যা-আরোপণ করিলেন। তদ্দর্শনে সভাস্থ লোক সকল বিস্মিত হইয়া নির্নিমেষ-নয়নে তাঁহাকে অবলোকন করিতে লাগিল॥ ৪৫॥

তখন রাম-কর্তৃক অতিমাত্র আকর্ষণে সেই কার্ম্মুক বজ্রনির্ঘোষে ভগ্ন হইয়া ক্ষত্রিয়গণ পুনঃ উন্নতিলাভ করিয়াছে, যেন এই কথাই দৃঢ়মন্যু পরশুরামের শ্রুতিগোচর করিল॥ ৪৬॥

রাঘবায় তনয়ামযোনিজাং
রূপিণীং শ্রিয়মিব ন্যবেদয়ৎ ॥ ৪৭ ॥
মৈথিলঃ সপদি সত্যসঙ্গরো-
রাঘবায় তনয়ামযোনিজাম্।
সন্নিধৌ দ্যুতিমতস্তপোনিধে-
রগ্নিসাক্ষিকইবাতিসৃষ্টবান্ ॥ ৪৮ ॥
প্রাহিণোচ্চ মহিতং মহাদ্যুতিঃ
কোশলাধিপতয়ে পুরোধসম্।

দৃষ্টেতি। অথ মৈথিলো জনকঃ রুদ্রকার্ম্মুকে দৃষ্টঃ সারঃ স্থিরাংশো যস্য তদ্দৃষ্টসারম্। "সারো বলে স্থিরাংশে চ" ইতি বিশ্বঃ। বীর্য্যমেব শুল্কং ধনুর্ভঙ্গরূপমিত্যর্থঃ। অভিনন্দ্য রাঘবায় রামায় অযোনিজাং দেবযজনসম্ভবাং তনয়াং সীতাং রূপিণীং শ্রিয়মিব সাক্ষাল্লক্ষ্মীমিব ন্যবেদয়ৎ অর্পিতবান্ বাচেতি শেষঃ ॥ ৪৭ ॥

উক্তমেবার্থং সোপস্কারমাহ;—মৈথিলইতি। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। "অথ প্রতিজ্ঞা জিজ্ঞাসা সম্পদাপৎসু সঙ্গর" ইত্যমরঃ। মৈথিলো রাঘবায় অযোনিজাং তনয়াং দ্যুতিমতস্তেজস্বিনঃ তপোনিধেঃ কৌশিকস্য সন্নিধৌ অগ্নিঃ সাক্ষী যস্য সঃ অগ্নিসাক্ষিকঃ। শেষাদ্বিভাষেতি কপ্প্রত্যয়ঃ। সইব সপদি অতিসৃষ্টবান্ দত্তবান্ ॥ ৪৮ ॥

প্রাহিণোদিতি। মহাদ্যুতির্জনকঃ সহিতং পূজিতং পুরোধসং কোশলাধিপতয়ে দশরথায় প্রাহিণোৎ প্রহিতবাংশ্চ। কিমিতি, নিমির্নাম জনকানাং

অনন্তর রাজা জনক হরচাপে রামের বল দর্শন করিয়া তাঁহার বীর্য্য-রূপ মূল্যকে ভূয়সী প্রশংসা করিয়া বলিলেন, আমি রামচন্দ্রকে মূর্ত্তিমতী লক্ষ্মীর ন্যায় অযোনি-সম্ভূতা স্বীয় দুহিতা সীতাকে প্রদান করিলাম ॥ ৪৭ ॥

সত্যপ্রতিজ্ঞ রাজা জনক, তেজঃপুঞ্জে প্রদীপ্ত তপোধন বিশ্বামিত্রের সমক্ষে তৎক্ষণাৎ অযোনি-সম্ভূতা স্বীয় কন্যাকে রামের হস্তে সমর্পণ করিলেন, তাহাতে বোধ হইল, যেন অগ্নির সাক্ষাতেই কন্যা সমর্পিত হইল ॥ ৪৮ ॥

পরে মহা প্রভাশালী রাজা জনক, অযোধ্যাধিপতি নরনাথ দশরথের

ভৃত্যভাবি দুহিতুঃ পরিগ্রহা-
দ্দিশ্যতাং কুলমিদং নিমেরিতি ॥ ৪৯ ॥
অন্বিয়েষ সদৃশীং স চ স্নুষাং
প্রাপ চৈনমনুকূলবাক্ দ্বিজঃ।
সদ্য এব সুকৃতাং হি পচ্যতে
কল্পবৃক্ষফলধর্ম্মি কাঙ্ক্ষিতম্ ॥ ৫০ ॥
তস্য কল্পিতপুরস্ক্রিয়াবিধেঃ
শুশ্রুবান্ বচনমগ্রজন্মনঃ।

পূর্ব্বজঃ কশ্চিৎ। ইদং নিমেঃ কুলং দুহিতুঃ সীতায়াঃ পরিগ্রহাৎ স্নুষাত্বেন স্বীকারাদ্ধেতোঃ ভৃত্যস্য ভাবো ভৃত্যত্বং সোঽস্যাস্তীতি ভৃত্যভাবি দিশ্যতামনুমন্যতামিতি ॥ ৪৯ ॥

অন্বিয়েষেতি। স দশরথশ্চ সদৃশীমনুরূপাং স্নুষামন্বিয়েষ রামবিবাহমাচকাঙ্ক্ষেত্যর্থঃ, অনুকূলবাক্ স্নুষাসিদ্ধিরূপানুকূলার্থবাদী দ্বিজো জনকপুরোধাশ্চৈনং দশরথং প্রাপ। তথাহি কল্পবৃক্ষফলস্য যো ধর্ম্মঃ সদ্যঃপাকরূপঃ সোঽস্যাস্তীতি কল্পবৃক্ষফলধর্ম্মি অতঃ সুকৃতাং পুণ্যকারিণাং কাঙ্ক্ষিতং মনোরথঃ সদ্যএব পচ্যতে হি। কর্ম্মকর্ত্তরি লট্। স্বয়মেব পক্বং ভবতীত্যর্থঃ। কর্ম্মবৎকর্ম্মণা তুল্যক্রিয়ইতি কর্ম্মবদ্ভাবাৎ ভাবকর্ম্মণোরিত্যাত্মনেপদম্ ॥ ৫০ ॥

তস্যেতি। বলভিৎসখঃ ইন্দ্রসহচরঃ বশী স্বাধীনতাবান্। "বশ আয়ত্ততা চ" ইতি বিশ্বঃ। কল্পিতপুরস্ক্রিয়াবিধেঃ কৃতপূজাবিধেস্তস্যাগ্রজন্মনো দ্বিজস্য

নিকটে এই বলিয়া পূজ্য পুরোহিতকে (শতানন্দকে) প্রেরণ করিলেন, "মহারাজ! আপনি আমার তনয়াকে পুত্রবধূরূপে গ্রহণ করিয়া এই নিমির কুলকে ভৃত্যের ন্যায় মনে করুন" ॥ ৪৯ ॥

তৎকালে রাজা দশরথও অনুরূপ বধূ অন্বেষণ করিতেছিলেন; ইত্যবসরে সেই অনুকূল সংবাদদাতা ব্রাহ্মণ তাঁহার নিকটে সমুপস্থিত হইলেন; ফলতঃ কল্পবৃক্ষের ফল যেমন সদ্যই সুপক্ক হইয়া থাকে, তদ্রূপ সাধুলোকের মনোরথ স্বতঃই অবিলম্বে সিদ্ধ হইয়া থাকে ॥ ৫০ ॥

ইন্দ্রের প্রিয়সখা জিতেন্দ্রিয় রাজা দশরথ, যথোচিত উপচারে সেই ব্রাহ্মণকে অর্চ্চনা করিলেন এবং তাঁহার নিকট পুত্রের পরিণয়-বৃত্তান্ত

উচ্চচাল বলভিৎসখো বশী
সৈন্যরেণুমুষিতার্কদীধিতিঃ ॥ ৫১ ॥
আসসাদ মিথিলাং স বেষ্টয়ন্
পীড়িতোপবনপাদপাং বলৈঃ।
প্রীতিরোধমসহিষ্ট সা পুরী
স্ত্রীব কান্তপরিভোগমায়তম্ ॥ ৫২ ॥
তৌ সমেত্য সময়ে স্থিতাবুভৌ
ভূপতী বরুণবাসবোপমৌ।
কন্যকাতনয়কৌতুকক্রিয়াং
স্বপ্রভাবসদৃশীং বিতেনতুঃ ॥ ৫৩ ॥

বচনং জনকেন সন্দিষ্টং শুশ্রুবান্ শ্রুতবান্। শৃণোতেঃ ক্বসুঃ। সৈন্যরেণু-মুষিতার্কদীধিতিঃ সন্ উচ্চচাল প্রতস্থে ॥ ৫১ ॥

আসসাদেতি। স দশরথো বলৈঃ সৈন্যৈঃ পীড়িতোপবনপাদপাং মিথিলাং বেষ্টয়ন্ পরিধীকুর্ব্বন্ আসসাদ। সা পুরী, স্ত্রী যুবতি রায়তম্ অতিপ্রসক্তং কান্তপরিভোগং প্রিয়সম্ভোগমিব প্রীত্যা রোধং প্রীতিরোধম্ অসহিষ্ট সোঢ়-বতী। দ্বেষরোধস্তু ন সহতইতি ভাবঃ ॥ ৫২ ॥

তাবিতি। সময়ে স্থিতৌ আচারনিষ্ঠৌ। "সময়াঃ শপথাচারকালসিদ্ধান্ত-সংবিদ" ইত্যমরঃ। বরুণবাসবৌ উপমা উপমানং যয়োস্তৌ তথোক্তৌ তাবুভৌ ভূপতী জনকদশরথৌ সমেত্য স্বপ্রভাবসদৃশীম্ আত্মমহিমানুরূপাং

অবগত হইয়া সৈন্যদিগের পাদোৎক্ষিপ্ত ধূলিপটলে সূর্য্যরশ্মি রুদ্ধ করিয়া মিথিলাভিমুখে প্রস্থান করিলেন ॥ ৫১ ॥

অনন্তর তিনি সৈন্য দ্বারা মিথিলার উপবনস্থ পাদপদিগকে প্রপীড়িত ও বেষ্টন করিয়া তথায় উপস্থিত হইলেন, সুতরাং যেমন যুবতী গাঢ়তর কান্তসম্ভোগ সহ্য করিয়া থাকে, তদ্রূপ সেই মিথিলা নগরীও প্রীতিবশতঃ দশরথ কৃত অবরোধ সহ্য করিয়া রহিল ॥ ৫২ ॥

অনন্তর ইন্দ্র ও বরুণ সদৃশ মহীপালদ্বয় যথাসময়ে সমবেত হইয়া পুত্র ও কন্যার বিবাহ ক্রিয়া স্বস্ব বিভবানুসারে সম্পাদন করিলেন ॥ ৫৩ ॥

পার্থিবীমুদবহদ্রঘূদ্বহো-
লক্ষ্মণস্তদনুজামথোর্ম্মিলাম্।
যৌ তয়োরবরজৌ বরৌজসৌ
তৌ কুশধ্বজসুতে সুমধ্যমে ॥ ৫৪ ॥
তে চতুর্থসহিতাস্ত্রয়ো বভুঃ
সূনবো নববধূপরিগ্রহাৎ।
সামদানবিধিভেদনিগ্রহাঃ
সিদ্ধিমন্ত ইব তস্য ভূপতেঃ ॥ ৫৫ ॥

কন্যকানাং সীতাদীনাং তনয়ানাং রামাদীনাঞ্চ কৌতুকক্রিয়াং বিবাহোৎসবং বিতেনতুর্বিস্তৃতবন্তৌ। তনোতের্লিট্ ॥ ৫৩ ॥

পার্থিবীমিতি। উদ্বহতীত্যুদ্বহঃ। পচাদ্যচ্। রঘূণামুদ্বহো রঘূদ্বহোরামঃ পৃথিব্যা অপত্যং স্ত্রী পার্থিবী। তস্যাপত্যমিত্যণি টিড্ঢেতি ঙীপ্। তাং সীতামুদবহৎ পরিণীতবান্। অথ লক্ষ্মণ স্তস্যাঃ সীতায়াঃ অনুজাং জনকস্যৌরসীম্ ঊর্ম্মিলাম্ উদবহৎ। যৌ বরৌজসৌ তয়োঃ রামলক্ষ্মণয়োরবরজৌ অনুজাতৌ ভরতশত্রুঘ্নৌ তৌ সুমধ্যমে কুশধ্বজস্য জনকানুজস্য সুতে কন্যকে মাণ্ডবীং শ্রুতকীর্ত্তিঞ্চ উদবহতাম্। নাত্র ব্যুৎক্রমবিবাহদোষঃ ভিন্নোদরত্বাৎ। তদুক্তং "পিতৃব্যপুত্রে সাপত্নে পরনারীসুতেষু চ। বিবাহাধানযজ্ঞাদৌ পরিবেত্তাদ্যদূষণ"মিতি ॥ ৫৪ ॥

তইতি। তে চতুর্থসহিতাস্ত্রয়শ্চত্বারইত্যর্থঃ। বৃত্তানুসারাদেবমুক্তম্। সূনবো নববধূপরিগ্রহাৎ, সিদ্ধিমন্তঃ ফলসিদ্ধিযুক্তাঃ তস্য ভূপতের্দ্দশরথস্য সামদানবিধিভেদনিগ্রহাঃ চত্বারউপায়াইব বভুঃ। বিধীয়তে ইতি বিধিঃ দান এব বিধিঃ, নিগ্রহোদণ্ডঃ। সূনূনামুপায়ৈঃ বধূনাং সিদ্ধিভিশ্চোপম্যমিত্যনুসন্ধেয়ম্ ॥ ৫৫ ॥

সীতার সহিত রামের, সীতার কনিষ্ঠা ভগিনী (জনকের কনিষ্ঠা কন্যা) ঊর্ম্মিলার সহিত লক্ষ্মণের বিবাহ হইল এবং রাজা জনকের কনিষ্ঠ ভ্রাতা কুশধ্বজের কন্যা মাণ্ডবীর সহিত ভরতের ও শ্রুতকীর্ত্তির সহিত শত্রুঘ্নের বিবাহ ক্রিয়া সম্পন্ন হইল ॥ ৫৪ ॥

তখন সেই দশরথের পুত্র চতুষ্টয়, নববধূর পাণিগ্রহণ করিয়া মহারাজ

তা নরাধিপসুতা নৃপাত্মজৈ-
স্তে চ তাভিরগমন্ কৃতার্থতাম্।
সোঽভবদ্বরবধূসমাগমঃ
প্রত্যয়প্রকৃতিযোগসন্নিভঃ ॥ ৫৬ ॥
এবমাত্তরতিরাত্মসম্ভবাং-
স্তান্নিবেশ্য চতুরোঽপি তত্র সঃ।
অধ্বসু ত্রিষু বিসৃষ্টমৈথিলঃ
স্বাং পুরীং দশরথো ন্যবর্ত্তত ॥ ৫৭ ॥

তাইতি। তা নরাধিপসুতাঃ জনককন্যকাঃ নৃপাত্মজৈঃ দশরথপুত্রৈঃ কৃতার্থতাং কুলশীলবয়োরূপাদিসাফল্যমগমন্ তে চ তাভিস্তথা। কিঞ্চ স বরাণাং বধূনাঞ্চ সমাগমঃ প্রত্যয়ানাং প্রকৃতীনাঞ্চ যোগইব সন্নিভাতীতি সন্নিভোঽভবৎ। পচাদ্যচ্। প্রত্যয়াঃ সনাদয়ো যেভ্যো বিধীয়ন্তে তাঃ প্রকৃতয়ঃ। যথা প্রকৃতিপ্রত্যয়য়োঃ সহৈকার্থসাধনত্বং তদ্বদত্রাপীতি ভাবঃ ॥ ৫৬ ॥

এবমিতি। এবমাত্তরতিরনুরাগবান্ স দশরথঃ তাংশ্চতুরোঽপ্যাত্মসম্ভবান্ পুত্রান্ তত্র মিথিলায়াং নিবেশ্য বিবাহ্য। "নিবেশঃ শিবিরোদ্বাহবিন্যা-

---

দশরথের ফলসিদ্ধিসম্পন্ন সাম, দান, ভেদ ও নিগ্রহ; এই উপায় চতুষ্টয়ের ন্যায় শোভা ধারণ করিলেন ॥ ৫৫ ॥

রাজকুমারগণ সেই রাজকুমারীদিগের সহিত এবং রাজকুমারীসকল রাজকুমারদিগের সহিত মিলিত হইয়া কৃতার্থতা লাভ করিলেন; ফলতঃ সেই বর-বধূ-সমাগম প্রকৃতি ও প্রত্যয়ের যোগের ন্যায় অতি রমণীয়ই হইল। অর্থাৎ প্রকৃতি ও প্রত্যয় মিলিত হইয়া একটি অর্থের সাধন (বোধ) করাইতে হইলে, যেমন পরস্পরের সাহায্য ব্যতিরেকে সমর্থ হয় না, তদ্রূপ এস্থলেও দম্পতি-যুগলের প্রার্থিত অর্থ (ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ); ইহাদের মধ্যে যে কোন অর্থ সাধন করিতে বাঞ্ছনীয় হয়, তাহা স্বামী ও স্ত্রী উভয়ের সাহায্য ব্যতীত কখনই সম্পাদিত হইতে পারে না ॥ ৫৬ ॥

এইরূপে রাজা দশরথ, মিথিলানগরীতে অনুরাগের সহিত আত্মজ পুত্রগণের বিবাহ কার্য্য সম্পাদন করিয়া স্বীয় রাজধানী অযোধ্যাভিমুখে প্রস্থান

তস্য জাতু মরুতঃ প্রতীপগাঃ
বর্ত্মসু ধ্বজতরুপ্রমাথিনঃ।
চিক্লিশুর্ভৃশতয়া বরূথিনী-
মুত্তটা ইব নদীরয়াঃ স্থলীম্ ॥ ৫৮ ॥

লক্ষ্যতে স্ম তদনন্তরং রবি-
র্বদ্ধভীমপরিবেশমণ্ডলঃ।
বৈনতেয়শমিতস্য ভোগিনো-
ভোগবেষ্টিতইব চ্যুতো মণিঃ ॥ ৫৯ ॥

সেষু প্রকীর্ত্তিত" ইতি বিশ্বঃ। ত্রিষধ্বসু প্রয়াণেষু সৎসু বিসৃষ্টমৈথিলঃ স্বাং পুরীং ন্যবর্ত্তত। উদ্দেশক্রিয়াপেক্ষয়া কর্ম্মত্বং পুর্য্যাঃ ॥ ৫৭ ॥

তস্যেতি। জাতু কদাচিৎ বর্ত্মসু ধ্বজাএব তরবস্তান্ প্রমথ্নন্তি যে তে ধ্বজতরুপ্রমাথিনঃ প্রতীপগাঃ প্রতিকূলগামিনো মরুতঃ উত্তটা নদীরয়াঃ স্থলীম্ অকৃত্রিমভূমিমিব। জানপদেত্যাদিনা ঙীপ্। তস্য বরূথিনীং সেনাং ভৃশতয়া ভৃশং চিক্লিশুঃ ক্লিশ্নন্তি স্ম ॥ ৫৮ ॥

লক্ষ্যতইতি। তদনন্তরং প্রতীপপবনানন্তরং বদ্ধং ভীমং পরিবেশস্য পরিধের্ম্মণ্ডলং যস্য সঃ। "পরিবেশস্তু পরিধিরুপসূর্য্যকমণ্ডলে" ইত্যমরঃ। রবিঃ বৈনতেয়শমিতস্য গরুড়হতস্য ভোগিনঃ সর্পস্য ভোগেন কায়েন। "ভোগঃ সুখে স্ত্র্যাদিভৃত্যাবহেশ্চ ফণকায়য়ো"রিত্যমরঃ। বেষ্টিতশ্চ্যুতঃ শিরোভ্রষ্টো মণিরিব লক্ষ্যতে স্ম ॥ ৫৯ ॥

করিলেন; রাজা জনকও ত্রিপথ পর্য্যন্ত তাঁহাদের সহিত গমন করিয়া তথা হইতে প্রতিনিবৃত্ত হইলেন ॥ ৫৭ ॥

যেমন উচ্ছলিত তরঙ্গবেগ তরঙ্গিণী তটকে নিপীড়িত করে, তদ্রূপ পথি-মধ্যে প্রতিকূল প্রবল বাত্যা উত্থিত হইয়া, ধ্বজারূপ বৃক্ষ সকল উন্মথিত করিয়া রাজা দশরথের সৈন্যগণকে ক্লেশ প্রদান করিতে লাগিল ॥ ৫৮ ॥

তাহার পর অতি ভয়ঙ্কর পরিবেশ-মণ্ডল দ্বারা বেষ্টিত সূর্য্যমণ্ডলে বৈন-তেয় কর্ত্তৃক নিহত ভুজঙ্গ-শরীর দ্বারা বেষ্টিত নিপতিত মণির ন্যায় দেখা যাইতে লাগিল ॥ ৫৯ ॥

শ্যেনপক্ষপরিধূসরালকাঃ
সান্ধ্যমেঘরুধিরার্দ্রবাসসঃ।
অঙ্গনা ইব রজস্বলা দিশো
নো বভূবুরবলোকনক্ষমাঃ ॥ ৬০ ॥
ভাস্করশ্চ দিশমধ্যুবাস যাং
তাং শ্রিতাঃ প্রতিভয়ং ববাশিরে।
ক্ষত্রশোণিতপিতৃক্রিয়োচিতং
চোদয়ন্ত্যইব ভার্গবং শিবাঃ ॥ ৬১ ॥

শ্যেনেতি। শ্যেনপক্ষা এব পরিধূসরাঃ অলকা যাসাং তাঃ সান্ধ্যমেঘাএব রুধিরার্দ্রাণি বাসাংসি যাসাং তাস্তথোক্তাঃ রজোধূলিরাসাম্ অস্তীতি রজস্বলাঃ। রজঃ কৃষ্যাসুতিপরিষদোবলজিতি বলচ্প্রত্যয়ঃ। দিশো রজস্বলাঃ ঋতুমত্যোঽঙ্গনাইব। "স্যাদ্রজঃ পুষ্পমার্ত্তব"মিত্যমরঃ। অবলোকনক্ষমাঃ দর্শনার্হা নো বভূবুঃ। একত্রাদৃষ্টদোষাদপরত্র শাস্ত্রদোষাদিতি বিজ্ঞেয়ম্। অত্র রজোবৃষ্টিরুৎপাত উক্তঃ ॥ ৬০ ॥

ভাস্করইতি। ভাস্করো যাং দিশমধ্যুবাস চ যস্যাং দিশ্যুষিতঃ। উপান্বধ্যাঙ্বসইতি কর্ম্মত্বম্। তাং দিশং শ্রিতাঃ শিবাঃ গোমায়বঃ। "স্ত্রিয়াং শিবাভূরিমায়গোমায়ুমৃগধূর্ত্তকা" ইত্যমরঃ। ক্ষত্রশোণিতেন যা পিতৃক্রিয়া পিতৃতর্পণং তত্রোচিতং পরিচিতং ভার্গবং চোদয়ন্ত্যইব প্রতিভয়ং ভয়ঙ্করং ববাশিরে রুরুবুঃ। বাশৃশব্দ ইতি ধাতোর্লিট্। "তিরশ্চাং বাশিতং রুত"মিত্যমরঃ ॥ ৬১ ॥

দিক্ সকল ধূলিধূসরিত ও সান্ধ্যমেঘ দ্বারা আবৃত হওয়ায় এবং শ্যেনপক্ষীর পক্ষরূপ ধূসরিত ও সান্ধ্যরাগানুরঞ্জিত মেঘমালা পরিবৃত হওয়ায় ধূসরালক ও রক্তাক্ত বসনাবৃত রজঃস্বলা অঙ্গনার ন্যায় অত্যন্ত অদর্শনীয়া হইয়া উঠিল ॥ ৬০ ॥

ঐ সময়ে প্রভাকর যে দিক অবলম্বন করিয়াছিলেন, শৃগালগণ, সেই দিক্ আশ্রয় করিয়া ক্ষত্রশোণিত দ্বারা পিতৃতর্পণকারী ভৃগুতনয় পরশুরামকে যেন উৎসাহিত করিবার জন্যই বিকৃত শব্দে চীৎকার করিতে লাগিল ॥ ৬১ ॥

তৎ প্রতীপপবনাদি বৈকৃতং
প্রেক্ষ্য শান্তিমধিকৃত্য কৃত্যবিৎ।
অন্বযুঙ্‌ক্ত গুরুমীশ্বরঃ ক্ষিতেঃ
স্বস্তমিত্যলঘয়ৎ স তদ্ব্যথাম্॥ ৬২॥
তেজসঃ সপদি রাশিরুত্থিতঃ
প্রাদুরাস কিল বাহিনীমুখে।
যঃ প্রমৃজ্য নয়নানি সৈনিকৈ-
র্লক্ষণীয়পুরুষাকৃতিশ্চিরাৎ॥ ৬৩॥
পিত্র্যমংশমুপবীতলক্ষণং
মাতৃকঞ্চ ধনুরূর্জ্জিতং দধৎ।

তদিতি। তৎ প্রতীপপবনাদি বৈকৃতং দুর্নিমিত্তং প্রেক্ষ্য কৃত্যবিৎ কার্য্যজ্ঞঃ ক্ষিতেরীশ্বরঃ শান্তিমনর্থনিবৃত্তিমধিকৃত্য উদ্দিশ্য গুরুং বশিষ্ঠমন্বযুঙ্‌ক্ত অপৃচ্ছৎ। "প্রশ্নোঽনুযোগঃ পৃচ্ছা চ" ইত্যমরঃ। স গুরুঃ স্বস্তং শুভোদর্কং ভাবীতি তস্য রাজ্ঞো ব্যথামলঘয়ৎ লঘূকৃতবান্॥ ৬২॥

তেজসইতি। সপদি উত্থিতঃ তেজসোরাশিঃ বাহিনীমুখে সেনাগ্রে প্রাদুরাস কিল, যঃ সৈনিকৈ র্নয়নানি প্রমৃজ্য চিরাল্লক্ষণীয়া ভাবনীয়া পুরুষাকৃতি-র্যস্য স তথোক্তঃ অভূদিতি শেষঃ॥ ৬৩॥

পিত্র্যমিতি। উপবীতং লক্ষণং চিহ্নং যস্য তং পিতুরয়ং পিত্র্যঃ। বায়ৃতু-

---

অনন্তর তদ্দর্শনে কার্য্যজ্ঞ রাজা দশরথ, প্রতিকূল পবনাদি দুর্নিমিত্ত দর্শন করিয়া কুলগুরু বশিষ্ঠকে শান্তির উপায় জিজ্ঞাসা করিলেন। ভবিষ্যতে মঙ্গল হইবে, এই বলিয়া কুলগুরু বশিষ্ঠ দশরথের মনোবেদনা উপশমিত করিলেন॥ ৬২॥

অনন্তর সেনাগণের সম্মুখে সহসা পুঞ্জীকৃত তেজোরাশি আবির্ভূত হইল; সৈনিকেরা উক্ত তেজে বিপ্লুত-নয়ন (যে নয়নের দৃষ্টি প্রতিহত হইয়াছে) পরিমার্জ্জন করিয়া অনেকক্ষণের পর ঐ তেজোরাশি একটি পুরুষের আকৃতি বলিয়া লক্ষ্য করিল॥ ৬৩॥

অনন্তর যিনি যজ্ঞোপবীত-স্বরূপ পৈত্রিক অংশ ও উজ্জ্বল শরাসন-

যঃ সসোমইব ঘর্ম্মদীধিতিঃ
সদ্বিজিহ্বইব চন্দনদ্রুমঃ ॥ ৬৪ ॥
যেন রোষপরুষাত্মনঃ পিতুঃ
শাসনে স্থিতিভিদোঽপি তস্থুষা ।
বেপমানজননীশিরশ্ছিদা
প্রাগজীয়ত ঘৃণা ততো মহী ॥ ৬৫ ॥
অক্ষবীজবলয়েন নির্ব্বভৌ
দক্ষিণশ্রবণসংস্থিতেন যঃ ।
ক্ষত্রিয়ান্তকরণৈকবিংশতে-
র্ব্যাজপূর্ব্বগণনামিবোদ্বহন্ ॥ ৬৬ ॥

পিক্রমসোযদিতি যৎপ্রত্যয়ঃ। তমংশম্, ধনুষা ঊর্জ্জিতং ধনুরূর্জ্জিতং মাতুরয়ং মাতৃকঃ। ঋতষ্ঠগিতি ঠক্ প্রত্যয়ঃ। তমংশঞ্চ দধৎ যোভার্গবঃ সসোমশ্চন্দ্রযুক্তোঘর্ম্মদীধিতিঃ সূর্য্যইব, সদ্বিজিহ্বঃ সসর্পঃ চন্দনদ্রুমইব স্থিতঃ॥ ৬৪ ॥

যেনেতি। রোষপরুষ আত্মা বুদ্ধির্যস্য সঃ। "আত্মা যত্নোধৃতির্ব্বুদ্ধি"রিত্যমরঃ। তস্য রোষপরুষাত্মনঃ স্থিতিভিদো মর্য্যাদালঙ্ঘিনোঽপি পিতুঃ শাসনে তস্থুষা স্থিতেন বেপমানজননীশিরশ্ছিদা যেন প্রাক্ ঘৃণা অজীয়ত ততোঽনন্তরং মহী অজীয়ত। মাতৃহন্তঃ ক্ষত্রবধাৎ কুতোজুগুপ্সেতি ভাবঃ॥ ৬৫ ॥

অক্ষেতি। যো ভার্গবঃ দক্ষিণশ্রবণে সংস্থিতেনাক্ষবীজবলয়েন অক্ষমালয়া ক্ষত্রিয়ান্তকরণানাং ক্ষত্রিয়বধানাং একবিংশতেরেকবিংশতি-সংখ্যায়াঃ ব্যাজোঽক্ষমালারূপঃ পূর্ব্বো যস্যাস্তাং গণনামুদ্বহন্নিব নির্ব্বভৌ॥ ৬৬ ॥

স্বরূপ মাতৃ অংশ ধারণ করিতেছেন এবং যিনি রোষকষায়িত চিত্ত ও মর্য্যাদা লঙ্ঘনকারী পিতার আদেশে অগ্রে কম্পিত-কলেবরা জননীর শিরশ্ছেদন পূর্ব্বক ঘৃণাকে (দয়াকে) জয় করিয়া পরে পৃথিবী জয় করিয়াছিলেন; আরও যিনি দক্ষিণকর্ণস্থিত জপমালার ছলে রুদ্রাক্ষবলয় একবিংশতিবার ক্ষত্রিয়নিধনের গণনা স্বরূপ ধারণ করিতেছেন। অর্থাৎ ঐ পুরুষের মস্তকে ঈষৎ পিঙ্গল জটাজাল, পৃষ্ঠদেশে তূণীর, বামকরে ধনু, দক্ষিণহস্তে পরশু (কুঠার), দক্ষিণকর্ণে রুদ্রাক্ষমালা, স্কন্ধদেশে মৃগচর্ম্ম, গলদেশে

তং পিতুর্ব্বধভবেন মন্যুনা
রাজবংশনিধনায় দীক্ষিতম্।
বালসূনুরবলোক্য ভার্গবং
স্বাং দশাঞ্চ বিষসাদ পার্থিবঃ ॥ ৬৭ ॥
নাম রাম ইতি তুল্যমাত্মজে
বর্ত্তমানমহিতে চ দারুণে।
হৃদ্যমস্য ভয়দায়ি চাভব-
দ্রত্নজাতমিব হারসর্পয়োঃ ॥ ৬৮ ॥

তমিতি। পিতুর্জমদগ্নের্বধভবেন ক্ষত্রিয়কর্ত্তৃকবধোদ্ভবেন মন্যুনা কোপেন রাজবংশানাং নিধনায় নাশার্থম্। "নিধনং স্যাৎ কুলে নাশে" ইতি বিশ্বঃ। দীক্ষিতং প্রবৃত্তমিত্যর্থঃ তং ভার্গবং স্বাং দশাং চাবলোক্য বালাঃ সূনবোযস্য স পার্থিবো বিষসাদ। স্বস্যাতিদৌর্ব্বল্যাৎ শত্রোশ্চাতিক্রোধাৎ কান্দিশোকোঽভবদিত্যর্থঃ ॥ ৬৭ ॥

নামেতি। আত্মজে পুত্রে দারুণে ঘোরেঽহিতে শত্রৌ চ তুল্যমবিশেষেণ বর্ত্তমানং রামইতি নাম হারসর্পয়োর্ব্বর্ত্তমানং রত্নজাতমিবাস্য দশরথস্য হৃদ্যং হৃদয়ঙ্গমং ভয়দায়ি ভয়ঙ্করং চাভবৎ ॥ ৬৮ ॥

যজ্ঞোপবীত, বক্ষঃস্থলে অক্ষসূত্র এবং কটিদেশে বল্কলবাস। সুতরাং দেখিলেই বোধ হয়, যেন মুনি-বীরব্রতাচারী ত্রিভুবন-বিজয়ী ভগবান্ ভবানীপতি স্বর্গধাম ত্যাগ করিয়া ধরাধামে অবতীর্ণ হইয়াছেন ॥ ৬৪—৬৬ ॥

রাজা দশরথ ঘোর প্রতিপক্ষ পিতৃবধজনিত নিদারুণ ক্রোধভরে ক্ষত্রিয়কুল নির্ম্মূলের জন্য কৃতসঙ্কল্প সেই ভীমদর্শন জমদগ্নিতনয় পরশুরামকে ও স্বীয় তনয় সুকুমার রামকে বালক এবং আপনার বার্দ্ধক্য অবস্থা নিরীক্ষণ করিয়া যারপরনাই বিষাদসাগরে নিমগ্ন হইলেন ॥ ৬৭ ॥

আত্মজে ও অতি দারুণ প্রতিপক্ষে অবিশেষে বর্ত্তমান 'রাম' এই একটি নাম, কণ্ঠহার ও ভুজঙ্গের অর্পিত রত্নসমূহের ন্যায় রাজা দশরথের প্রীতিপ্রদ ও ভয়প্রদ হইয়াছিল ॥ ৬৮ ॥

অর্ঘ্যমর্ঘ্যমিতি বাদিনং নৃপং
সোঽনবেক্ষ্য ভরতাগ্রজো যতঃ।
ক্ষত্রকোপদহনার্চ্চিষং ততঃ
সন্দধে দৃশমুদগ্রতারকাম্॥ ৬৯॥
তেন কার্ম্মুকনিষক্তমুষ্টিনা
রাঘবো বিগতভীঃ পুরোগতঃ।
অঙ্গুলীবিবরচারিণং শরং
কুর্ব্বতা নিজগদে যুযুৎসুনা॥ ৭০॥
ক্ষত্রজাতমপকারবৈরি মে
তন্নিহত্য বহুশঃ শমং গতঃ।

অর্ঘ্যমিতি। স ভার্গবোঽর্ঘ্যম্ অর্ঘ্যমিতি বাদিনং নৃপমনবেক্ষ্য যতো যত্র ভরতাগ্রজঃ ততস্তত্র। ইতরাভ্যোপি দৃশ্যন্তে ইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ। ক্ষত্রে ক্ষত্রকুলে বিষয়ে যঃ কোপদহনো রোষাগ্নি স্তস্যার্চ্চিষং জ্বালামিব স্থিতাম্। "জ্বালাভাসোর্নপুংস্যর্চ্চি"রিত্যমরঃ। উদগ্রা তারকা কনীনিকা যস্যাস্তাম্। "তারকাক্ষ্ণঃ কনীনিকে"ত্যমরঃ। দৃশং সন্দধে॥ ৬৯॥

তেনেতি। কার্ম্মুকনিষক্তমুষ্টিনা শরমঙ্গুলীবিবরচারিণং কুর্ব্বতা যোদ্ধুমিচ্ছতা যুযুৎসুনা তেন ভার্গবেণ বিগতভীঃ নির্ভীকঃ পুরোগতো ঽগ্রগতঃ রাঘবো নিজগদে উক্তঃ। কর্ম্মণি লিট্॥ ৭০॥

ক্ষত্রেতি। ক্ষত্রজাতং ক্ষত্রজাতির্মে অপকারেণ পিতৃবধরূপেণ বৈরি

অনন্তর সেই অসামান্য প্রতাপশালী ত্রিভুবনবিজয়ী পরশুরাম, এই অর্ঘ্য এই অর্ঘ্য বলিয়া সাদরে সম্ভাষণ করিতে দেখিয়াও রাজা দশরথের প্রতি অবজ্ঞা প্রদর্শনপূর্ব্বক যে দিকে ভরতাগ্রজ রাম, সেই দিকে ক্ষত্রিয়কুল উন্মূলনকারী কোপাগ্নির শিক্ষা-স্বরূপ অতি কঠোর দৃষ্টিনিক্ষেপ করিলেন॥ ৬৯॥

তিনি গম্ভীরপ্রকৃতি মতিমান্ রামচন্দ্রকে নিঃশঙ্কচিত্তে সম্মুখে অবস্থিত দেখিয়া শরাসনে দৃঢ়মুষ্টি বদ্ধপূর্ব্বক সংগ্রাম করিবার আশয়ে কহিতে লাগিলেন॥ ৭০॥

ক্ষত্রিয় জাতি আমার পিতাকে বধ করিয়া পরম শত্রু হইয়াছে। আমি

সুপ্তসর্প ইব দণ্ডঘট্টনা-
দ্রোষিতোঽস্মি তব বিক্রমশ্রবাৎ ॥ ৭১ ॥

দ্বেষি তৎ ক্ষত্রজাতং বহুশঃ একবিংশতিবারান্ নিহত্য শমং গতোঽস্মি তথাপি সুপ্তসর্পঃ দণ্ডঘট্টনাদিব তব বিক্রমস্য শ্রবাদাকর্ণনাৎ রোষিতো রোষং প্রাপিতোঽস্মি ॥ ৭১ ॥

তজ্জন্যই ক্ষত্রিয়দিগকে বহুবার বিনাশ করিয়া সেই ক্রোধানল প্রশমিত করিয়াছি; রে ক্ষত্রিয়শিশো! নিদ্রিত সর্প যেমন দণ্ডঘট্টনে রোষান্বিত হইয়া থাকে, তদ্রূপ এক্ষণে তোর বিক্রম শ্রবণ করিয়া আমার ক্রোধানল পুনঃ উদ্দীপ্ত হইয়া উঠিয়াছে। অর্থাৎ একদা বিক্রমকেশরী রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন মৃগয়ার্থ বহির্গত হইয়া মহারণ্যে পরিভ্রমণ করিতে করিতে সসৈন্যে জমদগ্নি ঋষির আশ্রমে উপস্থিত হইলেন। মহর্ষি জমদগ্নি রাজাকে সমাগত দেখিয়া কামধেনু দ্বারা যথাবিধি অতিথি-সৎকার করিলেন। ঋষিপ্রবরের সেই ধেনুরত্নকে রাজা আপনার ঐশ্বর্য্যাপেক্ষা অধিকতর মনে করিলেন। সুতরাং তিনি ভগবান্ জমদগ্নি ঋষির সেই ক্রন্দনপরায়ণা কামধেনুর বৎসকে বলপূর্ব্বক হরণ করিয়া স্বীয় রাজধানী মাহিষ্মতী নগরীতে লইয়া গেলেন। ইত্যবসরে জমদগ্নিতনয় পরশুরাম আশ্রমে উপস্থিত হইলেন এবং ধেনুহরণ বৃত্তান্ত শ্রবণে দণ্ডঘট্টিত ভুজঙ্গের ন্যায় ক্রোধভরে নিতান্ত অধীর হইয়া উঠিলেন। সুতরাং তিনি তৎক্ষণাৎ বীরসাজে সুসজ্জিত হইয়া সেই গোধনাপহারী রাজার পশ্চাৎ পশ্চাৎ গমন পূর্ব্বক তাঁহার সহিত ঘোরতর সংগ্রাম করিয়া তাঁহাকে সসৈন্যে বিনষ্ট করিলেন। তদনন্তর কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রগণ পরশুরামের বীর্য্যে পরাভূত হওয়াতে আপনাদের পিতার বধবৃত্তান্ত স্মরণ করিয়া সর্ব্বদাই বিষণ্ণভাবে কালযাপন করিতে লাগিল। কোনও সময়ে পরশুরাম আশ্রম হইতে ভ্রাতৃগণের সহিত বনগমন করাতে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তনয়গণ অবসর প্রাপ্ত হইয়া বৈরনির্যাতন মানসে সেই আশ্রমে উপস্থিত হইয়া ধ্যানস্থ ভগবান্ জমদগ্নিকে নিহত করেন। সুতরাং জামদগ্ন্য (পরশুরাম) পিতৃবধজনিত ক্রোধে নিতান্ত অধীর হইয়া ভুজবলপ্রভাবে রণপণ্ডিত ক্ষত্রিয়দিগকে কৃতান্তের করালকবলে নিপাতিত করেন এবং এইরূপে একবিংশতিবার ক্ষত্রিয়দিগকে নিধন করিয়া স্বীয় ক্রোধাগ্নি নির্ব্বাপিত

মৈথিলস্য ধনুরন্যপার্থিবৈ-
স্ত্বং কিলানমিতপূর্ব্বমক্ষণোঃ।
তন্নিশম্য ভবতা সমর্থয়ে
বীর্য্যশৃঙ্গমিব ভগ্নমাত্মনঃ ॥ ৭২ ॥
অন্যদা জগতি রাম ইত্যয়ং
শব্দ উচ্চরিত এব মামগাৎ।
ব্রীড়মাবহতি মে স সম্প্রতি
ব্যস্তবৃত্তিরুদয়োন্মুখে ত্বয়ি ॥ ৭৩ ॥

মৈথিলস্যেতি। অন্যৈঃ পার্থিবৈঃ অনমিতপূর্ব্বং পূর্ব্বমনমিতম্। সুপ্সুপেতি সমাসঃ। অস্য মৈথিলস্য ধনুস্ত্বমক্ষণোঃ ক্ষতবান্ কিলেতি বার্ত্তায়াম্। "বার্ত্তাসম্ভাব্যয়োঃ কিলে"ত্যমরঃ। তদ্ধনুর্ভঙ্গং নিশম্যাকর্ণ্য ভবতা আত্মনো-মম বীর্য্যমেব শৃঙ্গং ভগ্নমিব সমর্থয়ে মন্যে ॥ ৭২ ॥

অন্যদেতি। অন্যদা অন্যস্মিন্ কালে জগতি রামইত্যয়ং শব্দঃ উচ্চরিতঃ সন্ মামেবাগাৎ সম্প্রতি ত্বয়ি উদয়োন্মুখে সতি ব্যস্তবৃত্তি র্বিপরীতবৃত্তিঃ অন্য-গামীতি যাবৎ স শব্দো মে ব্রীড়মাবহতি লজ্জাং করোতি ॥ ৭৩ ॥

করিয়াছিলেন; কিন্তু এক্ষণে হরশরাসন-ভঙ্গবার্ত্তা শ্রবণে তাঁহার সেই ক্রোধানল পুনরুদ্দীপ্ত হইয়া উঠিল ॥ ৭১ ॥

ইতঃপূর্ব্বে অনেকেই রাজর্ষি জনকের কার্ম্মুক আনত করিতে সমর্থ হয় নাই, কিন্তু শুনিলাম তুই তাহা ভগ্ন করিয়াছিস্; সেই ধনুর্ভঙ্গ বার্ত্তা শ্রবণে বোধ হইতেছে, যেন মদীয় বলবিক্রমের শৃঙ্গ ভগ্ন হইয়াছে। অর্থাৎ যে হরশরাসন আকর্ষণ করিতে দেবাসুরের মধ্যে কেহই সমর্থ হয় নাই, তুই যখন সেই দুরানম্য শরাসন ভগ্ন করিয়াছিস্, তখনই বোধ হইতেছে, তুই আমার অদ্বিতীয় বীরত্বের একমাত্র প্রতিদ্বন্দ্বী ॥ ৭২ ॥

পূর্ব্বে রাম বলিলে একমাত্র আমাকেই বুঝাইত; কিন্তু তুই অভ্যুদয় লাভ করিতে পারিলে, রাম এই নামে লোকে তোকেও লক্ষ্য করিবে; সুতরাং এক্ষণে উহা আমার পক্ষে লজ্জাজনক হইতেছে ॥ ৭৩ ॥

বিভ্রতোঽস্ত্রমচলেঽপ্যকুণ্ঠিতং
দ্বৌ রিপূ মম মতৌ সমাগসৌ।
ধেনুবৎসহরণাচ্চ হৈহয়-
স্ত্বঞ্চ কীর্ত্তিমপহর্ত্তুমুদ্যতঃ ॥ ৭৪ ॥
ক্ষত্রিয়ান্তকরণোঽপি বিক্রম-
স্তেন মামবতি নাজিতে ত্বয়ি।
পাবকস্য মহিমা স গণ্যতে
কক্ষবজ্জ্বলতি সাগরেঽপি যঃ ॥ ৭৫ ॥
বিদ্ধি চাত্তবলমোজসা হরে-
রৈশ্বরং ধনুরভাজি যত্ত্বয়া।

বিভ্রতইতি। অচলে ক্রৌঞ্চাদ্রাবপি অকুণ্ঠিতম্ অস্ত্রং বিভ্রতো মম দ্বৌ সমাগসৌ তুল্যাপরাধৌ রিপূ মতৌ, ধেনোঃ পিতৃহোমধেনোর্বৎসস্য হরণাদ্ধেতোঃ হৈহয়ঃ কার্ত্তবীর্য্যশ্চ, কীর্ত্তিমপহর্ত্তুমুদ্যতঃ উদ্যুক্তস্ত্বঞ্চ। বৎসহরণে ভারতশ্লোকঃ ;—"প্রমত্তশ্চাশ্রমাত্তস্য হোমধেন্বাস্ততোবলাৎ। জহার বৎসং ক্রোশন্ত্যা বভঞ্জ চ মহাদ্রুমা"নিতি ॥ ৭৪ ॥

ক্ষত্রিয়েতি। তেন কারণেন ক্রিয়তে যেনাসৌ করণঃ ক্ষত্রিয়ান্তস্য করণোঽপি বিক্রমঃ ত্বয়ি অজিতে মাং নাবতি ন প্রীণাতি। তথাহি। পাবকস্য অগ্নের্ম্মহিমা স গণ্যতে যঃ কক্ষবৎ কক্ষেইব। তত্র তস্যেবেতি সপ্তম্যর্থে বতিঃ। সাগরেঽপি জ্বলতি ॥ ৭৫ ॥

যাহার অস্ত্র ক্রৌঞ্চাদ্রিকে বিদীর্ণ করিতে কুণ্ঠিত হয় নাই, তাহার নিকটে কার্ত্তবীর্য্যার্জ্জুন হোমধেনুর বৎস অপহরণ করাতে এবং তুই কীর্ত্তি লোপে উদ্যত হওয়াতে তোরা উভয়েই তুল্যাপরাধী; সুতরাং এক্ষণে কার্ত্তবীর্য্যের অভাব বশতঃ একমাত্র তুই আমার শত্রু ॥ ৭৪ ॥

আমার ক্ষত্রিয়ান্তকারী বিক্রম তোকে জয় করিতে না পারিলে আমাকে সন্তুষ্ট করিতে পারিতেছে না; দেখ, যে অগ্নি কাষ্ঠে প্রজ্বলিত হয়, তাহা যদি সাগর-গর্ভেও প্রদীপ্ত হইতে পারে, তবে তাহাই তাহার মহিমা ॥ ৭৫ ॥

খাতমূলমনিলো নদীরয়ৈঃ
পাতয়ত্যপি মৃদুস্তটদ্রুমম্ ॥ ৭৬ ॥
তন্মদীয়মিদমায়ুধং জ্যয়া
সংগময্য সশরং বিকৃষ্যতাম্ ।
তিষ্ঠতু প্রধনমেবমপ্যহং
তুল্যবাহুতরসা জিতস্ত্বয়া ॥ ৭৭ ॥
কাতরোঽসি যদিবোদ্গতার্চ্চিষা
তর্জ্জিতঃ পরশুধারয়া মম ।

বিদ্ধীতি। কিঞ্চ ঐশ্বরং ধনুঃ হরের্ব্বিষ্ণোরোজসা বলেনাত্তবলং হৃতসারঞ্চ বিদ্ধি যদ্ধনুস্ত্বয়া অভাজি অভঞ্জি। ভঞ্জেশ্চ চিণীতি বিভাষয়া ন লোপঃ। তথাহি। নদীরয়ৈঃ খাতমূলম্ অবদারিতপাদং তটদ্রুমং মৃদুরপ্যনিলঃ পাতয়তি। ততঃ শিশুরপি রৌদ্রং ধনুরভাঙ্ক্ষমিতি মা গর্ব্বীরিতি ভাবঃ ॥ ৭৬ ॥

তদিতি। তত্তস্মাৎ মদীয়মিদমায়ুধং কার্ম্মুকং জ্যয়া সংগময্য সংযোজ্য। ল্যপি লঘুপূর্ব্বাদিতি ণেরয়াদেশঃ। সশরং যথা তথা ত্বয়া বিকৃষ্যতাং প্রধনং রণস্তিষ্ঠতু প্রধনং তাবদাস্তামিত্যর্থঃ। "প্রধনং মারণং রণ" ইতি বিশ্বঃ। এবমপি মদ্ধনুঃকর্ষণেঽপি অহং তুল্যবাহুতরসা সমবাহুবলেন। "তরসী বলরংহসী" ইত্যমরঃ। ত্বয়া জিতঃ ॥ ৭৭ ॥

আরও দেখ ত্রিপুরান্তকারী দেবদেব মহাদেবের শরাসনের সারভাগ বিষ্ণু হরণ করিয়াছেন বলিয়াই তুই তাহা ভঞ্জনে সমর্থ হইয়াছিস্; নদীবেগে যে বৃক্ষের মূলস্থিত মৃত্তিকা স্থানান্তরিত হইয়াছে, সেই বৃক্ষকে মন্দগতি সমীরণও নিপাতিত করিতে সমর্থ হইয়া থাকে ॥ ৭৬ ॥

তোর সহিত যুদ্ধের আবশ্যকতা নাই, তুই যদি আমার এই ধনুকে জ্যারোপণ করিয়া শরের সহিত আকর্ষণ করিতে পারিস্, তাহা হইলে, তোর বাহুবল আমার তুল্য মানিয়া পরাজয় স্বীকার করিব। অর্থাৎ তোর সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলে, বীরসমাজে নিন্দনীয় হইব। অতএব সংগ্রামের আবশ্যকতা নাই, আমি প্রতিজ্ঞা করিতেছি, যদি তুই আমার এই শরাসনে মৌর্ব্বী ও শর যোজনা করিয়া আকর্ষণ করিতে পারিস্, তবেই, আমি তোর সমস্ত অপরাধ মার্জ্জনা করিয়া পরাজয় স্বীকার করিব ॥ ৭৭ ॥

জ্যানিঘাতকঠিনাঙ্গুলির্বৃথা
বধ্যতামভয়যাচনাঞ্জলিঃ ॥ ৭৮ ॥
এবমুক্তবতি ভীমদর্শনে
ভার্গবে স্মিতবিকম্পিতাধরঃ।
তদ্ধনুর্গ্রহণমেব রাঘবঃ
প্রত্যপদ্যত সমর্থমুত্তরম্ ॥ ৭৯ ॥
পূর্ব্বজন্মধনুষা সমাগতঃ
সোঽতিমাত্রলঘুদর্শনোঽভবৎ।

কাতরইতি। যদিবা উদ্গতার্চ্চিষা উদ্গতত্বিষা মম পরশুধারয়া তর্জ্জিতঃ কাতরোঽসি ভীতোঽসি, বৃথা জ্যানিঘাতেন কঠিনা অঙ্গুলয়ো যস্য স তথোক্তঃ অভয়যাচনাঞ্জলিঃ বধ্যতাম্। "তৌ যুতাবঞ্জলিঃ পুমা"নিত্যমরঃ ॥ ৭৮ ॥

এবমিতি। ভীমদর্শনে ভার্গবে এবমুক্তবতি সতি, রাঘবঃ স্মিতেন হাসেন বিকম্পিতাধরঃ সন্ তদ্ধনুর্গ্রহণমেব সমর্থমুচিতম্ উত্তরং প্রত্যপদ্যত অঙ্গী-চকার ॥ ৭৯ ॥

পূর্ব্বেতি। পূর্ব্ব-জন্মনি নারায়ণাবতারে যদ্ধনুস্তেন সমাগতঃ সঙ্গতঃ স রামোঽতিমাত্রমত্যন্তং লঘুদর্শনঃ প্রিয়দর্শনোঽভবৎ তথাহি নবাম্বুদঃ

আর যদি তুই আমার এই ভাস্বর (দীপ্তিশীল) পরশুধারা (কুঠারের তীক্ষ্ণতা) দর্শনে নিতান্ত ভীত ও কাতর হইয়া থাকিস্, তাহা হইলে জ্যাঘাতে কর্কশ স্বীয় অঙ্গুলি বৃথা জ্ঞানপূর্ব্বক বদ্ধাঞ্জলি হইয়া অভয় প্রার্থনা কর্ ॥ ৭৮ ॥

ভীমদর্শন জমদগ্নিতনয় পরশুরাম এইরূপ বলিলে, রঘুকুলতিলক রাম, কার্ম্মুক গ্রহণই তাঁহার বাক্যের প্রকৃত উত্তর বিবেচনা পূর্ব্বক হাস্য দ্বারা অধরোষ্ঠ বিকম্পিত করিয়া অঙ্গীকার করিলেন। অর্থাৎ পরশুরামের ঈদৃশ শ্রবণকটু বচনপরম্পরা শ্রবণে মহাবল রামচন্দ্র পাদদলিত ভুজঙ্গের ন্যায় ক্রোধভরে অধর বিকম্পিত করিতে করিতে বামকরে ভার্গবধনু গ্রহণ করিয়া অবলীলাক্রমে তাহা উত্তোলন করিলেন ॥ ৭৯ ॥

অনন্তর তিনি তাঁহার পূর্ব্বজন্মের (নারায়ণাবতারের) ধনুক ধারণ করিয়া অতিশয় প্রিয়দর্শন হইলেন; ফলতঃ একমাত্র নবজলধরই মনোহর,

কেবলোঽপি সুভগো নবাম্বুদঃ
কিং পুনস্ত্রিদশচাপলাঞ্ছিতঃ ॥ ৮০ ॥
তেন ভূমিনিহিতৈককোটি তৎ
কার্ম্মুকঞ্চ বলিনাধিরোপিতম্‌।
নিষ্প্রভশ্চ রিপুরাস ভূভৃতাং
ধূমশেষইব ধূমকেতনঃ ॥ ৮১ ॥
তাবুভাবপি পরস্পরস্থিতৌ
বর্দ্ধমানপরিহীনতেজসৌ।
পশ্যতি স্ম জনতা দিনাত্যয়ে
পার্ব্বণৌ শশিদিবাকরাবিব ॥ ৮২ ॥

কেবলঃ রিক্তোঽপি সুভগঃ ত্রিদশচাপেনেন্দ্রধনুষা লাঞ্ছিতশ্চিহ্নিতঃ কিং পুনঃ। সুভগএবেতি ভাবঃ ॥ ৮০ ॥

তেনেতি। বলিনা তেন রামেণ, ভূমিনিহিতা একা কোটির্যস্য তৎ তৎ কর্ম্মণে প্রভবতীতি কার্ম্মুকং ধনুশ্চ। কর্ম্মণ উকঞিত্যুকঞ্‌ প্রত্যয়ঃ। অধিরোপিতং ভূভৃতাং রিপুর্ভার্গবশ্চ ধূমশেষো ধূমকেতনঃ অগ্নিরিব নিষ্প্রভো নিস্তেজস্কঃ আস বভূব। আসেতি তিঙন্তপ্রতিরূপকমব্যয়ং দীপ্ত্যর্থকস্যাস্তেরূপং বা ॥ ৮১ ॥

তাবিতি। পরস্পরস্থিতাবন্যোন্যাভিযুক্তৌ। বর্দ্ধমানঞ্চ পরিহীনঞ্চেতি দ্বন্দ্বঃ। বর্দ্ধমানপরিহীনে তেজসী যয়োস্তৌ তাবুভৌ রাঘব-ভার্গবাবপি দিনাত্যয়ে সায়ংকালে পর্ব্বণি ভবৌ পার্ব্বণৌ শশিদিবাকরাবিব জনতা

তাহার সহিত আবার ইন্দ্রধনুর সংযোগ হইলে যে, তাহা এক অপূর্ব্ব-শ্রীধারণ করিবে, তাহার আর কথা কি ॥ ৮০ ॥

তখন মহাবল রামচন্দ্র, ধনুকের একপ্রান্ত ভূমিতে স্থাপন করিয়া তাহাতে মৌর্ব্বী যোজনা করিলেন; তদ্দর্শনে ক্ষত্রিয়কুলান্তকারী পরশুরামও ধূমমাত্রাবশিষ্ট অনলের ন্যায় নিতান্ত নিষ্প্রভ হইলেন ॥ ৮১ ॥

দর্শকবৃন্দ, পরস্পর সমাক্রান্ত সেই রাঘব ও জামদগ্ন্যের মধ্যে দেখিল, দিনাবসানে পার্ব্বণ চন্দ্রমা ও সূর্য্যদেবের ন্যায় রামের প্রভা পরিবর্দ্ধিত ও

তং কৃপামৃদুরবেক্ষ্য ভার্গবং
রাঘবঃ স্খলিতবীর্য্যমাত্মনি।
স্বঞ্চ সংহিতমমোঘমাশুগং
ব্যাজহার হরসূনুসন্নিভঃ ॥ ৮৩ ॥
ন প্রহর্ত্তুমলমস্মি নির্দ্দয়ং
বিপ্র ইত্যভিভবত্যপি ত্বয়ি।
শংস কিং গতিমনেন পত্রিণা
হন্মি লোকমুত তে মখার্জ্জিতম্ ॥ ৮৪ ॥
প্রত্যুবাচ তমৃষির্ন্ন তত্ত্বত-
স্ত্বাং ন বেদ্মি পুরুষং পুরাতনম্।

জনসমূহঃ। গ্রামজনবন্ধুভ্যস্তলিতি তল্ প্রত্যয়ঃ। পশ্যতি স্ম অপশ্যৎ। অত্র রাঘবস্য শশিনা ভার্গবস্য ভানুনা ঔপম্যং দ্রষ্টব্যম্ ॥ ৮২ ॥

তমিতি। হরসূনুসন্নিভঃ স্কন্দসমঃ কৃপামৃদুঃ রাঘবঃ আত্মনি বিষয়ে স্খলিতবীর্য্যং কুণ্ঠিতশক্তিং তং ভার্গবং স্বং স্বকীয়ং সংহিতম্ অমোঘমাশুগং বাণং চাবেক্ষ্য ব্যাজহার বভাষে ॥ ৮৩ ॥

নেতি। অভিভবত্যপি ত্বয়ি বিপ্র ইতি হেতোঃ নির্দ্দয়ং প্রহর্ত্তুম্ অলং শক্তো নাস্মি কিন্তু অনেন পত্রিণা তে গতিং গমনং হন্মি উত মখার্জ্জিতং লোকং স্বর্গং হন্মি শংস ব্রূহি ॥ ৮৪ ॥

পরশুরাম নিতান্ত নিষ্প্রভ হইলেন। অর্থাৎ রামচন্দ্র শশাঙ্কের ন্যায় প্রফুল্লিত এবং পরশুরাম সূর্য্যের ন্যায় হীনপ্রভ হইলেন ॥ ৮২ ॥

অনন্তর কুমারকল্প রাম সেই জমদগ্নিতনয় পরশুরামকে হতবীর্য্য এবং স্বকীয় সংহিত শর অব্যর্থ দেখিয়া করুণার্দ্রচিত্তে বলিলেন ॥ ৮৩ ॥

আপনি আমাকে পরাভব করিবার নিমিত্ত প্রবৃত্ত হইলেও আপনাকে ব্রাহ্মণ বলিয়া নির্দ্দয়ভাবে প্রহার করিতে ইচ্ছা করি না; অতএব আপনিই বলুন, আমি এই সংহিত শরদ্বারা আপনার গতি কি যজ্ঞলব্ধ লোক (স্বর্গ) বিনষ্ট করিব? ॥ ৮৪ ॥

গাং গতস্য তব ধাম বৈষ্ণবং
কোপিতোঽসি ময়া দিদৃক্ষুণা ॥ ৮৫ ॥
ভস্মসাৎ কৃতবতঃ পিতৃদ্বিষঃ
পাত্রসাচ্চ বসুধাং সসাগরাম্ ।
আহিতো জয়বিপর্য্যয়োঽপি মে
শ্লাঘ্যএব পরমেষ্ঠিনা ত্বয়া ॥ ৮৬ ॥
তদ্গতিং মতিমতাং বরেপ্সিতাং
পুণ্যতীর্থগমনায় রক্ষ মে ।

প্রতীতি। ঋষির্ভার্গব স্তং রামং প্রত্যুবাচ কিমিতি তত্ত্বতঃ স্বরূপতঃ ত্বাং পুরাতনং পুরুষং ন বেদ্মি ইতি ন কিন্তু বেদ্ম্যেবেত্যর্থঃ কিন্তু গাং গতস্য ভুবমবতীর্ণস্য তব বৈষ্ণবং ধাম তেজো দিদৃক্ষুণা দ্রষ্টুমিচ্ছুনা ময়া কোপিতোঽসি ॥ ৮৫ ॥

ভস্মসাদিতি। পিতৃদ্বিষঃ পিতৃবৈরিণো ভস্মসাৎ কৃতবতঃ কোপেন ভস্মীকুর্ব্বতঃ। বিভাষা সাতিঃ কাৎস্নেঁ্যইতি সাতিপ্রত্যয়ঃ। সসাগরাং বসুধাঞ্চ পাত্রসাৎ পাত্রাধীনং দেয়ং কৃতবতঃ। দেয়ে ত্রাচেতি চকারাৎ সাতিঃ। কৃতকৃত্যস্য মে পরমেষ্ঠিনা পরমপুরুষেণ ত্বয়া আহিতঃ কৃতঃ জয়বিপর্য্যয়ঃ পরাজয়োঽপি শ্লাঘ্যঃ আশাস্যএব ॥ ৮৬ ॥

তদিতি। তত্তস্মাৎ কারণাৎ হে মতিমতাং বর। পুণ্যতীর্থগমনায় আপ্তুমিষ্টামীপ্সিতাং মে গতিং রক্ষ পালয় কিন্তু খিলীকৃতা দুর্গমীকৃতাঽপি স্বর্গ-

---

পরশুরাম কহিলেন, আমি যথার্থ রূপেই জানি, আপনি পরাৎপর পুরাতন পরমপুরুষ; তথাপি আমি মহীতলগত ভবদীয় বৈষ্ণবতেজ অবলোকন করিবার মানসে আপনাকে কোপিত করিয়াছি ॥ ৮৫ ॥

আমি পিতৃবিদ্বেষী ক্ষত্রিয়গণকে ভস্মসাৎ করিয়া সসাগরা বসুন্ধরাকে সৎপাত্রে অর্পণ করিয়াছি; আর আপনি পরমেষ্ঠী (পরমপুরুষ), আপনা কর্ত্তৃক পরাভব আমার পক্ষে শ্লাঘ্য বলিয়াই মনে করিতেছি ॥ ৮৬ ॥

অতএব হে মতিমন্! আমি যাহাতে পবিত্র তীর্থ-স্থানে গমন করিতে সমর্থ হই, আপনি আমার সেই অভীপ্সিত গতি রক্ষা করুন; আমি বিষয়-

পীড়য়িষ্যতি ন মাং খিলীকৃতা
স্বর্গপদ্ধতিরভোগলোলুপম্ ॥ ৮৭ ॥
প্রত্যপদ্যত তথেতি রাঘবঃ
প্রাঙ্মুখশ্চ বিসসর্জ্জ সায়কম্।
ভার্গবস্য সুকৃতোঽপি সোঽভবৎ
স্বর্গমার্গপরিঘো দুরত্যয়ঃ ॥ ৮৮ ॥
রাঘবোঽপি চরণৌ তপোনিধেঃ
ক্ষম্যতামিতি বদন্ সমস্পৃশৎ।
নির্জ্জিতেষু তরসা তরস্বিনাং
শত্রুষু প্রণতিরেব কীর্ত্তয়ে ॥ ৮৯ ॥

পদ্ধতিরভোগলোলুপং ভোগনিস্পৃহং মাং ন পীড়য়িষ্যতি। অতস্তামেব জহীত্যর্থঃ ॥ ৮৭ ॥

প্রত্যপদ্যতেতি। রাঘবঃ তথেতি প্রত্যপদ্যত অঙ্গীকৃতবান্, প্রাঙ্মুখঃ ইন্দ্রদিঙ্মুখঃ সায়কং বিসসর্জ্জ চ। স সায়কঃ সুকৃতোঽপি সাধুকারিণোঽপি। করোতেঃ ক্বিপ্। ভার্গবস্য দুরত্যয়ো দুরতিক্রমঃ স্বর্গমার্গস্য পরিঘঃ প্রতিবন্ধোঽভবৎ ॥ ৮৮ ॥

রাঘবইতি। রাঘবোঽপি ক্ষম্যতামিতি বদন্ তপোনিধের্ভার্গবস্য চরণৌ সমস্পৃশৎ প্রণনাম। তথাহি তরস্বিনাং বলবতাং তরসা বলেন নির্জ্জিতেষু শত্রুষু প্রণতিরেব কীর্ত্তয়ে ভবতীতি শেষঃ ॥ ৮৯ ॥

সুখে লোলুপ নহি; অতএব আমার স্বর্গপথ রুদ্ধ হইলেও কিছুমাত্র দুঃখিত হইব না ॥ ৮৭ ॥

রামচন্দ্র 'তথাস্তু' বলিয়া পূর্ব্বাভিমুখে শরনিক্ষেপ করিলেন, ঐ শর ভৃগুতনয় পুণ্যবান্ হইলেও তাঁহার স্বর্গ-পথের অবিনাশী অর্গল-স্বরূপ হইয়া রহিল ॥ ৮৮ ॥

রামও, ভগবান্ আমার প্রতি ক্ষমা প্রদর্শন করুন বলিয়া, তপোনিধি ভৃগুতনয়ের চরণ স্পর্শ করিয়া প্রণাম করিলেন; বস্তুতঃ স্বকীয় প্রভাবদ্বারা পরাভূত শত্রুর নিকটে প্রণতিভাবই প্রভাবশালী মহাত্মাদিগের কীর্ত্তির কারণ-স্বরূপ হইয়া থাকে ॥ ৮৯ ॥

রাজসত্ত্বমবধূয় মাতৃকং
পিত্র্যমস্মি গমিতঃ শমং যদা।
নন্বনিন্দিতফলো মম ত্বয়া
নিগ্রহোঽপ্যয়মনুগ্রহীকৃতঃ ॥ ৯০ ॥
সাধয়াম্যহমবিঘ্নমস্তু তে
দেবকার্য্যমুপপাদয়িষ্যতঃ।
ঊচিবানিতি বচঃ সলক্ষ্মণং
লক্ষ্মণাগ্রজমৃষিস্তিরোদধে ॥ ৯১ ॥
তস্মিন্ গতে বিজয়িনং পরিরভ্য রামং
স্নেহাদমন্যত পিতা পুনরেব জাতম্।

রাজসত্ত্বমিতি। মাতুরাগতং মাতৃকং রাজসত্ত্বং রজোগুণপ্রধানত্বমবধূয় পিতুরাগতং পিত্র্যং শমং যদা গমিতোঽস্মি তদা ত্বয়া মম অপেক্ষিতত্বাৎ অনিন্দিতম্ অগর্হিতং ফলং স্বর্গহানিলক্ষণং যস্য সোঽয়ং নিগ্রহোঽপকারো-ঽপ্যনুগ্রহীকৃতো নন্ উপকারীকৃতঃ খলু ॥ ৯০ ॥

সাধয়ামীতি। অহং সাধয়ামি গচ্ছামি, দেবকার্য্যমুপপাদয়িষ্যতঃ সম্পা-দয়িষ্যতস্তেঽবিঘ্নমস্তু বিঘ্নাভাবোঽস্তু। অব্যয়ং বিভক্তীত্যাদিনা অর্থাভাবে-ঽব্যয়ীভাবঃ। সহ লক্ষ্মণেন সলক্ষ্মণঃ তম্। তেন সহেতি তুল্যযোগইতি বহু-ব্রীহিঃ। লক্ষ্মণাগ্রজং রামম্ ইতি বচ ঊচিবান্ উক্তবান্। ব্রূঞঃ ক্বসুঃ। ঋষিস্তিরোদধে অন্তর্দধে ॥ ৯১ ॥

তস্মিন্নিতি। তস্মিন্ ভার্গবে গতে সতি বিজয়িনং রামং পিতা স্নেহাৎ

তদনন্তর পরশুরাম বলিলেন, আপনি যখন আমার মাতৃ-অংশ সম্ভূত রাজসিক সত্ত্ব দূরীভূত করিয়া পৈত্রিক শান্তিভাব অবলম্বন করাইলেন, তখন আমার এই নিগ্রহ হইলেও ইহার ফল অনিন্দনীয়, প্রত্যুত উহা অনুগ্রহ বলিয়াই মনে করিতেছি ॥ ৯০ ॥

অতএব আমি চলিলাম, তোমরা দেবকার্য্য সম্পন্ন করিবার জন্য জন্ম-গ্রহণ করিয়াছ। তোমাদের মঙ্গল হউক, এই বলিয়া পরশুরাম অন্তর্হিত হইলেন ॥ ৯১ ॥

অনন্তর পরশুরাম গমন করিলে, রাজা দশরথ বিজয়ী রামকে আলিঙ্গন

তস্যাভবৎ ক্ষণশুচঃ পরিতোষলাভঃ
কক্ষাগ্নিলঙ্ঘিততরোরিব বৃষ্টিপাতঃ ॥ ৯২ ॥

পরিরভ্য আলিঙ্গ্য পুনর্জ্জাতমেবামন্যত। ক্ষণং শুক্ যস্যেতি বিগ্রহঃ ক্ষণশুচস্তস্য দশরথস্য পরিতোষলাভঃ সন্তোষপ্রাপ্তিঃ কক্ষাগ্নিনা দাবানলেন। "কক্ষঃ শুষ্ককাননবীরুধো"রিতি বিশ্বঃ। লঙ্ঘিতস্যাভিহতস্য তরোর্বৃষ্টিপাত ইবাভবৎ ॥ ৯২ ॥

করিয়া স্নেহ বশতঃ রামের পুনর্জ্জন্ম হইল বলিয়া মনে করিলেন এবং দাবদগ্ধ বৃক্ষের উপর বৃষ্টিপাতের ন্যায় ক্ষণিক শোকে সন্তপ্ত রাজা দশরথের সন্তোষের উদয় হইল। অর্থাৎ মহারাজ দশরথ, ভগবান্ ভৃগুনন্দন পরশুরামকে শত্রুভাবে রামের অযোধ্যা-গমন-পথ অবরোধ পূর্ব্বক রোষকলুষিত চিত্তে গর্ব্বিত-বচনে রামচন্দ্রকে ভৎর্সনা করিতে দেখিয়া ভয়াকুল ও হতবুদ্ধি হইয়া মনে মনে ভাবিতেছিলেন, যিনি একবিংশতিবার ভূমণ্ডলস্থ সমস্ত ক্ষত্রিয়দিগের শোণিত-স্রোতে পিতৃলোকের তর্পণ-ক্রিয়া সম্পাদন করিয়া পিতৃবধজনিত ক্রোধাগ্নি নির্ব্বাণ করিয়াছেন, যিনি সমরক্ষেত্রে হৈহয়পতি কার্ত্তবীর্য্যার্জ্জুনকে সংহার করিয়া বিজয় শ্রীলাভ করিয়াছেন, যাঁহার নিকটে অজেয় দেবসেনানীও সম্মুখ সংগ্রামে পরাভূত হইয়াছিলেন, অদ্য সেই অমিততেজা ত্রিভুবনবিজয়ী ভগবান্ পরশুরামের হস্তে শিশু রামচন্দ্রের না জানি কি বিপদই ঘটে। বৃদ্ধ রাজা দশরথ, পুত্রস্নেহের বশবর্ত্তী হইয়া এইরূপ নানাপ্রকার জল্পনা করিতে করিতে নির্ব্বেদসাগরে নিমগ্ন হইতেছিলেন। পরে পরশুরাম রামচন্দ্রের নিকটে পরাজিত হইয়াছেন, এই সংবাদ শ্রবণ করিয়া আনন্দে পুলকিত হইয়া উঠিলেন। ইত্যবসরে বিজয়ী রাম তথায় উপস্থিত হইয়া প্রগাঢ় ভক্তিসহকারে অগ্রে মহর্ষি বশিষ্ঠের চরণে, তদনন্তর পিতৃচরণে অভিবাদন করিয়া অবনত মস্তকে তৎপার্শ্বদেশে দণ্ডায়মান রহিলেন। বৃদ্ধ রাজাও পরশুরাম-বিজয়ী রামচন্দ্রকে পুনঃ পুনঃ গাঢ় আলিঙ্গন করিতে লাগিলেন এবং যেমন অপহৃত প্রিয়পদার্থের পুনঃ প্রাপ্তি হইলে মনোমধ্যে অসীম আনন্দের উদয় হয়, তদ্রূপ নিরাপদ রামদর্শনে দশরথের অন্তঃকরণে অনির্ব্বচনীয় প্রীতিরসের সঞ্চার হইল ॥ ৯২ ॥

অথ পথি গময়িত্বা কৢপ্তরম্যোপকার্য্যে
কতিচিদবনিপালঃ শর্ব্বরীঃ শর্ব্বকল্পঃ।
পুরমবিশদযোধ্যাং মৈথিলীদর্শনীনাং
কুবলয়িতগবাক্ষাং লোচনৈরঙ্গনানাম্‌ ॥ ৯৩ ॥

ইতি শ্রীরঘুবংশে মহাকাব্যে কালিদাসকৃতৌ সীতা-
বিবাহবর্ণনো নাম একাদশঃ সর্গঃ।

অথেতি। অথ, ঈষদসমাপ্তঃ শর্ব্বঃ শর্ব্বকল্পঃ। ঈষদসমাপ্তাবিতি কল্পপ্‌ প্রত্যয়ঃ। অবনিপালঃ কৢপ্তা রম্যা নবা উপকার্য্যা যস্মিন্‌ স তস্মিন্‌ পথি কতিচিৎ শর্ব্বরীঃ রাত্রীর্গময়িত্বা মৈথিলীদর্শনীনামঙ্গনানাং লোচনৈঃ কুবলয়ানি যেষাং সঞ্জাতানি কুবলয়িতাঃ। তদস্য সঞ্জাতং তারকাদিভ্যইতি ইতচ্‌প্রত্যয়ঃ। কুবলয়িতাঃ গবাক্ষাঃ যস্যা স্তাং পুরমযোধ্যাম্‌ অবিশৎ প্রবিষ্টবান্‌ ॥ ৯৩ ॥

ইতি শ্রীকোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং রঘুবংশব্যাখ্যায়াং
সঞ্জীবনীসমাখ্যায়ামেকাদশঃ সর্গঃ।

অনন্তর শিবতুল্য রাজা দশরথ, পথিমধ্যে সুসজ্জিত রমণীয় পটমণ্ডপে কয়েক রাত্রি যাপন করিয়া রাজধানী অযোধ্যা নগরে উপস্থিত হইলেন; পুরনারীগণ জনকনন্দিনী সীতার দর্শন-লালসায় বাতায়ন-পথে দৃষ্টিপাত করায় গবাক্ষ-বিবর সকল যেন বিকসিত কুবলয়দলে (পদ্মদলে) সুশোভিত হইল ॥ ৯৩ ॥

একাদশ সর্গ সমাপ্ত।

দ্বাদশঃ সর্গঃ।

নির্বিষ্টবিষয়স্নেহঃ স দশান্তমুপেয়িবান্।
আসীদাসন্ননির্ব্বাণঃ প্রদীপার্চ্চিরিবোষসি ॥ ১ ॥
তং কর্ণমূলমাগত্য রামে শ্রীর্ন্যস্যতামিতি।

বন্দামহে মহোদ্দণ্ডদোর্দ্দণ্ডৌ রঘুনন্দনৌ।
তেজোনির্জ্জিতমার্ত্তণ্ডমণ্ডলৌ লোকনন্দনৌ ॥

নির্ব্বিষ্টেতি। স্নেহয়ন্তি প্রীণয়ন্তি পুরুষমিতি স্নেহাঃ। পচাদ্যচ্। স্নিহ্যন্তি পুরুষা যেষু ইতি বা স্নেহাঃ। অধিকরণার্থে ঘঞ্। বিষয়াঃ শব্দাদয়ঃ তএব স্নেহাঃ নির্ব্বিষ্টাঃ ভুক্তাঃ বিষয়স্নেহাঃ যেন স তথোক্তঃ। "নির্ব্বেশো ভৃতি-ভোগয়ো"রিতি বিশ্বঃ। দশা জীবনাবস্থা তস্যা অন্তং বার্দ্ধকমুপেয়িবান্ স দশরথঃ উষসি প্রদীপার্চ্চিরিব দীপজ্বালেব আসন্নং নির্ব্বাণং মোক্ষো যস্য স তথোক্তঃ আসীৎ। অর্চ্চিঃ পক্ষে তু বিষয়োদেশঃ আশ্রয়ো ভাজন-মিতি যাবৎ। "বিষয়ঃ স্যাদিন্দ্রিয়ার্থে দেশে জনপদেঽপি চ" ইতি বিশ্বঃ। স্নেহস্তৈলাদিঃ। "স্নেহস্তৈলাদিকরসে দ্রবে স্যাৎ সৌহৃদেঽপি চ" ইতি বিশ্বঃ। দশা বর্ত্তিকা। "দশা বর্ত্তাববস্থায়া"মিতি বিশ্বঃ। নির্ব্বাণং বিনাশঃ। "নির্ব্বাণং নির্বৃতৌ মোক্ষে বিনাশে গজমজ্জন" ইতি যাদবঃ ॥ ১ ॥

তমিতি। জরা কৈকেয়ীশঙ্কয়েব পলিতস্য কেশাদিশৌক্ল্যস্য ছদ্মনা

উষাকালে দীপশিখা, আধারস্থ সমস্ত স্নেহ (তৈল) শোষণ করিয়া যেমন বর্ত্তিকার প্রান্তগত হইলে, তাহার নির্ব্বাণের সময় সন্নিহিত হয়, সেইরূপ রাজা দশরথও ইন্দ্রিয়-ভোগ্য বিষয়রূপ স্নেহ-সম্ভোগ করিয়া জীব-নের চরম দশায় উপনীত হইলে, তাঁহার নির্ব্বাণের (মোক্ষের) কাল নিকটবর্ত্তী হইল ॥ ১ ॥

ইত্যবসরে জরা, কৈকয়ীর আশঙ্কায় যেন পলিতচ্ছলে দশরথের কর্ণমূলে আসিয়া "রামকে রাজ্যলক্ষ্মী অর্পণ করুন্" এই কথা তাঁহার কানে কানে

কৈকেয়ীশঙ্কয়েবাহ পলিতচ্ছদ্মনা জরা ॥ ২ ॥
সা পৌরান্ পৌরকান্তস্য রামস্যাভ্যুদয়শ্রুতিঃ।

মিষেণ। "পলিতং জরসা শৌক্ল্যং কেশাদা"বিত্যমরঃ। কর্ণমূলং কর্ণোপকণ্ঠমাগত্য রামে শ্রীঃ রাজলক্ষ্মীঃ ন্যস্যতাং নিধীয়তামিতি তম্ আহ। দশরথঃ বৃদ্ধোঽহমিতি বিচার্য্য রামস্য যৌবরাজ্যাভিষেকং চকাঙ্ক্ষেত্যর্থঃ॥ ২॥

সেতি। সা পৌরকান্তস্য রামস্য অভ্যুদয়শ্রুতিঃ অভিষেকবার্ত্তা কুল্যা

বলিল। অর্থাৎ রাজা দশরথ রাজকার্য্য পর্য্যালোচনান্তে বিশ্রাম ভবনে সমাসীন হইয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, আমি বৃদ্ধ হইয়াছি, জরা আমার দেহ আক্রমণ করিয়া কর্ণসমীপস্থ কেশাদি সকলের শুভ্রতা জন্মাইয়াছে এবং তৎসঙ্গে সঙ্গে আমাকে তাহার (জরার) সহচর নিদ্রা, তন্দ্রা, আলস্য প্রভৃতির নিতান্ত অধীন করিয়া তুলিয়াছে। শরীর ক্ষীণ, গ্রন্থি শিথিল, ইন্দ্রিয় সকল নিস্তেজ; সুতরাং এ জীবন আর অধিক দিন থাকিবে না। এ সময়ে আমি যখন স্বীয় শরীরভার বহনে অসমর্থ, তখন দুর্ব্বহ রাজ্যভার বহন আমার পক্ষে কিছুতেই সম্ভবে না, রাজ্যশাসন পরিশ্রমী মহাবল ব্যক্তির উপযুক্ত; ক্ষীণ ব্যক্তির পক্ষে উহা বিড়ম্বনা মাত্র। অতএব এরূপাবস্থায় আমা হইতে প্রকৃতিপুঞ্জের সর্ব্বাঙ্গীন কুশল কিছুতেই সম্ভবে না। বিশেষতঃ এক্ষণে আমার শরীরের অবস্থা যেরূপ, তাহাতে আমার আর বিষয়মোহে মুগ্ধ হইয়া বৃথা কালযাপন করা উচিত কার্য্য হইতেছে না। কারণ, যদি প্রাকৃত-জনবৎ অন্তিম সময় পর্য্যন্ত এরূপ বিষয়মদে মত্ত হইয়া আপাততঃ মধুর, পরিণাম-বিষ পার্থিবসুখে লিপ্ত হইয়া থাকি, তাহা হইলে পরকালের দশা কি হইবে? ইহলোকে ধর্ম্মসঞ্চয় না করিতে পারিলে, পরলোকে পরিত্রাণের উপায়ান্তর নাই। অতএব এক্ষণে জ্যেষ্ঠতনয় সর্ব্বগুণালঙ্কৃত রামচন্দ্রের উপর রাজ্যভার সমর্পণ করিয়া মুনিবৃত্তি অবলম্বন পূর্ব্বক নির্ব্বাণ কামনা করাই উত্তমকল্প।

বৃদ্ধ মহারাজ দশরথের কর্ণ সমীপস্থ কেশ সকল শুভ্রবর্ণ ধারণ করাতে বোধ হইল যেন, রামের হস্তে রাজ্যভার অর্পণ করুন্, এই কথা জরা কৈকয়ীর ভয়ে ভীত হইয়া দশরথের কানে কানে নিঃশব্দে বলিল। ইহাই এই শ্লোকের প্রকৃত ভাবার্থ॥ ২॥

যেমন উদ্যানস্থ বৃক্ষ সকল কুল্যা (ক্ষুদ্র জলাশয়) দ্বারা প্রফুল্লিত হয়,

প্রত্যেকং হ্লাদয়াঞ্চক্রে কুল্যেবোদ্যানপাদপান্ ॥ ৩ ॥
তস্যাভিষেকসম্ভারং কল্পিতং ক্রূরনিশ্চয়া।

কৃত্রিমা সরিৎ। "কুল্যাল্পা কৃত্রিমা সরিদি"ত্যমরঃ। উদ্যানপাদপানিব পৌরান্ প্রত্যেকং হ্লাদয়াঞ্চক্রে ॥ ৩ ॥

তস্যেতি। ক্রূরনিশ্চয়া কৈকেয়ী তস্য রামস্য কল্পিতং সম্ভৃতম্ অভি-

---

সেইরূপ পুরবাসিগণ প্রত্যেকেই রামাভিষেকরূপ অভ্যুদয়বার্ত্তা শ্রবণে আহ্লাদিত হইল। অর্থাৎ রাম রাজা হইবেন, এই কথা শুনিয়া কি পৌর কি জানপদবর্গ সকলেই আহ্লাদসাগরে নিমগ্ন হইল। কল্য রাম রাজা হইবেন, অদ্য তাঁহার অধিবাস; এই সংবাদ সর্ব্বত্র প্রচারিত হওয়াতে নাগরিকগণ স্বস্ব আবাস ভবনে মহোল্লাসে উৎসব-সূচক ক্রিয়ার অনুষ্ঠান করিতে লাগিল। অন্তঃপুরাঙ্গনা সকল সন্তুষ্টচিত্তে মাঙ্গলিক ক্রিয়াকলাপে ব্যাপৃত হইল। ভৃত্যগণ রাজদত্ত বেশভূষায় সুসজ্জিত হইয়া মনের আনন্দে ইতস্ততঃ পরিভ্রমণ করিতে লাগিল। রাজভবন শ্রোত্রাভিরাম বিবিধবাদ্য-ধ্বনিতে পরিপূর্ণ হইল। বস্তুতঃ রাম রাজপদে অভিষিক্ত হইবেন, ইহাতে পৌর ও জানপদবর্গ যে কিরূপ প্রমোদিত ও উল্লাসিত হইয়াছিল, তাহা চিত্রিত করা সম্ভাবিত নহে ॥ ৩ ॥

অনন্তর ক্রূরাশয়া কৈকয়ী রামাভিষেকার্থ সংগৃহীত উপকরণ সমস্ত রাজা দশরথের শোকোষ্ণ অশ্রু দ্বারা দূষিত করিল। অর্থাৎ ক্রমে নানাতীর্থ সলিলপূর্ণ হেমকুম্ভ ও অপরাপর যাবতীয় অভিষেকের উপকরণ সমস্ত সংগৃহীত হইতে দেখিয়া ভরতজননী নীচাশয়া কৈকয়ী মনে মনে ভাবিতে লাগিলেন, রাম রাজা ও সীতা রাজমহিষী হইবেন, আমার ভরত চিরকাল রাজ্যভোগে বঞ্চিত থাকিয়া ভৃত্যের ন্যায় উহাদের অধীন হইয়া থাকিবে, ইহা আমি কদাচও দেখিতে পারিব না; আর সকলে সপত্নীকে রাজমাতা বলিয়া ডাকিবে, তাহাও আমি শুনিতে পারিব না। অতএব প্রিয়দাসী মন্থরার সহিত পরামর্শ করিয়া যাহাতে রাম রাজা না হইতে পারে, তাহার উপায় বিধান করা যাউক। এইরূপে ক্রূরাশয়া কৈকয়ী মন্থরার সহিত মন্ত্রণা পূর্ব্বক অলঙ্কার-বিহীনা স্খলিত-কবরী হইয়া ধরাসনে শয়ন করিয়া কপট-ক্রন্দন করিতে লাগিলেন। রাজা দশরথ অন্তঃপুরে প্রবেশ করিয়া প্রিয়তমা কৈকয়ীর এই অভাবনীয় অবস্থান্তর দর্শন করিয়া ব্যথিত-হৃদয়ে

দূষয়ামাস কৈকেয়ী শোকোষ্ণৈঃ পার্থিবাশ্রুভিঃ ॥ ৪ ॥
সা কিলাশ্বাসিতা চণ্ডী ভর্ত্রা তৎসংশ্রুতৌ বরৌ।
উদ্ববামেন্দ্রসিক্তা ভূর্ব্বিলমগ্নাবিবোরগৌ ॥ ৫ ॥
তয়োশ্চতুর্দ্দশৈকেন রামং প্রাব্রাজয়ৎ সমাঃ।
দ্বিতীয়েন সুতস্যৈচ্ছৎ বৈধব্যৈকফলাং শ্রিয়ম্ ॥ ৬ ॥

ষেকস্য সম্ভারম্ উপকরণং শোকোষ্ণৈঃ পার্থিবাশ্রুভির্দূষয়ামাস স্বদুঃখ-মূলেন রাজশোকেন প্রতিববন্ধেত্যর্থঃ ॥ ৪ ॥

সেতি। চণ্ডী অতিকোপনা। "চণ্ডস্ত্বত্যন্তকোপন" ইত্যমরঃ। সা কিল ভর্ত্রা আশ্বাসিতা অনুনীতা সতী তেন ভর্ত্রা সংশ্রুতৌ প্রতিজ্ঞাতৌ বরৌ ইন্দ্রেণ সিক্তা অভিবৃষ্টা ভূর্ব্বিলে বল্মীকাদৌ মগ্নাবুরগাবিব উদ্ববাম উজ্জগার ॥ ৫ ॥

তয়োরিতি। সা তয়োর্ব্বরয়োর্ম্মধ্যে একেন বরেণ রামং চতুর্দ্দশ সমাঃ সংবৎসরান্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া। প্রাব্রাজয়ৎ প্রাবাসয়ৎ দ্বিতীয়েন

প্রণয়গর্ভ-বাক্যে তাহার কারণ জিজ্ঞাসা করিলেন। অনেক অনুনয়ের পর ক্রূরাশয়া কৈকয়ী বলিল, আপনার স্মরণ থাকিতে পারে, যখন আপনি অসুরযুদ্ধে আহত হন, তখন আমি বহুক্লেশ স্বীকার করিয়া আপনার সেবা ও শুশ্রূষা করি, তাহাতে আপনি প্রসন্ন হইয়া আমাকে দুইটি বর দিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন। এক্ষণে সেই দুই বর প্রার্থনা করিতেছি, প্রদান করুন। উদারমতি রাজা দশরথ মহিষীর প্রতারণা কিছুমাত্র বুঝিতে না পারিয়া কহিলেন, প্রিয়ে! তোমাকে আমার অদেয় কিছুই নাই। আমার এই রাজ্য, ঐশ্বর্য্য ও পরিজন সমস্তই তোমার, আমি কেবল নামমাত্র রাজা। অতএব আমি শপথপূর্ব্বক বলিতেছি, তুমি যে অভিলাষ করিবে, তাহা অচিরে সম্পাদিত হইবে ॥ ৪ ॥

এইরূপে কোপন-স্বভাবা ক্রূরা কৈকয়ী স্বীয় মনোরথ ফলোন্মুখ দেখিয়া স্বামীকর্তৃক নানারূপ অনুনীত হইয়াও বর্ষাজলসিক্ত ভূবিবর হইতে নির্গত ভুজঙ্গদ্বয়ের ন্যায় রাজা দশরথের পূর্ব্বপ্রতিশ্রুত বরদ্বয় উদ্গীরণ করিল ॥৫॥

উক্ত বরদ্বয়ের মধ্যে একটি বরদ্বারা রামের চতুর্দ্দশ বৎসর বনে বাস, অপর বরে স্বীয় বৈধব্য-বিধায়িনী ভরতের জন্য রাজলক্ষ্মী প্রার্থনা করিল ॥৬॥

পিত্রা দত্তাং রুদন্ রামঃ প্রাঙ্মহীং প্রত্যপদ্যত।
পশ্চাদ্বনায় গচ্ছেতি তদাজ্ঞাং মুদিতোঽগ্রহীৎ ॥ ৭ ॥
দধতো মঙ্গলক্ষৌমে বসানস্য চ বল্কলে।
দদৃশুর্ব্বিস্মিতাস্তস্য মুখরাগং সমং জনাঃ ॥ ৮ ॥
স সীতালক্ষ্মণসখঃ সত্যাদ্গুরুমলোপয়ন্।
বিবেশ দণ্ডকারণ্যং প্রত্যেকঞ্চ সতাং মনঃ ॥ ৯ ॥

বরেণ সুতস্য ভরতস্য বৈধব্যৈকফলাং স্ববৈধব্যমাত্রফলাং নতূপভোগফলামিতি ভাবঃ, শ্রিয়মৈচ্ছৎ ইয়েষ ॥ ৬ ॥

পিত্রেতি। রামঃ প্রাক্ পিত্রা দত্তাং মহীং রুদন্ প্রত্যপদ্যত অঙ্গীচকার স্বত্যাগদুঃখাদিতি ভাবঃ। পশ্চাৎ বনায় গচ্ছ ইতি এবং রূপাং তদাজ্ঞাং পিত্রাজ্ঞাং মুদিতোঽগ্রহীৎ পিত্রাজ্ঞাকরণলাভাদিতি ভাবঃ ॥ ৭ ॥

দধতইতি। মঙ্গলক্ষৌমে দধতো বল্কলে বসানস্য আচ্ছাদয়তশ্চ তস্য রামস্য সমমেকবিধং মুখরাগং মুখবর্ণং জনাঃ বিস্মিতাঃ দদৃশুঃ। সুখদুঃখয়োরবিকৃতইতি ভাবঃ ॥ ৮ ॥

সইতি। স রামঃ গুরুং পিতরং সত্যাদ্বরদানরূপাদলোপয়ন্ অভ্রংশয়ন্ সীতালক্ষ্মণয়োঃ সখেতি বিগ্রহঃ তাভ্যাং সহিতঃ সন্ দণ্ডকারণ্যং বিবেশ সতাং মনশ্চ প্রত্যেকং বিবেশ। পিতৃভক্ত্যা সর্ব্বে সন্তঃ সন্তুষ্টাঃ ইতি ভাবঃ ॥ ৯ ॥

পিতা নিজ-স্বত্ব পরিত্যাগ পূর্ব্বক রাজ্য প্রদান করিতেছেন বলিয়া, রাম অশ্রু বিমোচন করিতে করিতে পিতৃদত্ত মহীগ্রহণে অঙ্গীকার করিলেন; কিন্তু পরে তুমি বনে গমন কর; এই আদেশও হৃষ্টচিত্তে গ্রহণ করিলেন ॥৭॥

রাম রাজ্যে অভিষিক্ত হইবার নিমিত্ত ক্ষৌমবস্ত্র পরিধান করিলে, তাঁহার মুখকান্তি যেরূপ উজ্জ্বল হইয়াছিল, বনগমনে উদ্যত হইয়া বল্কল পরিধান করিলেও তাঁহার মুখকান্তি সেইরূপ উজ্জ্বলই রহিল; তাহাতে সকলেই বিস্মিত হইয়া রামের মুখশোভা অবলোকন করিতে লাগিল ॥ ৮ ॥

অনন্তর রামচন্দ্র, পিতা দশরথের সত্যপালনের নিমিত্ত সীতা ও লক্ষ্মণের সহিত দণ্ডকারণ্যে প্রবেশ করিলেন এবং তাঁহার এই অলৌকিক পিতৃভক্তি দর্শনে সাধুগণ যৎপরোনাস্তি প্রীত হইলেন ॥ ৯ ॥

রাজাপি তদ্বিয়োগার্ত্তঃ স্মৃত্বা শাপং স্বকর্ম্মজম্ ।
শরীরত্যাগমাত্রেণ শুদ্ধিলাভমমন্যত ॥ ১০ ॥
বিপ্রোষিতকুমারং তদ্রাজ্যমস্তমিতেশ্বরম্ ।
রন্ধ্রান্বেষণদক্ষাণাং দ্বিষামামিষতাং যযৌ ॥ ১১ ॥
অথানাথাঃ প্রকৃতয়ো মাতৃবন্ধুনিবাসিনম্ ।
মৌলৈরানায়য়ামাসুর্ভরতং স্তম্ভিতাশ্রুভিঃ ॥ ১২ ॥
শ্রুত্বা তথাবিধং মৃত্যুং কৈকেয়ীতনয়ঃ পিতুঃ ।

রাজেতি। তদ্বিয়োগার্ত্তঃ পুত্রবিয়োগদুঃখিতঃ রাজাপি স্বকর্ম্মণা মুনিপুত্র-বধরূপেণ জাতঃ স্বকর্ম্মজস্তং শাপং পুত্রশোকজং মরণাত্মকং স্মৃত্বা শরীর-ত্যাগমাত্রেণ শুদ্ধিলাভং প্রায়শ্চিত্তমমন্যতেত্যর্থঃ ॥ ১০ ॥

বিপ্রোষিতেতি। বিপ্রোষিতাঃ গতাঃ কুমারাঃ যস্মিংস্তত্তথোক্তম্ অস্তমিত ঈশ্বরো রাজা যস্য তত্তথোক্তং তদ্রাজ্যং রন্ধ্রান্বেষণদক্ষাণাং দ্বিষামামিষতাং ভোগ্যবস্তুতাং যযৌ। "আমিষং ভোগ্যবস্তুনী"তি কেশবঃ ॥ ১১ ॥

অথেতি। অথ অনাথাঃ প্রকৃতয়োঽমাত্যাঃ। "প্রকৃতিঃ সহজে যোনা-বমাত্যে পরমাত্মনী"তি বিশ্বঃ। মাতৃবন্ধুনিবাসিনং ভরতং স্তম্ভিতাশ্রুভিঃ পিতৃমরণগুপ্ত্যর্থমিতি ভাবঃ, মৌলৈঃ সচিবৈরানায়য়ামাসুঃ আগময়াঞ্চক্রুঃ ॥ ১২ ॥

শ্রুত্বেতি। কৈকেয়ীতনয়োভরতঃ পিতুস্তথাবিধং স্বমাতৃমূলং মৃত্যুং মরণং

এদিকে রাজা দশরথও পুত্র-বিরহে নিতান্ত পীড়িত হইয়া স্বকর্ম্ম-জনিত (মুনিপুত্রবধজনিত) আপনার অভিশাপ স্মরণ করিয়া দেহত্যাগ দ্বারা সেই অভিশাপ হইতে মুক্ত হইতে ইচ্ছা করিলেন ॥ ১০ ॥

রাম লক্ষ্মণ বনে গমন এবং নরপতি দশরথ দেহ ত্যাগ করিলে, অরা-জকতা নিবন্ধন সেই রাজ্য রন্ধ্রান্বেষী (সুযোগপ্রয়াসী) বিপক্ষগণের ভোগবস্তু হইয়া উঠিল ॥ ১১ ॥

অনন্তর অমাত্যগণ অনাথ হইয়া মাতুলালয়বাসী ভরতকে আনয়ন করিবার নিমিত্ত সচিবগণকে প্রেরণ করিলেন, তাহারা রাজা দশরথের মৃত্যু গোপন করিবার নিমিত্ত অশ্রুস্তম্ভিত করিয়া ভরতের সহিত অযোধ্যায় প্রত্যাগমন করিল ॥ ১২ ॥

ভরত অযোধ্যাপুরীতে উপস্থিত হইয়া স্বীয় জননী কৈকয়ীর দোষেই

মাতুর্ন কেবলং স্বস্থাঃ শ্রিয়োঽপ্যাসীৎ পরাঙ্মুখঃ॥ ১৩॥

শ্রুত্বা স্বস্থা মাতুঃ কেবলং পরাঙ্মুখো ন কিন্তু শ্রিয়োঽপি পরাঙ্মুখ আসীৎ॥ ১৩॥

পিতার পরলোক প্রাপ্তি হইয়াছে শ্রবণ করিয়া স্বীয় মাতা ও রাজ্যলক্ষ্মীর প্রতি বিমুখ হইলেন। অর্থাৎ ভরত মাতুলালয় হইতে আসিয়া রাজপুরীতে প্রবেশ করিয়া দেখিলেন, রাজসভা শূন্য, পৌরজন বিষাদ-সাগরে নিমগ্ন, সর্ব্বত্রই শোকব্যঞ্জক হাহাকার-পূর্ণ। সুতরাং রাজকুমার ভরত সশঙ্কচিত্তে পিতৃভবনে প্রবেশ করিয়া দেখিলেন, তথায় পিতা নাই, সুতরাং সেই রত্ন-খচিত পিতৃগৃহ হীনপ্রভ ও শ্রীভ্রষ্ট হইয়া রহিয়াছে। তদবস্থাদর্শনে অধিকতর শঙ্কিত ও ব্যাকুল-চিত্ত হইয়া তথা হইতে মাতৃগৃহে প্রবেশ পূর্ব্বক মাতৃচরণে প্রণাম করিলেন। কৈকয়ী আহ্লাদ সহকারে স্নেহভরে প্রণত পুত্রের মুখচুম্বন ও মস্তক আঘ্রাণ করিয়া কুশল জিজ্ঞাসা করিলেন। সুশীল ভরত মাতৃসমক্ষে কুশল বিজ্ঞাপন করিয়া বাষ্পগদ্গদ বচনে জিজ্ঞাসা করিলেন, মাতঃ! মহারাজ কোথায়? রাজভবন এরূপ শ্রীভ্রষ্টই বা দেখিতেছি কেন? পিতৃচরণ সন্দর্শন করিতে না পারিয়া আমার চিত্ত অত্যন্ত ব্যাকুল হইয়াছে; অতএব জননি! ত্বরায় বলুন, পিতা কোথায় অবস্থিতি করিতেছেন।

কৈকয়ী কহিলেন, বৎস ভরত! সত্যপ্রিয় মহারাজ কালধর্ম্মের বশবর্ত্তী হইয়া ইহলোক পরিত্যাগ পূর্ব্বক স্বর্গধামে গমন করিয়াছেন। পিতৃভক্ত ভরত মাতৃমুখ-বিনির্গত মর্ম্মপীড়ক সংবাদ কর্ণগোচর করিয়া হা পিতঃ! বলিয়া ভূতলশায়ী হইলেন এবং উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে কহিলেন, হায়! আমি কি হতভাগ্য, সন্তান হইয়া অন্তিমকালে পিতার কোন কার্য্যই করিতে পারিলাম না, পিতা যে সাদর স্নেহ সম্ভাষণে কতই ভাল বাসিতেন, তাহা এ জন্মের মত শেষ হইল, কি পরিতাপের বিষয়! যে পুত্রের ক্ষণিক অদর্শনে জগৎ শূন্যময় নিরীক্ষণ করিতেন, সেই প্রিয়তম পুত্রকে পিতা অন্তিমসময়ে সমক্ষে না দেখিতে পাইয়া না জানি কতই ব্যাকুল হইয়াছিলেন, আমার জীবনে ধিক্। এইরূপ বহুবিধ বিলাপ করিয়া ভরত পরিশেষে অশ্রুমার্জ্জন পূর্ব্বক কহিলেন, মাতঃ! এমন কি দুরপনেয় কালব্যাধি পিতাকে আক্রমণ করিয়াছিল? এইরূপে ভরত-জননী কৈকয়ী জিজ্ঞাসিতা হইয়া মহারাজের মৃত্যুকারণ আদ্যোপান্ত বর্ণন

করিয়া কহিলেন, বৎস! আমি কত ষড়যন্ত্র করিয়া তোমার নিমিত্ত রাজ্য রাখিয়াছি। এক্ষণে শোক সম্বরণ পূর্ব্বক রাজ্যভার স্বহস্তে গ্রহণ পূর্ব্বক প্রজা-পালন করিতে প্রবৃত্ত হও। তোমাকে রাজসিংহাসনে সমাসীন দেখিয়া আমার চিত্ত-চকোর পরিতৃপ্ত হউক।

একে পিতৃ-বিয়োগজনিত শোকে ভরত নিতান্ত অভিভূত হইয়াছিলেন, তাহাতে আবার সহসা রাম নির্ব্বাসনের কথা শুনিবামাত্র নিতান্ত অধীর হইয়া হা হতোঽস্মি বলিয়া ভূতলে নিপতিত ও মূর্চ্ছিত হইলেন; সুতরাং তাঁহার পক্ষে পিতৃশোকাপেক্ষা ভ্রাতৃ-বিরহ-শোক শতগুণে ক্লেশদায়ক হইল। কিছুকাল পরে তাঁহার চেতনা লাভ হইলে, তিনি কিয়ৎক্ষণ শূন্য নয়নে জননীর মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন। অনন্তর সহসা রোষান্বিত হইয়া জননীকে অনেক তিরস্কার ও ভর্ৎসনা করিয়া শোকসন্তপ্ত-হৃদয়ে বলিতে লাগিলেন, হা বিধাতঃ! আমি জন্মজন্মান্তরে কত পাপসঞ্চয় করিয়াছিলাম যে, তন্নিবন্ধনই নররূপিণী রাক্ষসীর দগ্ধোদরে জন্মগ্রহণ করিয়াছি। রে দগ্ধজীবন! তুই মোহ পরবশ হইয়াছিলি, সেই মোহই যদি, চির-মোহে পরিণত হইত, তবে তাহাই শতগুণে শ্রেয়স্কর ছিল, এই দুর্ব্বিসহ মর্ম্মবেদনা ভোগ করিতে হইবে বলিয়াই তুই ফিরিয়া আসিয়া-ছিস্, তোকে ধিক্! আমি এখনও জীবিত রহিয়াছি! হা সর্ব্বগুণাকর রঘুবীর! এই হতভাগ্যের নিমিত্তই আপনাকে এই দুর্ব্বহ-ক্লেশ ভোগ করিতে হইতেছে। এই মন্দভাগ্যই আপনার সকল অনর্থের মূল। আমি যদি জন্ম-গ্রহণ না করিতাম, তাহা হইলে এরূপ বিষম অনর্থ সংঘটিত হইত না। হা মাতঃ! তুমি একি বিষমকাণ্ড ঘটাইলে, তোমার এই অপযশ জগতে মহাপ্রলয়ের পূর্ব্বপর্য্যন্ত বর্ত্তমান থাকিবে। তুমি যে রাজ্যের লোভে অশ্রুতপূর্ব্ববিষয়ের সংঘটন করিয়াছ, সে রাজ্যে আমার প্রয়োজন নাই। এ যাঁহার রাজ্য, আমি তাঁহাকে রাজসিংহাসনে বসাইয়া প্রভুভক্ত ভৃত্যের ন্যায় তাঁহার পাদসেবা করিব। হা আর্য্য রামচন্দ্র! হা আর্য্যে সীতে! হা প্রাণের ভাই লক্ষ্মণ! তোমরা রাজভবন শূন্য করিয়া কোথায় গেলে? এখানে পিতৃদেব তোমাদের বিরহে প্রাণত্যাগ করিয়াছেন। আহা! যাহা হইতে অশ্রুতপূর্ব্ব বিষম অনর্থ সঙ্ঘটিত হইল, সেই পাপীয়সীর গর্ভজাত বলিয়া লোকে আমাকে কত নিন্দা, কত ঘৃণা করিতেছে। কি করিয়াই বা আমি লোকসমাজে মুখ দেখাইব? এই বলিয়া ভরত উচ্চৈঃস্বরে

সসৈন্যশ্চান্বগাদ্রামং দর্শিতানাশ্রমালয়ৈঃ।
তস্য পশ্যন্ সসৌমিত্রেরুদশ্রুর্ব্বসতিদ্রুমান্॥ ১৪॥
চিত্রকূটবনস্থঞ্চ কথিতস্বর্গতির্গুরোঃ।

সসৈন্যইতি। সসৈন্যো ভরতঃ রামমন্বগাচ্ছ, কিং কুর্ব্বন্ আশ্রমালয়ৈর্ব্বনবাসিভির্দ্দর্শিতান্ এতে রামনিবাসা ইতি কথিতান্ সসৌমিত্রের্লক্ষ্মণসহিতস্য তস্য রামস্য বসতিদ্রুমান্ নিবাসবৃক্ষান্ পশ্যন্ উদশ্রুঃ রুদন্॥ ১৪॥

চিত্রেতি। চিত্রকূটবনস্থং তং রামঞ্চ গুরোঃ পিতুঃ কথিতস্বর্গতিঃ কথিতপিতৃমরণঃ সন্নিত্যর্থঃ অনুচ্ছিষ্টা অননুভূতশিষ্টা সম্পৎ গুণোৎকর্ষো

রোদন করিতে করিতে অবিরল ধারায় অশ্রু বিমোচন করিতে লাগিলেন॥ ১৩॥

অনন্তর ক্রন্দন-পরায়ণ ভরত বনবাসিগণ কর্ত্তৃক প্রদর্শিত রাম লক্ষ্মণের বাসস্থানস্থ বৃক্ষ সকল অবলোকন করিতে করিতে সসৈন্যে রামের অনুগমন করিতে লাগিলেন। অর্থাৎ এক্ষণে আর্য্যের নিকট গমন করিয়া যেমন করিয়া পারি, তাঁহাকে অযোধ্যানগরীতে আনয়ন করিব এবং রাজসিংহাসনে উপবেশন করাইয়া নিরন্তর তাঁহার সেবা ও শুশ্রূষা করিয়া কালযাপন করিব; এইরূপ স্থির করিয়া ভ্রাতৃপরায়ণ ভরত, ভ্রাতৃ উদ্দেশে দীনবেশে সসৈন্যে অরণ্যযাত্রা করিলেন। তৎকালে অরণ্যবাসিগণ কর্ত্তৃক প্রদর্শিত রামের বসতিস্থান সকল অবলোকন করিয়া ভরতের শোকসাগর অতিমাত্র উদ্বেল হইয়া উঠিতে লাগিল॥ ১৪॥

ভরত চিত্রকূট পর্ব্বতে উপস্থিত হইয়া অগ্রে রামের সমীপে গলদশ্রুলোচনে পিতার স্বর্গ গমন-সংবাদ নিবেদন করিলেন; পরে আর্য্য! আপনি গৃহে আসিয়া অনুচ্ছিষ্ট রাজলক্ষ্মী উপভোগ করুন; এই প্রার্থনা করিলেন। অর্থাৎ ভরত যথাসময়ে চিত্রকূটে উপস্থিত হইলে, রামের পর্ণকুটীর তাঁহার নয়নের পথবর্ত্তী হইল। তখন তিনি অতি দীনমনে কুটীরদ্বারের সন্নিহিত হইয়া দেখিলেন, রামচন্দ্র পবিত্র এণ চর্ম্মাসনে উপবেশন করিয়া লক্ষ্মণের সহিত মধুরালাপে সময় অতিবাহিত করিতেছেন। রামের মস্তকে অভিনব জটাজাল, সর্ব্বাঙ্গ ভস্মানুলিপ্ত, হস্তে কুশাঙ্গুরীয় এবং পরিধান বল্কল। তাঁহার ঈদৃশী দশা অবলোকনে ভরতের শোকাবেগ উচ্ছ্বসিত হইয়া উঠিল; সুতরাং তিনি গললগ্নীকৃতবাসে

লক্ষ্ম্যা নিমন্ত্রয়াঞ্চক্রে তমনুচ্ছিষ্টসম্পদা ॥ ১৫ ॥
সহি প্রথমজে তস্মিন্নকৃতশ্রীপরিগ্রহে।
পরিবেত্তারমাত্মানং মেনে স্বীকরণাদ্ভুবঃ ॥ ১৬ ॥
তমশক্যমপাক্রষ্টুং নিদেশাৎ স্বর্গিণঃ পিতুঃ।
যযাচে পাদুকে পশ্চাৎ কর্ত্তুং রাজ্যাধিদেবতে ॥ ১৭ ॥

যস্যাঃ সা। "সম্পৎ গুণোৎকর্ষ" ইতি কেশবঃ। তয়া লক্ষ্ম্যা করণেন নিমন্ত্রয়াঞ্চক্রে আহূতবান্ ॥ ১৫ ॥

সইতি। স হি ভরতঃ প্রথমজেঽগ্রজে তস্মিন্ রামে অকৃতশ্রীপরিগ্রহে সতি স্বয়ং ভুবঃ স্বীকরণাৎ আত্মানং পরিবেত্তারং মেনে। "পরিবেত্তানুজোঽনূঢ়ে জ্যেষ্ঠে দারপরিগ্রহা"দিত্যমরঃ। ভূপরিগ্রহোঽপি দারপরিগ্রহসম ইতি ভাবঃ ॥ ১৬ ॥

তমিতি। স্বর্গিণঃ পিতুঃ নিদেশাৎ অপাক্রষ্টুং নিবর্ত্তয়িতুমশক্যং তং রামং পশ্চাদ্রাজ্যাধিদেবতে স্বামিন্যৌ কর্ত্তুং পাদুকে যযাচে ॥ ১৭ ॥

সাশ্রুনয়নে হা আর্য্য! বলিয়া রামচন্দ্রের পাদযুগল গ্রহণ পূর্ব্বক উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে কহিলেন, আর্য্য! আমাকে মাপ করুন। এই হতভাগ্যের, নরাধমের জন্যই আপনার এরূপ শোচনীয় অবস্থা ঘটিয়াছে। হায়! আমি যদি রাক্ষসীর দগ্ধোদরে জন্ম গ্রহণ না করিতাম, অথবা যদি ভূমিষ্ঠ হইবামাত্রই আমার মৃত্যু ঘটিত, তাহা হইলে আর আর্য্যের এ দশা সঙ্ঘটিত হইত না। আর্য্য! যদি পাপীয়সীর সন্তানকে জীবিত রাখিতে বাসনা থাকে, তাহা হইলে এই তপস্বিবেশ পরিত্যাগ পূর্ব্বক গৃহে গমন করুন, এবং রাজ্যভার গ্রহণ করিয়া প্রকৃতিপুঞ্জের দুঃখাপনোদনে যত্নবান্ হউন ॥ ১৫ ॥

রাম ভরতের প্রার্থনায় কিছুতেই সম্মত হইলেন না, সুতরাং অগত্যা ভরতই রাজলক্ষ্মী (রাজ্যভার) গ্রহণ করিলেন। তিনি জ্যেষ্ঠ ভ্রাতা বিদ্যমানে স্ত্রী-স্বরূপিণী রাজলক্ষ্মী গ্রহণ করিলেন বলিয়া আপনাকে পরিবেত্তা (অবিবাহিতা জ্যেষ্ঠভ্রাতা বিদ্যমানে কনিষ্ঠ দারপরিগ্রহ করিলে, সেই বিবাহিত কনিষ্ঠকে পরিবেত্তা কহে) বলিয়া মনে করিলেন ॥ ১৬ ॥

অনন্তর ভরত রামচন্দ্রকে লোকান্তরিত পিতার আদেশ পালনে বিরত

স বিসৃষ্টস্তথেত্যুক্ত্বা ভ্রাত্রা নৈবাবিশৎ পুরীম্।
নন্দিগ্রামগতস্তস্য রাজ্যং ন্যাসমিবাভুনক্ ॥ ১৮ ॥
দৃঢ়ভক্তিরিতি জ্যেষ্ঠে রাজ্যতৃষ্ণাপরাঙ্মুখঃ।

সইতি। স ভরতো ভ্রাত্রা রামেণ তথেত্যুক্ত্বা বিসৃষ্টঃ সন্ পুরীম্ অযোধ্যাং নাবিশদেব, কিন্তু নন্দিগ্রামগতঃ সন্ তস্য রামস্য রাজ্যং ন্যাসমিব নিক্ষেপমিবাভুনক্ অপালয়ৎ নতূপভুক্তবানিত্যর্থঃ। অন্যথা ভুজোঽনবনইত্যাত্মনেপদপ্রসঙ্গাৎ। ভুজের্লঙ্॥ ১৮ ॥

দৃঢ়েতি। জ্যেষ্ঠে দৃঢ়ভক্তিঃ রাজ্যতৃষ্ণাপরাঙ্মুখো ভরতঃ ইতি পূর্ব্বোক্তানুষ্ঠানেন মাতুঃ পাপস্য প্রায়শ্চিত্তম্ অপনোদকং কর্ম্ম অকরোদিবেত্যুৎ-

---

করিতে অসমর্থ হইয়া রাজ্যের অধিষ্ঠাত্রী দেবতা করিবার জন্য পশ্চাৎ তাঁহার পাদুকাদ্বয় প্রার্থনা করিলেন।] অর্থাৎ ভ্রাতৃ-পরায়ণ ভরত, অগ্রজকে অযোধ্যা গমনে নিতান্ত অনিচ্ছুক দেখিয়া অবনত মুখে অশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। অনন্তর দুঃখাবেগ কথঞ্চিৎ সম্বরণ করিয়া যে পর্য্যন্ত তিনি অযোধ্যায় প্রত্যাগমন না করেন, সেই পর্য্যন্ত তাঁহার প্রতিনিধি স্বরূপ থাকিয়া রাজকার্য্য পর্য্যালোচনা করিবেন, এইরূপ সিদ্ধান্ত করিয়া তিনি রাম ও জানকীকে ভক্তিভাবে প্রণাম পূর্ব্বক পাদুকাদ্বয় প্রার্থনা করিলেন। পরে ভ্রাতৃ-ভক্তির অসামান্য প্রমাণস্বরূপ অগ্রজের পাদুকাদ্বয় মস্তকে ধারণ পূর্ব্বক অযোধ্যাভিমুখে গমন করিলেন ॥ ১৭ ॥

রাম ভরতের প্রার্থনায় সম্মত হইয়া তাঁহাকে বিদায় দিলেন। ভরত তথা হইতে বহির্গত হইয়া পৈত্রিক রাজধানী অযোধ্যায় প্রবেশ না করিয়া নন্দিগ্রামে অবস্থান পূর্ব্বক গচ্ছিতধনের ন্যায় অগ্রজের রাজ্যপালন করিতে লাগিলেন। অর্থাৎ পিতৃসত্য পালনকারী রামচন্দ্র ভরতের প্রার্থনানুযায়ী কার্য্য করিলে, ভরত তথা হইতে অযোধ্যাভিমুখে যাত্রা করিলেন। পথে আসিতে আসিতে অগ্রজের প্রতি প্রগাঢ় ভক্তি থাকা নিবন্ধন তাঁহার চিত্তে ভাবান্তরের উদয় হইল। সুতরাং তিনি রামশূন্য অযোধ্যানগরে প্রবেশ না করিয়া নন্দিগ্রামে উপস্থিত হইলেন এবং তথায় স্বর্ণ সিংহাসনোপরি অগ্রজের পাদুকাদ্বয় সংস্থাপন করিয়া অমাত্যবর্গের সহিত যথা নিয়মে রাজকার্য্য পর্য্যালোচনা করিতে লাগিলেন ॥ ১৮ ॥

মাতুঃ পাপস্য ভরতঃ প্রায়শ্চিত্তমিবাকরোৎ ॥ ১৯ ॥
রামোঽপি সহ বৈদেহ্যা বনে বন্যেন বর্ত্তয়ন্।
চচার সানুজঃ শান্তো বৃদ্ধেক্ষ্বাকুব্রতং যুবা ॥ ২০ ॥
প্রভাবস্তম্ভিতচ্ছায়মাশ্রিতঃ স বনস্পতিম্।
কদাচিদঙ্কে সীতায়াঃ শিশ্যে কিঞ্চিদিব শ্রমাৎ ॥ ২১ ॥

প্রেক্ষা। দৃঢ়ভক্তিরিত্যত্র দৃঢ়শব্দস্য স্ত্রিয়াঃ পুংবদিত্যাদিনা পুংবদ্ভাবো দুর্ঘটঃ অপ্রিয়াদিদ্বিতি নিষেধাৎ ভক্তিশব্দস্য প্রিয়াদিষু পাঠাৎ, অতো দৃঢ়ং ভক্তি-রস্যেতি নপুংসকপূর্ব্বপদো বহুব্রীহিঃ ইতি গণব্যাখ্যানে দৃঢ়ভক্তিরিত্যেব-মাদিষু পূর্ব্বপদস্য নপুংসকত্বস্য বিবক্ষিতত্বাৎ সিদ্ধমিতি সমাধেয়ম্। বৃত্তি-কারাশ্চ দীর্ঘনিবৃত্তিমাত্রপরো দৃঢ়ভক্তিশব্দো। লিঙ্গবিশেষস্যানুপকারত্বাৎ স্ত্রীত্যমবিবক্ষিতমেব তস্মাদস্ত্রীলিঙ্গত্বাৎ দৃঢ়ভক্তিশব্দস্যায়ং প্রয়োগইত্যভি-প্রায়ঃ। ন্যাসকারোঽপ্যেবম্। ভোজরাজস্তু কর্ম্মসাধনস্যৈব ভক্তিশব্দস্য প্রিয়াদিপাঠাৎ ভবানীভক্তিরিত্যাদৌ কর্ম্মসাধনত্বাৎ পুংবদ্ভাবপ্রতিষেধঃ, দৃঢ়ভক্তিরিত্যাদৌ ভাবসাধনত্বাৎ পুংবদ্ভাবসিদ্ধিঃ পূর্ব্বপদস্যেত্যাহ ॥ ১৯ ॥

রামইতি। সানুজঃ শান্তো রামোঽপি বৈদেহ্যা সহ বনে বন্যেন বন-ভবেন কন্দমূলাদিনা বর্ত্তয়ন্ বৃত্তিং কুর্ব্বন্ জীবন্ বৃদ্ধেক্ষ্বাকূণাং ব্রতং বনবাসাত্মকং যুবা যৌবনস্থএব চচার ॥ ২০ ॥

প্রভাবেতি। স রামঃ কদাচিৎ প্রভাবেণ স্বমহিম্না স্তম্ভিতা স্থিরীকৃতা ছায়া যস্য তং বনস্পতিমাশ্রিতঃ সন্ কিঞ্চিদীষৎ শ্রমাদিব সীতায়া অঙ্কে শিশ্যে সুষ্বাপ ॥ ২১ ॥

এইরূপে ভ্রাতৃ-পরায়ণ ভরত রাজ্যলোভ পরিত্যাগ পূর্ব্বক যেন স্বীয় জননী কৈকয়ীর পাপেরই প্রায়শ্চিত্ত করিলেন ॥ ১৯ ॥

এদিকে প্রশান্ত-প্রকৃতি যুবা রামও অনুজ লক্ষ্মণ ও জানকীর সহিত বন্য ফল মূল ভক্ষণ করিয়া বনে বনে ভ্রমণ এবং বৃদ্ধ ইক্ষ্বাকুদিগের বনবাস-রূপ ব্রত অবলম্বন করিলেন ॥ ২০ ॥

একদা রামচন্দ্র স্বকীয় প্রভাববলে ছায়া স্তম্ভিত করিয়া কিঞ্চিৎ পরি-শ্রান্ত হইয়াই যেন তরুতলে সীতার অঙ্ক-শয্যায় শয়ন করিয়া নিদ্রিত হইলেন ॥ ২১ ॥

ঐন্দ্রিঃ কিল নখৈস্তস্যা বিদদারস্তনৌ দ্বিজঃ।
প্রিয়োপভোগচিহ্নেষু পৌরোভাগ্যমিবাচরন্ ॥ ২২ ॥
(তস্মিন্নাস্থদিষীকাস্ত্রং রামো রামাববোধিতঃ।
আত্মানং মুমুচে তস্মাদেকনেত্রব্যয়েন সঃ) ॥ ২৩ ॥
রামস্ত্বাসন্নদেশত্বাৎ ভরতাগমনং পুনঃ।
আশঙ্ক্যোৎসুকসারঙ্গাং চিত্রকূটস্থলীং জহৌ ॥ ২৪ ॥

ঐন্দ্রিরিতি। ঐন্দ্রিরিন্দ্রস্য পুত্রো দ্বিজঃ পক্ষী কাকঃ তস্যাঃ সীতায়াঃ স্তনৌ প্রিয়স্য রামস্যোপভোগচিহ্নেষু তৎকৃতনখক্ষতেম্বিত্যর্থঃ পুরোভাগিনো দোষৈকদর্শিনঃ কর্ম্ম পৌরোভাগ্যম্। "দোষৈকদৃক্ পুরোভাগী"ত্যমরঃ। দুঃশ্লিষ্টদোষঘাতমাচরন্ কুর্ব্বন্নিব নখৈর্ব্বিদদার বিলিলেখ। কিলেত্যৈতিহ্যে ॥ ২২ ॥

তস্মিন্নিতি। রাময়া সীতয়া অববোধিতো রামস্তস্মিন্ কাকে ইষীকাস্ত্রং কাশাস্ত্রম্। "ইষীকা কাশমুচ্যত" ইতি হলায়ুধঃ। আস্থৎ অস্যতি স্ম। অসু ক্ষেপণইতি ধাতোর্লুঙ্, অস্যতিবক্তিখ্যাতিভ্যোঽঙিত্যঙ্প্রত্যয়ঃ, অস্যতেস্থুগিতি থুগাগমঃ। স কাকঃ একনেত্রস্য ব্যয়েন দানেন তস্মাদস্ত্রাদাত্মানং মুমুচে মুক্তবান্। মুচেঃ কর্ত্তরি লিট্। ধেনুং মুমোচেতিবৎ প্রয়োগঃ ॥ ২৩ ॥

রামইতি। রামস্ত্বাসন্নদেশত্বাদ্ধেতোঃ পুনর্ভরতাগমনমাশঙ্ক্য উৎসুকসারঙ্গাম্ উৎকণ্ঠিতহরিণাং চিত্রকূটস্থলীং জহৌ তত্যাজ। আসন্নশ্চাসৌ দেশশ্চেতি বিগ্রহঃ ॥ ২৪ ॥

ইত্যবসরে এক কাকপক্ষী রামের উপভোগচিহ্নে (স্তন যুগলে নখক্ষতচিহ্নে) দোষ দর্শন করিয়াই যেন সীতার স্তনযুগল নখ দ্বারা লেখন করিল ॥ ২২ ॥

রাম তৎক্ষণাৎ জানকীর প্রযত্নে জাগরিত হইয়া সেই কাকের প্রতি ইষীকাস্ত্র প্রয়োগ করিলেন; কিন্তু সেই কাক একমাত্র চক্ষু প্রদান করিয়া সেই ইষীকাস্ত্র হইতে মুক্তিলাভ করিল ॥ ২৩ ॥

অযোধ্যা চিত্রকূটের অনতিদূরবর্ত্তী বলিয়া ভরতের পুনরাগমন আশঙ্কায় রামচন্দ্র অবিলম্বে চিত্রকূট পরিত্যাগ করিলেন; তত্রত্য হরিণগণ তাঁহাদের বিরহে নিতান্ত উৎকণ্ঠিত হইল ॥ ২৪ ॥

প্রযযাবাতিথেয়েষু বসন্নৃষিকুলেষু সঃ ।
দক্ষিণাং দিশমৃক্ষেষু বার্ষিকেম্বিব ভাস্করঃ ॥ ২৫ ॥
বভৌ তমনুগচ্ছন্তী বিদেহাধিপতেঃ সুতা ।
প্রতিষিদ্ধাপি কৈকেয্যা লক্ষ্মীরিব গুণোন্মুখী ॥ ২৬ ॥
অনুসূয়াতিসৃষ্টেন পুণ্যগন্ধেন কাননম্ ।
সা চকারাঙ্গরাগেণ পুষ্পোচ্চলিতষট্‌পদম্ ॥ ২৭ ॥

প্রযযাবিতি। স রামঃ অতিথিষু সাধূন্যাতিথেয়ানি। পথ্যতিথিবসতি-স্বপতেষ্ঠঞিতি ঠঞ্ প্রত্যয়ঃ। তেষু ঋষিকুলেষু ঋষ্যাশ্রমেষু। "কুলং কুল্যে গণে দেহে গেহে জনপদেঽম্বয়"ইতি হৈমঃ। বর্ষাসু ভবানি বার্ষিকাণি। বর্ষাভ্যষ্ঠগিতি ঠক্‌প্রত্যয়ঃ। তেষু ঋক্ষেষু নক্ষত্রেষু রাশিষু বা ভাস্করইব, বসন্ দক্ষিণাং দিশং প্রযযৌ ॥ ২৫ ॥

বভাবিতি। তং রামমনুগচ্ছন্তী বিদেহাধিপতেঃ সুতা সীতা কৈকেয্যা প্রতিবিদ্ধা নিবারিতাপি গুণোন্মুখী গুণোৎসুকা লক্ষ্মীঃ রাজলক্ষ্মীরিব বভৌ ॥ ২৬ ॥

অনুসূয়েতি। সা সীতা অনুসূয়য়া অত্রিভার্য্যয়া অতিসৃষ্টেন দত্তেন পুণ্যগন্ধেনাঙ্গরাগেণ কাননং বনং পুষ্পেভ্যঃ উচ্চলিতাঃ নির্গতাঃ ষট্‌পদা যস্মিংস্তত্তথাভূতং চকার ॥ ২৭ ॥

যেমন দিবাকর বর্ষাকালীন নক্ষত্র-নিচয়ের মধ্যে অবস্থিতি করিয়া দক্ষিণ দিকে গমন করেন, তদ্রূপ রামচন্দ্র আতিথ্য সৎকারে কুশল মহর্ষি-দিগের আশ্রম পরম্পরায় অবস্থান করিয়া দক্ষিণাভিমুখে গমন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

তৎকালে সীতা রামের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন, তাহাতে বোধ হইল, যেন রামগুণানুরাগিণী রাজলক্ষ্মী কৈকয়ী কর্ত্তৃক নিবারিতা হইয়াও স্বয়ংই রামের অনুগামিনী হইয়াছেন ॥ ২৬ ॥

মহর্ষি অত্রিপত্নী অনসূয়া জানকীর অঙ্গরাগ রচনা করিয়া দিলেন; উহার পবিত্র গন্ধপ্রভাবে কাননস্থ অলিকুল পুষ্পপরিত্যাগ পূর্ব্বক তৎপ্রতি ধাবমান হইল ॥ ২৭ ॥

সান্ধ্যাভ্রকপিশস্তস্য বিরাধো নাম রাক্ষসঃ।
অতিষ্ঠন্মার্গমাবৃত্য রামস্যেন্দোরিব গ্রহঃ ॥ ২৮ ॥
স জহার তয়োর্ম্মধ্যে মৈথিলীং লোকশোষণঃ।
নভোনভস্যয়ো র্বৃষ্টিমবগ্রহ ইবান্তরে ॥ ২৯ ॥
তং বিনিষ্পিষ্য কাকুৎস্থৌ পুরা দূষয়তি স্থলীম্।
গন্ধেনাশুচিনা চেতি বসুধায়াং নিচখ্নতুঃ ॥ ৩০ ॥
পঞ্চবট্যাং ততো রামঃ শাসনাৎ কুম্ভজন্মনঃ।

সান্ধ্যেতি। সান্ধ্যাভ্রকপিশো বিরাধোনাম রাক্ষসঃ গ্রহো রাহুরিবেন্দোঃ তস্য রামস্য মার্গমধ্বানমাবৃত্যাবরুধ্যাতিষ্ঠৎ ॥ ২৮ ॥

সইতি। লোকস্য শোষণঃ শোষকঃ স রাক্ষসঃ তয়োঃ রামলক্ষ্মণয়োর্ম্মধ্যে মৈথিলীং নভোনভস্যয়োঃ শ্রাবণভাদ্রপদয়োরন্তরে মধ্যে বৃষ্টিমবগ্রহো বর্ষপ্রতিবন্ধইব জহার। "বৃষ্টির্ব্বর্ষং তদ্বিঘাতেঽবগ্রাহাবগ্রহৌ সমা"বিত্যমরঃ ॥ ২৯ ॥

তমিতি। ককুৎস্থস্য গোত্রাপত্যে পুমাংসৌ কাকুৎস্থৌ রামলক্ষ্মণৌ তং বিরাধং বিনিষ্পিষ্য হত্বা, অশুচিনা অপবিত্রেণ গন্ধেন স্থলীমাশ্রমভুবং পুরা দূষয়তি দূষয়িষ্যতীতি হেতোঃ। যাবৎপুরানিপাতয়োর্লড়িতি ভবিষ্যদর্থে লট্। বসুধায়াং নিচখ্নতুঃ ভূমৌ খনিত্বা নিক্ষিপ্তবন্তৌ চ ॥ ৩০ ॥

পঞ্চবট্যামিতি। ততো রামঃ কুম্ভজন্মনোঽগস্ত্যস্য শাসনাৎ পঞ্চানাং

সান্ধ্য-মেঘের ন্যায় কপিশবর্ণ-বিশিষ্ট বিরাধ নামক এক রাক্ষস, শশাঙ্ক-পথ অবরোধকারী রাহুর ন্যায় রামের গমনপথ রোধ করিয়া রহিল ॥ ২৮ ॥

অনন্তর সেই লোক-শোষণকারী রাক্ষস, শ্রাবণ ও ভাদ্রমাসের মধ্যগতা বৃষ্টির অপহরণকারী অবগ্রহের (বৃষ্টি বিলুপ্তকারী গ্রহের) ন্যায় রাম ও লক্ষ্মণের মধ্যবর্ত্তিণী সীতাকে অপহরণ করিল ॥ ২৯ ॥

তখন ককুৎস্থ-কুলতিলক রাম ও লক্ষ্মণ রোষভরে তর্জ্জন করিতে করিতে সেই সীতাপহরণকারী রাক্ষসকে বিনাশ করিলেন এবং শবের গন্ধে (দুর্গন্ধে) আশ্রম স্থান দূষিত হইবে বলিয়া উহা ভূগর্ভে নিখাত করিলেন ॥ ৩০ ॥

অনন্তর মহর্ষি অগস্ত্যের প্রভাবে যেমন বিন্ধ্যগিরি পরিবর্দ্ধিত না হইয়া

অনপোঢ়স্থিতিস্তস্থৌ বিন্ধ্যাদ্রিঃ প্রকৃতাবিব ॥ ৩১ ॥

বটানাং সমাহারঃ পঞ্চবটী। তদ্ধিতার্থেতি তৎপুরুষঃ, সংখ্যাপূর্ব্বোদ্বিগুরিতি দ্বিগুসংজ্ঞায়াং দ্বিগোরিতি ঙীপ্, দ্বিগুরেকবচনমিতি একবচনম্। তস্যাং পঞ্চবট্যাং বিন্ধ্যাদ্রিঃ প্রকৃতৌ বৃদ্ধেঃ পূর্ব্বাবস্থায়ামিব অনপৌঢ়স্থিতিরনতিক্রান্তমর্য্যাদঃ তস্থৌ ॥ ৩১ ॥

প্রকৃতাবস্থায়ই অবস্থান করিয়াছিল, তদ্রূপ রামচন্দ্র পঞ্চবটীর সীমা অতিক্রম না করিয়া তথায়ই অবস্থান করিতে লাগিলেন। অর্থাৎ রাম ও লক্ষ্মণ সীতার সহিত মহর্ষি অগস্ত্যের আশ্রমে কিছুকাল অবস্থিতি করিয়া মহর্ষির প্রমুখাৎ দক্ষিণারণ্য বৃত্তান্ত সবিশেষ অবগত হইলেন। তখন তাঁহারা অগস্ত্যঋষির নিকটে বিদায় গ্রহণপূর্ব্বক দক্ষিণারণ্যে প্রস্থান করিলেন। তাঁহারা কিছুদূর অগ্রসর হইলে অরণ্যজাত বৃক্ষপ্রভৃতি পদার্থ সকল স্বভাবসিদ্ধ সংস্কার-বশতঃ তাঁহাদিগকে পূজা করিতে লাগিল। তদ্দর্শনে অরণ্যসহচরী সীতা অঙ্গুলী সঙ্কেতপূর্ব্বক কহিতে লাগিলেন, নাথ! দেখুন দেখুন, আপনাকে সমাগত দেখিয়া বনস্পতি ছায়াবিস্তার, তরু সকল ফল পুষ্প, নির্ঝরিণী সুশীতল পানীয়, গন্ধবহ শ্রান্তিদূর, দূর্ব্বাদলপূর্ণ শ্যামলক্ষেত্র রত্নাসন, মধুকর বীণাবাদন, কোকিল সুললিতগান ও ময়ূর ময়ূরীগণ নৃত্য করিয়া আপনার অভ্যর্থনা করিতেছে। এইরূপে তাঁহারা প্রকৃতির অপূর্ব্ব শোভা সন্দর্শন করিতে করিতে নানা বন, উপবন, গিরি, নদী, প্রান্তর অতিক্রম করিয়া পরিশেষে তমাল, তাল ও হিন্তাল প্রভৃতি পাদপশোভী জনস্থান মধ্যবর্ত্তী পঞ্চবটীকাননে উপস্থিত হইলেন, সে স্থানে প্রসন্নসলিলা গোদাবরী তরঙ্গমালা বিস্তারপূর্ব্বক প্রস্রবণগিরির পাদদেশ বিধৌত করিয়া প্রবলবেগে প্রবাহিত হইতেছে। তত্তীর প্ররূঢ় পাদপশ্রেণী রসাল ফলভরে অবনত হইয়া মৃদু মন্দ সমীরণভরে ঈষৎ কম্পিত হইতেছে। হরিণ সকল শ্যামল দূর্ব্বাদল ভক্ষণ করিতে করিতে ইতস্ততঃ বিচরণ করিতেছে। যে স্থানের কুসুমকানন, কুঞ্জকানন ও লতামণ্ডপ সকল মধুপানমত্ত অলিবৃন্দের গুন্ গুন্ রবে এবং মদমত্ত বিহঙ্গমগণের সুললিত কাকলীতে সতত শব্দায়মান। রাম সেই প্রদেশের মনোমুগ্ধকর অপূর্ব্ব শোভা সন্দর্শন করিয়া লক্ষ্মণ ও জানকীকে উদ্দেশ করিয়া বলিলেন, দেখ দেখ, এস্থলটী কি রমণীয়! দর্শনমাত্রে আমার চিত্তহরণ করাতে অন্যত্র গমনে আর প্রবৃত্তি হইতেছে না, এ তপস্বি-

রাবণাবরজা তত্র রাঘবং মদনাতুরা।
অভিপেদে নিদাঘার্ত্তা ব্যালীব মলয়দ্রুমম্ ॥ ৩২ ॥
সা সীতাসন্নিধাবেব তং বব্রে কথিতান্বয়া।
অত্যারূঢ়ো হি নারীণামকালজ্ঞো মনোভবঃ ॥ ৩৩ ॥
কলত্রবানহং বালে কনীয়াংসং ভজস্ব মে।

রাবণাবরজেতি। তত্র পঞ্চবট্যাং মদনাতুরা রাবণাবরজা শূর্পণখা। পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগইতি ণত্বম্। রাঘবম্, নিদাঘার্ত্তা ঘর্ম্মতপ্তা ব্যাকুলা ব্যালী ভুজঙ্গী মলয়দ্রুমং চন্দনদ্রুমমিব, অভিপেদে প্রাপ ॥ ৩২ ।

সেতি। সা শূর্পণখা সীতাসন্নিধাবেব কথিতান্বয়া কথিতবংশা সতী তং রামং বব্রে বৃতবতী, তথাহি অত্যারূঢ়োঽতিপ্রবৃদ্ধো নারীণাং মনোভবঃ কামঃ কালজ্ঞোঽবসরজ্ঞো ন ভবতীতি অকালজ্ঞো হি ॥ ৩৩ ॥

কলত্রবানিতি। বৃষঃ পুমান্। "বৃষঃ স্যাদ্বাসবে ধর্ম্মে সৌরভেয়ে চ শুক্রলে। পুংরাশিভেদয়োরপী"তি বিশ্বঃ। বৃষং পুরুষম্ আত্মার্থমিচ্ছতীতি বৃষস্যন্তী কামুকী। "বৃষস্যন্তী চ কামুকী"ত্যমরঃ। সুপ আত্মনঃ ক্যজিতি ক্যচ্প্রত্যয়ঃ, অশ্বক্ষীরবৃষলবণানামাত্মপ্রীতৌ ক্যচীতি অসুগাগমঃ, ততঃ লটঃ শত্রাদেশঃ, উগিতশ্চেতি ঙীপ্। শ্লোকার্থস্তু, বৃষস্কন্ধো রামঃ বৃষস্যন্তীং তাং

জনসেব্য মনোরম স্থান পরিত্যাগ করিয়া যাওয়া উচিত হইতেছে না। অনন্তর তাঁহারা সেই পঞ্চবটীতে পর্ণশালা নির্ম্মাণ করিয়া মনের সুখে কালযাপন করিতে লাগিলেন ॥ ৩১ ॥

একদা রাক্ষসরাজ দশাননের অনুজা শূর্পণখা মদনশরে নিতান্ত পীড়িত হইয়া দুঃসহ গ্রীষ্মনিপীড়িতা সর্পী যেমন চন্দন তরুমূলে গমন করে, তদ্রূপ রামচন্দ্রের নিকটে উপস্থিত হইল ॥ ৩২ ॥

সেই মায়াবিনী শূর্পণখা রামের নিকটে আত্মপরিচয় প্রদানপূর্ব্বক জানকীর সমক্ষেই স্বীয় মনোরথ পূরণার্থ রামচন্দ্রকে পতিত্বে বরণ করিবার ইচ্ছা প্রকাশ করিল। ইহা প্রসিদ্ধই আছে যে, নারীগণের কামপ্রবৃত্তি অতিমাত্র প্রবল হইলে, তাহাদের কালাকালের অপেক্ষা থাকে না ॥ ৩৩ ॥

তখন রামচন্দ্র মদনবিহ্বলা শূর্পণখাকে সম্বোধন করিয়া কহিলেন,

ইতি রামো বৃষস্যন্তীং বৃষস্কন্ধঃ শশাস তাম্ ॥ ৩৪ ॥

জ্যেষ্ঠাভিগমনাৎ পূর্ব্বং তেনাপ্যনভিনন্দিতা।
সাভূদ্রামাশ্রয়া ভূয়ো নদীবোভয়কূলভাক্ ॥ ৩৫ ॥

সংরম্ভং মৈথিলীহাসঃ ক্ষণসৌম্যাং নিনায় তাম্।
নিবাতস্তিমিতাং বেলাং চন্দ্রোদয় ইবোদধেঃ ॥ ৩৬ ॥

ফলমস্যোপহাসস্য সদ্যঃ প্রাপ্স্যসি পশ্য মাম্।

রাক্ষসীং হে বালে! অহং কলত্রবান্ মে কনীয়াংসং কনিষ্ঠং ভজস্বেতি শশাস আজ্ঞাপিতবান্ ॥ ৩৪ ॥

জ্যেষ্ঠাভিগমনাদিতি। পূর্ব্বং জ্যেষ্ঠাভিগমনাৎ তেন লক্ষ্মণেনাপি অনভিনন্দিতা নাঙ্গীকৃতা ভূয়ো রামাশ্রয়া সা রাক্ষসী উভে কূলে ভজতীত্যুভয়কূলভাক্ নদীবাভূৎ। সা হি যাতায়াতাভ্যাং পর্য্যায়েণ কূলদ্বয়গামিনী নদীসদৃশ্যভূদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

সংরম্ভমিতি। মৈথিলীহাসঃ ক্ষণং সৌম্যাং সৌম্যাকারাং তাং রাক্ষসীম্, নিবাতেন স্তিমিতাং নিশ্চলামুদধের্বেলাম্ অম্বুবিকৃতিম্ অম্বুপূরমিত্যর্থঃ। "অব্ধ্যম্বুবিকৃতৌ বেলে"ত্যমরঃ। চন্দ্রোদয়ইব, সংরম্ভং সংক্ষোভং নিনায় ॥৩৬॥

ফলমিতি। শ্লোকদ্বয়েনান্বয়ঃ, অস্যোপহাসস্য ফলং সদ্যঃ সম্প্রত্যেব

বালে! আমি সস্ত্রীক; অতএব তুমি আমার কনিষ্ঠ লক্ষ্মণকে প্রার্থনা কর ॥ ৩৪ ॥

অনন্তর শূর্পণখা লক্ষ্মণের নিকট উপস্থিত হইলে, তিনিও জ্যেষ্ঠ ভ্রাতাকে অগ্রে প্রার্থনা করিয়াছিল বলিয়া, সেই নিশাচরীর মনোবাঞ্ছা পূর্ণ করিলেন না; সুতরাং সেই রাক্ষসী পুনর্ব্বার রামের নিকটে গমন করিল; এইরূপ রাম ও লক্ষ্মণের নিকট যাতায়াত করাতে, উভয়কূলগামিনী স্রোতস্বতীর ন্যায় লক্ষিত হইতে লাগিল ॥ ৩৫ ॥

শূর্পণখার অবস্থা দর্শনে সীতা হাস্যবেগ সম্বরণ করিতে পারিলেন না, সুতরাং যেমন চন্দ্রোদয়ে নির্ব্বাত-স্তম্ভিত জলধিপ্রবাহ সংক্ষোভিত হয়, সেইরূপ জানকীর হাসিতে ক্ষণকালের জন্য শান্তভাবধারিণী শূর্পণখার ক্রোধবেগ উদ্বেলিত হইয়া উঠিল ॥ ৩৬ ॥

সেই রাক্ষসী সীতাকে লক্ষ্য করিয়া বলিল, তুই যেমন মৃগী হইয়া

মৃগ্যাঃ পরিভবো ব্যাঘ্র্যামিত্যবেহি ত্বয়া কৃতম্ ॥ ৩৭ ॥
ইত্যুক্ত্বা মৈথিলীং ভর্ত্তুরঙ্কে নিবিশতীং ভয়াৎ।
রূপং শূর্পণখা নাম্নঃ সদৃশং প্রত্যপদ্যত ॥ ৩৮ ॥
লক্ষ্মণঃ প্রথমং শ্রুত্বা কোকিলামঞ্জুবাদিনীম্।
শিবাঘোরস্বনাং পশ্চাদ্‌বুবুধে বিকৃতেতি তাম্ ॥ ৩৯ ॥
পর্ণশালামথ ক্ষিপ্রং বিকৃষ্টাসিঃ প্রবিশ্য সঃ।
বৈরূপ্যপৌনরুক্ত্যেন ভীষণাং তামযোজয়ৎ ॥ ৪০ ॥

প্রাপ্স্যসি মাং পশ্য, ত্বয়া কর্ত্র্যা কৃতম্ উপহাসরূপং করণং ব্যাঘ্র্যাং বিষয়ে মৃগ্যাঃ কর্ত্র্যাঃ পরিভব ইত্যবেহি ॥ ৩৭ ॥

ইতীতি। ভয়াদ্ভর্ত্তুরঙ্কে নিবিশতীমালিঙ্গন্তীং মৈথিলীম্ ইত্যুক্ত্বা শূর্পণখা নাম্নঃ সদৃশং শূর্পাকারনখযুক্তমিত্যর্থঃ রূপমাকারং প্রত্যপদ্যত স্বীচকার অদর্শয়দিত্যর্থঃ ॥ ৩৮ ॥

লক্ষ্মণইতি। লক্ষ্মণঃ প্রথমং কোকিলাবন্মঞ্জুবাদিনীং পশ্চাৎ শিবাবদ্ঘোরস্বনাং তাং শূর্পণখাং শ্রুত্বা তস্যাঃ স্বনং শ্রুত্বেত্যর্থঃ বিকৃতা মায়াবিনীতি বুবুধে বুদ্ধবান্। কর্ত্তরি লিট্ ॥ ৩৯ ॥

পর্ণশালামিতি। অথ স লক্ষ্মণো বিকৃষ্টাসিঃ কোষোদ্ধৃতখড্গঃ সন্ ক্ষিপ্রং পর্ণশালাং প্রবিশ্য ভীষয়তীতি ভীষণাম্। নদ্যাদিত্বাৎ ল্যুঃ কর্ত্তরি। তাং রাক্ষসীং বৈরূপ্যস্য পৌনরুক্ত্যং দ্বৈগুণ্যং লক্ষণয়া, তেনাযোজয়ৎ যোজিতবান্। স্বভাবতএব বিকৃতাং তাং কর্ণাদিচ্ছেদেন পুনরতিবিকৃতামকরোদিত্যর্থঃ ॥ ৪০ ॥

ব্যাঘ্রীকে উপহাস করিলি, তেমনি তাহার সমুচিত ফল সদ্যই প্রাপ্ত হইবি; এক্ষণে আমার প্রভাব দেখ্ ॥ ৩৭ ॥

শূর্পণখা এই কথা বলিবামাত্র জানকী ভয়ে স্বামীর অঙ্কে প্রবেশ করিতে লাগিলেন; এদিকে সেই রাক্ষসীও স্বীয় নামানুযায়ী রূপ ধারণ করিল ॥৩৮॥

লক্ষ্মণ প্রথমতঃ শূর্পণখার কণ্ঠস্বর কোকিল-কণ্ঠধ্বনির ন্যায় সুললিত শুনিয়াছিলেন, পরে শৃগালীর ন্যায় উহার ভয়ঙ্কর শব্দ শ্রবণ করিয়া তাহাকে মায়াবিনী বলিয়া জানিতে পারিলেন ॥ ৩৯ ॥

লক্ষ্মণ তৎক্ষণাৎ কোষ হইতে অসি নিষ্কাসিত করিয়া অগ্রজের পর্ণকুটীরে

সা বক্রনখধারিণ্যা বেণুকর্কশপর্ব্বয়া।
অঙ্কুশাকারয়াঙ্গুল্যা তাবতর্জ্জয়দম্বরে ॥ ৪১ ॥
প্রাপ্য চাশু জনস্থানং খরাদিভ্যস্তথাবিধম্।
রামোপক্রমমাচখ্যৌ রক্ষঃপরিভবং নবম্ ॥ ৪২ ॥
মুখাবয়বলূনাং তাং নৈর্ঋতা যৎ পুরো দধুঃ।

সেতি। সা বক্রনখং ধারয়তীতি বক্রনখধারিণী তয়া বেণুবৎ কর্কশ-পর্ব্বয়া অতএবাঙ্কুশস্যাকারইবাকারো যস্যাঃ সা তয়া অঙ্গুল্যা তৌ রাঘবৌ অম্বরে ব্যোম্নি স্থিতা। "অম্বরং ব্যোম্নি বাসসী"ত্যমরঃ। অতর্জ্জয়ৎ অভর্ৎ-সয়ৎ। তর্জ্জ ভর্ৎসনইতিধাতোশ্চৌরাদিকাদনুদাত্তেত্ত্বাদাত্মনেপদেন ভাব্যং তথাপি চক্ষিঙোঙিৎকরণাৎ জ্ঞাপকাদনুদাত্তেত্ত্বনিমিত্তস্যাত্মনেপদস্যানিত্য-ত্বাৎ পরস্মৈপদমূহ্যমিত্যুক্তম্ আখ্যাতচন্দ্রিকায়াং তর্জ্জয়তে ভর্ৎসয়তে তর্জ্জয়তীত্যপি দৃশ্যতে কবিষ্বিতি ॥ ৪১ ॥

প্রাপ্যেতি। সা আশু জনস্থানং প্রাপ্য খরাদিভ্যো রাক্ষসেভ্যস্তথাবিধং স্বাঙ্গচ্ছেদাত্মকম্ উপক্রম্যত ইত্যুপক্রমঃ। কর্ম্মণি ঘঞ্প্রত্যয়ঃ, রামস্য কর্ত্তু-রুপক্রমঃ রামোপক্রমং রামেণাদাবুপক্রান্তমিত্যর্থঃ, উপজ্ঞোপক্রমং তদাদ্যা-চিখ্যাসায়ামিতি ক্লীবত্বম্। তন্নবং রক্ষসাং কর্ম্মভূতানাং পরিভবমাচখ্যৌ চ ॥ ৪২ ॥

মুখেতি। নৈর্ঋতা রাক্ষসাঃ। "নৈর্ঋতো যাতুরক্ষসী" ইত্যমরঃ। মুখা-

---

প্রবেশপূর্ব্বক স্বভাববিকৃতা সেই নিশাচরীর কর্ণ ও নাসিকা ছেদন করিয়া তাহাকে অধিকতর ভয়ঙ্কর বিকৃত রূপ করিয়া দিলেন ॥ ৪০ ॥

তখন রাক্ষসী শূর্পণখা ত্বরাপূর্ব্বক শূন্যমার্গে উত্থিত হইয়া বেণুর ন্যায় (বাঁশের ন্যায়) কর্কশপর্ব্ব ও বক্রনখবিশিষ্ট অঙ্গুলিদ্বারা রাম ও লক্ষ্মণকে তর্জ্জন করিতে লাগিল ॥ ৪১ ॥

অনন্তর সেই রাক্ষসী অবিলম্বে জনস্থানে উপস্থিত হইয়া খর ও দূষণ প্রভৃতিকে রাক্ষসদিগের রামকৃত অভিনব পরাভবের সংবাদ প্রদান করিল ॥ ৪২ ॥

রাক্ষসগণ সেই পরাভব বৃত্তান্ত শ্রবণ করিয়া রামের সহিত যুদ্ধার্থ ধাব-

রামাভিযায়িনাং তেষাং তদেবাভূদমঙ্গলম্ ॥ ৪৩ ॥
উদায়ুধানাপততস্তান্ দৃপ্তান্ প্রেক্ষ্য রাঘবঃ।
নিদধে বিজয়াশংসাং চাপে সীতাঞ্চ লক্ষ্মণে ॥ ৪৪ ॥
(একো দাশরথিঃ কামং যাতুধানাঃ সহস্রশঃ।
তে তু যাবন্ত এবাজৌ তাবাংশ্চ দদৃশে স তৈঃ ॥) ৪৫ ॥
অসজ্জনেন কাকুৎস্থঃ প্রযুক্তমথ দূষণম্।
ন চক্ষমে শুভাচারঃ স দূষণমিবাত্মনঃ ॥ ৪৬ ॥

বয়বেষু কর্ণাদিষু লূনাং ছিন্নাং তাং পুরো দধুঃ অগ্রে চক্রুরিতি যৎ তদেব রামাভিযায়িনাং রামমভিদ্রবতাং তেষামমঙ্গলমভূৎ ॥ ৪৩ ॥

উদিতি। উদায়ুধান্ উদ্যতায়ুধান্ আপতত আগচ্ছতো দৃপ্তাংস্তান্ খরাদীন্ প্রেক্ষ্য রাঘবশ্চাপে বিজয়স্যাশংসাম্ আশাং লক্ষ্মণে সীতাঞ্চ নিদধে। সীতারক্ষণে লক্ষ্মণং নিযুজ্য স্বয়ং যুদ্ধায় সন্নদ্ধইতি ভাবঃ ॥ ৪৪ ॥

একইতি। দাশরথী রামঃ একোঽদ্বিতীয়ঃ যাতুধানাঃ কামং সহস্রশঃ সন্তীতি শেষঃ, তৈর্যাতুধানৈস্তু স রামঃ আজৌ তে যাতুধানাঃ যাবন্তো যাবৎসংখ্যকাএব তাবাংস্তাবৎসংখ্যকশ্চ দদৃশে ॥ ৪৫ ॥

অসদিতি। অথ শুভাচারো রণে সাধুচারী সদ্বৃত্তশ্চ স কাকুৎস্থঃ অসজ্জনেন দুর্জ্জনেন রক্ষোজনেন চ প্রযুক্তং প্রেষিতম্ উচ্চারিতঞ্চ দূষণং দূষণাখ্যং রাক্ষসম্ আত্মনো দূষণং দোষমিব ন চক্ষমে ন সেহে প্রতিকর্ত্তুং প্রবৃত্তইত্যর্থঃ ॥ ৪৬ ॥

মান হইল; গমনকালে বিকৃতবদনা (ছিন্ননাসা, ছিন্নকর্ণা) শূর্পণখাকে যে অগ্রবর্ত্তিনী করিয়া লইল, তাহাই উহাদের অমঙ্গলের কারণ হইল ॥ ৪৩ ॥

অনন্তর গর্ব্বিত রাক্ষসগণকে অস্ত্রশস্ত্রের সহিত আগমন করিতে দেখিয়া রামচন্দ্র সীতার ভার লক্ষ্মণের হস্তে এবং বিজয়-আশা স্বীয় ধনুকে স্থাপন করিলেন ॥ ৪৪ ॥

রাম একাকী এবং রাক্ষস সহস্র সহস্র; কিন্তু তাহা হইলে কি হইবে, রাক্ষসেরা সংখ্যায় যত ছিল, তাহারা সংগ্রামে তত সংখ্যক রাম দেখিতে লাগিল ॥ ৪৫ ॥

বিশুদ্ধাচারী রামচন্দ্র দুর্জ্জন-প্রযুক্ত স্বীয় দোষের ন্যায় রাক্ষস প্রেরিত

তং শরৈঃ প্রতিজগ্রাহ খরত্রিশিরসৌ চ সঃ।
ক্রমশস্তে পুনস্তস্য চাপাৎ সমমিবোদ্যযুঃ ॥ ৪৭ ॥
তৈস্ত্রয়াণাং শিতৈর্বাণৈর্যথাপূর্ব্ববিশুদ্ধিভিঃ।
আয়ুর্দেহাতিগৈঃ পীতং রুধিরন্তু পতত্রিভিঃ ॥ ৪৮ ॥
তস্মিন্ রামশরোৎকৃত্তে বলে মহতি রক্ষসাম্।
উত্থিতং দদৃশেঽন্যচ্চ কবন্ধেভ্যো ন কিঞ্চন ॥ ৪৯ ॥

তমিতি। স রাম স্তং দূষণং খরত্রিশিরসৌ চ শরৈঃ প্রতিজগ্রাহ প্রতিজহারেত্যর্থঃ। ক্রমশঃ যথাক্রমং প্রযুক্তা অপীতি শেষঃ তস্য তে শরাঃ পুনঃ চাপাৎ সমং যুগপদিবোদ্যযুঃ। অতিলঘুহস্ত ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

তৈরিতি। দেহমতীত্য ভিত্বা গচ্ছন্তীতি দেহাতিগাঃ তৈঃ যথা স্থিতা পূর্ব্ববিশুদ্ধির্যেষাং তৈঃ অতিবেগত্বেন দেহভেদাৎ প্রাগিব রুধিরলেপরহিতৈরিত্যর্থঃ শিতৈ স্তীক্ষ্ণৈঃ তৈর্ব্বাণৈঃ ত্রয়াণাং খরাদীনাম্ আয়ুঃ পীতং রুধিরন্তু পতত্রিভিঃ পীতম্ ॥ ৪৮ ॥

তস্মিন্নিতি। তস্মিন্ রামশরৈরুৎকৃত্তে ছিন্নে মহতি রক্ষসাং বলে উত্থিতম্ উত্থানক্রিয়াবিশিষ্টং প্রাণিনাং কবন্ধেভ্যঃ শিরোহীনশরীরেভ্যঃ।

দূষণ নামক রাক্ষসকে সহ্য করিতে পারিলেন না। অর্থাৎ রাম দূষণকে দেখিয়া তাহার সহিত সংগ্রাম না করিয়া থাকিতে পারিলেন না ॥ ৪৬ ॥

তৎকালে তিনি খর, দূষণ ও ত্রিশিরা নামক রাক্ষসদিগের উপর শরবর্ষণ করিতে লাগিলেন ; তাঁহার শর সমূহ ক্রমশঃ প্রযুক্ত হইলেও দেখিয়া বোধ হইতে লাগিল, যেন সায়ক সকল শরাসন হইতে এককালেই নির্গত হইতেছে ॥ ৪৭ ॥

রাম প্রযুক্ত শাণিত শরসকল খর, দূষণ ও ত্রিশিরার দেহভেদ করিয়া তাহাদের আয়ু পান করিল এবং পরে পক্ষিগণ রুধির পান করিল। রামচন্দ্রের শরসকল উহাদের দেহ অতি তীব্রবেগে ভেদ করিয়া বহির্গত হওয়াতে তাহাদের (শরসমূহের) গাত্রে শোণিত সংলগ্ন হয় নাই বলিয়া উহাদিগকে পূর্ব্ববৎ বিশুদ্ধ বলিয়াই বোধ হইল ॥ ৪৮ ॥

তখন রামাস্ত্র-ছিন্ন রাক্ষস-সৈন্যমধ্যে কবন্ধ ব্যতীত (মস্তকবিহীন শরীর ভিন্ন) উত্থানক্রিয়াবিশিষ্ট অপর কিছুই দৃষ্টিগোচর হয় নাই ॥ ৪৯ ॥

সা বাণবর্ষিণং রামং যোধয়িত্বা সুরদ্বিষাম্।
অপ্রবোধায় সুষ্বাপ গৃধ্রচ্ছায়ে বরূথিনী॥ ৫০॥
রাঘবাস্ত্রবিদীর্ণানাং রাবণং প্রতি রক্ষসাম্।
তেষাং শূর্পণখৈবৈকা দুষ্প্রবৃত্তিহরাভবৎ॥ ৫১॥
নিগ্রহাৎ স্বসুরাপ্তানাং বধাচ্চ ধনদানুজঃ।
রামেণ নিহিতং মেনে পদং দশসু মূর্দ্ধসু॥ ৫২॥

"কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তমপমূর্দ্ধকলেবর"মিত্যমরঃ। অন্যচ্চ অন্যৎ কিঞ্চন ন দদৃশে। কবন্ধেভ্যইত্যত্রান্যারাদিতি পঞ্চমী। নিঃশেষং হতমিত্যর্থঃ॥ ৪৯॥

সেতি। সা সুরদ্বিষাং বরূথিনী বাণবর্ষিণং রামং যোধয়িত্বা যুদ্ধং কারয়িত্বা গৃধ্রাণাং ছায়া গৃধ্রচ্ছায়ম্। ছায়াবাহুল্যে ইতি ক্লীবত্বম্। তস্মিন্ অপ্রবোধায় অপুনর্ব্বোধায় সুষ্বাপ মমারেত্যর্থঃ। অত্র সুরতশ্রান্তকান্তাসমাধির্ধ্বন্যতে॥ ৫০॥

রাঘবেতি। একা শূর্পবন্নখানি যস্যাঃ সা শূর্পণখা। পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামিতি ণত্বম্, নখমুখাৎ সংজ্ঞায়ামিতি ঙীপ্‌প্রতিষেধঃ। সৈব রাবণং প্রতি রাঘবাস্ত্রৈর্ব্বিদীর্ণানাং হতানাং তেষাং রক্ষসাং খরাদীনাং দুষ্প্রবৃত্তির্দুর্ব্বার্ত্তা তাং হরতি প্রাপয়তীতি দুষ্প্রবৃত্তিহরাভবৎ। হরতেরনুদ্যমনেঽজিত্যচ্ প্রত্যয়ঃ॥ ৫১॥

নিগ্রহাদিতি। স্বসুঃ শূর্পণখায়া নিগ্রহাদঙ্গচ্ছেদাৎ আপ্তানাং বন্ধূনাং খরাদীনাং বধাচ্চ কারণাৎ ধনদানুজো রাবণো রামেণ দশসু মূর্দ্ধসু পদং পাদং নিহিতং মেনে॥ ৫২॥

এইরূপে সেই সমস্ত রাক্ষসসৈন্য বাণবর্ষী রামের সহিত সংগ্রাম করিয়া গৃধ্রগণের পক্ষছায়ায় চিরনিদ্রার অধীন হইল॥ ৫০॥

সেই সময়ে একমাত্র শূর্পণখাই রামশরে বিদীর্ণ দেহবিশিষ্ট রাক্ষসদিগের অমঙ্গল-বার্ত্তা বহন করিয়া লঙ্কাধিপতি রাবণের নিকটে গমন করিল॥ ৫১॥

তদনন্তর লঙ্কাধিপতি দশানন, ভগিনী শূর্পণখার ছিন্ন নাসাকর্ণ অবলোকন এবং খর দূষণ প্রভৃতি স্বজনগণের বিনাশ-সংবাদ শ্রবণ করিয়া ভাবিলেন, যেন রামচন্দ্র তাঁহার দশ মস্তকেই পদাঘাত করিয়াছে॥ ৫২॥

রক্ষসা মৃগরূপেণ বঞ্চয়িত্বা স রাঘবৌ।

রক্ষসেতি। স রাবণঃ মৃগরূপেণ রক্ষসা মারীচেন রাঘবৌ বঞ্চয়িত্বা প্রতার্য্য পক্ষীন্দ্রস্য জটায়ুষঃ প্রয়াসেন যুদ্ধরূপেণ ক্ষণং বিঘ্নিতঃ সঞ্জাতবিঘ্নঃ সন্ সীতাং জহার। (অত্রৈবং বাল্মীকিবিরচিতে রামায়ণে দৃশ্যতে ;—অবতীর্য্য- রথাত্তস্মাত্ততঃ কাঞ্চনভূষণাৎ। হস্তে গৃহীত্বা মারীচং রাবণো বাক্যমব্রবীৎ॥ এতদ্রামাশ্রমপদং দৃশ্যতে কদলীবৃতম্। ক্রিয়তাং তৎ সখে শীঘ্রং যদর্থং বয়- মাগতাঃ॥ স রাবণ-বচঃ শ্রুত্বা মারীচো রাক্ষসস্তদা। মৃগো ভূত্বাশ্রমদ্বারি রামস্য বিচচার হ। স তু রূপং সমাস্থায় মহদদ্ভুতদর্শনম্॥ মণিপ্রবরশৃঙ্গাগ্রঃ সিতাসিতমুখাকৃতিঃ। রক্তপদ্মোৎপলমুখ ইন্দ্রনীলোৎপলশ্রবঃ॥ কিঞ্চিদত্যু- ন্নতগ্রীব ইন্দ্রনীলনিভোদরঃ। মধূকনিভপার্শ্বশ্চ কঞ্জকিঞ্জল্কসন্নিভঃ॥ বৈদূর্য্য- সঙ্কাশখুরস্তনুজঙ্ঘঃ সুসংহিতঃ। ইন্দ্রায়ুধ-সবর্ণেন পুচ্ছেনোর্দ্ধং বিরাজিতঃ॥

অনন্তর তিনি মৃগরূপী মারীচের প্রযত্নে রাম ও লক্ষ্মণকে বঞ্চনা করিয়া জটায়ু কর্ত্তৃক ক্ষণমাত্র বাধা প্রাপ্ত হইয়া জানকীকে হরণ করিলেন। অর্থাৎ রাক্ষসপতি দশানন পূর্ব্ব হইতেই তাড়কান্তকারী রামের উপর জাতক্রোধ ও ঈর্ষাপরবশ হইয়াছিলেন। এক্ষণে প্রাণসমা সহোদরা শূর্পণখার ঈদৃশ মর্ম্মপীড়ক বিকৃত অবস্থা অবলোকন করিয়া সাতিশয় ব্যথিতহৃদয় হইলেন এবং তদীয় মুখে সীতার অনুপম রূপলাবণ্যের বিষয় শুনিয়া সীতাহরণ-রূপ বৈরনির্যাতন-মানসে প্রিয়-সহচর মারীচকে জনস্থান ভূভাগে প্রেরণ করিয়া স্বয়ং রথে আরোহণপূর্ব্বক প্রচ্ছন্নবেশে তথায় উপস্থিত হইয়া দেখিলেন, জানকী একাকিনী পর্ণ-কুটীরমধ্যে রহিয়াছেন; সুতরাং সেই দুষ্টাত্মা নিঃসহায়া জানকীকে বলপূর্ব্বক রথে আরোহণ করাইয়া প্রস্থান করিল।

এবিষয়ে আদিকবি মহর্ষি বাল্মীকি অদ্ভুত কবিত্বের পরিচয় প্রদান করিয়াছেন; সুতরাং এস্থলে তাহা উদ্ধৃত করিয়া দেখান যাইতেছে।

রাবণের অনুমত্যানুসারে তাড়কাতনয় মারীচ রাক্ষসরূপ পরিত্যাগ করিয়া শত শত রৌপ্যবিন্দুচিত্রিত সুবর্ণময় মৃগরূপ ধারণ করিল। তদনন্তর সেই মায়াকুরঙ্গ সীতার মনোহরণ করিবার নিমিত্ত পর্ণকুটীরের সন্নিহিত হইয়া মনোহর গতিতে বিচরণ করিতে লাগিল। এইরূপে রাক্ষস মারীচ সুখসম্ভোগ বিমুখ, ধর্ম্মপথে অবস্থিত, প্রতিজ্ঞাপালনে নিরত, অমিততেজা রাজকুমার রামচন্দ্রের দৃষ্টিপথে উপস্থিত হইল।

জহার সীতাং পক্ষীন্দ্রপ্রয়াসক্ষণবিম্মিতঃ ॥ ৫৩ ॥

মনোহর-স্নিগ্ধবর্ণো রত্নৈর্নানাবিধৈর্বৃতঃ। ক্ষণেন রাক্ষসো জাতো মৃগঃ পরম শোভনঃ॥ বনং প্রজ্বলয়ন্ রম্যং রামাশ্রমপদঞ্চ তৎ। মনোহরং দর্শনীয়ং রূপং কৃত্বা স রক্ষিসঃ॥ প্রলোভনার্থং বৈদেহ্যা নানা ধাতুবিচিত্রিতম্। বিচরন্ গচ্ছতে শষ্পং শাদ্বলানি সমন্ততঃ॥ রৌপ্যৈর্বিন্দুশতৈশ্চিত্রং ভূত্বা চ প্রিয়নন্দনঃ। বিটপিনাং কিশলয়ান্ ভক্ষয়ন্ বিচচার হ॥ কদলীগৃহকং গত্বা কর্ণিকারানিতস্ততঃ। তমাশ্রমং মন্দগতিং সীতাসন্দর্শনং ততঃ॥ রাজীবচিত্রপৃষ্ঠঃ স বিররাজ মহামৃগঃ। রামাশ্রমপদাভ্যাসে বিচচার যথাসুখম্॥ পুনর্গত্বা নিবৃত্তশ্চ বিচচার মৃগোত্তমঃ। গত্বা মুহূর্ত্তং ত্বরয়া পুনঃ প্রতিনিবর্ত্ততে॥ বিক্রীড়ংশ্চ পুনর্ভূমৌ পুনরেব নিষীদতি। আশ্রমদ্বারমাগম্য মৃগযূথানি গচ্ছতি॥ মৃগযূথৈরনুগতঃ পুনরেব নিবর্ত্ততে। সীতাদর্শনমাকাঙ্ক্ষন্ রাক্ষসো মৃগতাং গতঃ। পরিভ্রমতি চিত্রাণি মণ্ডলানি বিনিষ্পতন্॥ সমুদ্বীক্ষ্য চ সর্ব্বে তং মৃগা যেঽন্যে বনেচরাঃ। উপাগম্য সমাঘ্রায় বিদ্রবন্তি দিশো দশ॥ রাক্ষসঃ সোঽপি তান্ বন্যান্ মৃগান্ মৃগবধে রতঃ। প্রচ্ছাদনার্থং ভাবস্য ন ভক্ষয়তি সংস্পৃশন্॥ তস্মিন্নেব ততঃকালে বৈদেহী শুভলোচনা। কুসুমা-

---

স্বর্ণকান্তিসম্পন্ন, পার্শ্বদ্বয়ে রজত ও কনকবিন্দু দ্বারা বিচিত্রিত, মণি-সদৃশ সুশোভিত সমুজ্জ্বল শৃঙ্গদ্বয়ে বৈদূর্য্যসমপ্রভ কর্ণযুগলে বিভূষিত সূক্ষ্মরোমমণ্ডিত সূক্ষ্মচর্ম্মাবৃত, বিবিধ রত্নখচিত সেই অদ্ভুত কনক মৃগ জানকীর নয়নপথে পতিত হওয়াতে তিনি নিতান্ত বিস্মিত হইয়া অঙ্গুলি সঙ্কেতপূর্ব্বক প্রিয়পতিকে সহাস্যবদনে কহিলেন, আর্য্যপুত্র! দেখুন, দেখুন, কেমন একটী কনক কুরঙ্গ তরুতলে গাত্রকণ্ডূয়ন করিতেছে। আহা! ইহার গণ্ড ও মুখ ইন্দ্রনীলমণি ও সূর্য্য সদৃশ উজ্জ্বল, রোমকান্তি তপ্ত কাঞ্চনতুল্য, চরণ-চতুষ্টয় বিদ্রুমসদৃশ, শরীর চিক্কণ, উদর শঙ্খ ও মুক্তার ন্যায় শুভ্র। বোধ হয় যেন ইহার দেহপ্রভায় বনপ্রদেশ আলোকময় হইয়াছে। নাথ! দণ্ডকারণ্য মধ্যে যদি এরূপ স্বর্ণ-মৃগের আবাস থাকে, তাহা হইলে অরণ্য যে পৃথিবীর শোভা, তাহার অণুমাত্রও সন্দেহ নাই। এই কনক কুরঙ্গ দর্শনে আমার আনন্দ ও তৎসহযোগে লোভও উৎপন্ন হইয়াছে। আর্য্যপুত্র! এ পর্য্যন্ত আমি আপনার নিকটে কোন প্রার্থনা করি নাই; কিন্তু আমার এই অভিলাষ জন্মিয়াছে যে এই মৃগের বিচিত্র চর্ম্মাসনে শয়ন করি। অতএব আপনাকে এই অভি-

পচয়ে ব্যগ্রা পাদপানত্যবর্ত্তত ॥ কর্ণিকারানশোকাংশ্চ চূতাংশ্চ মদিরেক্ষণা। কুসুমান্যবচিণ্বন্তী চচার রুচিরাননা ॥ অনর্হা বনবাসস্য সা তং রত্নময়ং মৃগং। মুক্তা-মণি-বিচিত্রাঙ্গং দদর্শ পরমাঙ্গনা ॥ তং বৈ রুচিরদন্তোষ্ঠং রূপ্যধাতুতনূরুহং। বিস্ময়োৎফুল্লনয়না সস্নেহং সমুদৈক্ষত ॥ স চ তাং রামদয়িতাং পশ্যন্ মায়াময়ো মৃগঃ। বিচচার ততস্তত্র দীপয়ন্নিব তদ্বনম্ ॥ অদৃষ্টপূর্ব্বং দৃষ্ট্বা তং নানারত্নময়ং মৃগম্। বিস্ময়ং পরমং সীতা জগাম জনকাত্মজা ॥ সা তং সংপ্রেক্ষ্য সুশ্রোণী কুসুমানি বিচিন্বতী। হেমরাজতবর্ণাভ্যাং পার্শ্বাভ্যা মুপশোভিতম্ ॥ প্রহৃষ্টা চানবদ্যাঙ্গী মৃষ্টহাটকবর্ণিনী। ভর্ত্তারমভিচক্রন্দ লক্ষ্মণঞ্চৈব সায়ুধম্ ॥ আহূয়াহূয় চ পুনস্তং মৃগঞ্চাভিবীক্ষতে। আগচ্ছাগচ্ছ শীঘ্রং বৈ আর্য্যপুত্র সহানুজ ॥ তাবাহূতৌ নরব্যাঘ্রৌ বৈদেহ্যা রামলক্ষ্মণৌ। বীক্ষমাণৌ তু তং দেশং তদা দদৃশতুর্ম্মৃগম্ ॥ শঙ্কমানস্তু তং দৃষ্ট্বা লক্ষ্মণো বাক্যমব্রবীৎ। তমেবৈনমহং মন্যে মারীচং রাক্ষসং মৃগম্ ॥ চরন্তো মৃগয়াং হৃষ্টাঃ পাপেনোপাধিনা বনে। অনেন নিহতা রাম রাজানঃ পাপরূপিণা ॥ অস্য মায়াবিদো মায়ামৃগরূপমিদং কৃতম্। ভানুমৎ পুরুষব্যাঘ্র গন্ধর্ব্বপুরসন্নিভম্ ॥

লাষ পূর্ণ করিতে হইবে। আমি স্ত্রীলোকের অনুচিত নিষ্ঠুর বাক্য বলিলাম বটে, কিন্তু এই মৃগের পরম রমণীয় দেহ দর্শন করিয়া লোভবশতঃ আমার মন নিতান্তই উহাতে আকৃষ্ট হইয়াছে। সীতার অভিলাষ শ্রবণে সাতিশয় আহ্লাদিত হইয়া রাম কহিলেন, প্রিয়ে! সর্ব্বদা সর্ব্বপ্রকারে তোমার চিত্ত-বিনোদন করাই রামের একমাত্র কার্য্য। বৎস লক্ষ্মণ! আমি এক সায়কেই ইহাকে বধ করিয়া আনিব; পরন্তু আমি যতক্ষণ প্রত্যাগত না হইতেছি, ততক্ষণ তুমি অতি সাবধানে জানকীকে রক্ষা করিবে। তুমি নিরন্তর প্রিয়ার নিকটে থাকিবে, কদাচও প্রিয়াকে একাকিনী রাখিয়া অন্যত্র গমন করিও না।

ধীমান্ লক্ষ্মণ সেই বিচিত্র কনক কুরঙ্গ দর্শনপূর্ব্বক মনে মনে চিন্তা করিয়া কহিলেন, আর্য্য! পূর্ব্বে বহ্নিসম তেজস্বী ঋষিগণ আমাদিগের নিকটে যে মায়াবী মারীচ নামক রাক্ষসের কথা বলিয়াছিলেন, বোধ হয় এ সেই রাক্ষসই হইবে। অরণ্যমধ্যে মৃগয়াকারী অনেক ক্ষত্রিয় বীরকেই এই মারীচ মৃগরূপ ধারণ করিয়া সংহার করিয়াছে। মহামতে! ইহার এই নানারত্ন-বিভূষিত দেহ দর্শন করিয়াই বিচার করিয়া দেখা উচিত যে, এ বাস্তবিক স্বর্ণময় মৃগ কি প্রকারে সম্ভবে। যেহেতু এ জগতে সুবর্ণ মৃগের

মৃগোহ্যেবং বিধোরত্নবিচিত্রো নাস্তি রাঘব। জগত্যাং জগতীনাথ ময়ৈষা হি ন সংশয়ঃ॥ এবং ব্রুবাণং কাকুৎস্থং প্রতিবার্য্য শুচিস্মিতা। উবাচ সীতা সংহৃষ্টা ছদ্মনা হৃতচেতনা। আর্য্যপুত্রাভিরামোঽসৌ মৃগো হরতি মে মনঃ। আনয়ৈনং মহাবাহো ক্রীড়ার্থং নো ভবিষ্যতি॥ ইহাশ্রমপদেঽস্মাকং বহবঃ পুণ্যদর্শনাঃ। মৃগাশ্চরন্তি সহিতা শ্চমরাঃ সৃমরা স্তথা॥ ঋক্ষাঃ পৃষতসঙ্ঘাশ্চ বানরাঃ কিন্নরাস্তথা। বিহরন্তি মহাবাহো রূপশ্রেষ্ঠা মহাবলাঃ॥ ন চাস্যঃ সদৃশো রাজন্ দৃষ্টপূর্ব্বো মৃগো ময়া। তেজসা ক্ষময়া দীপ্ত্যা যথায়ং মৃগ-সত্তমঃ॥ নানাবর্ণবিচিত্রাঙ্গো রত্নভূতো মমাগ্রতঃ। দ্যোতয়ন্ বনমব্যগ্রং দ্যোততে শশিসন্নিভঃ॥ অহো রূপ মহো লক্ষ্মীঃ স্বরসম্পচ্চ শোভনা। মৃগোঽদ্ভুতো বিচিত্রাঙ্গো হৃদয়ং হরতীব মে॥ যদি গ্রহণমভ্যেতি জীবন্নেব মৃগ-স্তব। আশ্চর্য্যভূতং ভবতি বিস্ময়ং জনয়িষ্যতি॥ সমাপ্তবনবাসানাং রাজ্য-স্থানাঞ্চ নঃ পুনঃ। অন্তঃপুরে বিভূষার্থো মৃগ এষ ভবিষ্যতি॥ ভরতস্যার্য্য-পুত্রস্য শ্বশ্রূণাং মম চ প্রভো। মৃগরূপমিদং দিব্যং বিস্ময়ং জনয়িষ্যতি॥ জীবন্ন যদি তেঽভ্যেতি গ্রহণং মৃগসত্তমঃ। অজিনং নরশার্দ্দূল রুচিরস্ত ভবি-ষ্যতি॥ নিহতস্যাস্য সত্বস্য জাম্বূনদময়ত্বচি। শষ্পবৃষ্যাং বিনীতায়াং ইচ্ছা-ম্যহমুপাসিতুম্॥ কামবৃত্তমিদং রৌদ্রং স্ত্রীণামসদৃশং মতম্। বপুষা ত্বস্য সত্বস্য বিস্ময়ো জনিতো মম॥ তেন কাঞ্চনরোমৃণা তু মণিপ্রবরশৃঙ্গিণা। তরুণাদিত্যবর্ণেন নক্ষত্রপথবর্চ্চসা॥ বভূব রাঘবস্যাপি মনোবিস্ময়মাগতম্। ইতি সীতাবচঃ শ্রুত্বা দৃষ্ট্বা চ মৃগমদ্ভুতম্॥ লোভিতস্তেন রূপেণ সীতয়া চ প্রচোদিতঃ। উবাচ রাঘবো হৃষ্টো ভ্রাতরং লক্ষ্মণং বচঃ॥ পশ্য লক্ষ্মণবৈদেহ্যাঃ স্পৃহামুল্লসিতা মিমাম্। রূপশ্রেষ্ঠতয়া হ্যেষ মৃগোদ্য ন ভবিষ্যতি॥ ন বনে নন্দনোদ্দেশে ন চৈত্ররথসংশ্রয়ে। কুতঃ পৃথিব্যাং সৌমিত্রে যোঽস্য কশ্চিৎ সমো মৃগঃ॥ প্রতিলোমানুলোমাশ্চ রুচিরা রোমরাজয়ঃ। শোভন্তে মৃগ-

---

সদ্ভাব অশ্রুতপূর্ব্ব ও অদৃষ্টচর। আপনি অভিনিবেশপূর্ব্বক দেখুন, ইহার শৃঙ্গ প্রবাল-মণিময় এবং নয়ন যুগল রত্নবিনির্ম্মিত, অতএব নিশ্চয়ই এ মৃগ নহে, মায়ামৃগ; রাক্ষস মারীচই মায়াবলে মৃগরূপ ধারণ করিয়া থাকিবে।

লক্ষ্মণ এইরূপ বলিলেও রাক্ষসমায়ায় বিমোহিতা সীতার নির্ব্বন্ধাতিশয় দর্শনে এবং সেই অদ্ভুত মৃগ দর্শনে বিমুগ্ধ হইয়া রঘুকুলতিলক রামচন্দ্র লক্ষ্মণকে সম্বোধন করিয়া কহিলেন, বৎস লক্ষ্মণ! তুমি যাহা বলিতেছ, তাহাই যদি সত্য হয়; যে মায়াবী রাক্ষস মৃগরূপ ধারণ করিয়া বনমধ্যে

মাশ্রিত্য চিত্রাঃ কনকবিন্দুভিঃ॥ পশ্যাস্য জৃম্ভমাণস্য দীপ্তামগ্নিশিখোপমাম্। জিহ্বাং মুখান্নিঃসরন্তীং মেঘাদিব শতহ্রদাম্॥ মসারগল্লর্কমুখঃ শঙ্খমুক্তা-নিভোদরঃ। কস্য নামানি রূপ্যোঽসৌ ন মনোলোভয়েন্মৃগঃ॥ কস্য রূপ মিদং দৃষ্ট্বা জাম্বূনদময়প্রভম্। নানারত্নময়ং দিব্যং ন মনো বিস্ময়ং ব্রজেৎ॥ মাংসহেতোরপি মৃগান্ বিহারার্থঞ্চ ধন্বিনঃ। ঘ্নন্তি লক্ষ্মণ রাজানো মৃগয়ায়াং মহাবনে॥ ধনানি ব্যবসায়েন বিচীয়ন্তে মহাবনে। ধাতবো বিবিধাশ্চাপি মণিরত্নসুবর্ণিনঃ॥ তৎসারমখিলং নৃণাং ধনং নিচয়বর্দ্ধনম্। মনসা চিন্তিতং সর্ব্বং যথা শুক্রস্য লক্ষ্মণ॥ অর্থী চেনার্থকৃত্যেন সংব্রজত্যবিচারয়ন্। তমর্থ-মর্থশাস্ত্রজ্ঞাঃ প্রাহুরর্থ্যাস্তু লক্ষ্মণ॥ এতস্য মৃগরত্নস্য পরার্দ্ধ্যে কাঞ্চনত্বচি। উপবেক্ষ্যতি বৈদেহী ময়া সহ সুমধ্যমা॥ ন কাদলী ন প্রিয়কী ন প্রবেণী ন চাবিকী। ভবেদেতস্য সদৃশী স্পর্শেঽনেনেতি মে মতিঃ॥ এষ চৈব মৃগঃ শ্রীমান্ যশ্চ দিব্যো নভশ্চরঃ। উভাবেতৌ মৃগৌ দিব্যৌ তারামৃগ-মহী-মৃগৌ॥ যদি বায়ং তথা যন্মাং ভবেদ্বদসি লক্ষ্মণ। ময়ৈষা রাক্ষসস্যেতি কর্ত্ত-ব্যোস্য বধো ময়া॥ এতেন হি নৃশংসেন মারীচেনাকৃতাত্মনা। বনে বিচ-রতা পূর্ব্বং হিংসিতা মুনিপুঙ্গবাঃ॥ উত্থায় বহবোঽনেন মৃগয়ায়াং জনা-ধিপাঃ। নিহতাঃ পরমেষ্বাসাস্তস্মাদ্বধ্যস্তয়ং মৃগঃ॥ পুরস্তাদিহ বাতাপিঃ পরিভূয় তপস্বিনঃ। উদরাস্থো দ্বিজান্ হন্তি সগর্ভোঽশ্বতরীমিব॥ স কদাচি-চ্চিরাল্লোকে আসসাদ মহামুনিম্। অগস্ত্যং তেজসাযুক্তং ভক্ষ্যস্তস্য বভূব হ॥ সমুত্থানে চ তদ্রূপং কর্ত্তুকামং সমীক্ষ্য তম্। উৎসয়িত্বা তু ভগবান্ বাতাপি মিদমব্রবীৎ॥ ত্বয়া বিগণ্য বাতাপে পরিভূতাশ্চ তেজসা। জীবলোকে দ্বিজ-শ্রেষ্ঠা স্তস্মাদপি রজাঙ্গতঃ॥ তদ্রক্ষো ন ভবেদেব বাতাপিরিব লক্ষ্মণ। মদ্বিধং যোঽতিমন্যেত ধর্ম্মনিত্যং জিতেন্দ্রিয়ম্। ভবেত্ততোঽয়ং বাতাপিরগস্ত্যেনেব

বিচরণ করিতে করিতে মৃগয়ার্থ সমাগত ধনুর্দ্ধারী রাজকুমারগণকে সংহার করিয়াছে, এ যদি সত্যই সেই মারীচ হয়, তাহাহইলে, ইহাকে বিনাশ করা উচিত। সৌমিত্রে! এই মৃগ যদি বাস্তবিকই আমাকে বঞ্চনা করিবার অভিলাষ করিয়া থাকে, তাহা হইলেও অদ্য আমার হস্তে নিধন-প্রাপ্ত হইবে। অতএব আমি ইহাকে নিশ্চয়ই বধ করিব। হে বীর! তুমি অব-হিত-চিত্তে এই স্থানে জানকীকে রক্ষা কর, আমি যতক্ষণ প্রত্যাগমন না করি, ততক্ষণ কোনস্থানে গমন করিও না। রাক্ষসদিগের অন্তঃকরণ অতি নীচ, তাহারা অরণ্যমধ্যে বিবিধপ্রকারে অনিষ্টের চেষ্টা করিয়া থাকে।

মাগতঃ॥ ইহ ত্বং ভব সন্নদ্ধো যন্ত্রিতো রক্ষ মৈথিলীম্। অস্যামায়ত্তমস্মাকং যৎকৃত্যং রঘুনন্দন॥ অহমেনং হনিষ্যামি গ্রহীষ্যাম্যথবা মৃগম্। যাবদ্গচ্ছামি সৌমিত্রে মৃগমানয়িতুং দ্রুতম্॥ পশ্য লক্ষ্মণ বৈদেহ্যা মৃগত্বচিগতাং স্পৃহাম্। ত্বচা প্রধানয়া হ্যেষ মৃগোদ্য ন ভবিষ্যতি॥ অপ্রমত্তেন তে ভাব্য-

---

রামচন্দ্র লক্ষ্মণকে এইরূপ আজ্ঞা করিয়া চিত্র-মৃগবধে কৃতসঙ্কল্প হইয়া সশস্ত্র পর্ণশালা হইতে বহির্গত হইলেন এবং কনক কুরঙ্গের অনুসরণে প্রবৃত্ত হইয়া দেখিতে দেখিতে দৃষ্টিপথ অতিক্রম করিলেন। মনোমারুতের ন্যায় বেগগামী মৃগরূপী মারীচও রামচন্দ্রকে অরণ্যমধ্যে অনুগামী দেখিয়া প্রাণভয়ে পলায়ন করিতে লাগিল। রাম মৃগের অনতি-দূরেই তাহার অনুসরণ করিতে লাগিলেন। দুর্বৃত্ত রাক্ষস রাম-শরভয়ে ভীত হইয়া রামের লোভোৎপাদনপূর্ব্বক কখন দৃষ্ট, কখন অদৃষ্ট, কখন ভয়ে প্রধাবিত, কখন অবস্থিত, কখন উল্লম্ফন, কখন তৃণভক্ষণ, কখন বৃক্ষান্তরালে লুক্কায়িত, কখন বা স্বদেহ লেহন ইত্যাদি প্রকারে ধাবিত হইতে লাগিল। তদ্দর্শনে রাম অতীব কৌতূহলাক্রান্ত হইয়া কনক-কুরঙ্গ ধরিবার আশয়ে শরক্ষেপণ করিলেন না। বরং এইবার ধরিব, এই ভাবিয়া অনন্যমনে ও অনন্যদৃষ্টিতে মৃগের পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। মৃগও স্বীয় দুরভিসন্ধির সুযোগ দেখিয়া মুহুর্মুহু অন্তর্হিত ও দর্শন দিতে লাগিল। এইরূপে সেই মৃগরূপী দুষ্ট নিশাচর প্রতি পদে ধনুর্দ্ধারী রামের বিষম ভ্রান্তি উৎপাদন করিয়া তাঁহাকে বহু দূরে লইয়া গেল।

ককুৎস্থ-কুলসম্ভূত রামচন্দ্র এইরূপে মারীচ কর্ত্তৃক বঞ্চিত হইয়া বনে বনে পরিভ্রমণ করিতে লাগিলেন। পরিশেষে তিনি ক্রুদ্ধ হইয়া অরণ্যমধ্যে এক শাদ্বলপূর্ণ স্থানে বৃক্ষচ্ছায়া আশ্রয় করিয়া ক্ষণকাল দণ্ডায়মান রহিলেন। মারীচও মৃগযূথ সমভিব্যাহারে অনতিদূরে পুনর্ব্বার আবির্ভূত হইল। মৃগকুল ভয়ত্রস্ত চঞ্চলনেত্রে চিত্রমৃগের নিকটে অবস্থিতি করিতে লাগিল। মৃগকে তদবস্থ দেখিয়া মহাতেজা রামচন্দ্র উহাকে সংহার করিবার জন্য কার্ম্মুকে শাণিত শরসন্ধানপূর্ব্বক মায়ামৃগকে লক্ষ্য করিয়া শরনিক্ষেপ করিলেন। সেই প্রদীপ্ত শত্রুসংহারক শর মারীচের হৃদয় ভেদ করিল। মারীচ রামশরে অতিমাত্র ব্যথিতহৃদয় হইয়া লম্ফপ্রদান পূর্ব্বক ভূতলশায়ী হইল। শরাহত হইবামাত্র সে মনোজ্ঞ কেয়ূরধারী সর্ব্বাভরণে সমলঙ্কৃত মহাদংষ্ট্রা-সমন্বিত রাক্ষসরূপ ধারণ করিল; এবং ধূলিশয্যায় বিলুণ্ঠিত হইয়া শরপ্রহারজনিত

মাশ্রমস্থেন সীতয়া। যাবৎ পৃষতমেকেন সায়কেন নিহন্ম্যহম্॥ হত্বৈতচ্চর্ম্ম আদায় শীঘ্রমেষ্যামি লক্ষ্মণ। প্রদক্ষিণেনাতিবলেন পক্ষিণা জটায়ুষা বুদ্ধিমতা চ লক্ষ্মণ। ভবাপ্রমত্তঃ প্রতিগৃহ্য মৈথিলীং প্রতিক্ষণং সর্ব্বতএব শঙ্কিতঃ॥ আর্ত্তস্বরন্তু তং ভর্ত্তুর্বিজ্ঞায় সদৃশং বনে। উবাচ লক্ষ্মণং সীতা গচ্ছ জানীহি রাঘবম্॥ নহি মে জীবিতং স্থানে হৃদয়ং চাবতিষ্ঠতে। ক্রোশতঃ পরমার্ত্তস্য শ্রুতঃ শব্দো ময়া ভৃশম্॥ আক্রন্দমানন্তু বনে ভ্রাতরং ত্রাতুমর্হসি। তং ক্ষিপ্র-

---

অসহ্য যন্ত্রণায় বিকট চীৎকার করিতে লাগিল। সেই দুরাত্মা মৃত্যু নিকট-বর্ত্তী দেখিয়া প্রভুর অভীষ্ট-সাধনোদ্দেশে অবিকল রামের স্বর অনুকরণ-পূর্ব্বক এইরূপ চীৎকার করিল যে, "হা সীতে! হা লক্ষ্মণ! মহারণ্যমধ্যে আমাকে পরিত্রাণ কর।" আসন্ন মৃত্যু দেখিয়া সে ভাবিল যে এই স্বর শ্রবণ-পূর্ব্বক সীতা স্বামি-প্রণয়বশতঃ ব্যাকুল হইয়া যদি লক্ষ্মণকে এই স্থানে প্রেরণ করে, তাহা হইলেই রাবণ লক্ষ্মণ-বিরহিতা সীতাকে অবলীলাক্রমে হরণ করিতে পারিবেন। এইরূপে রাক্ষস মারীচ মৃত্যুকালেও রাবণের কার্য্যসিদ্ধির চেষ্টা করিয়াছিল।

ভীমদর্শন সেই রাক্ষস মারীচ, রক্তাক্তকলেবরে ভূতলে পতিত ও বিলুণ্ঠিত হইতে লাগিল দেখিয়া রামের অন্তঃকরণে লক্ষ্মণের কথা উদিত হইল; সুতরাং তিনি শরীরমাত্রে তথায় অবস্থিত রহিলেন, কিন্তু তাঁহার মন তৎক্ষণাৎ সীতার নিকটে উপস্থিত হইল। তিনি মনে মনে চিন্তা করিতে লাগিলেন, দেখিতেছি এ মারীচেরই মায়া; লক্ষ্মণ যাহা বলিয়াছিল, এখন তাহাই ঘটিল। আমি মারীচকে সংহার করিলাম বটে, কিন্তু দুরাত্মা 'হা সীতে হা লক্ষ্মণ!' বলিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ পূর্ব্বক প্রাণত্যাগ করিল। না জানি সীতা এই আর্ত্তনাদ শ্রবণ করিয়া কি করিবেন? মহাবাহু লক্ষ্মণেরই বা কি দশা হইবে? ইহা ভাবিতে ভাবিতে তিনি মহাভয়ে কণ্টকিত-কলেবর হইয়া উঠিলেন।

এদিকে জনকতনয়া সীতা অরণ্য মধ্যে স্বামীর স্বরসদৃশ আর্ত্তনাদ শ্রবণ করিয়া কাতরস্বরে লক্ষ্মণকে কহিলেন, লক্ষ্মণ! অনেকক্ষণ হইল আর্য্যপুত্র গিয়াছেন, এখনও আসিতেছেন না কেন? আমার চিত্ত সাতিশয় ব্যাকুল হইতেছে; থাকিয়া থাকিয়া প্রাণ যেন কাঁদিয়া উঠিতেছে, সর্ব্বশরীর কম্পিত হইতেছে, আমি আর প্রাণধারণ করিতে পারিতেছি না। সৌমিত্রে! আমি শুনিতে পাইলাম, আর্য্যপুত্র নিতান্ত কাতর হইয়া দারুণ আর্ত্তনাদ

মভিধাব ত্বং ভ্রাতরং শরণৈষিণম্। রক্ষসাং বশমাপন্নং সিংহানামিব গোবৃষম্॥ ন জগাম তথোক্তস্ত ভ্রাতুরাজ্ঞায় শাসনম্। তমুবাচ ততস্তত্র ক্ষুভিতা জনকাত্মজা॥ সৌমিত্রে মিত্ররূপেণ ভ্রাতুস্ত্বমসি শত্রুবৎ। যস্ত্বমস্যামবস্থায়াং ভ্রাতরং নাভিপদ্যসে॥ ইচ্ছসি ত্বং বিনশ্যন্তং রামং লক্ষ্মণ মৎকৃতে। লোভাত্তু মৎকৃতে নূনং নানুগচ্ছসি রাঘবম্॥ ব্যসনং তে প্রিয়ং মন্যে স্নেহো ভ্রাতরি নাস্তি তে। তেন তিষ্ঠতি বিশ্রব্ধং তমপশ্যন্মহাদ্যুতিম্॥ কিং হি সংশয়মাপন্নে তস্মিন্নিহ ময়া ভবেৎ। কর্ত্তব্যমিহ তিষ্ঠন্ত্যা যৎপ্রধানস্ত্বমাগতঃ॥ এবং ব্রুবাণাং বৈদেহীং বাষ্পশোকসমন্বিতাম্। অব্রবীল্লক্ষ্মণস্ত্রস্তাং সীতাং মৃগবধূমিব॥ পন্নগাসুরগন্ধর্ব্ব-দেবদানবরাক্ষসৈঃ। অসক্যস্তব বৈদেহি ভর্ত্তা জেতুং ন সংশয়ঃ॥ দেবি দেবমনুষ্যেষু গন্ধর্ব্বেষু পতত্রিষু। রাক্ষসেষু পিশা-

---

করিলেন। সুতরাং কেহ ত নাথের কোন প্রকার অত্যাহিত সম্পাদন করে নাই? উঃ! যতই বিলম্ব হইতেছে, ততই যেন আমার চিত্ত-চাঞ্চল্য ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। একবার ভাবিতেছি, কেনই বা আর্য্যপুত্রকে মৃগচর্ম্ম আনিতে বলিলাম; তিনি যদি এখন আমার নিকট থাকিতেন, তাহা হইলে আমার এরূপ দুর্ভাবনা ও অসুখের সঞ্চার হইত না। আরবার মনে হইতেছে, আর বুঝি আর্য্যপুত্রের সহিত দেখা হইবে না; অতএব তিনি তোমার সহায় ও জ্যেষ্ঠভ্রাতা; তোমরা উভয়ে একপথ অবলম্বন করিয়াছ; তিনি আর্ত্তনাদ করিতেছেন, তাঁহাকে বিপদ হইতে উদ্ধার করা তোমার অবশ্য কর্ত্তব্য। বৎস লক্ষ্মণ! তোমার সেই জ্যেষ্ঠভ্রাতা রাক্ষস-প্রপীড়িত হইয়া সাহায্য প্রার্থনা করিতেছেন; অতএব আমার মাথা খাও, তুমি আর্য্যপুত্রের অনুসন্ধানে প্রবৃত্ত হও, ত্বরায় তাঁহার শুভ-সংবাদ আনিয়া আমার চিত্তচাঞ্চল্য দূর কর; নতুবা আর আমি এ অসুখের অবস্থায় থাকিতে পারি না; আর্য্যপুত্রকে আর একদণ্ড না দেখিলে, নিশ্চয়ই আমার প্রাণবিয়োগ হইবে।

লক্ষ্মণ সীতার তাদৃশী কাতরতা ও উৎকণ্ঠা দেখিয়া, তাঁহাকে সান্ত্বনাবাক্যে অশেষ প্রকারে প্রবোধ দিয়া কহিলেন, দেবি! আপনি অগ্রজ মহাশয়ের জন্য এরূপ চিন্তিত হইবেন না। আমি নিশ্চয় করিয়া বলিতেছি, এ জগতে এমন কোন বীর নাই যে, তাঁহার ছায়া পর্য্যন্তও স্পর্শ করিতে সমর্থ হয়। অতএব আপনি তাঁহার নিমিত্ত অকারণ ভীত ও চিন্তিত হইবেন না।

চেষু কিন্নরেষু মৃগেষু চ ॥ দানবেষু চ ঘোরেষু ন স বিদ্যেত শোভনে। যো রামং প্রতিযুধ্যেত সমরে বাসবোপমম্॥ অবধ্যঃ সমরে রামো নৈবং ত্বং বক্তুমর্হসি। ন ত্বামস্মিন্ বনে হাতু মুৎসহে রাঘবং বিনা॥ অনিবার্য্যং বলং তস্য বলৈর্ব্বলবতামপি। ত্রিভির্লোকৈঃ সমুদিতৈঃ সেশ্বরৈঃ সামরৈরপি॥ হৃদয়ং নির্বৃতং তেঽস্তু সন্তাপস্ত্যজতাং তব। আগমিষ্যতি তে ভর্ত্তা শীঘ্রং হত্বা মৃগোত্তমম্॥ ন স তস্য স্বরো ব্যক্তং ন কশ্চিদপি দৈবতঃ। গন্ধর্ব্বনগরপ্রখ্যা মায়া তস্য চ রক্ষসঃ॥ ন্যাসভূতাসি বৈদেহি ন্যস্তা ময়ি মহাত্মনা। রামেণ ত্বং বরারোহে ন ত্বাং ত্যক্তুমিহোৎসহে॥ কৃতবৈরাশ্চ কল্যাণি বয়মেতৈ-

---

সীতা যখন পুনঃ পুনঃ বলিলেও ভ্রাতৃ-আজ্ঞা নিবন্ধন লক্ষ্মণ তাঁহাকে পরিত্যাগ করিয়া গমন করিলেন না। তখন জনকনন্দিনী সীতা কোপ-প্রকাশপূর্ব্বক কহিলেন, লক্ষ্মণ! তুমি কখনও আমার বাক্যের অন্যথাচরণ কর নাই। আজ আমার এরূপ চিত্তচাঞ্চল্য ও কাতরতা দর্শনেও তোমার মনে কি কিছুমাত্র ক্লেশ হইতেছে না? আমি এত করিয়া বলিলাম, এক-বার আর্য্যপুত্রের শুভ সমাচার আনিয়া দাও; তুমি কি তাহা পারিলে না? তোমার মনের ভাব কি? এ অবস্থায়ও তুমি যখন ভ্রাতার সাহায্যার্থ গমন করিতেছ না, তখন স্পষ্টই প্রতীয়মান হইতেছে, তুমি একজন প্রকৃত শত্রু; কপটতা পূর্ব্বক মিত্রভাবে ভ্রাতার অনুবর্ত্তন করিতেছ। বুঝিলাম, ভ্রাতার বিপদই তোমার প্রার্থনীয়; তাঁহার প্রতি তোমার কিছুমাত্র স্নেহ নাই; এ নিমিত্তই তাঁহাকে না দেখিয়াও তুমি নিশ্চিন্ত মনে অবস্থান করি-তেছ। লক্ষ্মণ! বোধ হইতেছে, আমার লোভেই তুমি ইচ্ছা করিতেছ যে আর্য্যপুত্র-বিনষ্ট হয়েন; এই জন্যই আমার আদেশ প্রতিপালন করিতেছ না; কিন্তু তুমি জাননা যে আর্য্যপুত্রের বিরহে আমি মুহূর্ত্তকালও জীবিত থাকিব না। অতএব তুমি আমার কথা রাখ, আর বিলম্ব করিও না, তুমি সত্বর গিয়া আর্য্যপুত্রকে রক্ষা কর; কখনও ইহার অন্যথাচরণ করিও না। তাঁহার কোন অমঙ্গল হইলে, আমাকে রক্ষা করিয়া কি হইবে? আমিত তাঁহার বিরহে মুহূর্ত্তমাত্রও জীবিত থাকিব না, তবে কেন তুমি আর্য্যের অনু-সন্ধান করিতে বিরত হইতেছ?

ভয়চকিতা সীতা শোকব্যাপ্লুত-লোচনে এইরূপ বলিলে, লক্ষ্মণ উত্তর করিলেন, দেবি! যেমন মনুষ্যগণ ইন্দ্রের প্রতিদ্বন্দ্বী হইতে পারে না, তদ্রূপ দেব, দানব, যক্ষ, রক্ষ, ইহাদের মধ্যে এমন কোন ব্যক্তি নাই

নিশাচরৈঃ। খরস্য নিধনে দেবি জনস্থানবধং প্রতি ॥ রাক্ষসা বিবিধা বাচো-ব্যাহরন্তি মহাবনে। হিংসা বিহারা বৈদেহি ন চিন্তয়িতু মর্হসি ॥ লক্ষ্মণে-নৈব মুক্তাতু ক্রুদ্ধা সংরক্তলোচনা। অব্রবীৎ পরুষং বাক্যং লক্ষ্মণং সত্য-বাদিনম্ ॥ অনার্য্যকরুণারম্ভ নৃশংস কুলপাংসন। অহং তব প্রিয়ং মন্যে রামস্য ব্যসনং মহৎ ॥ রামস্য ব্যসনং দৃষ্ট্বা তেনৈতানি প্রভাষসে ॥ নৈব চিত্রং সপত্নেষু পাপং লক্ষ্মণ যদ্ভবেৎ। ত্বদ্বিধেষু নৃশংসেষু নিত্যং প্রচ্ছন্ন-চারিষু ॥ সুদুষ্টস্তং বনে রাম মেকমেকোঽনুগচ্ছসি। মম হেতোঃ প্রতিচ্ছন্নঃ

যে আর্য্যের সমকক্ষ হইতে পারে ; তিনি সমরে অবধ্য। অতএব আপনি এরূপ বাক্য বলিবেন না। আপনি ভাবিয়া দেখুন দেখি, আর্য্য আপনাকে আমার হস্তে ন্যস্ত করিয়া গিয়াছেন ; সুতরাং এইক্ষণে আপনি গচ্ছিত বস্তু-স্বরূপ, অতএব আপনাকে একাকিনী রাখিয়া যাইতে কোন-ক্রমেই আমার সাহস হইতেছে না। কল্যাণি! আপনার মঙ্গল হউক, আপনি জানেন, জনস্থানের তাদৃশ হত্যাকাণ্ড অবধি অতিক্রুদ্ধ-স্বভাব রাক্ষসদিগের সহিত আমাদিগের শত্রুতা জন্মিয়াছে। হিংসাই তাহাদের জীবনের প্রধান কর্ম্ম ; তাহারা এই অরণ্যমধ্যে নানাপ্রকার স্বরও করিয়া থাকে ; অতএব আপনি চিন্তা করিবেন না। আর্য্যের বল বিক্রম অপ্রমেয়, অতএব তাঁহার বলের বিচার না করিয়া আপনার এরূপ বলা কোনমতেই সঙ্গত হইতেছে না। আমি নিশ্চয় করিয়া বলিতেছি, তিনি মৃগ বধ করিয়া এখনই প্রত্যাগমন করিবেন ; সুতরাং আপনি ব্যাকুল হইবেন না। দেবি! আপনি যে বিকট শব্দ শ্রুত হইলেন, উহা কখনই আর্য্যের স্বর নহে ; নিতান্ত কষ্টের অবস্থাতেও তিনি এরূপ গর্হিত শব্দ করিবেন না।

এই সকল কথা শ্রবণ করিবামাত্র সীতার নয়নযুগল রক্তবর্ণ হইয়া উঠিল। তিনি ক্রোধভরে হিতবাদী লক্ষ্মণকে পরুষবাক্যে কহিলেন, হা অনার্য্য! হা নৃশংস! হা কুলপাংসন! তুমি দয়া করিয়া আমাকে রক্ষা করিবার সঙ্কল্প করিতেছ, এ তোমার কপট দয়া। বুঝিলাম আমার প্রতি তোমার অনুরাগ জন্মিয়াছে বলিয়া তুমি এরূপ বলিতেছ। লক্ষ্মণ! তোমার ন্যায় কপটাচারী ব্যক্তি যে জ্ঞাতিগণের অনিষ্ট চেষ্টা করিবে, তাহাতে আশ্চর্য্য কি। তুমি নিশ্চয়ই অসদভিপ্রায়ে একাকী বনমধ্যে আর্য্যপুত্রের অনুসরণ করিতেছ। হয় আমার লোভে, না হয় ভরতের প্রবর্ত্তনায় তুমি গুপ্তভাবে অনিষ্ট চেষ্টা করিতেছ।

প্রযুক্তো ভরতেন বা। তন্ন সিধ্যতি সৌমিত্রে তবাপি ভরতস্থ চ॥ কথমিন্দিবরশ্যামং রামং পদ্মনিভেক্ষণম্। উপসংশ্রিত্য ভর্ত্তারং কাময়েয়ং পৃথগ্জনম্॥ সমক্ষং তব সৌমিত্রে প্রাণাংস্ত্যক্ষ্যাম্যসংশয়ম্। রামং বিনা ক্ষণমপি নৈব জীবামি ভূতলে॥ ইত্যুক্তং পরুষং বাক্যং সীতয়া রোমহর্ষণম্। অব্রবীল্লক্ষ্মণঃ সীতাং প্রাঞ্জলিঃ স জিতেন্দ্রিয়ঃ॥ উত্তরং নোৎসহে বক্তুং দৈবতং ভবতী মম। বাক্যমপ্রতিরূপন্তু ন চিত্রং স্ত্রীষু মৈথিলি॥ স্বভাবস্ত্বেষ নারীণামেষু লোকেষু দৃশ্যতে। বিমুক্তধর্ম্মাশ্চপলাস্তীক্ষ্ণা ভেদকরাঃ স্ত্রিয়ঃ॥ ন সহে হীদৃশং বাক্যং বৈদেহি জনকাত্মজে। শ্রোত্রয়োরুভয়োর্মধ্যে তপ্তনারাচসন্নিভম্॥ উপশৃণ্বন্তু মে সর্ব্বে সাক্ষিণোহি বনেচরাঃ। ন্যায়বাদী যথা বাক্যমুক্তোঽহং

লক্ষ্মণ তুমি নিশ্চয় জানিবে, তোমার বা ভরতের দুষ্টাভিসন্ধি কখনই সফল হইবে না। কারণ, আমি সেই ইন্দিবরশ্যাম আর্য্যপুত্রেই মন প্রাণ সমর্পণ করিয়াছি; আমি কি আবার অপর ব্যক্তিতে অভিলাষিণী হইব! বরং প্রজ্বলিত অনলে প্রবেশ করিব, তথাপি পরপুরুষকে পাদদ্বারাও স্পর্শ করিব না। সীতা লক্ষ্মণকে এইরূপে তিরস্কার করিয়া রোদন করিতে করিতে উদরে করাঘাত করিতে লাগিলেন।

সীতার এইরূপ লোমহর্ষণ পরুষ-বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মণের ইন্দ্রিয় সকল বিচলিত হইয়া উঠিল, তথাপি তিনি সংযত-চিত্ত হইয়া কৃতাঞ্জলিপুটে অশেষবিধ উপদেশ বাক্য প্রদান করিলেন; কিন্তু সীতা তাঁহার কথায় আর উত্তরই দিলেন না। সুতরাং তিনি ক্ষণকাল সাশ্রুনয়নে নিস্তব্ধভাবে রহিলেন। অনন্তর যদিও জানকীকে একাকিনী শূন্য কুটীরে রাখিয়া যাইতে কোনমতেই ইচ্ছা ছিল না, তথাপি কি করেন, আর্য্যার তাদৃশ নির্ব্বন্ধাতিশয় দর্শনে, বিশেষতঃ না গেলে তিনি যারপরনাই অসুখী ও কুপিত হইবেন, ইহা ভাবিয়া অগত্যা তাঁহাকে গুরুবাক্য উল্লঙ্ঘন করিতে কৃতসঙ্কল্প হইতে হইল। তখন উন্নতচেতা লক্ষ্মণ মনে মনে সীতাকে অভিবাদন ও কৃতাঞ্জলিপুটে আনত মস্তকে প্রণাম করিয়া পুনঃ পুনঃ তাঁহার দিকে দৃষ্টিনিক্ষেপ করিতে করিতে রামের উদ্দেশে গমন করিলেন।

রামানুজ লক্ষ্মণ উল্লিখিত রূপ নিষ্ঠুর বাক্য শ্রবণে ক্রুদ্ধ হইয়া মহারণ্য মধ্যে সীতাকে পরিত্যাগ পূর্ব্বক রামচন্দ্রের উদ্দেশে গমন করিলেন। মারীচ কর্ত্তৃক রাম ও লক্ষ্মণ এইরূপে বহু দূরে প্রস্থিত হইলে, রাবণ মনে করিলেন, যেন তাঁহার মনোরথ সফলই হইল। সীতার দক্ষিণ নয়ন ও দক্ষিণ

পরুষং ত্বয়া॥ ধিক্ ত্বামদ্য বিনশ্যন্তীং যন্মামেবং বিশঙ্কসে। স্ত্রীত্বাদ্দুষ্ট-স্বভাবেন গুরুবাক্যে ব্যবস্থিতম্॥ গচ্ছামি যত্র কাকুৎস্থঃ স্বস্তি তেঽস্তু বরাননে। রক্ষন্তু ত্বাং বিশালাক্ষি সমগ্রা বনদেবতাঃ॥ নিমিত্তানি হি ঘোরাণি যানি প্রাদুর্ভবন্তি মে। অপি ত্বাং সহ রামেণ পশ্যেয়ং পুনরাগতঃ॥ লক্ষ্মণেনৈব মুক্তা তু রুদন্তী জনকাত্মজা। প্রত্যুবাচ ততো বাক্যং তীব্রবাষ্পপরিপ্লুতা॥ গোদাবরীং প্রবেক্ষ্যামি হীনা রামেণ লক্ষ্মণ। আবন্ধিষ্যেঽথবা ত্যক্ষ্যে বিষমে দেহমাত্মনঃ॥ পিবাম্যি বা বিষং তীক্ষ্ণং প্রবেক্ষ্যামি হুতাশনম্। ন ত্বহং রাঘবাদন্যং কদাপি পুরুষং স্পৃশে॥ ইতি লক্ষ্মণমাশ্রুত্য সীতা শোকসমন্বিতা। পাণিভ্যাং রুদতী দুঃখাদুদরং প্রজঘান হ॥ তামার্ত্তরূপাং বিমনা রুদন্তীং সৌমিত্রিরালোক্য বিলোলনেত্রাম্। আশ্বাসয়ামাস ন চৈব ভর্ত্তুস্তং ভ্রাতরং কিঞ্চিদুবাচ সীতা॥ ততস্তু সীতামভিবাদ্য লক্ষ্মণঃ কৃতাঞ্জলিঃ কিঞ্চি-

---

বাহু স্পন্দিত হইতে লাগিল, তাহাতে তিনি অতিশয় ভীত হইয়া বিষণ্ণ-বদনে মনে মনে ভাবিতে লাগিলেন, আজ অভাগিনীর অন্তঃকরণ কেন বিষাদ-সাগরে মগ্ন হইতেছে, প্রাণ কেন এমন করিতেছে? হৃদয় যেন কম্পিত হইতেছে, শ্বাস যেন রুদ্ধ হইয়া আসিতেছে, আর দৃষ্টি ঠিক রাখিতে পারিতেছি না; না জানি লক্ষ্মণ কি বিষম অমঙ্গলের সংবাদই আনিয়া দেয়। এমন সময় দশানন ভিক্ষুক ব্রাহ্মণ-বেশে সীতার সমীপবর্ত্তী হইল। তাহার পরিধানে সূক্ষ্ম গৈরিক বাস, মস্তকে শিখা, বামস্কন্ধে ভিক্ষাঝুলী, কক্ষে ত্রিদণ্ড, এক হস্তে আতপত্র, অপর হস্তে কমণ্ডলু এবং চরণে পাদুকা। উগ্রতেজা উগ্রকর্ম্মা দশাননকে এইরূপ ছদ্মবেশে আসিতে দেখিয়া জনস্থানস্থ বৃক্ষ, লতা, পশু, পক্ষী প্রভৃতি সকলেই নিস্পন্দ হইয়া রহিল, বায়ু স্তম্ভিত হইল। রাক্ষসরাজ অতি দ্রুতপদে আগমন পূর্ব্বক আশ্রমে প্রবেশ করিল দেখিয়া বেগবতী গোদাবরীও মৃদু বেগে প্রবাহিত হইতে লাগিল। পঞ্চবটীর মৃগ ও পক্ষীসকল ভয়ে চারিদিকে পলায়ন করিতে লাগিল। সীতা পর্ণকুটীরে বসিয়া স্বামীর নিমিত্ত অনুশোচনা করিতেছিলেন, এমন সময়ে সেই পাপাত্মা রাবণ জানকীর সমীপে ছদ্ম-বেশে উপস্থিত হইয়া আতিথ্য গ্রহণ করিল। তদনন্তর অনেক বাদানুবাদের পর সেই দুষ্টাত্মা দশানন সীতাবাক্যে কোপাবিষ্ট হইয়া অগ্নিশিখা সদৃশ নয়নপংক্তি দ্বারা যেন দগ্ধ করিতে করিতেই বামহস্তে ভয়বিকম্পিতা

তৌ সীতান্বেষিণৌ গৃধ্রং লূনপক্ষমপশ্যতাম্।
প্রাণৈর্দ্দশরথপ্রীতেরনৃণং কণ্ঠবর্ত্তিভিঃ ॥ ৫৪ ॥
স রাবণহৃতাং তাভ্যাং বচসাচষ্ট মৈথিলীম্।
আত্মনঃ সুমহৎকর্ম্ম ব্রণৈরাবেদ্য সংস্থিতঃ ॥ ৫৫ ॥
তয়োস্তস্মিন্ নবীভূতপিতৃব্যাপত্তিশোকয়োঃ।
পিতরীবাগ্নিসংস্কারাৎ পরং ববৃতিরে ক্রিয়াঃ ॥ ৫৬ ॥

দভিপ্রণম্য চ। অবেক্ষমাণো বহুশঃ স মৈথিলীং জগাম সমীপমাত্মবা-নিত্যাদ্যারণ্যকাণ্ডে পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৫৩ ॥

তাবিতি। সীতান্বেষিণৌ তৌ রাঘবৌ লূনপক্ষং রাবণেন ছিন্নপক্ষং কণ্ঠবর্ত্তিভিঃ প্রাণৈঃ দশরথপ্রীতেঃ দশরথসখ্যস্যানৃণম্ ঋণৈর্বিমুক্তং গৃধ্রং জটায়ুষমপশ্যতাং দৃষ্টবন্তৌ। দৃশের্লঙি রূপম্ ॥ ৫৪ ॥

সইতি। স জটায়ুঃ রাবণহৃতাং মৈথিলীং তাভ্যাং রামলক্ষ্মণাভ্যাম্। ক্রিয়াগ্রহণমপি কর্ত্তব্যমিতি সম্প্রদানত্বাচ্চতুর্থী। বচসা বাগ্‌বৃত্ত্যা আচষ্ট, আত্মনঃ সুমহৎকর্ম্ম যুদ্ধরূপং ব্রণৈরাবেদ্য সংস্থিতো মৃতঃ ॥ ৫৫ ॥

তয়োরিতি। ব্যাপত্তির্ম্মরণং নবীভূতঃ পিতৃব্যাপত্তিশোকো যয়োস্তৌ তয়োঃ রাঘবয়োঃ তস্মিন্ গৃধ্রে পিতরীব অগ্নিসংস্কারাদগ্নিসংস্কারমারভ্য পরাঃ উত্তরাঃ ক্রিয়াঃ ববৃতিরে অবর্ত্তন্ত তস্য পিতৃবদৌর্দ্ধদৈহিকং চক্রতুরিত্যর্থঃ ॥৫৬॥

সীতার কেশপাশ এবং দক্ষিণ হস্তে উরুদ্বয় ধারণ পূর্ব্বক রথে আরোহণ করিয়া প্রস্থান করিল ॥ ৫৩ ॥

অনন্তর রাম ও লক্ষ্মণ সীতাকে অন্বেষণ করিতে করিতে জটায়ু নামক গৃধ্রপক্ষীর নিকটে উপস্থিত হইয়া দেখিলেন, সীতাপহারী রাবণের সহিত সংগ্রাম করিয়া তাহার পক্ষ রাবণাস্ত্রে ছিন্ন হইয়াছে এবং কণ্ঠগত প্রাণ হইয়া পিতার (দশরথের) বন্ধুত্ব-ঋণ হইতে মুক্তিলাভ করিয়াছে ॥ ৫৪ ॥

